Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I have many more things to say, but I will take only two more minutes. It has been felt, Sir, for a long time throughout the length and breadth of this country that the present system under the Permanent Settlement which was introduced and maintained in the interests of the foreign rulers should be abolished and a new system, whereby the poverty of the country can be removed and the standard of life of the common man can be raised, should be introduced. There cannot be two opinions that such a condition can be created by making the tillers and the toilers of the soil the owners of the land which is bound to ensure greater yield in respect of both crops and raw materials. The party in power—I mean the Congress Party—had always professed that the land should belong to the tillers of the soil, but from the Bill before us it is clear that the party in power had no intention either to abolish zemindary or to bring about any land reform in this country. It is out to usurp all lands in this country and to keep control over them through certain vested interests and intermediaries. Sir, there should be a comprehensive measure, there should be a comprehensive Bill in which you should set out your land reform policy—it should be stated how you are going to distribute the lands side by side with the acquisition of lands. You are going to give high compensation. You will say that you are bound by the Constitution. I do not agree. By a suitable amendment that provision can be relaxed. You can give land to the tillers for which you need not pay any compensation. Why are you, Sir, paying such a heavy compensation? If you do not agree with me and if you say that you will have to give compensation, then give them some compensation that will be sufficient to rehabilitate themselves. You have allowed large tracts of land for homestead for those who have homestead, who have much more land in their possession as homestead than is necessary, but you

have not made any provision for those who have no homes for themselves.

Sir, this Bill is not in the interests of the people of the country. I still believe, Sir, that Congressmen who always professed that in the interests of the country, in the interests of the peasants, the land should belong to the tillers and the toilers, are departing from their solemn undertakings. They are, Sir, not following the ideal for which they worked and lived all their lives. They are adopting a very reactionary measure to keep everything in the pockets of one gentleman to be redistributed at his whims. This will be suicidal to the country.

[4-40—4-50 p.m.]

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, আমি এই বিলের সিলেক্ট কমিটির একজন সভ্য ছিলাম, এবং সিলেক্ট কমিটিতে বিলটী আলোচনার সময় আমার মতামত সেখানে বলেছি; সেখানে আলোচনার পর সিলেক্ট কমিটির যে রিপোর্ট এসেমব্লিতে উপস্থিত করা হয়েছে তাতে আমি কিছুমাত্র সন্তুষ্ট হতে পারিনি। সিলেক্ট কমিটিতে যে সমস্ত ধারার পরিবর্ত্তন করা হয়েছে সে সমস্ত ধারার বিষয় আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছিলাম, যে "টিলের অফ দি সয়েল"—চাষী যারা বিশেষ করে ভূমিহীন চাষী তাদের হাতে জমি দিতে হবে, এবং যাদের জমি কম আছে তাদের আরো কিছু জমি দিতে হবে। জমিদার যাঁরা, যাঁদের হাত থেকে জমি ছাড়ানো হবে তারা কৃষকদের বহু বৎসর ধরে শোষণ করে যে প্রভূত অর্থ পেয়েছেন সেই অর্থ থেকেই কলকাতার মতন সহরে বা অন্যান্য সহরে বড় বড় বাড়ী, বাগান প্রভৃতি সম্পত্তি এবং ব্যবসা-বাণিজ্য, কলকারখানা ইত্যাদি কত কিছু গড়ে তুলেছেন। সে সব করতে অবশ্য বেশ মোটা টাকারই প্রয়োজন এবং সে মোটা টাকা তাঁরা সেই জমি থেকেই পেয়েছেন। সুতরাং তাঁদের আর "কম্পেনসেসন" দেয়ার আবশ্যকতা নাই, বরঞ্চ কৃষককে বহুদিন শোষণ করে যে প্রভূত লাভ তাঁরা করেছেন, সেইজন্য তাঁদের কাছ থেকে কিছু টাকা আদায় করে নিয়ে, জমিদারী-প্রথা বিলোপ করার পর যখন জমিগুলি ভূমিহীন চাষীদের মধ্যে আমরা বিতরণ করব, তখন সেই জমিগুলি উন্নয়নের জন্য যে অর্থের দরকার জমিদারদের কাছ থেকে নেওয়া টাকায় সেই অর্থের সংকুলান হবে। যদিও আমার এই ধরণের সংশোধনী প্রস্তাব ছিল, কিন্তু তা গৃহীত হয় নাই। সেইজন্য আমাদের যা উদ্দেশ্য,—যে ভূমি-ব্যবস্থার উন্নতি সাধন,—যাতে কৃষির উৎপাদন বাড়ে সেইজন্য, যাতে চাষীর হাতে জমি যায়, ঠিক সেই উদ্দেশ্যে সিলেক্ট কমিটিতে এই বিলের ধারাগুলি পরিবর্তিত হয় নাই, এবং যদি সেই ধরণের পরিবর্তন করা না হয় তাহ'লে এই জমিদারী-প্রথা বিলোপ করে কোন লাভ নাই, জমির উন্নতির জন্য এবং জমি বন্টনের জন্য কোন রকম ব্যবস্থা এই বিলে করা হয় নাই। আমি যে "নোট্ অব ডিসেন্ট" দিয়েছি, তা অবশ্যই আপনারা দেখেছেন, তাতে আমি কতকগুলি বিশেষ বিষয়ের উল্লেখ করেছি, সেগুলি বিশেষ প্রয়োজনীয় বিষয় যাতে করে বাস্তবিকই ভূমিব্যবস্থার উন্নতি ও সঙ্গে সঙ্গে খাদ্য উৎপাদনেরও সুবিধা হতে পারে। বহুদিন ধরে যে জমি পড়ে আছে, সেই জমিকে যারা ফেলে রেখে দিয়েছে, কোন রকম ভাবে তার কিছু উন্নতি করে নি আবার তাদেরই হাতে জমি রাখবার যে ব্যবস্থা—এ দ্বারা আমাদের খাদ্যের কোন রকম উন্নতি লাভের ব্যবস্থাই হতে পারে না। সাধারণ কৃষক যার জমি নাই, বা মাত্র ৫।১০ বিঘা আছে তাই থেকে যে ফসল সে তুলবে তাই তার জীবিকার একমাত্র উপায়। এই যেখানে অবস্থা, সেখানে তাকে কোন রকম অর্থ সাহায্য না করে যে জমিদার, যার অন্যদিকে [illegible] ব্যবস্থা রয়েছে, সম্পত্তি রয়েছে, ব্যবসা-বাণিজ্য রয়েছে তাকে দিতে হবে টাকা এ হতে পারে না।

তা ছাড়া, যার নাকি জীবিকার নানাবিধ উপায় রয়েছে তাকে আবার জমি দেয়াই বা কেন? সেইজন্য কৃষক-প্রজা দলের নেতা সুধীর রায় চৌধুরী মহাশয় যে কথা বলেছেন—"একজন জমিদারের জমি থাকবে, 'ফিসারী' থাকবে, 'গার্ডেন' থাকবে, সব কিছুই থাকবে," অথচ বাংলাদেশের সাধারণ লোকের একটা "গার্ডেন" বা "ফিসারী" থাকলে তা দ্বারা তার পরিবার প্রতিপালন হতে পারে। যার যথেষ্ট জমি "হোমষ্টিডে", "ফিসারি" প্রভৃতি "নন-এগ্রিকালচারাল ল্যান্ড"এ রয়েছে তার কাছ থেকে জমি নিতে আবার "কম্পেন্সেসনে"র কথা উঠবে কেন? চার হাজার অবধি বরং "রিহ্যাবিলিটেসানে"র ব্যবস্থা হতে পারে। চার হাজারের উপরে যার আয় তাকে আর কোন "কম্পেন্সেসন" দেয়ার দরকার আছে বলে আমি মনে করি না। আজ বাংলাদেশের অর্থনৈতিক জীবন যাদের উপর বিশেষ করে নির্ভর করে তাদের উন্নতির জন্যই আজ দৃষ্টি দিতে হবে। কিন্তু এই বিলে সেদিকে দৃষ্টি দেয়া হয় নাই।

যাদের জমি নেয়া হবে তাদের জন্য খাস জমি থেকে ২৫ একর ক'রে চাষের জমি রাখা হয়েছে। যেখানে ২০ একর ক'রে "নন-এগ্রিকালচারাল্ ল্যান্ড হোমস্টেড" সমেতের ব্যবস্থা হওয়া সত্ত্বেও আবার ২৫ একর ক'রে চাষের জমির যে ব্যবস্থা তার আমি তীব্র প্রতিবাদ করি। আমি বাংলার চাষীর সঙ্গে পরামর্শ ক'রে দেখেছি। যদি ৪০।৪৫ বিঘা বা ১৫ একর ক'রে প্রত্যেক চাষী পরিবার জমি পায় তাহ'লে সেই চাষী পরিবারটির ভালভাবে চলতে পারে। কাজেই যাদের জমি আছে বেশী পরিমাণ তাদের হাতে জমি রাখা মানে তেলা মাথায় তেল দেয়ার ব্যবস্থা। সবগুলি জমি যদি নেয়া যায় তাহ'লেও ইতিমধ্যে মন্ত্রীমহাশয় দেখিয়ে দিয়েছেন যে বাংলাদেশের লোকসংখ্যার মধ্যে ভাগচাষী এবং ভূমিহীন চাষীর সংখ্যা যা সেটা তুলনা করলে দেখা যায় জমি বন্টনের বেলায় সকলকেই জমি দেয়া যেতে পারে না; এবং এইটে যদি সত্য হয়, তাহ'লে, আমার

[Sj. Hemanta Kumar Basu.]

মনে হয়, যাদের হাতে জমি আছে তাদের কাছ থেকে সমস্ত জমিই আনা উচিত। তাদের হাতে আর জমি রাখবার প্রয়োজন নাই। আমাদের জনসাধরণের অর্থনৈতিক প্রয়োজন আজ দেখতে হবে; প্রত্যেক লোকের শিক্ষা, স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে। সেদিক দিয়ে বিবেচনা ক'রে যদি দিতে হয় তবে "কম্পেন্‌সেসন" দিতে হবে। শিক্ষার জন্য, লোকের স্বাস্থ্যের ব্যবস্থার জন্য চাইলে গভর্ণমেন্ট বলেন টাকা নাই। টাকা যদি নাই, তবে কেন তাদের টাকা দেওয়া? বিশেষতঃ যারা এতদিন ধ'রে বহু টাকা শোষণ করেছে তাদের আবার কেন টাকা দিতে হবে! প্রথমেই আমি বলেছি যে, "কম্পেন্‌সেসন" দেওয়া যাবে শুধু তাদেরই, যাদের—যে জমিদারদের—জমি ছাড়া আর কিছু নাই। যাদের নাকি জমিই একমাত্র জীবিকা তাদের অবশ্য কিছু "কম্পেন্‌সেসন" দেওয়া উচিত। এই কলকাতার রাস্তায় এবং অন্যান্য শহরে এমনকি এসেম্ব্লির আশেপাশেও যেসব জীর্ণ শীর্ণকায় লোকগুলিকে আমরা দেখতে পাই সেইটেই আজ বাংলাদেশের চিত্র। আজ শত শত লোক "হা অন্ন", "হা অন্ন" ক'রে বাড়ী বাড়ী যে ঘুরে বেড়াচ্ছে এরকম চিত্র আমরা চাই না।

[4-50—5 p.m.]

সাধারণতঃ মধ্যবিত্ত পরিবারের এই সমাজকে আমরা যে অবস্থায় নিয়ে যেতে চাই, সেটা হচ্ছে তলা থেকে উপরের দিকে উন্নীত করা। যাদের প্রচুর আছে, তাদের কোন কিছু দেবার আবশ্যক নাই। গোটা "আপার মিডল ক্লাশ" যাদের প্রচুর অর্থ নাই, তাদের পারিবারিক জীবনকে উন্নত করার জন্য, আমি যেটা ধরেছি, সেটাকে খুবই সংগত ব'লে মনে করি।

তারপরেতে জমিদারী-প্রথা বিলোপের পরে যে জমি থাকবে, তার ব্যবস্থা করতে হবে। আমাদের চারিদিকে যে শাসনব্যবস্থার মধ্যে আমরা দুর্নীতি দেখছি, হয়ত আমার কথায় আপনারা বিরক্ত হবেন, সেটা "ফ্যাক্ট" এবং আপনাদের সংগে "প্রাইভেট টক"এও সেটা আপনারা স্বীকার করেছেন যে হাঁ, এটা আছে ঠিক। সেদিক থেকে একজন "কম্পেন্সেসন অফিসার"এর হাতে সমস্ত ক্ষমতা ছেড়ে দেওয়া উচিত হবে না। যাঁর সংগে সাধারণ লোকের কোন সম্পর্ক নাই, চাষীর কোন সম্পর্ক নাই, তাঁর হাতে সব ক্ষমতা ন্যস্ত হ'লে পরে শুধু টাকাই নষ্ট হবে। যার টাকা যাবে, সে কার টাকা? সেটা জনসাধারণেরই টাকা। সেই "কম্পেন্সেসন" কিভাবে দেওয়া হবে? তিনি সেই অফিসারই "কম্পেন্সেসন রোল" তৈরী করবেন। করুন, তিনি ইচ্ছামত জমিদারদের সংগে কথাবার্ত্তা বলবেন। "রেট অব কম্পেন্সেসন" কি হবে সে বিষয়ে একটা "চেকিং অথরিটি" থাকা দরকার। এটা পরিষ্কার করে বলা দরকার কাকে নিয়ে এই কমিটী হবে এবং সেই কমিটীর রূপ কিরকম হবে, সেই কমিটীতে কাদের কাদের প্রতিনিধি থাকবে। এই সব বিষয়ে একটা স্থির সিদ্ধান্ত আগেই করা দরকার। "কম্পেন্সেসন অফিসার" জমিদারদের সংগে ষড়যন্ত্র ক'রে যাতে তাদের বেশী পরিমাণ "কম্পেন্সেসন" না দেয়, সে বিষয়ে এমন একটা "বডি" থাকা দরকার। তিনি যত বড় অফিসারই হোন্ না কেন, তাঁর উপর সমস্ত ভার ছেড়ে দেওয়া কোনক্রমেই উচিত নয়। জনসাধারণের নির্ব্বাচিত লোক সেই কমিটীতে থাকবে। সেই জন্য আমার "সাজেসন" হচ্ছে জেলার "কালেক্টর" তার "চেয়ারম্যান" এবং "ডিষ্ট্রিক্ট বোর্ড"এর "চেয়ারম্যান" তার একজন মেম্বার থাকবেন। এই ধরণের একটী কমিটী ক'রে দেওয়া হোক্ যার উপর সাধারণের অনেকখানি আস্থা থাকা সম্ভব। এটা গভর্ণমেন্টের কাছে "এ্যাক্সেপ্টেবল" হওয়া উচিত। কারণ "ডিষ্ট্রিক্ট বোর্ড"এর "চেয়ারম্যান" সাধারণের "ইলেক্টেড" লোক, তিনি অবশ্যই জনসাধারণের স্বার্থ দেখবেন তাছাড়া "কালেক্টর" তো "চেয়ারম্যান" থাকবেন, তাঁকেও জনসাধারণের স্বার্থের প্রতি দৃষ্টি দিতে হবে। কাজেই আমি যে "সাজেসন" দিয়েছি সেটা জমিদারী, আপনারা "টেকন্ ওভার" করবার পূর্ব্বে বা "টেকন্ ওভার" করবার পরেও করা যেতে পারে। গভর্ণমেন্ট ইচ্ছামত যে কোন লোককে কমিটীর "চেয়ারম্যান" ক'রে দেবেন, যে কমিটী এত বড় একটা দায়িত্ব নেবেন, সেখানে সাধারণ লোকের কোন কিছু বলবার থাকবে না, এত বড় একটা ক্ষমতা গভর্ণমেন্টের হাতে যাওয়া উচিত নয়। সেইজন্যই আমি যে-কথা বললাম সেই ধরণের একটা কমিটী হওয়া উচিত।

রায়ত সম্বন্ধে বলেছি। বড় বড় জোতদারদেরও ১৫ একর "পার ফ্যামিলি" জমি বিভাগ ক'রে দেওয়া উচিত। পনের একর জমি যদি চাষী পরিবারের জন্য ব্যবস্থা করা যায়, তাহ'লে আমার মনে হয় প্রত্যেক চাষী পরিবারের পক্ষে তা থেকে তাদের বেশীর ভাগ জীবিকা নির্ব্বাহ করা সম্ভবপর হবে। সেই দিক থেকে সকলের পক্ষে সমান আইন করা দরকার। যাদের অন্য দিকে জীবিকার উপায় আছে, তাদের একদম জমি দেওয়া উচিত নয়। বড় বড় জোতদার, যারা বাংলাদেশে সংখ্যায় বহু আছে, এমন কি জমিদারদের চেয়ে তাদের সংখ্যাও কম নয়, তারা বেশীর ভাগ "আন্ডার-রাইয়ট" এবং অন্যান্য সাধারণ চাষী ও ভাগচাষী বা ভূমিহীন চাষীদের খাটান বা পরিশ্রম করান, তাদের হাতে কেন বেশী জমি থাকবে? একটা "ইকনমিক প্ল্যান" নিয়ে এইসব করা দরকার, জমির পরিমাণও সমান করা দরকার। রায়-চৌধুরী সুধীর বাবু যেমন বলেছেন, ঠিক তেমনি এখানে কোন "প্ল্যান" দেখা যাচ্ছে না, "ডিস্‌বার্সমেন্ট" কেমন ক'রে হবে, তার কোন নীতি দেখা যাচ্ছে না। তাই যদি হয় ১৫ একরের বেশী জমি কোন রায়তের, সাধারণ লোকের থাকবে না, তখন গভর্ণমেন্টের উচিত হবে জমি সমানভাবে বন্টন করা, যাতে জমির উপর নির্ভরশীল যারা, তারা জমি থেকে তাদের জীবিকার বেশী পেতে পারে।

রায়ত সম্বন্ধে আমার একটা "এ্যামেন্ডমেন্ট" আছে, "নোট অব ডিসেন্ট"এর মধ্যেও সেটা রয়েছে।

এই বিলে কলিকাতাকে "ইন্‌ক্লুড" করা হয়েছে। কলিকাতাকে "ইন্‌ক্লুড" ক'রে বিশেষ কোন লাভ হচ্ছে না। ২০ একরের বেশী "নন-এগ্রিকালচারাল ল্যান্ড" নেওয়া হবে। তাহ'লে তো ৬০ বিঘা জমি এইরকম ক'রে জমিদারদের রয়ে গেল এবং "ঠিকা টেনান্ট"দের দুঃখদুর্দ্দশাও থেকে গেল।

কুড়ি একর জমি থাকা মানে সবই রইলো। কলিকাতায় যেখানে "ঠিকা টেনান্ট" আছে, সেখানে আমার মতে, গভর্ণমেন্ট সমস্ত জমি নিয়ে নেবেন। এদিক থেকে আমি আমার "নোট অব ডিসেন্ট"এ ঐ কথা বলেছি। কলিকাতাকে "ইন্‌ক্লুড" করাতে সাধারণ দরিদ্র লোকের কোন সুবিধা হচ্ছে না। "ঠিকা টেনান্ট"দের সুবিধার জন্য সমস্ত জমি গভর্ণমেন্টের নিয়ে নেওয়া উচিত।

"প্রিএাম্বল্" সম্বন্ধে একটা পরিষ্কার "কমিটমেন্ট" থাকা দরকার এই জন্য যে আমরা এই এই উদ্দেশ্যে সমস্ত জমি হাতে নিচ্ছি, যেমন, জমির উন্নতি, চাষবাসের উন্নতির জন্য, জমি ভূমিহীন চাষী ও ভাগচাষীদের মধ্যে বিতরণের জন্য আমরা এই জমি হাতে নিচ্ছি। এই সম্বন্ধে তাই একটা পরিষ্কার কথা থাকা উচিত। সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে যখন এই কথা বলা হয়েছিল, তখন তিনি বলেছিলেন যে এর পরেই এ-সম্বন্ধে অন্য একটী বিল আসবে। এখন গভর্ণমেন্ট নিজে যে "প্রিএাম্বল্" দিয়েছিলেন, সেটা তুলে দিলেন। সেই জন্য আমাদের মনে সন্দেহ হয়েছিল। মুখ্য-মন্ত্রী-মহাশয়ও এ-কথা বলেছিলেন যে এই বিল এই সেসনে শেষ হবে কিনা বলা যায় না। কারণ খুব বেশী পরিমাণ "এ্যামেণ্ডমেন্ট" এতে রয়েছে। এর আগে "মিউনিসিপ্যাল এ্যামেণ্ডমেন্ট বিল"এ তো ছ'শোর বেশী "এ্যামেণ্ডমেন্ট" ছিল, সেটা তো এক সেসনে পাস করেছিলাম। এখন এই জমিদারী-প্রথা বিলোপ প্রকৃতই প্রয়োজন বলে আমরা যদি মনে করি তাহ'লে এই সেসনেই কেন আমরা এ বিল পাস করতে পারবো না, কেন সেটা পড়ে থাকবে, সে কথা জানি না। নানাবকমভাবে আমাদের মনে একটা সন্দেহের উদ্রেক হয়েছে যে এ বিল আদৌ পাস হবে কিনা! কাজেই এই যে জমিদারী-প্রথা বিলোপ বিল যখন এসেছে, সেটাতে মনে হচ্ছে এই যে দেশময় আন্দোলন গড়ে উঠেছে—জমিদারী-প্রথা বিলোপের কি হবে? এ-কথা জানি কংগ্রেসদলের লোকেরা এটা বন্ধ করবার চেষ্টা করেছিলেন। কংগ্রেসদলের অনেক সভা তার বিরোধিতা করেছেন। তৎসত্ত্বেও এইরকম চাপ দেবার পরেও এই বিলটী এসেছে। সেদিক থেকে আমার মনে হয় না যে বিলটীর বিশেষ কোন উন্নতি হয়েছে। আমি আশা করি কংগ্রেসদল ও মন্ত্রীমহোদয়গণ জনসাধারণের কল্যাণের দিকে যদি দৃষ্টি রেখে এই বিলটীর পরিবর্ত্তন করেন, তাহ'লে বিলের দ্বারা কাজ হবে, নতুবা নয়।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After adjournment.*)

[5-15—5-25 p.m.]

Sj. Binoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে যে বিল উপস্থাপিত করা হয়েছে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বাংলার পক্ষে এর পরিণাম অত্যন্ত ভীষণ হবে। সেজন্য মাননীয় রাজস্বমন্ত্রীমহাশয় যে "ডিস-প্যাসোনেট" মনোভাব নিয়ে এ বিলের আলোচনা করার জন্য বলেছেন আমি সেই মনোভাব নিয়েই এই বিলের আলোচনা করবো। কারণ এর ফলাফল বাংলার পক্ষে ভীষণ ও ভয়াবহ। প্রথমেই আমি একটা বিষয় সম্পর্কে আলোচনা করবো সেটা হচ্ছে কয়েকদিন হ'ল মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় এই বিল যে আংশিক তা স্বীকার করেছেন এবং আর একটা বিল শীঘ্রই আনবেন এই আশ্বাস দিয়েছেন। এখানেও মাননীয় রাজস্ব মন্ত্রীমহাশয় একথা বলে আশ্বাস দিয়েছেন শীঘ্রই আর একটা বিল আসছে। অর্থাৎ তাঁরা এই মনোভাব সৃষ্টি করবার চেষ্টা করেছেন যেন ভূমিসংস্কারের প্রাথমিক কর্তব্য করা হয়েছে এবং এটা পালন করা হ'লে দ্বিতীয় ধাপ নেওয়া হবে। কিন্তু আমি মাননীয় স্পীকার মহাশয়ের মারফতে যেকথা বলতে চাই সেটা হচ্ছে এই যে ভূমিসংস্কারের দিকে প্রথম পদক্ষেপ নেওয়ার উদ্দেশ্যে এই যে বিল এনেছেন এটা বলা হ'লেও প্রকৃতপক্ষে বিপরীত দিকে পদক্ষেপ নেওয়া হয়েছে বলেই আশংকা করি। কারণ একটা জিনিষ মনে রাখতে হবে যে "ষ্টেট", যদি "এষ্টেটস্"ও

intermediary rights in land acquire

করে, তা হ'লেই এই পার্মানেণ্ট সেটেলমেণ্ট"এর ভিত্তিতে যে "প্রেজেণ্ট ল্যাণ্ড সিষ্টেম" রয়েছে তা রদ করা হয় না। তা যদি হ'ত তা হ'লে এই বিলের "হেডিং"

"Abolition of Zamindary"

হ'ত এবং পরে "ডিষ্ট্রিবিউসন অব ল্যাণ্ড" হ'ত। কিন্তু তা নয়। একথা মনে রাখা দরকার যে লর্ড কর্ণওয়ালিশ শেষ মোগল শাসকবৃন্দের অপকর্মের উপর ভিত্তি করে "পার্মানেণ্ট সেটেলমেণ্ট" রচনা করেছিলেন। বৃটীশ শাসকদের এবং তাদের সৃষ্ট ও অনুগৃহীত জমিদারদের দ্বারা যে সমস্ত অপকর্ম অনাচার এদেশে চলে এসেছে তার উপরই ভিত্তি করে এরা এই নূতন বিল আনছেন এবং সেই কারণেই লর্ড কর্ণওয়ালিশের মতই এই বিলের প্রবর্ত্তকেরা ইতিহাসে নিন্দিত হবেন। কারণ আপনারা সকলেই জানেন ১৭৩৯-৬৫ সালে—মোগল সাম্রাজ্যের শেষের দিকে মুর্শিদ কুলি খাঁ, আলিবর্দ্দী খাঁ, কাসেম আলি খাঁর সময়ে নানা রকম কারসাজি করে জোর করে জমিদারীর আয়কে, আসল জমাকে বৃদ্ধি করে প্রায় আড়াই কোটিতে দাঁড় করান হয়। অল্প কয়েক বৎসরের ভেতর ১ কোটি ১৯ লক্ষ টাকা আবওয়াব বাবদ আদায় করা হয়। তার ফলে ১৭৭০ সালের ছিয়াত্তরের মন্বন্তর দেখা দেয় যার ফলে বাংলার জনসংখ্যা এক-তৃতীয়াংশ ধ্বংস হয়ে যায় এবং বাংলার বহু জমি অকর্ষিত থাকে। সেই অবস্থায় নিশ্চয়ই খাজনা আদায় কম হতো। তার আগে জমি থেকে চাষীদের কাছ থেকে আদায় হ'ত ৬৫ লক্ষ সিক্কা। সেই জায়গায় "পার্মানেণ্ট সেটেলমেণ্ট"এর ফলে দু' কোটি ৬৮ লক্ষ সিক্কা খাজনা ধার্য্য করার ফলে কতখানি চাপ কৃষিব্যবস্থার উপর হতে পারে সেটা ভেবে দেখবার। এটা আমার কথা নয়, "ফিফথ" রিপোর্টের কথা। আপনারা অনেকেই জানেন সেই রিপোর্টে বলা হয়েছে যে জমির প্রকৃত উৎপাদন, খাজনা কত, মায় কি হতে পারে সেদিকে লক্ষ্য না রেখে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দাবী যে কোন রকমে মিটাবার জন্য এরকম একটা অবস্থার সৃষ্টি করা হয়েছিল। সেই সম্পর্কে বলতে গিয়ে শ্রদ্ধেয় রাধাকমল মুখোপাধ্যায় মহাশয়ের মত উল্লেখযোগ্য। তিনি বলেছিলেন—এক কথায় বলা যেতে পারে

[Sj. Benoy Krishna Chowdhury.]

বাংলার সমস্ত ভবিষ্যতকে "মর্টগেজ" দেওয়া হয়েছিল; বাংলা তথা ভারতবর্ষের কতখানি উন্নতি হতে পারে পূর্ব্বাহ্নে সেদিকে লক্ষ্য রেখে অর্থাৎ আগামী ভবিষ্যতে কতটা উন্নতি আশা করা যায় সেদিকে লক্ষ্য রেখেই "ক্যাপিটালাইস্‌ড ভ্যালু" সেখানে স্থির করেছিল। তারপরে "ফ্লাউড কমিশন"-এর যে হিসাব আমরা পেয়েছি তাতে আছে অবিভক্ত বাংলায় কৃষকদের কাছ থেকে ১৬ থেকে ১৮ কোটি টাকা খাজনা বাবৎ আদায় করা হ'ত। আজকে ১৯৪০ সালের পর "ইন্‌ফ্লেসন"এর যুগে কৃষকরা ধানের দর পাচ্ছে তা দেখে খাজনার চাপ কৃষকদের উপর কতখানি সে বিষয়ে ধারণা করতে গেলে ভুল করা হবে। ১৯৪৬ সালে কৃষকদের ঋণের কারণ সম্পর্কে যে তথ্য গ্রহণ করা হয়েছে তাতে যেমন খাদ্য-সংগ্রহকে প্রধান কারণ বলা হয়েছে তেমনি "ফ্লাউড কমিশন" রিপোর্টে ও অন্যান্য সরকারী "রিপোর্ট"এ দেখা গিয়েছে যে কৃষকদের এ ঋণভারের মূল কারণ হচ্ছে খাজনা। এখন প্রশ্ন হচ্ছে এই যে "পার্মানেন্ট সেটেলমেন্ট"এ কৃষকদের উপর যে অসহনীয় খাজনার চাপ চাপিয়ে দিয়েছে, এ বিলে তার লাঘবের কোন ব্যবস্থাই হয় নি। তারপর "পার্মানেন্ট সেটেলমেন্ট"-এর অন্য পরিণতি কৃষকদের অসহনীয় ঋণভার এ সম্বন্ধেও এই বিলে কোনরূপ ব্যবস্থা করা হয় নি। এই দুইয়ের অপরিহার্য্য পরিণতিস্বরূপ বাংলায় বারবার মন্বন্তর হয়েছে, দুর্ভিক্ষ হয়েছে, বাংলা শ্মশানে পরিণত হয়েছে, এই নূতন বিলে তার বিন্দুমাত্র উন্নতিরও ব্যবস্থা হয় নি।

[5-25—5-35 p.m.]

উৎপাদনের দিক হ'তে মূল সমস্যা হ'ল অধিকাংশ জমি যারা কৃষক নয় সেই অকৃষক মালিকের হাতে কেন্দ্রীভূত হচ্ছে। আমরা চেষ্টা করেছিলাম এবং "জয়েণ্ট কমিটি"তে আমরা সভ্যহিসাবে মনে করেছিলাম আমরা এই সম্পর্কে বিবেচনা করবার প্রয়োজনীয় তথ্য পাব কিন্তু তা পাই নি। ইসাক সাহেব "প্লট টু প্লট সার্ভে" ক'রে যে তথ্য প্রকাশ ক'রছেন সেই তথ্য হ'তে কিছু কিছু হিসাব এখানে পড়ছি। সেটা পড়লেই বর্তমানে জমি কিভাবে "কন্সেন্ট্রেটেড" হয়েছে তার খানিকটা আন্দাজ পাবেন। সেখানে দেখা গিয়েছে দুই একরের কম জমি আছে এমন পরিবারের সংখ্যা পশ্চিমবঙ্গে ১০ লক্ষ ২৩ হাজার এবং তারা কৃষক জনসংখ্যার শতকরা ৪৪ জন। পাঁচ একর জমিকে যদি "ইকনমিক হোল্ডিং" ধরা হয় তাহ'লে শতকরা ৭৩·৯ জনের জমি "ইকনমিক হোল্ডিং"এর কম। সতের হাজার পরিবারের প্রায় ২৫ একরের বেশী জমি আছে। তারপরে দেখা যাচ্ছে যে বাংলার প্রায় ১৭ লক্ষ ৪৪ হাজার পরিবার মাত্র ১২ লক্ষ ৯৯ হাজার টন খাদ্য তাদের ভাগে পান। অন্যদিকে ৬ লক্ষ ৬ হাজার পরিবারের ২৫ লক্ষ ১৭ হাজার টন খাদ্য হাতে আছে। অর্থাৎ এই জিনিষটাকে যদি আরো ভাল ক'রে বুঝতে হয় তাহ'লে ২ একরের নীচে যেসমস্ত জমির মালিক তারা এক-একটি পরিবার বছরে ·৩৭ টন খাদ্য পান—সেখানে ২৫ একরের বেশী জমির মালিক বছরে ১৬ টনের বেশী খাদ্য পায় অর্থাৎ ৫০ গুণ বেশী খাদ্য তাদের হাতে যায়। এর উপরই বাংলার দুর্ভাগ্য—"হোর্ডিং", "ব্ল্যাকমার্কেটিং" প্রভৃতির ভিত্তি। অথচ আপনারা যে বিল এখানে এনেছেন সেই বিলে এই সমস্যা সম্পর্কে কোনরকম দৃকপাৎ নাই। "ফ্লাউড কমিশন" বলে গিয়েছে যে "পার্মানেন্ট সেটেলমেন্ট" একটা অর্থহীন জিনিষ, তা দূর হওয়া দরকার। ১৯৪০ সালে "ফ্লাউড কমিশন" বসবার আগে রমেশচন্দ্র দত্ত "পার্মানেন্ট সেটেলমেন্ট"কে সারা ভারতবর্ষে বিস্তার করাবার জন্য "সেক্রেটারী অফ ষ্টেট"কে চিঠি দিয়েছিলেন; তার জবাবে তৎকালীন "ভাইসরয়"এর "কাউন্সিল" থেকে যা লেখা হয়েছিল সেটাকে সরকারের আত্মসমালোচনা বলা যেতে পারে। সেখানে স্পষ্টভাবে দেখান হয়েছিল যে, "পার্মানেন্ট সেটেলমেন্ট" বাংলার কৃষকদের সম্পদশালী করেনি, বরং ধ্বংসেই করেছে। বর্তমান "সেন্সাস রিপোর্ট" যদি ভাল করে আপনারা পড়েন তাহ'লে সেখানে দেখতে পাবেন ১৭৭৬ সাল থেকে আরম্ভ করে ১৮৮১ পর্য্যন্ত সারা বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি পায় নি। যদি কোন একটা দেশে ১০০ বছর ধরে যুদ্ধ চলে যেমন ইউরোপ ও ইংলণ্ডে চলেছে তাহ'লে সেখানে যেমন জনসংখ্যা বৃদ্ধি পায়না সেইরূপ আমাদের দেশেও জনসংখ্যা বৃদ্ধি পায়নি। বরং আমাদের দেশে কোন যুদ্ধ হয় নাই, শুধু এই "পার্মানেন্ট সেটেলমেন্ট" এর জন্য দায়ী। "পার্মানেন্ট সেটেলমেন্ট" অনেক আগেই এদেশ থেকে চলে যাওয়া উচিত ছিল, কিন্তু তারা যে যে ভূমিব্যবস্থায় ছিল তাতে কোনরকম হস্তক্ষেপ করা হচ্ছে না। এখন, কৃষকরা জমিদারকে যে খাজনা দেয় এবং যে স্বত্ব ভোগ করে পরে তারা সরকারের অধীনে সেই স্বত্বই ভোগ করবে এবং সেই হারেই খাজনা দেবে। সেইজন্য আমি বলছি "এ্যাবলিশন অব জমিন্দারী" হচ্ছে না, "পার্মানেন্ট সেটেলমেন্ট এ্যাবলিসড্‌" হচ্ছে না, শুধু খাজনা আদায় করার অধিকার জমিদারদের হাত থেকে সরকারের হাতে আসছে। এবং এই সরকার সেই অধিকার গ্রহণ করার সময় এই কথা স্মরণ রাখেন নি যে জনসাধারণ এই খাজনার ভার বইতে পারবে কিনা। তাঁদের এইরূপ কোন সুবুদ্ধির উদয় হয় নি। অন্ততঃ পক্ষে খাজনা কিছু হ্রাস করা দরকার। সে সম্পর্কে কোন কিছু করার প্রয়োজন আছে কিনা তাও তাঁরা ভেবে দেখেন নি।

দ্বিতীয় কথা হচ্ছে ভূমিসংস্কার সমস্যা একটা সর্বাঙ্গীন সমস্যা। তাই এর একটা অংশকে অন্য অংশ হ'তে বিচ্ছিন্ন ক'রে দেখা যায় না এমন কি ভূমিসংস্কারকে জাতীয় অর্থনৈতিক সমস্যা থেকে পৃথক করে দেখা যায় না। অতীতেও আমাদের দেশের সম্পদ কৃষি ও শিল্পের উপর ভিত্তি করেই দাঁড়িয়েছিল। আমাদের দেশের কার্পাস ও রেশম-শিল্পের প্রসিদ্ধির কথা কে না জানে। ইংরেজ শাসনের আমলেই আমাদের দেশের এইসব শিল্প ধ্বংস পায়, এবং অগণিত মানুষ তাদের রুজি-রোজগারের পথ হারিয়ে একমাত্র জমির উপর নির্ভরশীল হয়ে পড়ে। এইভাবে জমির উপর চাপ বৃদ্ধি পেতে থাকে। ১৮৮১ সালে প্রথম যখন "সেন্সাস" নেওয়া হয় তখন শতকরা ৫০ জনেরও কম জমির উপর নির্ভরশীল ছিল। ১৮৮১ সালের "সেন্সাস রিপোর্ট" সম্বন্ধে অনেকেই সন্দেহ প্রকাশ করেন। ১৮৯১ সালের "সেন্সাস" অনুযায়ী শতকরা ৬১ জন জমির উপর নির্ভরশীল ছিল। ১৯২১ সালে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে শতকরা ৭৩ জন হয়।

বাংলার যেখানে প্রতি বর্গমাইলে ৮৪৫ জন লোক বাস করে এবং যেখানে জমির পরিমাণ কম সেখানে শুধু জমি দ্বারা সকলের ভরণপোষণ সম্ভব নয়। শিল্পবিস্তার দ্বারা যদি সকলের রুজিরোজগারের ব্যবস্থা করা যায় এবং যদি তারা পরিশ্রমের উপযুক্ত মূল্য পায় তাহ'লে তারা জমির মায়া সহজেই ত্যাগ করতে পারে।

[5-35—5-45 p.m.]

যদি কোন শিক্ষক তার পরিশ্রমের উপযুক্ত মূল্য পেত তাহ'লে তাকে গ্রামের ৫ বিঘা জমির উপর নির্ভর কোরে থাকতে হ'ত না। অন্যান্য জায়গায়ও মধ্যবিত্ত লোকেদেরও সমস্যা সেইভাবে ভূমিসমস্যার সঙ্গে জড়িত। অন্যদিক থেকে যদি শিল্পবিস্তারের সেখানে কোন পথ না থাকে তাহ'লে পর যে কারণে আমাদের এখানে ইংরাজ আসার সাথে সাথে তারা আমাদের সমস্ত শিল্পকে ধ্বংস করেছে এবং নূতন শিল্প গড়ে ওঠবার পথ রাখে নি, এই যে ঔপনিবেশিক চরিত্র—তার ফলেই আমাদের অর্থনৈতিক দুরবস্থা এবং তার ফলেই আমাদের সমস্ত কুটীর-শিল্প ধ্বংস হয়েছে, এবং অন্য কোন শিল্প গড়ে ওঠে নি, এবং সমস্ত লোক এদিকে কোন পথ না পেয়ে, যেন মানুষের সমস্ত দরজা বন্ধ করা হয়েছে এইভাবে যেন এক দরজা দিয়ে হুড় হুড় কোরে এসে জমির উপর পড়েছে। তার ফলে সেই সমস্যা আরও জটিলতর হ'য়েছে। সেইজন্য আজকে যদি কেউ বাংলার সমস্যাকে ভাল কোরে চিন্তা করতে চায়—আমি জানি যে মুখ্যমন্ত্রীমহাশয় বাংলার সমস্যা সম্বন্ধে অন্ততঃ বাহিরে দেখান যে তিনি ভীষণভাবে চিন্তা করছেন এবং প্ল্যানের পর প্ল্যান—কত প্ল্যানই যে হ'য়ে তাঁর পকেটে আছে তা জানি না। কিন্তু যেমনভাবে তাঁরা আমাদের কাছে "ডিস-প্যাশনেটলি" আলোচনা করবার জন্য অনুরোধ করেন তেমনিভাবে আমরাও মন্ত্রীদেরও অনুরোধ করি যে তাঁরা যেন মনে রাখেন যে সারা বাংলার ভবিষ্যৎ তাঁদের মনোবৃত্তির উপর নির্ভর করে। একদিন দেখা গিয়েছিল যে কৃষিসম্পদের উপর দাঁড়িয়ে শিল্পসম্পদ গড়ে উঠেছে। আবার কৃষি যখন ধ্বংস হ'তে বসেছে, যখন জনসংখ্যার অধিকাংশের ক্রয়শক্তি নাই, তখন সেখানে কিছুতেই শিল্পবিস্তারের পথ হতে পারে না। সেইজন্য অন্য সমস্ত শিল্পবিস্তারের পথ প্রস্তুত করার জন্য কৃষির উন্নতি সর্ব্বাগ্রে দরকার। আমাদের অন্যান্য কত যে সমস্যা আছে সেই সমস্ত সমস্যা সমাধানের পথ রুদ্ধ কোরে, আমাদের অগ্রগতির পথ বন্ধ কোরে দাঁড়িয়ে রয়েছে এই "পার্মানেন্ট সেটেলমেন্ট"। সেইজন্য সেই "পার্মানেন্ট সেটেলমেন্ট"কে যদি দূর করতে হয় তাহ'লে তার মূল যারা তাদের দিকে যদি না দেখা হয় তাহ'লে কিছুই করা যেতে পারে না। তা না হ'লে আজ এই দুর্ভিক্ষের মাঝে দাঁড়িয়ে, মন্বন্তরের মাঝে দাঁড়িয়ে যখন লক্ষ লক্ষ মানুষ মৃত্যুর দিকে যাচ্ছে তখন সেটা ছেলেখেলা করা হবে। এই সমস্যাকে নিয়ে তার সমাধানের নাম কোরে নূতনভাবে জমিদারী-প্রথাকে টিকিয়ে রাখারই চেষ্টা হবে। ১৯৪৫ সাল থেকে ইংরাজের বিরুদ্ধে যখন প্রবল জনবিক্ষোভ দেখা দিল তখন যেমন ক্ষমতায় প্রতিষ্ঠিত থাকার জন্য "মাউন্ট ব্যাটন আওয়ার্ড"এর মারফৎ জঘন্য চক্রান্ত চলেছিল তেমনিভাবে আজকে সামন্ততন্ত্রের এই ভূমি-ব্যবস্থার অন্তিম অবস্থায় সারা বাংলা এর বিরুদ্ধে যখন বিক্ষোভ ও আন্দোলন করছে তখন পিছনের দরজা দিয়ে অত্যন্ত হীন জঘন্য ষড়যন্ত্র ক'রে তাকে বাঁচিয়ে রাখবার জন্য নূতন ব্যবস্থা হচ্ছে। আর সেইজন্যই ৫ বছর-৬ বছর পরে এই বিলটি আনা হয়েছে। আমরা জানি ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট আপনারা এ দেশের লোক নূতন স্বরাজ পেয়েছে বোলে আনন্দে উৎফুল্ল হয়ে দীপমালা জ্বালিয়েছিলেন, কিন্তু সে আনন্দ আজ নিবে গেছে। আজ ৪।৫ বছরের বাস্তব অভিজ্ঞতার রূঢ় আঘাতে আমাদের জানা উচিত কোথায় এসে তারা দাঁড়িয়েছে। ঠিক তেমনিভাবে যখন এই বিল কার্য্যকরী হ'তে আরম্ভ করবে, যখন এই "রেকর্ড-অব-রাইট"এর মারফৎ হাজার হাজার কৃষক ভূমিহীন হ'তে আরম্ভ করবে তখন এই বিল সম্বন্ধে কৃষক ও অন্যান্য জনসাধারণের মোহ ভাঙবে। ১৯৩১ সালে "সেটেলমেন্ট" হবার সময় যেমন অবস্থাপন্ন লোকেরা "সেটেলমেন্ট অফিসার"দের ঘুষ দিয়ে রেকর্ড করিয়ে নিয়েছিল এবং তার ফলে চাষী উৎখাত হয়েছে, তেমনি এই "রেকর্ড-অব-রাইট"এর ব্যাপারে বলা যেতে পারে যে সমস্ত সুবিধাবাদী লোকদের আবার নূতন কোরে জমি হস্তগত করবার জন্য সুযোগ দেওয়া হবে।

(At this stage the blue light was lit.)

আমাকে অন্ততঃ আর দু' মিনিট সময় দেবেন; আমি কতকগুলি প্রয়োজনীয় বিষয় সম্বন্ধে বলছি। কাশ্মীরের নূতন আইন থেকে যে জিনিষ পাওয়া যায় সেটা বিবেচনা করা দরকার। সেখানে "কনষ্টি-টিউয়েণ্ট এসেম্ব্লি" থেকে একটা কমিটি করা হয়েছে এবং সেই কমিটির রিপোর্ট তারা গ্রহণ করছে। সেইজন্য আপনারা যদি নজীর নিতে যান তবে ভাল নজীরই নেবেন। অন্যান্য জায়গায় ভূমিসংস্কারের যে আইন এসেছে সেই সমস্ত জায়গার অভিজ্ঞতা নিয়ে অন্ততঃপক্ষে তা থেকে শিক্ষা গ্রহণ কোরে এ আইন প্রণয়নের চেষ্টা করা উচিত। তা না কোরে যেগুলো খারাপ, যার ফলে কৃষির উন্নতি বা অর্থনৈতিক উন্নতির সম্ভাবনা কম সেইরকম আইনের অভিজ্ঞতা নিয়ে যদি আইন প্রণয়ন করেন তাহ'লে তার ফল ভাল হবে না। বেশী দূর যেতে হবে না। সম্প্রতি ঐ কাশ্মীর কি করেছে সেটা দেখুন। অবশ্য এরকম অবস্থা হবে যদি কোন সুবিধাবাদী "ট্রান্সফার"এর ভিতর দিয়ে এই আইনের যে বিভিন্ন ধারা ও উপধারা আছে তার হাত থেকে এড়াবার চেষ্টা করে। তাহ'লে তা বন্ধ করার ব্যবস্থা থাকা দরকার। কাশ্মীরে সেই ব্যবস্থা আছে। অন্ততঃপক্ষে এ রকম আইন করা উচিত যে কমপক্ষে ১৯৫০ সালের জানুয়ারী মাসের পরে যে সমস্ত ক্রয়-বিক্রয় বা হস্তান্তর হয়েছে বা হবে সেটা যদি এই আইনের ধারা-উপধারার উদ্দেশ্যকে ব্যর্থ করবার জন্য "মালা ফাইডি মোটিভ" নিয়ে হয় তাহ'লে সেটা "নাল এণ্ড ভয়েড ডিক্লেয়ার" করা হবে, আর যদি "বোনা ফাইডি ট্রান্সফার" হয় তাহ'লে তা চলবে। তা না হ'লে সুবিধাবাদী লোকদেরই সুবিধা হবে।

তারপর "কম্পেন্সেসন"। সে সম্বন্ধে আমরা আমাদের বক্তব্য "নোট অব ডিসেণ্ট"এ বলেছি। এঁরা একটা এই রকম ধারণার সৃষ্টি করতে চান যে

[Sj. Binoy Krishna Chowdhury.]

আর নূতন কোন ট্যাক্স বসাচ্ছি না। খাজনা হ'তে যা আদায় হবে তা হ'তেই "কম্‌পেনসেশন" দেওয়া হবে। যদি ক্ষতিপূরণ দেওয়ার মেয়াদ দরকার হয়, কয়েক বছর বাড়িয়ে দিচ্ছি, ২০ থেকে ৩০ বছর করতে হয় তা করা হবে। কিন্তু তাতে সান্ত্বনা নেই। আসল কথা এই যে বাংলার কৃষিব্যবস্থা আজ যেখানে এসে দাঁড়িয়েছে তাতে সাধারণ অর্থনীতি বিজ্ঞানের ছাত্র যাঁরা তাঁরা জানেন যে

In India there is no condition for further deterioration of land

ভারতবর্ষে বহুদিন ধরে জমির উপরে অবহেলা করা হয়েছে। তার উন্নতির জন্য বিশেষ কিছুই খরচ করা হয় নি। সেই জমির কেমন কোরে উন্নতি হবে তা চিন্তা করতে হবে। রাষ্ট্রের এবং জমিদারদের সে বিষয়ে যত্নবান হওয়া উচিত ছিল। কাজেই সেই জায়গায় আজকে জমির উন্নতির জন্য অধিক পরিমাণে ব্যয় করা দরকার। ওঁরা বলবেন যে জমির উন্নতির জন্যই "ময়ূরাক্ষী প্রোজেক্ট" নিয়েছি এবং "ডি-ভি-সি" পরিকল্পনা নিয়েছি। এ কাজ ও এ পরিকল্পনা হয়েছে সত্য কিন্তু ময়ূরাক্ষী সম্পর্কে শুনলাম "বেটারমেণ্ট লেভি" হিসাবে ২৫০ টাকা ধার্য্য হয়েছে এবং বছরে ৫০ টাকা হিসাবে সেটা দিতে হবে। অন্য দিকে ধানের জন্য প্রতি একরেতে ১০ টাকা এবং রবিশস্যের জন্য ১৫ টাকা কোরে কর দিতে হবে। এইরকমভাবে ট্যাক্স ধার্য্য হ'লে চাষীর জল নেবার ক্ষমতা থাকবে না। এইভাবে চাপ পড়লে চাষীর পক্ষে ফল আশীর্ব্বাদস্বরূপ না হয়ে অভিশাপ হয়ে দাঁড়াবে। জানি অন্য দেশের কথা বলতে গেলে এখানকার অনেক সভাই ক্ষেপে উঠবেন। তবুও অতি সংক্ষেপে সেকথাটা বলি। আপনারা জাপানের কৃষি বিষয়ে উন্নতির কথা শুনেছেন। আমি "ষ্টেট্‌স্‌ম্যান"এর "কোটেশন" আর পড়ে সময় নষ্ট করব না। জাপানে সেচের জল "ফ্রী" দেওয়া হয়। কালিফোর্ণিয়ায় ও অন্যান্য জায়গায় দেখা গিয়েছে যে ২০ বছরের পর চাষীর যখন দেবার ক্ষমতা হয় তখন হয়ত "ইন্‌ডাইরেক্‌ট্‌ ট্যাক্স"এর ভিতর দিয়ে সে টাকা উঠে আসে। চাষের উন্নতি হয়েছে, তারপর ট্যাক্স হচ্ছে। এইরকম না হ'লে চাষীর বা চাষের উন্নতি হয় না। কিন্তু আমাদের যে ধারণা সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে সেটা কৃষিসংস্কারের পথে প্রথম পদক্ষেপ নয়। আমাদের মতে এই যে বিল আনা হচ্ছে সেটা আসল ভূমিসংস্কারের পথে না গিয়ে সম্পূর্ণ অন্য পথে অন্ধভাবে নিয়ে যাওয়া হচ্ছে। তাঁরা এখানে পঞ্চায়েত বিল আনছেন, তাঁরা ব্যবস্থা করছেন পঞ্চবার্ষিকী পরিকল্পনার; কিন্তু কৃষিসম্পর্কেও তাঁদের ধারণা চিরকালের পুরাতন। তাঁদের এখন ধারণা হয়েছে যে বর্ত্তমানে খানিকটা "করগেটে"এর "পারমিট" বা আটা, চিনি, কেরোসিন "কন্ট্রোল" কোরে গ্রামাঞ্চলে "মাল্টি-পারপাস সোসাইটি" কোরে তাঁরা চান গ্রামাঞ্চলে লোকের উপর প্রভাব বিস্তার করতে। সেগুলি এখন তাদের ক্ষমতা পরিচালনার কেন্দ্র হয়েছে যেমন অতীতে ইউনিয়ন বোর্ড ছিল। এইরকমভাবে জমির উপর "স্টাট্‌টরী অথরিটি" যদি দেওয়া হয় তাহ'লে তার মারফৎ সারা বাংলার কৃষকের জীবনের উপর তাঁরা প্রভাব বিস্তার করবেন।

(At this stage the red light was lit.)

(NOISE AND INTERRUPTION.)

কো-অপারেটিভ কথাটা শুনতে ভাল, কিন্তু সেটা সত্যকার সাধারণ চাষীদের বা "প্রডিউসার"দের যে পথ রুদ্ধ করছে এই মনোভাবের পরিবর্ত্তন দরকার। বর্ত্তমান অবস্থায় কো-অপারেটিভ মুষ্টিমেয় সুবিধাবাদী লোকের কর্তৃত্ব হতে বাধ্য এবং তা হয়েছে। সেইরকম ধরণের প্রোপাগাণ্ডা সামন্ততন্ত্রের আছে।

(The Member having reached his time-limit resumed his seat.)

The Hon'ble Iswar Das Jalan: Sir, I rise on a point of order. I want your ruling as to whether a member is entitled to go on for minutes after the red light is lit.

[5-45—5-55 p.m.]

Sj. Rakhahari Chatterjee: (মাননীয় স্পীকার মহাশয়, নীতির দিক থেকে কোন প্রজাতান্ত্রিক রাষ্ট্রে মানুষ, মানুষের প্রজা হয়ে থাকতে পারে না—ঠিক সেই কারণে জমিদারীস্বত্ব-বিলোপ আইন আমি সমর্থন করি। কিন্তু দেখতে হবে এই বিলোপের ফলে গভর্ণমেণ্টের কতটা লাভ হচ্ছে আর যাদের স্বত্ব বিলুপ্ত হচ্ছে তার প্রতিদানে তারাই বা কি পাচ্ছে! চাষীর উন্নতির অজুহাত দেখিয়ে এই বিল আনা হয়েছে, কিন্তু দেখতে হবে প্রকৃতপক্ষে এর দ্বারা কত চাষী উপকৃত হবে এবং তার সঙ্গে সঙ্গে কত মধ্যস্বত্বভোগী বিত্তচ্যুত ও উদ্বাস্তু হয়ে একটা নূতন বাস্তুহারা সৃষ্টি করবে। তাদের সম্বন্ধেই বা কি ব্যবস্থা করা হয়েছে। যদিও এই বিলের মধ্যে আংশিক আন্তরিকতা দেখা যায় বটে কিন্তু পল্লীগ্রাম অঞ্চলে বাস্তবতার দিকে সম্পর্ক রেখে এই বিল রচিত হয় নি।)

সকলের হয়ত ধারণা যে পশ্চিমবঙ্গের প্রত্যেকটি ইন্টারমিডিয়ারী ৭৫ বিঘা বসত জমি ও কুড়ি একর "নন্‌-এগ্রিকালচারাল্‌" জমির অধিকারী বা মালিক। সতাই যদি এই ধারণা সংশ্লিষ্ট মন্ত্রিমণ্ডলীর হয়ে থাকে বা এই সংবাদ তাঁরা সংগ্রহ করে থাকেন তাহ'লে এটা সম্পূর্ণ ভুল। যে সমস্ত "ইন্টারমিডিয়ারী"-দের অধিক সম্পত্তি রয়েছে, এবং তাদের সম্পত্তি অধিকার করবার জন্য যা বিলে রয়েছে তাতে আমাদের আপত্তি করার কোন কারণ থাকতে পারে না। তাঁরা বোধ হয়, সংবাদ রাখেন না এমন বহু লোক আছে যাদের সংখ্যা অন্ততঃপক্ষে কুড়ি থেকে তিরিশ হাজারের কম হবে না, যারা আইনতঃ মধ্যস্বত্বভোগী কিন্তু যাদের এক ছটাকও জমি নেই, যাদের বার্ষিক আয় ৫।৬ শত টাকা মাত্র এবং এই সমস্ত লোক যারা ২০ বিঘা জমি চাষীকে সাজায় বন্দোবস্ত করেছে, যারা বছরের শেষে মাত্র ১৫ কিম্বা ২০ মাপ সাজা ধান পেয়ে থাকে এবং তার দ্বারা তার সমস্ত পরিবারবর্গ প্রতিপালিত হয়—এই আইনের দ্বারা সাজা প্রথা যখন ক্যাশ হয়ে যাবে তখন সে সামান্য মাত্র "কম্‌পেন্‌সেশন্‌" পাবে এবং এর দ্বারা এই পরিবারের পুনঃপ্রতিষ্ঠিত

হওয়া অসম্ভব। আমার মনে হয় যে সমস্ত লোকের খাস জমি বা পাঁচ একরের বেশী খাস জমি নাই—সেই সমস্ত ব্যক্তি যাঁরা এই আইনের দ্বারা "এফেক্টেড্" হবেন তাঁদের জন্য "স্পেশাল প্রভিসন্" করা দরকার যাতে করে তাঁরা নিজেরাই লাংগল দিয়ে চাষ করে তাদের পরিবারবর্গকে প্রতিপালিত করতে সক্ষম হন। তা না হ'লে দেখা যাচ্ছে যে এই আইনের দ্বারা এই সমস্ত লোক নিয়ে একটা নূতন বাস্তুহারা সৃষ্টি করা হচ্ছে।

দ্বিতীয়ত যারা বড় বড় চাষী, হাজার হাজার বিঘা জমির মালিক, তারা এই আইনের আওতায় পড়েনি। তাদের এই আইনের মধ্যে আনা উচিত ছিল, এবং "সিলেক্ট কমিটি"র মেম্বর অন্যতম মাননীয় সদস্য জে, সি, গুহ মহাশয় যে "নোট্ অফ্ ডিসেণ্ট" দিয়েছেন সেটা গ্রহণ করলে কিছুটা সুবিধা হ'ত, কিন্তু তা নেওয়া হয় নি।

তৃতীয়তঃ এই বিলের দ্বারা বিধবা ও নাবালকের জন্য বিশেষ কোন ব্যবস্থা করা হয় নাই। যা করা হয়েছে তা নামমাত্র এবং এই সামান্য "কম্পেন্সেশন"এ তাদের কি করে চলবে সে সম্বন্ধে চিন্তা করে ব্যবস্থা করা উচিত ছিল। দেবোত্তর এবং "চ্যারিটেবল ইন্‌ষ্টিটিউসন" সম্বন্ধে বলা হয়েছে যে ৭৫ বিঘা পর্যন্ত জমি একজন রাখতে পারবে। কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় জানেন কি বাংলা দেশে কোন দেবোত্তর খাস জমির পরিমাণ ৭৫ বিঘা কারোরও আছে কি না? নিশ্চয়ই নেই। সুতরাং এ সম্বন্ধে আইনে ব্যবস্থা করা দরকার। বিধবা, নাবালক এবং "চ্যারিটেবল", "রিলিজিয়াস্ পারপাস্"এ যে জমি উৎসর্গীকৃত থাকে তাতে বর্তমানে যেভাবে আদায় হয়, ঠিক সেইভাবে এখানেও একটা ব্যবস্থা থাকা উচিত যে পর্যন্ত নাবালক সম্বন্ধে পূর্ণ বিচার না হচ্ছে। এই আইনের দ্বারা জমিদারী-প্রথা উচ্ছেদের পরিবর্তে আর একটা নূতন শ্রেণীর জমিদারীর ব্যবস্থা হচ্ছে।

জমিদারী উঠে যাচ্ছে কোথায়?

"ক্লজ ১২"তে যে "প্রভাইসো এ্যাড" করা হয়েছে, তাতে এইটাই রূপান্তরিত হয়েছে যে "ষ্টেট্" ইচ্ছা করলে "ষ্টেট্‌টরী অথরিটি" সৃষ্টি করবেন। কিন্তু সেটা কিভাবে করা হবে সে সম্বন্ধে এই বিলের মধ্যে কোন "ডেফিনিসন্" দেওয়া হয় নি। অর্থাৎ প্রকারান্তরে যিনি ছিলেন একজনা তিনি হবেন এঁদেরই একজনা। এইরকম-ভাবে কখনও জমিদারী-প্রথা উচ্ছেদ হয় না।

তা ছাড়া বর্তমান সরকার পুনঃ পুনঃ বলছেন দেশে বেকার সমস্যা, "আন্‌এম্‌প্লয়মেণ্ট" বেড়ে চলেছে এবং এই সমস্যা সমাধান করা দরকার। আজকে যে সমস্ত অস্থায়ী ডিপার্টমেণ্ট খোলা হয়েছিল তাদের "ক্লোজ ডাউন্" করা হচ্ছে, সেখানে ছাঁটাই চলেছে। মধ্যস্বত্ব বিলোপের সংগে সংগে অসংখ্য কর্মচারী যারা জমিদারের এবং মধ্যবিত্তের অধীনে আমীন, নায়েব ও গোমস্তার কাজ করে নিজেদের সংসার প্রতিপালন করতেন, তাদের সম্বন্ধে কি হবে? তাঁদের জন্য এই বিলের মধ্যে কোন ব্যবস্থা নাই।

Statement of Objects and Reasons.

এর মধ্যেও তার কোন উল্লেখ নাই। এদের সম্পর্কে যদি কোন ব্যবস্থা থাকতো, এই সমস্ত উপযুক্ত ও কর্মক্ষম লোকদের কোন কাজে নিযুক্ত করা হ'তো, তাহ'লে আমরা বুঝতে পারতাম সরকারের সত্যিকারের ভাল উদ্দেশ্য রয়েছে এবং সত্যিকারের বেকারসমস্যা-সমাধানের চেষ্টা হচ্ছে; কিন্তু তা না করে এই আইনের দ্বারা একটা নূতন বেকারের সংখ্যা বৃদ্ধি করছেন। এই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট নিবেদন করি তিনি যেন এবিষয়ে একটু চিন্তা করে দেখেন। এই আইনের ফলে আমরা দেখছি যে "কষ্ট অব কলেক্সন" যা হবে তা বর্তমানের তুলনায় অনেক বেশী হবার সম্ভাবনা। আজকে সামান্য খরচের দ্বারা "কলেক্সন" হয়ে নির্দিষ্ট দিনে গভর্ণ-মেণ্ট "রেভিনিউ" পান। কিন্তু যদি এর পরেও এইভাবে চালাতে হয়, তাহ'লে সরকার এর দ্বারা কতটা উপকৃত হবেন তা বুঝতে পারি না। এই জমিদারী "এ্যাবলিসন" বিলের দ্বারা "ষ্টেট"এর আর্থিক উন্নতির পরিবর্তে খরচের মাত্রা বেড়ে যাবে, একটা বিপর্যয়ের সৃষ্টি হবে, সেটা পূর্বাহ্ণেই চিন্তা করা দরকার।

[5-55—6-5 p.m.]

তাছাড়া হাট ও বাজার কি রকমভাবে ব্যবস্থা করবেন তার কোন বন্দোবস্ত নেই। গভর্নমেণ্ট হাট ও বাজার নিচ্ছেন। পল্লী-অঞ্চলে হাট এবং বাজার সপ্তাহে বা মাসে ২।১ বার বসে। স্থানীয় লোকেই তা পরিচালনা করে এবং সামান্য দু'চার পয়সা তোলা নিয়ে তারা কাজ করে কিন্তু শহরে সেই ব্যবস্থা নেই। কিন্তু গভর্নমেণ্ট দ্বারা যদি সেই হাট বাজার "ম্যানেজড্" হয়, সেই "ম্যানেজমেণ্ট" তাঁরা কিভাবে করবেন? তার ফলে হবে এই যে হাট বাজারে যারা জিনিষপত্র নিয়ে আসে তাদের উপর ট্যাক্সের হার অহেতুক রকমের বেড়ে যাবে। এই তোল "কালেক্সন" করবার জন্য "এজেণ্ট"এর বেতন যদি দিতে হয়, তাহ'লে বহু ব্যয় হবে কাজেই "ইনকম" বাড়াতে হবে এবং তা করতে গিয়ে এখানে যে সমস্ত ব্যবসায়ী আসবে তাদের উপর ট্যাক্সের চাপ বাড়বে। সেদিক থেকে গভর্নমেণ্ট যদি একটু "বেটার এ্যারেঞ্জমেণ্ট" করেন তাহ'লে ভাল হয়। সুতরাং এই হাট বাজার গভর্ণমেণ্টের হাতে নেওয়াটা সমর্থন করা যায় না। কাজেই আমি যে কয়টি কথা বল্লাম তাতে মন্ত্রীমহাশয়ের বিবেচনা করে দেখা দরকার যাতে বেকারসমস্যা আর বৃদ্ধি না হয়। বাকী যেসব নেওয়া হয়েছে—তাতে দোষের কথা দেখা যায় না। সেগুলি গ্রহণ করতে পারা যায়।

তারপর দেখা যাচ্ছে এমন একটা "এনোম্যালাস্" অবস্থা করছেন "ক্লজ ভি,আই"এ—যেখানে বলা হয়েছে

an intermediary shall subject to sub-section (2), be entitled to retain with effect from the date of vesting such and such properties. An intermediary এ একটা "আনডিফাইন্ড" জিনিষ, এতে গোলমাল সৃষ্টি হতে পারে কাজেই "পার ক্যাপিটা" ঠিক করে দেওয়া দরকার। সুতরাং এই "এ্যান ইন্টারমিডিয়ারী" সম্বন্ধে কি বুঝবো সেটা "রেগুলারাইজ" করে

[Sj. Rakhahari Chatterjee.]

"ক্লীয়ার" করে দেওয়া দরকার—যাতে এমন না হয় যে কেউ বেশী পেয়ে যাবেন, কেউ বা কম পেয়ে যাবেন।

"ল্যান্ড এ্যাকুইজিসন" সম্বন্ধে যে বিধান করা হয়েছে তাতে "কম্পেন্সেসন"এর যে ব্যবস্থা করা হয়েছে—সেটা থাকা উচিত নয়—"কম্পেন্সেসন"এর তালিকা এই আইনে যেভাবে দেওয়া হয়েছে সেটা থাকা উচিত নয়। কোন রকম "ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট" করা উচিত নয়—তা সে জমিদারই হোন, মধ্যস্বত্ব হোন বা রায়তই হোন।

"ইন্‌স্পেক্সন" করবার জন্য "ক্লজ ৮এ"তে মধ্যস্বত্ব সম্বন্ধে যে কথা বলা হয়েছে তাদের "কপি এ্যালাউ" করা উচিত। নিজেদের কর্মচারী দ্বারা যদি "কপি" করে দেওয়া হয় তাহলে "আন-নেসেসারী কস্ট" অনেক বেঁচে যায়। আইনে "ইন্‌টারমিডিয়ারী" কথাটা অত্যন্ত জটিল। প্রত্যেকে যদি "সার্টিফায়েড কপি" নিজেদের খরচে নিতে হয় গাঁটের পয়সা খরচ করে, ও "কম্পেন্সেসন অফিসার"এর কাছে নিজের "কেস পুট আপ" করতে হয়, তাহলে একটা "এক্সেম্পসন" থাকা উচিত। যেমন ১ হাজার টাকা "নেট ইনকাম" যাঁদের তাদের "ফ্রী অব কস্ট"এ "কপি" সরকার দেবেন এ ধরণের একটা ব্যবস্থা থাকা দরকার এবং উচিত।

তারপর "কম্পেন্সেসন" সম্বন্ধে—"এ্যাড-ইন্টেরিম কম্পেন্সেসন"এর কথা যা বলা হয়েছে প্রথমে "৪ অব দি এ্যানুয়াল ইনকাম" পাঁচ বছর পরে পাবেন। বড় বড় জমিদার মধ্যস্বত্বভোগী সম্বন্ধে এটা খাটে কিন্তু যাদের কয়েক বিঘা মাত্র জমি তাদের যদি একবারে না দেওয়া হয় তাহলে তারা অনাহারে উপবাসে থাকতে বাধ্য হবে বছরের মধ্যে ৬ মাস।

তারপর দেবোত্তর সম্পত্তি সম্পর্কে যে "প্রভিসন" করা হয়েছে সেখানে বলা হয়েছে

bona fide trust or other legal obligation—clause XVI

কিন্তু বহু ক্ষেত্রে দেখা যায় যে দেবোত্তর সম্পত্তি দলিল না করেই হয়ে থাকে। সেই

endowment, long-standing practice and custom

দ্বারাই হয়ে থাকে, "লিগ্যাল অব্লিগেসন"এর ভেতরে আসে না। এই

long standing practice and custom

যা চলে আসছে এগুলো আইনের দ্বারা গ্রহণ করা উচিত।

তাছাড়া সামান্য যাদের "এ্যানুয়াল ইনকাম" ৫০০ কি ১ হাজার তাদের "কম্পেন্সেসন" দ্বারা তাদের "রিহ্যাবিলিটেশন" হতে পারে না। আইনের দ্বারা "সারপ্লাস ল্যান্ড" যা "এ্যাকোয়ার" করতে পারবে তা থেকে তাদের সর্বপ্রথমে জমি দেওয়া দরকার।

in lieu of compensation

তাদের জমি দেওয়া দরকার। আপনারা অনেকেই জানেন যে বাঁকুড়া, মেদিনীপুর, বর্দ্ধমানে এমন অনেক লোক আছে, যাঁদের সামান্য ৫।১০ বিঘা জমি দ্বারা চলে তাদের যদি জমি না দেওয়া হয় তাহলে সমস্ত "ফ্যামিলি" নষ্ট হয়ে যাবে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে তাদের "কম্পেন্সেসন" না দিয়ে তাদের সেই পরিমাণ মূল্যের জমি দেওয়া উচিত। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, I appreciate the observations of the Hon'ble Minister that acquisition of land by the State is not an end in itself and that it must be supplemented by adequate land reform. But unfortunately these noble words are belied in the text of the Bill as it comes to us. It is not enough to say, Sir, that the Bill is incomplete. The Bill is a truncated thing, a body without a head; it provides for acquisition of land without any scheme of distribution. It does not place before us any aims and objectives and does not possess any provisions to give effect to any aims and objectives. I shall go further than Sj. Ray Chaudhuri and say that not merely the Bill ought to envisage a clear-cut policy and plan; it must go further than that and embody that policy and programme in the text of the Bill itself.

There is no assurance, Sir, in the Bill that the vast amount of *khas* land which will come under the possession of the State will be properly utilised. Who knows that this immense resource of land will not serve as a further means of patronage in the hands of a corrupt Government? Who knows that a new system of zemindary will not be foisted in the place of the old through the agents of the Government, a system much worse, much more corrupt and much more perverse than the outgoing one?

[6-5—6-15 p.m.]

Sir, the zemindary system was a bad system. There is no doubt about that, but that bad system was a decadent system. At least the worst complaint against the zemindary system was not that the peasants were suffering extreme hardship under it. The peasants were suffering no doubt, but the much worse complaint was that land was deteriorating, that land

was nobody's property, neither of the zemindars nor of the peasants, and the product of agricultural land was perpetually coming down. This Bill, as it comes, threatens to impose immeasurably increased hardship on the peasantry while liquidating the zemindars. The peasantry at least under this decadent zemindary system had this extenuating circumstance that they might go away with non-payment of rents. Rents are not regularly paid. Whether for good or bad, the peasants had not regularly to pay rents to their zemindars. Now these rents and revenues will be collected by the State without any compunction. Even the arrears will be collected by the State. That is quite good if that collected revenue goes to the benefit of the peasantry.

Again, it passes one's imagination how these newly-collected revenues of this State will be able to meet the huge amount of compensation as scheduled in the Bill. Wherefrom will this money come—this money that will be required to pay compensation to the expropriated landed interests? There is a stock argument, Sir, a facile misconception that under our present Constitution land cannot be acquired by the State without payment of adequate compensation and, I am afraid, the Hon'ble Minister also is a victim of this misconception. Sir, I beg to point out this Article of the Constitution—Article 31A (this occurs in Part III, Fundamental Rights)—wherein it is clearly stated thus: "Notwithstanding anything in the foregoing provisions of this Part, no law providing for the acquisition by the State of any estate or of any rights therein or for the extinguishment or modification of any such rights shall be deemed to be void on the ground that it is inconsistent with, or takes away or abridges any of the rights conferred by, any provisions of this Part". So, Sir, this fear is groundless that land cannot be acquired without payment of reasonable compensation.

However, I myself and my friends in this bloc are not opposed to compensation as such. We are in favour of rehabilitation compensation. We do not want erstwhile zemindars or rent-receiving interests, however illegal may be the foundation of their interests, to be left in the lurch, to be thrown out on the streets to starve. We are in favour of rehabilitation. Compensation must be rehabilitatory and this must not be calculated on the basis of the income of the dispossessed property. Sir, this Bill ought to have provided for these two things. These are the two main lacunae of this Bill. There are innumerable other provisions though the Bill bristles with innumerable provisions which are more capable of abuse and tyranny than capable of doing any good to the starving peasants of the country.

Sir, I will not go into these provisions of the Bill which will be adequately discussed if it comes up for a second reading. But I must point out the two main lacunae in the Bill—firstly, the absence of any provision for redistribution of land. Obviously, the land must be distributed among the landless people. State acquisition of land by itself is not a good thing. It must go to the peasantry, and that alone will create the necessary incentive to improve the land, to improve the productivity of the agricultural land. But then again the land may not be sufficient for distribution among the landless peasantry. Land may be squeezed into uneconomic holdings. Against that the Bill ought to have provided for some institutions like collective farms, co-operative agriculture under the advice and with the assistance of the State. I do not, Sir, suggest anything like the present co-operative societies or multi-purpose societies which are hotbeds of abuses and corruption. The initiative must be given to local people to experiment, and the State must content itself by merely giving technical advice and economic assistance. Nor do I

[Dr. Atindra Nath Bose.]

propose that the State should undertake the burden of starting State-owned farms—farms under the direct ownership, direction and control of the State itself. I have very little trust in the present Government to vest them with this great responsibility—a Government which could not utilise the 30 crores of rupees granted from the Centre for the rehabilitation of refugees—the 30 crores of rupees which were squandered away like anything without rehabilitating a single displaced person. I could not trust Government with such a huge amount for the rehabilitation of landless peasantry. Let the peasantry form societies of their own, and the State be satisfied by giving the necessary help and technical plan and economic assistance.

As for rehabilitation of the expropriated rent-receiving interests, though the State will have to undertake large-scale industrial works, public utility concerns, educational institutions under the same plan as in the case of agriculture, the Government must satisfy themselves with merely giving assistance and advice. Instead of giving cash doles to be invested in speculation in the share market, the State should fruitfully employ these dispossessed persons in newly-started public utility concerns and collective farms and industrial enterprise. The economy of the State must be taken as a whole. We cannot cure it by piecemeal treatment, keeping the whole body in a rotten state. The idea of this Bill, *i.e.*, acquisition of land by the State and then redistribution among the peasantry must be integrated with a comprehensive plan for the reconstruction of the entire economy of Bengal, whereas initiative and enterprise will lie at the base, at the bottom, with the tillers of the soil and with the workers in the newly-started public enterprise. It is only in such a scheme that any plan for land reforms, any plan for rehabilitation of our peasantry can be fruitfully implemented.

[6-15—6-25 p.m.]

Sj. Jyotish Joarder:

স্পীকার মহোদয়, এই যে বিলটি সম্বন্ধে আমরা আলোচনা করছি, এ সম্বন্ধে প্রথমত একটা প্রশ্ন আমার মনে জেগেছে, সেইটা হচ্ছে, এই বিলের মূল উদ্দেশ্য কি? এই বিলের মূল উদ্দেশ্য, সমগ্র জাতি যা ভাবছে বা আশা করছে—সমগ্র জাতির যা সম্পদ, কৃষাণ সম্পদ, সেই সম্পদের উন্নতি সাধন। এতকাল ধরে যে জমিদারী ব্যবস্থা ছিল সেটা ব্যর্থ হয়েছে। এবং সেটা যে ব্যর্থ হয়েছে সকল দিক থেকেই তার প্রমান পাওয়া গেছে, এমনকি জমিদারদের মধ্যেও এরকম লোক অল্পই আছে যারা চায় যে জমিদারী যেমন আছে সেইভাবেই চলুক। সুতরাং দেখা যাচ্ছে তারা নিজেরাও ব্যর্থ হয়েছে এবং সমগ্র জাতিকে ব্যর্থ করেছে। আজ আমাদের স্থির লক্ষ্য হওয়া উচিত যাঁরা উৎপাদন করেন, সেই কৃষাণদের দ্বারা যাতে করে আমাদের ভূমিসম্পদ যা আছে তাতে প্রচুর উৎপাদন বৈজ্ঞানিক প্রণালীতে করা যায় তার আয়োজনের দিকে দৃষ্টি রেখে অগ্রসর হওয়ার।

তারপরে ভাবা উচিত ছিল, যারা আমাদের জাতীয় সম্পদকে ব্যর্থ করেছে এতদিন পর্যন্ত যদিও একটা ঐতিহাসিক কারণ তারমধ্যে রয়েছে তাদের যখন এখান থেকে সরাতে হবে, তখন তাদের কি ব্যবস্থা হবে—সেটা দ্বিতীয় চিন্তার কথা হতে পারে। কিন্তু "জয়েন্ট কমিটি" থেকে আবার যেভাবে বিলটি এখানে এসেছে তাতে একটা জিনিষ পরিষ্কার দেখছি "প্রিএম্বল"টা উঠিয়ে দেয়া হয়েছে। ভালই হয়েছে, অন্ততঃ ভণ্ডামির হাত হতে বাঁচা গেছে। কারণ উদ্দেশ্য সম্বন্ধে একটা বিরাট প্রশ্ন রয়েছে, তার উত্তরে এই "প্রিএম্বলে" একটা বড় রকম ফাঁকি ছাড়া আর কিছু ছিল না। তাই এখানে প্রথম কথা হচ্ছে, মূল উদ্দেশ্যেই রয়েছে গলদ। বিলের মূল উদ্দেশ্য যদি হয় কৃষাণদের সাহায্য কি করে করা যাবে, উৎপাদনে উৎসাহদান কি করে করা যাবে এবং জাতীয় কৃষিসম্পদবৃদ্ধি, উৎপাদনে উৎসাহদান—তার জন্য ব্যবস্থা অবলম্বন যাতে করে সমগ্র জাতি লাভবান হতে পারে, তাহলে সেই চেষ্টাই এই বিলের মধ্যে প্রথমে পরিলক্ষিত হত তারপরে উঠত ক্ষতিপূরণের কথা। কিন্তু এ বিলে দেখছি ক্ষতিপূরণটার কথাই প্রধান স্থান পেয়েছে।

এখন, সেই যে ক্ষতিপূরণ, সে আমরা দিচ্ছি কাদের?—যারা আমাদের সমস্ত জাতীয় সম্পদকে ব্যর্থ করেছে পুরুষানুক্রমে, যারা আমাদের সমগ্র জাতিকে পঙ্গু করেছে, উৎপাদন যারা ব্যর্থ করেছে। সমগ্র দেশে, যাদের সীতাকারের জমি থাকা উচিত ছিল, তাদের হাতে কিছু নাই, আর যে সমস্ত মানুষ পরের উপার্জন নির্বিচারে ভোগ করছে, নির্বিচারে অত্যাচার করে সমগ্র দেশকে পঙ্গু করছে সেই সমস্ত মানুষকে ক্ষতিপূরণ দিতে হবে? তারপরে তাদের মধ্যে কোটিপতি যদি কেউ থেকে থাকেন তাহলে তাকে আরো সেই পরিমাণে বৃহত্তর কোটিপতি করবার ব্যবস্থা করতে হবে?—একটা জাতিকে ব্যর্থ করেছে, সেইজন্য কি আবার খেসারৎ দিতে হবে? কার স্বার্থের জন্য? জাতির পক্ষে আজ নূতনভাবে যেখানে যা কিছু সম্ভাবনা আছে আমি পরিষ্কার বলছি সেটা হচ্ছে জাতির শিল্পসম্ভাবনা। এই শিল্পসম্ভাবনার উপরই জাতির মুক্তি নির্ভর করে। সেই সম্ভাবনার উপর তারা চেপে বসে সেটাকে যাতে

আবার ধ্বংস করতে পারে সে সুযোগ আমরা আর দিতে চাই না। তারা ক্ষতিপূরণের কোটি কোটি টাকা নিয়ে শিল্প প্রচেষ্টার নামে ছিনিমিনি খেলে সমগ্র জাতিকে নূতন করে ব্যর্থ করবে সে সুযোগ আবার তাদের দেওয়া কিছুতেই ঠিক হবে না, বিশেষতঃ আমাদের যেখানে আজ অর্থের যথেষ্ট প্রয়োজন রয়েছে।

আবার যাঁরা এই বিল করেছেন তারা বিলের মধ্যেই একথা স্বীকার করেছেন যে ক্ষতিপূরণের টাকা ২০ বৎসরের মধ্যে দেবার ব্যবস্থা হবে। অর্থাৎ ২০ বৎসর ধরে জাতির অর্থ মোক্ষণ করে জাতিকে তাঁরা ধ্বংস করবেন। এবং সেই টাকা ক্ষতিপূরণ দেবেন কাদের? যারা নাকি জাতিকে কৃষিসম্পদের দিক থেকে ব্যর্থ করেছে এবং আবারও ব্যর্থ করতে পারে। ক্ষতিপূরণের কথা আমার পূর্ববর্তী বক্তারা অনেকেই বলেছেন, আমি শুধু বলব, জমিদারদেরকে ক্ষতিপূরণ হিসাবে আমি কাণাকড়িও দিতে রাজী নই। কেন না নতুনভাবে অনর্জিত অর্থের অপচয়ে তারা আবার আমাদের সমাজে ব্যর্থতা আনতে পারে —এমন সেইভাবে আমাদের চিন্তা করতে হবে। তবু জাতির এতখানি ব্যর্থতার যারা মূল কারণ এবং সমগ্রদিক দিয়েই যারা নাকি মনোভাবে দেউলিয়া তাদেরকেও আবার নূতনভাবে জীবন যাপনের ব্যবস্থা করে মানুষের পর্যায়ে আবার স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করে দেবার প্রয়াসের আমি পক্ষপাতি। তাদেরকে পুনর্বাসনের পর্যায়ে আনার একটা সার্থকতা আছে, সেই পুনর্বাসনের কথা না বলে ক্ষতিপূরণের কথা বলা অন্যায় এবং সেটা হচ্ছে—সমগ্র জাতির বিরুদ্ধে ষড়যন্ত্রেরই নামান্তর এ কথা বলতে আমরা বাধ্য। কারণ হঠাৎ এ বিলের পরিকল্পনা করা হয় নাই ধীরে, ধীরে, ভেবেচিন্তে করা হয়েছে, তারপরে একটা তথাকথিত, "জয়েন্ট কমিটি" দীর্ঘকাল ধরে বিবেচনা করে এ বিলের অদল-বদল করেছে। সুতরাং মূলে একটা দুষ্ট উদ্দেশ্য প্রণোদিত পরিকল্পনা এর মধ্যে দেখতে পাচ্ছি। তাইতো এ অন্যায় ক্ষতিপূরণের সমর্থনে ভারতীয় সংবিধানের দোহাই পেড়ে পবিত্রতার কথা উত্থাপন করছেন কংগ্রেসপক্ষ, অর্থাৎ সমগ্র জাতি মরে যাচ্ছে যেখানে সেখানে সকলের জীবন রক্ষার কথাটি নেই এদের মুখে। সমগ্র জাতিকে মেরে একটিমাত্র শ্রেণীর স্বার্থরক্ষার এ পরিকল্পনাটা, তাকে ষড়যন্ত্র ছাড়া আর কিছুই বলা যেতে পারে না।

প্রসঙ্গতঃ বলা চলে যে, আজ আমাদের আসল কথা হচ্ছে জাতীয় আর্থিক উন্নতিকল্পে শিল্পের চিন্তায় আমাদের মগ্ন হতে হবে, সঙ্গে সঙ্গে আমাদের চিন্তা করতে হবে কৃষি একটা স্বতন্ত্র ব্যাপার হলেও সে জাতীয় শিল্পেরই অঙ্গ। কাজেই এখানে আমাদের কর্তব্য হচ্ছে ব্যক্তিগত স্বার্থকে জাতীয় স্বার্থের জন্য ছোট করে দেখতে হবে। তাই আমরা বাধ্য হচ্ছি শিল্পের স্বার্থকে দ্বিতীয় স্থান এবং জাতির স্বার্থকে প্রথম স্থান দিতে। তাই আজ কৃষাণদের প্রথম স্থান দিতে যাচ্ছি আমরা। আজ "আইসোলেটেড"ভাবে চিন্তা করে কৃষি একটা জিনিষ, শিল্প আর একটা জিনিষ এরকম ভাবা চলবে না। এতে আমাদের এমন একটি দৃষ্টিভঙ্গী থাকা দরকার যাতে করে আমাদের জাতীয় সম্পদের উন্নততর উৎপাদন কৃষি এবং শিল্প উভয় ক্ষেত্রেই একটা সমাজবাদী জাতীয় পরিকল্পনার বিষয়বস্তু হতে পারবে।

অথচ কনষ্টিটিউসনের একটা মনগড়া অর্থ করে কায়েমী স্বার্থকে আবার খাড়া করবেন বোলে ভাবছেন ক্ষমতালোভী, ক্ষমতামদে মাতাল কংগ্রেস সরকার। কর্তৃপক্ষ মনে করছেন পূর্ববর্তী বৃটিশ সরকার যে "পার্মানেন্ট সেটেলমেন্ট" করে রেখে গিয়েছে সেইটে উচ্ছেদের নামে তারা এমন একটা কায়েমী ব্যবস্থা প্রবর্তন করতে চাচ্ছেন যেখানে তাঁদের খেয়াল ও খুশীর স্থানই থাকবে। সর্বাগ্রে এখানে একটা উদাহরণস্বরূপ বলতে চাই, জমিদার যাঁরা নাকি জমি থেকে উচ্ছেদ হবেন, এখানে দেখা যাচ্ছে, তাঁদের পছন্দই সবচেয়ে ভাল যে জমি তাও তাঁরা নিজেরা বেছে নিতে পারবেন, যদিও তাঁরা লাঙ্গল চাষ পুরুষানুক্রমে করেন নাই এবং করবেনও না। তিনি "এগ্রিকালচারাল কোম্পানী", বা "কো-অপারেটিভ এগ্রিকালচার"এর নামে প্রচুর পরিমাণ "এগ্রিকালচারাল ল্যান্ড" দখল করে বসে থাকতে পারবেন, এবং তারাই আবার ক্ষতিপূরণও পাবেন। বাড়ীঘর সবকিছু তাদের ত দেয়াই আছে, তার উপর বাগবাগিচা, চাবাগান, "মাইনিং ল্যান্ড", "ফিসারি" ছাড়াও পছন্দসই "এগ্রিকালচারাল ল্যান্ড" তাঁরা নিজের হাতে রাখতে পারবেন এইরকমভাবে সমস্ত জিনিষটায় একটা দুষ্ট বুদ্ধির খেলা চলছে।

[6-25—6-28 p.m.]

বিভিন্ন খবরের কাগজে "এডিটোরিয়াল" এবং জনসভায় বর্তমানে ৭ আনা দরে যে চাল সরবরাহ করা হচ্ছে তা অখাদ্য বলা হচ্ছে, এসব কথা মন্ত্রীমহাশয় জানেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনার প্রশ্নের মানেটা বুঝতে পারলাম না।

Sj. Ambica Chakrabarty:

মানে—আপনি কি বাংলা জানেন না? বিভিন্ন খবরের কাগজে "এডিটোরিয়াল" এবং জনসভায় বর্তমানে ৭ আনা দরে যে চাল সরবরাহ করা হচ্ছে তা অখাদ্য বলা হচ্ছে এসব কথা মন্ত্রীমহাশয় জানেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যেটা বলছেন সেটা খবরের কাগজে বেরিয়েছে কিনা জানি না। কারো কারো মতে হতে পারে—

It is a matter of opinion.

Sjkta. Manikuntala Sen: Supplementary question, Sir,

আপনার কাছে মেয়েদের একটা "ডেপুটেসন" গিয়েছিল, তারা আপনাকে যে চালের নমুনা দেখিয়েছিলেন আপনি কি মনে করেন সেটা খাওয়ার উপযুক্ত?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, মনে করি।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এখন যেটা ৭ আনা দরে বিক্রী হচ্ছে সেটা খাওয়ার অযোগ্য এবং আগে যেটা ৯ আনা দরে বিক্রী হ'ত এখন সেটাই সাড়ে দশ আনায় বিক্রী হচ্ছে এটা সত্য কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

নয় আনা দরের চাল আর নাই। নয় আনা দরের চাল সাড়ে দশ আনায় বিক্রী হচ্ছে না।

Sjkta. Manikuntala Sen:

নয় আনায় যে চাল দেওয়া হ'ত সেটা কোথায় গেল?

The Hon'ble Prafulla Chandra Sen:

বাংলাদেশে সে চাল যা সংগ্রহ করা হয়েছিল তা শেষ হ'য়ে গিয়েছে।

Sjkta. Manikuntala Sen:

সাত আনা দরের চাল কোথা থেকে আসে?

The Hon'ble Prafulla Chandra Sen:

কিছু উড়িষ্যা থেকে, কিছু উত্তরপ্রদেশ থেকে কিছু আসাম থেকে।

Sjkta. Manikuntala Sen:

সেখানে কত দামে কেনা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

বিভিন্ন জায়গায় বিভিন্ন দরে কেনা হয়।

Sjkta. Manikuntala Sen:

নির্দ্দিষ্ট দামটা আমি জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটিশ দিন।

Sj. Hemanta Kumar Ghosal:

সাত আনা দরে যে চাল বিক্রী হয় তাতে ধুলো এবং কাঁকড় প্রভৃতি চালান হয় এটা সত্য কিনা মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, তবে ধুলো, বালি কিছু থাকতে পারে।

Sj. Subodh Banerjee:

নয় আনায় যে চাল দেওয়া হচ্ছিল নোটিশ পাওয়ার সঙ্গে সঙ্গে তা কি ক'রে ফুরিয়ে গেল?

The Hon'ble Prafulla Chandra Sen:

নয় আনার চাল ফুরিয়ে গিয়েছিল।

Sj. Jyoti Basu: Is the Minister aware that on the 28th of September when there was a demonstration near Dalhousie Square the Chief Minister promised to change the inedible rice which was being supplied to the Calcutta ration shops?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not promise at all.

Sj. Jyoti Basu: Is the Minister or are both the Ministers aware that the promise was published in the press on the 29th September?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am not responsible for what was published in the press.

Sj. Jyoti Basu: Did the Minister contradict the report which came out in the whole press of Bengal?

The Hon'ble Prafulla Chandra Sen: It was not thought necessary.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি প্রধানমন্ত্রীর সঙ্গে খাদ্যসমস্যা সম্বন্ধে আমাদের যখন কথা হয়েছিল তখন "এডিবল্ রাইস" দেবার কথা হয়েছিল তাই এখন দেওয়া হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

"এডিবল্ রাইস"ই দেওয়া হচ্ছে।

Sj. Hemanta Kumar Basu:

সাত আনা দরে যে চাল দেওয়া হচ্ছে তা খাওয়ার অযোগ্য এরকম কোন অভিযোগ পেয়েছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

দু'চার জন অভিযোগ করেছেন।

Sj. Hemanta Kumar Basu:

আপনি কি নিজে খেয়ে দেখেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, দেখেছি—

(INTERRUPTION.)

Mr. Speaker: Order, order. This is a very important supplementary question and there should be no interruption.

Sjkta. Manikuntala Sen:

২২শে সেপ্টেম্বর তারিখে আপনার কাছে মেয়েদের যে "ডেপুটেশন" গিয়েছিল তাদের মধ্যে থেকে আপনাকে জানান হয়েছিল যে এই চাল খেয়ে ছেলেপিলেদের অসুখ হচ্ছে একথা সত্য ব'লে মনে করেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

অসুখ বসুখের কথা কেউ বলেন নি, তবে কেউ কেউ বলেছিলেন একটু তেঁতো।

Sj. Benoy Krishna Chowdhury:

আপনি একটা বিবৃতি দিয়েছিলেন চাল থেকে কাঁকড় বাছাই করার জন্য একটা মেশিন আনবেন তার কি হলো?

The Hon'ble Prafulla Chandra Sen:

ব্যবস্থা হচ্ছে।

Sj. Bibhuti Bhushon Ghose:

ডাঃ রায় কি বলবেন——

Mr. Speaker:

ডাঃ রায়কে কেন?

Sj. Bibhuti Bhushon Ghose:

ডেপুটি মিনিষ্টারের সঙ্গে আলোচনার সময় তিনি স্বীকার করেছিলেন যে, এই চালটা খাওয়ার অযোগ্য এটা জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কিছু জানি না।

Sj. Jyoti Basu: Is the Food Minister aware that stomach troubles are increasing in Calcutta as a result of supply of this inedible rice in the ration shops?

The Hon'ble Prafulla Chandra Sen: No.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Doctors say they are not getting enough patients.

Sj. Jyoti Basu: Because there is not the money.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে চাল দেওয়া হচ্ছে তার ৩ ভাগ আলো চাল, এক ভাগমাত্র সিদ্ধ চাল—এই সিদ্ধ চালের পরিমাণ বাড়ান যায় কিনা—আলো চাল খেয়ে কলকাতার লোকের শরীর খারাপ হচ্ছে একথা জানেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা ভারত গভর্ণমেণ্টের কাছে বরাবরই এই কথা বলে এসেছি। কিন্তু যে যে প্রদেশ থেকে আমাদের চাল আনতে হয় সেখানে সিদ্ধ চাল পাওয়া যায় না।

Sj. Ambica Chakrabarty:

জুলাই-আগষ্ট মাসে যে চাল দেওয়া হ'ত সে চাল এখন আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

সে কথা পূর্ব্বেই বলেছি।

Sj. Subodh Banerjee:

(ক) প্রশ্নের উত্তরে আপনি যে "না" বলেছেন এই "না" অর্থ কি এই যে অবগত নন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনি যা বোঝেন।

Sj. Subodh Banerjee:

সাত আনায় যে চাল দেওয়া হচ্ছে সেটা এমন অখাদ্য যে খাওয়া যায় না——

Mr. Speaker: The same question is repeated.

The Hon'ble Prafulla Chandra Sen:

আগেই উত্তর দিয়েছি।

Sj. Ambica Chakrabarty:

সাত আনা দরে রেশনে যে চাল দেওয়া হচ্ছে তা মন্ত্রীমহাশয় খেয়ে দেখেছেন কি?

Mr. Speaker: He has already answered that question.

Sj. Dasarathi Tah:

আমার বন্ধু মাননীয় সদস্য বিনয় চৌধুরী চালের কাঁকড় বাছাই করার সম্বন্ধে যে প্রশ্ন করেছেন সেই প্রসঙ্গে আমি বলছি এরকম কোন যন্ত্র আবিষ্কৃত হয়নি, তবে আমরা শুনলাম চালে কাঁকড় মেশাবার যন্ত্র আপনি আনছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সে ভার আপনার উপর দেওয়া গেল।

Sj. Nripendra Gopal Mitra:

এই যে আপনি একটু আগে তে'তো বল্লেন সে তে'তো চাল কি খাওয়ার অযোগ্য নয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

একজন বলেছিলেন "একটু তে'তো।" আপনারা জানেন আলো চাল অনেক সময় তে'তো হ'য়ে থাকে।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে চাল দেওয়া হচ্ছে তার "স্টক" কত আছে এবং কতদিনে তা ফুরিয়ে যাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের হাতে বেশী চাল মজুত নেই।

Sj. Hemanta Kumar Basu:

এই "স্টক" ফুরালে ভাল চাল পাওয়া যাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

সাত আনায় ভাল চাল পাওয়া যেতে পারে না। ("ডিস্টার্বান্স"।)

Sj. Rakhahari Chatterjee:

কলকাতায় যে চাল দেওয়া হয় সেটা কি কলকাতার?

The Hon'ble Prafulla Chandra Sen:

কলকাতায় ধানের চাষ হয় না।

Mr. Speaker: Please do not speak two at a time.

Sj. Rakhahari Chatterjee:

বাংলাদেশের?

Mr. Speaker: That question has been contradicted. Please put your question.

[4-10—4-20 p.m.]

Sj. Rakhahari Chatterjee:

বাংলাদেশের যা বাংলাদেশে অতিরিক্ত চাল?

The Hon'ble Prafulla Chandra Sen:

বাংলারও আছে, বাইরেরও আছে।

Sj. Rakhahari Chatterjee:

বাজারে যে ৷৶১০ আনায় চাল "সাপ্লাই" হয় তা কোথাকার?

The Hon'ble Prafulla Chandra Sen:

বাংলারও আছে, বাইরেরও আছে, তবে ৷৶১০ আনার চাল এখন কম হ'য়ে গেছে।

Sj. Bibhuti Bhushon Chose:

ভাল চাল খাওয়াবার অভিপ্রায় আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভাল চাল পেলেই খাওয়ান যাবে। বোম্বাই-এর মত ভাল দাম দিলেই খাওয়াতে পারব।

Sj. Bibhuti Bhushon Chose:

মন্ত্রীমহাশয় যতটা সম্ভব ভাল চাল দেবেন কি ঐ দামে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যতটা চাল দেওয়া যেতে পারে ঐ দামে, তা দেওয়া হ'চ্ছে।

Sj. Bibhuti Bhushon Chose:

মন্ত্রীমহাশয় বলবেন কি আর কত কাল এইরূপ সস্তা, পচা চাল খাওয়াবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সস্তা চাল, পচা চাল নয়।

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রীমহাশয় কি কখন ৷৶ আনার চাল খেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়। আমি ৷৶ আনার চালই খেয়ে থাকি।

Sj. Bibhuti Bhushon Chose:

সাত আনার চাল খেয়ে অসুখ করে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

চাল খেয়ে অসুখ করছে ব'লে সংবাদ পাই নি।

Dr. Radhakrishna Pal:

আমি ১৫ দিন থাকব ব'লে এসেছি, কিন্তু তিন দিনেই আমার পেটের অসুখ হয়েছে।

Mr. Speaker: You are making a statement.

The Hon'ble Prafulla Chandra Sen:

সদস্যদের পক্ষে ভালই হবে।

Sj. Binoy Krishna Chowdhury:

মন্ত্রীমহাশয় কি মনে করেন জনসাধারণকে ভাল খাওয়াবার দায়িত্ব সরকারের-ই?

The Hon'ble Prafulla Chandra Sen:

তার জন্য আমরা আপ্রাণ চেষ্টা করি।

Sj. Binoy Krishna Chowdhury:

বাইরে যে ধান হয় তা যদি খারাপ ধানই হয় সেকি গাছে কাঁকড়শুদ্ধ ফলে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা মাটির ওপর নির্ভর করে।

Sj. Dasarathi Tah:

বাইরে থেকে যে চাল আসে সে চালের নমুনা যা দেখেছি তার মধ্যে উড়িষ্যা থেকে এক শ্রেণীর চাল আমদানি হয়, মন্ত্রীমহাশয় জানেন কি, তা একমাত্র হাতীরই খাদ্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

হাতী চাল খায় ব'লে আমি জানি না।

(INTERRUPTIONS.)

Mr. Speaker: Order, order.

Sj. Jyoti Basu: Is the Food Minister aware that in every household of West Bengal his name is cursed.

The Hon'ble Prafulla Chandra Sen: I am not aware.

Sj. Subodh Banerjee:

সাড়ে আনা সের দরের যে চাল সেটা উড়িষ্যার কোরাপুট থেকে আসে কি না এবং সে চাল সেখানে ৫ টাকা মণ দরে বিক্রয় হয় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোরাপুট থেকে যে চাল আসে তার পরিমাণ কম।

Sj. Kanai Lal Bhowmick:

মেডিক্যাল ম্যান দিয়ে পরীক্ষা করে দেখেছেন কি এটা খাওয়ার উপযুক্ত কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার অভিজ্ঞতা থেকে বলছি খাওয়ার উপযুক্ত।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে বললেন যে সে চাল খাওয়ার উপযুক্ত সেটা কি "মেডিক্যাল এ্যাডভাইস" নিয়ে বলছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

নেবার দরকার করে না। যখনই চাল পাই তখনই পরীক্ষা কোরে দেখা হয়।

Sj. Bankim Mukherji:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে অভিযোগ জানিয়েছেন কিনা যে এই চালে কাঁকড় আছে ও এই চালের খুদ ও কাঁকড় বাদ দিলে পর ।৶ আনা সেরের চালের পড়তা ॥৶ হয়? এ অভিযোগ যদি তাঁরা জানিয়ে থাকেন তবে তাঁরা কি উত্তর দিয়েছেন, এবং যদি জানিয়ে না থাকেন তাহ'লে কেন জানান নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যেরকম সূক্ষ্ম হিসাব দিলেন যে কত চালে কত কাঁকড়, এত সূক্ষ্মভাবে জানাই নি, তবে অনেকের অভিযোগ আছে এ কথা জানিয়েছি তবে এত সস্তা দরে এর চেয়ে ভাল চাল পাওয়া যায় না।

Sj. Bankim Mukherji:

মাননীয় মন্ত্রীমহাশয়ের কি দায়িত্ব নাই যে যে চাল বিক্রী হয় সে চাল ঝাড়াই-বাছাই কোরে দেখা যে /১ সের চালে কত ছটাক খুদ ও কত ছটাক কাঁকড় বাদে কত চাল থাকে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এক সের চালের মধ্যে কাঁকড়ের পরিমাণ কমই থাকে।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ১ সের চালের মধ্যে ক'ছটাক খুদ আর ক'ছটাক কাঁকড়?

The Hon'ble Prafulla Chandra Sen:

নোটীশ চাই।

Sj. Subodh Banerjee:

কোড়াপুট থেকে যে চাল এনেছেন তার দাম কত?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এখানে "ল্যাণ্ডেড কষ্ট" পড়েছে ১৬ টাকা গড়ে।

Sj. Subodh Banerjee:

মন্ত্রীমহাশয় জানেন কি উড়িষ্যায় সে চাল ৫ টাকা মণ দরে বিক্রী হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার জানার দরকার নাই।

Sj. Jyoti Basu: The Food Minister in replying to Shri Bankim Mukherji said,

"অনেকের অভিযোগ আছে এবং তিনি জানিয়েছেন তা' "সেন্ট্রাল গভর্ণমেণ্ট....."

The Hon'ble Prafulla Chandra Sen:

কি অভিযোগ?

Sj. Jyoti Basu:

"সেন্ট্রাল গভর্ণমেণ্ট"এর কাছে কি সম্বন্ধে অভিযোগ জানিয়েছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

চালে যে কাঁকড় আছে সেই কথা।

Sj. Bibhuti Bhushon Chose:

মন্ত্রীমহাশয় আমাদের সাম্নেই স্বীকার করেছিলেন ও দুঃখ করেছিলেন যে উড়িষ্যার চালে কাঁকড় আছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

উড়িষ্যার চাল সম্বন্ধে অভিযোগ আছে।

Sj. Bibhuti Bhushon Chose:

সেই অভিযোগের প্রতিকারের কি ব্যবস্থা হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

উড়িষ্যা গভর্ণমেণ্ট সে প্রতিকারের ব্যবস্থা করছেন।

Sj. Bibhuti Bhushon Chose:

চালের যে "কোটা" আছে তাতে ভাল সিদ্ধ চাল দেবার যে ব্যবস্থা করবেন বলেছিলেন তার কি হ'ল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরাত চেষ্টা করছি, যদি পাই দেব, সিদ্ধ চাল অন্য দেশ থেকে পাচ্ছিলে।

Sj. Bankim Mukherji:

মাননীয় মন্ত্রীমহাশয় আমার একটা প্রশ্নের উত্তর দেন নি।

Mr. Speaker:

আবার বলুন।

Sj. Bankim Mukherji:

আমি জিজ্ঞাসা করেছিলাম—এক সের চালে ক'ছটাক কাঁকড় থাকে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি ঠিক জানি না, জেনে বলব।

Sj. Subodh Banerjee:

এ-কথা কি সত্য যে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী যখন কলকাতায় এসেছিলেন—যে বাংলাদেশের সমস্ত গণ্ডগোলের "রেস্‌পন্সিবিলিটি" পশ্চিমবঙ্গ সরকারের?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ একেবারে অসম্ভব।

Sj. Subodh Banerjee:

মন্ত্রীমহাশয় জানেন কি এ-খবর সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

সংবাদপত্রে অনেক সময় অসত্য সংবাদ প্রকাশিত হয়ে থাকে।

Sj. Subodh Banerjee:

কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর কাছে যে "ডেপুটেশন", দুর্ভিক্ষপ্রতিরোধ কমিটির পক্ষ থেকে গিয়েছিল তাঁদের কাছে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী এ-কথা স্বীকার করেছিলেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি জানি না।

Sj. Subodh Banerjee:

কেন্দ্রীয় মন্ত্রী কিদোয়াই সাহেবের সঙ্গে কংগ্রেস-ভবনে যখন কথা হয়েছিল, তখন সেখানে তিনি স্বীকার করেছিলেন কিনা?

Point of Privilege.

Sj. Ananda Gopal Mukherjee: On a point of privilege, Sir.

(LOUD INTERRUPTIONS FROM THE OPPOSITION BENCHES.)

Mr. Speaker: Order, order. He has raised a question of privilege.

Sj. Ananda Gopal Mukherjee: Does this supplementary arise out of this question?

Mr. Speaker: I have allowed it. He has named a particular place of meeting—the Congress Bhavan. There is nothing unreasonable in that supplementary question.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it seems there is an impression here that everything is wrong with the food supplies in West Bengal and is due to some thing for which the Food Minister is alone responsible. If you will recall the last four or five years' history so far as food supply in West Bengal is concerned we had sometimes difficulty in getting the proper quantity——

Point of Order.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On a point of order, Sir.

Mr. Speaker: There cannot be any point of order. Listen to me. You cannot question the Speaker like this. It cannot arise. The Chief Minister is making a statement. The Chief Minister as Leader of the House has a right to make a statement on a very important question which is being discussed on the floor of the House.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: My submission is this that in the course of a supplementary question——

(INTERRUPTIONS FROM CONGRESS BENCHES.)

Mr. Speaker: There are ways and methods in this House of making your submission. I will allow you to make your submission at the proper time.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: My submission is this, Sir, whether in this course of a supplementary question the Chief Minister is entitled to make a statement.

Mr. Speaker: Certainly, he is. It is the whole object of supplementary questions and important questions to know the Government's policy.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: That should be said by way of answer by the Minister concerned and not by a statement of the Chief Minister.

Mr. Speaker: Mr. Ray Chaudhuri you will understand the elementary convention. The Leader of the House, the Chief Minister, has always that elementary right.

[4-20—4-30 p.m.]

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I agree that the Chief Minister has a right to make a statement, but is it not the duty of the Chief Minister to get up and tell you that he wishes to make a statement on a question of policy, but, as far as we are concerned, he never said anything. He suddenly got up in the midst of questions and answers.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No, Sir.

Sj. Jyoti Basu: Our supplementaries are not yet over when suddenly the Chief Minister gets up and that is why we are confused.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All right, I will wait till all the supplementaries are finished.

Mr. Speaker: He took my permission.

***

(Starred questions—Supplementaries resumed.)

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: In answer to the supplementary question raised by Mr. Bankim Mukherji the Minister-in-charge said that he had sent complaint to the Central Government about the quality of the rice supplied, as was complained to him by certain people here. That being so, my question is, did he not tell a lie when he said "No" in answer to the question of Sj. Ambica Chakrabarty?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order. He used the word "lie". Is it parliamentary?

Mr. Speaker: No, no. He cannot say that.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Will you kindly ask him to withdraw that word?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: "Lie" is not unparliamentary, I believe.

(CRIES OF "YES" "YES" FROM THE GOVERNMENT BENCHES.)

Mr. Speaker: Yes, it is unparliamentary.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Anyway, I substitute the word "untrue". He said "No" in answer to the question.

The Hon'ble Prafulla Chandra Sen: I have nothing further to add.

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় একটু আগে বঙ্কিমবাবুর প্রশ্নের জবাবে বললেন বাংলাদেশের চালের বিরুদ্ধে যে অভিযোগ সেটা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন—দেখা যাচ্ছে এটা তিনি জানেন অথচ উত্তরে বলেছেন সেটা অবগত নহেন। এতে কি প্রমাণিত হয় না যে মাননীয় মন্ত্রীমহাশয় অসত্য বলছেন?

The Hon'ble Prafulla Chandra Sen: I have said to that "No".

Mr. Speaker: He says this answer "No" refers to the question whether it is suitable for human consumption. To that he says "No". That is quite clear.

Sj. Subodh Banerjee:

উনি জবাব দিয়েছেন অবগত নহেন, এটা কি অসত্য ভাষণ হ'ল না?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, চালে কাঁকড় থাকলেই আহারের অযোগ্য হয় না।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি চাল ঠিকভাবে পরীক্ষা করা হয় কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সম্পর্কে যে "ইন্সপেক্সন" বিভাগ আছে তাঁরা ঠিকভাবে করেন।

Sj. Rakhahari Chatterjee:

তার নাম কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা হচ্ছে—

Inspection Directorate.

Sj. Rakhahari Chatterjee:

এর মধ্যে কোন "এক্সপার্ট" আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যাঁরা পরীক্ষা করেন, তাঁরা ওবিষয়ে "এক্সপার্ট"।

Sj. Natendra Nath Das:

যে চাল ভেঁতো হয়ে গেছে সেটা পরীক্ষা করা হয়েছে কিনা এবং সেটা মানুষের অখাদ্য কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

চাল ভেঁতো হ'লেই তা মানুষের অখাদ্য হয় না।

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় অবগত আছেন কি যে তাঁরা যে চাল ষ্টোর করে রেখে দেন, সেই চালকে সেখানকার কর্তৃপক্ষ যাঁরা এই চালের সমস্ত বন্দোবস্ত করে থাকেন, তাঁরা ভাল ভাল চালগুলি রেশন শপে না দিয়ে তাকে খারাপ চাল ব'লে বর্ণনা দিয়ে "ওপেন মার্কেট"এ বিক্রী করবার চেষ্টা করে থাকেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা সত্য নহে। যদি মাননীয় সদস্য কোন "স্পেসিফিক কেস" জানান, তাহ'লে আমি সে বিষয়ে সন্ধান নেব।

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি তাঁর ষ্টোরে চালের মধ্যে কাঁকড় মেশান হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা সত্য নহে।

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রী পূর্ব্বে বলেছেন যে সংবাদপত্র অসত্য ভাষণ দেয়, তার কি কোন প্রতিবাদ করে কেন্দ্রীয় সরকারকে জানান হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ কথা এ প্রশ্নে ওঠে না।

Sj. Bibhuti Bhushon Chose:

হাঁ, এ প্রশ্নে ওঠে। আপনি বলেছেন সংবাদপত্র অত্যন্ত অসত্য কথা বেরোয়, তা না হয় স্বীকার করে নিলাম, আপনি যুধিষ্ঠির সত্য কথা বলেন, এর কি প্রতিবাদ করা হয়েছিল আপনাদের তরফ থেকে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ প্রশ্নই ওঠে না।

Sj. Bankim Mukherji:

মাননীয় মন্ত্রীমহাশয় অবগত আছেন বোধহয় চালে সামান্য পরিমাণ কাঁকড় থাকলে পর অভিযোগ বেশী হয় না, তবে কাঁকড়ের পরিমাণ বেশী হ'লে পর অভিযোগ হয় এবং কাঁকড় অত বেশী পরিমাণ থাকলে সেটা বোধহয় মানুষের আহারের যোগ্য নয়। কিন্তু আপনার উত্তরে বলতে চেয়েছেন যে কাঁকড়ও মানুষের আহারের যোগ্য। কিন্তু আমরা জানি চালে অল্প কাঁকড় থাকলে সে চাল মানুষের আহারের অযোগ্য।

Mr. Speaker: Let him answer that question first.

The Hon'ble Prafulla Chandra Sen:

কাঁকড়ের কথা এখানে বলা হয় নি, চালের কথা বলা হয়েছে।

Sj. Bankim Mukherji:

চালের মধ্যে কাঁকড়, খুদ প্রভৃতি মেশানো থাকার অভিযোগ যা করা হয়েছে, সেটা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছেন। এখন সেই চাল মানুষের খাদ্যযোগ্য কিনা এই প্রশ্ন আপনাকে করা হয়েছে, তাতে বলেছেন, না। তার মানে আপনি কি মনে করেন এই রকমের চাল মানুষের আহারের যোগ্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

কাঁকড় নিশ্চয়ই আহারের যোগ্য নয়। চাল থেকে কাঁকড় বেছে নিলেই সেটা আহারেরযোগ্য হয়।

Sj. Madan Mohan Saha:

চাল পরীক্ষা করবার যে ব্যবস্থা আছে

Mr. Speaker: Don't put the same supplementary question. Other members have put that question. Why do you repeat that?

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে সাত আনা সেরের চাল যে হঠাৎ নয় আনা হয়ে গেল, এটা কি "সেন্ট্রাল গভর্ণমেণ্ট"এর "পার্মিসন" নিয়ে করা হয়েছিল, না, আপনারাই করেছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

পূর্ব্বে যে চাল সাত আনা ছিল, সে চাল নয় আনা হয় নি।

Sj. Madan Mohan Khan:

চালের কি কি গুণ থাকলে, সেটা মানুষের অখাদ্য হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা বর্ত্তমানের প্রশ্ন নয়, তবে নোটীশ দিলে পরে বলবো।

Sj. Bankim Mukherji:

এইমাত্র আমার প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে কাঁকড় বেছে নিলে পর চাল অখাদ্য হয় না। তিনি এও বলেছেন যে চালে কম পরিমাণ কাঁকড় আছে; কিন্তু তিনি যদি অবগত থাকেন যে চালে যথেষ্ট পরিমাণ কাঁকড় আছে, তাহ'লে তার প্রতিকারের কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য প্রশ্নটী ভাল ক'রে পড়ে দেখবেন, সেখানে কাঁকড় সম্বন্ধে কোন কথার উল্লেখ নাই।

Sj. Bankim Mukherji:

আপনি এইমাত্র বললেন যে চালের সম্বন্ধে যে সমস্ত অভিযোগ আপনার কাছে এসেছে, সেগুলি আপনি কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন, এই অবস্থায় অন্ততঃ এটাই কি আমরা বুঝবো না যে এই রকম উত্তরের অর্থ হচ্ছে আসল প্রশ্নটী "ইভেড" ক'রে যাওয়া?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি মনে করি চালে কাঁকড় থাকলেই সেটা মানুষের খাওয়ার অযোগ্য হয় না।

Sj. Bankim Mukherji:

আপনার কাছে এটা অযোগ্য না হ'তে পারে; কিন্তু এ সম্পর্কে অভিযোগ ত থাকতে পারে, তার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সে প্রশ্ন এখানে মোটেই করেন নি।

Sj. Ambica Chakrabarty:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে চালে কাঁকড় থাকলে তা বেছে নিয়ে খাওয়া যায়। আমি তাঁকে জিজ্ঞাসা করি চালের দামে কি কাঁকড়ও কিনতে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি পূর্ব্বেই বলেছি, কাঁথি ও আসানসোল থেকে যে চাল আনা হয়, তাতে কাঁকড় ও বালি থাকে।

Sj. Binoy Krishna Choudhury:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি তিনি খাদ্য-দপ্তর চালাবার পক্ষে অযোগ্য? (হাস্য।)

Mr. Speaker:

Don't answer this question?

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় ঘোষণা করেছেন যে আগামী বৎসর বাংলাদেশে যে ধান হবে তা "বাম্পার ক্রপ"। যে পরিমাণ ধান হবে তা থেকে কলিকাতার লোককে তিনি আশা দিতে পারেন কিনা যে তাঁরা তাঁদের বাংলার চাল খাওয়াতে পারবেন?

Mr. Speaker: That question does not arise out of this question.

[4-30—4-40 p.m.]

Sj. Ambica Chakrabarty:

মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি যে কেন আপনাকে সমস্ত বাংলাদেশের লোক দুর্ভিক্ষ-মন্ত্রী ও অ-খাদ্যমন্ত্রী বলে?

Mr. Speaker: I do not allow that question.

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনাদের মত লোকেই বলে, সবাই বলে না।

Sj. Bankim Mukherji:

খাদ্যমন্ত্রীমহাশয় বলবেন কি যে চাল থেকে কাঁকড় পরিষ্কার করে চাল দেওয়ার সম্বন্ধে সরকারের কোন কর্ত্তব্য আছে বলে মনে করেন কিনা এবং যদি করেন কি উপায় অবলম্বন করছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি পূর্ব্বেই বলেছি চালে যে সামান্য পরিমাণ কাঁকড় আছে তা বাছবার জন্য একটা যন্ত্র আনবার চেষ্টা করছি।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে চালে কাঁকড় ও ক্ষুদ্ ছাড়া আড়সোলা ও ইঁদুরের ন্যাড় এত থাকে যে আধ মাইল দূর থেকে গন্ধ পাওয়া যায়?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, আমি জানি না।

Mr. Speaker: That question does not arise.

Sj. Bankim Mukherji:

যন্ত্র ছাড়াও কাঁকড় চাল থেকে বাছা যায় তা মন্ত্রীমহাশয় হয়ত জানেন, এ যন্ত্র ছাড়া অন্য কোন উপায়ে কাঁকড় ও ক্ষুদ বাছার উপায় মন্ত্রীমহাশয় অবলম্বন করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ কাজের ভার আমি গৃহস্থদের শুভ বুদ্ধিরই উপর ছেড়ে দিচ্ছি।

Sj. Dasarathi Tah:

মাননীয় মন্ত্রীমহাশয় "আহারের অযোগ্য" চালের উত্তর দিয়েছেন "না", কিন্তু তিনি কি অবগত আছেন যে এ জাতীয় তণ্ডুল থেকে পশ্চিমবঙ্গের পল্লী-অঞ্চলে হাড়িয়া নামে এক রকম জিনিষ হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা আপনিই ভাল জানেন।

Mr. Speaker: That question does not arise.

Sj. Ambica Chakrabarty: One question please.

এই অখাদ্য চালের জন্য ঘরে ঘরে আমাশয় ও পেটের ব্যারাম হচ্ছে সেটা মন্ত্রীমহাশয় জানেন কি?

(NOISE AND INTERRUPTION.)

("এ ভয়েস": এ প্রশ্ন পূর্ব্বেই করা হয়েছে।)

Mr. Speaker: You have only repeated that question.

Sj. Ambica Chakrabarty: Please hear my question. I shall put it in another form.

Mr. Speaker: In another form, all right.

Sj. Ambica Chakrabarty:

এই অখাদ্য চাল খেয়ে জনসাধারণের যে পেটের ব্যামারী আমাশয় প্রভৃতি হচ্ছে এটা মাননীয় মন্ত্রীমহাশয়কে অবগত করাতে হ'লে কিভাবে করা যাবে সেটা দয়া করে বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

চাল খেয়ে আমাশয় হয় এ-কথা কোন ডাক্তারই বলবে না।

Sjkta. Manikuntala Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে কাঁকড় প্রভৃতি ছাড়াও চালের সঙ্গে ঘাসের বীজ মেশানো হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, আমি জানি না।

Sjkta. Manikuntala Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় একটু আগে জবাব দিয়েছেন যে কাঁকড় বাছবার ভার গৃহস্থের শুভ বুদ্ধির উপর ছেড়ে দিয়েছেন, কিন্তু কাঁকড় বাছতে কত সময় সেই গৃহস্থদের লাগে, সেটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভাল জিনিষ খেতে গেলে সময় লাগে ভাবলে চলবে কেন?

Sjkta. Manikuntala Sen:

যদি পরিশ্রম লাগে এটুকু স্বীকার করেন তাহ'লে চালের দাম সাত আনা সের না করে আর একটু কম করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সেরূপ কিছু মনে করি না।

Statement by the Chief Minister on the food position in West Bengal.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am not surprised that there have been so much discussions on this point because it is a matter in which everyone not merely within the legislature but also outside is interested and has to suffer to a certain extent. The position seems to be this: Everybody ought to understand and appreciate the present position regarding food supplied in this province. This province, as it has been said many times, has always been deficit in food. It so happened during the war in 1942-43 control was established and this has been continuing till today, and in order to supply food to the controlled areas we have to take recourse to procurement of rice in different parts of Bengal under certain system which was resented by a certain class of people both inside the legislature as well as outside, because naturally any form of procurement would mean a certain amount of pressure, coercion and so on; and we cannot expect that all those men who are given the right to procure will always use that power under restraint. Events have happened in the past which everybody deplores, and incidents have taken place which made us feel that the sooner the control system disappears the better for us. We have been probing various methods of finding a solution of this problem. It is true that the rice that is procured in Bengal is superior in quality to the rice that we can procure from outside. Year before last we had to get some rice imported partly from Burma and partly from other States, Last year we had to procure a very large amount of rice from outside, although we ourselves procured from Bengal a little over 4 lakh tons. The ordinary requirement in controlled areas in Bengal was near about 10½ or 11 lakh tons composed of wheat and wheat products on the one hand and rice on the other. Last year fortunately there was a large offtake of wheat and wheat products in Bengal which necessitated a small

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

quantity being imported from abroad. Last year about 5¼ lakh tons of wheat products were consumed in Bengal, and therefore the requirement for rice was only 5¼ lakh tons. We procured about 4¼ lakh tons ourselves, and we had to import only about a lakh tons last year. This year as everybody is aware we changed the system of procurement to a levy system and we expected that we would get two lakh tons from levied people, people possessing more than 30 bighas of land as also 2 lakh tons from outside, but our expectations were not fulfilled. We could not procure 4 lakh tons; we could procure a little over two lakh tons. It so happened this year—I cannot state the reason, I can only state a fact—it so happened that whereas last year Bengal consumed 5¼ lakh tons of wheat and wheat products, this year she did not consume more than 3¼ lakh tons of wheat and wheat products. That shows that the remainder of the cereal deficit has been met by people getting rice of some quality or other. Whatever it may be, in order to fulfil the requirements of the controlled areas of Bengal we had to import a much larger quantity of rice from outside. States from which we procured rice mainly are Madhya Pradesh, Orissa, Assam and other provinces. We have also procured certain quantity of rice from PEPSU and the Punjab but very small quantities. Mainly we have depended upon Madhya Pradesh and Orissa, and I will tell you the reason why, because the transportation of rice from these two States is much more easy, and the cost of transportation is less than from PEPSU and the Punjab, although the quality of rice from PEPSU is better than the quality of rice in Madhya Pradesh or Orissa generally speaking, but the price is high.

The situation today is this: The Central Government has prevented us from procuring any further rice in Bengal from the 15th October. They have undertaken the responsibility of supplying rice to the rationed areas of Bengal, which have been reduced to a large extent. In fact they have agreed to the supply of 30,000 tons a month or 360,000 tons a year of rice which will be enough for the supply of rice in the reduced areas. Large amounts required in Calcutta and the surrounding areas have been taken off from the rationing system. I can say that this year with the increased production of paddy it may be possible for the people of Bengal to get enough rice from outside rationed areas. Fortunately indeed the price of rice is going down in different parts. Compared to last year, if my memory is right, the price is about Rs. 7 to Rs. 8 per maund on an average less in Bengal. But the point is that we have been trying to impress upon the Central Government the fact that the rice that comes here in bags supplied from different provinces is not of the quality which is agreeable to the people of Bengal.

[4-40—4-50 p.m.]

The usual procedure is that the Central Government allots, let us say, from Madhya Pradesh 40,000 tons of rice. We are supposed to give the money to the Madhya Pradesh Government before we actually take delivery of the rice. We have sent our men to test the type of rice but they would not allow it and would say "either take it or leave it". Therefore, we have to take the rice in many cases without proper examination. Barring one or two places, usually the Government who supplies the rice to our Government has not much control over the market of rice in their own areas. Take Orissa, for example; the Orissa Government has not much control over the mills in Orissa. We have suggested to the Government of India and to these Governments to let us have paddy instead of rice, so that we could get the thing under our control and supervision but the Governments are still unwilling to accept the condition. Although transportation of paddy may mean a little more cost to us, we shall get

the paddy; we shall get the husk which may to a certain extent make up for the extra cost of transportation. What really mattered to us was that in that case we might be able to control the quality of the rice that is supplied in Bengal.

The other point I want to mention is that practically nowhere else but in Bengal do we have what is called *siddha* rice; they all have *atap chal*. You all know and the experts will say that *atap* rice cannot be kept long. We have objected to the supply of *atap* rice but the difficulty is that we have no option; they say "take it or leave it". We approached the Government of India to see if we can have paddy instead of rice. Paddy can be kept longer and we can exercise more control over the mills with regard to the quality of rice if we get paddy instead of rice. When we get paddy husked in our mills we will be able to get better rice. The Governments of these provinces have not agreed to our suggestion, although a certain quantity of paddy has come from Orissa and a little from Madhya Pradesh. We are trying to get paddy instead of rice from these areas because that is the way in which we can improve the type of rice that is supplied.

As a matter of fact, some friends mentioned the name of *khoraput* rice. I made some investigation about it. That is rice very much inferior to the rice we get in Bengal. We had given orders for 13,000 tons of it, but we took only two or three thousand tons and we did not take any more. That *Khoraput* rice we were selling for Rs. 17; that rice was sent to Madras and they were selling the same at Rs. 28 to Rs. 30 a maund. I do not know how they managed it. That is the reply of the Orissa Government. Therefore, the thing is in a tangle.

We found out that in Bombay they started some machinery to sieve paddy; they can separate certain quantity of dirt from the grain and get better rice; the remainder would be better, separated from the husk. We have ordered for two machines but we have not got them yet.

The suggestion of Sj. Bankim Mukherji that we should try and do it by hand is very difficult to put into operation, because we are not dealing with one or two maunds; we are dealing with tons of rice, and it will require a very large number of people to work. And even so, the difficulty is when we get rice, say, from Madhya Pradesh in so many bags, each bag weighing two maunds. I have got them in the godown—let us say 40,000 tons in a particular godown—the number of bags are there. If you have to clean it, every bag has to be opened up—you need to have a large space for the 40,000 tons to be opened up and cleaned up and then put again back in the bags—and there is some chance of shortage in this process. Therefore, we thought that the machine they are using in Bombay, which is fairly satisfactory, may help us and we are hoping to get it as soon as possible.

But, as I have said to my friends who have come to discuss the point with me on several occasions, one way of meeting the demand of rice is to try to take more wheat and popularise wheat and wheat products, because we get wheat in the original shape and not flour. We can keep wheat and get good flour from the mills. The price of wheat that we are getting compares very favourably with the price of rice. That is one suggestion I throw out.

The other suggestion is whether it is not possible for us—because I feel that this trouble will continue for a little while longer with this province—whether it would not probably be better if we could persuade our people to substitute a portion of the cereals with some kind of vegetables and subsidiary food of any kind. I do not know whether that is always possible, but this is all the suggestion that I can make. I can assure members of this House that I know the difficulty of procuring good rice. I have to think of the method by which we can give

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

proper quality of rice to the people. We have not been successful in this respect but I shall continue to persevere in the same line, and I hope we shall be able to satisfy the demand of the people.

(APPLAUSE FROM THE GOVERNMENT BENCHES.)

Sj. Jyoti Basu: We seem to be in the same place as we were; things are as dark as before after the Chief Minister's statement.

(Starred questions and answers resumed.)

Loans to agriculturists of Garbetta police-station, Midnapore, for potato cultivation.

***20. Sj. Saroj Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গড়বেতা থানায় এই বছর প্রচুর ধান পোকায় নষ্ট করে দেওয়ায় ঐ স্থানের আলু-চাষীদের আলুচাষের জন্য এই বছর সরকার হইতে বিশেষ লোন দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, এই "লোন"এর পরিমাণ কত;

(গ) সরকার কি অবগত আছেন যে, উপরোক্ত "লোন"এর টাকায় এই বছর আলুচাষীরা যে আলুচাষ করিয়াছিল তাহা ঝড়বৃষ্টিতে নষ্ট হইয়া গিয়াছে; এবং

(ঘ) অবগত থাকিলে, লোনের টাকা মকুব দেওয়ার কথা সরকার চিন্তা করেন কি?

Minister-in-charge of the Agriculture Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) লোন দেওয়া হইয়াছে।

(খ) ২১,৪১০৲ টাকা।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Sj. Saroj Roy: Supplementary question, Sir,

মন্ত্রীমহাশয়ের কি স্মরণ আছে যে, গত বৎসর আলুর চাষ বৃষ্টিতে নষ্ট হওয়ার পর সে সংবাদ কলকাতার অনেকগুলি সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল এবং স্থানীয় কৃষকরা মন্ত্রীমহাশয়কেও সে সংবাদ জানিয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমরা এ-বিষয়ে অনুসন্ধান করেছিলাম এবং আমরা রিপোর্ট পেয়েছিলাম গতবার আলুর চাষ মোটেই খারাপ হয় নি; গড়বেতায় আলুর চাষ বেশ ভালই হয়েছিল।

Sj. Saroj Roy: Supplementary question, Sir,

যদি বর্ত্তমানে প্রমাণসহ জানাতে পারি যে কৃষকদের প্রচুর ক্ষতি হয়েছিল তাহ'লে "লোন" দেবার সম্বন্ধে বিবেচনা করবেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Kanai Lal Bhowmick:

অনুসন্ধান করার সময় কৃষকদের সঙ্গে আলোচনা করেছিলেন না শুধু অফিসারদের সঙ্গে আলোচনা করেছিলেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: District Magistrate

এবং "লোকাল এগ্রিকালচারাল অফিসার"দের "রিপোর্ট" নেওয়া হয়েছিল।

Sj. Jyoti Basu: They know nothing about potatoes.

Sj. Kanai Lal Bhowmick: District Magistrate

এবং "এগ্রিকালচারাল অফিসার" অফিসে বসে ব'লে দিলেন আর আপনি তাই বিশ্বাস করলেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি এ-কথা বিশ্বাস করতে রাজী নই যে, "লোকাল অফিসার"রা কিছুই জানেন না।

Relief to people affected by communal riot in Calcutta on the 16th August 1946.

***21. Sj. Niranjan Modak:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state whether the Government holds any responsibility for relief to the people who have been affected by the communal riot which broke out in Calcutta on 16th August, 1946?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how many applications are now pending before the Government praying for such relief; and

(*ii*) the nature of relief which the Government propose to give to them?

Minister-in-charge of the Relief Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Yes. Government did accept responsibility.

(*b*)(*i*) None.

(*ii*) Does not arise.

Procurement of paddy in Pairakuli and Maubhandar villages within Copiballavpur police-station, Midnapore.

***22. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার ১নং ইউনিয়নের পায়রাকুলি ও মৌভান্ডার গ্রামের কাহারও নিকট হইতে ১৯৫১ সালে কোন ধান্য সংগ্রহ করা হইয়াছিল কিনা;

(খ) (ক) এর উত্তর হ্যাঁ হইলে—

(১) যাহাদের নিকট হইতে ধান সংগ্রহ করা হইয়াছিল তাহাদের নাম কি,

(২) কাহার নিকট হইতে কত ধান লওয়া হইয়াছিল,

(৩) উহাদের কাহার ঘরে সে সময় কত ধান্য ছিল,

(৪) ধানের মূল্য দেওয়া হইয়াছে কিনা, এবং

(৫) কাহাকে কত টাকা দেওয়া হইয়াছে?

Minister-in-charge of the Food Department (the Hon'ble Prafulla Chandra Sen):

(ক) হ্যাঁ, কেবল মৌভান্ডার গ্রামের তিনজনের নিকট হইতে।

(খ) (১) ও (২)—

শ্রীসেখ ছরদার মিয়া—১২ মণ;

শ্রীধোরা মাঝি—২১ মণ;

শ্রীমংগত মাঝি—১০½ মণ।

(৩) ঐ ধান তাঁহাদের কাহারও ঘরে ছিল না। ভাগচাষিগণের হেফাজতে ছিল।

(৪) ও (৫) হ্যাঁ, মণপ্রতি ৭৷৷৹ টাকা দরে।

[4-50—5 p.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নের উত্তরে বলেছেন যে, তিনি ধান নিয়েছেন। সে ধান "লেভি" অনুসারে নেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen: The directive was served on these people because the owners lived in Bihar. So this directive was necessary to procure the rice.

Sj. Dhananjoy Kar:

আপনি আমার তৃতীয় প্রশ্নের জবাবে বলেছেন যে, ধান কারো ঘরে ছিল না; ভাগচাষীর হেপাজতে ছিল। তাহ'লে যাদের কাছ থেকে ধান নেওয়া হয়েছে সেই ভাগচাষীদের নাম কি?

The Hon'ble Prafulla Chandra Sen: What I meant was this: The owners belonged to Bihar. So these were procured from their *bhagchasis* here.

Sj. Dhananjoy Kar:

তাহ'লে যাদের কাছ থেকে ধান নিয়েছেন তারা কি বিহারের ভাগচাষী?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যমহাশয় জানেন যে, অনেক সময় জমি থাকে বাংলায় "ওনার" থাকে বিহারে; অনেক সময় "ওনার" থাকে বাংলায়, আর জমি থাকে বিহারে।

Sj. Dhananjoy Kar:

আমার প্রশ্নের জবাব দিন। ওরা ভাগচাষী কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আজ্ঞে হ্যাঁ।

Sj. Dhananjoy Kar:

তাহ'লে ওদের ধানগুলো নিলেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভাগচাষীর বাড়ীতেই ধান ছিল, "ওনার"এর বাড়ীতে নয়।

Sj. Dhananjoy Kar:

আমার প্রশ্ন ছিল যাদের নিকট হ'তে ধান সংগ্রহ করা হয়েছিল তাদের নাম কি? তাতে উনি (ক)তে বললেন হ্যাঁ, কেবল মৌভান্ডার গ্রামের——

Mr. Speaker: Don't explain your question. Put your supplementary question.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানান হয়েছে যে, ধান কারো ঘরে ছিল না, ভাগচাষীদের হেপাজতে ছিল।

Sj. Dhananjoy Kar:

"প্রকিওরমেন্ট"এর জন্য যে নোটিশ দিয়েছিলেন তা ভাগচাষীদের উপর, না "ওনার"এর উপর?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভাগচাষীদের উপর। "ওনার" বিহারে থাকে।

Sj. Dhananjoy Kar:

ভাগচাষীদের কাছ থেকে ধান নিতে পারেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, নিতে পারি।

Sj. Dhananjoy Kar:

ওদের বাড়িতে যে ধান ছিল তা হিসাবমত অতিরিক্ত ছিল কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

ওরা স্বীকার করেছে যে, মালিকেরই ধান এবং মালিক বিহারে বাস করে।

The Hon'ble Renuka Ray: Sir, may I ask whether members are allowed to address Ministers or members direct? Should they not address the Speaker?

Mr. Speaker: Questions can be put to the Ministers.

Sj. Dhananjoy Kar:

ঐ ধান আনার সময় কি পুলিস নিয়ে তাদের বাড়ি থেকে আনা হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এটা জানি না; ওরা যদি বাধা দেয়, তবেই পুলিসের সাহায্য নিতে হয়।

Sj. Dhananjoy Kar:

ঐ ধান আনার পর তাদের বাড়িতে ধান ছিল কিনা জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

জানার প্রয়োজন নাই। আমরা মালিকের ধান নিয়েছি।

Sj. Kanai Lal Bhowmick:

ভাগচাষীদের উপর "ডিরেক্টিভ" দেওয়া আপনি বেআইনী মনে করেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

না; আমি তা মনে করি না।

Appointed dealers in rice for Asansol and certain other parts of Burdwan district.

***23. Sj. Subodh Choudhury:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) who has been appointed as the dealer in rice for the whole subdivision of Asansol under Burdwan district and for Singur police-station under Hooghly district;

(*b*) on whose recommendation he has been appointed as dealer;

(*c*) who is the present dealer in rice for Katwa, Kalna and Burdwan subdivisions under Burdwan district; and

(*d*) on whose recommendation he has been appointed as dealer?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) None.

(*b*) and (*d*) Do not arise.

(*c*) There is no Government-appointed dealer.

Sj. Subodh Choudhury:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, বর্ধমান এবং হুগলীতে কিভাবে "প্রকিওরমেন্ট" হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রশ্নের সঙ্গে এর কোন সম্পর্ক নাই।

Sj. Subodh Choudhury:

মন্ত্রীমহাশয় বলবেন কি জগবন্ধু বসু বলে—

Mr. Speaker: That does not arise. That is not a supplementary question.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Permanent absorption of temporary staff of the Food Department.

9. Dr. Ranendra Nath Sen: Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) whether the Government is considering the question of permanently absorbing temporary officers of the Food Department;

(*b*) if so, when;

(*c*) whether while fixing the maximum age-limit for this purpose the age of these officers at the time of first entry into Government service and the continuous service rendered by them will be taken into consideration; and

(*d*) if not, the reason thereof?

Minister-in-charge of the Food Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) to (*d*) The matter is under consideration of Government and nothing can be said specifically unless it is finalised.

Statistics of foodgrains other than wheat.

10. Sj. Subodh Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) total quantity of foodgrains other than wheat and wheat-products at the beginning of the year 1948 (to be given in maunds);

(*b*) quantity in maunds purchased in 1948, 1949, 1950, 1951 and 1952 (to be given separately);

(*c*) quantity in maunds, if any, supplied by Government of India during the above five years;

(*d*) the quantity in maunds sold and distributed during the period (to be shown separately); and

(*e*) the balance at the end of the years 1951 and 1952 (in maunds)?

The Hon'ble Prafulla Chandra Sen: A statement is laid on the table.

Statement referred to in reply to unstarred question No. 10

	Opening Government stock.	Government purchases— Internal.	Government purchases— From Government of India.	Sales by Government.	Closing Government stock.
	Mds. srs.	Mds. srs.	Mds. srs.	Mds. srs.	Mds. srs.
Paddy—					
1948-49 ..	1,812,752 30	7,052,639 15	87,396 10	7,144,599 20	..
1949-50 ..	..	9,816,778 12	43,904 0	8,178,732 27	..
1950-51 ..	..	8,682,722 7	10,496 0	10,310,033 0	1,521,827 9
1951-52 ..	..	7,504,343 0	Nil	7,523,445 0	1,432,016 0
Rice—					
1948-49 ..	1,517,332 36	12,141,812 28	3,241,394 14	13,498,160 28	..
1949-50 ..	..	11,762,271 29	1,876,943 2	13,625,775 10	..
1950-51 ..	..	12,330,231 31	449,261 38	13,201,942 5	2,354,383 15
1951-52 ..	..	9,477,194 8	881,669 1	10,884,264 20	1,654,207 0

Sj. Subodh Banerjee:

মন্ত্রীমহাশয় যে "স্টেটমেন্ট" দিয়েছেন তাতে দেখছি ১৯৫০-৫১ সালে ধানের "ক্লোজিং স্টক" ১,৫২১,৮২৭ মণ এবং ১৯৫১-৫২ সালে ওঁরা কিনেছেন ৭,৫০৪,০৪৩ মণ। এ থেকে বিক্রয় করেছেন ৭,৫২৩,৪৪৫ মণ; "ব্যালান্স" হওয়া উচিত ১,৫০২,৮৮৫ মণ।

Mr. Speaker: You had better put your question. There cannot be calculations on supplementaries.

Sj. Subodh Banerjee:

উনি যেটা বলেছেন তাতে এটা দেখান খুব দরকার। "ব্যালান্স" থাকা উচিত ১৫ লাখ মণ, কিন্তু এখানে দেখছি ১,৪৩২,০১৬ মণ, অর্থাৎ ৭০ হাজার মণের কোন হিসাব নাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যকে বলতে পারি ধান বা চালে কিছু "শর্টেজ" হয়; "গোডাউন"এ কিছু ক্ষতি হয়; আর "ট্রান্‌জিট"এ কিছু ক্ষতি হয়। ১৯৪৮-৪৯ সালে আমাদের ধানে ১·০৭ "পার্সেন্ট লস্‌" হয় "ট্রান্‌জিট" ও "গোডাউন"এ; অর্থাৎ প্রায় একশো সেরে এক সের।

Sj. Subodh Banerjee:

আমি ত আটার কথা জিজ্ঞাসা করি নি।

The Hon'ble Prafulla Chandra Sen:

সবই বলে দিলাম।

Sj. Subodh Banerjee:

চালের "ওয়েস্টেজ" কি ১·২ "পারসেন্টে"এর বেশী নয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের "ম্যাক্সিমাম লস" ১·২ "পারসেন্ট" পর্য্যন্ত হয়।

Sj. Binoy Krishna Choudhury:

মফঃস্বলে সাধারণ ব্যবসায়ীর হাতে যখন ব্যবসা ছিল তখন যাতায়াত ইত্যাদির জন্য যে ক্ষতি হ'ত——

Mr. Speaker: That is not a supplementary question. That is a comparative statement.

Sj. Binoy Krishna Choudhury:

উনি যে উত্তর দিয়েছেন তা থেকেই "সাপ্লিমেন্টারী" প্রশ্নের "পয়েন্ট" এলো।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার পূর্ব্ব অভিজ্ঞতা নেই।

I may say one thing in clarification.

মনে তখন ধল্‌তা নেওয়া হতো।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে সরকার "লেভী" প্রথায় যখন ধান সংগ্রহ করতেন তখন মণ প্রতি ২॥ সের ধল্‌তা নেওয়া হতো?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, ধল্‌তা নেওয়া হয় না।

Point of Information.

Sj. Jyoti Basu: Mr. Speaker, before we pass on to the next item of the agenda, I rise on a point of information. I should like to know from the Government whether the whole report which has been submitted about the attack on Pressmen by Justice P. B. Mukherjee will be published. It is a report which involves the liberty of the Press and the Pressmen's liberties have been curtailed and curbed in that report. As such, Sir, we feel that it could be debated in this House and should be debated in this House. So I would like to know from the Chief Minister whether we shall get an opportunity to discuss this report, because we have found that, after extracts from this report were published in the Press, protests from all over India have been pouring in against this report of Justice P. B. Mukherjee. Therefore, I think as representatives of the people it is our duty to discuss this report and to find out what we should do with regard to those recommendations which have been made by Justice P. B. Mukherjee.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: So far as the whole report is concerned, it will be published. But I do not think there is any possibility of that being discussed in the Assembly at all, it has nothing to do with the Assembly. The Commission was appointed by the Government under the Commission of Enquiry Act and Government will consider the report. I do not think there is any need for this being discussed in the Assembly at all.

Sj. Bankim Mukherji:

চীফ্ মিনিষ্টার যে বল্লেন সেটা একটা অবিশ্বাস্য অসম্ভব ব্যাপার যে এই রকম কোন জিনিস "এসেম্‌ব্লি কনসার্ণ" নয়। গভর্ণমেণ্ট একটা তদন্ত কমিটি বসিয়েছেন, এবং তার "রেকম্যাণ্ডেসন"ও এসেছে——

Mr. Speaker: His first question was that the full report should be published. I think he has got the answer that the full report will be published. After the report is published we may consider whether the full report can be discussed or not.

Sj. Jyoti Basu: That point has been answered by him.

Mr. Speaker: Let us not anticipate it.

[5—5-30 p.m.]

Ruling on the Point of Order (raised on the 9th November, 1953) as to whether the Bengal Board of Revenue (Amendment) Bill, 1953, was within the competence of the Provincial Legislature.

তারপরে ক্ষতিপূরণের কথা। জমিদারদের ক্ষতিপূরণ দেওয়া উচিত কিনা সে বিষয় বিবেচনা করবার আগে আমাদের চিন্তা ক'রে দেখতে হবে জমিদাররা কিভাবে জমিদারী পেয়েছেন। আমাদের জমিদাররা ২৪-পরগণা জেলায় সুন্দরবনে গিয়ে আবাদ করেছেন। সুন্দরবন সম্বন্ধে কথাই আছে—জলে কুমীর ডাঙ্গায় বাঘ—জমিদারগণ এই সমুদয় বিপদ অগ্রাহ্য করিয়া লোকজনসহ ঐ সুন্দরবন আবাদ করিতে গিয়েছিলেন। জমিদারগণ স্বহস্তে সমস্ত জঙ্গল কাটেন নাই বা জমি আবাদ করেন নাই সত্য কিন্তু তাঁহারা যদি এই সমুদয় বিপদ অগ্রাহ্য না করিয়া, অর্থসামর্থ্য ও সাহসের সহিত অগ্রসর না হইতেন, তাহা হইলে সুন্দরবনে জমি আবাদ হইত না। তাঁহারা যে সমস্ত লোকজন লইয়া প্রথমে সুন্দরবনে আবাদ করিতে গিয়েছিলেন তাহাদিগকে যথেষ্ট সাহায্য করিয়া, তাঁহাদের অবস্থার উন্নতি করিয়া দিয়াছেন।

তারপরে অন্য স্থানের জমিদারগণের কথা বলিতেছি। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংগলায় যখন জমিদারী গ্রহণ করে তখন টাকার মূল্য ছিল খুব বেশী, আর ফসলের মূল্য ছিল খুবই কম। খাদ্যশস্য প্রচুর পাওয়া যাইত। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর লক্ষ্য ছিল যে কোনও প্রকারে টাকা আদায় করা। তখন তাহারা কতগুলি লোককে জোর করিয়া জমিদারী বন্দোবস্ত দিয়া, টাকার জন্য জুলুম করিত।

[6-40—6-50 p.m.]

তখন ঐ সমুদয় জমিদার বহু কষ্টে প্রজাদিগকে জমি বিলি বন্দোবস্ত করিত ও টাকা আদায় করিয়া ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে রেভিনিউ দিত।

ছেলেবেলায় ঠাকুরমার কাছে গল্প শুনেছি যে যখন নাকি টাকা আদায় হ'ত, জমিদাররা জমি বন্দোবস্ত দিতেন, তখন একটু করে জায়গা জোর করে বিলি করতেন এবং জমি বিলি করার পর জোর করে তাদের কাছ থেকে টাকা আদায় করতেন। যে জন্য "য়াবত্চন্দ্রদিবাকরৌ স্বস্থে" এই জমি তাদের বন্দোবস্ত দিতে হয়েছিল ব'লে যে তোমাদের কাছ থেকে জমি ছাড়িয়ে নিতে পারবে না। তোমরা এটা য়াবত্চন্দ্রদিবাকরৌ স্বত্ব নেও। বহুদিন ধরে আবাদ করতে পারবে। আরও তাদের বলতে হয়েছিল যে যেখানে হাজা-শুকা প্রভৃতির জন্য ফসল হবে না, প্রথমত কোথাও হাজাশুকা বাবদ খাজনা ছাড় দিতে হবে। এইভাবে তারাও কিছু চেষ্টা করেছিল। পরে তাদের প্রজাদিগের উপর অত্যাচারের মাত্রা ক্রমে বেড়ে উঠ্‌লো। তখন ভগবানের শাস্তি তাঁরই হাত থেকে তাদের উপর নেমে এসেছে, জমিদারী-প্রথা চলে যাচ্ছে। দুষ্ট ছেলে বাপ-মার বাক্স থেকে টাকা নিয়ে যায়; কিন্তু যখন টাকা নিয়ে যায়, তখন সেই পয়সা থেকে যদি ক্ষতি হয়, তাহ'লে তার প্রাণে খুব করে লাগে। এখানেও জমিদারী-প্রথা উচ্ছেদ করায়, তাদের প্রাণে বড় লেগেছে। আমি এখানে একটা অবান্তর কথা বলছি। আমাদের ভারতবর্ষে আজকে হয়ত উচ্চবর্ণের ব্রাহ্মণ আছেন, তাঁরা হ'লো আমাদের ঋষি, ত্যাগের ফলে বড় হয়েছিলেন। আমিও তাঁদের প্রণাম করি, তাঁদের নাম করি, তাঁদের এই ত্যাগের জন্য। আজ তাঁদের গলদের জন্য তাঁরা পূর্ব্বের মত সেই সম্মান ও খাতির পাচ্ছেন না, শাস্তি পাচ্ছেন। ঠিক তেমনি জমিদারদেরও শাস্তি হচ্ছে প্রজাদের উপর খারাপ ব্যবহার করেছেন বলে। আমাদের দেশ যখন বিবেকানন্দের দেশ, বুদ্ধের দেশ, চৈতন্যের দেশ, রামকৃষ্ণ ও মহাত্মা গান্ধীর দেশ, তখন সেখানে কোন হিংসানীতি অবলম্বন করলে চলবে না। তাই গভর্ণমেণ্টের তরফ থেকে একটা কিছু ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হয়েছে। যদিও অনেকের মতে সেই ক্ষতিপূরণের পরিমাণ অনেক বেশী হয়েছে। আমার মনে হয় সেইটা কিছু কমিয়ে একটু ধীরস্থিরভাবে বিবেচনা করে কিছু পরিমাণ ক্ষতিপূরণ তাদের দেওয়া উচিত। এইটা আমার অভিমত। হিংসাদ্বেষ অতীতে যদি কিছু তারা করিয়াও থাকে, তাই ব'লে তাদের একেবারে বঞ্চিত না করে কিছু দেবার ব্যবস্থা করা উচিত—এই হচ্ছে আমার কথা।

দ্বিতীয় জিনিষ এই যে, ২৫ একর-১৫ একর করে জমি তাদের থাকবে, এটা কি রকমভাবে হিসাব হ'লো তা বুঝে উঠ্‌তে পারছি না। কারণ সারা বাংগলায় এক এক জায়গায় এক এক রকম জমি আছে, কোথাও ফসল বেশী হয়, আবার কোথাও ফসল কম হয়। যেখানে ফসল কম হবে সেখানে সে ২৫ একর জমি কি করে পায়, আর যেখানে ফসল বেশী হয় সেখানেই বা ২৫ একর পায় কি করে? তারপর একটা জমিদার গৃহস্থের বাড়িতে ৮।১০ জন লোক, আবার অনেক বাড়িতে ২৫।৩০ জন লোক। সে ক্ষেত্রে এই ২৫ একর ও ১৫ একর জমিতে একভাবে চলবে কি করে তা বুঝতে পারছি না, এ-বিষয়ে আমাদের অন্ধকারে রাখা হয়েছে।

তারপরে পৌত্তলিকতা সম্বন্ধে পৃথিবীর সব দেশ, সব সমাজ নিন্দা করে যাচ্ছে। কিন্তু ভারতবর্ষে শিক্ষা ও সভ্যতা বৃদ্ধির সাথে সাথে এই পৌত্তলিকতা কি রকমভাবে বেড়ে চলেছে। আজকে সেই সুদূর আমেরিকা ও সুদূর ইংলণ্ডে হিন্দুর দুর্গোৎসব হচ্ছে। হিন্দুর যে ধর্ম্মবিশ্বাস আছে, তাতে সকলেই তাদের গ্রামের দেবতাকে আঁকড়ে থাকতে চায়। এখনও শিক্ষার সাথে সাথে দেবতার প্রতি তাদের প্রগাঢ় ভক্তি চলেছে। জমিদারগণও এই দেবতার পূজার জন্য তাদের সেবাইত ঠিক করে গেছেন। এই যে বিভাগ

হবে সেখানে কি এই দেবতার পূজার ব্যবস্থা থাকবে না? আমাদের দেশে দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে তিন রকম ভাগ দেখতে পাই। প্রথম দেখতে পাই এক একটা গৃহস্থের সম্পত্তি যাতে না চলে যায়, তার জন্য সমস্তই ঠাকুরের নামে দানপত্র করে দিয়েছেন এবং তাদের বংশধর যারা থাকবে তারা সেবাইত হয়ে থাকবে, কেউ সম্পত্তি বিক্রী করতে পারবে না। আর এক ধরণের সম্পত্তি আছে যে, কোন আলাদা জায়গাজমি ঠাকুরের পূজার জন্য নাই, সেই সমস্ত সম্পত্তির আয় থেকে পূজা হয়ে থাকে। আর এক রকম সম্পত্তি আছে, সমস্ত জমি প্রজাদের মধ্যে বিলি হয়েছে, নিষ্কর মহল, প্রজারা যে খাজনা দেয়, তা থেকে ঠাকুরের পূজা হয়। এই রকম ক্ষেত্রে পূজাগুলি কি উঠিয়ে দেওয়া হবে, না, থাকবে? যাতে হিন্দুর পূজা চালু থাকতে পারে, সেই রকম বন্দোবস্ত করা উচিত। যেখানে দেখা যায় ঠাকুরের পূজা না করে অমনিই তারা সম্পত্তি খাচ্ছে সেখানে কঠোর নীতি অবলম্বন করা উচিত। সে ক্ষেত্রে সেই সম্পত্তি নিয়ে নেওয়া উচিত। আর যেখানে ঠাকুরের পূজা হচ্ছে, সেখানে যাতে থেকে যায় তার ব্যবস্থা করা উচিত। যেহেতু "ইণ্ডিয়া সিকিউলার ষ্টেট", সেখানে আমাদের এটা বিশেষ করিয়া দেখা উচিত।

(At this stage the blue light was lit.)

পাঁচ মিনিট "টাইম" দেন——

Mr. Speaker: You can finish your speech.

Sj. Janardan Sahu:

তিন মিনিট দেন। আমাদের দেশে যখন কোন কাজ হয়, তখন সেই কাজ সম্বন্ধে একটা হিসাব করা হয়, এর ফল পূর্ব্বে বা পরে কি হবে। এ ক্ষেত্রেও সেটা দেখা দরকার। যখন জমিদারী প্রথা উচ্ছেদ হয়ে যাচ্ছে, তখন আমাদের আয়ব্যয় সম্বন্ধে ভবিষ্যতে কি হবে তা দেখা উচিত। এখন আমি বুঝতে পারছি না এই জমিদারি উচ্ছেদ হ'লে পর আমাদের রেভিনিউ বাড়বে কি কমবে, না, ঠিক থাকবে। কতকগুলি মহল আছে যেখানে হাজা হ'লে বা শুকা হ'লে প্রথামত খাজনা ছাড় হয়। আবার কোন কোন জায়গায় খাজনা বাড়বে, কোন কোন জায়গায় খাজনা কমবে। সেটা দেখা উচিত। এটা দেখা উচিত যে এমনভাবে কর্ম্মচারী নিয়োগের ব্যবস্থা হবে না যাতে যে পরিমাণ আদায় হবে, তাতে সব দেনা দাঁড়িয়ে যাবে। বহু ক্ষেত্রে দেখা যায় কর্ম্মচারী বাড়িয়ে গেলে পর তাহার খরচের জন্য খাজনা বেড়ে গেল। এই সমস্ত দিকে আমাদের গভর্ণমেণ্টের পূর্ব্বে প্রতিশ্রুতি দেওয়া উচিত ও সেদিকে নজর রেখে এই জমিদারি বিল আনা উচিত।

The Hon'ble Renuka Ray: Mr. Speaker, Sir, it was as a result of struggle of the Congress and the sacrifice of Congress men and women who handed down the torch from generation to generation that this country has become free, and it was due to Congress endeavour that the rights of citizens have been embodied in the Constitution, and equal franchise has been given to all so that they can choose their representatives and no one party can perpetuate themselves without the peoples' vote. It was, Sir, also as a result of Congress endeavour that today the Balkanisation of India, which at one time seemed imminent, was stopped and the States have been absorbed in India without a drop of blood-shed. Today, Sir, this Congress that has brought political liberty to this country is naturally anxious, and now that the people after the General Election have given the mandate to them, to justify the trust reposed in them. It is in pursuance of this that these last few days we have been discussing a Bill which when enacted along with the next Bill that is to follow will bring about changes fundamental in the structure of our society. Sir, it is only natural, only fitting that this great Congress objective should now be realised. You are aware of the fact that it was not so long ago that the tiller of the soil was the owner of the land in this country. It was when our alien rulers came that they created their own creatures on whom they depended for loyal support and destroyed the indigenous system of land tenure.

[6-50—7 p.m.]

Sir, it may be that by enacting this Bill we shall take a first step, but it is a distinct step forward. Sir, the Revenue Minister has made it amply clear to this House that this Bill that we are now considering is not to be really put into execution until the next Bill, by which the redistribution of land takes place has also been enacted. I cannot understand how this point could have been mistaken. It may be asked and has, in fact, been asked why the two Bills were not brought together. To this he has given a reply. We have heard also from another honourable friend yesterday that there are certain difficulties and

[The Hon'ble Renuka Ray.]

certain impediments. One has got to overcome these. One cannot act just in the air.

One of the difficulties is that we do not have the *raiyatwari* system of land tenure in West Bengal, and as a result we have no up-to-date record-of-rights. Why is it necessary? Until we know the present distribution of land how can we plan the picture of the future? Similarly, Sir, the question arises about the *jotedars*. Now, Sir, I am one of those who was associated with the Constitution making and also later with clause 31A when the amendment was brought. I can assure you that there were many amongst us who felt when clause 31 was being introduced that such difficulties would arise and we opposed the introduction of the clause 31. But at that time every member was allowed to vote freely as he liked, as the Congress party which was in the majority did not wish to exercise any mandate when the Constitution was framed. I may say also that there are in the benches opposite members of a party whose representatives were then there. They, at least most of them did not object to the introduction of the clause 31. Anyway it soon became apparent that it would have to be amended, and it was then that the amendment came, because as the House knows, clause 31 does not give the Parliament and the legislatures of the land the right to determine the rate and amount of compensation that has to be paid. This right, so far as the intermediaries on land are concerned, has been given by the amending clause 31A. I can assure this House that when clause 31A was being enacted it was through inadvertence and not through any design that the *jotedars* of West Bengal who are held to be *raiyats* were not included into this clause in a manner that was beyond all doubt. Today there are doubts about this matter, and the entire Bill may be held *ultra vires* of the Constitution if we include the *jotedars* or else the *jotedars* according to clause 31 may have to be given rates of compensation which are far beyond this nation's power to give. It is because of these factors that the next Bill is not yet before the legislature, but it does not mean that we should wait because of this which would only mean more delay.

There is another point about which the Government and the Congress party have made no secret, namely, what the picture will be of the next Bill that is to come. There is a chapter in the preliminary Bill that which makes it quite clear and gives some indication of futures set up of the "*gram samaj*" which will control and supervise the system of land tenure that is to come in. One co-operative commonwealth remains our objective through individual ownership as well as co-operatives will be allowed. Sir, I do not think you can let me have the time to read out this entire chapter. And for those members who may not have seen this Bill I suggest that a member of the Congress party, Mr. J. C. Gupta, has tabled an amendment which is very similar to that clause and which will enable them to get a clear picture.

Today, Sir, in West Bengal land is very limited. As one who is a great sufferer in the present for land for the rehabilitation of refugees I know how difficult and how ardous it is to get any land at all. Today, Sir, there is altogether 11,700,000 acres of cultivable land and 11·11 lakh acres of land which is capable of being cultivated. A little arithmetic will show how great problem we have to tackle to ensure economic holdings for all these persons within the limits of the land available. There are altogether 18½ lakhs of families who are cultivators—cultivators who are owners. Out of these 12·48 lakhs of families have holdings which are less than 3 acres and obviously uneconomic holdings. There are 6·9 lakh *bargadars* and 7 lakhs of landless labour families. Yet it is stated that we should distribute land to the people, the cultivators of West

Bengal, immediately and now. It is easy to talk, but it is more difficult to carry out this. Yesterday my honourable friend Mr. Jyoti Basu said that it has taken six long years for this Government to bring this Bill, on the floor of this House, and by this time the people have lost enthusiasm. I may say that since Independence this State of West Bengal was partitioned, torn and was bleeding as it were, facing a gigantic problem, the like of which perhaps is almost unparalled in the history of the world. Was it possible however keen, however impatient one may be—and no one could have been more impatient than Congressmen that there should be a change in the system of land tenure, was it possible to focus one's attention to this; or was it not more necessary to face the immediate problem first; and therefore many of those things which India wanted to do could not be done in the first few years?

There is another point. It is easier to destroy but to build is quite a different matter. At the helm of affairs in West Bengal there is a man of gigantic stature—I am not speaking of his physical stature but a man who is a great statesman and who is—I will call him—a great builder He has gone into and is going into the entire details of the matter, and it is no secret that he is doing so to see how the future structure of our land system can be erected. I cannot comprehend how this motion for consideration of the report of the Select Committee could have been opposed by any member of this House—from whichever side of the House—and it could be said a motion brought to recommit the Bill to Select Committee again. This is one of the methods well acknowledged as a parliamentary procedure for dilatory tactics. Those of us who have been in Parliament know very well that this is one of the methods by which the Hindu Code Bill which has not yet seen the light of the day has been put off from day to day. (Sj. Tarapada Bandopadhyay: It will never be passed.) Not with people like you. I may state also that the Estate Duty Bill went through the same fate for years, and I am grateful that at last it is a measure that has been enacted.

[7—7-10 p.m.]

Now, I cannot understand if there can be anyone who really believes except the vested interest involved that this system of land tenure has not to go through. These intermediaries who have no productivity value will have to go, land reform must come in so that social justice may prevail. I can understand that when clause-by-clause discussions start at that stage there may be many things to say and I am sure that whatever is practical, whatever is feasible, will be considered by the Revenue Minister at that stage. But why hold up this Bill at this stage, I do not understand. Is it opposition for opposition's sake? Is it vested interest rearing its head as it has done in the case of the two Bills in Parliament that I have mentioned? Or is it perhaps that some people would not like to see a good thing done, if it is not done by themselves? It is easy enough to understand that in a clause-by-clause discussion people have their points of view to place before the House. They may not be practical. It may be that the explanation of the Government on many points will at least satisfy those who have brought amendments with no ulterior purpose but are concerned with the improvement of the Bill. It may also be that the Government will find it possible to accept amendments because they will improve the Bill. Sir, neither the Congress Party nor the Government is foolish enough to think that it is the only repository of wisdom. The Congress Party and the Government desire the help, they desire the support of all members of this House and not only of all members of this House but of the public as well not only to bring in this legislative enactment but to assist in the building up of the new structure of our society.

[The Hon'ble Renuka Ray.]

Sir, vague generalisations, slogans, resolutions, exaggerated statements, eloquent speeches cannot build a nation. It is easy to generalise. It is easy to pass a resolution, but it is much more difficult to execute it. Let me quote the words of Gurudev Rabindra Nath Tagore:

"একি হাসি খেলা, প্রমোদের মেলা,
শুধু মিছে কথা ছলনা?

* * *

এসেছি কি হেথা যশের কাঙ্গালী,
কথা গেঁথে গেঁথে নিতে করতালি
মিছে কথা ক'য়ে, মিছে যশ লয়ে,
মিছে কাজে নিশি যাপনা,
কে জাগিবে আজ, কে করিবে কাজ,
কে ঘুচাতে চাহে ভারতের লাজ
কাতরে কাঁদিবে,
আর পায়ে দিবে সকল প্রাণের বেদনা!"

Sir, I would say that those words are more necessary for us to be guided by, to be inspired by today than they were in the days when they were uttered, for if the battle for freedom was difficult the fight to raise our standards and bring back prosperity is far more difficult and arduous. Without our backs to the wall we are fighting not against our fellowmen but against dread disease, and dire poverty and all the concurrent evils that have come as a result of subjection. At this time it is necessary that there be real co-operation, it is necessary that we all work together. There will be a time and the time is not yet for "isms" to rise. As yet our foundations are not strong, and we have not the basic things. We are striving to build those basic things today and we all combine. The Congress has brought freedom to this country, but we will not rest till equality of opportunity and economic freedom becomes a reality for every man in the land.

With these words I commend this motion.

Sj. Biren Roy: Mr. Speaker, Sir, as a member of the Joint Select Committee whose report embodies verbal and consequential changes as have been presented to us, and as we find that even amendments have been tabled by the Chief Whip of the Government party which might even complicate the financial aspect of the whole Bill, I have to make the position clear—the stand that we took in the Joint Select Committee—because I did not sign a dissenting report; otherwise I think a lot of misapprehension will remain in the minds not only of the members here but also outside in my constituency. This is the first attempt to bring forward a Bill of some kind of real reform in the province. We sincerely want that the Government do no bungle—and at least our position is that we would not like to be a party to any kind of bungle; neither would we oppose any sincere move towards the amelioration of the conditions of the masses, however small it may appear to be. We do not, however, consider this attempt to be small. If the Government is really sympathetic and if they take all the parties into confidence as the previous speaker wanted so much to impress, here is a big chance for our Chief Minister who can make or mar this Bill. Dr. Roy is characterised as a dictator—although I personally would not dislike a benevolent dictator—and if he is of that type and as he is now going to have practically the big monopoly zemindary of the whole West Bengal State, I would like that, as a benevolent dictator, he takes courage in both hands and effectively tries to wipe out a condition which has resulted in bringing so much misery to the vast section of the population of this Province. During discussions in the Select Committee whose chairman was the Chief Minister he stated that he was present in Delhi when the amendments to the Constitution relating to——

Sj. Jogesh Chandra Gupta: On a point of order, Sir. Deliberations in the Select Committee cannot be discussed here.

Mr. Speaker: Yes.

Sj. Biren Roy: We learn that the Chief Minister was at the time of

the amendment of the Constitution in Delhi. We would ask him when this was coming up, why did he not think of the possibility that if this Zemindary Abolition Bill was going to be brought and that if real reform would have to be effected, large tracts of *raiyati* lands were necessary to be acquired on payment of a very unreasonable amount of money from the State exchequer, and that might completely affect the whole policy and the Bill. Why was it not brought forcefully to the notice of the people who were going to amend the Constitution? After all, he is a very big man. Not only that, this should have been corrected even later. There was two years' time in between, and now we have heard from the Minister-in-charge of the Bill that they have at this moment referred this matter. Time is a great factor, because if we pass this Bill, after one year it will be in a stage when financial implications will be involved and then we would not know where we are going to stand. We would have very little surplus land in our hand, with a huge amount of money already spent.

[7-10—7-20 p.m.]

Then we will not have that amount of sufficient land to effect any possible redistribution. Here, Sir, there is another question coming in, that there should have been a reference about the Floud Commission report regarding conferment of tenancy rights on *bargadars* and that should not have been overlooked in the Bill. It has not been denied by any Land Reforms Committee or even by our previous rulers, and even by the present Census Report which has just been published, that for every 1,000 agricultural land-holders there are 609 landless agriculturists. How are we going to solve this big problem if we have not sufficient amount of land to distribute? That is why, Sir, we must try to bring down the "ceiling" of land holding or at least fix a minimum ceiling of, say, 25 acres in all, or at the most this ceiling should not be more than 33 acres taking non-agricultural and agricultural lands together. In the Select Committee Report which has been presented it has become 20 acres *plus* 25 acres, which we did not conceive then, and the result will be, Sir, that after all, when we pass this Bill, the mountain will be in labour and a mouse will be produced. The Bill, Sir, should also have contained some definite provisions regarding the type of statutory bodies contemplated under clause 12. Sir, perhaps the Government were thinking of something in the nature of village *panchayats*. A Bill on this subject is expected to be brought before this House, as we have been learning all the time, by the Local Self-Government Department. But unfortunately we have very little faith in that department, because, Sir, it is run by a few officers without the least experience and knowledge of local government administration in independent countries, and this has been amply demonstrated by a previous Amending Bill, by which the finances of the municipalities of West Bengal have been crippled.

Mr. Speaker: How is that relevant here?

Sj. Biren Roy: It is relevant, Sir. And today we have also before us an Amending Bill for the municipalities which would bring about the complete ruin of local government administration in the province. Therefore, if there is a Village *Panchayat* Bill coming—under which village *panchayats* would be statutory bodies to whom will be entrusted the distribution of surplus land—we can only have a justifiable fear that a few select party men with the local officers will perhaps be in charge to control these things. That is why, Sir, it is relevant.

Our friends, Sir, on the Communist Benches stated that there should be no compensation but a rehabilitation grant. Now, Sir, I for one, would fear that very much because I have no confidence in that department also. We do not want to be

[Sj. Biren Roy.]

reduced to some more vagabonds in this province to be rehabilitated in the manner in which this department is working. Unless of course there is ushered in this province a Ministry which is not merely to rule and govern but which is bent on reconstructing the whole State—

Mr. Speaker: Your time is up. You finish your speech.

Sj. Biren Roy: Sir, I require four or five minutes more. Unless we have a Ministry bent on reconstructing the whole State, a Ministry run by a band of men who dedicate their lives and everything to this purpose, we do not see how this problem can be tackled. I would most regretfully state that we have not got such a Ministry at the present moment. The question will come later on, about the practicability of the compensations proposed, from the point of view of finance, for taking over the lands. The quantum of compensation now described will make it difficult. I am not going into the question of quantum because we can discuss that later. But I shall state one point here that whenever compensation is going to be paid for taking over for redistribution, plots of land, we must not pay so much money in cash under any circumstances. We have our amendments and we shall move them later on, but I should say as a matter of policy that compensation may be through non-negotiable bonds which shall not be redeemable for 20 years and these can be invested as an optional measure by the parties having them in some Government participating industry and public utility services which may contribute to the welfare of the State and which should be so organised in different zones that the people of this land may somehow be benefited. In fact the present Census Report has given a very clear picture on this point, and it gives a startling picture of the conditions of the rural and urban population. It is stated in the report that West Bengal's economy is very much vulnerable to the least disturbance both in the field of agriculture and in the field of urban life. In fact it states that the growing cities and towns have failed to enrich the country and to bring about a satisfactory rural and urban interdependency, and the reason which the Census Report gives is the domination of foreign capital. Let not our Congress friends or Ministers state that they are now shocked, that we are talking like Communists. We are not Communists. This is your own Government's Census Report, and we are not provincialists. Even the Census Report practically states that whereas Bengal at one time was the most cultural and intellectual province, she was today because of industrialisation of the province being completely in the control of non-Bengalis, has resulted in most of the cases to the impoverishment of the Bengalis and enrichment of the non-Bengalis including the employment of a vast number of non-Bengalis and exclusion of Bengalis in their homeland. That is their report. Now what is going to be our future when more and more people will be deprived of the sustenance from such land as they had and thrown at the same time on to the Rehabilitation Department from year to year? Where would the non-redeemable bonds to be invested? Nobody knows. We do not know what practical and planned schemes you have for encouragement of industries amongst the sons of this province. Is there any plan for this purpose?

One word more, Sir, and I will finish. There was some misapprehension in our minds regarding acquisition of surplus lands of tea gardens. I think there is a Tea Garden Act under which such lands could be easily taken without compensation, at least those lands which are not under cultivation, and I think this point should be taken notice of. There is another point which has also been mentioned by the previous speaker regarding *debutter* land. In this respect we stressed, and we stress

again, that the Government should bring a Bill to take over all the *debutter* lands of the province without compensation and administer them like the Wakfs by the formation of a similar board.

Sj. Hemanta Kumar Ghosal:

স্পীকার মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করতে দাঁড়িয়েছি। আজ এই জমিদারী চলার দরুন বিশেষ করে বাংলাদেশের শস্যভাণ্ডার, এবং পশ্চিম বাংলার মানুষ আজ যেখানে ফসল উৎপন্ন করে সেই যে সুন্দরবন অঞ্চল, সেটার দিকে যখন তাকাই তখন সুস্পষ্ট বুঝতে পারি কেন কম্পেন্সেসনের প্রশ্ন আমরা তুলতে বাধ্য হচ্ছি। এই কম্পেন্সেসন আমরা কাকে দেব এবং কেন দেব সেটা বিচার করে দেখতে হয়।

[7-20—7-30 p.m.]

তাহ'লে আপনারা সকলে এটা নিশ্চয়ই উপলব্ধি করবেন যে তাদের "কম্পেন্সেসন" —দেওয়ার কোন যুক্তি থাকতে পারে না, কোন অর্থও হবে না। প্রথমত সুন্দরবন ২৪-পরগণা জেলার বিরাট একটা অংশ এবং পশ্চিম বাংলার সাধারণ মানুষের বাঁচার পক্ষে সেটা একমাত্র জায়গা বলা যেতে পারে। সেখানকার সাধারণ মানুষের বাঁচার সাথে সাথে সারা দেশের মানুষের বাঁচাও নির্ভর করছে। এই সুন্দরবনকে হাসিল করা হয়েছিল—'প্রিম্যাচিওর রিক্ল্যামেসন' করা হয়েছিল—সাম্রাজ্যবাদী স্বার্থে। ১৭৮২ সালে হিংগেল সাহেব পার্বত্য আরাকান দস্যুদের আক্রমণ থেকে দেশকে বাঁচাবার জন্য এই "প্রিম্যাচিওর রিক্ল্যামেসন" করেন। সাম্রাজ্যবাদী স্বার্থে দেশের সাধারণ মানুষকে যাতে তারা আরও পিষে মারতে পারে, তার জন্যই এটাকে হাসিল করার "প্ল্যান" তারা নিয়েছিল। সেই সময়, লর্ড ওয়ারেন হেষ্টিংস্ বাংলার লেফ্‌ট্‌ন্যান্ট গভর্ণর ছিলেন এবং তার স্কলে এটা ছিল। ১৭৮৬ সালে একটা "স্কীম" নেওয়া হয় হাসিল করবার। তারপর ১৮২২ সালে কিছু কিছু জমি হাসিল হয়। এরপর ১৮২৩ থেকে ১৮২৫ সালে আরও কিছুটা হাসিল হয় এবং তারপর "লার্জ স্কেল"এ আরও হাসিল হয়। ১৮৩০-৫৩ সালের মধ্যে সুন্দরবনের অধিকাংশ জমিই হাসিল হয়ে যায়। এইসব কারা হাসিল করে? যারা হাসিল করেছিল, তারা এই লাটদার ও জোতদার, তারা সাম্রাজ্যবাদের অনুচর ছিল, যারা দেশের সাধারণ মানুষকে কাঁচা-মালের মত শোষণ করে সাম্রাজ্যবাদকে রক্ষা করবার চেষ্টা করেছিল। তারই জন্য তাদের এই সুযোগ-সুবিধা দেওয়া হয়েছিল যে ৩ বছর থেকে ৭ বছর পর্যন্ত সেই সমস্ত লাটদার ও জোতদারদের কোন প্রকার খাজনা লাগবে না, বিনা খাজনায় তারা জমি "রিক্ল্যামেসন" করবে। এমন কি ২০ বছর পর্যন্ত এই লাটদার ও জোতদারদের খাজনা থেকে "এগ্‌জেম্পট" করা হয়েছিল। তাদের সঙ্গে "কন্ট্রাক্ট" ছিল ৪ ভাগ "রেন্ট এগ্‌জেম্পট" করা হবে; আর তার বিনিময়ে তারা প্রজাদের সুখসুবিধার জন্য জমির বাঁধ বাঁধা, পানীয় জলের ব্যবস্থা করা, "স্লুইস গেট" তৈরী করা প্রভৃতি জনহিতকর কাজ করবে। কিন্তু আজ পর্যন্ত এই লাটদার, জমিদার ও জোতদারদের দল যারা সাম্রাজ্যবাদপুষ্ট, তারা কোন দিন সেখানকার এইসব সাধারণ মানুষের প্রশ্ন নিয়ে বাঁধ বাঁধা, পানীয় জল সরবরাহ করা ও "স্লুইস গেট" তৈরী করার কোন ব্যবস্থাই করে নাই। তার জন্যই আজকে সরকারকে এই "সাপ্লিমেন্টারী বাজেট" আনতে হচ্ছে, সেখানে পনেরশো টিউব-ওয়েলের ব্যবস্থা করতে হবে, পানীয় জল সরবরাহের জন্য। এই হচ্ছে দুশো বছর ধরে শোষণকারী সাম্রাজ্যবাদপুষ্ট লাটদার, জমিদার ও জোতদারদের চেহারা। তারা সাম্রাজ্যবাদের নামে কিভাবে এতকাল প্রজাপালন করেছে, তার নগ্নরূপ পাওয়া যাবে এই "সাপ্লিমেন্টারী বাজেট" আলোচনার সময়।

এই সমস্ত কৃষককে ২৪-পরগণা, মেদিনীপুর, হাজারীবাগ, রাঁচী প্রভৃতি বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে আনতে হয়েছিল। বিভিন্ন জেলার সবচেয়ে নিম্নস্তরের কৃষক তারা; তাদেরও জমি ছিল, তারা অত্যন্ত নিরীহ প্রকৃতির মানুষ ছিল, চালান দিয়ে তাদের আনতে হয়েছিল সাম্রাজ্যবাদের দালাল দিয়ে এই সর্তে যে ঐ জমির তারা মালিক হবে। কিন্তু আসলে কি দাঁড়ালো? জমি যারা তাদের বুকের রক্ত দিয়ে হাসিল করলো, বাঘ আর কুমীরের সঙ্গে লড়াই করে যারা ঐ জমি হাসিল করলো, যার ফলে তাদের দু'চার পুরুষ খতম হয়ে গেল, তারপর যখন ঐ হাসিল-করা জমি ফসল উৎপাদনের যোগ্য হ'ল তখন আর সে জমির মালিক ঐ কৃষক হ'ল না, মালিক হ'লো এই লাটদার-জোতদার সাম্রাজ্যবাদের দালালের দল। আজও সেই হ্যামিলটন কোম্পানীর অনুচর—দালালের দল—জমিদার, লাটদার ও জোতদাররা কৃষকদের বুকের উপর বসে তাদের শোষণ করছে, সেই জমি ভোগ দখল করছে। যে কৃষকদের বুকের রক্তে এই জমি হাসিল হ'লো, সেই জমির মালিকানা তারা পেল না, মালিকানা নিল লাটদার-জোতদার। ফলে কি দাঁড়ালো? সাধারণভাবে কোন চুক্তিই তারা পালন করলো না, যদিও কিছু কিছু জমি তারা কৃষকদের মধ্যে বিলি করবার চেষ্টা করেছিল। কিন্তু সেও আইনতঃ নয়, বেআইনীভাবে। "ফ্লাউড কমিশন" তদন্ত রিপোর্টে পাওয়া যায় যে বহু জমি কোর্টে না গিয়ে মুখে মুখে লাঠীর জোরে সাম্রাজ্যবাদের স্বার্থরক্ষাকল্পে অধিকার করা হয়েছিল এবং হাজার হাজার কৃষককে উচ্ছেদ করে দেওয়া হয়েছিল। এই হ'লো সাধারণ সুন্দরবনের চেহারা। এর ফলে লাটদার-জোতদারদের সমস্ত জমি জমিদারির আওতার মধ্যে থাকা সত্ত্বেও সুন্দরবন খাস জমিতে পরিণত হ'ল। সেগুলি আর এই বিলের মধ্যে আসবে না। সেখানে শতকরা ৭৫ ভাগ ক্ষেতমজুর, ভাগচাষী ২০ ভাগ; আর বাকী ৫ ভাগ মানুষের হাতে সুন্দরবনের সমস্ত জমি, তারাই সে জমির মালিক হয়ে আছে একচেটে ভাবে, তারাই সেই খাস জমির একচেটে মালিক। তাদের সে জমি এই বিলের আওতার মধ্যে পড়বে না। অথচ সেই মানুষগুলোকেই "কম্পেন্সেসন" দিতে হবে। আর সেখানকার সাধারণ মানুষ যারা বুকের রক্ত দিয়ে সেই সব জমি হাসিল করলো

[Sj. Hemanta Kumar Ghosal.]

তারা কিছুই পাবে না! অদৃষ্টের কি নিষ্ঠুর পরিহাস। শুধু তাই নয় "ফ্লাউড কমিশন রিপোর্ট"এ "ইল্লিগ্যাল এক্সপ্লয়টেসন"এর কথা বলা হয়েছে। ১৮ রকম বেআইনী আদায়ের মাধ্যমে এবং ঐ জমি থেকে কৃষকদের উচ্ছেদ করার ফলে, সমস্ত কৃষকের পারিবারিক জীবন ও সেই সাথে বাংলার সমস্ত মানুষকে তারা আক্রমণ করেছে। সুন্দরবনের সেই অমানুষিক শোষণ-ব্যবস্থার অবশ্যম্ভাবী ফলস্বরূপ, সেই সুন্দরবনের দুর্ভিক্ষ-মহামারী আজ জাতীয় স্থায়ী ব্যাধিতে পরিণত হয়েছে। প্রতি বছরই সেখানকার মানুষ দুর্ভিক্ষের আক্রমণে বিপর্যস্ত হচ্ছে। শুধু সেখানকার সাধারণ কৃষক নয়, সারা জেলার, সারা বাংলাদেশের গোটা মানুষ তার জন্য ভুগছে। তার ফলে তাদের শিক্ষা, সংস্কৃতি, ব্যবসা-বাণিজ্য—সমস্ত সামাজিক জীবন—বিধ্বস্ত হয়ে গেছে। তার মূল কারণ হচ্ছে এই সমস্ত সাম্রাজ্যবাদের অনুচর উচ্ছেদকারী লাটদার-জোতদারদের ১৮ রকম বেআইনী আদায়। যে সুন্দরবন পশ্চিম বাংলার খাদ্যশস্যভাণ্ডার হয়ে সমস্ত দেশের মানুষকে বাঁচাতে পারতো, এই রকম শোষণের ফলে তারা আজ সারা বাংলায় দুর্ভিক্ষের করাল ছায়া ফেলে দিচ্ছে। প্রতি বছরই প্রশ্ন ওঠে "রিলিফ" দাও, "রিলিফ" দাও। শুধু এই নয়, তাদের আর্থিক জীবনই নয়, সাধারণ মানুষের সামাজিক ও পারিবারিক জীবনও আজ বিধ্বস্ত হয়ে যাচ্ছে। আজ সুন্দরবনের মাঠেমাঠে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত পরিবার এক সময় সমাজে সুপ্রতিষ্ঠিত ছিল, আজ তারা সমাজজীবন থেকে পরস্পর বিচ্ছিন্ন হয়ে গেছে, স্বামী থেকে স্ত্রী, মা থেকে ছেলে, ছেলে থেকে বাবা। জমিদার-লাটদার-জোতদারদের শোষণের ফলে এরা পরস্পর থেকে পৃথক হয়ে গেছে। আজ কি করে তাদের "কম্পেন্সেসন" দেওয়ার প্রশ্ন উঠতে পারে? যারা দেশের সমাজজীবনকে বিধ্বস্ত করলো, সমস্ত সমাজের মনুষ্যত্বকে ডুবিয়ে দিল, দেশে দুর্ভিক্ষ-মহামারী সৃষ্টি করলো, সাম্রাজ্যবাদের স্বার্থরক্ষা করবার জন্য যারা সাধারণ মানুষের প্রতি বিশ্বাসঘাতকতা করলো, যে সাম্রাজ্যবাদের অনুচর, ড্যানিয়েল হ্যামিলটন, যারা পোর্টক্যানিংএ সাম্রাজ্যবাদী মিশনারীদের মাধ্যমে দেশের মানুষের জাতীয়তাবোধকে, জাতীয় চেতনাকে ডুবিয়ে দেবার চেষ্টা করেছিল, আজ সেই মানুষকে "কম্পেন্সেসন" দিতে হবে? একটু আগে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে জাতীয় কংগ্রেসই জাতীয় ঐতিহ্য বহন করে চলেছে। সেই জাতীয় কংগ্রেস সরকারই যদি আজ ঐ সমস্ত হ্যামিলটন, পোর্টক্যানিং কোম্পানীর সাম্রাজ্যবাদী স্বার্থরক্ষাকারী দালালদের "কম্পেন্সেসন" দেয়, তাহ'লে কি তাদের মুখ কলঙ্কিত হবে না?

[7-30—7-38 p.m.]

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আপনারা অনেক বড় বড় কথাই বলেছেন, "সেকেণ্ড বিল" আনছেন, যাতে "ল্যাণ্ড ডিস্ট্রিবিউসন" ইত্যাদি ব্যবস্থা থাকবে। কিন্তু এসব বড় বড় কথা বলে এখানে কোন লাভ নেই। এই যে "ডুপ্লিকেট বিল"এর কথা বলেছেন, এরকম অনেক কথাই অনেকে বলেছেন এবং আমরা শুনেছি—অনেক "ডুপ্লিকেট" দেশপ্রেমিক আমরা দেখেছি। অনেক রকম "ডুপ্লিকেট"এর ব্যাপারই আমরা দেখেছি। কিন্তু প্রশ্ন হচ্ছে বাস্তব জীবনে কি হচ্ছে। এই যে সাম্রাজ্যবাদী সামন্তসাহী নীতি, পীড়ননীতি এটার বিরুদ্ধে কোন কিছুই করতে চেষ্টা করেন নি, এদের গায়ে কোন দিনই হাত দিতে পারবেন না এটা জানি।

সুন্দরবনে শতকরা ৭০ জনই ভাগচাষী, ১৯৫১ সালের "সেন্সাস"এ পড়েছি যে সেখানে ভাগ-চাষীর সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে, ক্ষেতমজুরের সংখ্যা বেড়েই চলেছে। আর খাস জমির মালিক যারা হাজার হাজার বিঘার মালিক যেমন শ্রীনাথ দাশ, "ডেভিস হ্যামিলটন কোম্পানী"—এদের হাতে জমি হাজার হাজার বিঘা জমা হচ্ছে। এরকম একদিকে ক্ষেত-মজুরের সংখ্যা বাড়ছে আর একদিকে অল্প সংখ্যকের হাতে হাজার হাজার জমি খাসে চলে যাচ্ছে, এর কোন পরিবর্তন করতে পাচ্ছে না, সুতরাং জমিদারি-প্রথা আপনারা যে উচ্ছেদ করতে পারবেন না সেটা আমরা জানি। আসল কথা হচ্ছে হাজার হাজার এই জনচাষীদের হাতে "ইমিডিয়েটলী" জমি দেওয়ার প্রয়োজন এবং তাদের যাতে জমিতে "রাইট এণ্টারিশড্" হয় সেটাও দেখা দরকার।

তৃতীয় প্রশ্ন দুর্ভিক্ষের করাল আঘাতে সমস্ত সমাজজীবন ভেঙ্গে পঙ্গু হয়ে গিয়েছে, এই গত ৩।৪ বছর ধরে। আর সেই দুর্দিনে হাজার হাজার বিঘা জমি নামমাত্র মূল্যে জমিদার-লাটদারদের হাতে দ্বিতীয়-তৃতীয় নামে বিক্রীত হয়ে গিয়েছে। এই রকম যে এত "ইল্লিগ্যাল ট্রান্সফার" হয়েছে যেটা আপনারা ইচ্ছা করলে ফিরিয়ে দিতে পারেন তার কি বন্দোবস্ত করেছেন? একটু ইচ্ছা করলেই এটা করতে পারতেন কিন্তু তা আপনারা করছেন না। জমিদারি-প্রথা উচ্ছেদ করবেন এটা বাজে কথা, এসব বাজে লাভ নাই, বরঞ্চ যেসব "ইল্লিগ্যাল ট্রান্সফার" হয়েছে এবং তাদ্বারা সমাজজীবন পঙ্গু হচ্ছে তার প্রতিকার করবার মত শুভবুদ্ধি আপনাদের উদয় হোক।

তারপরের প্রশ্ন হচ্ছে মাছের চাষ। মাছের চাষের সম্পত্তি আপনারা দখল করবেন না, আমি শুনেছি—সেখানে নাকি অনেক শলাপরামর্শ হচ্ছে—আর ধানের চাষ নয় এবার মাছের চাষ কর। আজ সুন্দরবনের হাজার হাজার বিঘা জমিতে ধানের চাষ হবে না, মাছের চাষ হ'তে চলেছে। পঁচিশ-তিরিশ বছরের বাঁধগুলো ভেঙ্গে যাচ্ছে, লাটদাররা তা মেরামতের কোন চেষ্টাই করছে না। কারণ বলা হচ্ছে ধানের চাষের বদলে মাছের চাষ হবে। সারা সুন্দরবন অঞ্চলে ধানের চাষ হবে না, মাছের চাষ হবে। তাই চাষীদের আজ মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে। যে জমিতে ফসল হয় সে জমিতে যদি মাছের চাষ হয় তাহ'লে দুর্ভিক্ষ রোধ করা যাবে না। জমিদারি-প্রথা বিলোপ হ'ল পরের কথা, সে তো আপনারা করবেন না, কিন্তু এইসব যেটা আপনারা পারেন সেটা করুন।

তারপর ভাগচাষী বোর্ড আপনারা করেছেন কিন্তু সেখানে যে রায় দেওয়া হয়েছে তা "ইম্প্লিমেণ্টেড" হচ্ছে না, আপনারা কিছুই করবেন

না, যে সামান্য কাজটুকু করতে পারেন সেটাও করছেন না। একটা "প্রোটেক্সন" দিয়ে এই ভাগচাষীদের এখনও বাঁচাতে পারেন। বর্গাদার "এ্যাক্ট"এ যা আছে তাও যদি করেন, সে সমস্ত যদি কার্য্যকরী হয় তাহ'লেও ভাগচাষীদের জীবন এক "ষ্টেপ" এগোবে ব'লে মনে করবো। ভাগচাষ বোর্ড দ্বারা কৃষকের "ইন্টারেষ্ট" যদি "সার্ভ" করা যায় তাহ'লেও সমাজজীবন অনেকটা উন্নত হবে; কাজেই বলি ভাগচাষীরা আজ যে দুর্ভিক্ষের সম্মুখীন হয়েছে তা থেকে তাদের বাঁচান—"প্রোটেক্সন" দিন।

আর মাত্র দু'মিনিট বলতে চাই। এই যে তিনটি "কন্ট্রাক্ট সাজেস্সান" দিলাম সেগুলো ভেবে দেখুন।

ভাগচাষীরা যারা আজ ধ্বংসের মুখে, তাদের "প্রোটেক্সন" দিন, বেআইনীভাবে যেসব "ট্রান্সফার", কবুলিয়ত হয়েছে, অল্পমূল্যে যেসমস্ত জমি হস্তান্তরিত হয়েছে এবং ভাগচাষীরা তাদের "ইন্টারেষ্ট" থেকে বঞ্চিত হয়েছে সেই সমস্ত জমি ফিরিয়ে দেবার ব্যবস্থা করুন। এই ব্যাপারে শীঘ্র "ইন্‌ভেষ্টিগেসন" করে যথোচিত ব্যবস্থা করুন। তারপর দুর্ভিক্ষের বছরে যেসব কৃষক—হাজার হাজার কৃষকের জমি হাতছাড়া হয়েছে তাদের "ইমিডিয়েট রিলিফ" দেওয়ার ব্যবস্থা করুন, যাতে জমি আর না হাত থেকে বেরিয়ে যায়। এই সমস্ত দরিদ্র কৃষকদের, যারা সর্ব্বস্বান্ত হয়েছে "ইল্লিগ্যাল"ভাবে—শতকরা ৫০ জনেরইতো এই অবস্থা—এদের "রিহ্যাবিলিটেট" করুন। পল্লীর যে ঐতিহ্য ছিল তা রক্ষা করুন যাতে এদের সমাজজীবন পশু না হয়ে যায়, তারা মানুষের মত বাঁচতে পারে তার একটু চেষ্টা করুন, তাহ'লেই দেশের লোক বুঝবে তাদের জন্য কিছু করেছেন। কংগ্রেসের আদর্শ কিছুইতো মানছেন না, জমিদারী-প্রথার উচ্ছেদ তো হবে না, একটু কাজের মত কাজ করুন। সমাজকে ধ্বংসের দিক থেকে বাঁচান।

Mr. Speaker: I would request the Party Leaders to see me at my chamber tomorrow at 2-30 p.m. to discuss about tomorrow's business—Supplementary Estimates.

Adjournment.

The House was then adjourned at 7-38 p.m. till 3 p.m. on Friday, the 13th November, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Friday, the 13th November, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 13th November, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 14 Deputy Ministers and 197 Members.

DISCUSSIONS AND VOTING ON SUPPLEMENTARY ESTIMATES FOR 1953-54.

[3—3-10 p.m.]

Mr. Speaker: There will be no questions today as it has been decided by the Leader of the House in consultation with the Party leaders that more time will be available for discussion of the supplementary budget. In conformity with the previous practice I fix that the House will sit today up to 9 p.m. and I also fix that the guillotine will fall at 8 p.m. Thereafter I shall put all outstanding questions without any debate. I hope the members on both the sides will try to be brief in their speeches so that the business may be finished before the time for guillotine arrives.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I know that the time at our disposal is extremely short and it would be practically impossible for us to do justice to the discussions on the supplementary estimates, but I shall do my best to point out in brief certain salient points with regard to the supplementary budget.

The first observation I wish to make is that it is almost becoming a custom to present supplementary budgets year in and year out and it was exactly against this that in Parliament and in other places members have spoken times without number. Therefore, I should like to quote from Durell's Parliamentary Grant in order to remind the Government that this should never become a custom. It is only under special circumstances that such a budget should be presented before the House. "It is a sound principle that one and only one estimate of national expenditure should be laid before Parliament during each session; for, to render Parliamentary control effectual it is necessary that the House of Commons should have the money transactions of the year presented to it in one mass and in one account. Except for sudden unexpected and urgent demands, the budget estimate, both of revenue and expenditure, is one which the House of Commons has a right to expect should be realised in the eventual facts. It is on that estimate alone that the Chancellor of the Exchequer induces the House to agree to the financial policy proposed by him and embodied in the budget. The introduction of any supplementary estimates of any considerable amount is really a breach of contract between Parliament and Government for when this is done the budget estimate is destroyed and in effect a supplementary budget is set up. Supplementary estimates when treated as customary and, as a matter of course, instead of being restricted to occasions of unforeseen contingencies do more to destroy effectual Parliamentary control than any other indirect method that could be devised." Sir, I have quoted this because it seems to me either that Ministers and the Government Benches do not know about the existence of such a Parliamentary practice or they have forgotten it by now.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I ask him to read the first sentence?

Sj. Jyoti Basu: "It is a sound principle that one, and only one estimate of national expenditure should be laid before Parliament during each session."

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Each session?

Sj. Jyoti Basu: Yes, each session. Each session means one financial year.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I just wanted information.

Sj. Jyoti Basu: The second point I wish to make is that, although I did not raise a point of order on this, it seems to me that there are items or at least one item in this supplementary budget which is against the rules and which involves a question of policy and therefore should not have been brought now in the supplementary budget.

Mr. Speaker: Which one?

Sj. Jyoti Basu: I am referring to Grant No. 26 where monies are needed for setting up a State Financial Corporation. Sir, as you will be able to realize, it will be practically impossible for us to say "yes" or "no" to monies which are asked for on this head because we do not know what the policy is going to be. It has never been debated as far as this House is concerned and on such matters it is also a salutary Parliamentary principle that either they are brought in a budget session when we can discuss policies or if at that time it could not be brought, then it should have been brought at the next budget session when we could have discussed policies. Anyhow, these are the two protests which I register at the very beginning.

Secondly, Sir, I feel that on reading this budget had the Government accepted the situation as we analysed it during the budget discussions, then certain big items in the present budget would not have been necessary for the Government because at that very time they could have put in monies which might have been utilised for the purposes which became necessary later on. Sir, you will remember that during the budget session I think with almost unanimity from this side of the House, from the Opposition, all of us made out that the Government's levy system would be a failure. We made out that there would be widespread distress throughout West Bengal in the districts as well as in Calcutta. We made out a case that despite the talk of the Food Minister about a bumper crop that really it was a contrary position because crops were being eaten up by a kind of moth and those moths, not being able to be destroyed, were destroying the crops. Therefore, we said that because of all these there would also be large scale unemployment in the countryside amongst the peasants. We also stated that similar will be the case as far as the workers in the city were concerned. I think every five minutes we came to the conclusion that the purchasing power of the people has gone down because of the famine which took place year before last in some parts of West Bengal. But our facts were not believed by the Government, our arguments were thrown to the winds by the Government. When from this side of the House members who came from districts got up one after the other and placed facts, leading facts, before the Government, we were given dry statistics and untrue statistics at that, couched from the Government Departments and I do not know from what other source but now it is a plain fact after the experience of the last six months since the last budget session that what we said was true as far as the reality was concerned and what the Government said was not true. The picture that they painted of West Bengal was not true. Sir, had our picture been taken by the Government as a true picture, then I know that for cattle purchase, for giving other kinds of agricultural loans and other kinds of relief, whether it be a gratuitous relief or any other kind of relief which are

[Sj. Jyoti Basu.]

being asked for now, they could have been provided in the earlier budget. But, unfortunately, nothing of the kind was done. Similarly, had our picture of the situation been taken for granted, then I am sure that they would not have asked for monies for merely surveying the unemployment question.

[3-10—3-20 p.m.]

They would have set apart monies for giving relief to the unemployed, but nothing of the kind was done. On the contrary, sir, the situation, as it was taken by the Government and as they analysed it and as they wanted to deal with it, could only be realised by us later on, that is after the Assembly was over, because immediately the Assembly was over the Government raised the price of rice from 7 annas to 9 annas in Calcutta, and as soon as the Assembly was over there began terrible oppression and repression and violence against the people, the *kisans* all over West Bengal because they demonstrated for food, for relief, for loans and so on. Sir, you will remember that during the last six months, both in Calcutta and outside Calcutta in the districts, the peasants had to organise hunger marches to the Subdivisional Officers, to the Magistrates and to other officers. They had to come to Calcutta by the thousands in order to put forward their demands not simply because they liked it, not simply for the fun of it, but because they felt that their condition was not being presented in a proper way before the authorities either in the district towns or in Calcutta in Writers' Buildings, as the Ministers made statements after statements in which they showed their utter callousness and ignorance as far as the peasants and their conditions were concerned. Even sitting in Calcutta they did not know, as was quite clear yesterday from the Food Minister's statement, that in every household of Calcutta people were complaining against bad rice—the Food Minister does not know it. Therefore, thousands of people had to march to Calcutta, had to march to the district headquarters where the Magistrates had their offices in order to place their demands before them. But the Government instead of meeting their demands only suppressed them by means of *lathis*, bullets, tear gas and by means of illegal arrests and by detaining people without trial—five of them even now remain detained without trial in the Dum Dum Jail despite the fact that the Chief Minister had said that they, or at least some of them, would be released if they were connected with the food movement. But, Sir, as I was saying, had these things been taken into account by the Government, the Government would not now have to go against the parliamentary practice by bringing a supplementary budget—they could have done all this at an earlier time.

My last point is that these supplementary estimates are too little under some heads. For instance, under the head of Famine or Loans and Advances by the State Government we thought that ten times or more of the amount which was being asked for by the Government should have been asked for by them, because the distress was far greater than the Government made out; the demands of the people and the peasants were far greater than the Government made out in the Supplementary Budget. Sir, under the heads "Famine and Loans and Advances by the State Government, Public Health and Miscellaneous Departments", specially with regard to the item on unemployment, much more should have been asked for and should have been taken in order to bring relief to the people of West Bengal. In fact these estimates are under-estimates, and the whole budget as far as these subjects are concerned tries to hide the enormity of the needs and the distress of Calcutta and outside, and I feel that it is an evil attempt to bypass the ugly reality of conditions, the reality of famine or near famine conditions in West Bengal, the

appalling unemployment and disease and stagnation and closure of industries, etc., for which nothing is being done as far as this Supplementary Budget is concerned, despite the tremendous experience of the last six months both of the Government and of the people. Therefore, Sir, before I sit down I should like to say that even now when the Supplementary Budget is presented, if it has to be presented at all, it seems to me that the Government are living in a world of their own, unreal, away and apart from the people, completely isolated. That is the situation which faces us. Therefore, Sir, I think that it is not for such a Supplementary Budget that the people of West Bengal were waiting. When we go through the different items, we shall show you, sir, by examples how, when in a particular district they had asked for 8 lakhs worth loans, the Government had sanctioned, say, about Rs. 50,000 or Rs 1 lakh. That is the situation, that is the report which we get from every district of West Bengal.

I have explained to members of the Legislature when introducing this Budget that Rs. 8 crores was ways and means advance which has already been received and credited to the bank. Only the purpose is, the formal sanction of the Legislature is necessary. As I said in the beginning when I was introducing the Budget, when we were making the estimates last year we did not know what amount for the development project we should have to meet from our ordinary revenue budget, and therefore we had not put in a larger sum. So this amount has been taken from the Reserve Bank of India and the Imperial Bank of India from time to time. Then, regarding the scheme of supplying fertilisers, the loan is being given by the Government of India. The loan was sanctioned in July. It was not possible for us to foresee that the loan would be sanctioned in July and therefore it could not be put in the last year's budget. Then, there is the question of tube-wells. It also depends upon the loan that is being given by the Government of India. Although in August of last year we had put before the Government of India our claims for a loan for tube-wells in the 24-Parganas and the Sundarbans area, we did not get the sanction of the loan till May or June of this year. Therefore, we could not put it in the year's budget. Sir, it has been suggested by my friend who is an expert in Economics and an expert in Science that whereas we have Rs. 38 crores in the ordinary budget, we have got a supplementary budget of Rs. 14 crores. My friend is a very intelligent man, and he loves accounts. I would like him to read the estimates over again, the estimates of last year. He will find that the total estimates of this province including debt heads were Rs. 273 crores and not Rs. 38 crores. Therefore, this Supplementary Budget has got budget heads to deal with debts, loans, advances and various other items. Now take this Rs. 14 crores. I analysed it when introducing the budget. Of the Rs. 14 crores, Rs. 8 crores belongs to cash credit account. Rupees 2·21 crores is the amount given by the Government of India for distributing manure and fertilisers to the cultivators. That makes Rs. 10·21 crores. Rupees 30 lakhs is meant for the Finance Corporation which is merely a deposit into the bank. Then there is Rs. 20 lakhs loan for the tube-wells from the Government of India. Then there are some items like the items under the Medical budget which are merely book transfers. There will be no expenditure. There had been expenditure made under another head, it has been transferred to some other head which requires the sanction of the Legislature. Therefore, in the majority of these cases

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

it was impossible for us to foresee what the expenditure would be when the budget estimates were being prepared. My friend Sri Bankim Mukherji probably has not understood what I have read. It means this, that owing to the fact that the annual estimates have to be prepared some months in advance it is not possible to estimate all the expenditure that one has to meet, and therefore before the end of the financial year we have to put supplementary estimates, and these estimates which are for one service or another become annually recurring necessities. With these words I conclude my speech.

Mr. Speaker: For facility of discussion there has been an arrangement arrived at with all the party leaders regarding the order in which the grants will be moved. In accordance with that arrangement I ask Shri Prafulla Chandra Sen to move his motion regarding Grant No. 32.

DEMANDS FOR GRANTS.

Major Head: 54—Famine.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,60,00,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year.

Sj. Jogesh Chandra Gupta: Before we move the cut motions may I draw your attention to the fact that 20 cut motions out of 107 seek to raise questions of policy? Mr. Speaker, you are aware that cut motions on policy are raised during the original budget, but in a Supplementary Estimate during general discussion the policy is discussed but by cut motions the policy is not raised. I would also invite your attention to 3 motions Nos. 25, 53 and 59 where they seek to raise a general discussion. I think I am raising this point in order that time may not be lost but may be devoted to other substantive motions which are on the agenda today. There I find that under Grant No. 30, which is a new matter provided, like the Employees State Insurance and other matters, there is no cut motion regarding policy. They are entitled, when a new item is introduced in the Supplementary Budget, to raise a cut motion about general policy. So I ask your decision whether these 20 cut motions, which seek to raise the question of policy with regard to Supplementary Estimates, which are not due but which were already discussed in the original Budget discussion, are in order.

Mr. Speaker: You will find that a note is appended to the list of business in which it is stated that cut motions are being examined and have not yet been admitted by Mr. Speaker. I have got to consider the cut motions. It is a recognised principle that cut motions relating to general policy will be held out of order, in respect whereof no demand for grant has been asked. I shall consider its admissibility when each and every cut motion is called I shall now request the movers to move their cut motions.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to stop the famine condition prevailing throughout West Bengal.

Sir, I further beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government (while formally admitting the prevalence of distress) to provide adequate relief for the famine-stricken people of West Bengal, with particular reference to the Sundarban areas in the district of 24-Parganas.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about famine relief.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the corruption, nepotism and favouritism in relief distribution among the people of distressed and famine-stricken areas of West Bengal with particular reference to the Arambag subdivision of Hooghly district.

Sj. Kanai Lal Bhowmick: Sir, I beg to move that the demand of Rs 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs 100. I move this in order to raise a discussion about the inadequate quantity of money granted as gratuitous relief and the defective system of distribution by the Government.

Sj. Haripada Baguli: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the present famine conditions and its after-effects in Sundarbans with special reference to police-stations of Sagar, Kakdip and Mathurapur (South).

Sir, I further beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine" during the current year,, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about negligence of the Government in test relief work in the police-station of Sagore, Kakdip and Mathurapur (South).

Sj. Dhananjoy Kar: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the defective policy of distributing dry doles and about the insufficiency of relief measures adopted by the Government in the flood-affected areas of Gopiballavpur, Nayagram and Sankrile police-stations in Midnapore district.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of relief measures and granting of loans to the areas affected by distress.

Sj. Mrityunjoy Pramanik: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs 100. I move this in order to raise a discussion about the failure of Government to take proper measures for gratuitous relief to distressed people of Raina and Jamalpur police-stations in the district of Burdwan.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Government policy towards famine.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to undertake sale of

[Sj. Ganesh Ghosh.]

subsidised edible food in different parts of the State in adequate quantities.

[4-40—4-50 p.m.]

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of relief to the flood-distressed people of trans-Damodar area of Burdwan.

Sj. Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about distribution of relief on political consideration in the Contai subdivision.

Sj. Rakhahari Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about grievances of the people of Bankura.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give free rations to the distressed people of the rural as well as urban areas.

Sj. Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take proper steps to large scale test relief work in worst affected places.

Mr. Speaker: Mr. Ghosal, you will get 7 minutes.

Sj. Hemanta Kumar Ghosal: Mr. Speaker Sir,

দুর্ভিক্ষ খাতে যে অতিরিক্ত টাকা মঞ্জুরীর দাবী করা হয়েছে সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে—এই সরকারের কাছে গতবারের "বাজেট" অধিবেশনের সময় যখন আমাদের বিরোধীপক্ষের তরফ থেকে প্রথমে হুসিয়ারী দিয়েছিলাম, সাধারণভাবে দেশের মানুষের মাঝে যে সংকট আসছে তার গুরুত্ব যেন সরকার বোঝেন, বিশেষ করে দুর্ভিক্ষখাতে আলোচনার সময় আমি বলেছিলাম—সরকারের নজর দেশের মানুষের দিকে দিতে, তখন সরকার বলেছিলেন যে কোন অকাল দেশে নাই, এ নিয়ে চেঁচামিচি করবার কিছু নাই, আসলে যা কিছু ছিল আমরা সব ঠিকঠাক করে ফেলেছি—মিটমাট করে ফেলেছি—ইত্যাদি। এই ব'লে দেশের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছিলেন। যখন দেশের মধ্যে দুর্ভিক্ষের করাল ছায়া নেমে এসেছে, সমস্ত সমাজজীবনকে আচ্ছন্ন করে ফেলেছে, তখন তাঁরা তা অস্বীকার করেছেন। যখন তাঁরা দেশের লোককে কাঁকর মিশান খারাপ চাল খাওয়ান, তখন তাঁরা বলেন ভাল চাল খাওয়াচ্ছেন, যখন মানুষ না খেয়ে মরছে, তখন তাঁরা সেটা অস্বীকার করছেন। শুধু যে আমাদের বিরোধীপক্ষের তরফ থেকে সরকারকে আমরা হুসিয়ারী দিয়েছিলাম তা নয়, দেশের সাধারণ মানুষ, বিভিন্ন সংবাদপত্রের লোক নিজেদের চোখে, কোন দলগত মনোভাব নিয়ে নয়, নিরপেক্ষভাবে দেখবার জন্য বিভিন্ন এলাকায় গিয়ে ঘুরে দেখেছিলেন। এমন কি সরকারের তরফ থেকেও কিছু কিছু কর্মচারী সেসব দেখতে গিয়েছিলেন। কিন্তু আমাদের দুর্ভিক্ষমন্ত্রীমহাশয় তা অস্বীকার করে বললেন যে আসল ব্যাপারটা অতিরঞ্জন করে দেখান হচ্ছে। তিনি বারংবার অসত্য কথা বলেন এবং অবস্থা বিপাকে পড়ে অসত্যকে সত্য বলে ঘোষণা করে যান, এটাই হ'ল তাঁর চরিত্রের একটা বৈশিষ্ট্য। আজ দুর্ভিক্ষখাতে অতিরিক্ত টাকা মঞ্জুরীর প্রশ্ন এসেছে। পূর্বে যখন এ বিষয়ে সতর্ক হ'তে বলেছিলাম তখন এরা যদি তার গুরুত্ব বুঝতেন এবং দেশের স্বার্থটা সম্যক বিবেচনা করে দেখতেন তাহ'লে এই দুর্ভিক্ষকে ঠেকানোর মধ্য দিয়ে দেশের সাধারণ মানুষকে আর একটা দুর্ভিক্ষের আক্রমণ থেকে বাঁচাতে পারতাম। কিন্তু যখন ঘটনা ঘটে গেল, তাঁদের আত্মীয়স্বজন আক্রান্ত হ'লো, তখন তাঁরা মনে করলেন এবার বাঘ তাদের ঘাড়ে পড়বে—এখন সামাল দেও, কি করে তাদের বাঁচান যায় দেখো। যেখানে যে টাকা তাঁরা বরাদ্দ করেন, সেখানে সে টাকা এমনভাবে ও এমন লোক মারফৎ দেওয়া হয় যে তার অধিকাংশ টাকাই অন্যদিকে চলে যায়, সাধারণ দুঃস্থ মানুষের কোন কাজে লাগে না। এমন কি "রিলিফ"এর আটা, চালও আসল মানুষের কাছে গিয়ে পৌছায় না।

সরকার ঠিক করলেন এবার "রিলিফ" বন্টন করবার জন্য কমিটী তৈরী করতে হবে। সেই কমিটীতে আগে জনসাধারণের প্রতিনিধি ছিল না। এই "কমিটী" কিরূপ হবে? তাতে বিধানসভার একজন নির্বাচিত সভ্য, "ইউনিয়ন বোর্ড"এর

সভাপতি, আর জনগণের প্রতিনিধি থাকবেন, সরকারের জোড়া বলদের প্রতিনিধি, এই তিন জন মিলে কমিটী হবে। আঠারো থেকে কুড়িটী "ইউনিয়ন" নিয়ে "কমিটী" হলে তারা চাল নেবে কি করে? আমি নিজে এই অঞ্চলে বিভিন্ন "ইউনিয়ন" ঘুরে "রিলিফ" বিতরণের সময় দেখেছি, তাদের "রিলিফ"এর জিনিষ "স্যাংসান" হ'লো কিন্তু সেই জিনিষ পৌঁছিতে সময় লাগলো একমাস দেড়মাস। আর ওদিকে সব লোক সময়মত "রিলিফ" না পেয়ে মরে সাবাড় হয়ে গেল, কেউ বা গ্রাম ছেড়ে চলে গেল। আর যখন সত্যি সত্যি "রিলিফ"এর জিনিষ গিয়ে পৌঁছিল, তখন সেটাও জোড়াবলদের প্রতিনিধি যারা আছে, তাদের মধ্যে বন্টন হ'লো। "লিষ্ট" ঠিকই থাকলো—"রিলিফ" দেওয়া হ'লো। অথচ আসল মানুষের হাতে কিছু পৌঁছিল না। "টেষ্ট রিলিফ"ই হোক আর যে "রিলিফ"ই হোক সব ব্যাপারই দুর্নীতিতে ভর্তি। আসল মানুষের—জনসাধারণের প্রতিনিধি রাখা হয় না। আসলে সেখানে ভাঁওতা দিয়ে লোককে দেখান হচ্ছে তাঁরা কমিটী করে রিলিফ দিচ্ছেন। যাঁরা ওদিকেতে ঘুরে এসেছেন তাঁদের যদি এতটুকুও সৎসাহস থাকে, তাহ'লে তাঁরা এ কথা নিশ্চয়ই স্বীকার করবেন। এই সব আবাদী অঞ্চলে যেখানে মানুষ পৌঁছিতে পারে না, যেখানে যোগা-যোগ নাই—যেখানে পৌঁছিতে গেলে তিন চার দিন সময় লাগে সেখানে যদি দুর্ভিক্ষপীড়িত জনসাধারণের সত্যিকার প্রতিনিধি না থাকে, তহ'লে সেখানকার সত্যিকারের সংবাদ কি করে সরকারের কাছে পৌঁছায়? আমি দেখেছি প্রত্যেক হাট-বাজারে "রিলিফ"এর আটা, চাল নিয়ে প্রকাশ্যে বিক্রী হচ্ছে, মুনাফাবাজী চলছে। যারা সম্বন্ধিসম্পন্ন লোক ঐ কংগ্রেসবেঞ্চে বসে আছেন, তাঁরা এই সত্য কথাটা স্বীকার করবেন।

দ্বিতীয় কথা হচ্ছে আজও সরকারের হুঁসিয়ার হওয়া উচিত ছিল। শুধু "রিলিফ"এর চাল, আটা দিয়ে সমস্যার সমাধান হবে না। তাতে মনুষ্যত্ব ফিরে আসবে না। ভোটের রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে, ভোটের স্বেচ্ছাচারিতার ফলে যে সমাজকে তাঁরা বিধ্বস্ত করে দিলেন, সেই কৃষকসমাজ আজ আর নাই, সে ক্ষেতমজুরসমাজ আর নাই। দুর্ভিক্ষগ্রস্ত এলাকার যারা ব্যবসাদার, দোকানদার, সেই সমস্ত দোকানে যদি যান, তাহ'লে দেখতে পাবেন, সেই সব সাধারণ দোকানে আর টাকাপয়সা দিয়ে বেচাকেনা হয় না, থালা, ঘটী, বাটী, প্রভৃতি বাসনকোশন দিয়ে কেনাবেচা হয়। কৃষকদের বাসন-কোশন যাবতীয় সম্পত্তি আজ দোকানে দোকানে গুদাম সৃষ্টি করেছে। সরকারী রিলিফ দিতে একমাস দেড়মাস, দুইমাস সময় লাগছে।

(At this stage the red light was lit.)

আর এক মিনিট। এদের আজ সমাজজীবনে প্রতিষ্ঠিত করতে হ'লে চাই আরও টাকা, চাই কাজ ও সুষ্ঠু পরিকল্পনা। আমি শুধু দুর্ভিক্ষমন্ত্রীকে জিজ্ঞাসা করি—তাদের "নমিনেটেড" প্রতিনিধির মধ্যে কয়জন জনসাধারণের প্রতিনিধি? কংগ্রেসের প্রতিনিধি ছাড়া কি আর কোন মানুষ নাই, যারা সেখানে অবাধে চুরি করার সুবিধা ও সুযোগ পাচ্ছে? তাদের এটা রোধ করবার কি কোন ব্যবস্থা নাই? তাদের কাজ দেবার জন্য স্কীম করতে হবে, তা না হ'লে মুস্কিল হবে। তার জবাব তারা দেবে—জনসাধারণ যারা দুর্ভিক্ষে না খেতে পেয়ে মরছে, তার জবাব দেশের মানুষ দেবে, যারা বারে বারে আইনসভার মাঝে অসত্যকে সত্য বলে ঘোষণা করে, তার জবাব জনসাধারণ দেবে। এখনও সময় আছে। সরকার একটী স্কীম নিয়ে এসে এই সমস্যা সমাধানের ব্যবস্থা করুন, তা না হ'লে তোমাদের মৃত্যুও নিশ্চিত আসন্ন।

[4-50—5-15 p.m.]

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় "স্পীকার" মহাশয়, দুর্ভিক্ষ যে হবে সরকারের এক বৎসর পূর্বে জানা উচিত ছিল। "লেভী সিষ্টেম"এ চাষীর ঘর থেকে ধান জোর করে যখন নেওয়া হয়েছিল, তখনই আমরা বলেছিলাম—অন্ততঃপক্ষে পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলায় দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী। কিন্তু সেদিন তারা শোনেননি। তাছাড়া "ম্যাক্সিমাম এ্যামাউন্ট"এর কথা শুনতে পাচ্ছি—বাঁকুড়া জেলায় নাকি "রিলিফ"এর "ম্যাক্সিমাম" টাকা খরচ হয়েছে। মানুষ খাদ্যাভাবে ক্ষুধার জ্বালায় যখন ত্রাহি ত্রাহি রব ছাড়ল, হরতাল আরম্ভ করে দিল, হাজারে হাজারে "এস, ডি, ও'র, জেলা-ম্যাজিষ্ট্রেটের আফিসে হানা দিতে লাগল মানুষ না খেতে পেয়ে কিছু মরল এবং অর্দ্ধমৃত হ'ল শ্রাবণ-ভাদ্র মাসে, তারা বুঝতে পারল যে বাঁকুড়া জেলায় "রিলিফ" দিতে হবে। বাদশাহী আমলে যেমন হ'ত—ঘর পুড়ে গেল, নূতন ঘর তৈরী হ'ল, তখন বাদশাহের পাইক বরকন্দাজ গেল আগুন নেবাবার জন্য। সেই রকম রিলিফের নামেও কি কদাচার কত রকম অনাচার হচ্ছে "রিলিফ মিনিষ্টার" সে খবর রাখেন কি? যদি খোঁজ নিতেন তবে জানতে পারতেন যে এই "রিলিফ"এর টাকা কংগ্রেসী পেটোয়া লোক এবং "অফিসিয়াল"দের দশআনা-ছআনা ভাগ হয়ে গেছে।

Shame! Shame!

(Noise and interruption.)

হাঁ এটা সত্য—এরকম ঘটনা ঘটছে এবং এটা যার "কনষ্টিটুয়েন্সী" তিনি ওধারে বসে আছেন—

(Noise and interruptions; Shame! Shame!)

গঙ্গাজলঘাটিতে যা হয়েছিল তার একটু নমুনা দিচ্ছি—সেখানে একটি কলেজ ষ্টুডেন্ট পাঠান হয়েছিল তার হাতে টাকার অপচয় হবে না এজন্য; কিন্তু সেখানকার কংগ্রেসীরা বলেছিলেন, তা হবে না যেখানে একশত লোক কাজ করে সেখানে দু'শত লোক লিখতে হবে। ("শেম"! "শেম"!) এটা সত্য কথা। তখন সেই "ষ্টুডেন্ট"টি প্রতিবাদ করল এবং "ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট"কে জানাল প্রকৃত কথা কিন্তু শেষ পর্যন্ত কোন প্রতিকার না পেয়ে চলে আসতে হয় বাধ্য হয়ে। সুতরাং আমি জানতে চাই এটা কাদের প্রয়োজন? প্রকৃত অভাবগ্রস্ত তাদের জন্য? না যারা কংগ্রেসের দলে আছেন তাদের জন্য? আমি যে অভিযোগ করছি এটা মিথ্যা নয়, এতে

[Sj. Rakhahari Chatterjee.]

বিন্দুমাত্রও সত্য থাকে তাহ'লে তদন্ত করুন, "এন্‌কোয়ারী কমিশন" বসান, দেখতে পাবেন কিভাবে রিলিফের নামে দলীয় পেটোয়া লোক কিভাবে টাকার অপচয় করছে নিজেদের স্বার্থে। বাজেটে শুধু রিলিফের খাতে টাকা বরাদ্দ করলেই চলবে না সেই টাকাটা ব্যয়েরও সুব্যবস্থাও করতে হবে। যাতে প্রতি পয়সাটি সদ্ব্যয় হয় এবং যাতে প্রকৃত, সত্যি করে অভাবগ্রস্ত মানুষের অভাব দূর হয়—দলপুষ্টির জন্য খরচ যাতে না হয় সেটা দেখতে হবে। এবং যে সময় প্রয়োজন ঠিক সেই সময় যাতে করা হয়, সেটা দেখতে হবে। কারণ পরে এসব টাকা ব্যয় হ'লে শুধু সরকারী অর্থের অপচয় হবে। আগামী বৎসরের জন্য এখন থেকেই সাবধান থাকার প্রয়োজন আছে। সেদিন আমাদের "রিলিফ"" মন্ত্রী মহাশয় "ষ্টেটমেন্ট" দিয়েছেন এবার নাকি খুব "বাম্পার রূপ" হয়েছে সেটা সত্য নয়। ধান রোপন করার পর বৃষ্টি না হওয়ার ফলে বাঁকুড়া জেলায় নানা জায়গায় ধান শুকিয়ে গেছে, নষ্ট হয়ে গেছে। কাজেই এখন থেকেই প্রস্তুত থাকা দরকার। যাতে রিলিফের জন্য যদি প্রয়োজন হয় এবং হবেই, তখন যেন মানুষ মরবার আগে জীবন্ত অবস্থায় তারা এই রিলিফ পেয়ে বাঁচতে পারে। কিন্তু তা না হয়ে যদি দেখা যায় যে জনসাধারণের স্বার্থ অবহেলিত হচ্ছে এবং সরকারে টাকার অপচয় হচ্ছে তাহ'লে এরকম সরকারের পদচ্যুত হওয়া দরকার।

(NOISE AND DISTURBANCES.)

তারপর "ফেমিন"এর কথা—এ সম্বন্ধে কাগজে দেখলাম একটা "ষ্টেটমেন্ট" বেড়িয়েছে যে দেশের দুর্ভিক্ষ প্রতিরোধ করতে হ'ল জন্মনিয়ন্ত্রন প্রয়োজন—যেন একজনের ৩ জনের অধিক সন্তান না জন্মায়। তাহ'লে দেখতে পাচ্ছি "রিলিফ" দেওয়া উদ্দেশ্য নয়, মৃত্যু দ্বারা জনসংখ্যা কমিয়ে দুর্ভিক্ষ প্রতিরোধ করবে। এ হচ্ছে সরকারের রূপ। সেজন্যই কি সরকার দুর্ভিক্ষ সৃষ্টি করছেন? তাই যদি হয় এই সরকারকে জাতীয় সরকার, দরদী সরকার কেন বলবে? সেজন্য বলছি প্রকৃত তথ্য সংগ্রহ করে সমস্ত লোকের যাতে কল্যাণ হয় সে ব্যবস্থাই করতে হবে। আপনারা দেশেরই লোক, বৃটীশ শাসনের অবসানে দেশের লোক আশা করেছিল এবার শান্তি পাবে কিন্তু সে আশা নির্মূল হয়েছে; ঋষি বঙ্কিমচন্দ্র এই কথাই বলেছিলেন যে স্বরাজ ও স্বাতন্ত্র্যের মধ্যে বহু তফাৎ রয়েছে। বিদেশীর পরিবর্তে যদি স্বদেশীয় শাসনের আসনে বসে—তাহ'লেই স্বাতন্ত্র্য হয় না। আবার যদি বিদেশীর পরিবর্ত্তে স্বদেশীয় হানে—তাহ'লে তাকে স্বরাজ ও স্বাতন্ত্র পেয়েছি বলে দম্ভ করা চলে না। জুতা যদি বামুনে মারে—তাতে বেদনা হয় না এমন নহে। সেই রকমভাবে জাতির যদি কল্যাণ করা না গেল, তাদের প্রতি যদি দায়িত্ব পালন করা না হলো, তাহ'লে দুর্ভিক্ষ—বিদেশী বা দেশীয় দ্বারা সৃষ্ট—তাতে কিছু আসে যায় না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে—আমি যে সব অভিযোগ করেছি—বাঁকুড়ায় যা ঘটেছে সে রকম আর যাতে অপচয় ও অপব্যয় না হয় সে দিকে দেশের ও জাতির স্বার্থের খাতিরে সরকার যেন অবহিত হন।

(At this stage the House adjourned till 5-15 p.m.)

(*After adjournment.*)

Mr. Speaker: Mr. Dhananjoy Kar to speak. You must strictly keep to the time-limit; otherwise you run the risk of guillotine.

[5-15—5-25 p.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় "স্পীকার" মহাশয়, দুর্ভিক্ষ খাতে যে ১ কোটী ৬০ লক্ষ টাকা চাওয়া হয়েছে সেটা সত্যিকারের দুর্ভিক্ষ রোধের জন্য না দুর্ভিক্ষগ্রস্ত লোকদের আরোও দুর্দ্দশা দূর করার জন্য? সরকারী কার্যকলাপ দেখে মনে হচ্ছে তাদের মতলব এর কোনটাই নহে। নিজেদের দলীয় লোককেই পুষ্ট করা, সেটাই আমি আজকে পরিষ্কার কোরে বোলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই "গ্রাটুইটাস রিলিফ" যা দেওয়া হচ্ছে সেটা নেওয়া সরকারী ব্যবস্থায় যা খরচ দেওয়া আছে, সেটা আজকে বিচার করে দেখা দরকার। আজকে প্রতি মণে "হোলসেলার"দের দুই আনা আর "রিটেলার"দের ছয় আনা দেওয়া হয়। সহরের পক্ষে হয়ত এতে নেওয়া সম্ভবপর হতে পারে; কিন্তু পাড়াগাঁয়ে যেখানে সহর থেকে ৩০।৪০ মাইল দূরে নিতে হয়, সেখানে কিছুতেই এতে নেওয়া চলতে পারে না। বিশেষতঃ আমার "কন্‌ষ্টিটুয়েন্সী" ঝাড়গ্রাম "সাবডিভিসন"এ যেখানে প্রতি ইউনিয়নে নিতে হ'লে ৮।১০ মাইল এমন কি কোন কোন জায়গায় ১৫।১৬ মাইল রাস্তা নিতে হয় "রিটেলার"এর কাছ হতে—এত কম পয়সা দিলে কি করে মাল নেবে লোকে? এজন্য মাল কম পড়ছে এবং পয়সাও বেশী রোজগার হচ্ছে। এ সম্বন্ধে অনেক উদাহরণ আমার জানা আছে, আমি জানাতে পারি। আজকে যে ডাইভোল "ডিষ্ট্রিবিউসন" করা হচ্ছে তা করার সরকারী নিয়ম হচ্ছে প্রেসিডেন্ট-পঞ্চায়েৎ সরকারী মনোনীত ব্যক্তি "এগ্রিকালচারাল এ্যাসিষ্টান্ট", "লোকাল এম, এল, এ"দের "কমিটি" গঠিত করে, কিন্তু আমার "কনষ্টিটুয়েন্সী"র কোন এলেকায় এ রকম কোন "কমিটি" হয়েছে বলে আমি জানি না। এ রকম অনেক ঘটনার কথা শুনেছি যেখানে ৪ সের পাওয়ার কথা সেখানে ২।২॥ সের দেওয়া হচ্ছে। এইসব ঘটনার কথা "এস, ডি, ও" এবং "সার্কেল অফিসার"কে আমি জানিয়েছি। আট মাইল রাস্তা আসতে ৪৯ মণ জিনিষ ৪৬ মণ হয়ে গেল এরকম ঘটনাও অনেক হচ্ছে। আজ বিলিব্যবস্থার যা অবস্থা হয়েছে তাতে সত্যিকারের যাদের পাবার দরকার তারা পাচ্ছে না। আমাদের এলেকায় কি পরিমাণ ক্ষতি হয়েছে তা প্রফুল্লবাবু জানেন। তাই তাঁকে অনুরোধ করছি সত্যিকারের যাদের "রিলিফ" পাওয়ার দরকার তাদের দেবার যেন ব্যবস্থা করা হয়।

Sj. Madan Mohon Saha:

মাননীয় "স্পীকার", স্যার, সরকার যে অযোগ্য সেটা আরেকবার প্রমাণ করে দিলেন। দুর্ভিক্ষে যখন লোকে খেতে পাচ্ছে না, না খেতে পেয়ে মারা

যাচ্ছে তখন "রিলিফ" দেবার ব্যবস্থা না করে সময় "ওভার" হয়ে যাবার পর এই ব্যবস্থা করছেন। আমরা দেখেছি যে, আরামবাগের মৃত্যুঞ্জয় দুবে না খেতে পেয়ে মারা গেল—এটা পত্রিকায় বেরিয়েছিল, অথচ সরকার থেকে এসম্পর্কে কোন ব্যবস্থা করা হয়নি। ২৪-পরগণার কাকদ্বীপে বহুলোক অনাহারের জ্বালায় আত্মহত্যা করেছে—সুরেন্দ্র দলই এবং হালিমুদ্দিন শেখ "সুইসাইড" করেছে অনাহারের জ্বালা সইতে না পেরে। এরকম বহু ঘটনা হয়েছে। যারা না খেতে পেয়ে আত্মহত্যা করছে তাদের সম্পর্কে সরকার কোন ব্যবস্থাবলম্বন করছেন না। "রিলিফ"এর জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকা জনসাধারণের "কমিটি" করে ব্যয় করা হচ্ছে না। আরামবাগে দেখতে পাচ্ছি কংগ্রেসপক্ষীয় লোকদের "রিলিফ" দেওয়া হচ্ছে, এবং সেখানে লোকে যখন দাবী করছে যে, তারা "রিলিফ" পাবার উপযুক্ত তখন মাত্র ৪।৫ জনকে "রিলিফ" দেওয়া হচ্ছে। বলা হচ্ছে দুর্ভিক্ষমন্ত্রী প্রফুল্ল সেনকে যারা ভোট দেয়নি তারা "রিলিফ" পাবে না। যারা তাঁকে ভোট দিয়েছে তারাই "রিলিফ" পাবে। এটা শুধু আরামবাগের ব্যাপার নয়, সমগ্র দেশেই এইরকম চলছে। আজকে "ইউনিয়ন বোর্ড"এর "প্রেসিডেন্ট"রাই—যাঁরা নাকি কংগ্রেস পক্ষের লোক—"রিলিফ" বন্টন করছে। অথচ এসম্পর্কে এক "সারকুলার"এ জানান হয়েছে যে, নির্বাচিত "এম, এল, এ"দের "কমিটি"তে নেওয়া হবে। কিন্তু আরামবাগে আমরা দেখেছি আরামবাগের "মেম্বার" সেই "কমিটি"র মধ্যে নেই। আমাকে সেই "কমিটি"র মধ্যে না নেওয়ার কারণ সম্পর্কে জানিয়ে দেওয়া হয়েছে যে, আমি বয়সে ছোট, এবং আমি "জুনিয়র এম, এল, এ"। বয়সে ছোট হ'লে "রিলিফ কমিটি"র "মেম্বার" হতে পারে না এটা কোন ধরণের আইন আমি বুঝতে পারি না। "রিলিফ"মন্ত্রী ও খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনকে আমি জিজ্ঞাসা করছি কেন সেখানে জনসাধারণের নির্বাচিত আইনসভার সভ্যকে সেই "কমিটি"তে গ্রহণ করা হয়নি। গোহাটায় এক হাজার লোক "রিলিফ" দাবী করেছিল, কিন্তু কংগ্রেসের অনুগ্রহভাজন লোকদের দেখেশুনে মাত্র ৩০০ লোককে "রিলিফ" দেওয়া হয়েছে। আমি এর প্রতিবাদ করি এবং এর সুব্যবস্থা করার জন্য দাবী করছি।

[5-25—5-35 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় "স্পীকার" মহাশয়, দুঃখের সহিত আমাদের আজ লক্ষ্য করতে হ'চ্ছে যে, আমাদের এই পশ্চিমবঙ্গে দিনের পর দিন সরকারী বাজেটে দুর্ভিক্ষের খাতে খরচ বেড়ে চলেছে। আজ এইখানে যে "সাপ্লিমেন্টারি বাজেট এষ্টিমেট"এর আলোচনা হ'চ্ছে তাতে দেখছি ১ কোটী ৬০ লক্ষ টাকা দুর্ভিক্ষ খাতে ব্যয় করা হ'য়েছে। এই ব্যয়ের পেছনে সরকার পক্ষের দুর্ভিক্ষপীড়িত মানুষের প্রতি দরদ-বোধের অভাব প্রতিপদে যে প্রকট হ'য়ে উঠেছে সেই সম্বন্ধে আমি দু'একটা কথা বলব। এর পূর্বে আরও অনেকে ব'লে গেছেন যে যখন জনসাধারণের সত্যিকারের অভাব হয় তখনই সাহায্যের প্রয়োজন। কথায় বলে,

help delayed, help denied.

মানুষের দুঃখ কষ্টের সময় যখন সময়মত সাহায্য না পৌঁছায় তখন যে কি হয় সে বিষয়ে প্রত্যক্ষ অভিজ্ঞতা না থাকলে সেটা বুঝে ওঠা শক্ত। আমি আমাদের মেদিনীপুরের সদর মহকুমার অনেক জায়গার কথা জানি সেখানকার ভীষণ অবস্থা বান ও বন্যার প্লাবনের ফলে হ'য়েছে। লোকের সেই সব দুর্দ্দশার কথা পুনঃ পুনঃ টেলিগ্রাফ মারফৎ, সভা-সমিতি ও খবরের কাগজের মারফৎ জানান হ'লেও সাহায্য অতি অল্প পরিমানই সেখানে পৌঁচেছে।

তারপরে যেভাবে সাহায্য দেওয়া হ'য়েছে তাতে লোকের দুঃখকষ্ট কমার দূরের কথা আরও দুঃখের মাত্রা বেশী হ'য়েছে। কোথাও কোথাও কৃষিঋণ দেওয়া হ'য়েছে ৫৲১৫ মাত্র। "টেষ্ট-রিলিফ"এর কাজ বহু জায়গায় এই রকম হ'য়েছে যে বর্ষা আরম্ভ থেকে আজ পর্য্যন্ত যে জায়গায় রিলিফের একান্ত প্রয়োজন সেসব জায়গায় কিছুই হয়নি। এখনও হ'তে পারে, এখনও পর্য্যন্ত "কমিটি"তে কেউ নির্বাচিত হ'ন নি। কেশপুরের কথা আমি জানি সেখানে আজ পর্য্যন্ত পুনঃ পুনঃ আবেদন করা সত্ত্বেও এমনকি কর্ত্তৃপক্ষের সঙ্গে দেখা কর। সত্ত্বেও "টেষ্ট-রিলিফ"এর কোন কাজ সেখানে আরম্ভ হয়নি। তাছাড়া সেখানে যে পরিমান খয়রাতি সাহায্য দেওয়া হ'য়েছে সে প্রয়োজনের তুলনায় অতি সামান্য। এই খয়রাতি সাহায্য আমাদের দেশে যতটুকু দেওয়া হয় তাদ্বারা মানুষের দুঃখ-কষ্ট মোচন হয়না। এই খয়রাতি সাহায্য না ক'রে যদি মানুষকে কাজ দেওয়া হয় তাদ্বারা কোনরকমে খেয়েপরে থাকতে পারে। সময়মত অভাবের মুখে কাজ জুটিয়ে দিলে মানুষকে আর খয়রাতি সাহায্য দেওয়ার দরকার করেনা। কিন্তু দুঃখের সহিত বলতে হ'চ্ছে সময়মত "টেষ্ট-রিলিফ"এর কোন ব্যবস্থা সরকার কর্ত্তৃক অবলম্বিত হয়না। মানুষ কাজ চায়, কাজ ক'রেই খেতে চায়, সেই ব্যবস্থা সরকারের করা উচিত। তা না ক'রে যেভাবে সাহায্যের ব্যবস্থা হ'য়ে আসছে তাতে কোনই লাভ হয়না। অথচ খরচও বেড়ে যায়।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই "সাপ্লিমেন্টারী বাজেট"এ দুর্ভিক্ষ খাতে এক কোটী ষাট লক্ষ টাকা যে ব্যয় হয়েছে সেই সম্বন্ধে আমি দু'চারটে কথা

[Dr. Kanailal Bhattcharya.]

বলতে চাই। আমরা পশ্চিমবঙ্গ সরকারের মুখপাত্র "ওয়েষ্ট বেঙ্গল" পেপার থেকে জানতে পেরেছি তারা নাকি সাড়ে সাত লক্ষ লোককে "রিলিফ", সমস্ত পশ্চিমবঙ্গে দিয়েছেন। পশ্চিমবঙ্গে যে দুর্ভিক্ষ দেখা দিয়েছে তাতে কত লোক "এ্যাফেক্টেড" বলতে পারিনা। কিন্তু যারা "এ্যফেক্টেড" হয়েছে তাদের অনেককেই "রিলিফ" দেওয়া হয় নাই। সারা পশ্চিমবঙ্গের কথা আমি বলতে পারব না, তবে আমাদের জেলায় যা হয়েছে সে সম্বন্ধে দু'চার কথা বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকার হাওড়ায় ৮ হাজার লোকের দুর্ভিক্ষ "রিলিফ"এর "লিষ্ট" দিয়েছেন। সেখানে কিভাবে "রিলিফ ডিষ্ট্রীবিউটেড" হয়েছে শুনুন। হাওড়া জেলায় ৮৪টা "ইউনিয়ন" আছে। চারিটি বাদ দিয়ে ৮০টা "ইউনিয়ন"এর প্রত্যেকটায় ১০০ জনকে কিভাবে "রিলিফ" দেওয়া হয়েছে, "ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট্" প্রত্যেক "ইউনিয়ন বোর্ড"কে "নোটিশ" দিলেন-- "তোমাদের ইউনিয়নএর ১০০ জন লোক যারা নাকি অত্যন্ত দুঃস্থ তাদের নাম জানাও, তাদের রিলিফ দেয়া হবে।" এইভাবে গ্রামাঞ্চলের কতকগুলি করে লোকের নাম সংগ্রহ করা হলো, যার ফলে প্রকৃতই যারা দুর্ভিক্ষপীড়িত তাদের খবর না দিয়ে সরকারের কাছে যে নামের "লিষ্ট" দেয়া হলো সেই সমস্ত "লিষ্ট" অনুসারে "রিলিফ ডিষ্ট্রীবিউট" করা হলো যার সম্বন্ধে "ইউনিয়নবোর্ড"এর "প্রেসিডেন্ট" বা অন্য কোন লোকেরই বলবার সুযোগ রইল না। তাতে দেখা গেছে কি যে "ইউনিয়ন"এ ৫০০ লোককে "রিলিফ" দেয়া দরকার সেখানে খুসীমতন মাত্র ১০০ লোককে দেয়া হল, বাকি ৪০০ লোক কিছুই পেলেনা। আবার যে "ইউনিয়ন"এ "রিলিফ" দেয়ার দরকার নাই সেখানে অনর্থক বাজে ব্যয় করে ১০০ লোককে দেয়া হল। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এই যে, যে উদ্দেশ্যে এই "রিলিফ"এর টাকা বিতরণ হচ্ছে সে উদ্দেশ্য সিদ্ধ হচ্ছে না। বরং বিফলই হচ্ছে।

তারপরে "রিলিফ"এর যে চাল পাঠানো হয়, সরকার হয়ত বলবেন যে ভিক্ষার চালের আবার কাড়া আকাড়া কি। কিন্তু মানুষের খাদ্য ত সে চাল হতে হবে। সে চাল দেখে আমরা আশ্চর্য্য হয়ে ভাবি আর জিজ্ঞাসা করি, সেই চাল সরকারী গুদামে কি করে এলো। দু'চারজন স্কুল তার নমুনাও দিয়েছেন। এ বিষয়ে আমার সন্দেহ আছে, আশা করি সরকার আলোকপাত করবেন। "মিলিটারী" থেকে প্রত্যেক বছর প্রায় দশ, পনেরো, বিশ হাজার টন চাল মানুষের অখাদ্য বলে "ক্যাচড্ ফডার" হিসেবে বিক্রয় করে দেয়, সে চালের "স্যাম্পল" নিয়ে আমি "লেবরীটারী"তে "টেষ্ট্" করে দেখেছি

that is unfit for human consumption.

"মথ" আর "কাঙ্কাস" ভরা, "ভিটামিন"এর লেশমাত্রও তাতে নেই, যা কিছু ছিল তা ঐ মথের দ্বার নষ্ট হয়েছে, সে চাল খেলে মানুষের "এমোইবায়োসিস্" হতে বাধ্য। কিন্তু আমার প্রশ্ন হল সে চাল সরকারী গুদামে এলো কি করে? আমরা খবর পেয়েছি যেসব কন্ট্রাক্টরেরা সরকারের চাল এক গুদাম থেকে আর এক গুদামে পরিবহন করেন, তাঁরা মানুষের অখাদ্য ঐ চাল কিনে সেই চাল সরকারের উড়িষ্যা ও বার্মা থেকে কেনা ভাল চালের বদলে সরকারের গুদামে ভর্ত্তী করে দেয়, এবং সেগুলি পাঠিয়ে দেয়— "রেনলী রিলিফ"এর নামে গ্রামের দিকে। গ্রামের লোক সহরের লোকদের মতন ত আর চেঁচামিচি করতে পারেনা। কাজেই মানুষের অখাদ্য সেই চাল নির্বোধ গ্রামের লোকদের ঘাড়ে চাপিয়ে দেয়া হয়। আমি আশা করি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এবিষয়ে আলোকপাত করবেন। কারণ এটা একটা মস্ত বড় প্রশ্ন, জনসাধারণের কাছে আজ খুলে বলা দরকার। "ক্যাচিল ফডার" বলে যে চাল বিক্রয় হচ্ছে সেই চাল আজ জনসাধারণকে "রিলিফ"এর নামে খাওয়ানো হচ্ছে সরকারের তরফ থেকে।

তারপরে "রিলিফ ডিষ্ট্রীবিউসন"এর "লিষ্ট" তৈরীর "ফর্ম" সম্বন্ধে পূর্ববর্ত্তী বক্তারা কিছু কিছু বলে গেছেন, আমার "কনষ্টিটুয়েন্সি"র ১২টা "ইউনিয়ন"এর থেকে খবর নিতে যথেষ্ট চেষ্টা করা গেছে, "ইউনিয়ন এসিষ্টান্ট"দের কাছ থেকেও খবর নেয়া হয়েছে তারাও বিশেষ কিছু বলতে পারে নি; শুনলাম "লিষ্ট"টা আগেই তৈরী হয়েছে—

[5-25—5-45 p.m.]

আমাদের কোন রকম "কন্সাল্ট" করা হয়নি। অবশ্য দায়িত্ব আপনাদের। যদি "ম্যাল্‌ডিষ্ট্রীবিউসন" হয় তাহ'লে তারজন্য

President of that committee responsible

হবে। আমি এই সম্পর্কে জেলা ম্যাজিষ্ট্রেটের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম তিনি কিছু বলতে পারলেন না। তিনি বললেন সরকার থেকে নির্দ্দেশ এসেছে। আমরা চেয়েছিলাম এই সম্পর্কে একটা "ষ্টেটমেন্ট ইস্যু" করতে এবং সেটা "এ্যসেম্‌ব্লি"র সামনে রাখবার জন্য। এই অবস্থাটাই আমি সরকারকে জানিয়ে দিতে চাই। তাঁরা যদি মনে করে থাকেন যে "এস্, এল, এ"দের "প্রেসিডেন্ট" করে দিলেই

তারা খুশী হবে তাহ'লে মস্তবড় ভুল করছেন এই "প্রেসিডেন্ট"কে দিয়ে যদি কাজ করাতে চান তাহ'লে তাঁকে যথেষ্ট ক্ষমতা দিতে হবে এবং সমস্ত কিছু তদারকের ভার তাঁর উপর দিতে হবে। এই "রিলিফ কমিটি"র তরফ দিয়ে "রিলিফ ডিষ্ট্রিবিউট" করবার ভার সম্পূর্ণরূপে প্রেসিডেণ্ট ও "এম, এল, এ"এর হাতে থাকা প্রয়োজন। কিন্তু সে দায়িত্ব যখন তাঁদের উপর দেওয়া হয়নি তখন আমরাও এই দায়িত্ব গ্রহণ করতে রাজী নই। এই খয়রাতি সাহায্যের জন্য লক্ষাধিক টাকা খরচ হচ্ছে অথচ সেই টাকা সত্যই যাদের প্রয়োজন তাদের নিকট গিয়ে পৌঁচাচ্ছে না এবং এরমধ্যে "ম্যালডিষ্ট্রীবিউসন" হচ্ছে। সেইজন্য এইখাতে সরকার যে অর্থ চেয়েছেন তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি।

Sj. Sishuram Mondal:

মাননীয় "স্পীকার" মহাশয়, একটু অল্প আগে মাননীয় সদস্য রাখহরী চট্টোপাধ্যায় মহাশয় বাঁকুড়ায় দুর্ভিক্ষ সাহায্য বিষয় বক্তৃতা করতে গিয়ে কতকগুলি সংবাদ বিকৃত করে এই হাউসের সদস্যদের মধ্যে পরিবেশন করেছেন, সেগুলির প্রতিবাদ না করে পারা যায় না।

তাঁর প্রথম চার্জ হচ্ছে বাঁকুড়ায় দুর্ভিক্ষ সাহায্য এমন সময় বিতরণ করা হয় যখন সেখানকার লোকের নাভিশ্বাস উঠেছিল। কিন্তু এটা মোটেই সত্য নয়। মে মাসের প্রথম থেকেই বাঁকুড়া জেলার "টেষ্ট রিলিফ"এর কাজ সুরু হয়। যখন কৃষক-মজুরের ঘরে খাবার থাকেনা ও কাজের অভাব হয় সেই সময় থেকেই সরকার তাদের খাবার ও কাজ দেবার ব্যবস্থা করেছিলেন। তারপর সেই ব্যবস্থা বহু দিন ধরে চালু থাকে। পরে চাষের কাজ আরম্ভ হবার সময় কৃষি-ঋণের যখন প্রয়োজন হয় সেই সময় কৃষি-ঋণ দেওয়া হয়েছিল এবং তার পূর্বে "ক্যাটল লোন"ও দেওয়া হয়েছিল। এবং ভাদ্র মাসে যখন লোকের সবচেয়ে বেশী কষ্ট হয় সেই সময় "ক্যাশ ডোল"ও "ড্রাই ডোল" দেবার ব্যবস্থা হয়েছে। এই "ক্যাশ ডোল" দেবার ব্যবস্থা যে পদ্ধতি অনুসারে হয়েছে তাতে কোন কংগ্রেসী প্রতিষ্ঠানের মারফত হয়নি এবং সেই কৃষি "লোন"ও কংগ্রেসী প্রতিষ্ঠানের মারফৎ হয়নি। "টেষ্ট রিলিফ ওয়ার্ক"এর কর্ত্তাও কোন কংগ্রেস কর্মী ছিলেন না, অথচ তাঁরা কংগ্রেস মন্ত্রীমহাশয়ের উপর ঝাল ঝেড়ে দিলেন। বাঁকুড়ার এই অসত্য বা বিকৃত সংবাদগুলি যাতে আপনারা গ্রহণ না করেন এবং সত্য সংবাদগুলি যাতে আপনারা সকলে জানতে পারেন তার জন্যই আমি দাঁড়িয়েছি। সেখানে "ক্যাশ ডোল" দেওয়া হয়েছে ৪০ হাজার টাকা। সারা বাঁকুড়া জেলায় "টেষ্ট রিলিফ ওয়ার্ক"এর জন্য ১৪ লক্ষ ৫০ হাজার টাকা ও "এগ্রিকালচারাল লোন" হিসাবে ৫০,৮৯৫ টাকা ব্যয় করা হয়েছে। সারা বাংলা দেশের মধ্যে বাঁকুড়া জেলা বোধ হয় সবচেয়ে বেশী টাকা এই "টেষ্ট রিলিফ ওয়ার্ক"এর জন্য পেয়েছে। সেখানে শিল্পিদের "লোন" হিসাবে দুই লক্ষ চব্বিশ হাজার টাকা দেওয়া হয়েছে এবং "হাউস বিল্ডিং"এর দরুন ৪৫,৭৪০ টাকা দেওয়া হয়েছে। সুতরাং এই যে বলা হয়েছে যে বাঁকুড়া জেলায় দুর্ভিক্ষের জন্য গভর্নমেন্ট ভালভাবে কাজ করেন নাই, এই কথার মূলে কোন সত্য আছে বলে আমি মনে করি না।

সভাপাল মহাশয়, আর একটা বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—রাখহরি বাবু বলেছেন বাঁকুড়া

District Congress General Secretary's Constituency—

গঙ্গাজলঘাঁটীতে নাকি একটা মস্তবড় খেলা হয়ে গিয়েছে সেখানে কোন কলেজ ষ্টুডেন্ট "টেষ্ট রিলিফ ওয়ার্ক" করতে গিয়েছিল। তাকে নাকি কংগ্রেস প্রতিষ্ঠানের তরফ থেকে বলা হয়েছিল মিথ্যা লিখে একশো টাকার জায়গায় তিনশো টাকা চুরি করে দিতে। কিন্তু সে এই চুরির কাজ করতে রাজী না হওয়ার জন্য তাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল। এ উক্তিতে সত্যের অপলাপ করা হয়েছে। কারণ সেই গঙ্গাজলঘাঁটী থানা এলাকায় কোন কংগ্রেসী "পে মাষ্টার"ও ছিল না, এবং "রোড্ মোহরার"ও ছিল না। যে দুইজন মোহরারকে কাজ থেকে "ডিস্‌মিস্" করা হয়েছিল তার মধ্যে একজন ছিল পানওয়ালা আর একজন "রিটায়ার্ড ব্যাঙ্ক" কর্ম্মচারী ' 'কলেজ ষ্টুডেন্ট্" সেখানে কেউ মোহরার ছিল না। "কলেজ ষ্টুডেন্ট্"এর মারফৎ "টেষ্ট রিলিফ"এর কোন টাকা বিতরণ করা হয়নি। সুতরাং রাখহরি বাবু, যিনি সূক্ষ্ম বুদ্ধিসম্পন্ন তাঁর মুখ দিয়ে কি করে একথা বার হ'ল তা বুঝতে পারা যায় না। "পে মাষ্টার"এর হাত দিয়ে টাকা বিলি হয় "রোড মোহরার"এর "স্লিপ"এ, সেখানে কোন "কলেজ ষ্টুডেন্ট্" "রোড মোহরায় ছিল না—(গোলমাল্ ও হৈ চৈ) কাজেই তিনি কি রকম সত্য বলেছেন এগুলি একটু বিচার করে দেখবেন। কংগ্রেসকে খেলো করবার জন্যই কতকগুলি অসত্যের

[Sj. Sishuram Mondal.]

সাহায্য নিলেই যে কাজ চলে যায় তা নয়। জানি এইরূপ বিকৃত সত্যই বিরোধী দলগুলির রাজনৈতিক পুঁজি। যা সত্য তা নিশ্চয়ই একদিন ফুটে বেরোবে। (এ ভয়েস; চীৎকার-নিশ্চয়ই হবে।) হাঁ, হবে। সে জন্য এত চীৎকার করবার প্রয়োজন নে-ই। মোটের উপর বাঁকুড়া জেলায় সরকার যে ভাবে দুর্ভিক্ষের জন্য সাহায্যের ব্যবস্থা করেছেন তাতে কংগ্রেস সরকারকে সকলের প্রশংসা করা উচিত।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এখানে আসতেই তো কয়েক সেকেণ্ড গেল, মাত্র ২৪০ সেকেণ্ড আমার সময়। আজ প্রথমেই দুর্ভিক্ষ এবং অখাদ্য সম্বন্ধে আলোচনা। আজকে "সাপ্লিমেন্টারী বাজেট" এসেছে অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য। সেটায় আমাদের সুচিন্তিত অভিমত হচ্ছে, যেমন পাঠ্য অবস্থায় যে পত্র সিগারেট এবং "সিনেমা" দেখবার জন্য অত্যন্ত বাজে খরচ করে ফেলে, এবং সেজন্য আর তাকে বাড়তি কিছু দেওয়া উচিত নয়, সেই যুক্তিতে বর্ত্তমান সরকারের যেরূপ অপচয় এবং যেরূপ তাদের অব্যবস্থা সেইজন্যই তার হাতে আর একটি পয়সাও উদ্‌বৃত্ত দেওয়া উচিত নয়। দুর্ভিক্ষ সাহায্যের সম্বন্ধে এই সভাতে যে সমস্ত আলোচনা হয়েছে তার মধ্যে বাঁকুড়া থেকে শ্রীরাখহরি চট্টোপাধ্যায় যা বলেছেন আমাদের কংগ্রেস বন্ধুদের তরফ থেকে প্রতিবাদ করা হয়েছে। আমাদের অনেক দিনের কংগ্রেসী বন্ধু শ্রীশিশুরাম মণ্ডল, রাখহরি বাবুর কথার প্রতিবাদ করেছেন। তার মধ্যে তিনি একটা কথা বলেছেন মিথ্যা কথা বলে কংগ্রেসকে ডোবান যায়। আমি বলি, না, সত্য কথা বলেই কংগ্রেসকে ডোবান যায়। শিশুরাম বাবু বলেছেন, বাঁকুড়া জেলায় সরকারী সাহায্যও ঋণদান প্রভৃতি সমস্তই যথা সময়ে দেওয়া হয়েছে, এটা তিনি যে কিভাবে বললেন তা ভেবে অবাক হ'য়ে যাচ্ছি। বাঁকুড়া কি হঠাৎ একটা ভাল যায়গা হয়ে গিয়েছে যে সমস্ত সরকারী ব্যবস্থা ঠিক সময়ে প্রতিপালিত হয়।

[5-45—5-55 p.m.]

আমিতো মশায় পশ্চিম বাংলার যেখানে যাচ্ছি সেখানে সরকারী ব্যবস্থা এখন যা আছে তাতে দেখছি যে কাজটা যখন করবার দরকার সেটা অন্ততঃ ছয়মাস পরে হয়। সরকারের সব কাজই দুপুর বেলায় প্রাতর্ভ্রমনের ন্যায়। (হাস্য)

এবার আমাদের দুর্ভিক্ষ মন্ত্রী, আমাদের দাদার কথা। আমি দামোদর বন্যাপীড়িত অঞ্চলে যে দুর্দশা দেখেছি—সে কথা আজ এখানে উল্লেখ করছি। "ট্রান্স দামোদর এরিয়া"র একটা বিস্তৃত অঞ্চল (সেখানে আরামবাগকেও ধরা চলে তার সঙ্গে) সেখানে এই যে বিগত বন্যা—যেটা সরকারী রেকর্ডে সব চেয়ে বড় বন্যা—এত বড় যে বান হ'ল সেখানে সরকার তরফ থেকে কোন "রিলিফ"এর ব্যবস্থা করা হয়নি। মাইলের পর মাইল বালি পড়ে গেছে তাতে তৈয়ারী ধানগাছ চাপা পড়ে গেছে এবং হাজার হাজার বিঘা যে জমিগুলো জলা হয়ে গেছে সেখানে ধান পচে গেছে। এমনকি কয়েকটি গাঁয়ের ঘর বাড়ী পড়ে সমস্ত কিছু নষ্ট হয়ে গেছে এবং কয়েকটি গ্রাম আংশিকভাবে দামোদরগর্ভে নিমজ্জিত হয়ে গেছে। সরকারের অবসর হয়নি সে সব খোঁজ নেওয়ার, সেখানে কোন কিছু "রিলিফ" দেওয়া যায় কিনা সেটা ভেবে দেখবার। আমি বিশেষ করে "মেন্সন" করছি যে জামালপুর থানার কৃষ্ণরামপুরের কয়েকটি গ্রাম একেবারে দামোদরগর্ভে পড়ে গেছে। এখন যদি সরকারের সেই দিকে দৃষ্টি থাকতো এবং "রিলিফ"এর যদি সত্যিকারের একটা মনোভাব থাকত তাহ'লে যে বাঁধ গুলি নষ্ট হয়ে গেছে এবং হানা হয়ে গেছে সে বাঁধগুলি বাঁধবার জন্য "চেম্ট রিলিফ"এর নামে তারা টাকা দিতে পারতেন, আশ্চর্যের বিষয় তাঁরা কিছুই করেন নাই। অপচয়ের কথা যেটা আমি বল্লাম সেটা "সিভিল সাপ্লাই ডিপার্টমেন্ট"এর। আরামবাগের "এ, এার, সি, পি"র "অর্ডার"এ যে কাণ্ডটি হয়েছে সেটা বলার কথা নয়। এক জায়গার নামে ধান কিনে অন্য স্থানের গাড়ী ভাড়া, অর্থাৎ এক মাইল গাড়ী ভাড়ার জায়গায় ১০-১২ মাইল জায়গার গাড়ীভাড়া চুরি করে মন করা অন্তত ৫৲ টাকা করে সেই জায়গায় লুন্ঠন করা হয়েছে। দুর্নীতি দমন বিভাগ থেকে এই সম্পর্কে যাদের অভিযুক্ত করা হয়েছিল পাইকারী হারে সেই সমস্ত মামলা নাকি তুলে নেওয়া হচ্ছে। সব চেয়ে আশ্চার্যের কথা হচ্ছে যে সমস্ত মহাপুরুষেরা অভিযুক্ত হয়েছে তাদের মধ্যে ভূতপূর্ব রায়না থানার কংগ্রেস "সেক্রেটারী" ও আরো কংগ্রেসের চাঁইরা রয়েছেন। তাঁরা "এজেন্ট" হিসাবে অভিযুক্ত হয়েছিলেন। পাকা পাকা যে সমস্ত মহাজন অভিযুক্ত হয়েছিলেন তারা সে জায়গায় "লেভি" ব্যবস্থা প্রত্যাহারের সুযোগে রেহাই পাচ্ছেন। সে জন্য আমার বক্তব্য হচ্ছে এই যে ব্যবস্থা এটা যদি আপনারা সংশোধন না করেন তাহ'লে একটি পয়সাও যদি দেওয়া যায় তারও অপচয় হবে।

Sj. Sudhir Chandra Das:

মাননীয় সভাপাল মহাশয়, খাদ্যকে রাজনীতির উর্দ্ধে রাখবেন বলে মন্ত্রীমহাশয় পুনঃপুনঃ প্রতিশ্রুতি দিয়েছেন; সেটা ভঙ্গ করেছেন বলেই আমি এই "কাট মোশন" এনেছি। আমরা প্রথমে দেখতে পেলাম কাঁথি মহকুমার ১½ "পারসেন্ট"—২ "পারসেন্ট" লোককে "রিলিফ" দেওয়া স্থির হয় এবং সেভাবে সরকারের কাজও আরম্ভ হয়। তারপর জানা গেল কয়েকটি বিশেষ বিশেষ পকেটে যায়। কাঁথি, দুগ্ধ বেসিন, বারচৌকা, বাঁধিয়া বেসিন, ভগবানপুর ১নং, ২নং "ইউনিয়ন" প্রভৃতি বিশেষ বিশেষ অঞ্চলে "রিলিফ" বাড়িয়ে দেওয়া হ'ল। তারপর দেখা গেল খাদ্যমন্ত্রীর কাছে থেকে বিশেষ সুপারিশ করে ভগবানপুর ও খেজুরী থানায় ১০ "পারসেন্ট" পর্য্যন্ত বাড়ান হ'ল কারন কংগ্রেস-প্রার্থী সেখানে জয়লাভ করেছে। এ বিষয়টা মহকুমা শাসককে জিজ্ঞাসা করলে তিনি উর্দ্ধদিকে অঙ্গুলি নির্দ্দেশ করে বল্লেন, আমার কোন হাত নেই উপর থেকে নির্দ্দেশ এসেছে—

(CRIES OF SHAME, SHAME.)

তাই এই ব্যবস্থা হয়েছে। অথচ খাদ্যমন্ত্রী মহাশয় জানতেন যে আমাদের কাঁথি মহকুমার প্রত্যেকটি অঞ্চল ঘাটতি অঞ্চল। এবং তিনি আশ্বাসও দিয়েছিলেন ও জায়গায় যাতে "রিলিফ" বেশী দেওয়া হয় তা তিনি দেখবেন। কিন্তু তিনি রাজনৈতিক স্বার্থের উর্দ্ধে উঠতে পারেননি। দলগত স্বার্থ রক্ষা করবার জন্য যেহেতু কাঁথি মহকুমায় ও অন্যান্য থানায় কংগ্রেসপ্রার্থী জয়লাভ করতে পারেনি, সেই হেতু "রিলিফ"এর পরিমাণও কমিয়ে দেওয়া হয়। কাঁথি মহকুমার সদরে কোন "রিলিফ কমিটি" রাখা হ'লনা। তার পর "টেষ্ট রিলিফ" সম্পর্কে লক্ষ্য করবার বিষয় এইযে মহকুমা শাসক যে সুপারিশ করেছিলেন ৮০টি কাজের জন্য তার মধ্যে কেবল মাত্র ২৭টি কাজই ভগবানপুর ও খেজুরী থানার জন্য মঞ্জুর করা হয়, অন্য থানাকে অবহেলা করে। সুতরাং এই বিমাতাসুলভ আচরণ কেন করা হ'ল তা আমাদের জানা নাই। সরকার পুনঃ পুনঃ প্রতিশ্রুতি দিয়ে এই যে বৈষম্যমূলক নীতি দলগত স্বার্থে অবলম্বন করেছেন যাঁরা এই গান্ধীজীর দেশে তাঁর অহিংসা ও প্রেমের নীতি উচ্চারণ ক'রে এরকম করে আমি তার তীব্র প্রতিবাদ করছি। সমগ্র দেশবাসীর অর্থ নিয়ে সরকার ছিনিমিনি করছেন এবং দলীয় স্বার্থে দেশের স্বার্থকে বিসর্জ্জন দিচ্ছেন, দেশের টাকার অপচয় করছেন তা করবার তাদের অধিকার নেই। মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ খাদ্য নিয়ে যেন ছেলেখেলা না ক'রে খাদ্যকে রাজনীতির উর্দ্ধে রেখে কংগ্রেসের আদর্শ রক্ষা করেন।

Sjkta. Abha Maiti:

মাননীয় "স্পীকার" মহাশয়, আজকে খাদ্য-মন্ত্রীমহাশয় বিধানসভার সামনে যে "সাপ্লিমেন্টারী বাজেট" রেখেছেন, আমি তাতে পূর্ন সমর্থন জানাচ্ছি। এই সমর্থন জানাতে গিয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই "হাউস"এর সামনে রাখতে চাই। আমাদের মেদিনীপুর জেলার কথা মুখ্য-মন্ত্রীমহাশয় পূর্ব্বেই বলেছেন। তিনি যে জবাব দিয়েছিলেন তাতে দুর্ভিক্ষ খাতে যে বিশেষ টাকা রাখা হয়েছে তাতে মেদিনীপুরের বর্ত্তমান অবস্থা একটা বিশেষ কারণ বলে বর্ণনা করেছেন। মেদিনী-পুরের সঙ্কটের সময় সরকার মেদিনীপুরবাসীকে যে সাহায্য দিয়েছেন আমি মেদিনীপুরের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। মেদিনীপুরের যে সব জায়গা বিপদের ভিতর দিয়ে যাচ্ছিল, সে সব জায়গায় আগে থেকে বিপদের কথা অবগত হয়ে যেখানে যে কাজ হওয়া উচিত সেখানে সে কাজ করেছিলেন। এটা নূতন ক'রে তাঁরা আরম্ভ করেননি—মে মাস থেকে মেদিনীপুরের বিশেষ জায়গায় যেখানে খাদ্য সঙ্কট দেখা গিয়েছিল তখন থেকেই সেখানে সেবার কাজ সুরু করেছিলেন এবং আজ পর্য্যন্ত সে কাজ অব্যাহত রেখেছেন। যার ফলে বিশেষ একটা সঙ্কট হতে মেদিনীপুরবাসী উত্তীর্ন হতে যাচ্ছে। আপনারা সকলেই জানেন মেদিনীপুরকে বাড়তি অঞ্চল বলা হয় কিন্তু যখন "কর্ডন"উঠে গেল তখন দেখা গেল মেদিনীপুরের যেসব জায়গায় বাড়তি হ'ত সেসব জায়গায় ধানের দর ক্রমাগত বেড়ে যেতে লাগল। মাননীয় সুধীরবাবু যেসব অঞ্চলের কথা বলেছিলেন সেসব অঞ্চলে ধানের দাম ২৫ টাকা মণ হয়েছে সে খবর কি তিনি রাখেন? তিনি বলেছিলেন ভগবানপুর, খেজুরী প্রভৃতি অঞ্চলে বেশী "রিলিফ" দেওয়া হয়েছে কিন্তু কাঁথিতে কেন হ'লনা? খাদ্য-সঙ্কট যখন চলল তার আগে তাঁরা সকলে সেখানে গিয়েছেন, তখন সেখানে দলগত রাজনীতি করা হয়েছিল এবং ভগবানপুর ও খেজুরী অঞ্চলেই তাঁরা "মিটিং" ও সভাসমিতি করেছিলেন—রাজনীতি করবার তখন দরকার হয়েছিল। কিন্তু যখন সেখানে চরম দুর্দ্দশা দেখা দিল সেই সময় কই কাউকে তো সেখানে যেতে দেখিনি? দুঃখের বিষয়।

(NOISE AND DISTURBANCES.)

কিন্তু যখন খাদ্যসংকট দেখা দিল, লোকে ভিক্ষার জন্য বুভুক্ষিত লোক কাঁথি সহরে আসতে লাগল

[Sjkta Abha Maiti.]

তখন তো তাদের কাউকে সেখানে দেখা যায়নি? কই তখন তো তাঁদের কাউকে সরকারের কাছে যেতে দেখা যায়নি? কিন্তু আজ বিধানসভার সূচনাতে তাদের দেখা যাচ্ছে দলপুষ্টির জন্য খেজুরী ও ভগবানপুরের খাদ্যসংকট ও দুর্ভিক্ষ নিয়ে মায়া কান্না জুড়ে দিয়েছেন

(NOISE AND DISTURBANCES.)

[5-55—6-5 p.m.]

আজকে বলা হচ্ছে যে "রিলিফ" যা দেওয়া হয়েছে তা নিজেদের দলীয় লোকদের বেশী করে দেওয়া হয়েছে। আমি এখানে সুতাহাটা থানার "এস, এল, এ"কে জিজ্ঞাসা করতে পারি কি সেখানে যে "রিলিফ" দেওয়া হচ্ছে তা কি দেখে দেওয়া হয়েছে? যেখানে কম "রিলিফ"এর প্রয়োজন সেখানে কম "রিলিফ" দেওয়া হয়েছে। ("ডিস্টার্বান্স") সংকট যেখানে বেশী, সরকার সেখানেই বেশী সাহায্য করেছেন।

(At this stage the Red light was lit.)

Mr. Speaker: Your time is up.

Sj. Abha Maiti: আর এক মিনিট।

মেদিনীপুরে এরা সর্বপ্রকার সাহায্য করেছেন। "ক্যাশ ডোল" দিয়েছেন ৪০ হাজার টাকা। "টেষ্ট-রিলিফ"এর বাবদ ৬ লক্ষ ৬০ হাজার টাকা দেওয়া হয়েছে। কাঁথিতে ২ লক্ষ ২০ হাজার টাকা দেওয়া হয়েছে। খেজুরী ভগবানপুরে এই বাবদে টাকা দেওয়া হয়েছে কারণ সেখানে দেবার প্রয়োজন হয়েছিল। "এগ্রিকালচারাল লোন" যা দেওয়া হয়েছে তাছাড়া ও বিভিন্ন খাতে বিভিন্নভাবে মেদিনীপুর জেলাকে সরকার যেভাবে সাহায্য করেছেন তাতে তাঁরা আমাদের ধন্যবাদের পাত্র। তারপর বন্টন ব্যবস্থা সম্বন্ধে যেসব অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন। ধনঞ্জয় বাবু বলেছেন যে "রিলিফ কমিটি"র কথা তিনি জানেনই না। এটা যদি সত্য হয় তাহ'লে কি তিনি পাশ্ববর্তী অঞ্চলে গিয়েছিলেন? এই বলে আমি "সাপ্লিমেন্টারী বাজেট" সমর্থন করছি।

Sj. Saroj Roy:

মাননীয় "স্পীকার, স্যার", "ফেমিন" খাতে আলোচনা করতে গিয়ে শ্রীযুক্তা আভা মাইতি যেভাবে সমর্থন করলেন, গত "বাজেট সেসন"এ যখন আমরা বলেছিলাম যে মেদিনীপুরে "বাম্পার ক্রপ" হয়নি এবং মেদিনীপুরে দুর্ভিক্ষ আসন্ন তখন তিনি যদি আমাদের সমর্থন করতেন তাহ'লে বুঝতাম তাঁর ভিতর কোন গলদ নেই বরং এই "রিলিফ" দেওয়ার ঐকান্তিকতা আছে। আজকে দেখা যাচ্ছে "রিলিফ"-এর ব্যাপারটা একটা দলগত ব্যাপার। এবং এতে অনেক কিছু কার্য্যকরী হচ্ছেনা। বর্তমানে যে সাহায্য দেওয়া হচ্ছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম। পত্রিকা মারফৎ সেখানকার কংগ্রেসী সদস্যরা ও একজন "ক্যাবিনেট" সভ্য জানিয়ে ছিলেন যে মেদিনীপুর জেলায় ১২ লক্ষ লোক "ডিষ্ট্রেসড" হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার তাদের জানিয়েছিলেন যে ১২ লক্ষ নয় ৫ লক্ষ মাত্র। এই ঘটনা থেকেও বেশ বোঝা যায় যে সরকার বহুসংখ্যক প্রকৃত দুঃস্থদের "রিলিফ" দিতে চায়না। এবং আজকে পরিস্কারভাবেও দেখা যায় যে কংগ্রেস পক্ষ থেকে যে পরিমাণ "ডিষ্ট্রেস"এর কথা বলা হয় সরকার পক্ষ থেকেও তা স্বীকার করা হয় না। মেদিনীপুর জেলার কংগ্রেসী সদস্যরা যে তথ্য সরকারের কাছে পাঠিয়ে ছিলেন, সরকার সে তথ্য গ্রহণ করে নাই। তারপর যেভাবে "টেষ্ট রিলিফ" দেওয়া হচ্ছে সেটা হলো মেদিনীপুর জেলা বোর্ডের মারফতে। এই মেদিনীপর জেলাবোর্ড হোলো সম্পূর্ণ কংগ্রেসের নেতৃত্বে। প্রায় সব ক্ষেত্রেই কংগ্রেসী লোকদের নেতৃত্বে ও তাদের সহযোগীতায়ই "টেষ্ট রিলিফ"এর হাজার হাজার টাকা খরচ করা হচ্ছে, জনসাধারণের তৈরী "কমিটি" বা সাধারণ মানুষের মতামতও নেওয়া হচ্ছে না। "রিলিফ"এর জন্য যে "কমিটি" তৈরী হয়েছে সেখানে সরকারের "নমিনেটেড" লোক যাদের নেওয়া হয়েছে তারা সকলেই স্থানীয় কংগ্রেস নেতা। শুধু তাই নয় যে কথা আমার বন্ধুরা বলে গেছেন যে বন্যা অঞ্চলে "রিলিফ"এর জন্য বহু টাকা খরচ দেখানো হয়েছে কিন্তু কিভাবে টাকা খরচ হয়েছে সে সম্বন্ধে দুই একটা কথা বলবো। ঘাটাল মহকুমায় ৫ নম্বর "ইউনিয়ন" হচ্ছে সবচেয়ে "ওয়াষ্ট এ্যাফেক্টেড" অঞ্চল। ছয় হাজার টাকা খরচ হয়েছে—সেখানে মাত্র ১৭৫ জন লোককে "ড্রাই ডোল" দেওয়া হয়েছে। এই টাকার যদি একটা "অনেষ্ট" হিসাব নেওয়া হয় তাহ'লে দেখা যাবে যে প্রকৃতপক্ষে জনসাধারণের কল্যানের জন্য এই টাকা খরচ হয় নি। আজকে "রিলিফ"এর টাকা "পলিটিক্যাল" কাজের জন্য লাগানো হচ্ছে। নদীয়া জেলায় "ইলেকসন" হচ্ছে এবং বলা হচ্ছে কংগ্রেসকে ভোট না দিলে "রিলিফ" দেওয়া হবে না।

(DISTURBANCES FROM THE GOVERNMENT BENCHES.)

সেখানে একটা রাস্তার জন্য ৮ হাজার টাকা খরচ করা হবে ঠিক হয়েছিল এখন কিছুটা কাজ হওয়ার পর বলা হচ্ছে "ইলেকসন"এর "রেজাল্ট" না

[Sj. Saroj Roy.]

দেখে আর টাকা খরচ করা হবেনা।

(QUESTION, QUESTION, FROM THE TREASURY BENCHES.)

বাংলা দেশের সব জায়গাতেই যে সব "রিলিফ" বা "চেষ্ট রিলিফ" দেওয়া হয়েছে, তা যদিও জনসাধারণ আন্দোলন করেই আদায় করেছেন, কিন্তু সরকার সেই "রিলিফ" দেওয়া তার রাজনৈতিক লাভের কাজে লাগিয়েছে, প্রকৃত দুঃস্থরা বেশীর ভাগ ক্ষেত্রেই লাভবান হয় নি।

[6-5—6-15 p.m.]

আজকে যে সমস্ত কাঁকরওয়ালা চা'ল দেওয়া হচ্ছে কোলকাতায় সেই কাঁকর মেশানোও সরকার অন্যভাবে "ডিগিকটিভ এ্যাটিচুড" দেখিয়েছেন। এখানে জনসাধারণের আন্দোলনের ফলে সরকারকে চালের দর কমাতে হয়েছে, সেইজন্য একটা "ডিগিকটিভ এষ্ট" স্বরূপ এই চা'লে কাঁকর মেশানোর ব্যবস্থা করেছেন। তাতে জনসাধারণ দুঃখে পড়ুক, কষ্টে পড়ুক তবু তাঁরা তাঁদের জিদ বজায় রাখবেন। কিন্তু তাঁরা তাঁদের জিদ সর্বত্র বজায় রাখতে পারেন নি। যেটুকু "রিলিফ" বাংলা দেশের অন্যত্র দিয়েছেন, সেটুকুও মেদিনীপুরে দিতে চান নি, কিন্তু মেদিনীপুর জেলার সাধারণ লোক যেভাবে আন্দোলন করেছে তার ফলে তারা সরকারের অনিচ্ছুক হাত থেকে "রিলিফ" আদায় করেছে।

Dr. Radhakrishna Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি জানাচ্ছি কালিকাপুরাণ বা চণ্ডীর মহিষাসুরবধের উপাখ্যানে মা যেমনভাবে মহিষাসুরের প্রতি বিরাট কটাক্ষ করেছিলেন, তেমনি একটা "গ্রেট" কটাক্ষ আমার দাদার যে "ডিপার্টমেন্ট" তার উপরে করা উচিত। এই যে গ্রান্ট নাম্বার "৩২-ফেমিন" সে বিষয়ে পরে আসছি। দাদার "ডিপার্টমেন্ট"র যে "এষ্টাব্লিশমেন্ট" সে সম্বন্ধে গত বাজেটেই বলেছি যে লক্ষ লক্ষ টাকা খরচ হয়, অথচ তার হিসাব পাওয়া যায় না। এখানে "ট্রান্সপোর্ট" সম্বন্ধে দেখাব যে কংগ্রেস কর্মীরা ও নেতারা যে লক্ষ লক্ষ টাকা পাচার করেছে আজ পর্য্যন্ত তার কোন হিসাব পাওয়া যায় না। এভাবে "ষ্টেট" চলতে পারে না। যদিও ওদিকে আমার অনেক পুরাতন বন্ধু আছেন, তা সত্ত্বেও আমি না বলে পারছি না। ("ভয়সেস": বাইরে চলুন প্রমাণ করুন।) প্রমাণ হয়েই আছে। শুনুন, শুনুন। গোলমাল না করে শুনে যান। কেবলমাত্র ১৯৫২ সালে আরামবাগে "এ, আর, সি, পি" বিভাগে লক্ষ লক্ষ টাকা সরকারী অর্থ তছরুপ হয়েছে। সুতরাং দুর্ভিক্ষ সৃষ্টি করা হয়েছে। এ আমি প্রমাণ করবো, উদাহরণ দিয়ে। ("ভয়সেস": বসে পড়ুন, বসে পড়ুন।)

Mr. Speaker:

আপনি "গ্রান্ট" সম্বন্ধে বলুন।

Dr. Radhakrishna Pal:

"স্যার", আমি উদাহরণ দিয়ে আরামবাগের "এ, আর, সি, পি", বিভাগে টাকা তছরুপের ইতিহাস বর্ণনা করছি।

এক "ষ্টোরিং" এবং "ক্যারিং" "চার্জ"এর নামে আরামবাগ "সার্কেল"এ ধান্য ক্রয়ের ভুয়া পাঁচটা কেন্দ্র—ফুলতলা, বেঁশে, তিন্নোল, হাজীপুর, বদনগঞ্জ ছিল। ঐসব কাল্পনিক ধান্য ক্রয়ের কেন্দ্রগুলিতে আটচল্লিশটি "ডি, পি এজেন্ট"ও "হ্যাণ্ডলিং এজেন্ট" মিথ্যা ধান্য ক্রয় দেখিয়েছে এবং এক একদিনে শত শত গরুর গাড়ীতে ঐসব ধান আনা হয়েছে আরামবাগ ও সেখান থেকে সেরা বাজারে। উপরের ভুয়া পাঁচটি কেন্দ্রই ঘাটতি এলাকায় অবস্থিত। সেখানে ধান উৎপন্ন হয়না বা পাওয়াও যায়না এবং ফুলতলা ও বেঁশে কেন্দ্রেও "ডি, পি এজেন্ট"এর গুদাম নাই। সুতরাং ঐসব কেন্দ্রের লক্ষ লক্ষ মণ ধান ক্রয় দেখানো নিরেট মিথ্যা। অথচ ঐসব স্থানে দশ পয়সা মণ করা গুদাম "চার্জ" করা হয়েছে, যদিও কোন গুদাম নাই বা তার চিহ্ন পর্য্যন্ত কোন দিন ছিল না। ফলতলা থেকে আরামবাগে "ক্যারিং চার্জ" মনকরা ১৸০ হিসাবে, ও বদনগঞ্জ থেকে আরামবাগ ৸৶০ হিসাবে, এবং ঐসব ধান আবার আরামবাগ থেকে সেরায়া বাজারে ৸০ আনা হিসাবে আদায় করে নিয়ে সরকারের লক্ষ লক্ষ টাকা তছরুপ করা হয়েছে। আজ পর্য্যন্ত এর কোন হিসাব পাওয়া যায়নি। প্রায় ছয় লক্ষ টাকা ঐভাবে "এ, আর, সি, পি" বিভাগের কর্ম্মচারীবৃন্দ ও "ডি, পি, এজেন্ট"রা মিলে আত্মসাৎ করেছে। সরকারী "গেজেটেড্ অফিসার" ও বড় বড় কংগ্রেসী নেতা আসামী শ্রেণীভুক্ত "কেস্ স্যাংকসন"এর জন্য গত অগাষ্ট মাসে "কুড্ কমিশনার, মিঃ এ, ডি, খান"এর নিকট পাঠানো হয়েছে, কিন্তু আশ্চর্য্যের ব্যাপার, ৪ মাস শেষ হ'তে চল্লো ঐ "স্যাংকসন" আজিও যায় নি। ওদিকে আরামবাগের পুলিশও সম্পূর্ণ নীরব।

The Hon'ble Prafulla Chandra Sen: It is not relevant to our discussion.

Mr. Speaker: Procurement is not under Famine.

Dr. Radhakrishna Pal:

"স্যার", প্রায় সরকারী অর্থ তছরুপ, ও আত্মসাতের ত্রিপটী "কেস্ স্যাংসনে"এর জন্য পাঠানো হয়েছে, দুর্নীতির প্রমাণসহ তদন্ত শেষ হয়ে গেছে, অথচ "স্যাংকসন" না আসায় "কেস্ ফাইল" হচ্ছে না। সবচাইতে আশ্চর্য্যের ব্যাপার "প্রকিওর মেন্ট"-এর খোদ কর্ত্তার এ সমস্তই জানা আছে কিন্তু তিনি একেবারে নীরব!! (বিরোধী দল হইতে—লজ্জার কথা।)

এই প্রসঙ্গে আরো কয়েকটি ব্যাপার আমি বলছি, "স্যার"। হুগলী জেলার পুলিশ সুপার শ্রীবীরেন চক্রবর্ত্তী এবিষয়ে বিশেষ যত্নবান ছিলেন। জানিনা কেন তাঁকে হঠাৎ বদলি করা হ'ল? তারপরে, বর্ত্তমান পুলিশ সুপার শ্রীজ্ঞানেন্দ্র বানার্জি ও "এনফোর্সমেন্ট"এর শ্রীমনমোহন মজুমদার "আই, পি, এস্" বহু চেষ্টা করেও কিছু করতে পারছেন না। ভূতপূর্ব পুলিশ সুপার শ্রীবীরেন চক্রবর্ত্তী যাওয়ার পর সব যেন ধামাচাপা পড়ে গেছে। শুধু এই নয় আরো বহু লক্ষ টাকা তছরুপের কথা আমার জানা আছে, সেসমুদ্ধে আগামী "বাজেট"এর সময় বলব। কিন্তু যে "কেস্"গুলির কথা বললাম ঐগুলির "স্যাংকসন" না দিলে চিরকালের জন্য পর্দার অন্তরালে থেকে যাবে। আমি এই "গ্রান্ট" সমর্থন করিনা, এই বলে শেষ করলাম।

Sj. Sashibhusan Khan:

মাননীয় "স্পীকার" মহাশয়। আজ আলোচনা করতে গিয়ে এই কথা বলতে হচ্ছে যে দেশের মধ্যে সঙ্কট আছে সত্য কিন্তু সঙ্কট সমাধানের পথ বিধানসভা ভবনে বাক্যের পর বাক্য, বক্তৃতার পর বক্তৃতা দিয়ে নয়। বিধানসভার বাহিরে যদি আমরা সকলের গঠনমূলক সহযোগিতা পাই তাহলে এই সঙ্কটের আশু নিবারণ হ'তে পারে এবিষয়ে সন্দেহ নাই। সরকারের দিক থেকে আমরা যে দৃষ্টিভঙ্গী দেখছি তার মধ্যে সাহায্য করার দৃষ্টিভঙ্গী আছে, সাহায্যকরার জন্য অর্থ দেওয়া হচ্ছে, কিন্তু সে অর্থের সদ্ব্যয় করতে হবে এবং এই কাজে সকলের সহযোগিতা প্রয়োজন। আজ বিরোধী পক্ষ যেভাবে আলোচনা করেছেন তাতে সমাধানের পথ খুঁজে পাওয়া যাবে না। তাঁরা আজ অনেক দুর্নীতির কথা বলেছেন। কিন্তু আজ সমাজের প্রতি স্তরে দুর্নীতি, ঠগ্ বাছতে গাঁ উজার হয়ে যাবে; দুর্নীতির কথা কে কাকে শোনান? কথা হয়েছে—"রিলিফ কমিটি" হয়েছে, কিন্তু সেখানে নাকি জনসাধারণের প্রকৃত প্রতিনিধি নেই, ছাদের দিয়ে নাকি সেটা গঠিত হয় নি। আপনারা জানেন যে সমস্ত রিলিফ কমিটি হয়েছে খয়রাতি সাহায্য দেবার জন্য তার মধ্যে আছেন "ইউনিয়ন বোর্ডে"র "প্রেসিডেন্ট", তার মধ্যে আছেন স্থানীয় "এম, এল, এ", সহর এলাকায় তাতে আছেন "মউনিসিপ্যালিটি"র "চেয়ারম্যান"। এরা কি জনসাধারণের প্রকৃত প্রতিনিধি নন? মোট ৪ জন সভ্যের মধ্যে একজন মাত্র সরকারের মনোনীত ব্যক্তি। সরকারের মনোনীত মেম্বর যদি কংগ্রেসের মেম্বর হয়েও থাকেন তাহলেও মনে হয় না যে তাঁরই কথা অনুসারে কাজ হবে কারন চারজনের মধ্যে তিনি মাত্র একজন, যা হোক্ একটা কথা বলা দরকার নদীয়া জেলা সমুদ্ধে। নদীয়া জেলা একটা ঘাটতি এলাকা; এটা একটা দ্বিখণ্ডিত জেলা; তার উপর ৭ লক্ষ বহিরাগত এসেছে। এই এলাকায় প্রয়োজন অনুসারে সাহায্য দেওয়া হয়েছিল। একজন সভ্য সেখানকার "টেষ্ট রিলিফ"এর কাজের সমুদ্ধে যে কথা বললেন আমি তার প্রতিবাদ করছি, তার মধ্যে সত্যতা নাই। নদীয়া জেলায় যে নগদ অর্থ সাহায্য করা হয়েছে তার পরিমাণ ৫০,০০০৲ টাকা। "টেষ্ট রিলিফ ওয়ার্ক" সেখানে করা হয়েছে। ৬,৫০,০০০৲ টাকা, কৃষিঋণ সেখানে দেওয়া হয়েছে ৬,৫০,৫৪০৲ টাকা, কারিগরী ঋণ দেওয়া হয়েছে ৭০,০০০৲ টাকা, গৃহনির্ম্মাণ বাবদ সাহায্য দেওয়া হয়েছে ৬,৫৫৭৲ টাকা এবং অগ্নিদগ্ধ এলাকায় ৫,৩৩০৲ টাকা সাহায্য দেওয়া হয়েছে। এইভাবে যদি অর্থব্যয় হয়ে থাকে তাহলে এই অতিরিক্ত বাজেটে দুর্ভিক্ষ খাতে অর্থের যে দাবী জানান হয়েছে সেটা সমর্থনযোগ্য। এবিষয়ে দায়িত্ব শুধু গভর্নমেন্টের নয়। আমাদের সকলকেই দায়িত্ব নিতে হবে। এবং আমরা আমাদের নিজের নিজের জেলার জন্য দায়ী এটা স্বীকার করতেই হবে। আমরা যদি সেগুলো ভালভাবে দেখাশুনা করতে না পারি তবে দোষত আমাদেরও। নদীয়ার সমুদ্ধে এইটুকু বলতে পারি যে নদীয়াতে যে "রিলিফ"এর কাজ হয়েছে, বিভিন্ন গ্রামের মধ্যে বিভিন্ন রাস্তা যেভাবে তৈরী হয়েছে তাতে গ্রামবাসীরা সন্তুষ্ট। নদীয়ার সমুদ্ধে বলতে পারি যে সেখানে খয়রাতি সাহায্য যে রকম পেয়েছে তাতে জনসাধারণের মধ্যে কোন অসন্তোষ নাই। অসন্তোষ আছে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে। তার একমাত্র কারন শুধু এই যে খয়রাতি সাহায্য বন্টনের কাজ একমাত্র ঐসমস্ত দলের মধ্যে দিয়েই হয়নি। একটু আগে শ্রীযুক্ত হেমন্ত কুমার বসু শান্তিপুরের সমুদ্ধে একটা উক্তি করেছেন। আমি শান্তিপুরেরই লোক, সেখানকার খয়রাতি সাহায্য বন্টন সমুদ্ধে আমি এবং তাই সেই উক্তির প্রতিবাদ

করছি। কালকের কাগজে তাঁর একটা বিবৃতিও দেখলাম; সেই বিবৃতির প্রতিবাদও আমি পাঠিয়েছি। বলা হয়েছে সেখানে খাদ্যের দাবীতে অনেক লোক "এস্, ডি, ও"র কাছে গিয়েছে, খাদ্যের বদলে তাদের উপর পুলিশ লেলিয়ে দেওয়া হয়েছিল ইত্যাদি যেসমস্ত কথা উনি বলেছেন-এটা সম্পূর্ণ মিথ্যা, অসত্য বর্ণনা। ওখানে যা হয়েছিল তা হচ্ছে এই সেখানে বামপন্থী দলের নেতৃত্বে একশো থেকে দেড়শো লোক একদিন মিউনিসিপ্যাল অফিসে আসেন ও খয়রাতি সাহায্য বিষয় দাবীদাওয়া জানাতে গিয়ে উচ্ছৃঙ্খলতার চরম প্রকাশ তাদের মধ্যে দেখা যায়। শান্তিপুরে আজ পর্য্যন্ত দুই হাজারেরও বেশী লোককে এই খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে। সেখানে তাদের মধ্যে এতটুকুও অসন্তোষের চিহ্ন মাত্র নাই।

[6-15—6-25 p.m.]

Sj. Shambhu Charan Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভিক্ষ খাতে "সাপ্লিমেন্টারী বাজেট"এ যে অর্থ ধরা হয়েছে, আমি সেটা সম্পূর্ণভাবে সমর্থন করছি। প্রত্যেক জেলাতে প্রত্যেক "ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট", প্রত্যেক "ইউনিয়ন"-এর জন্য একটি করে "রিলিফ কমিটি" তৈরী করেছেন। সেখানে "রিলিফ কমিটীর" মধ্যে অন্ততঃ আমাদের জেলা হাওড়াতে যা হয়েছে সেটা আপনাদের কাছে নিবেদন করছি।

ইউনিয়ন "এগ্রিকালচারাল এ্যাসিষ্ট্যান্ট" স্থানীয় "ইউনিয়ন বোর্ড"এর "প্রেসিডেন্ট", স্থানীয় "এম, এল, এ," এবং "গভর্নমেন্ট নমিনেটেড" একজন ব্যক্তি এরা সব এই "কমিটী"র মধ্যে আছেন। (এ ভয়েস: তিনি কংগ্রেসের লোক?) দেখুন, গোলমাল করবেন না। এই "ইউনিয়ন বোর্ড"এর প্রেসিডেন্ট" যদি জনসাধারণের প্রতিনিধি না হয়, স্থানীয় "এম, এল, এ," যদি জনসাধারণের প্রতিনিধি না হয়, তাহলে আমি বলবো যে মাননীয় সদস্য এখানে এইভাবে বক্তৃতা দিচ্ছেন, তাঁরা জনসাধারণের প্রতিনিধি নন্। (এ ভয়েস: কোন্‌চেন, কোন্‌চেন?) কাজেই এই যে অভিযোগ জনসাধারণের প্রতিনিধি না নিয়ে "রিলিফ কমিটী" তৈরী হয়েছে, সেটা সম্পূর্ন ভিত্তিহীন; অথবা জনসাধারণের প্রতিনিধি সম্পর্কে তাঁদের জ্ঞানের অভাব আছে। আমাদের হাওড়া জেলায় ৮ হাজার দুঃস্থকে "ফ্রি ডোল" দেওয়া হচ্ছে, একথা আমাদের বিরোধী পক্ষের বন্ধু ডাঃ ভট্টাচার্য্য উচু গলায় স্বীকার করেছেন। সেজন্য তাঁকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তিনি কি জানেন না কিভাবে এই আটহাজার দুঃস্থ লোককে চুনাই করা হয়েছে অর্থাৎ ছেঁকে বাছাই করা হয়েছে? "এস, ডি, ও," বা "ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট প্রত্যেক ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্টের কাছ থেকে দুঃস্থদের তালিকা চেয়ে পাঠিয়েছেন। যে সমস্ত "ইউনিয়ন বোর্ড"এর "প্রেসিডেন্ট" মনে করেছেন তাদের এলাকায় দুঃস্থ আছে, তারা সেখানকার দুঃস্থদের একটা করে তালিকা দিয়েছেন এবং সেই তালিকাগুলি "লোক্যাল এস, ডি, ও," দ্বারা পরীক্ষা করিয়ে সরকার দেখেছেন এবং তারপর এই "ফ্রি ডোল্" সেই সব তালিকাভুক্ত দুঃস্থগনকে "ডিষ্ট্রিবিউশন" করা হয়েছে। (এ ভয়েস: সব বাজে কথা, কিছুই দেওয়া হয়নি।) বাজে নয় কথাটি খাঁটী। তিনি আরও বলেছেন একশোর কিছু বেশী লোককে ৮৪টী "ইউনিয়ন"এর এই "ফ্রি ডোল্" বিতরণ করা হয়েছে, দুঃস্থের অনুপাত হিসাবে দেওয়া হয় নাই। আমি বলি তার এই কথা মোটেই ঠিক নয়। আমি জানি যে সমস্ত "ইউনিয়ন বোর্ড"এর "প্রেসিডেন্ট"-গণ তাহাদের "ইউনিয়ন"এর দুঃস্থ না থাকার জন্য দুঃস্থদের কোন "লিষ্ট"ই দেন নাই সেই সমস্ত "ইউনিয়ন"কে বাদ দেওয়া হয়েছে। হাওড়া জেলায় কোন কোন "ইউনিয়ন"এ দেড়শো, কোন "ইউনিয়ন"-এ দুইশো এবং কোন "ইউনিয়ন"এ তিনশো হইতে সাড়েতিনশো পর্য্যন্ত এই "ফ্রি ডোল" দেওয়া হয়েছে। অতএব দুঃস্থকে এই যে অভিযোগ কিছুই দেওয়া হয় নাই, এটা সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়।

তারপর আর একটা কথা জানাতে চাই, হাওড়া জেলায় হাজার হাজার লোককে "টেষ্ট রিলিফ"এর কাজ দেওয়া হয়েছে। "টেষ্ট রিলিফ"এ যারা কাজ করে, তাদিগকে টাকা দেওয়া হয় কোন "গেজেটেড্ অফিসার"এর মারফৎ, অন্য কাহারও মারফৎ বা অন্য কাহারও কাছে ঐ টাকা দেওয়া হয় না। ("এ ভয়েস": আপনি কত পেয়েছেন?) এসব ছাড়াও সেখানে "ক্যাট্‌ল্ পার্চেজ লোন", "এগ্রিকালচারাল লোন", "রিলিফ রিহ্যাবিলিটেশন লোন," প্রভৃতি হাওড়ায় দেওয়া হয়েছে। এসব কথা হেমন্ত বাবু জানেন।

Sj. Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে দুর্ভিক্ষ খাতে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব মাননীয় মন্ত্রীমহাশয় উত্থাপন করেছেন, সেই সম্পর্কে এখানে অনেক আলোচনা হয়েছে। আমি সেই সমালোচনার উত্তরে বা ব্যয়বরাদ্দের সমর্থনে কিছু বলবার আগে কিভাবে

[Sj. Tarun Kanti Ghosh.]

এই ব্যয় হয়েছে এবং কি কি খাতে হয়েছে, সে সম্বন্ধে আপনার মারফতে মাননীয় সদস্যদের কিছু জানাতে চাই।

আজ পর্য্যন্ত "গ্রাচুইটাস রিলিফ" "ক্যাশ" দেওয়া হয়েছে ৬ লক্ষ ৭ হাজার ৭৭৭৲ টাকা। "চেম্ট-রিলিফ ওয়ার্ক"এ ব্যয় করা হয়েছে ৪৬,২৪,৪৯৭৲ টাকা। "এগ্রিকালচারাল্ লোন" দেওয়া হয়েছে ৭৯,৮৪,০৪০৲ টাকা। তার পর

Grants to artisan—Rs. 58,450, house building grant—Rs. 3,21,477, help to riot-affected people—Rs. 65,805, gratuitous relief to riot-affected people—Rs. 86,400, and dry dole—Rs. 24,84,758.

এবং অল্পদামে চাল, আটা প্রভৃতি দেবার জন্য সরকার যে লোকসান স্বীকার করেছেন তার পরিমাণ হচ্ছে ৪১,২৩,০০০৲ টাকা। অর্থাৎ সবশুদ্ধ ব্যয় হয়েছে ২ কোটী ১ লক্ষ ৬২ হাজার ৫৭২৲ টাকা।

[6-25—6-35 p.m.]

আজ যে সমস্ত সদস্য দুর্ভিক্ষ সম্বন্ধে বলেছেন সেটা আমি গভীর মনোযোগের সহিত শুনেছি। এ নিয়ে যেসব আলোচনা ও তর্ক বিতর্ক এখানে হচ্ছে তা একদিকে যেমন গুরুত্বপূর্ণ আর একদিকে তেমনি দুঃখজনক। তার কারন এসব অগনিত মানুষের দুঃখকষ্ট কি করে দূর করা যায় এখানে তারই আলোচনা চলছে এবং সেসম্বন্ধে তাঁরা যেসমস্ত উপদেশ দিয়েছেন তার জন্য আমরা কৃতজ্ঞ। কারন আমি বিশ্বাস করি তাঁরা যে এসব উপদেশ দিয়েছেন তা দেশের অগনিত দারিদ্র নরনারীর যাতে ভাল হয় সেজন্যই বলছেন। সেজন্য আমি ধরে নিতে চাই যে তার মধ্যে কোন রাজনীতির ইঙ্গিত ছিল না। সেই সঙ্গে আমার খুব দুঃখ হয় যে আমাদের চেষ্টা তাঁরা জানতে চান না। এটা মনে রাখা উচিত আজকে এধারে যারা বসে আছেন—কংগ্রেস তরফে যারা বসে আছেন—তাঁরা সকলেই এদেশেরই মানুষ ("নয়েজ এণ্ড ডিস্টার্বান্স") এবং যেহেতু আমরা আজ সরকার তরফে রয়েছি সেই হেতু আমাদের দায়িত্ব আরও বেশী। আজ দেশের একটি লোকও যদি সত্যিই না খেয়ে মারা যায় তার জন্য অন্যের চেয়ে আমাদের দায়িত্ব বেশী। আজকের দিনে অন্য তরফে সহানুভূতি ও সমবেদনা থাকতে পারে কিন্তু তাদের দায়িত্ব নেই। কিন্তু আমাদের দায়িত্ব আছে "(চীয়ার্স)"। যখন তাঁরা সমালোচনা করেন সেটা ভাল কিন্তু যখন তাঁরা উদ্দেশ্য আরোপ করেন সেটা সত্যই খুব দুঃখদায়ক। আমাদের শত্রুরা গাধাহরি বাবু বলেছেন বোধ হয় লোকসংখ্যা কমাবার জন্যই দুর্ভিক্ষ সৃষ্টি করা হচ্ছে। তাঁর কথা শুনে যে আমি কত দুঃখিত হয়েছি তা বলা যেতে পারেনা। কারন তিনি তাঁরই দেশের মানুষকে এত খারাপ মনে করেন? দেশের ৩৮ পার্সেন্টএর বেশী লোক ভোট দিয়েই আমাদের এখানে পাঠিয়েছে। এই ৪০ ভাগ লোক তারা কি সকলেই নির্বোধ? সুতরাং আমি বলতে চাই তাঁরা যে এটা কিভাবে বলছেন বুঝতে পাচ্ছিনা। তাঁরা জেনে রাখতে পারেন আমাদের পক্ষে যতটা করা সম্ভব ততটা করছি এবং করবো। এই যে দারিদ্র্য—যে কথা অন্যান্য সদস্যরা উল্লেখ করছেন—সেটা অতি সত্য—সত্যই আমাদের দেশ দরিদ্র দেশ। সেটা দূরকরতে আমরা যথাসাধ্য চেষ্টা করছি। কিন্তু এই শতাব্দীসঞ্চিত দুঃখকষ্টের বিপুল ভার ২-৪ বছরে দূর করা সাধ্য কাহারও নেই—আমাদেরও নেই। আমাদের সর্ববিধ প্রতিকার চেষ্টা সত্ত্বেও এই দুঃখকষ্ট একদিনেই যাবার নয়—আমাদের প্রস্তুত থাকা উচিৎ যে আমাদের এই দুঃখকষ্ট আরও ১০-১৫-২০ বছর সহ্য করতে হতে পারে। দল ও মত নির্বিশেষে আমাদের সকলকে সমবেতভাবে চেষ্টা করতে হবে যাতে এই

staggering poverty and distress

ধীরে ধীরে অথচ নিশ্চিতভাবে আমাদের দেশ থেকে সম্পূর্ণ তিরোহিত হয়। আমি বিশ্বাস করি আপনারা সকলেই সে বিষয়ে সচেষ্ট। আমরাও নিশ্চেষ্ট নহি। এই জনসাধারণের জীবনমরণ প্রশ্ন আমরা অবহেলা করব বা করছি সেটা যখন বলা হয় তখন সত্যেরই অপলাপ করা হয়। মানবতার কথা ছেড়ে দিলেও বলতে হয় যে জনসাধারণের প্রতিনিধিরূপে আজ আমরা এখানে উপস্থিত; পাচ বছর পরে তাদেরই কাছে আমাদের যেতে হবে; আমাদের এখানে থাকা, না থাকা নির্ভর করবে তাদের ভোটের উপর। সুতরাং যখন বলা হয় কি করে দেশের লোকের দুঃখকষ্ট বাড়বে তাই আমরা করি দলগত স্বার্থে—সেটা এক দিকে যেমন অসত্য অন্য দিকে তদোধিক বেদনাদায়ক। ("নয়েজ্ এণ্ড ডিষ্টার্বান্স")। সেই দিক দিয়ে চিন্তা করে দেখতে গেলে বরং যদি একথা কেউ বলে যে দেশের দুঃখকষ্ট বাড়লে সেটা বিরোধী পক্ষেরই সুবিধা—যদিও আমি সে কথা একটীবারও বলতে চাইনা—তাহ'লে সেকি অন্যায় বলবে?

তার পর "রিলিফ" ব্যাপারে যেসব "কমিটি কন্‌ডু" করা হয়েছে তার উপরে কটাক্ষপাত করা হয়েছে। সরকারী পক্ষ থেকে যে "সমিবেশন"

দেওয়া হয় তা নাকি কংগ্রেসীদেরই হয়। আমি "রিলিফ ডিপার্টমেন্ট"এর উপমন্ত্রী হিসাবে বলতে চাই সরকার পক্ষ থেকে এরকম কোন নির্দেশই দেওয়া হয়নি যে সমস্ত লোকই গভর্নমেন্টের "নমিনী" হবে। আমরা চেষ্টা করছি জনসাধারণের যারা প্রকৃত প্রতিনিধি তাদের নিয়ে "কমিটী" গঠন করা হবে। এবং সেই "কমিটী" কিভাবে এবং কোন জায়গায় যারা দুর্দ্দশাগ্রস্ত তাদের "রিলিফ" দিতে হবে ঠিক করে দেবে। তবে যদি কেউ বলে যে তাদের ১৫ জন এবং আমাদের ৭০ জন "এম, এল, এ" আছেন তাহলে কিছু বলতে পারিনা, অবশ্য কংগ্রেসে যখন "এম, এল, এ"র সংখ্যাধিক্য রয়েছে সুতরাং "কমিটী"তে কংগ্রেসের লোক কিছু বেশী থাকবেই। আমি বলতে চাই যে "রিলিফ"এর জন্য যে কাজ করা হয়েছে এবং ভবিষ্যতে করা হবে, মানুষকে কিভাবে সেবা করা যায়, বাঁচাতে পারা যায় সেই আদর্শে সেটা করা হচ্ছে। আজ "কমিউনিষ্ট" বন্ধুদের কাছে নিবেদন করতে চাই তারাও হচ্ছেন এদেশেরই মানুষ। আজ রাশিয়ার যে নীতি এদেশে আনছেন সেটা ভাল কি মন্দ সেকথা বলছিনা। তাদের আমি একথাই জানাতে চাই তারা যেন মনে রাখেন যে চিরকাল ভারতবর্ষে এই নীতিই চলে আসছে যে দরিদ্রই হচ্ছে নারায়ণ-এই ধর্মই সকলে মেনে আসছে, দরিদ্রকেই ভগবানরূপে দেখে আসছি। পরের আদর্শ বিচার করার আগে একথাটাই বলতে চাই, ভালমন্দ বিচার করতে চাইনা, শুধু একথাই বলতে চাই, নিজেদের আদর্শের দিকে তাকিয়ে দেখুন। শুধু এ কথাই জানাতে চাই যে কংগ্রেস ভারতবর্ষের যে সনাতন আদর্শ-দরিদ্রই হচ্ছে ভগবান- সেই আদর্শ নিয়ে এগিয়ে যাবে। দেশের যাতে উন্নতি হয়, জাতি-ধর্মনির্বিশেষে দেশের সেবা করাই আমাদের কর্ত্তব্য সে নীতি মেনেই আমরা চলবে। শেষে আমার নিবেদন হচ্ছে যে বাংলার দুঃখকষ্ট সম্বন্ধে আমরা যা আলোচনা করছি সেটা রাজনীতির মধ্যে ঢুকিয়ে যেন আমরা বিবেচনা না করি। আমরা বাঙ্গালী, আমাদের একটা আত্মসম্মান আছে। বাংলার দরিদ্র মানুষের জীবন নিয়ে ছিনিমিনি না খেলি, রাজনীতি এর মধ্যে না আনি, এই বলে আমি এই "বাজেট" সমর্থন করছি।

[6-35—6-45 p.m.]

Sj. Kaustav Kanti Karan:

মাননীয় "স্পীকার" মহাশয়, আজকে "রিলিফ" খাতে ব্যয়বরাদ্দ আলোচনাপ্রসঙ্গে আমাদের কোন কোন বন্ধু সরকার তথা কংগ্রেসের বিরুদ্ধে যে সমালোচনা করেছেন আমি তারই জবাব দিতে দাঁড়িয়েছি। কোন কোন বন্ধু বলেছেন, খাদ্যকে যেন রাজনীতির উর্দ্ধে স্থান দেওয়া হয়। আমরা আপ্রাণ চেষ্টা করেছিলাম খাদ্যসমস্যাকে রাজনীতির উর্দ্ধে তুলে রাখতে। আমি জিজ্ঞাসা করছি আমার বন্ধু সুধীর বাবুকে; তিনি বলেছেন কাঁথী মহকুমায় কংগ্রেস "এম, এল, এ" যেখানে বেশী জয়লাভ ক'রেছে সেই সব অঞ্চলেই বেশী "রিলিফ" দেওয়া হয়েছে, কিন্তু তিনি কি জ্ঞাত আছেন যে যখন কাঁথী থানায় ধানের দাম ১১৲ এগার টাকা, তখন সেই কংগ্রেসী সদস্যদের এলাকায় ধানের দাম ছিল ১৪৲ চৌদ্দ টাকা; এবং সেই অঞ্চলের থেকে দলে দলে লোক রসুলপুর নদী পেরিয়ে তাঁরই এলাকায় ধান্য কিনতে যেতো? তিনি যদি বলেন যে খেজুরী ও ভগবানপুরে কংগ্রেসী সদস্য আছেন ব'লেই বেশী সাহায্য দেওয়া হয়েছে তাহ'লে সত্যের অপলাপ করা হয়।

আমার নিজের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে, যেখানে খাদ্যাভাব দেখা দিয়েছে সেখানেই "রিলিফ" দেওয়া হয়েছে। যাঁরা বলেন খাদ্যকে রাজনীতির উর্দ্ধে স্থান দিতে হবে তাঁরাই খাদ্য নিয়ে রাজনৈতিক খেলা খেলে চ'লেছেন।

(DISTURBANCES FROM THE OPPOSITION BENCHES.)

বন্ধু সুধীর বাবুকে জিজ্ঞাসা করি দুর্গত এলাকার লোকে যখন বাড়তি এলাকা থেকে খাদ্যের প্রয়োজনে ধান, নিয়ে যাচ্ছিল তখন তাঁরই দলের লোক ঘাঁটীতে ঘাঁটীতে কেন তাদের আটকেছিল? "রিলিফের" জন্য সরকারী চাল ও আটার নৌকা কেন পুলিশ পাহারায় নিয়ে যেতে হয়েছিল? একথা কি সত্যি নয় যে, "কমুনিষ্ট" দলভুক্ত "ইউনিয়ন বোর্ডের" "প্রেসিডেন্ট", যাঁরা "ভূখা" মিছিলে যোগ দিতে রাজী নয় তাঁদের সাহায্য বন্ধ করেছিলেন। পূজার উৎসবে সমবেত জনতাকে নিয়ে "এস, ডি, ও"এর বাংলো ঘেরাও করার চেষ্টা কি হয় নি, আপনারা যতই চীৎকার করুন না কেন, আজ একথা সুবিদিত যে বাংলা দেশ খাদ্যের ব্যাপারে উন্নতির পথে এগিয়ে চলেছে এবং সরকারী সাহায্য ব্যবস্থাও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। আমরা জানি সরকার যত সুষ্ঠুভাবেই পরিচালনা করুক না কেন আপনারা তার বিরুদ্ধে চীৎকার করবেনই। যখন "রিলিফ" দেওয়া হয় নি, তখন আপনারা "রিলিফ" "রিলিফ" ব'লে চীৎকার করেছেন, আর যখন "রিলিফ" দেওয়া হচ্ছে, তখন "রিলিফ"এর তথাকথিত অব্যবস্থা নিয়ে চীৎকার করছেন। আমরা

[Sj. Kaustav Kanti Karan.]

আমাদের পথে এগিয়ে চলেছি; এবং দৃঢ় প্রতিজ্ঞা এই যে বাংলা দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ ক'রে এর দুর্দিনের অবসান ঘটাবো।

Sj. Rakhahari Chatterjee: On a point of information, Sir. It is said by some of the members on the Treasury Benches, including Deputy Minister, Sj. Tarun Kanti Ghosh, that everywhere relief committee has been formed. May I know, Sir, from the Deputy Minister whether any relief committee was ever formed in the district of Bankura or not?

The Hon'ble Prafulla Chandra Sen: My task has been made easy by members on both sides. I will be very brief. I will only say that I oppose all the cut motions and commend my motion for the acceptance of the House.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Hemanta Kumar Ghosal that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Madan Mohon Saha that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Kanai Lal Bhowmick that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhananjoy Kar that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mrityunjoy Pramanik that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Ganeh Ghosh that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Das that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Rakhahari Chatterjee that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 1,60,00,000 for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 1,60,00,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "54—Famine", during the current year, was then put and agreed to.

Major Head: Loans and Advances bearing interest.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 54,37,000 be granted for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year.

[*Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the cut motions except Nos. 103, 106 and 107 which are out of order, as moved.*]

Sj. Saroj Roy: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government to provide adequate loans and advances for the peasants and artisans of West Bengal.

Sj. Kanai Lal Bhowmick: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the inadequate quantity of loans granted to the peasants and artisans and the system of distribution of these loans by the Government.

Sj. Haripada Baguli: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about advance of insufficient agriculture and cattle purchase loans in Sagore, Kakdip and Mathurapore (South) police-stations.

Sj. Jyotish Joarder: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Government policy of payment of loans.

Sj. Mrityunjoy Pramanik: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest",

[Sj. Mrityunjoy Pramanik.]

during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy of advances to cultivators.

Sj. Rakhahari Chatterjee: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and grievances of the people of Bankura.

Sj. Gangapada Kuar: I beg to move that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of providing for land improvement loan to the flood-affected areas where lands have been silted up and thereby practically uncultivable as a result of the heaps of sand borne by the river water.

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় "স্পীকার" মহোদয়, উদ্মা প্রকাশ না করে ধীরস্থিরভাবে সংশ্লিষ্ট বন্ধু সদস্যদের আমার মোসান সম্বন্ধে চিন্তা ক'রতে বলি। একথা ঠিক যে, সত্য কথা বলার বিপদ অনেক। কথায় বলে, "সত্যং মনোহারী চ দুর্লভং বচঃ।" সত্য কথা মনোহারী হয় না। পূর্ববর্তী "বাজেট" আলোচনাকালে আমার বক্তৃতায় সত্য কথা বলার জন্য সরকার পক্ষ এবং কংগ্রেস পক্ষীয় সদস্যগণ উত্যক্ত হয়েছিলেন। তার উত্তর দিতে এসে শিশুরাম বাবু যে যুক্তি দেখিয়েছেন—আমরা আশা করেছিলাম তিনি কিছুটা বিদ্যাবুদ্ধি খরচ করবেন, কিন্তু তিনি যেরকম ভাব-ভঙ্গি দেখালেন তাতে দেখছি তিনি শিশুরামই আছেন। আমার বন্ধু তরুণ বাবু যা বল্লেন তাতে তাঁর গ্রাম সম্বন্ধে হয়তো কোন অভিজ্ঞতাই নাই, তবুও আমি বলছি তিনি যদি পল্লী-অঞ্চলের কাজের জন্য আমাদের সহযোগিতা চান আমার মনে হয় এখানে এমন কোন সদস্য নাই যিনি তাঁর সংগে সহযোগিতা করবেন না। আমি আশা করি তিনি যা বল্লেন সেটা যেন শুধু "এসেম্ব্লি হাউস"এর মধ্যেই সীমাবদ্ধ না থাকে। এক্ষেত্রে আমি বলব "সাপ্লিমেণ্টারী বাজেট"এ যে টাকা চাওয়া হয়েছে তা যেন রাজনৈতিক কাজে প্রযুক্ত না হয়। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই বাঁকুড়া জেলায় কোথায় "রিলিফ কমিটি" গঠিত হয়েছে। কংগ্রেস পক্ষের সদস্যরা বলুন সেখানে কোন "রিলিফ কমিটি" গঠিত হয়েছিল কিনা। যে "লোন" দেওয়া হচ্ছে সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে শুধু "লোন" দিলেই হবে না। "আর্টিসান ক্লাস"দের "লোন" দিলে তারা যাতে সেই ঋণ শোধ করতে পারে সরকার পক্ষ থেকেই তার ব্যবস্থা করতে হবে। তার জন্য উপযুক্ত "মার্কেট" দরকার। তার ব্যবস্থা না ক'রে শুধু মাত্র টাকা ধরে দিলেই "আর্টিসান"দের কোন উপকার করা হবে না। তার-পর, কৃষকদের ভাদ্র-আশ্বিন-কার্তিক মাসে গরু কেনবার ঋণ দেওয়া হয়। সে সময় ঋণ দিলে গরু কেনা যায় কিনা এটা সরকার পক্ষের দেখা উচিত। অর্থ দিলে তাতে যাতে কাজ হয় সেটা দেখতে হবে। অসময়ে টাকা দিলে সেটা কাজে লাগে না। এতে চাষীদের বিপদগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। যেসমস্ত কাজ করবেন সেটা যেন সমুচিত হয়, বিলম্বে না হয় এবং যাতে করে ভবিষ্যতে কোন রকম নিন্দাবাদের সম্মুখীন হতে না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। কথায় আছে "আপনি আচরি ধর্ম অপরে শিখায়", নিন্দা করার জন্যই নিন্দা করব এই রকম মনোভাব আমাদের নেই।

[6-45—6-55 p.m.]

কিন্তু তবু সত্যের খাতিরে যদি প্রয়োজন হয় সেই কথা বলবার সৎসাহস নিশ্চয়ই থাকবে। অবশ্য কংগ্রেস পক্ষের সদস্য যাঁরা আছেন তাদের অনেকেই পুতুলের মত যখন ইঙ্গিত আসে তখন মেশিনের মত হাত তুলে যান, নইলে চাকরী যাবে। (বিরোধী-পক্ষীয় সদস্যগণ: না, না। মিথ্যা কথা!)

(INTERRUPTION.)

রিলিফের জন্য যেসব জিনিষ দেওয়া হয়েছে তা বিলম্বে দেওয়া হয়েছে। আমার বক্তব্য এই যে যে টাকা দেওয়া হচ্ছে তাতে অহেতুক বিলম্ব করা হচ্ছে। কাজেই সে টাকা দ্বারা কাজ হচ্ছে না, বরং অন্তরায় সৃষ্টি হচ্ছে। তা ছাড়া সরকারী কর্মচারীদের অব্যবস্থার ফলে বহু গুরুতর অভিযোগ উপস্থিত হয়। বলা হ'ল অমুক তারিখে "রেভিনিউ অফিসার" এবং "সার্কেল অফিসার" যাবেন। দু, তিন জন লোক এল কৃষিঋণ নেওয়ার জন্য; কিন্তু দেখা গেল যে "সার্কেল অফিসার" উপস্থিত হলেন কিন্তু "রেভিনিউ অফিসার" টাকা নিয়ে গেলেন না। সেই বুড়ো মানুষগুলো ৪টা/৫টা পর্য্যন্ত অপেক্ষা কোরে শেষকালে বাড়ী চলে গেল শূন্য হাতে। এই

ভাবে সরকারী কর্ম্মচারীদের শৈথিল্য বা ত্রুটীর জন্য লোককে কষ্ট পেতে হয়। সরকারী কর্ম্মচারীদের দেখা কর্তব্য যাতে এই ত্রুটি না হয়। এর কারণ মনে হয় প্রথমে প্লান করা হয় নি। প্রথমে বললেন অমুক "ইউনিয়নে"—বাঁকুড়া থানার শালবাঁধাই ইউনিয়নে কৃষিঋণ দেওয়া হবে না। আমরা বললাম কেন? তারপরে একদল এলেন, ৪ জনকে দিয়ে বললেন "দেখো আর কাউকে বোলো না"। খবর সমস্ত গ্রামে রাষ্ট্র হ'ল। তখন একদল লোক জুটল তাঁরা পাওনার জন্য পুনঃ পুনঃ আসে, কিন্তু ওরা বলেন সরকার থেকে নির্দেশ আসে নি, টাকা মঞ্জুর হয়ে আসেনি, সুতরাং এখন বলতে পারছি না, ৪ দিন পরে আসবে। আবার ৪ দিন পরে ২।৩ শ' লোক উপস্থিত হ'ল, কিন্তু সরকারী টা'ল বাহানার ফলে ২।৩শ' লোক যায় আসে, কিন্তু কিছুই পায় না। এইভাব হ'লে পর দেশ গঠনের কাজে কোন সুবিধা হবে না। এই জন্য আমি শেষে এইটুকুমাত্র অনুরোধ জানাব যে আপনারা ভবিষ্যতে যাতে সুষ্ঠুভাবে কাজ চলতে পারে সেই ব্যবস্থা অবলম্বন করুন, তখন আমাদের বলবার কিছুই থাকবে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not know what reply to give to Shri Rakhahari Chatterjee. He has asked the question whether there has been a relief committee in the areas in Bankura. I may inform the House and the members from the Bankura district that relief committees have been formed in all areas. I was surprised to find that while he thought lightly of Shri Tarun Kanti Ghosh when he mentioned in his statement that he wanted co-operation, he at once got up and went on making "নিন্দা" of the Congress members. If you say that we cannot very well expect co-operation and you begin by assuming an attitude of independence—of course, they are independent because they do not belong to any particular organisation, or they have not got themselves bound down by any particular programme.

("Question", "Question", from the Opposition benches.)

They are independent. I can understand that, but he must not talk lightly of the Congress organisation which has got its programme and which has placed the programme before the country and these people represent the country in their respective areas according to that programme.

The motion of Saroj Roy that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Kaiai Lal Bhowmick that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mrityunjoy Pramanik that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Rakhahari Chatterjee that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the demand of Rs. 54,37,000 for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 54,37,000 be granted for expenditure under Grant No. 48, Major Head: "Loans and Advances bearing interest", during the current year, was then put and agreed to.

Major Head: 47—Miscellaneous Departments.

The Hon'ble Kali Pada Mookerjee: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 9,50,000 be granted for expenditure under Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments", during the current year.

[*Mr. Speaker: I take it that all the cut motions except Nos. 66 to 70 are in order and they may be taken as moved.*]

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 9,50,000 for expenditure under Grant No. 30, Major Head. "47—Miscellaneous Departments", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about survey of unemployment.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 9,50,000 for expenditure under Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to take immediately necessary steps to check the rapid growth of unemployment among all sections of the people of West Bengal and also about the failure of the Government to furnish immediately statistics of unemployment on a province-wise scale.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 9,50,000 for expenditure under Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about—

(*a*) failure of the Government to extend the facilities of the Employees' State Insurance Scheme to the workers' families with immediate effect;

(*b*) failure to extend the scheme to all the industrial districts of West Bengal with immediate effect;

(*c*) inadequate medical facilities provided for the workers in the Employees' State Insurance Scheme; and

(*d*) insufficient monetary remuneration for efficient service.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 9,50,000 for expenditure under Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments", during the current year be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Employees' State Insurance Scheme for West Bengal with particular reference to insufficient remuneration provided for the doctors in the scheme.

Sj. Jyotish Joarder:

"স্পীকার" মহাশয়, বেকার সমস্যা সম্বন্ধে কিছু আলোচনা করবার জন্য আমি এখানে আমার ৬৭নং সংশোধনী প্রস্তাবের অবকাশ নিচ্ছি—সরকার যে একটা অতিরিক্ত ব্যয়বরাদ্দ খাড়া করেছেন "আনএমপ্লয়মেণ্ট" সম্বন্ধে তা দেখে আমার মনে হচ্ছে যদি "আনএমপ্লয়মেণ্ট" সম্বন্ধে সরকারের সত্যিকারের দায়িত্বপূর্ণ একটা মনোভাব থাকত তাহ'লে আনএমপ্লয়মেণ্ট "সার্ভে"র জন্য যে ব্যয় করা হয়েছে, সে ব্যয়টা হ'ত না, এর পূর্বেই বেকার সমস্যা সম্বন্ধে একটা পরিকল্পনা গৃহীত হয়ে অন্ততঃ থাকত। দিন দিন আমাদের এই পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা যে বেড়েই চলেছে কি করে সেটা বন্ধ করা যায় তার একটা কার্য্যকরী পরিকল্পনা পূর্বেই তাঁরা চিন্তা করে প্রস্তুত করে রাখতেন।

আর এক দিক দিয়ে দেখলে, এইভাবে বেকারের সংখ্যা যদি কেবল বাড়তেই থাকে তাহলে বেকার সমস্যা ও উক্ত সার্ভেতে মিলে "ভিশাস সার্কল" যাকে বলা যায়, তাতেই কেবল ঘুরতে হবে। তাঁরা যে "স্যাম্পল সার্ভে" করেছেন তা দ্বারা প্রকাশ পেয়েছে সরকারের মনোভাব বেকার সমস্যা সম্বন্ধে। এক কথায়, সরকারের মনোভাবের সব চেয়ে জাজ্বল্যমান দৃষ্টান্ত হচ্ছে বার্ণপুর। সেখানে সব মজদুরদের কে ভাতে কাপড়ে মেরেও সরকারের চোখে মালিক পক্ষের কোন কিছু অন্যায় হয় নাই, সেখানে শ্রমিকদের পাওনা টাকা না দিয়ে "লক-আউটের" নামে দিনের পর দিন, মাসের পর মাস অত্যাচার চলতে পারে, লাঠি ও গুলি চলতে পারে। অপর দিকে মিথ্যা বা অবাস্তব সরকারী শীল আশ্বাস দায়িত্ব পক্ষ হতে শ্রমিকদের নানাভাবে পুরোচনা দিয়ে ন্যায্য সংগ্রামকে ব্যর্থ করবার জন্য যতরকম ষড়যন্ত্র সম্ভব সব সেখানে হয়ে থাকে। আমরা জানি আপোষের পরেও মানুষ সেখানে চাকুরী ফিরে পাচ্ছে না, সরকারের কথার উপর নির্ভর করে যারা চাকরীতে ফিরছিল তাদেরকেও বার করে দেয়া হচ্ছে, এ বিষয় কর্তৃপক্ষের কি কোনই দায়িত্ব নাই। প্রত্যাখ্যাত শ্রমিকরা এখানে এসে ধর্নাদিয়েও কোন প্রতিকার পাচ্ছে না। এই ত সরকারের মনোবৃত্তি। একটা মনগড়া "ওয়ার্কারস্ ইউনিয়ন" তাঁদের ঘাড়ে চাপিয়ে দেবার জন্য দিল্লী থেকে কলকাতা পর্যন্ত কর্তৃপক্ষ একটা তোড়জোর দেখালেন। মিথ্যা আশ্বাস দেয়ায় যখন দেখা গেল মানুষ বাধ্য হয়ে সেখানে কার্য্য আরম্ভ করেছে তখন কর্তৃপক্ষের মনোভাব প্রকাশ পেল। শত শত মানুষ সেখানে মরুক, ধ্বংস হোক—মালিকদের মর্জির উপর—তাতে এদের কোন দায়িত্ব নাই। এমন অবস্থায় আমার মনে হয় প্রধান মন্ত্রীর পক্ষে স্বাভাবিক ছিল পাগল হওয়া তাহ'লেও আমাদের কিছুটা গৌরবের ব্যাপার হ'ত—

[6-55—7-5 p.m.]

অপর এক বক্তা এইমাত্র দরিদ্র নারায়ণ কথাটায় উল্লেখ করে গেলেন। গৌরবের কথা সন্দেহ নাই, আর এক দিক থেকে দুঃখ বোধ করতে হয় যে তাঁর কথার কোন অর্থ থাকে না। যেখানে দরিদ্রনারায়ণ বলা হয়েছে, এই দরিদ্রনারায়ণ খুব সুন্দর কথা কিন্তু দরিদ্র না থাকলে হয়ত দেশে নারায়ণের সংখ্যা কমে যাবে। সেই জন্যই বুঝি দেশে দরিদ্রের সংখ্যা বাড়ান হচ্ছে এবং দরিদ্র হত্যা করে, দরিদ্রের রক্ততে এই বাংলাদেশকে সুন্দর করা হচ্ছে, সারা ভারতকে সুন্দর করা হচ্ছে, এ বড়ই দুঃখের কথা। কাজেই তাঁরা যা বলেন তার কোন তাৎপর্য্য নাই। আমি বিশ্বাস করি সরকারের একটা কথাতেই মিল-মালিক বাধ্য হ'ত এই সমস্ত লক্আউট করা লোকদের চাকরী দিতে। কিন্তু এখানে সে রকম কোন অভিপ্রায়ের উল্লেখ সরকারের তরফ থেকে নেই। এখানে আমরা "স্যাম্পেল সার্ভে" করে বেড়াব বলা হচ্ছে। আমরা "সার্ভে" করছি "আনএম্প্লয়মেণ্ট সমস্যার বিস্তৃতি জানবার জন্য, অথচ দেখা যাচ্ছে চতুর্দিকে বেকার সংখ্যা বেড়েই যাচ্ছে। সুতরাং কুশল বেকারী রোধের আয়োজন না করে মামুলী সার্ভে করাটা তামাসা ছাড়া আর কি হবে। কাজেই আমাদের একমাসে "স্যাম্পেল সার্ভে" হবে আর পরের মাসে সেটার কোন অর্থ থাকবে না। এইভাবেতে আমাদের চলতে থাকবে একদিকে বেকারের হিসাব আর একদিকে ছাঁটাইবেড়েই চলবে। এইভাবে মন দেখা Surveyতে অর্থ অপচয় করা ছাড়া আর কিছু হবে না এবং এই ছেলেখেলায় কিছু কাজ হবে না।

Supplementary Estimateএর বেকার খাতে আর একটা কথা রয়েছে যে আমাদের যত মজদুর আছেন তাদের ডাক্তারী চিকিৎসার জন্য একটা খুব উন্নত ব্যবস্থা হয়েছে এবং যার নাম খুব বড় করে দেওয়া হয়েছে—

Implementation of Employees' State Insurance Scheme.

এটাকে "মেডিকেল হেলথ ইন্সিওরেন্স" বললেও কিছুটা বোঝা যেত। তা না করে একটা বস্তুবড় নাম, "ষ্টেট ইন্সিউরেন্স" ইত্যাদি বলে সেটা দুনিয়ার সামনে বার করে একটা হাস্যাস্পদের ব্যাপার করে দাঁড় করিয়েছেন। কারণ যখন দুনিয়াশুদ্ধ "ষ্টেট Employment ইন্সিওরেন্স পলিসি"র "বোনাফাইডি"ই নিয়ে কথা ওঠে, তখনই সেটা হয় যে "ষ্টেট" যেখানে "এ্যাসিওরেন্স" করেছে, সেখানে "আনএম্প্লয়মেণ্ট"এর বিরুদ্ধে "ইন্সিওরেন্স" টাই বড় কথা। কিন্তু সেই "আনএম্প্লয়মেণ্ট ইন্সিওরেন্স"এর কোন কথা এতে নাই; যাতে কোন মানুষ বেকার না হ'তে পারে এবং বেকার হ'লে সেই সরকারই তার দায়িত্ব নেবেন। আর মিল-মালিক যারা আছেন, আর "ফ্যাক্টরী" মালিক যারা আছেন তারা সরকারের সঙ্গে সহযোগিতা করে, যাতে বাধ্যবাধকতার মধ্যে আসেন সেই সমস্ত "ইন্সিওরেন্স"এর কথা এতে নাই। তাহ'লে এখানে আমরা দেখছি এই ডাক্তারীর ব্যাপারেও এখানে একটা ছেলেখেলা হতে চলেছে। তাছাড়া, বর্ত্তমানে সেটা হাওড়া ও কলিকাতায় কার্য্যকরী হ'বে এই আশা আমরা এখানে পাচ্ছি। এখানে আমার শুধু মনে

[Sj. Jyotish Joarder.]

পড়ছে যে কলকাতার খুবই কাছে হিন্দুস্থান হেভী কেমিক্যালএর একটি কর্মচারী, তিনি সেখানে কাজ করেন, তার মাথায় "ব্রোসিন" পড়ে, তার সমস্ত মাথা পুড়ে গিয়েছে এবং সেখানে তার "স্কাল" বলে বিশেষ কিছু "প্র্যাক্টিক্যালী" নাই। তার মাথায় একটা টুপি লাগিয়ে বলতে হচ্ছে এবং সেইটাই হচ্ছে তার বর্তমানের "স্কাল"। সেই লোককে বাধ্য করা হচ্ছে এখনই তাকে কাজে ভর্তি হ'তে হবে এবং তা না'হলে তার সমস্ত চাকরী চলে যাবে। এবং এই বলে তাকে ভয় দেখান হচ্ছে। তিনি আবার "এ্যাক্সিডেণ্ট ইন্সিওরেন্স" করা রয়েছেন। "ইন্সিওরেন্সের" পালায় এইভাবে তাদের চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে।

এ প্রসঙ্গে আর একটা ব্যাপার আছে, সেটা হচ্ছে "ট্রেড ডিসপিউট" সেই "ডিসপিউট" যেটাতে গিয়ে আমাদের "ট্রাইবুন্যাল" বসাতে হচ্ছে এবং তার জন্য খরচা বেড়ে গেছে। অর্থাৎ এদের চলাফেরার খরচা বেড়ে যাচ্ছে এবং তার জন্য আর একখানা অপচয় হচ্ছে। শুনছি এই যে "ট্রাইবুন্যাল" হরদম বসছে তার খরচ হচ্ছে খুব। এই সব "ট্রাইবুন্যাল"এ যে সমস্ত বিচার হয়, এবং বিচারের যে সমস্ত রায় হয় সেই সমস্ত কাজে পরিণত হয় কিনা এবং তাতে মজুরদের কি স্বার্থরক্ষা হয় এ সম্বন্ধে আমাদের কর্তৃপক্ষ অবহিত আছেন বলে আমার মনে হয় না, কারণ এখানে দেখা যায় এমন একটা দারুণ ঔদাসীন্য এবং সমস্ত ক্ষেত্রব্যাপী মজুরদের ক্ষেত্রে এমন একটা মনোভাব সরকারের দেখতে পাই যে সেটা যেন সৎমার মনোভাব।

এখানে তারা মিল-মালিকের সঙ্গে ষড়যন্ত্র করে মজুর নির্যাতনে তৎপর। মিছিমিছি দরিদ্র নারায়ণের কথা তাঁদের মুখে মানায় না। এবং এ সর্বনাশা, নীতির মধ্যে এখন "স্যাম্পেল সার্ভে" করে, তামাসা করে আর কি লাভ আছে। সেখানে আর আমাদের এই "ইণ্ডাষ্ট্রীয়াল ট্রাইবুন্যাল" প্রভৃতি করে, ছুড়োছুড়ি করে আরও কতকগুলি টাকা নষ্ট করে আমাদের কোন লাভ নাই। সেই জন্য বলছি আজ আমাদের এখানে Supplementary Budgetএর নামে যে একটা অপচয়ের কিরিস্তি করা হয়েছে, তার মধ্যে বেকার খাতই অপচয়ের পরিচয়ে দীর্ঘস্থান দখল করেছে। যদিও বরাদ্দের পরিমাণটা অনেক নয়, তবু প্রকৃতির দিক থেকে এটাই সব চেয়ে দোষদুষ্ট। তারই জন্য আমি এখানে আপত্তি জানাচ্ছি। আমি বলছি যে এই "প্লান্ট"টা যাতে মঞ্জুর না হয়।

Dr. Ranendra Nath Sen:

মাননীয় "স্পীকার" মহোদয়, এই "সাপ্লিমেণ্টারী বাজেট" আলোচনার সময় আমাদের তরফ থেকে জ্যোতি বাবু যে কথা বলেছেন, সেটা খণ্ডন করতে গিয়ে ডাঃ বি, সি, রায় কতকগুলো কথা বলেছেন। প্রথম কথা যা বলেছেন সেটা হচ্ছে ঐ Employees' State Insurance Scheme. এটা গত বছর থেকে ঘোষণা করা হয়েছে যে বাংলা দেশে জুলাই মাসে ওটা প্রবর্তন করা হবে। আমরাও আশা করেছিলাম যে গত ফেব্রুয়ারী মাসে "বাজেট" অধিবেশনের সময় এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"-এর জন্য খরচের টাকা ধরা হবে। কিন্তু তখন এর কোন ইঙ্গিত পাওয়া গেল না। আমি নিজে সেই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"এর "রিজিওনাল বোর্ডে"এর সভ্য হিসেবে যখন খবর নিলাম, তখন জানতে পারলাম যে সেই "রিজিওনাল বোর্ড" গঠিত হয় নাই। সেই "কর্পোরেসন" থেকে খবর নিয়ে অবগত হলাম যে ওটা জুলাই মাসে হবার কথা। কিন্তু কই, এই অধিবেশনেও তার জন্য টাকা বরাদ্দের ব্যবস্থা করা হয় নাই। এটা খুবই আশ্চর্য্যের বিষয়। এটা থেকে প্রমাণিত হয় আমাদের যখন "বাজেট" উপস্থিত হয়েছিল, তখন সরকারের চিন্তার মধ্যে এটা ছিল না। যদিও পশ্চিম বাংলা সরকারের এ বিষয় একটা দায়িত্ব ছিল এবং এখনো আছে। এর ১।৩ ভাগ খরচ এই সরকারকে দিতে হবে; আর বাকী ২।৩ ভাগ খরচ "এমপ্লয়েজ কর্পোরেসন"এর তরফ থেকে আসবে। হঠাৎ তাঁদের নিদ্রাভঙ্গ হলো'। অবশ্য আগে জুলাই মাসের আগে হলেই ভাল হতো। সুতরাং এটা এই "সাপ্লিমেণ্টারী বাজেট"এ না এসে "অবিজিন্যাল বাজেটের" মধ্যে আসা উচিত ছিল। যদি সরকারের কোন দায়িত্বজ্ঞান থাকতো ও এতখানি অন্ধ না হতো তাহ'লে এটা অনেক আগেই আসতো।

তারপর বহুদিন চলে যাবার পর একদিন হঠাৎ শুনলাম Employees' State Insurance Scheme বাংলা দেশে প্রবর্তিত হবে। কয়েকজন লোকও নিমন্ত্রিত হবে, আমিও নিমন্ত্রিত হই। ডাঃ রায় বক্তৃতা দিলেন। তাঁর বক্তৃতা থেকে এইটুকু বুঝলাম যে এই সম্পর্কে তিনিও বিশেষ কিছু বুঝছেন বলে

মনে হয় না। তিনি মুখ্য মন্ত্রী, কাজেই তাঁকে কিছু বলতেই হবে। এই "স্কীম" কোথায় কিভাবে হবে, তার গলদ কি আছে, তার কি ভাবে উন্নতি করা যায় ইত্যাদি কিছুই পশ্চিম বাংলা সরকারের জানা ছিল না। তার ফল হ'লো কি? অবিলম্বে জুলাই মাসে যেটা প্রবর্তিত হবার কথা ছিল, সেটা পেছতে পেছতে ঠিক হ'ল--"রিজিওনাল বোর্ডের" "মিটিংএ" "ডিসিসন" হল--যে ডিসেম্বর মাসে এটা প্রবর্তিত হবে। যেটা গোটা ভারতবর্ষের সরকারের তরফ থেকে "পার্লামেণ্টএ" ঘোষণা করা হয়েছিল যে ভারতবর্ষের শ্রমিক ও কর্মচারীদের উন্নতিকল্পে একটা "স্কীম" তারা প্রবর্তন করছেন এবং সেটা ধীরে ধীরে সব জায়গায় প্রবর্তিত হবে। আমরা বলেছিলাম যে সেই "স্কীমটার" মধ্যে কিছু গলদ থাকা সত্ত্বেও আমাদের শ্রমিক আন্দোলনের তরফ থেকে সেটা গ্রহণ করতে আমরা ইচ্ছুক আছি। কিন্তু এই সরকার যাদের দায়িত্ব ছিল আগেই সেটা এখানে আনা, তা না করে, "এসেম্বলীর" মধ্যে সে সম্পর্কে কোন কথা না বলে তাঁরা বাইরে গিয়ে বললেন যে একটা "রিজিওনাল বোর্ড" গঠিত হবে, ডিসেম্বর মাসে সেটা হবে।

আমি এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম" সম্বন্ধে কয়েকটি কথা এখানে তুলে ধরতে চাই। আমি "কাট-মোশান"এ বলেছি এটা শুধুমাত্র কলিকাতা ও হাওড়ায় যে সব "রেজিষ্টার্ড ফ্যাক্টরী" আছে যেগুলি "ফ্যাক্টরী অ্যাক্টে" পড়ে তাদের বেলায় প্রযোজ্য হবে এবং ২ লক্ষ ৪০ হাজার মজদুর তার মধ্যে পড়বে। কিন্তু তাদের পরিবারবর্গের কি হবে, তারা পড়বে কিনা, তার কোন ঠিক নাই। তবে মোটামুটি এটা ঠিক আছে যে তারা এর মধ্যে পড়বে না। "গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া অ্যাক্ট"এ যা বলা হয়েছে তার চৌহদ্দি বাড়ান যেতে পারে যদি কোন "ষ্টেট" মনে করেন সেটা করা উচিত ও করা সম্ভব।

[7-5—7-15 p.m.]

আমি মনে করি পশ্চিমবঙ্গ সরকার থেকে "রিজিওনাল বোর্ড"এর কর্মসীমা কমপে কমপে কম হাওড়া ও কলকাতায় প্রযুক্ত হওয়া দরকার এবং সেখানে বিভিন্ন কারখানা ও "ইণ্ডাষ্ট্রী"র ভিতর প্রযুক্ত হওয়া দরকার। কিন্তু এটা গৃহীত হয়নি। তারপর "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"এ একটা গলদ রয়েছে--"ওল্ড এজ পেন্সন"এর কোন ব্যবস্থা তাতে নেই। পশ্চিমবঙ্গ সরকার বলেন যে এটা আমাদের ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকারের ব্যাপার। কিন্তু এদেশ থেকে যে ৬ লক্ষ টাকা ব্যয় করা হবে এটা জানা উচিত যে পশ্চিমবঙ্গের জনসাধারণের উন্নতি এতে কতটা কি হবে সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার থেকে বিবেচনা করা দরকার এবং "এসেম্বলীতে"ও এটা আলোচনার সুযোগ থাকা উচিত। কাজেই সীমাবদ্ধ গণ্ডীটা আরও প্রসার করুন যাতে সমস্ত কর্মচারীরা বৃদ্ধ বয়সে "পেন্সন" প্রভৃতি পেতে পারে।

দ্বিতীয়তঃ শ্রমিকদের পক্ষ থেকে কর্মচারীদের পক্ষ থেকে "কন্ট্রিবিউসন" নেওয়া হবে। যাতে এই "কন্ট্রিবিউসন" ধীরে ধীরে কমে যায় তারই চেষ্টা করা উচিত। এটা যাতে সমগ্র পশ্চিমবঙ্গে প্রযোজ্য হ'তে পারে তারই ব্যবস্থা করা দরকার; তারপর কয়লার খনি, চা বাগানে যাতে নিরাপত্তার ব্যবস্থা হয়, সেখানেও যাতে এই "স্কীম"টা প্রযুক্ত হয় তারও ব্যবস্থা হওয়া দরকার। আমি বলতে চাই "এসেম্বলীর" অপর দল থেকে বলা হয় আমরা কোন রকম "কনষ্ট্রাকটিভ সাজেসান" দেই না কিন্তু এই রকম "কনষ্ট্রাকটিভ সাজেসন" দেই, আসলে তা নেওয়া হয় না। সরকার থেকে, "ষ্টেট গভর্ণমেণ্ট" থেকে চেষ্টা করা দরকার যাতে অবিলম্বে এরকম একটা পরিবর্তন সম্ভব হয়।

সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে এই "স্কীম"এ বেকার সম্বন্ধে কোন ব্যবস্থাই নাই। এই "বাজেটের" মধ্যে রয়েছে যে "সার্ভে" করবার জন্য প্রায় তিন লাখ টাকা খরচ হবে। আমি বলি "সার্ভে" করার জন্য তিন লক্ষ টাকা খরচ করবেন কেন। যেখান থেকে হউক আরম্ভ করুন, আর কিছু না হোক এই তিন লক্ষ টাকায়ও তো কিছু সংখ্যক বেকারের সাহায্য করা হবে।

তৃতীয় কথা হচ্ছে যদি এই "ষ্টেট ইনসিওরেন্স স্কীম" কার্য্যকরী করতে হয় তাহ'লে আমাদের দেখা দরকার যাতে ঐ "লোকাল কমিটি"তে "ট্রেড ইউনিয়ন"এর লোক নিয়ে গঠিত হয়। কিন্তু তা না করে সরকার যদি "ট্রেড ইউনিয়ন"এর লোককে গ্রেপ্তার করে বিনা বিচারে জেলে আটক করে রাখেন তাহ'লে কাজ কি করে হবে। এখনও তো পাঁচ-জনকে--রাম বানার্জি, অজিত, প্রভৃতিকে--দমদমা জেলে আটক করে রেখেছেন। যারা এই "স্কীম ইম্প্লিমেণ্ট" করবে, যারা কার্য্যকরী করবে, যাদের জন্য এই "স্কীম" তাদের, সেই "ট্রেড ইউনিয়নিষ্ট"দের যদি গ্রেপ্তার করে রাখা হয় তাহ'লে "এ্যাক্ট" বৃথা হবে। এটাকে কার্য্যকরী করার একমাত্র পথ হচ্ছে "ট্রেড ইউনিয়ন কমিটি"র সঙ্গে, "ট্রেড ইউনিয়ন" নেতাদের সঙ্গে সহযোগিতা করা, তাদের গ্রেপ্তার করা নয়। আমি এই বলে শেষ করতে চাই যে এই "এ্যাক্ট"এ যতটা দুর্বলতাই থাক না কেন

[Dr. Ranendra Nath Sen.]

আমরা এটাকে "ইম্প্রিমেণ্ট" করতে চাই এবং এই "স্কীম"এর ব্যাপারে সহযোগিতা করতে চাই কিন্তু সরকার পক্ষ থেকে সহযোগিতার বদলে দমন করবার জন্য যদি একটা "বুরোক্রাটিক মেসিনারী" চালু করেন তাহ'লে এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম" বাংলা দেশে কখনও গৃহীত হবে না, সেজন্যই দিল্লী ও কানপুরে বিক্ষোভ দেখা দিয়েছে—এই বলেই শেষ করছি।

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম" সম্বন্ধে আমাদের রণেন বাবু বলে গিয়েছেন এক দিক থেকে কিন্তু আমি বলবো অন্য দিক থেকে —ডাক্তারদের দিক থেকে। কারণ তাদের দিক থেকে এই স্কীমটা খুব "ইনসাফিসিয়েণ্ট" বলেই মনে করি। আমরাও চাই এই "স্কীম"টা সফল হোক, কার্য্যকরী হোক, রোগীরা ঔষধ পাক কিন্তু "স্কীম"টা যেভাবে দেওয়া হয়েছে তাতে এটা হবে না। আমি দু'তিনটি কথা বলবো, আমাদের মাননীয় চিকিৎসামন্ত্রীমহাশয়ও যদি ভেবে মত দেন তাহ'লে এটা কার্য্যকরী হ'তে পারে। প্রথম কথা হচ্ছে এই "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"এ ডাক্তারদের হাতে কত টাকা দিচ্ছেন? আমি যে হিসাব পেয়েছি তাতে দেখছি ৭৷৷০ টাকা—তাতে বার আনা "প্লাস" বার আনা বাদ দিলে ডাক্তারদের পকেটে যাচ্ছে ৬৲ টাকা, ৪৲ টাকা ও ২৲ টাকা কিন্তু ৪৲ টাকা কিসের জন্য আর ২৲ টাকা কিসের জন্য? এই ৪৲ টাকায় ৪৲ টাকার কাজ এবং ২৲ টাকায় সেই দু' টাকার কাজ হয় কিনা সেটা দেখতে হবে। যদি না হয় তাহ'লে রণেন বাবু যে কথা বলেছেন তারই পুনরাবৃত্তি করে বলছি যে এই প্রহসন মাত্র হচ্ছে। এই যে চার টাকা ডাক্তারদের ফিস্ ধরছেন—কিন্তু ডাক্তারখানায় "ইলেক্‌ট্রিসিটি" খরচা আছে, "কম্পাউণ্ডার"এর খরচ আছে, চাকর রাখবার খরচা আছে, "নার্সিং"এর খরচ আছে, তারপর "পেসেণ্ট"কে যদি বাড়ীতে গিয়ে দেখতে হয় তাহ'লে গাড়ী ভাড়ার খরচা আছে—এ সমস্তই কি ঐ ৪৲ টাকার মধ্যে "ইনক্লুড" করা আছে? যদি থাকে তাহ'লে এই টাকায় কি হয়? ঔষধের খাতে দু'টাকা ধরা হয়েছে। আপনারাই জানেন "পার ক্যাপিটা" ঔষধ কত লাগতে পারে। সাধারণ "সালফাডিয়াজিন" বা "সালফাগুয়াডিন"এর কথা বলছি না কিন্তু "টাইফয়েড গ্রুপ"এ যে সমস্ত "মেডিসিন" আছে সেই "ক্লোরোমাইসিন," "ষ্ট্রেপটোমাইসিন," "পেনিসিলিন" প্রভৃতি ঔষধ, ব্যবহার করতে হয়, তাছাড়া "টি, বি, পেসেণ্ট" যদি আবার ২।১টি আসে এবং সেসব খরচাও যদি ওর ভিতর থেকেই দিতে হয় তাহ'লে দু'টাকায় হতে পারে কি? কাজেই গ্রামদেশে এখনও ঔষধের বদলে জল দেয় এরূপ যেসব কথা শুনতে পাওয়া যায় সে রকম করা ছাড়া উপায় কি? কাজেই এর একটা বন্দোবস্ত করুন, আমি চাই না যে আবার "জুনিয়ার" ডাক্তারেরা এসে এরকম কাজে হাত দিয়ে হাস্যাস্পদ হউক। কাজেই আমি বলি এই দু'টাকায় ও ৪৲ টাকায় চিকিৎসা হ'তে পারে না। এর পরিবর্তন করুন।

তারপর রোগীর যে হিসাব তাতে দেখছি প্রত্যেক ডাক্তারকে ১,২০০ থেকে ২,০০০ রোগী দেওয়া হবে। অবশ্য ১,২০০ এই সংখ্যাটা এখনই জানতে পেরেছি। যে হিসাবেই ধরে থাকেন সরকারী হিসাবে ৩০ "পার সেণ্ট" রোগী ধরা হচ্ছে। এখন ডাক্তারকে "নন-প্রাক্টিসিং এ্যালাউন্স" কিছুই দিচ্ছেন না, এবং তারপর "প্রাইভেট প্রাক্টিস এ্যালাউ" করছেন। তাই যদি হয় তাহ'লে সেই ডাক্তার এই ৬০ জনের জন্য কি বসে থাকবে না তার "প্রাইভেট" রোগী দেখতে যাবে? ধরে নেওয়া যাক এই ঘাট জনের প্রয়োজন বেশী তাহ'লে তার "প্রাইভেট প্রাক্টিস" বন্ধ করতে বাধ্য হবে। কাজেই এই যা করছেন তাতে মোটেই সুনাম হবে না, কোন কাজ হবে না, এদিকে ভাল করে নজর দিন এবং যাতে এটা কার্য্যকরী হয় সেটা করুন।

[7-15—7-25 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমি বেকার সমস্যা সম্পর্কে দুয়েকটি কথা বলতে চাই। কারণ "আন-এম্প্লয়মেণ্ট আইটেম"ও এর মধ্যে রয়েছে। আমাদের দেশে কত বেকার আছে আজ পর্য্যন্ত তার সরকারী হিসাব নাই। বেকারদের একটা হিসাব ও তথ্য নেওয়া হবে এটা খুব ভাল জিনিষ। যখন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছিল তখন এই জিনিষ করা হয়নি। বিলম্বে হ'লেও এখন যখন করা হচ্ছে তখন কতকগুলি প্রস্তাব এই সঙ্গে রাখতে চাই। কলকাতার একটা হিসাবে দেখা গিয়েছে ২ লক্ষ ৫৭ হাজার ৩ শত লোক চাকরী খুঁজে বেড়াচ্ছে। ৬ লক্ষ ৬৪ হাজার ৮ শত লোক এদের উপর নির্ভরশীল। এর থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে কলকাতার বেকারদের কি অবস্থা। সম্প্রতি "ষ্টেট ইন্সিওরেন্স স্কীম"এর জন্য ১৫০ জন ডাক্তারের জন্য "এ্যাপ্লিকেশন" চাওয়া হয়েছিল, তাতে ১,২০০ ডাক্তার দরখস্ত করেছিলেন। এর থেকে বোঝা যাচ্ছে কলকাতার উচ্চ শিক্ষিতদের মধ্যেও বেকারসমস্যা কতখানি। কলকাতার আরেক হিসাব থেকে দেখা যায় ম্যাট্রিক এবং তদূর্দ্ধ শিক্ষিত

বেকারের সংখ্যা ৬০ হাজার ৫ শত, মধ্যবিত্ত বাঙ্গালী বেকারদের সংখ্যা ১ লক্ষ ২৮ হাজার। গ্রামাঞ্চলের দিকে তাকালে দেখা যাবে সেখানে পৌনে ২ কোটি লোক বাস করে। তার মধ্যে ১৯৪৩ সালের দুর্ভিক্ষে যে লোক মারা গিয়েছিল, সেই সংখ্যাটাকে মান হিসাবে ধরলে গ্রামাঞ্চলে ৫০ লক্ষ লোক বেকার আছেন, একথা বলা যায়। তারপর, চা বাগান এবং চটকল প্রভৃতির কথা। দেশের বাইরে প্রতিযোগিতা ও দেশের ভিতরে মন্দার ফলে চায়ের বাজার নেই—চাবাগানগুলিতে ২০ হাজার লোক ছাঁটাই হ'য়ে গিয়েছে। চাবাগানের মজুররা যে জুতো পরত তা বাটায় তৈরী হ'ত—চাবাগানের মজুর ছাঁটাই হওয়ার সঙ্গে সঙ্গে বাটা কোম্পানীতে বহু মজুর ছাঁটাই হ'য়ে গেল। চটকলে নূতন "বেসিন" আসার জন্য ১২$\frac{১}{২}$ "পার সেণ্ট" অর্থাৎ ৩৭$\frac{১}{২}$ হাজার লোক বেকার হচ্ছে। এইভাবে "কটেজ ইণ্ডাষ্ট্রী"তেও আজ বেকারের সংখ্যাই বেশী দেখা যায়। বাংলার সুতোকলগুলিতে "প্রো-ডাক্সন" ৪০ "পার সেণ্ট" কমিয়ে দেওয়া হ'ল, ফলে শতকরা ৪০ জন মজুর ছাঁটাই হ'ল। আজকে যদি সরকারকে বেকারদের প্রতি দৃষ্টি দিতে হয় তাহ'লে সরকারকে পরিষ্কারভাবে কতগুলি নীতি ঘোষণা করতে হবে। আজকে যদি বেকারসমস্যা সমাধান করতে হয় তাহ'লে প্রথমতঃ বেকারদের সংখ্যা সঠিকভাবে নির্ণয় করতে হবে। এজন্য বেকারসমস্যা সম্বন্ধে তথ্য সংগ্রহ করার যে চেষ্টা করা হচ্ছে তার জন্য ধন্যবাদ জানাচ্ছি, কিন্তু বাংলাদেশের বেকাররা যখন মারা যাচ্ছে তখন কোন ব্যবস্থা করা হয়নি। রোম যখন পুড়ে যাচ্ছে নীরো তখন বাঁশী বাজাচ্ছে—পশ্চিমবঙ্গ সরকারের আজ ঠিক এই অবস্থা। আজ সারা দেশকে ধোঁকা দেবার জন্য এবং আগামী কয়েক বছরও ধোঁকা দিয়ে রাখবার জন্য বড় বড় পরিকল্পনার কথা বলা হচ্ছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেখা গেছে পশ্চিম বাংলায় শিল্পের জন্য ১কোটি ১৬ লক্ষ টাকা খরচ হবে। এটাকা পশ্চিম বাংলার পুলিশ বাজেটের ১।৭ অংশ। এতে বেকার সমস্যার কোনই সমাধান করা যাবে না। আজ সত্যিই যদি বেকার-সমস্যা সমাধান করতে হয় তাহ'লে গ্রামাঞ্চলে আমূল-ভাবে ভূমি সংস্কার করতে হবে, এবং শিক্ষিত, মধ্যবিত্ত ও শ্রমিক প্রত্যেকের জন্য উপযুক্ত কর্মসংস্থান করতে হবে। আশা করি মন্ত্রী মহাশয় এই প্রস্তাবগুলি গ্রহণ করে দেশকে বাধিত করবেন। ডাঃ রায়ের মধ্যবিত্তের জন্য চোখের জল পড়ে—সেটা খাঁটি কি মেকি তাহ'লেই প্রমাণ হ'য়ে যাবে।

The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় "স্পীকার" মহাশয়, আজ এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ সম্বন্ধে যে কয়েকটী ছাঁটাই প্রস্তাব উপস্থাপিত হয়েছে তার উত্তর দিতে গিয়ে বিরোধীপক্ষ আজ যে মনোভাব দেখিয়েছেন তার জন্য আমি তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই। আজ বাংলাদেশে একটা নূতন পরিকল্পনা নিয়ে Employees State Insurance Scheme —করা হচ্ছে; আমার মনে হয় ভারতবর্ষে যে কয়টা জনকল্যাণমূলক আইন প্রবর্তিত হচ্ছে এটা তার মধ্যে অন্যতম। ডাঃ রণেন সেন মশাই প্রশ্ন তুলেছেন বাংলাদেশ পিছিয়ে আছে। তিনি হয়তো জানেন যে এই যে "স্কীম"টা বাংলায় রূপায়ণের পথে চলেছে বোম্বে সরকার অনেক পূর্বেই এই বিষয়ে প্রস্তাব গ্রহণ করেছিলেন, কিন্তু তাকে কার্য্যকরী রূপ দিতে পারেননি। কাজেই আমি বলব বাংলাদেশ আজ এবিষয়ে অগ্রণী হয়েছে, এবং যে সহযোগিতার মনোভাব বিরোধীপক্ষ থেকে দেখছি—যেসমস্ত শ্রমিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এই নূতন "স্কীম" কার্য্যকরী করবার জন্য সহযোগিতার আশ্বাস দিয়েছেন সেই আশ্বাস সর্বান্তঃকরণে গ্রহণ করছি এবং তাঁদের এজন্য অভিনন্দন জানাচ্ছি। এই প্রসঙ্গে ডাঃ নারায়ণ রায় সন্দেহ প্রকাশ করেছেন যে, তাঁরা উপযুক্ত পারি-শ্রমিক পাবেন না। আমার কথা হচ্ছে এই কাজ যাঁরা করবেন সেবার মনোভাব নিয়েই করবেন, এবং তাঁরা যাতে নিজেদের ভরণপোষণের ব্যবস্থা করতে পারেন সেদিকে আমাদের দৃষ্টি থাকবে। কারণ এই "প্যানেলে"এ যাদের নেওয়া হবে তাঁরা মাসিক ৪০০ থেকে ৫০০ টাকা রোজগার করবেন। কাজেই নারায়ণ বাবুকে বলতে চাই যে হয়তো মাসিক ৪০০। ৫০০ টাকা তাঁর পক্ষে প্রয়োজন অনুপাতে অকিঞ্চিৎকর হতে পারে।

[7-25—7-35 p.m.]

কিন্তু বহু ডাক্তার বহু প্যানেলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করেছেন এবং আমাদের প্রয়োজনের অতিরিক্ত অনেক ডাক্তার আমরা এখানে পেয়েছি। আমি আশা করি যে এতে আমাদের কোন রকম অসুবিধা হবে না।

আর একটা কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই এখানে গড়পড়তা রোগী প্রায় শতকরা ৩ জন। আমাদের যা "রিপোর্ট" আছে তাতে দেখছি তিনেরও কম; কলিকাতায় এবং কলিকাতার নিকটবর্তী শ্রমিক অঞ্চলে—প্রায় শতকরা ২।।০ জন রোগী হয়। কাজেই এখানে এক এক জন যে ডাক্তার থাকবে

[The Hon'ble Kali Pada Mookerjee.]

তাদের উপর বারশ থেকে দু' হাজার পর্য্যন্ত রোগীর চিকিৎসার দায়িত্ব পড়বে। তাছাড়াও তারা নিজেদের "প্রাকটিস" করতে পারবে। সেখানে কোন বাধা নিষেধ নাই। সেখানে যে সব "ডিসপেনসারী" থাকবে সেখানে বাহিরের রোগীও দেখতে পারবে। ঔষধ সম্বন্ধে সম্প্রতি দেখছি যে পরীক্ষামূলকভাবে এই আইনকে যেখানে সেখানে চালু করা হয়েছে অর্থাৎ কানপুর এবং দিল্লীতে ঔষধের খাতে যে খরচ হয়েছে তাতে আশা করি ১৮০ করে পড়বে। কাজেই এইখানে ২৲ টাকা কোরে ব্যায়ের ব্যবস্থা করলে সেটা অকিঞ্চিৎকর হবে ব'লে মনে করি না। তাছাড়া এখানে "এক্সরে" বা অন্যান্য প্রকার চিকিৎসারও ব্যবস্থা আলাদা আছে। আমরা রোগী পিছু ৭৷৷০ কোরে খরচ করব এই ধারণা নিয়ে অগ্রসর হয়েছি। বহু জায়গায় ভাল ভাল বিচক্ষণ চিকিৎসকেরও সহযোগিতা পাচ্ছি। কাজেই আজ যাঁরা চান শ্রমিকদের সত্যই কল্যাণসাধন হউক তাঁদের সহযোগিতা নিয়ে এগিয়ে গেলে আমাদের পরিকল্পনা যেটা রূপায়ণের পথে চলেছে সত্যই সেটা শ্রমিকদের কল্যাণসাধন করতে সক্ষম হবে।

দ্বিতীয় আর একটা প্রশ্ন উঠেছে এই বেকারী। বেকারীর তথ্য সংগ্রহের প্রয়োজন কি? আজ আমরা বৈজ্ঞানিক যুগে বাস করি। আজ বৈজ্ঞানিক ভিত্তিতে "র‍্যাণ্ডম স্যাম্পল সার্ভে" পদ্ধতির অনুসরণ কোরে আমাদের দেশের বেকারী যে বেড়ে চলেছে তার স্বরূপ উদ্‌ঘাটন করবার জন্য ৩ লক্ষ টাকা আপনাদের কাছে চেয়েছি। মনে হয় যে অবস্থার গুরুত্ব অনুযায়ী এটা অতি সামান্য। কাজেই এদিক থেকে বিশেষ কোন বিরোধিতা আসে নি। এই আমার বক্তব্য।

যা হউক আমি সকল ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং মূল প্রস্তাব সমর্থন করছি।

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 9,50,000 for expenditure under Grant No. 30, Major Head: "47—Miscellaneous Departments", during the current year, be reduced by Rs. 100, was then put and lost.

মাননীয় মন্ত্রীমহাশয় বার্ণপুরের ব্যাপারকে একটা জরুরী অবস্থা বলে মনে করেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

নিশ্চয়ই করি।

(এ সব হয়ে গেছে—"নয়েজ এ্যান্ড ডিস্টারবেন্স")।

Sj. Bibhuti Bhusan Ghosh:

আপনাদের লজ্জা করে না? হাসছেন? অথচ সেখানে গুলি করা হয়েছে; বার্ণপুরে এত বড় দুর্ঘটনা হ'ল, এরকম জরুরী অবস্থায়ও মন্ত্রী-মহাশয়ের মনে হয়নি যে ডাঃ রায়ের সঙ্গে পরামর্শ করা প্রয়োজন আছে?

Mr. Speaker: All those questions have been answered.

Sj. Bibhuti Bhushon Ghosh:

বার্ণপুরে যা হয়েছে—

Mr. Speaker:

আপনি এখানে ছিলেন না, আগেই এসব হয়ে গেছে।

Sj. Bibhuti Bhushon Ghosh:

এরকম একটা জরুরী অবস্থায় ডাঃ রায়ের সঙ্গে পরামর্শ করেননি কেন?

Mr. Speaker: That question does not arise.

[10—10-10 a.m.]

Dr. Atindra Nath Bose: Sir, shall we be allowed to ask further supplementaries after Dr. Roy has made a statement about facts—about facts and not policy?

Mr. Speaker: You can send a new question.

Dr. Atindra Nath Bose: Then more supplementaries will be needed. Is the Hon'ble Minister or any other Hon'ble Minister aware of the telegram—

Sj. Debendra Chandra Dey: He cannot say "any other Hon'ble Minister".

Dr. Atindra Nath Bose: Is the Hon'ble Minister aware of the telegram which was sent by the Secretary to the Chief Minister to the Secretary, Burnpur Action Committee?

The Hon'ble Kali Pada Mookerjee: I am not aware of it

Dr. Atindra Nath Bose: Is the Hon'ble Minister aware of the telegram reading "Mr. John advised to extend date of enrolment till 2nd October. Meanwhile you ask workers to resume work". Is the Hon'ble Minister aware of this telegram?

Mr. Speaker: Please read your telegram again.

Dr. Atindra Nath Bose: The telegram is dated 29th September. It was sent by the Secretary to the Chief Minister to Taher Hossein, Secretary, Action Committee, Burnpur. It reads "John (he is the President of the existig union advised to extend date of enrolment till 2nd October. Meanwhile you ask workers to resume work".

The Hon'ble Kali Pada Mookerjee: I have answered the supplementary question before.

Dr. Atindra Nath Bose: He replied previously that he is not aware of it.

Mr. Speaker: What is your further supplementary?

Dr. Atindra Nath Bose: What is the answer to this supplementary?

Mr. Speaker: He has said that he is not aware of the telegram.

Sj. Jyoti Basu: That is why I say it is a fraud on the House

Mr. Speaker: You can comment on that.

Dr. Atindra Nath Bose: Is the Hon'ble Minister or any other Hon'ble Minister aware of——

Mr. Speaker: You are not concerned with any other Minister, why do you question like that? You please put your question to the Minister-in-charge.

Dr. Atindra Nath Bose: I ask the Hon'ble Minister whether he is aware of a letter which was sent by the representatives of the Burnpur Action Committee noted "immediate" and which was receipted and signed by the Chief Minister's Secretariat.

The Hon'ble Kali Pada Mookerjee: I do not know.

Dr. Atindra Nath Bose: Whether he is aware of any intimation sent to the Chief Minister at Writers' Buildings, dated 13th November, 1952, which is receipted by Mr. R. S. Trivedi, Secretary to the Chief Minister?

The Hon'ble Kali Pada Mookerjee: I am not aware.

Dr. Atindra Nath Bose: Will the Minister state what steps he has taken to intervene in the Burnpur dispute to get roughly the 600 men, as stated in his reply, either reinstated or their cases referred to adjudication?

The Hon'ble Kali Pada Mookerjee: I have already answered that question that if the aggrieved persons approach the Government, proper steps would be taken to deal with the matter.

Dr. Atindra Nath Bose: If the aggrieved persons approach the Government they are not allowed interview. In those circumstances, what is the advice of the Hon'ble Minister to the workers?

Mr. Speaker: That is a hypothetical question.

Dr. Atindra Nath Bose: It is a statement of fact and not hypothetical, and yesterday and day before yesterday, they have been repeatedly refused interview.

My question is what action has the Hon'ble Minister taken to see to the enrolment of new members—members who have not yet been enrolled in the Union?

The Hon'ble Kali Pada Mookerjee: That is none of my duty because the Indian Trade Union Act does not give this power to Government to intervene in the matter of enrolment. But we wanted a fair election and so we tried to give time to the workers to get themselves enrolled.

Dr. Atindra Nath Bose: What is the meaning of the telegram I have read out and which is in original here?

Mr. Speaker: "What is the meaning" is forming your own opinion.

Dr. Atindra Nath Bose: Do the Government propose to withdraw the 22 criminal cases which are pending against workers in connection with the Burnpur workers' movement?

Sj. Debendra Chandra Dey: Does it arise? It is not relevant.

Dr. Atindra Nath Bose: It is relevant because it gives definite assurance.

The Hon'ble Kali Pada Mookerjee: Government is not prepared to withdraw the case because the matter is before the Magistrate.

Dr. Atindra Nath Bose: Is the Minister aware that assurances were given that cases of these workers would be sympathetically considered if they resumed duty?

The Hon'ble Kali Pada Mookerjee: I am not aware of those assurances.

Sj. Jyoti Basu: In view of the last statement made by the Labour Minister that he is not aware of many things including the last thing, may I know from him whether he draws his pay from the Government?

Mr. Speaker: That is not a supplementary question. I cannot allow it. It is an ironical question.

Sj. Jyoti Basu: It may sound ironical but it does arise.

Mr. Speaker: It is not covered by the rules.

Sj. Jyoti Basu: The Minister in his answers to supplementary questions said that he is not aware of many things.

Mr. Speaker: You are entitled to censure the Ministry.

Sj. Jyoti Basu: We do not want to pay such a Minister.

Mr. Speaker: You can put in a motion of no-confidence.

Sj. Jyoti Basu: Again the Chief Minister will stand up and say that it is bad taste to reply without consulting the Chief Minister.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is bad taste.

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি "এগ্রিভড্ পার্সনস" বলতে "রিপ্রেজেন্টড ওয়ারকার" বোঝাচ্ছেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

"এগ্রিভড্ পার্সন" বলতে "রিপ্রেজেন্টড পার্সন"ই বোঝাচ্ছি।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি "ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট" অনুসারে যে কোন লোক "এগ্রিভড্ পার্সন"এর হ'য়ে "কেস টেক আপ" করতে পারে?

The Hon'ble Kali Pada Mookerjee:

না পারে না।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় "ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট"এর ২নং ধারা পড়েছেন কি?

Mr. Speaker: That is not a supplementary question.

Sj. Subodh Banerjee:

আমি জিজ্ঞাসা করছি তিনি পড়েছেন কি না? "ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট"এর ৩৬ নং ধারার "রিপ্রেজেন্টেসন অফ পার্টিজ" কথা বলেন কি না? তারপর মন্ত্রীমহাশয় বলবেন কি "ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট" কাকে বলে?

Mr. Speaker: That is not a supplementary question.

Sj. Hemanta Kumar Basu: Supplementary question, Sir.

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই রকম গুরুতর ব্যাপারে "ক্যাবিনেটের জয়েন্ট রেসপন্সিবিলিটি" আছে কি না? এ একটা গুরুতর ব্যাপার এবং আমি জানি যে ক্যাবিনেটে "জয়েন্টলী" —("নয়েজ এ্যান্ড ইন্টারাপসন"।)

Mr. Speaker: That is a general rule. That is not a supplementary question.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বোধ হয় পরামর্শ করেননি। সেজন্য এ-বিষয়ে ক্যাবিনেটের বা মন্ত্রীদের "জয়েন্ট রেস্পন্সিবিলিটি" আছে কিনা, এবং বার্ণপুরের ব্যাপার একটা গুরুতর পরিস্থিতির ব্যাপার, সেই জন্য জিজ্ঞাসা করছি তাদের "রেসপন্সিবিলিটি "জয়েন্ট" কিনা। যদি থাকে তাহ'লে কেন তাঁরা এর প্রতিকার করেনি।

Mr. Speaker: That does not arise here.

[10-10—10-20 a.m.]

Sj. Tarapada Bandopadhyay: Is the Government taking any step whatsoever so that the workers still out of work may be taken back?

The Hon'ble Kali Pada Mookerjee: Government has already taken action. You may have seen from the answer that the cases of 79 persons have already been sent to the Industrial Tribunal for adjudication and I have made it absolutely clear before the House that if the aggrieved persons approach Government for redress steps will be taken to look into the matter.

Sj. Tarapada Bandopadhyay: I am referring to those 408 workers whose cases have not been referred to adjudication.

Mr. Speaker: That has been answered.

Sj. Tarapada Bandopadhyay: I understand that they are not taking any steps.

Mr. Speaker: He has answered that.

Dr. Ranendra Nath Sen:

বার্ণপুর একটা "পাব্লিক্ ইউটিলিটি সার্ভিসেস"এর অধীনে পড়ে কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

পড়ে।

Dr. Ranendra Nath Sen:

যদি পড়ে তাহ'লে কোন "ডিসপিউট" হ'লে "এগ্রিভড্ পার্টি" যদি "এ্যাপ্লাই" নাও করে তাহ'লে "ইণ্ডিয়ান ডিসপিউট এ্যাক্ট" অনুসারে গভর্ণমেণ্ট সেটা "ডিল" করবেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

এ একটা "হাইপোথিটিক্যাল কোয়েশ্চেন"।

Mr. Speaker:

"হাইপোথিটিক্যাল" করবেন না, প্লেন কোরে বল্বেন।

Dr. Ranendra Nath Sen:

"ইণ্ডাষ্ট্রিয়াল ডিস্পিউউট এ্যাক্ট" অনুসারে যখন এটা "পাবলিক ইউটিলিটি সার্ভিস" বোলে "ডিক্লেয়ার" করেছেন সেখানে কোন "ডিসপিউট" উঠলে কোন "এগ্রিভড্ পার্টি" গভর্ণমেণ্টের কাছে "এ্যাপ্লাই" না করলেও গভর্ণমেণ্ট সেটা "ইণ্ডাষ্ট্রিয়াল ডিস্পিউট এ্যাক্ট ট্রাইবিউন্যালে" দেবেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

"ডিসপিউট" হিসাবে না এলে "ট্রাইবিউন্যালে" দেবার প্রশ্ন ওঠে না।

Sj. Subodh Banerjee:

"ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট, এসেন্সিয়াল সার্ভিসেস" এবং "পাবলিক ইউটিলিটি সার্ভিস" বিষয়ে একটা ধারা আছে যে, তাতে "ডিসপিউট" দেখা দিলে বা "ডিসপিউট" দেখা দেবার সম্ভাবনা থাকলে গভর্ণমেণ্ট সেখানে "এ্যাকসন" নেবেন—"ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট এ্যাপ্লাই" কোরে "এ্যাডজুডিকেসন" করবার জন্য। মাননীয় মন্ত্রী-মহাশয় সে সংবাদ জানেন কি?

Mr. Speaker: That does not arise. You are asking about a section.

Sj. Subodh Banerjee:

"পাবলিক ইউটিলিটি সার্ভিস"এ গভর্ণমেণ্টের পূর্ণ অধিকার রয়েছে। তাহ'লে গভর্ণমেণ্ট কেন——

Mr. Speaker: That does not arise. You are asking whether he is aware of certain section. That is not a supplementary question.

Sj. Subodh Banerjee:

আইন রয়েছে ত, আইন দেখিয়ে দিলেও হবে না? আমার প্রশ্ন হচ্ছে "পাবলিক ইউটিলিটি সার্ভিস"এ গভর্ণমেণ্ট "এ্যাকসন" নিতে পারেন, কিন্তু নেবেন না।

Mr. Speaker: That is not a supplementary question.

The Hon'ble Kali Pada Mookerjee: Action will be taken as soon as the aggrieved persons approach Government.

Sj. Bibhuti Bhushon Ghose:

বার বার মন্ত্রীমহাশয় বলেছেন যে "এ্যাগ্রিভড্ পার্সন" তাঁকে "রেফার" করলে ব্যবস্থা করবেন। কিভাবে তাঁর কাছে "রেফার" করবে তা বলবেন কি?

Mr. Speaker: That is under the Act.

Sj. Bibhuti Bhushon Ghose:

কিভাবে দেখা করবে বলবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

দরখাস্ত করলেই পাবেন।

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন সাধারণ মানুষের ওঁর কাছে যাবার উপায় নেই। যদি দল বেঁধে যায় তাহ'লে তাড়িয়ে দেবেন। তাহ'লে——

Mr. Speaker: That is not a supplementary. Please do not make a statement.

Sj. Bibhuti Bhushon Ghose:

আমি সেটা "ক্লিয়ার" করতে চাইছি; আমাদের জানবার দরকার রয়েছে।

Mr. Speaker: He has given you the answer.

The Hon'ble Kali Pada Mookerjee:

যেমন আর পাঁচজন করে তেমনিভাবে দরখাস্ত করলেই হবে।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় জবাব দেবেন কি যে, যে সমস্ত শ্রমিককে কাজে নেওয়া হয়েছে তাদের বণ্ডে সহি করতে বলা হয়েছে কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

প্রথমে একটা বণ্ডের প্রশ্ন উঠেছিল; তারপরে সেটা "ওয়েভ" করা হয়েছে।

Sj. Benoy Krishna Chowdhury:

কতজনকে বণ্ডে সহি করতে বাধ্য করা হয়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

তা জানি না।

Sj. Benoy Krishna Chowdhury:

বণ্ড সই করার প্রয়োজন কেন হলো?

The Hon'ble Kali Pada Mookerjee:

তারা এমন ক'রে "গো স্লো পলিসি" ধরে কাজ কচ্ছিল যে তার ফলে এক লক্ষ টন "ষ্টীল প্রোডাকসন" কম হয়েছিল।

Sj. Jyoti Basu: Whose fault is that according to the Minister, Sir Biren Mookerjee's or the labourers'?

The Hon'ble Kali Pada Mookerjee: Both are responsible.

Sj. Jyoti Basu: In view of the reply given just now is the Minister aware that Sir Biren Mookerjee was not turned out of the workshop but the workers have been. Is he aware of it?

(No answer.)

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, যে সমস্ত শ্রমিক ওখানে কাজ করছে তাদের উপর নানারকম জুলুম হচ্ছে এবং সম্প্রতি অনেক অভিযোগ করা হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

এরকম অভিযোগ আমার কাছে আসেনি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, শ্রমিকদের যখন ধর্ম্মঘট হয়েছিল সেই সময় বর্দ্ধমান বিভাগের বিভিন্ন জেলা থেকে বার্ণপুরে পুলিশ নিয়ে যাওয়া হয়েছিল।

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি জানি না।

Sj. Monoranjan Hazra:

৯ই এবং ১০ই অক্টোবর হুগলী জেলা থেকে কি পুলিশ নিয়ে যাওয়া হয়েছিল বার্ণপুরে?

Mr. Speaker: It does not arise out of this question

Sj. Monoranjan Hazra:

৯ই এবং ১০ই অক্টোবর শ্রমিকদের জোর করে কাজ করতে নিয়ে যাওয়ার জন্য পুলিশ নিয়ে যাওয়া হয়েছিল কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

আমি জানি না। ওটা "ল এ্যাণ্ড অর্ডার" বিভাগের কাজ। তারাই জানে।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে হুগলী জেলায় সেই সময় শ্রমিক বিরোধ চলছিল এবং সেখান থেকে পুলিশ দেওয়া হয়নি ব'লে মন্ত্রী-দপ্তর থেকে হুগলী জেলার পুলিশ কর্ত্তার উপর "ষ্ট্রিক্‌চর" দেওয়া হয়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

ও আমার দপ্তর নয়। আমি জানি না।

Sj. Byomkesh Majumdar:

বার্ণপুরে গোলযোগের সুযোগ নিয়ে শ্রমিক সংযোগের নামে নিজেদের সুবিধা করে নেবার চেষ্টা হয়েছিল।

Mr. Speaker: I have not allowed this question. Put supplementary questions.

Sj. Ananda Gopal Mookerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে "স্ট্রাইকের" সময় "এ্যাক্‌সন কমিটির" কাছে ভারতবর্ষের বাইরে থেকে কোন বিশিষ্ট লৌহ-ব্যবসায়ী প্রতিষ্ঠান টাকা পাঠিয়েছিলেন।

Mr. Speaker: There is a limit to putting supplementary questions.

Sj. Benoy Krishna Chowdhury:

এই যে নির্ব্বাচন করা হয়েছিল—মাননীয় শ্রম মন্ত্রীমহাশয় বললেন সেই নির্ব্বাচন কিভাবে পরিচালিত হবে সে সম্পর্কে কোন নিয়ম-কানুন শ্রমদপ্তর বা গভর্ণমেণ্ট থেকে করে দেওয়া হয়েছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

তাদের গঠনতন্ত্রের যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা অনুসারেই নির্ব্বাচন হবে।

[10-20—10-30 a.m.]

Statement by the Hon'ble Chief Minister regarding Burnpur affairs.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am as much concerned about the affairs of Burnpur as any member present here today. I agree with Dr. Bose in holding that this institution is one of the most important institutions in India for production purposes. I also felt that it was a case in which development projects were being held up because of the difficulties in Burnpur. It is also clear to everybody that this is one of the big institutions in which Bengalees are primarily interested and a very large number of workers belong to this Province. Therefore, I was naturally interested mainly not so much as the Chief Minister of the province as individually, and when I went to Delhi in July last, the Central Government asked me personally to interview the members of the Action Committee and find out exactly what their difficulties were. The Central Government are naturally concerned with the production that takes place in this industry, more particularly because they have also invested large sums of money in this concern.

I may tell Dr. Bose at the outset that the letter which has been written by the Action Committee for an interview with me reached me this morning and I have sent a reply to them that I will see them tomorrow morning at 7 o'clock. Sir, I have met the members of the Action Committee and Shri Vyas not once but dozens of times. It is quite true that in most of these instances I have not been able to get the Labour Minister with me for the very simple reason that Shri Vyas would come at the outside of my door and send me a slip and I would ask him to come in because I was taking interest in this particular concern and, generally speaking, I was prepared to give him such advice as I could give in the interest of the country as a whole.

Sir, there are three parties to any industrial concern, namely, the investor—the management, the workers and the Government. In this particular case, the Labour Department is the department of my friend, Shri Kali Pada Mookerjee, but the production, as I have said, is under the control of the Government of India and the Labour Commissioner of the Government of India and the Controller of Steel on behalf of the Government of India were very vitally interested in this affair. News came to us, as it must have to many that for some time, probably from the beginning of January, there was some trouble in certain parts of the place, and towards the end of June there was practically a division amongst the rank of the workers. I felt then and I am almost sure that my friend was correct that there was more trouble as between the leadership of the union of the workers rather than any trouble between the management and the workers. Some people were discharged earlier in the year, about May or June, and I believe cases were sent to the Tribunal and are still before the Tribunal, but I was more interested in

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

the general affairs of the place. I met both Shri Vyas and Shri John and I told Shri John that he must hold an election of the union which he has not done formally for the past two years, although I understand reports have been sent to the Labour Department that such elections had taken place. We had long discussion with John both here and in Delhi and it was made clear to him both by myself and the Industries Minister in the Centre that he must hold an election and if an election is held he cannot possibly, subject to the rules of his own union which we could not interfere with, do anything which would keep out a large number of workers from being members of the union. That is one aspect of the question.

The other aspect was that the management had in the beginning, as I have said, discharged certain individuals, but I made it clear to the management—so did the Government of India—that they could not discharge anybody without sufficient reason and if they did discharge and if complaints came from the workers, they would be placed before the Tribunal—that was made perfectly clear to the management.

Sir, in the beginning, I think in the month of July, when the Action Committee was controlling the workers there, Shri Vyas and the other members of the Action Committee came to see me from time to time and they promised increase in the production but somehow or other they could not fulfil what they promised. It appeared that towards the end of July it was not possible for them to put forward more than 30 or 35 per cent. of the total output that occurred in the mill previous to the month of July. My personal attitude and the attitude of the Central Government was that we should not take any sides—either the side of Mr. Vyas or the side of Mr. John, nor should we allow the management to discharge workers unless there is sufficient reason for their discharge which would be placed before the Tribunal. The Labour Minister has told the Assembly that 408 members have not joined the work. The actual meaning, as far as I have gathered from the letter which I have received from both the management and the workers, is that not all of them have been discharged, some of them are among the discharged employee group and some of them might not have come at all, but I have said repeatedly, so also Mr. Vyas, that if these men are not taken in, let us have the names of all these men. I have repeatedly told them, let us have the names of all those men who have been discharged because we made it clear to the management that we wanted to place the cases of all those men before the tribunal; let the tribunal, which is a third party, decide as to whether the management is right or the discharged workers are right.

With regard to the telegram about which Dr. Bose has referred, the position was this. Shri Vyas came to me off and on for two things—to see that the workers are taken in by the management and secondly, that John would agree to allow the registration of as many workers as wanted to come into the union. I referred the matter to John. I may make it perfectly clear that all I can do is either to refer to the management or to the trade union or to the Government of India; I could not take any action myself. I referred it to Mr. John and asked him whether he would extend the period by another ten days. I believe Shri John had given a notice that the enrolment would go on from the 12th September to the 24th September—I am speaking from memory—but many of them did not enrol themselves. Shri Vyas came to see me and I told him that it would be a wrong thing if the opportunity is given to the members to join the union but they did not join. He came to me, I think, on the 22nd or 23rd and said that all his men are out of Burnpur and it would take them time to come back in order to get themselves enrolled. Under those circumstances I asked John whether

he would agree to extend the period of enrolment up to the 2nd of October. Not only I did that, I also asked the Iron and Steel Controller to inform Mr. John that it was the desire of the Government of Bengal that the date should be extended.

[10-30—10-40 a.m.]

I also referred the matter to the Government of India and they agreed with me that the date should be extended, so that opportunities would be given to all to join the union up to a certain date. The management intimated that they would not take anybody after a certain date, I think 22nd of September. We prevailed upon the management to extend the period by another ten days after which they would refuse to allow further people to come in. They agreed to allow people to come in up to the 2nd of October. Therefore, I said that according to the Trade Union Rules a person cannot be a member of a union, unless he is a worker in that industry. And if he is not allowed by the management to become a worker before a particular date, he cannot enrol himself in the union, because the first rule of the union is that only a worker in a factory can become a member of the union. Of course, there is a provision for outsiders also in the Union Rules. An outsider also may, in certain circumstances, be allowed to become a member. But the rule begins like this: A worker of this industry will be allowed to become a member of the union. Therefore, I was facing this dilemma. If the management do not take a man before a certain date, he cannot be a member of the union even if he wants it. On the other hand if John would not allow the extension of the date of enrolment to that particular date, then also they cannot get in. Therefore, the arrangements made were that both John as well as the management agreed to extend the date up to the 2nd of October, but I understood after a little while that John had not kept that word. So I sent for him and I understand that he has again given a few days' time for further enrolment of the members to the union. So far as the worker is concerned, I am happy to say that John is falling in line with our view.

There is another point that in order that the Union Election should be held as far as possible without any chances of abuse during the election time, we decided to ask Mr. John to allow the Labour Commissioner of the Government of India and the Labour Commissioner of the Government of West Bengal to be present at the elections, not only at the elections, but they will also be present at the time when objections are made to the enrolment of members, at the time when final rolls are being printed and published, at the time when candidates are chosen, at the time when elections are taking place and at the time of actual voting. I can assure you that we are not imposing too much upon the Trade Union organisation, because Trade Unions have got their own method of election and they have laid down the rules which are being accepted by the Government as to how elections should proceed. Under these circumstances, as I have mentioned before, and in view of the widespread difference of opinion on this matter, and various suggestions which have been made in different quarters, we could prevail upon Mr. John to allow the Government organisation members to be present at the elections. The actual date of the election I cannot recall. Perhaps that has been fixed, or it is to be fixed as soon as the Labour Commissioner of the Government of India comes down here. Mr. John has accepted on principle that the election will be conducted in the presence of these two officers. Sir, the whole time I was working in the interests of the organisation, as such. It is not true that I have refused to meet these men. In fact, not merely the members of the Action Committee I have met, but I have also met my frinds Dr. Bose, Shri Soumendra Tagore and Dr. Suresh Banerjee who represented the Action Committee for a certain period. I have also met other

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

organisations who said that they represented the Action Committee—organisations in Burnpur—from time to time. It was not possible for me under all these circumstances to ask the Labour Minister to be present in all these conferences. The majority of conferences were in the nature of an exploratory conference just to find out how the situation could be relieved. As a matter of fact, on the first occasion when I met the members of the Action Committee, they gave us a list of seven or eight or nine points, and I tried to discuss with them to find out how to meet their objections. These were not assurances, these were merely advices and that also not from the Government, as such, but from an individual who felt that something wrong might have been done and therefore those wrongs should be righted. Whenever any member of the Action Committee has come to me—and I believe that Shri Vyas must have come to me at least two dozen times, both morning and evening—and asked for my advice and so on, I felt as a human being that it was incumbent on me to give him such advice as I could. The thing that I kept in my mind was that I could not give any assurance, because I have no control ever the management, neither have I control over the trade union, because trade unions have their own Acts, but I can certainly give advice both to the management as well as to the trade union in order to see that the production increases. I am glad to say that the production has not only reached the peak as in 1952 or 1953, but it has gone beyond the total production that happened in 1952. I only wanted to help them. As a matter of fact, I asked them to intimate to us. I asked them to let us have the names of those persons who have either been discharged or have not been taken in, so that we may make enquiry into those cases. On two occasions I sent for Shri Vyas. He promised me to send a list of names, but he has not done so. If he does so, the matter will be enquired into. I again say, whatever my friend Mr. Jyoti Basu may say, the whole question is not of interference, but of protecting the interests of the institution, because it is an institution which helps production, which helps the development of the country and which to Bengal is of vital interest.

Dr. Atindra Nath Bose: Sir, I want some clarification. I shall ask for some information by way of clarification.

Mr. Speaker: Either you can rise on a point of order or you can speak on a point of information. You cannot speak like this.

Dr. Atindra Nath Bose: I rise on a point of information, Sir.

Mr. Speaker: All right, speak.

Dr. Atindra Nath Bose: Sir, I want to know from the Hon'ble the Chief Minister——

Mr. Speaker: Order please. After the statement he cannot answer anything further.

Dr. Atindra Nath Bose: Sir, I want to know by way of information.

Mr. Speaker: The best thing for you is to put further questions. Send a notice of question. That is the best way.

Dr. Atindra Nath Bose: Sir a few words will very much simplify the matter. Let me have my say.

Sir, the Hon'ble Chief Minister has said that he did not intervene in this matter as Chief Minister, but as an ordinary individual who is interested in the welfare of the country. Does he think that the Action Committee leaders and other people had gone to him day after day to seek his intervention as an ordinary individual and not as a Chief Minister?

Mr. Speaker: That is an information for which you should not ask me, but you should ask the Chief Minister.

Dr. Atindra Nath Bose: Will the Hon'ble Chief Minister——

Mr. Speaker: Order, order. Now after the statement you cannot ask any more question. Questions over.

COVERNMENT BILL.

The West Bengal Estates Acquisition Bill, 1953.

[10-40—10-50 a.m.]

Sj. Kumar Chandra Jana:

মাননীয় স্পীকার মহাশয়, এর পূর্ব্বে ৭ই মে যখন এই বিল আনা হয় তখন আমাদের পক্ষ থেকে আমাদের নেতা শ্রীযুক্ত চারুচন্দ্র ভাণ্ডারী মহাশয় আমাদের বক্তব্য সমস্ত পরিষ্কার করে বলেছেন। তিনি আজ চলে গিয়েছেন এবং "সিলেক্ট" কমিটিতেও ছিলেন না। কিন্তু আমাদের বক্তব্যের প্রতি কোনরূপ মনযোগ দেওয়া হয় নাই, আমাদের কোন কথাই শুনা হয় নাই, বরং বিরুদ্ধ পার্টী যা বলছেন তার উল্টোটাই করা হচ্ছে। আমি এখন জিজ্ঞাসা করতে চাই আপনারা কোন আদর্শে এই বিলটা এনেছেন বা এর সংশোধন করেছেন? কাকে লীডার বা আদর্শ কোরে এই কাজ করেছেন? জাতির জনক মহাত্মা গান্ধী ১৯২৮ সালে কলিকাতা কংগ্রেসে পণ্ডিত মতিলাল নেহেরুর সভাপতিত্বে ইংরেজকে এক বৎসরের জন্য "আলটিমেটাম" দিয়াছিলেন, যদি ১৯২৯ সালের মধ্যে "ডোমিনিয়ন ষ্টেটাস" না দেওয়া হয় তাহলে ১৯৩০ সালের ১লা জানুয়ারীর মধ্যে আমরা স্বাধীনতা "ডিক্লেয়ার" করবো, এবং সেই অনুসারে কাজ করবো। কিন্তু ১৯২৯ সালে কোন উত্তর পাওয়া যায়নি। তারপর লাহোর কংগ্রেসে পণ্ডিত জহরলালের সভাপতিত্বে ও মহাত্মা গান্ধীর নেতৃত্বে ১৯৩০ সালের ১লা জানুয়ারী স্বাধীনতার প্রস্তাব নেওয়া হয়েছিল এবং সমস্ত জাতিকে জনসভার মারফৎ ২৬শে জানুয়ারীতে প্রতিজ্ঞা করানো হয়েছিল। ঠিক তার পরেই ৬ই ফেব্রুয়ারী বাপুজী কি বলেছিলেন তা আপনাদের শুনাচ্ছি। অনুগ্রহ কোরে মনযোগের সঙ্গে শুনবেন। তিনি বলেছিলেন আমরা যে "নন-ভায়োলেন্ট ওয়েতে" কাজ করতে যাচ্ছি তার "প্রটেক্ট অবষ্টাক্‌ল" হচ্ছে।

"The 'greatest obstacle' in the path of non-violence is in our midst, the present indigenous interests that have sprung up from the British rule, the interests of moneyed men, speculators, scrip-holders, land-holders, factory-owners and the like. All these do not always realise that they are living on the blood of the masses, and when they do, they become as callous as the British principals whose tools and agents they are."

সেই জন্য ভারতবর্ষের সমস্ত লোককে স্বাধীনতার জন্য প্রতিজ্ঞাপত্রে সাই করিয়ে নিয়েছিলেন। তারপরে আমাদের স্বাধীনতা আসিলে কৃষকদের যে "ফান্ডামেন্টাল রাইটস" কি হবে সে সম্বন্ধে করাচী কংগ্রেসে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল। করাচী কংগ্রেসের পর প্রথম যখন বড় লোক ও জমিদারদের প্রতিনিধিরা তাঁকে ধরে বলেছিল আপনি তো প্রস্তাব নিলেন কিন্তু আমাদের কি হবে? সেই জন্য তিনি তাদের "এ্যাসিওরেন্স" দিয়েছিলেন—

"Let me assure you that I shall be no party to dispossessing propertied classes of their private property without just cause. My objective is to reach your heart and convert you, so that you may hold all your private property in trust for your tenants and use it primarily for their welfare."

সেই সঙ্গে তিনি তাদের "ওয়ারনিং" দিয়ে বলেছিলেন

"I would tell you that ownership of your land belongs as much to the ryots as to you, and you may not squander your gains in luxurious or extravagant living, but must use them for the welbeing of ryots. Once you make your ryots experience a sense of kinship with you, and a sense of security that their interests as members of a family will never suffer at your hands, you may be sure that there cannot be a clash between you and them and no class war."

যখন তিনি "রাউন্ড টেবল কন্ফারেন্সে" গিয়েছিলেন তখন তিনি এই কথাই বলেছিলেন যে যখন ধনী এবং দরিদ্রের মধ্যে যুদ্ধ বাধবে, সংঘর্ষ আসবে তখন আমি ধনিকদিগকে তাদের সমস্ত কিছু "স্যাকরিফাইস" করবার জন্য বলবো। এবং আমি দরিদ্রের পক্ষ সমর্থন করব, গোলটেবিলে এই বক্তৃতায় "মিঃ চার্চ্চিল" যখন তাঁকে জিজ্ঞাসা করেছিলেন পৃথিবীর মধ্যে যদি কোথাও বড় রকমের "প্রবলেম" থাকে তা হচ্ছে ভারতবর্ষের "ল্যান্ড প্রবলেম"—"ল্যান্ড প্রবলেম ইজ এ সিরিয়াস প্রবলেম"—তার আপনারা কি করবেন। তার জবাবে তিনি বলেছিলেন আমার বিশ্বাস আমাদের দেশ কোন রকম গোলমাল না করে জমিদাররা স্বেচ্ছায় জমি দেবে। তারপর সেখান থেকে ফিরে এসে তিনি এ কথা বলেছিলেন—

"I believe that the land you cultivate should belong to you, but it cannot be your own all at once, you cannot force it from the zamindars. Non-violence is the only way, consciousness of your own power is the only way."

তারপর তিনি সেই কথাই আর একজায়গায় বলেছেন—

"Real socialism has been handed down to us by our ancestors who

[Sj. Kumar Chandra Jana.]

taught '.....All land belongs to Gopal; where then is the boundary line? Man is the maker of that line and he can therefore unmake it.' Gopal literally means shepherd; it also means God. In modern language it means the State, i.e., the people. That the land today does not belong to the people is too true."

তারপর আরেকটা কথা তিনি বলেছিলেন—

"I have no doubt that we can make as good an approach to it as is possible for any nation, not excluding Russia, and that without violence.....Land and all property is his who will work it."

যখন তিনি আগা খাঁ জেলে ছিলেন তখন মীরাবেন তাঁকে জিজ্ঞাসা করেছিলেন——

"How will land be distributed after Swaraj."

তার জবাব এই কথা তিনি বলেছিলেন—

"Land will be owned by the State. I presume the reins of Government will be in the hands of those who have faith in this ideal. A majority of zamindars will give up their lands willingly. Those who do not do so will have to do so under legislation."

সেখানে আমরা দেখতে পাই জাতির জনক এই কয়েকটী কথার উপর বেশী জোর দিয়েছিলেন——

(*a*) All land belongs to Gopal; (*b*) land and all property is his who will work it; and (*c*) the zemindars will give up their lands willingly. The aim of the non-violent worker must ever be to convert them.

[10-50—11 a.m.]

আচার্য্য বিনোবা ভাবে ঠিক সেই কাজ করবার জন্য আজকে বলছেন—আমি যে ভূদান যজ্ঞ করছি এবং লক্ষ লক্ষ একর জমি আমার কাছে আসছে, যা লোক দিচ্ছে, সেটা আর কিছুই নয়—বাপুজী যে কাজ অসমাপ্ত কোরে রেখে গেছেন সেই অসমাপ্ত কাজ শেষ করবার জন্য আমি এই কাজ করছি। তাই—

Vinobaji is of the view that mere fixation of ceilings will not be very useful for procuring enough land for redistribution among the landless peasantry. He holds that the State should now fix "floors" for big farms.

(At this stage the blue light was lit.)

আমি শেষ করবার জন্য চেষ্টা করছি।

Mr. Speaker:

"ইওর টাইম ইজ আপ", আপনি আর কত "টাইম" নেবেন? আরও অনেক "স্পীকার" আছেন।

Sj. Kumar Chandra Jana:

আমার এই কথাগুলো "ফান্ডামেন্টাল প্রিন্সিপাল" এর কথা; এ-সম্বন্ধে অনেক কিছু বলবার আছে।

Mr. Speaker:

আচ্ছা, বলুন, বলুন!

Sj. Kumar Chandra Jana:

For example, the State should make available 5 acres of land to each family which is prepared to cultivate land through its own labour. The question of ceiling may be considered if there is surplus land available after the redistribution among cultivators.

আমাদের দিক হতে সভা-সমাজের পক্ষ থেকে জাতির জনক এই কথা বলেছেন। নীতির দিক থেকে আমরা ভারতবর্ষের লোক, আমরা ভগবানে বিশ্বাস করি, আমাদের কথা হল ভগবান মানুষ ও জীবজন্তু তৈরী কোরেছেন এবং খাদ্য দিয়েছেন এবং খাদ্যের জন্য ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম্ এই পাঁচটী জিনিসও দিয়েছেন। অন্য ৪টি জিনিসের উপর যদি কর না থাকে তবে ক্ষিতির উপর কর থাকবে কেন? এই কথাই ভারতবর্ষে প্রথম ছিল। কিন্তু রাজা মহারাজা আসার পর জমির উপর কর হওয়াতে সেটা বদলে যায় এবং সেজন্য "অরিজিনাল" মনু—ভগবান মনু মহারাজ এই কথা মনুসংহিতায় বলেছেন—

"স্থানু ছেদস্য কেদারম"।

"Land belongs to him who cultivates it."

জমি যে চাষ করছে তাতে তারই অধিকার। সে কথা যদি না মানেন তবে কার কথা মানছেন? আমরা জানি যে এই গভর্ণমেন্ট মহাত্মাজীর কথাও মানছেন না, "অরিজিনাল" শাস্ত্রে যা আছে তাও মানছেন না, তবে কার কথা মানছেন? যে কথা বলছি "সিলেক্ট কমিটি" যে প্রশ্ন তুলেছেন, যা "সিলেক্ট কমিটিতে" যে কথা উঠেছে সে কথা উঠেছে অক্টোবর মাসে,

Under leadership of Dr. Punjab Rao Deshmukh,

দিল্লীতে বসে, সমস্ত "ষ্টেট মিনিষ্টার"দের ডেকে পরামর্শ কোরে যা বলেছেন তারপর তাতে তিনি কংগ্রেসের "প্রিন্সিপল্" গ্রহণ করেননি, পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করেননি, "প্ল্যানিং

কমিশনের" কথাও গ্রহণ করেননি। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জমি সম্বন্ধে এ-কথা বলেছেন——

"Land policy ought to be that there should be an absolute limit to the amount of land which any individual may hold."

তারপরে আগ্রায় অক্টোবর মাসে "এ,আই,সি,সি" সেসনে বলেছেন—

"Pace of progress must be quickened more specially in regard to the land reform. All-India Congress Committee therefore called upon all State Government to take immediate steps in regard to the collection of the requisite land data and the fixation of ceiling of land holdings with a view to distribute the land as far as possible among landless workers."

এই হচ্ছে "অল্ ইণ্ডিয়া কংগ্রেস কমিটির" কথা। প্রধান মন্ত্রীমহাশয় "অল্ ইণ্ডিয়া কংগ্রেস কমিটির" কর্ত্তা, কিন্তু সেখানে তাঁর কথাও শুনছেন না। তাঁর কথা না শুনে সেই ডাঃ পাঞ্জাব রাও দেশমুখের কথা শুনছেন। "মিনিষ্টার অফ এগ্রিকালচার"দের "মিটিং"এ বলেছেন ওখানে "এ্যাবসলিউট লিমিট" চলবে না, "ফিক্সেসন" চলবে না; সেই জন্য "অল্ ইণ্ডিয়া কংগ্রেস কমিটির জেনারেল সেক্রেটারী" বলেছেন "আমরা কংগ্রেস লীডাররা" যে প্রস্তাব করলাম, সেই প্রস্তাবকে বাদ দিয়ে কেন সমস্ত "স্টেটকে" "সেন্টার" অদ্ভুত রকম "এ্যাডভাইস" দিলেন বুঝতে পারি না। আজকে একটা কথা বলতে চাই—আজকে ডাঃ পাঞ্জাব রাও দেশমুখ কি দেশের লীডার এমন তিনি "রিএ্যাকসনারি" যে "প্রহিবিসন" সম্বন্ধে বলেছেন—

"Prohibition must go to avert financial crisis. I would even ask people to drink for another 10 years. I am keen to get more money and I do not care where it comes from."

এই সংবাদ "টাইম্স্ অফ ইণ্ডিয়া" সংবাদপত্র ২রা অক্টোবরে মহাত্মাজীর জন্মদিনে তাঁহার ফটোর নীচে ("আণ্ডার দি ক্যাপসন দি ফাদার অফ দি নেসন") ডাঃ দেশমুখের বক্তৃতা উঠাইয়া দিয়াছে, এই সম্বন্ধে মহাত্মাজী কি বলেছিলেন শুনুন,—যদি আমি ডিক্টেটর হইতাম, সর্ব্ব ভারতের একচ্ছত্র শাসকের পদে যদি এক ঘন্টার জন্য নিযুক্ত হইতাম, প্রথমে আমি সব মদের দোকানগুলি কোন খেসারত না দিয়া বন্ধ করিয়া দিতাম।

Mr. Speaker: We are not discussing a prohibition Bill here.

Sj. Kumar Chandra Jana:

আমরা কোন দিকে যাচ্ছি সেই কথা শুনিয়ে দিচ্ছি। আমরা কেমন উল্টো পথে চলেছি, কেমন "রিএ্যাকসনারি" পথে চলেছি তা শুনুন। মহাত্মাজী সে সম্বন্ধে পরিষ্কারভাবে বলেছেন "আমি একচ্ছত্র শাসকের পদ লাভ করিলে পর আমার মাথা প্রকৃতিস্থ থাকিত;; য়ুরোপীয় বন্ধুগণ ও য়ুশ ব্যক্তিগণ এবং আরও যাদের স্বাস্থ্যের কারণে ব্রাণ্ডির প্রয়োজন, তাহাদিগকে সরকারী ব্যয়ে অভিজ্ঞ চিকিৎসক দিয়া পরীক্ষা করাইতাম। মাদকদ্রব্য বন্ধের ফলে রাজস্বের যে পরিমাণ ক্ষতি হইত আমি সামরিক বিভাগের সেই পরিমাণ অর্থ ব্যয় কাটিয়া দিতাম। প্রধান সেনাপতি মহাশয় এইরূপ ব্যয় সংক্ষেপ কোন প্রকারে মানাইয়া লইয়া চলবেন এইরূপ আশা করিতাম"।

জাতির জনক ঐ কথা ব'লে গিয়েছেন। আমরা তাঁরই পথে চল্‌ছি বলি, তাঁরই নেতৃত্ব নিয়ে চল্‌ছি বলি। কিন্তু সত্যিকরে উল্টোপথে চলেছি, সেই জন্য প্রার্থনা করি "হে ভগবান আমাদিগকে রক্ষা করুন, যাতে এই সব নেতাদের হাত থেকে আমাদের ভারতবর্ষ বাঁচতে পারে?"

Sj. Subodh Banerjee:

"মিষ্টার স্পীকার, স্যার!" "এষ্টেটস্ একুইজিশন বিল" যদিও "জমিদারী উচ্ছেদ বিল" বোলে চালু হচ্ছে কিন্তু আদতে বর্ত্তমান বিলটি জমিদারী উচ্ছেদ করছে না। জমিদারী সম্বন্ধে যে ধারণা এদেশের লোকের আছে, সরকারের তা নেই। সরকার বলছেন যে, সমস্ত মধ্যস্বত্ব লোপ কোরে দেবার জন্য এই বিল আনা হয়েছে। সত্যিই যদি তাই হ'ত তাহ'লে বিল এমনভাবে রচনা করা দরকার ছিল যাতে সত্যিকারের চাষী এবং রাষ্ট্রের মাঝখানে কোনও মধ্যস্বত্ব যেন না থাকে। কিন্তু তা করা হয়নি। বিলে "ইন্টারমিডিয়ারী"র সংজ্ঞা যেটা দেওয়া হয়েছে সেটার উপর সব নির্ভর করছে, কারণ মধ্যস্বত্বাধিকারী কাকে ব'লে সেটা ঠিক না হ'লে মধ্যস্বত্বাধিকারীর জমি কেমন ক'রে নেওয়া যাবে? "ইন্টারমিডিয়ারী"র স্বত্ব রাষ্ট্র গ্রহণ করবে এইটা হ'ল এই বিলের আসল উদ্দেশ্য। সে জায়গায় "ইন্টারমিডিয়ারী"র সংজ্ঞা যদি ঠিক না হয় তাহ'লে আইনে কিছু ফাঁক থেকে যায়, আর সেই ফাঁক দিয়ে অসংখ্য ধনী মধ্যস্বত্ব ভোগকারী বেরিয়ে যাবে আইনের আওতা হ'তে। যেভাবে বিল রচিত হয়েছে তাতে দেখছি জমিদারী প্রথা উচ্ছেদ করা দূরে থাকুক জমিদারী শোষণের গায়ে হাতও পড়ছে না। "ইন্টারমিডিয়ারী"র যে সংজ্ঞা বর্ত্তমান বিলে দেওয়া হয়েছে তাতে কৃষির উপর নির্ভরশীল মোট জনসংখ্যার শতকরা ১·১ জনকে তা স্পর্শ করছে।

[11—11-10 a.m.]

এই শতকরা ১·১ ভাগের মধ্যে পড়ে "রেন্ট রিসিভার টেনিওর হোল্ডার" ইত্যাদিরা এবং এদের হাতে যে জমি আছে তার পরিমাণ এখন কিছুই নয় বললে হয়। বেশী জমি যাদের হাতে আছে সেই সব জোতদার জমিদার বেকসুর বাদ পড়ে যাচ্ছে এই আইনের আওতা হতে। কেন একথা বলছি তা পরিষ্কার করি। মধ্যস্বত্বভোগী অর্থাৎ "ইন্টারমিডিয়ারী"র সংজ্ঞায় বলা হয়েছে রায়তের উপর থেকে যাদের স্বত্ব আছে, যেমন "টেনিওর হোল্ডার, আণ্ডার-টেনিওর হোল্ডার, প্রোপ্রাইটার" ইত্যাদি, তারাই হ'ল মধ্যস্বত্বভোগী। এখন দেখা যাক রায়ত কাকে বলে। যারা নিজের জমি নিজেরাই চাষ করে, কিংবা তাদের নিজেদের পরিবার পরিজন দিয়ে, অথবা সকর ও ক্ষেতমজুর

[Sj. Subodh Banerjee.]

দিয়ে চাষ করায় তারাই হ'ল রায়ত। "বেঙ্গল টেনান্সি এ্যাক্ট"এর এই সংজ্ঞা অনুযায়ী জোতদাররা সবাই রায়তের পর্য্যায়ে পড়ে। সুন্দরবন অঞ্চলে জোতদার জমিদারের শতকরা প্রায় ৯৯ জনই এই রায়ত ব'লে স্বীকৃত। এই বিলের জোরে এদের জমিতে আপনারা হাত দিতে পারেন না; এই জমিদার জোতদাররা এই বিলের আওতা থেকে তাই বাদ পড়ে যাচ্ছে। জমিদার জোতদার যারা রায়ত-স্বত্বাধিকারী, তাদের জমিতে হাত দেবেন না। তাহ'লে কাদের জমিতে হাত দিতে যাচ্ছেন? আজকে অধিকাংশ জমি যাদের হাতে কুক্ষিগত হয়েছে, সেই সমস্ত বড় বড় জোতদারদের ও জমিদারদের জমিতে আপনারা হাত দিচ্ছেন না, বর্ত্তমান বিলের "ইন্টারমিডিয়ারি"র সংজ্ঞা অনুসারে আপনারা বলছেন ভূমি বন্টনের জন্য পরে আর একটি বিল আনবেন। ভাল যাবে। সরকারের অধিকারে যদি জমি না জমি থাকলে তবেই তো বন্টন করতে পারা যাবে। সরকারের অধিকারে যদি জমি না থাকে তাহ'লে কোন্ জমি চাষীর মধ্যে বিলি করবেন, আর জমি পাবেনই বা কোথায়? এই সব জমিদার জোতদারদের জমি আইনের আওতা হ'তে ছেড়ে দিলে বন্টনযোগ্য জমি পাওয়া যাবে না। সুতরাং প্রকৃত চাষীর হাতে জমি দিতে হ'লে "ইন্টারমিডিয়ারি"র সংজ্ঞা এমনভাবে রচনা করা উচিত যাতে প্রকৃত চাষী এবং রাষ্ট্রের মাঝখানে কোন স্বত্বাধিকারী না থাকে। অর্থাৎ "ষ্টেট" ও "এ্যাকচুয়াল টিলার অফ দি সয়েল"এর মাঝখানে কেউ থাকবে না, তা সে বর্গা-প্রথায় বা ক্ষেতমজুর রেখে জমি চাষ করান এমন যে কোন মধ্যস্বত্বভোগী হ'ক না কেন। এই জিনিষটা নিশ্চয়ই থাকা দরকার। আমার এই কথার বিরুদ্ধে প্রতিবাদ উঠতে পারে—প্রশ্ন করতে পারেন অনাথা, বিধবা, সহায়হীন বৃদ্ধ কিংবা অক্ষম নাবালক তারা তো নিজের জমির নিজে চাষ করতে পারে না; অন্যকে দিয়ে তারা জমি যেহেতু চাষ করায় তারাও তাহ'লে মধ্যস্বত্বভোগী হয়ে পড়বে এবং তাদেরও জমি কি সরকার অধিকার করে নেবেন? নিশ্চয়ই নেবেন না। তাদের "ইন্টারমিডিয়ারির" সংজ্ঞা হ'তে বাদ দিতে হবে জমির পরিমাণ বুঝে। চীন দেশে ভূমি সংস্কার আইনে এইভাবে সুবিধা দেওয়ার ব্যবস্থা আছে। সেখানে আইনে আছে একা বাসকারী বৃদ্ধ, অনাথা বিধবা অথবা নাবালক ছেলেমেয়ে, যাদের আয়ের একমাত্র উপায় হ'ল জমি অথচ যারা নিজেরা চাষ করতে পারে না তারা তাদের জমি খাজনায় বিলি বন্দোবস্ত করতে অথবা অন্যের দ্বারা চাষ করতে পারে। সেই রকম একটা কিছু এখানেও ব'লে দেওয়া যেতে পারে। শুধু এই রকম লোক কতটুকু জমি রাখতে পারবে তা বেঁধে দিলেই গণ্ডগোল চুকে যায়। আপনারা "ইন্টারমিডিয়ারির" যে সংজ্ঞা করেছেন তাতে এই সব অনাথ আতুরের দল পিষ্ট হবে, তারা তাদের আয়ের একমাত্র সম্বল হ'তে বঞ্চিত হয়ে ভিক্ষাবৃত্তি গ্রহণ করতে বাধ্য হবে অথচ বড় বড় জোতদার জমিদাররা যারা আইনে রায়ত ব'লে স্বীকৃত তারা বিলকুল বাদ পড়ে যাবে; তাদের গায়ে আঁচড়টিও লাগবে না। সুন্দরবন অঞ্চলে একটিও জোতদার বা জমিদারের গায়ে হাত দিচ্ছেন না এই আইন করে। আমার এই সমালোচনার উত্তরে আপনারা হয়ত বলবেন যে, গভর্ণমেণ্ট ইচ্ছা করলে রায়তেরও জমি কেড়ে নিতে পারেন, এই রকম ধারা বিলে সন্নিবিষ্ট আছে। আমি স্বীকার করি তা আছে তবে ৬নং পরিচ্ছেদে যেখানে রায়ত নিম্নরায়তদের জমি দখল করার কথা বলা হয়েছে সেখানে আইন এমনভাবে রচিত হয়েছে যে, কোন দিন যে রাষ্ট্র রায়ত নামধারী জমিদার জোতদারদের জমি অধিকার করবে তা মনে হয় না। সেখানে একটা মস্ত বড় ফাঁক; সেখানে "যদি" এই কথাটা আছে। সেখানে বলা হয়েছে "ইফ দি ষ্টেট গভর্ণমেণ্ট ইজ স্যাটিসফায়েড", সরকার যদি বোঝেন ইত্যাদি। এখানে এই একটা "যদি" রাখবার কি প্রয়োজন? তাহ'লে কি বুঝতে হবে সরকার আজও রায়ত নামধারী বড় বড় জমিদার জোতদারদের জমি অধিকার করার প্রয়োজনীয়তা বোধ করেননি? যদি বোধ করতেন তাহ'লে "যদি" কথাটা বসাবার দরকার হ'ত না, "স্যাটিসফায়েড" কথাটাও উঠত না। "ইন্টারমিডিয়ারি" সংজ্ঞার মধ্যে রায়ত নামধারী জোতদার জমিদারদের অন্তর্ভুক্ত করে দিলে আলাদা একটা পরিচ্ছেদের দরকার পড়ত না, "যদি" কথাটাও বাদ দেওয়া যেত, এবং আইনের ফাঁকও থাকত না।

দ্বিতীয় কথা, বাংলাদেশে কৃষির প্রধান সমস্যা কি?

The real problem in the land tenure system of West Bengal is the concentration of land in the hands of a few who do not cultivate themselves and the absence of any land in the hands of actual tillers of the soil and consequent pauperisation of the entire population.

অর্থাৎ সামান্য কিছু অকৃষকের হাতে সমস্ত জমি সঞ্চিত হয়েছে, আর যারা সত্যিকারের চাষী তাদের হাতে জমি নেই—এই হ'ল আসল সমস্যা। এ সমস্যার সমাধান ছাড়া পশ্চিম বাংলার কৃষি-সমস্যা তথা বিরাট বেকার ও দারিদ্র্য সমস্যা মিটতে পারে না। জমি বন্টন করতে হবে জমিহীন চাষীদের মধ্যে। তার কোন পরিকল্পনা দেখছি না বর্ত্তমান বিলে। ধরে নিলাম বর্ত্তমান বিলের জোরে রাষ্ট্র সমস্ত বাড়তি জমি নিয়ে নিল, কিন্তু তারপর? মোটামুটী অবস্থাটা, ভূমি-ব্যবস্থার চেহারাটা, "এনটায়ার পিকচারটা" কি হবে? কার কাছ থেকে জমি নেওয়া হবে, কি পরিমাণ জমি বন্টন করা হবে, এই বন্টন মাথা-পিছু হবে, না, পরিবার প্রতি হবে, কারা এই জমি পাবে—এ সমস্ত বিষয় বিবেচনা না করে শুধু একটা আধাখেঁচড়া বিল আনলে কি হবে? তা'ছাড়া আমাদের যে "ল অফ ইনহেরিটেন্স" উত্তরাধিকার আইন আছে, তা এমন গণ্ডগোলের ব্যাপার যে তার ফলে জমি ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়ে "আনইকোনমিক", অলাভজনক হয়ে পড়ছে। তারও সংস্কার করা দরকার। এইগুলি যদি ভাল করে আমরা না জানি, সেগুলি সম্বন্ধে যদি সুচিন্তিত পরিকল্পনা না থাকে তাহ'লে আমাদের ভূমি সংস্কার কি করে হবে? ভূমি

সংস্কার করতে হ'লে একটা সম্পূর্ণ সুসংবদ্ধ ও ব্যাপক ইংরাজীতে যাকে ব'লে "কম্প্রিহেনসিভ" বিল দরকার; তার বদলে আমরা এখন দেখছি একটা "পিসমিল লেজিসলেসন"—আধখেঁচড়া আইন আমাদের সম্মুখে এসেছে। আমি আগেই বলেছি ভূমি সংস্কার সম্পর্কে আমাদের দেশে যে সমস্ত পণ্ডিত আছেন তাঁরা বার বার এই কথা বলেছেন যে, ভূমি সংস্কারের আইন যেন "পিসমিল এ্যান্ড হাফ-হার্টেড" না হয়। তবুও এই জাতের একটা অসম্পূর্ণ বিল আনা কেন? সময়ের অভাবের অজুহাত টেঁকে না। সাড়ে ছয় বছর সময়ের মধ্যেও ভূমি-সংস্কারের আইন লিপিবদ্ধ করা গেল না? চীনে নবরাষ্ট্র প্রতিষ্ঠিত হবার সাথে সাথে ভূমি-সংস্কারের কাজ আরম্ভ হয়েছে। আসল কথা, এদেশের রাষ্ট্র ধনিক দেশের রাষ্ট্র তাই তার লক্ষ্য শোষণ। তা যতদিন চালান যায় ততই সুবিধা, এই মনোবৃত্তি এই বিলম্বের কারণ। শোনা যাচ্ছে জমি বিলির জন্য আর একটা বিল আনা হবে। তাই যদি হয় তাহ'লে আপনারা কেন দু'টা বিল এক সঙ্গে আনলেন না? তা যদি করতেন তাহ'লে এর একটা পূর্ণাঙ্গ ছবি আমরা দেখতে পেতাম; ভূমি-সংস্কার সম্বন্ধে এই সরকার কি চিন্তা করেন তা বুঝতে পারা যেত। চীন ও অন্যান্য সমাজ-তান্ত্রিক দেশ যা করেছে, তার দিকেও আপনারা যেতে পারবেন না। তা করতে হ'লে রাষ্ট্রের বর্ত্তমান শ্রেণী-চরিত্র টিকিয়ে রেখে করা যাবে না। আপনারা যদি ধনবাদী কায়দায় কৃষিকে গড়তে চান তাহ'লেও তো বর্ত্তমান সামন্ততান্ত্রিক ভূমি-ব্যবস্থা ভাঙ্গতে হয়। তার ছবিও বর্ত্তমান বিলে দেখতে পাওয়া যায় না। বর্ত্তমান বিল আইন হ'লে পশ্চিম বাংলার ভূমি সম্পর্কে সামন্ততান্ত্রিক শোষণের উচ্ছেদ ঘটবে না। তাই বলছিলাম কি আপনারা চান তা আমাদের বোধগম্য নয়। জমি অধিকার ও বন্টন এই সম্পর্কে দু'টা বিল যদি এক সঙ্গে আসত তাহ'লে সুষ্ঠুভাবে আলোচনা করে মত দিতে পারতাম কি করা উচিত। এখন কি বলব? আপনারা কথায় কথায় বলেন যে, বিরোধীপক্ষ খালি খালি সমালোচনার জন্য সমালোচনা করে, তারা কোন গঠনমূলক প্রস্তাব করে না। এ কথা সত্য নয়; আমরা অধিকাংশ ক্ষেত্রে উন্নততর জনহিতকর প্রস্তাব দিয়েছি; সরকারপক্ষ সংখ্যা গরিষ্ঠতার জোরে সেগুলি হারিয়ে দিয়েছেন। বিশেষ করে বর্ত্তমান ক্ষেত্রে আমরা কি গঠনমূলক প্রস্তাব দেব? যেখানে জমি চাষীদের মধ্যে বন্টন হ'ল আসল কথা, সেখানে আপনারা সেদিকেই যাচ্ছেন না। তবুও আমাদের সংশোধনী প্রস্তাবগুলি দেখলে যে কোন যুক্তিবাদী লোক সেগুলি গ্রহণ করার পক্ষে মত দেবেন।

তৃতীয় কথা, আমাদের দেশের খাজনা সম্বন্ধে। আমাদের দেশে এখনকার খাজনার হার অত্যন্ত চড়া। ডাঃ জ্ঞানচাঁদ তাঁর ভূমির উপর কর সম্বন্ধীয় বিখ্যাত বইয়ে বলেছেন যে, যে সমস্ত জায়গায় বর্গা-প্রথায় চাষ হয়, সেখানে একর প্রতি খাজনার হার পড়ে ২৫ টাকা। এ-কথা তিনি বলেছেন গত দ্বিতীয় যুদ্ধের আগে যখন ধানের দাম ছিল দুই টাকা প্রতি মণ। আজকের দিনে যখন ধানের দাম আগেকার দামের চার গুণ বেশী তখন তাহ'লে সেই হার দাঁড়ায় বিঘা প্রতি ৩৩ টাকা। সরকার বর্ত্তমান বিলে এই আকাশ-চুম্বী চড়া হারে খাজনা আদায় করবার ব্যবস্থা করেছেন। কোথাও এখানে বলা হয়নি যে, কৃষকদের খাজনার হার কমিয়ে দেওয়া হবে। চাষীর বাকী খাজনা জমিদার আদায় করতে পারবে। রাষ্ট্র কর্ত্তৃক তার জমি অধিকার করে নেবার পরও কিন্তু এমন যে জমিদার অত্যাচার করে প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করল। সরকারকে দেয় তার বাকী রাজস্বের অর্দ্ধেক ছেড়ে দেবার ব্যবস্থা এই বিলে করা হয়েছে। এই থেকেই বুঝতে কষ্ট হয় না বর্ত্তমান সরকারের দরদ কাদের জন্য। সরকারের প্রাপ্য রাজস্বের ক্ষতি না করেও চাষীদের খাজনা কমান সম্ভব। "ট্যাক্সেসন এন্‌কোয়ারি কমিটীর" রিপোর্টে আছে মোট খাজনা চাষীদের কাছ থেকে জমিদাররা যা আদায় করে থাকে তার শতকরা ২১ ভাগ রাজস্ব হিসাবে সরকার জমিদারদের কাছ থেকে পেতেন। অর্থাৎ ১০০ টাকা যদি জমিদাররা আদায় করে তাহ'লে তারা সরকারকে দেয় ২১ টাকা। এই যে শতকরা ২১ টাকা সরকার এতদিন ধরে পাচ্ছিলেন তাতে সরকার সন্তুষ্ট থাকুন; খাজনা আদায়ের খরচ হিসাবে আরও শতকরা ২১ টাকা নিন্। অর্থাৎ চাষীদের কাছ থেকে খাজনা হিসাবে বর্ত্তমানের মোট আদায়ের শতকরা ৪২ ভাগ সরকার নিন্; আর বাকী অংশ ছেড়ে দিন। এতে সরকারের আয় কমবে না বরং বাড়বে অথচ চাষীর খাজনার হার অর্দ্ধেক কমিয়ে দেওয়া যাবে। এই রকম একটা ধারা বর্ত্তমান বিলে থাকা উচিত ছিল। এ ব্যবস্থা করলে চাষীদের ক্রয় ক্ষমতা বাড়ত, তাতে শিল্পজাত ভোগ্য দ্রব্যের চাহিদা বাড়ত এবং দেশের শিল্পের অগ্রগতি হ'ত। দেশের লোকের শতকরা ৭৫ জন যারা চাষের উপর নির্ভরশীল তাদের ঋণের বোঝায় ডুবিয়ে রেখে দেশকে শিল্পোন্নত করার চেষ্টা বাতুলতা। যদি সত্যিকারের চাষীদের উপকার করবার ইচ্ছা থাকত তাহ'লে প্রচলিত চড়া খাজনার হার সরকার কমিয়ে দিতেন; সে ইচ্ছা তাঁদের নেই। হয়ত তাঁরা এর উত্তরে বলবেন রাতারাতি কি করে করবো; আমাদের কাছে জমির স্বত্বের দলিল, নথিপত্র প্রভৃতি না থাকায়, কিছু করতে পারি না। এ যুক্তি, তর্কের খাতিরে মেনে নিলেও এ-কথা দাবী করা কি অন্যায় হবে যে, এক বছরের মধ্যে একটা বোর্ড গঠন করতে হবে এবং সমস্ত বিবেচনা করে বর্ত্তমানে যে খাজনার হার আছে তা অর্দ্ধেক করে দেওয়া হবে? এতে সরকারের কোন ক্ষতি হ'ত না। যে পরিমাণ রাজস্ব সরকার পাচ্ছিলেন সেটা পেতেন, তার উপর আরও বেশ কিছু পেতেন। উপরন্তু জমিদারদের মোটা শোষণটা কিছুটা বন্ধ হয়ে যেত।

(At this stage the blue light was lit.)

স্পীকার মহোদয়, আমাকে আর একটু বেশী সময় দিতে হবে।

Mr. Speaker: Please go on.

Sj. Subodh Banerjee:

চতুর্থতঃ, আমি খেসারত দেওয়ার সম্বন্ধে দু-একটা কথা বলবো। খেসারত আপনারা দেবেন বলছেন, কারণ বর্ত্তমান গঠনতন্ত্রের জন্য নাকি দিতে বাধ্য হচ্ছেন। গঠনতন্ত্র ব্যাখ্যার আইনের কচ্‌কচির মধ্যে না গিয়ে ধরে নিলাম কথাটা সত্যি। কিন্তু এই গঠনতন্ত্রকে ইচ্ছা করলে আপনারা বদলাতে পারেন; যেমন "প্রিভেন্টিভ ডিটেনসন এ্যাক্ট", বিনা বিচারে আটক আইন, পাশ করবার সময় করেছেন। সুতরাং ইচ্ছা থাকলে এটার বেলায়ও করতে পারতেন। মোট কথা আপনারা চান জমিদারদের মোটা টাকা খেসারত দিতে বিনা কারণে। কেন জমিদারদের খেসারত দেব? ভারতবর্ষে কোনদিনই জমি জমিদারের ছিল না, জমি ছিল গ্রাম "কমিয়ুনের" সম্পত্তি। কোন ব্যক্তিবিশেষের জমির উপর স্বত্ব ছিল না। চিরস্থায়ী বন্দোবস্তে জমিদারদের পয়সা দিয়ে তো জমিদারী নিতে হয়নি। দেশদ্রোহিতার পুরস্কার হিসাবে জমিদারী মিলেছিল। তার উপর দীর্ঘদিন ধরে তারা যে লাভ খেয়ে এসেছে, তার জন্যই তো তাদের জমি এমনি চলে যাওয়া উচিত। জমিদাররা প্রতি বছর খরচ-খরচা বাদে ৭ কোটী ৭৯ লক্ষ টাকা নিট্ লাভ করেছে এবং ১৬০ বছর ধরে তারা এই লাভ ভোগ করে আসছে। সুতরাং তারা যদি জমিদারীর জন্য কোন মূলধন নিয়োগ করেও থাকে, তাহ'লেও সেটা কি লাভের মাত্রায় উসুল হয়ে যায়নি? অতএব তাদের এই খেসারত দেবার কি কোন যুক্তি আছে? কোন যুক্তি নেই। যখন সুন্দরবন অঞ্চল হাসিল করা হয় তখন মোট হাসিল করা জমির এক-চতুর্থাংশের উপর কোন রাজস্ব ধার্য্য করা হয়নি, বাকী এক-চতুর্থাংশের উপর বিঘাপ্রতি দুই আনা করে এবং বাকী অর্দ্ধেক বিঘাপ্রতি ৯ আনা করে রাজস্ব ধার্য্য হয়েছিল। জমিদাররা কিন্তু প্রজাদের কাছ থেকে বিঘাপ্রতি ২ টাকা থেকে ২১ টাকা খাজনা আদায় করছে; শেষোক্ত খাজনা বর্গা-প্রথার খাজনা। মাঝখানে এই যে বিরাট লাভ, এটা ৯৯ বছর ধরে তারা আদায় করে এসেছে। তাতেও কি তাদের খরচ উঠে যায়নি? নিশ্চয়ই গিয়েছে, তাদের সেই টাকা বহুদিন আগেই উঠে গিয়েছে। শুধু তাই নয়, যে সমস্ত সর্ত্তে জমিদার জমি পেয়েছিল তার একটিও সে মানেনি; বাঁধ বাঁধা, জমির উন্নতি করা, ইত্যাদি কাজ জমিদারের কর্ত্তব্য ছিল। সেগুলি না করার জন্য পশ্চিম বাংলার জমির আজ উর্ব্বরতা কমে গিয়েছে, চাষীরা নিঃস্ব হয়েছে, দেশ দুর্ভিক্ষে ভুগছে। তবুও আজ আবার তাদের খেসারত দেবার প্রশ্ন ওঠে কেন? সুদূর অতীতের কথা ছেড়ে দিলেও জমিদারীর ইতিহাস কি? চাষীকে ১০ টাকা ধার দিয়ে জমিদার ১,০০০ টাকা আদায় করেছে তবুও চাষী ঋণমুক্ত হয়নি, আর বাকী সুদ ও আসলের দায়ে চাষীর জমি গিয়ে সঞ্চিত হয়েছে জমিদারের হাতে। এমনি করে নতুন জমিদার-গোষ্ঠি গড়ে উঠেছে। এদের দিতে হবে খেসারত? বরং এদের কাছ থেকে খেসারত আদায় করে চাষীদের দেওয়া দরকার এবং সেটাই হবে নীতিজ্ঞান অনুযায়ী কাজ।

সর্ব্বশেষে আমি দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে কিছু বলব। এমনভাবে বর্ত্তমান বিলটা আনা হচ্ছে যাতে বড় ৩ বড় জমিদারদের গায়ে হাত না পড়ে। অন্যান্য জমির জন্য যে হারে খেসারত দেওয়া হচ্ছে দেবোত্তর সম্পত্তিতে সরকার সেভাবে হাত দেবেন না, ফলে বর্দ্ধমানের মহারাজা, কাশীমবাজারের মহারাজা, মুর্শিদাবাদের বড় বড় জমিদার প্রভৃতি রাজা মহারাজাদের গায়ে হাত পড়বে না। তারা সমস্ত বিলের ফাঁক দিয়ে বেরিয়ে যাচ্ছে কারণ এদের অধিকাংশ সম্পত্তিই হ'ল দেবোত্তর সম্পত্তি। সরকার এদের আবার পৃথকভাবে খেসারত দেবার ব্যবস্থা করছেন। "পারপিচুয়াল আনুয়িটি", অর্থাৎ চিরকাল ধরে এই সব রাজা মহারাজার দল ও তাদের বংশধররা বছরের পর বছর মোটা টাকা পেয়ে যাবে খেসারত হিসাবে। এদের কোন কষ্ট করতে হবে না; খাজনা আদায় করবেন সরকার, ঝামেলা বইবেন সরকার, আর বছরের পর বছর টাকা পেয়ে যাবে এই সব ধনকুবেররা যাদের লাম্পট্য ও অমিতাচারিতা সর্ব্বজন বিদিত। দেবোত্তর সম্পত্তি দেবসেবার জন্য দেওয়া হয়েছে; এতে হাত দিতে গেলে ধর্ম্মবিশ্বাসে আঘাত লাগতে পারে এ ধারণা ভুল। দেবতার নাম করে সেবায়েতরা লুণ্ঠন করে চলেছে চাষীকে, বহু দেবতা ব্যক্তিগত গৃহ দেবতা; সাধারণের প্রবেশাধিকার পর্য্যন্ত সেখানে নেই, তবুও সেই রকম দেবোত্তর সম্পত্তিকে সরকার ব্যক্তিগত ধরতে রাজী হননি। সমস্ত দেবোত্তর সম্পত্তি বিনা খেসারতে অধিকার করা উচিত। দেবতার নামে উৎসর্গীকৃত সম্পত্তির খেসারত সেবায়েত পাবে কেন? যদি বলেন সেবায়েত দেবতার পূজা-অর্চ্চনা প্রভৃতি ব্যাপারে আইনতঃ বাধ্য তাই সেই বাবদে খরচ হিসাবে খেসারত তার প্রাপ্য এবং এই কারণেই তার চিরস্থায়ী দায় হিসাবে গ্রাহ্য করা হয়েছে, তাহ'লে আমার বক্তব্য সেবায়েতদের দেব-সেবার বাধ্যবাধকতা থেকে মুক্তি দিন, সরকার নিজেই দেব-সেবার ব্যবস্থা করুন। আমি অন্যায় কথা কিছু বলছি না। অন্যান্য রাজ্যে যেমন মাদ্রাজ, সরকার এই কাজ করেছেন। দেবোত্তর সম্পত্তি দেখবার জন্য সরকারী সংস্থা গঠন করুন, নতুন আইন করে; তারাই দেবসেবার ব্যবস্থা করবে। তাহ'লে সেবায়েত ও তার বংশধরদের চিরকাল ধরে কোটী কোটী টাকা প্রতি বছরে খেসারত দিতে হবে না সরকারকে। গরীব চাষীদের রক্ত জল করা টাকা দিয়ে সেবায়েতের উচ্ছৃঙ্খলতা মেটাতে চাওয়া শুধু আইনতঃ অন্যায় ও নৈতিক অপরাধ নয় তা সমস্ত জাতির মানসিক সুস্থতার প্রতি অপমান।

এটা অনায়াসে আপনারা বন্ধ করতে পারেন এবং তা করলে জনসাধারণ বুঝতে পারবে যে আপনাদের কিছুটা অন্ততঃ সদিচ্ছা আছে।

[11-10—11-20 a.m.]

Sj. Ajit Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়! বাংলার গ্রামা অর্থনীতি যে ধ্বংসের পথে চলেছে, "সেন্সাস রিপোর্ট"এ সে কথা উল্লেখ করা হয়েছে। গ্রামের অর্থনীতি যদি আমূল সংস্কার না করা যায়, যদি নতুন করে গড়ে তোলা না যায়, তাহ'লে দেশকে গড়ে তোলা যাবে না—এ-কথা বলা হয়েছে। যে বিল আমাদের সামনে এসেছে, বহুকাল

ধরে এই আলোচনা চ'লে আসছে যে এই বিলের ভিতর দিয়ে বাংলা দেশের ভূমি-ব্যবস্থার আমূল সংস্কার হবে। কিন্তু যা হচ্ছে, তাতে সে রকম কিছু হবে বলে মনে হচ্ছে না। কেন না—"ইন্টারমিডিয়ারি"র খাস জমি নেওয়া হচ্ছে কিন্তু যুগ-যুগান্তর ধরে কৃষকদের উপর খাজনার যে অসহনীয় চাপ চলে আসছে, সে সব ব্যাপারে খাজনা কমাবার জন্য বা তাদের হাতে জমি দেওয়ার ব্যাপারে কোন উল্লেখই এই বিলের মধ্যে নেই। অথচ এটা সত্য—এ সমস্ত ব্যবস্থা ছাড়া কোন উন্নতিই সম্ভব নয়। আমাদের সামনের বেঞ্চের থেকে—মাননীয় "রেফিউজি", "রিলিফ" ও "রিহ্যাবিলিটেসন" মন্ত্রী মহোদয়া বলেছেন যে আমাদের যে সমস্ত বাধা বিপত্তি আছে সেগুলি দূর করবার চেষ্টা করছি এবং তারপরে খুব শীঘ্রই গ্রামগুলিকে যাতে গড়ে তোলা যায়, সেইভাবে চেষ্টা করব। এই প্রসংগে আমি "ফাইভ-ইয়ার প্ল্যান"—একটা জায়গা উল্লেখ করতে চাই—"রি-অরগ্যানাইজেসন অফ এগ্রিকালচার"—সেখানে কৃষি সংস্কারের জন্য ২টী কথা বলা হয়েছে—"ইউনিট অফ কালটিভেসন" বাড়ান হবে এবং যাতে চাষের খরচ কম পড়ে, তার চেষ্টা করা হবে। কিন্তু কৃষকের হাতে জমি দেওয়া বা খাজনা কমিয়ে দেওয়া—এ-বিষয়ের কোন কিছু উল্লেখ নেই। কংগ্রেস সরকার অন্যান্য প্রদেশে যে ভূমি-সংস্কার আইন চালু করেছে—সে সম্পর্কে ২।১টী জায়গায়, যেমন "ইউ.পি"র দিকে লক্ষ্য দিই তাহ'লে দেখতে পাব যে সেখানে জমিদারদের ও জোতদারদের হাতে দেশের জমির প্রায় শতকরা ২৫ ভাগ তাদের হাতে রেখে দেওয়া হয়েছে। তার উপর যে সমস্ত জমি চাষীদের ছিল, জমিদারদের হুকুম দেওয়া হয়েছে যে এদের সোজাসুজি উৎখাত করে তাদের জমি খাস করে নেওয়া হোক। এই উৎখাত করবার ক্ষমতা জমিদারদের হাতে দেওয়া হয়েছে। তার জন্য জমিদারদের কাছ থেকে খাজনা বাবদ ভবিষ্যতে যা কিছু পেতে পারা যেত জমিদাররা তার এক পয়সাও দেবে না—তার বন্দোবস্ত হয়ে যাচ্ছে। সংগে সংগে এই ব্যবস্থাও হচ্ছে—যে "হেরিডিটারি অকুপ্যান্সি রাইট" চাষীদের যে জমিতে ছিল সেই সমস্ত জমিতে ভূমিদারী স্বত্ব পাবার জন্য ১০।১২ গুণ টাকা গভর্ণমেণ্টকে দিতে হবে। অথচ শতকরা ২৫ ভাগ জমি হাতে রাখার জন্য জমিদারদের এক পয়সাও লাগবে না। "ক্যাপিটালিষ্ট ফারমিং" করে "ইউ.পি"র জমিদাররা কৃষির উন্নতি করবে, সে আশা করা ভুল হবে। সেই হিসাবে ভারতের অন্যান্য প্রদেশেও যা দেখছি—যেমন মাদ্রাজ, বোম্বাই, রাজস্থান—সর্ব্বত্রই এই সামন্ত-বাদকে টিকিয়ে রাখবার ব্যবস্থা হচ্ছে। সুতরাং কংগ্রেস সরকার যে সত্যিকার ভূমি-সংস্কার করবে না সেটা পরিষ্কার বুঝা যাচ্ছে। সুতরাং যা করতে যাচ্ছেন এটা যে একটা মস্ত বড় ধাপ্পা সেটা আপনারাও জানেন। তারপরে "ফাইভ-ইয়ার প্ল্যান"এ "রি-অরগ্যানাইজেসন চাপটার"এ চাষীর হাতে জমি দেবার কোন উল্লেখ নেই। সুতরাং বাংলাদেশের "এ্যাসেমব্লি"র মধ্যে যখন আমাদের সামনে মাননীয় সদস্যরা বড় বড় কথা বলেন, তা আমরা বিশ্বাস করতে পারি না। এ সম্বন্ধে কি করা উচিৎ কি অনুচিৎ আমরা বার বার বলেছি ও বোঝাবার চেষ্টা করেছি। কিন্তু সে সব বৃথা। মাননীয় "জুডিসিয়াল" মন্ত্রীমহাশয় বলেছেন "ল্যাণ্ড কো-অপারেটিভ" করবেন এবং তার মারফৎ কৃষি-উন্নতি ব্যবস্থা করবেন। কিন্তু যেটা আসল কৃষকের সেই খাজনা কমাবার, বিনা পয়সায় জল সেচের ব্যবস্থা, ঋণ-ভার লাঘবের ব্যবস্থা, এর কোন ব্যবস্থাই রাখছেন না। তিনি যে বলেছেন "ল্যাণ্ড কো-অপারেটিভ" করবেন—কাদের নিয়ে করবেন। বাংলাদেশের কৃষক ত "ব্যাঙ্করাপ্ট" হয়ে রয়েছে। এসব "ব্যাঙ্করাপ্ট" দিয়ে "ল্যাণ্ড কো-অপারেটিভ" হতে পারে না। সুতরাং আগে যা ছিল—জমিদার হিসাবে জমির উপর তাদের অধিকার থাকছে—ভবিষ্যতেও তা বজায় থাকবে। "ইকুয়াল পার্টনারসিপ" ব্যতীত কৃষকের উন্নতি হতে পারে না—কিন্তু তা হচ্ছে না। তা'ছাড়া এই "কো-অপারেটিভ"এ "এ্যাবসলিউট ল্যাণ্ডলর্ড"দের জমির জন্য "স্পেশাল ডিভিডেণ্ট" দেবার ব্যবস্থা হয়েছে—এ সম্বন্ধে

Economic and Political Research Committee of A. I. C. C. যা বলেছেন তা এই—

[11-20—11-30 a.m.]

"The conception of ownership dividend, therefore, is the key to the subject of co-operative village management. But shorn of its verbiage to what does it boil down? That owners of land, even while absent in far away towns engaged in non-agricultural trade and professions, are assured of profits from land for the cultivation of which they may not even raise their little finger.... ..To us a scheme of agricultural reorganisation which even today has a place for unearned incomes, for absenteeism in whatever form or shape, is ill-fitted and ill-equipped to meet the challenge which our falling production, our rising population, and our stagnant and decadent agriculture present us."

তবু এখানে কংগ্রেস "বুরোক্র্যাটরা" বলেছেন তাঁদের "ফাইভ-ইয়ার প্ল্যান"এ বর্ণিত কৃষি সমবায় কৃষি সংকটের সমাধান করবে।

এটা আমার কথা নয় "অল ইণ্ডিয়া কংগ্রেস"এর কথা। তবুও আশ্চর্য্যের ব্যাপার, ভারতবর্ষের বিভিন্ন আইন-সভায় এবং আমাদের আইন-সভাও এটা বিশ্বাস করানর চেষ্টা হচ্ছে যে এইভাবে কৃষি সমস্যার সমাধান হয়ে যাবে। আমাদের দেশের কৃষি সমস্যা শুধু কৃষকরা নয়, আমাদের

[Sj. Ajit Kumar Basu.]

দেশের সর্ব্বশ্রেণীর লোক অর্থাৎ মধ্যবিত্ত, শ্রমিক, কৃষক, ব্যবসায়ী প্রত্যেকের উপরই এটা মৃত্যু পরোয়ানার সামিল। এখন তাঁরা যেভাবে চলছেন তাতে ভূমি-সংস্কার একটা অসম্ভব পরিকল্পনা এবং ধাপ্পা মাত্র। এবং এইভাবে চললে এর বেশী তাঁরা উঠতে পারবেন না। গত ২৯শে কলকাতায় ১॥ লক্ষ লোক জমা হয়েছিল এবং ৩০ লক্ষ শ্রমিক ও কর্ম্মচারীর ধর্ম্মঘট আমরা দেখেছি এবং ২০ হাজার লোকের মিছিল দেখা গিয়েছে; তাদের মুখে এই কথাই ছিল যে বাংলাদেশে সত্যিকারের জমিদারী-প্রথা উচ্ছেদ করতে হবে এবং নূতন বাংলা সৃষ্টি করতে হবে।

Mr. Speaker: Mr. Ramhari Roy, please finish in eight minutes.

Sj. Ramhari Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা যে বিল সম্বন্ধে আলোচনা করছি সেটা একটা জনকল্যাণমূলক বিল। কাজেই সেই দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিল আলোচনা করা দরকার ব'লে আমি মনে করি। আমাদের দেশের চাহিদা হচ্ছে যারা ভূমিহীন তারা যেন ভূমি পায়। এই বিলের মাধ্যমে আমরা খুব বেশী জমি দেবার জন্য পাচ্ছি না। বাস্তব অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে এই বিল বিবেচনা করলে দেখতে পাই, জনসাধারণের স্বার্থের সঙ্গে এই বিলের বিশেষ কিছু সম্পর্ক নাই; শুধু কোটি কোটি টাকা অর্থব্যয় ক'রে জমিদারীর অবসান ঘটিয়ে প্রজার খাজনা "কালেকসন"এর অধিকারটা এই বিলের মাধ্যমে আমরা গ্রহণ করছি। ভূমিহীনদের মধ্যে বিতরণের জন্য বিশেষ কোন জমি আমরা সংগ্রহ করতে পারছি না। কারণ, "এগ্রিকালচারাল" ২০।২৫ একর ও "নন-এগ্রিকালচারাল" জমিসহ ৪০।৫০ একর জমি জমিদারদের খাসে রেখে দেওয়া হচ্ছে। এইভাবেই যদি কাজ করা হয় তাহ'লে বহু টাকা ব্যয় ক'রে জনসাধারণের কল্যাণমূলক যে কাজে আমরা হাত দিয়েছি তা কিছুতেই অগ্রসর হতে পারে না। কারণ, জমিদারের খাসে এই জমি রেখে দিলে ভূমিহীনদের মধ্যে বিতরণের জন্য বিশেষ কোন জমি পাওয়া যাবে না। সেজন্য আপনাদের সামনে আমি দুয়েকটি "সাজেসসন" রাখতে চাই। বাস্তবের সঙ্গে সঙ্গতি না রেখে চক্রে রাজনৈতিক কোন কাজ হতে পারে না। জনসাধারণের দাবি এই নয় যে, "গভর্ণমেণ্ট" খাজনা আদায় করবে, অন্য কতকগুলি লোক খাজনা আদায় করবে, বা কে খাজনা আদায়ের মালিক হবে তা তারা ভাবে না। বরং বর্ত্তমান প্রস্তাব অনুযায়ী "গভর্ণমেণ্ট"-এর হাতে যদি এই ভার যায় তাহ'লে "সার্টিফিকেট" ইত্যাদি ব্যাপারে তারা জর্জ্জরিত হবে এটাই জনসাধারণ মনে করছে। অন্যদিক দিয়ে দেখতে গেলে দেখা যাবে এই ব্যবস্থায় জমিদারের লক্ষ লক্ষ কর্ম্মচারীকে বেকারী ও অন্নহীন অবস্থার নিয়ে যাওয়া হচ্ছে। এমনি লক্ষ লক্ষ বেকারী ও অন্নহীনের ব্যবস্থা আমরা করতে পারছি না, আবার নূতন অন্নহীনের সৃষ্টি আমরা করছি। সেজন্য আমি মনে করি জোতদার বা রায়তদের কাছ থেকে জমি নিয়ে নেওয়ার "কনষ্টিটিউসনাল ডিফিকাল্টি" যা আছে সেগুলি "রিমুভ" করার দিকে প্রথমেই দৃষ্টি দেওয়া দরকার। অনেকের ভ্রান্ত ধারণা আছে যে জমিদারের হাতেই বেশী জমি আছে। কিন্তু আমরা জানি আজ জোতদার শ্রেণীর হাতেই বেশী জমি জড় হয়েছে। জমিদারদের হাতে ১ "পার্সেণ্ট" জমি সাধারণতঃ থাকে বাকী সবই প্রজাবিলি ক'রে দেওয়া হয়। তারপর "গভর্ণমেণ্ট" জমিদারী নিয়ে নিলে "এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স"এর টাকা থেকে সরকারী আয় কমে যাবে। সরকার বর্ত্তমানে জমিদারের কাছ থেকে যে "রেভিনিউ" পাচ্ছেন তার থেকে যে সরকারী "রেভিনিউ" বেশী হবে সে বিষয়েও আমার সন্দেহ আছে। এবং আমাদের নৈতিক মান এত নীচে নেমে গেছে যে সরকার খাজনা আদায়ের ভার নিলে "কালেকসন"এর খরচ এত বেশী বাড়বে যে সেইজন্য "গভর্ণমেণ্ট"এর শুধু খাজনা "কালেকসন" করবার অধিকারটুকু নেওয়ার মধ্যে কোন সার্থকতা আছে ব'লে আমি মনে করি না। জোতদারদের যদি "রিজনেবল প্রাইস" দিয়ে তাদের থেকে জমি নিয়ে জনসাধারণের মধ্যে বিতরণ করা যায় তাহ'লেই সত্যিকারের কাজ হবে। শুধু "স্লোগান" দ্বারা পরিচালিত হ'লে কাজ কিছুই হবে না। জনসাধারণের "সাইকলজি"র সঙ্গে সংযোগ রেখে যদি আইন প্রণয়ন করা হয়, তাহ'লে সত্যিকারের কাজ হবে ব'লে আমার বিশ্বাস। তাই আমি মনে করি, বর্ত্তমান অবস্থায় জমিদারের কাছে খাজনা "কালেকসন" ভার রেখে জমিদারী ক্রয়ের কোটি কোটি টাকা দিয়ে জমিদারের সমস্ত খাস জমি "নমিন্যাল কম্পেন্সেসন" দিয়ে নিয়ে এবং জোতদারদের জন্য উপযুক্ত পরিমাণ জমি রেখে তাদের বাকী সমস্ত জমি "রিজনেবল কম্পেন্সেসন" দিয়ে নিয়ে এই সংগৃহীত জমি যদি জমিহীনদের মধ্যে বিতরণের ব্যবস্থা করা যায় তবেই জনসাধারণের কাজ করা হবে। "কনষ্টিটিউসনাল ডিফিকাল্টিজ ওভারকাম" করে এইভাবে ভূমি সমস্যা সমাধান যুক্তিযুক্ত ব'লে আমি মনে করি।

[11-30—11-40 a.m.]

Sj. Nripendra Gopal Mitra:

মাননীয় স্পীকার মহোদয়! মাননীয়া শ্রীমতী রেণুকা রায় মহাশয়া, কালকে আমাদের আশ্বাস দিয়েছিলেন যে যদি আমরা উপযুক্তভাবে আমাদের প্রস্তাব তাঁদের কাছে উত্থাপিত করতে পারি তাহ'লে আমাদের "নেশন বিল্ডিং"এর "চীফ মিনিষ্টার" মহাশয় সেগুলি ভালভাবে বিবেচনা কোরে দেখে হয়ত এই বিলের আমূল পরিবর্ত্তন সাধন করবেন। কিন্তু এ পর্য্যন্ত যা আমরা নজীর দেখেছি তাতে আমাদের কোন প্রস্তাব ওঁদের মনোমত কোরে গ্রহণযোগ্য কোরে তোলা বর্ত্তমানে আমাদের সাধ্যের অতীত, এবং তা কখন হবে না। যা কিছু হবে ভোটের জোরেই হবে। আমাদের প্রস্তাবের ভিতর যতই গুরুত্ব থাক না কেন এবং সেই প্রস্তাবের ভিতর যতই যুক্তিসঙ্গত কারণ দেওয়া হউক না কেন, সে তাঁরা গ্রহণ করবেন না। আমাদের "নেশন বিল্ডিং"এর কর্ত্তা প্রধান মন্ত্রীমহাশয় হয়ত "নেশন বিল্ডিং" করতে পারতেন

কিন্তু আজকে তিনি দলগত স্বার্থের মধ্যে পড়ায় তা করা সম্ভবপর নয়। কাজেই এই বিল সম্বন্ধে তীব্র ভাষায় শুধু গালাগালি কোরে লাভ নেই, কারণ এর দ্বারা নিজের আক্ষেপই শুধু মেটান হবে, তার দ্বারা জনসাধারণের স্বার্থসাধন হবে না। আমি এইটুকু মাত্র বলতে চাই যে এই বিলটাকে "ওয়েষ্ট বেঙ্গল এষ্টেট একুইজিসন বিল" না বোলে যদি "ওয়েষ্ট বেঙ্গল জমিদার প্রটেকশন বিল" বলতেন তাহ'লে তার উপযুক্ত সংজ্ঞা দেওয়া হ'ত, জনসাধারণের কোন ভ্রান্ত ধারণা থাকত না। তার কারণে বলতে চাই, দেখা যায় যে ১৫ বছর পূর্ব্বেও ২০ গুণ দাম দিয়ে কেউ জমিদারী কিনতে রাজী ছিল না, তার মানে ৫ "পার্সেন্ট" মাত্র জমি থেকে আর হ'ত, এবং সে সময় জমিদারদের মাঘট ইত্যাদির দ্বারা দুর্গাপূজা, কালীপূজা প্রভৃতি হ'ত এবং সে সময় হিসাবানা, তহুরী দ্বারা তহশীলদারের ১ টাকা ॥ আনা মাহিনা এবং গোমস্তাদের ৫ টাকা মাহিনা দিয়ে কাজ চালান হ'ত, সেই সময় ৫ "পার্সেন্ট প্রফিট" ছিল, এবং এদিকে দেখা যায় যে কোন জমিদারী ১০ গুণ পণের বেশীতে বিক্রী হচ্ছে না। তার মানে ২॥ "পার্সেন্ট" সব শুদ্ধ ঐ থেকে মুনাফা পেতে পারা যায়। তার মধ্য থেকে তাঁদের সে সমস্ত খরচ, দান, খয়রাত ইত্যাদি হয়। যে জমিদারী-প্রথা আজকের দিনে তাঁদের কণ্টক হয়ে দাঁড়িয়েছে, সেই জমিদারী-প্রথাকে ওঠাবার জন্য তাঁদের আবার পয়সা দিয়ে কিনে নেওয়ার প্রয়োজন কি তা দেখি না। তার মধ্যে আবার যেগুলো নিজেদের হাতে থাকলে জমিদারদের লাভবান হওয়ার আছে সেগুলো তাঁদের জন্য রেখে দেওয়া হয়েছে। যেমন, জলপাইগুড়ি ও দার্জ্জিলিঙে যেটা লাভের অংশ সেই চা-বাগানের জমি রেখে দেওয়া হয়েছে। ২৪-পরগণার ক্যানিং অঞ্চলে মাছের ব্যবসারই যাকে জমিদারদের জীবন বললেই চলে, তাদের জমিদারীর অংশ চাষ রেখে দেওয়া হয়েছে। মালদহ এবং মুর্শিদাবাদে আমের বড় রকম ব্যবসা; সেখানে আম্রকানন বা "অরচার্ড" হিসাবে তাদের রেখে দেওয়া হয়েছে। আবার রাণীগঞ্জ এবং আসানসোলে যেখানে প্রভূত কয়লার ব্যবস্থা আছে সেখানে সেগুলি তাদের জন্য রেখে দেওয়া হচ্ছে। তাহ'লে নেওয়া হ'ল কি? না, বর্দ্ধমান ও মেদিনীপুরের জমিদারীর কিছু নেওয়া হবে। কিন্তু দেখা যায় মেদিনীপুরে জমিদারদের হাতে বিশেষ জমি নাই, অধিকাংশ জমি জোতদারদের হাতে আছে, তার মধ্যে যে অংশ জমিদারদের হাতে আছে সেগুলি থেকে জমিদারদের বেছে নেবার সুযোগ দেওয়া হয়েছে। কাজে কাজেই "প্র্যাক্টিক্যালি" জমিদারদের সকল দিক দিয়ে পূর্ণ করা হ'ল, আর যে সব জমি নিষ্ফল তার উপর খাজনা বসবে এবং যা অনুর্ব্বর বা যাতে ফলন ভাল হয় না তাই নেবার ব্যবস্থা হয়েছে। এতে তাঁদের এ-পর্য্যন্ত নিজেদের অস্তিত্ব বজায় রাখার জন্য জনসাধারণের যেটুকু করতে বাধ্য হতেন সেইটুকু করবার দায়িত্ব থেকে পরিত্রাণ পেলেন মাত্র। এখন গভর্ণমেন্ট যদি একটা কাজ করেন তাহ'লে এই "জমিদারী প্রটেকশন বিল" সম্পূর্ণ হয়। তাঁরা "হোমষ্টেড"গুলো "কম্পেন্সেসন" দিয়ে কিনে নিন। কেন না, তাঁরা অনেক কালের মায়ার "হোমষ্টেড"গুলো ছাড়তে রাজী হ'ল না; তাঁরা বলেন যে বড় বড় বাড়ীগুলো কেমন কোরে ছেড়ে যাই? অনেক দিনের মায়া এবং অনেক দিনের সংস্কার, তার মধ্যে আছে; অথচ আজকালকার আয়ে ঠাকুরদাদার আমলের বাড়ী সারিয়ে ওঠা যায় না। কাজে কাজেই এগুলো পর্য্যন্ত উচ্চ রকম "কম্পেন্সেসন" দিয়ে গভর্ণমেন্ট নিয়ে জমিদারদের সম্পত্তির অন্ততঃ সুব্যবস্থা করুন। জনসাধারণের সুব্যবস্থা যখন হবে না, তখন একটা সম্প্রদায়ের উপযুক্ত ব্যবস্থা অন্ততঃ করুন।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহোদয়! আমি মাননীয় সদস্য রায়-চৌধুরীর "রিকমিটাল মোশন" সমর্থন করছি। বিধান সভার এই অধিবেশন ঐতিহাসিক অধিবেশন সন্দেহ নেই। স্বাধীনতা লাভ করবার ৬ বৎসর পরে জনসাধারণের সকলের ভোটে নির্ব্বাচিত এই বিধান সভা বহু প্রতীক্ষিত, বহু বাঞ্ছিত জমিদারী-প্রথা বিলোপের যে ব্যাপার অভিনয় করছে সেটা ভবিষ্যৎ বাঙালী-সমাজের কাছে সত্যই একটা সুখ পাঠ্য ইতিহাস হয়ে দাঁড়াবে। জমিদারী-প্রথা উচ্ছেদের এই ব্যবস্থা একটা অত্যন্ত বিলম্বিত ব্যবস্থারূপে এসেছে। অবশ্য বিলম্বের একটা কারণ মাননীয়া মন্ত্রীমহাশয়া, মিসেস রায় দেখিয়েছেন যে, উদ্বাস্তু সমস্যা আমাদের গভর্ণমেন্টকে এমন ব্যস্ত করেছে যার জন্য তারা এদিকে দৃষ্টিপাত করতে পারেন নি। কিন্তু উদ্বাস্তু সমস্যার মত এমন একটা বিরাট সমস্যা সমাধানের জন্যই আগে প্রয়োজন জমিদারী-প্রথা বিলোপের। জমিদারী-প্রথা বিলোপের আসল অর্থকে অবশ্য এই বিলে স্বীকার করা হয় নি। সত্যিকার জমিদারী-প্রথা বিলোপের দ্বারা দেশের উৎপাদন বৃদ্ধি হ'লে, সরকারের নিজের হাতে বেশী জমি এলে উদ্বাস্তুদের খাওয়াবার এবং পুনর্ব্বাসনের সমস্যার সমাধান সহজ হ'তে পারত। কাজেই উদ্বাস্তু সমস্যার কথা যা বলা হয়েছে, সেটা বাজে অজুহাত মাত্র। এতকাল আমরা দেখেছি জনসাধারণের ক্ষমতা ও অধিকার সংকোচ করবার জন্য "সিকিওরিটি বিল" প্রভৃতি বিল আনবার বেলায় সময়ের অভাব হয় না সরকারের, এবং আরও অনেক বিল এসেছে এই বিধান সভায়, কিন্তু এমন একটা অত্যন্ত প্রয়োজনীয় বিল আনবার বেলায়ই সময়ের অভাব। অথচ আসল উদ্দেশ্যের দিকে দৃষ্টি দেওয়া হয় নি। জমিদারী-প্রথা বিলোপ বলতে কি বুঝি সেই কথা ভেবে দেখুন। মন্ত্রীমহাশয় বিলটা "ইনট্রোডিউস" করবার সময় স্বীকার করেছেন যে "ল্যান্ড ইজ এ ন্যাশনাল এসেট"। সেই "ন্যাশনাল এসেট" কিভাবে কাজে লাগাতে হয় তার কিছুমাত্র চেষ্টা করা হয় নি। তিনি বলেছেন এই বিল রচনার সময় "সোসিয়াল এ্যান্ড ইকনমিক ইম্প্রুভমেন্ট"এর দিকে দৃষ্টি রেখেছেন। কিন্তু বিল যেভাবে এসেছে তার দ্বারা দেশের "সোসিয়াল এ্যান্ড ইকনমিক ইম্প্রুভমেন্ট"এর কোন সুযোগই নেই। তিনি স্বীকার করেছেন—"দেয়ার ইজ ডার্থ অফ ল্যান্ড"—আমাদের দেশে ভূমির অভাব রয়েছে। অথচ সেই সঙ্গে দেখছি এই বিলে কয়েকজন মুষ্টিমেয় লোকের হাতে অনেক জমি রেখে দেবার ব্যবস্থা

[Sj. Sasabindu Bera.]

হয়েছে। জমিদারী-প্রথা বিলোপের যে আসল উদ্দেশ্য সে সম্বন্ধে বেশী কথা বলতে চাই না। জমিদারী-প্রথা বিলোপ করতে গিয়ে প্রথমে দেখা উচিত যে জমির মালিকানা কৃষকের হাতে যাবে যাতে দেশের উৎপাদন বৃদ্ধি হতে পারে, দেশের জমির পুনর্বণ্টন হবে, খাজনা কমবে, কিন্তু সেদিকে তাঁদের দৃষ্টি নাই। এই বিলের মধ্যে একটা "ক্লজ" পেয়েছি যাতে কম খাজনা বা নিষ্কর যে জমি সেই নিষ্কর ও কম খাজনার জমির খাজনা বাড়াবার ব্যবস্থা সরকার কোরেছেন। অর্থাৎ খাজনা বেশী হউক, কিন্তু খাজনা কমাবার চেষ্টা হয় নি। শুধু তাই নয়, বহু দিনের এবং বহু প্রকারের ভূমি হস্তান্তরের ফলে এদেশে খাজনার ক্ষেত্রে যে বিরাট অসাম্যের সৃষ্টি হয়েছে সেই অসাম্য দূরীভূত কোরে সমতা আনয়নের বিষয়ে কোন ব্যবস্থা এই বিলে নাই। আমরা আশা করেছিলাম যে "ষ্টেটের" আয় বৃদ্ধি হবে জমিদারী বিলোপের ফলে; এবং বিনা ক্ষতিপূরণে জমিদারী নিয়ে নেওয়া হবে। "ষ্টেটের" দ্বারা সমস্ত মধ্যস্বত্ব নেওয়া হ'লে পর উদ্বৃত্ত আয় যা হবে, তার দ্বারা নানা উপকারের কাজ সাধিত হবে। কিন্তু তা হয় নি। জন-জাগরণের ফলে আজকের দিনে জমিদার শ্রেণী দুরবস্থার আশংকাগ্রস্ত; এই বিলে সেই দুরবস্থার হাত থেকে তাদের ভাল কোরে "প্রোটেকসন" দেওয়া হচ্ছে। জমিদার শ্রেণীর প্রতি জমিদারী-প্রথা বিলোপ বিলের দ্বারা যে সহানুভূতি প্রকাশ করা হয়েছে তার কোন কারণ দেখি না। তাদের কোন অর্থ দিতে হয় নি। তারা বিনা অর্থে জমিদারী পেয়েছে। বহুকাল ধরে তা ভোগ কোরে এসেছে এবং জনসাধারণকে শোষণ কোরে এসেছে এবং দেশের উৎপাদন বৃদ্ধির দিকে এমন উল্লেখযোগ্য কিছুই করেনি, আর তার ফলে শস্যশ্যামলা বাংলাদেশ আজ একটা দুর্ভিক্ষের দেশ হ'য়ে দাঁড়িয়েছে।

[11-40—11-50 a.m.]

আমরা জানি জাতীয় সংগ্রামের ইতিহাসে ইংরেজদের স্বার্থ রক্ষার জন্য জমিদারগণ কি অভিনয় করেছে। ইংরেজ তাড়িয়ে দেশ স্বাধীন করবার পথে তারাই ছিল বড় অন্তরায়। অশেষ ত্যাগ লাঞ্ছনা ও কষ্ট সহ্য করে যে জনসাধারণ দেশের স্বাধীনতা এনেছে তাদের সর্বপ্রকার আন্দোলনের বিরোধী ছিল এই জমিদারগণ। আজকে আমাদের মন্ত্রীমহাশয় বলছেন যে কংগ্রেসই সেই স্বাধীনতা এনেছে দেশের কল্যাণের জন্য। যাঁরা আজকে কংগ্রেসের মধ্যে রয়েছেন, তাঁরা তখন কোথায় ছিলেন, যখন কংগ্রেসের উপর, কংগ্রেস কর্ম্মিগণের উপর নির্য্যাতন হয়েছে? যাঁরা মহাত্মাজীর আদর্শে অনুপ্রাণিত হয়ে স্বাধীনতা সংগ্রামে যোগদান করেছিলেন, যাঁরা প্রকৃত কংগ্রেসী, তাঁরা আজ কোথায়? কাজেই আমি বলছি আজ এই পরিবর্ত্তিত অবস্থা, এই স্বাধীনতা, যারা এনেছে সেই জনসাধারণ এই বিলের দ্বারা কোন উপকার পাচ্ছে না। জমিদার শ্রেণীর উপর আমাদের আক্রোশ কিছু নাই, যাদের আয় কম, জমিদারী-প্রথা বিলোপ হ'লে যাদের পক্ষে নিজেদের জীবন ধারণ করা অসম্ভব হ'য়ে উঠবে, তাদের "রিহ্যাবিলিটেশনের" জন্য একটা কিছু ব্যবস্থা থাকা দরকার, কিন্তু তাই ব'লে পাইকারীভাবে ছোট-বড় সকলকেই "কম্পেন্সেসন" দেওয়ার কি কারণ থাকতে পারে আমি বুঝতে পারি না। যে বিলটী এখানে আনা হয়েছে তার মধ্যে বহু রকম ত্রুটী-বিচ্যুতি রয়ে গিয়েছে। তার প্রতি দৃষ্টিপাত ক'রে যাতে বিলটাকে ভাল করা হয়, দোষমুক্ত করা হয়, তার জন্য এটার "রি-কমিটালের" জন্য যে "মোশান" এখানে এসেছে, সেটা আমি সমর্থন করছি। যাদের "ফিসারী", "কোলিয়ারী", চা-বাগান প্রভৃতি রয়েছে তাদের জমিটা এই বিলের মধ্যে না আনতে পারলে জমির পুনর্বণ্টন ব্যবস্থা বানচাল হ'তে বাধ্য। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। যে সমস্ত জমির মালিক—ধান চাষ করে, তাদের জমিটা নিয়ে নেওয়া হবে; আর যারা "ফিসারী" ক'রে মাছের চাষ ক'রে, যাদের "কোলিয়ারী" আছে, চা-বাগান আছে, তাদের সে জমিগুলো এই বিলের দ্বারা নেওয়া হবে না। কি চমৎকার ব্যবস্থা!

যেভাবে "কম্পেন্সেসনের" হার ধরা হয়েছে সেটা নিতান্তই হাস্যকর। যাদের আড়াই-শো টাকা "গ্রস্ ইনকাম", তাদের "কম্পেন্সেসন" দেওয়া হবে কুড়ি গুণ। আর এই ৫ হাজার টাকা এক-কালীন দেবার ব্যবস্থা রয়েছে। আমাদের দেশের সরকার কৃষকদের কো-অপারেটিভের মাধ্যমে টাকা ধার দেন সাড়ে সাত পারসেন্ট সুদে, আর "ক্যাটল্ লোন, আর্টিজান লোন" ইত্যাদি সওয়া ছ' পারসেন্ট হার সুদে টাকা দেন। কাজেই এদেশে সওয়া ছ' পারসেন্ট হারে টাকা খাটাবার যথেষ্ট সুযোগ আছে ধরতে পারি। এই হারে এই ৫,০০০ টাকা হ'তে বার্ষিক আয় হবে ৩১২৷৷। কাজেই জমিদারের আদায়-ওয়াশিলের দায়িত্ব থাকবে না, আদায় খরচা থাকবে না, ২৫০ টাকা "গ্রস" আয়ের জমিদারীর বদলে পাবে বিনা ঝুক্কিতে ৩১২৷৷ টাকা আয়ের সুযোগ। জমিদারী-প্রথা বিলোপ হ'যে যাবে শুনে জমির মূল্য খুব কমে গিয়েছিল কিছুদিন আগে। কারণ "কম্পেন্সেসন" কি পাবে, কি না পাবে কিছুই ঠিক ছিল না। আমি একটা বিশেষ ক্ষেত্রে জানি, শীঘ্র যখন জমিদারী-প্রথা বিলোপ হয়ে যাবে, তখন কি "কম্পেন্সেসন" পাবে, কি না পাবে, কোন নিশ্চয়তা নাই, এমতাবস্থায় বারশো টাকা "গ্রস ইনকামের" একটা জমিদারী দশ হাজার টাকায় বিক্রী হ'ল। তিন বছর আগেকার কথা। তখন জমিদার শ্রেণীর মধ্যে এমন একটা আশংকা হয়েছিল, জমিদারী উঠে যাবে অল্প ক্ষতিপূরণে। আমি খবর পেয়েছি যিনি ঐ জমিদারী কিনেছিলেন তিনি খরচপত্র করেও হাজার টাকা "নেট ইনকাম" পাচ্ছেন। তিনি এখন যা "কম্পেন্সেসন" পাবেন, সেটা তার বেশ মোটা লাভের অংক হবে। এই বারশোর খরচ বাদ দেওয়া হবে ৬০ টাকা "চার্জেস ফর ম্যানেজমেন্ট এ্যান্ড কালেকসন" হিসাবে। "নেট ইনকাম" ধরা হবে ১,১৪০ টাকা। এই ১,১৪০ টাকার উপর "কম্পেন্সেসন" দাঁড়াচ্ছে ২১,৩৮০ টাকা। আর "ক্যাশ" তিনি পাচ্ছেন ৪০ "পার্সেন্ট"—৮,৯৫২ টাকার, "বণ্ড" পাবেন ১২,৪২৮ টাকার। "ক্যাশ" ৮,৯৫২ টাকার, যদি ৬½ "পার্সেন্ট" সুদ ধরি, তার জন্য বার্ষিক আয় ৫৬০ টাকা। আর ১২,৪৮০ টাকা ৩ "পার্সেন্ট" সুদে তার বছরে আয় হবে ৩৭৩ টাকা। বিনা

পরিশ্রমে বছরের শেষে তিনি পাবেন ৯৩৩ টাকা। তারপর বিলের মধ্যে তাদের জন্য যে "বণ্ডের" ব্যবস্থা রয়েছে তার এককালীন মূল্য দেওয়ার ব্যবস্থাও আছে। কাজেই এভাবে জমিদারী যাওয়া জমিদারদের সৌভাগ্য বলতে হবে।

আমরা আজকে দেখছি যে এই জমিদারী-প্রথা লোপ বিলটী দেশের লোকের উপকারের জন্য আসে নি, এসেছে জমিদারদের উপকারের জন্য। তা না হ'লে এত উচ্চ হারে "কম্পেন্সেসন" দেওয়ার কি অর্থ, বুঝতে পারি না। তারপর বড় জোতদার লাটদারদের কথা। "অ্যাক্টে" রয়েছে যদি "ষ্টেট" মনে করেন, তাহ'লে তাদের বাড়তি জমি কিছু নেবেন। কাজেই এখন আর রায়তি স্বত্বের অতিরিক্ত জমি নেওয়া হচ্ছে না এবং নিলেও সরকার সেগুলি নেবেন কিভাবে? এই যে উচ্চ হারে জমিদারদের "কম্পেন্সেসন" দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, সেই হারে "কম্পেন্সেসন" দিয়ে নেবেন। এটা কেউ কল্পনাও করতে পারে না। দেশের সমস্ত জমি যেটা "ন্যাশন্যাল অ্যাসেট"—সেটা এই রকম উচ্চ মূল্যে কিনে নেওয়া যেতে পারে—, আমাদের সরকার ছাড়া আর কেউ তা ভাবতেও পারে না। মাননীয়া মন্ত্রীমহাশয়া বলেছেন "রি-কমিট্যাল মোশান"টা আনার অর্থ হচ্ছে বিরোধীপক্ষের "ডিলেটরী ট্যাকটিক্স্"। আমি বলি এ বিল যদি পাস নাও হয় সেও ভাল, এ রকম বিল পাস হওয়া উচিত নয়। জনসাধারণের যেটা প্রকৃত দাবী সেই দাবীকে ঠেকিয়ে রাখবার জনাই সরকারপক্ষ এই বিল এনেছেন। সরকার-পক্ষই জনসাধারণের দাবীকে পিছিয়ে দেবার জন্য "ডাইলেটরি ট্যাকটিস্" অবলম্বন করেছেন। এ বিল পুনরায় বিবেচিত হওয়া উচিত। সেই জনাই আমি "রি-কমিট্যাল মোশন" সমর্থন করছি।

SJ. Basanta Kumar Panigrahi:

মাননীয় স্পীকার মহাশয়, ইংরাজ শাসনের সময় হইতে জমিদারী-প্রথা দেশের অগ্রগতির পথে প্রতিবন্ধকস্বরূপ আছে ব'লে সকলেই এক বাক্যে স্বীকার করেছেন। পূর্ব্বে যে সমস্ত "কমিশন" এ সম্পর্কে বসান হয়েছিল—তাহাদের সুচিন্তিত অভিমত এই যে জমিদারী-প্রথা উচ্ছেদ না করলে চাষীর এবং চাষের প্রকৃত উন্নতি সাধন করা সম্ভব নহে। কিন্তু আজ পর্য্যন্ত সেই সমস্ত জমিদারী-প্রথা উচ্ছেদের সুপারিশ কার্য্যকরী হয় নাই। বর্ত্তমান সরকার এতদিন পরে তাহা কার্য্যকরী করিতে যাইতেছেন, তাহা সুখের বিষয়, তবে এই প্রসঙ্গে বলা যেতে পারে যে জমিদারী-প্রথা উচ্ছেদের মূল উদ্দেশ্য হচ্ছে জমি "ডিস্ট্রিবিউসন"। কৃষকদের মধ্যে সেই জমি "ডিস্ট্রিবিউসন"এর ব্যবস্থা থাকিলে এই বিলটি সর্ব্বাঙ্গসুন্দর হইত। কিন্তু তার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই। এই সম্পর্কে মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় কথা দিয়েছেন যে এই "ডিস্ট্রিবিউসন" সম্বন্ধে আর একটি বিল শীঘ্রই "হাউসের" সামনে উপস্থিত করিবেন। সেটা যত শীঘ্র আসে ততই ভাল। তা না হ'লে এই বিলের কোন স্বার্থকতা নাই। বর্ত্তমান বিলটি যে আকারে আনা হইয়াছে আমি সে সম্পর্কে দু'একটা কথা বলতে চাই। জমিদার ও মধ্য-স্বত্বাধিকারিগণের "রেন্ট রিসিভিং রাইট" সরকার হাতে লইয়া যদি নূতনভাবে আর একটা খাসমহলের প্রবর্ত্তন করেন তাহ'লে নিরীহ প্রজাসাধারণের দুর্গতির আর অন্ত থাকিবে না। একজন প্রজা যাহার খাসমহলে জমি আছে ও জমিদারী মহলে জমি আছে, তাহাকে জিজ্ঞাসা করিলে তিনি খাসমহলেরই নিন্দা করবেন। ১৮৮৫ সাল হইতে বঙ্গীয় প্রজাস্বত্ব আইন পুনরায় সংশোধিত হওয়ার ফলে জমিদারগণের আর প্রজাসাধারণের অনিষ্ট করিবার কোন পথ ছিল না। খাসমহল প্রবর্ত্তন না করিয়া যে সকল জমিদার ও মধ্যস্বত্ব-ভোগীর স্বত্ব লওয়া হইবে, তাহাদিগকে নূতনভাবে ১৫ হইতে ২০ "পার্সেন্ট" কমিশন দিয়া খাজনা আদায়ের দায়িত্ব দিলে তাহাদিগের জীবিকাঅর্জ্জনের পথ ঠিক থাকিয়া যায়, এবং তাহাদিগের অধীনে যে সমস্ত কর্ম্মচারিগণ কার্য্য করেন, তাহাদেরও আর বেকার হইতে হয় না। ইহা না করিলে লক্ষাধিক লোক বেকার হইয়া যাইবে।

[11-50—12 noon.]

সরকার এখন বেকার সমস্যা সমাধানের জন্য নানা প্রকারের উপায় চিন্তা করিতেছেন, এই সময়ে আর অধিক বেকার সৃষ্টি করা সংগত হইবে না। বেকার সমস্যাকে যদি আরও প্রকট না করতে হয় তবে এই সব জমিদারের "অফিসার"দের দ্বারা যদি কাজ চালান যায় তাহ'লে বহু কম টাকা খরচ হইবে। এবং যে টাকাটা এইভাবে আয় হইবে তাদ্বারাই "অফিস মেনটেন" করার খরচ হইয়াও উদ্বৃত্ত থাকিবে। তা না করিলে নূতন লোক যদি নিয়োগ করিতে হয়, তবে সমস্ত আদায়ী টাকাটা "অফিস মেইনট্যানেন্স"এই খরচ হইয়া যাইবে। তার প্রমাণ আমাদের "ষ্টেট ট্রান্সপোর্ট, ষ্টেট ফিসিং স্কীম, ষ্টেট ডেয়ারি ও ফরেষ্ট ডিপার্টমেন্ট"। অথচ এই সব ব্যাপারে "প্রাইভেট কনসার্ণ"গুলিতে প্রচুর লাভ হইতেছে।

আজ জমিদারী ক্ষতিপূরণের জন্য নিরীহ জনসাধারণকেই যদি সমস্ত টাকার ভার বহন করতে হয়, তাহ'লে অর্দ্ধ-শতাব্দী মধ্যে "ষ্টেট" আর কোন জনহিতকর কার্য্যে হস্তক্ষেপ করিতে পারিবে না। ক্ষতিপূরণ সম্বন্ধে আমার বক্তব্য এই যে যারা চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে জমিদারী ভোগ করিতেছে তাদের আরও ক্ষতিপূরণ দিতে যাওয়ার কোন অর্থই হয় না এবং যুক্তিসংগতও নয়। আর যাহারা "সেফেষ্ট ইনভেষ্টমেন্ট" মনে করিয়া জমিদারী ক্রয় করিয়াছেন তাহাদের "কম্পেন্সেসন" দেওয়া চলে। "কম্পেন্সেসন" এইরূপ নীতিতে করিলে ভাল হইত যে, কে কতদিন জমিদারী দখল করিয়া আছেন তাহাই দেখিবার বিষয়।

তারপর "ফিসারি" সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে অনেক জমিদারীর মধ্যে শতাধিক পুষ্করিণী আছে, দানশীল ব্যক্তিগণ এই সকল পুকুর পারে বৃক্ষাদি রোপণ করিয়া এবং জনসাধারণ যাতে মাছ ও জল ব্যবহার করিতে পারে তার ব্যবস্থা করিয়া গিয়াছেন। অনাবৃষ্টির সময় চাষিগণ চাষের জন্য সেই সব থেকে জলও সেচন করিয়া থাকে। অনেক ক্ষেত্রে জমিদারকে দাতারা এই সব পুকুরের রক্ষক করিয়া গিয়াছেন। সেই

[Sj. Basanta Kumar Panigrahi.]

সকল পুষ্করিণী জমিদাররা বড় বড় প্রতিপত্তিশালী লোককে বন্দোবস্ত দিয়াছেন ও দিতেছেন, এবং নিজেরা মাছ দখল করিতেছেন, এই সব রক্ষার ব্যবস্থা এই বিলের মধ্যে নাই।

তারপর দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে—অনেক ধার্ম্মিক লোক তাদের সমস্ত সম্পত্তি দেব সেবায় দিয়া তাহারা দেব-সেবা চালাইয়া আসিতেছেন, তাহাদের এগুলি যাতে রক্ষিত হয় তার ব্যবস্থা থাকা প্রয়োজন।

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহোদয়, আমি আজকে যে বিল সম্বন্ধে বলতে উঠেছি সে বিল মুখ্যমন্ত্রী ডাঃ রায়, রাজস্বমন্ত্রী এবং যে সমস্ত দরদী বন্ধুরা এই বিল রচনা করেছেন "জয়েন্ট কমিটী"তে যোগ দিয়ে এর রূপ ফুটিয়ে তুলেছেন আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। জনকল্যাণ বা সমাজ কল্যাণের কাজ কৃষি-সমবায় নামে একটি কথায় পরিণত হয়েছে। পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় কৃষি-সমবায়ের উপর জোর বিশেষ দেওয়া হয়েছে। আজকে আমাদের এই আইনসভায় আমি বর্গাদারের ছেলে হয়ে এসেছি। সেইরূপ মধ্যস্বত্বভোগী কেউ কেউ এসেছেন। আবার জমিদারগণও এখানকার গদিতে বসেছেন। এখন যদি সত্যই সমাজকে বড় করতে হয়, ঢেলে সাজতে হয়, তাহ'লে জমির উপর সকলকেই দৃষ্টি দিতে হবে। এমন কি সকলকে সমবেতভাবে নূতন সমাজ গড়ে তুলতে হাবে। প্রজাতন্ত্রে সকলের জন্য সমান অধিকার, সকলের জন্য সমান আইন, সকলের জন্যই সংবিধান। আজকে এখানে যে প্রশ্ন উঠেছে —সে প্রশ্ন খুবই সত্য—যে পশ্চিম বাংলায় ভূমি কম এবং কৃষক বেশী। এ-কথা খুবই সত্য যে পশ্চিমবঙ্গের ৭ লক্ষ ভাগচাষী ৮ লক্ষ কৃষি-মজুরের জমির উপর কোন অধিকার নাই, তারা ভূমিহীন। আমি এখানে স্মরণ করছি যিনি আজ এই "এসেমব্লী" পরিত্যাগ করে বেড়িয়ে পড়েছেন ভূমিহীনকে ভূমি দেবার জন্য, সেই শ্রীবিনোবাভাবে ভাণ্ডারী মহাশয়কে। আজ সত্যই সেদিন এসেছে ভূমিহীন কৃষককে ভূমি দেবার এবং তাদেরকে অধিকার দেবার। ভূমি-রাজস্ব কমিশন যে রিপোর্ট অখণ্ড বাংলায় দাখিল করেছিলেন তাতে এ-কথাই বলেছিলেন যে নীচের দিক থেকে যদি এই ভূমি বন্টন বা সংস্কার করা যায়, তাহ'লে রাজ্যে সুখ, শান্তি, আনন্দ স্বাভাবিকভাবে ফিরে আসবে। দুঃখের বিষয় তদানীন্তন গভর্ণমেন্ট তে-ভাগা বিলটিকেও কার্য্যকরী করতে পারেননি। আজকে গর্ব্ব করে পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকারের বলবার আছে যে বর্গাদার বিল এই রাজ্যে অনেক পূর্ব্বেই কার্য্যকরী হয়েছে। গর্ব্ব করে বলবার আছে যে বহু পতিত জমি সরকার দখল করেছেন এবং বহু ভূমিহীন এবং গৃহহীনকে জায়গা দিয়েছেন। এ-কথা গর্ব্ব করে বলবার আছে যে গত অধিবেশনে বিরোধীদলের সমালোচনার উত্তরে ডাক্তার রায় যে জবাব দিয়েছিলেন যে "আগামী অধিবেশনে এই বিল উপস্থিত করবো"। আজ আমরা তাই আলোচনার সুযোগ পেয়েছি। "জয়েন্ট কমিটী" রাজ্যের ভূমি সম্বন্ধে যে খসড়াটী এখানে উপস্থিত করেছেন এবং আজ আমরা তার আলোচনা করিছ, তাতে দেখতে পাচ্ছি কাউকে কোনদিকেই বঞ্চিত করা হচ্ছে না। অথচ অজিতবাবু বলেছেন এমন ব্যবস্থা করা হয়েছে যে একটা ধাপ্পা এবং সামন্ততন্ত্রকেই আবার বজায় রাখবার চেষ্টা হচ্ছে। জিজ্ঞাসা করি ৩০ লক্ষ এই রাজ্যে কৃষক এবং ভূমিহীন কৃষক যারা লাঙ্গল চালনা করেন, জমিই যাদের একমাত্র সম্বল —এমন কি রাজ্যের এমন অনেক উকীল-মোক্তার আছেন, ডাক্তার আছেন, শিক্ষক আছেন, যাদের জমিই একমাত্র আশ্রয়। বিধবা অসহায় পরিবারের কথাও রাজ্য সরকার ভূমিহীনদের মতনই অবগত হয়েছেন। এজন্যই বলা হয় যে আমাদের দেশের শতকরা ৮০ জনই জমির উপর নির্ভরশীল। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাই কৃষি-সমবায়ের নূতন শিক্ষা দান করছে। জমির উন্নতি সাধন করা, সকলকে সমানাধিকার দেওয়া এবং ধীরে ধীরে কৃষক সম্প্রদায়ের উন্নতি করাই কৃষি-সমবায়ের মুখ্য উদ্দেশ্য। কেন না পশ্চিম বাংলায় দেখা যায় ৭ লক্ষ ভাগীদার ভাগচাষ করে, তাদের অনেকের লাঙল আছে কিন্তু গরু নাই। শুনেছি বলদের বদলে গাড়ী দিয়ে কেউ কেউ চাষ করে। আজকে এমন অবস্থা তাঁদের যে চাষের টাকা নাই। গরু, বলদ, মহিষ কিনবার সামর্থ্য নাই। বীজ, সার তো দূরের কথা—কৃষি কাজের সময় নিজের ও গরু-বলদের খাবারও থাকে না। এজন্য তাদের দেনার দায়ে মাথা বন্ধক রাখতে হয়।

[12—12-10 p.m.]

বলদ, মূলধন, সার, বীজ প্রভৃতি সংগ্রহ ব্যাপারে যেমন সহায়তা করেছেন সেইরূপ ধীরে ধীরে ভূমি-হীনদের ভূমি দিয়ে নূতন কৃষি সমাজ গড়ে তুলবার দিকে আগাচ্ছেন। তাই প্রায়ই শোনা যায় কৃষি-কার্য্যের জন্য সরকার কৃষি-লোন না দিলে কৃষি-কাজ অচল হয়ে পড়বে। আমাদের সরকার এই সমস্যার সম্মুখীন হওয়ার জন্য সমস্ত রকম উপায়ে ভাগীদারদেরও কৃষি-ঋণ দেবার বিহিত করেছেন। এইরূপ পথ ছাড়া আর কোন পথ আপাততঃ দেখা যায় না। কিন্তু এই সঙ্গে সরকারকে অনুরোধ জানাচ্ছি, পশ্চিমবঙ্গের চাকরাণ জমিরও ইতিহাস নিলে দেখা যাবে যাঁরা গ্রাম সেবার কাজ করতেন এবং যাঁরা ভূতপূর্ব্ব সৈনিক তাঁদের জন্য প্রচুর চাকরাণ ও নিষ্কর জমি নির্দ্দিষ্ট রাখা হয়েছিল। সেই সমস্ত জমি আজ নথিভুক্ত করে সরকারের খাস করতে হবে। এ-বিষয়ে সরকারের সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। কংগ্রেস পরিষদ দলে আমরা আলোচনা করেছি কি কোরে মধ্যস্বত্ব অর্থাৎ যাদের প্রচুর জমি আছে তাদের কাছ থেকে জমি নিয়ে নিম্ন স্বত্ববানদের দেওয়া যায়। সেই জন্য আমি সরকারকে অনুরোধ করছি, যাদের ২০ একর কোরে জমি দেওয়া হচ্ছে কিম্বা মৎস্য চাষের জন্য বা বাগান প্রভৃতির জন্য জমি ছেড়ে দেওয়া হচ্ছে তার যেন একটা খতিয়ান বা রেকর্ড রাখা হয়। কেন না জমিদারী-প্রথা উচ্ছেদ সম্বন্ধে এই বিধানসভায় বিশ বৎসর ধরে আলোচনা হয়েছে, দরিদ্র কৃষকদের উন্নতির জন্য এখানে অনেকে সহানুভূতি জানিয়েছেন, আজ তাদের আমি শ্রদ্ধা নিবেদন করছি। পশ্চিমবঙ্গের প্রজা এই জন্য অন্য

রাজ্যের মত নূতন বিধি বিধান লাভ করছে না। তাঁরা ধীরে ধীরে স্বত্ব লাভ করেছেন এবং ধীরে ধীরে আরো স্বত্ববান হবে। কিন্তু এই সঙ্গে সঙ্গে যদি কৃষি-সমবায় না গড়ে ওঠে তাহ'লে সত্যিকারের মঙ্গল হবে না। ("ডিসটারবেন্স"।) আজকে ২১ কোটী টাকা খরচ করে জমিদারী-প্রথা উচ্ছেদ করা হচ্ছে, আমি মনে করি এ-রকম মোটা টাকা খরচ কোরে কৃষি-সমবায় গড়ে তোলা দরকার। এবং আরো বহু টাকা মূলধন দিয়ে ভূমি-উন্নয়ন কাজ তৎপর করা আবশ্যক।

Sj. Bankim Mukherji:

সভাপাল মহাশয়, আমি এই মুণ্ডহীন কবন্ধ আইনের পরিকল্পনার বিরোধীতা করতে বাধ্য যেহেতু এই বিলের মাধ্যমে গভর্ণমেন্ট জনসাধারণকে এবং হয়তঃ নিজেদেরও প্রবঞ্চিত করছেন। এইমাত্র কংগ্রেসপক্ষের সদস্যের কাছ থেকে শুনলাম এবং তার পূর্ব্বেও শুনেছি, বহু লোক প্রতারিত হয়েছে এবং হচ্ছে, যে পশ্চিমবঙ্গে জমিদারী-প্রথার অবসান ঘটান হচ্ছে। অথচ সেটা যে হচ্ছে না সে কথা "রেভিনিউ মিনিষ্টার" স্বয়ং জানেন। সেজন্য বিলের নাম "এষ্টেট এ্যাকুইজিসন বিল" অর্থাৎ জমিদারী গ্রহণ করার আইন এই নাম পরিবর্ত্তন করতে পারেননি এবং এজন্যই যে "অবজেক্টস এ্যান্ড রিজনস অফ্ জিনাল বিল"এ ছিল সেটা বাদ দিতে বাধ্য হয়েছেন "প্রিএমবিল"এ যেহেতু তাঁরা জানেন এখন "প্রিএমবিল" অনুযায়ী কাজ এই আইনের মারফৎ হচ্ছে না। এটা উপলব্ধি করেই "প্রিএমবিল" অবশেষে হাস্যকর হবে ভেবে বাদ দিয়েছেন। অথচ যখন এই বিল প্রথম উপস্থাপিত করা হয়, এই "হাউসে" তখন কংগ্রেসপক্ষ থেকে তুমুল হর্ষধ্বনি ও করতালির দ্বারা অভ্যর্থিত করা হয়েছিল। এবং তখন শোনান হয়েছিল বাংলাদেশের ইতিহাসে এক নবজীবনের দিন আসছে। কিন্তু এই বিলের মধ্যে আমরা কি দেখতে পাচ্ছি? এই দেখা যাচ্ছে যে, জমিদারদের অপসারিত করে একটা নির্মম, ব্যক্তিত্বহীন, মায়া-মমতাহীন "বুরোক্র্যাটিক" যন্ত্রের হাতে জমি তুলে দেওয়া হচ্ছে। অর্থাৎ "ইনডিভিজুয়াল" জমিদারদের কোথাও কোথাও দয়াময় ছিল, কিন্তু তার বদলে এক নির্মম "মেশিনারী সার্টিফিকেট" জারী দ্বারা বাংলার কৃষকদের দুর্গতি আরো বাড়িয়ে দেওয়া হবে এটা তারা অনুভব করছে। বাংলার যত জমি একটা বিরাট খাসমহলে পরিণত হবে। ভারতবর্ষে য়ুরোপের মত জমি কোনদিন "প্রাইভেট প্রপার্টি" ছিল না। য়ুরোপের সামন্ততান্ত্রিক ব্যবস্থার মূল কথা হচ্ছে "প্রাইভেট প্রপার্টি" ও "ল্যান্ড" বড় বড় "লর্ড"দের অধীনে "ফিউডাল" জমিদাররাই তার মালিক, আর সার্ব্বভৌম মালিক "কিং"। ভারতবর্ষে কোনদিন এই ব্যবস্থা ছিল না, এখানে "ওনারসিপ" ছিল। হিন্দুযুগে, বৌদ্ধযুগে, পাঠানযুগে সর্ব্বত্রই এটা চলে এসেছে। কৃষকরাই জমির মালিক, জমিদাররা শুধু, রাজস্ব আদায়ের কর্ত্তা। কিন্তু ইংরাজ না বুঝে "রেভিনিউ" আদায়ের জন্য এই ব্রিটিশ "সিষ্টেম" চালু ক'রে কতকগুলি লোককে জমির মালিক করে দেওয়া হলো। তার ফলে আরম্ভ হলো সামন্ততান্ত্রিক শোষণ। সামন্ততান্ত্রিক শোষণটা হচ্ছে কি?—জমির উৎপাদনের সংগে কোন সম্পর্ক না রেখে ইচ্ছামত সেলামী, ইচ্ছামত উচ্ছেদ, ইচ্ছামত খাজনা, কর নির্দ্ধারণ করা—এই সমস্তই হচ্ছে সামন্ততান্ত্রিক শোষণের রূপ। ধীরে ধীরে এই অবস্থার পরিবর্ত্তন ঘটেছে।

[12-10—12-20 p.m.]

"রিফর্মস্" এসেছে—"টেনান্সি এ্যাক্ট" এসেছে, অত্যন্ত বিলম্বে এসেছে, যখন সে অবস্থা পেরিয়ে গেছে, তখন এসেছে। আমরা সাধারণত দেখেছি, দেশের শাসন-সংস্কার ইংরেজ সাম্রাজ্যবাদীরা চিরকাল ক'রে এসেছে, যখন অবস্থা পেরিয়ে গেছে, এবং দেশ যখন মৃতপ্রায় হয়েছে তখন একটা "রিফর্ম" এনেছে। যখন এই প্রথা কৃষককে নিঃস্ব ক'রে ফেলেছে, যখন এই প্রথা জমিকে নিংড়ে নিঃশেষ করেছে, যখন এই প্রথা বাংলাকে, যে বাংলার ভূমি সারা পৃথিবীতে উর্ব্বর ভূমি ব'লে প্রখ্যাত ছিল, সেই বাংলাকে নিরন্তর "ক্রনিক" দুর্ভিক্ষের ভূমিতে পরিণত করেছে—সেই সময় এসেছে, ধীরে ধীরে "টেন্যান্সি রিফর্ম", অর্থাৎ কৃষক একটা কুয়ো খুঁড়তে পারবে, গাছ কাটতে পারবে, আটচালা করতে পারবে, এইসব, তারপরে সেলামী, আবোয়াব প্রভৃতি বন্ধের একটা আইন এসেছে বটে, কিন্তু এখনো তা বন্ধ হয় নাই। এবং স্বেচ্ছাচারমূলক যে "রেন্ট" সেটাও বন্ধ হয় নাই। এই সামন্ততন্ত্রের মূল কোথায়, জড় কোথায় —দুঃখের বিষয় তা এই সরকারের চিন্তা বা কল্পনার মধ্যে আসে নাই। "ফিউডাল ওনারশিপ" কি, কংগ্রেসপক্ষীয় যে কয়জন সভ্যের কিছুটা ধারণা সে সম্বন্ধে রয়েছে, এ-কথা আমাকে দুঃখের সংগে বলতে হচ্ছে ভূমি এবং ভূমি-সংস্কার সম্বন্ধে তাঁদের পরামর্শ কংগ্রেসের যাঁরা সক্রিয় পদাধিকারী বা কর্তৃপক্ষ, তাঁরা গ্রহণ করেন না; এবং তার ফলে প্রকৃতপক্ষে যে সংস্কারটা হওয়া উচিত ছিল তা কিছুই হচ্ছে না। সেই "রেন্ট"ই রয়ে গেল, যার সংগে ভূমির উৎপাদনের কোন সম্পর্ক নাই। যার পাঁচ বিঘা জমি থেকে কিছুই উৎপন্ন হয় না, যে জমির কোন "ইনকাম"ই নাই, সেই জমির জন্য যাকে চিরন্তন ঋণগ্রস্ত হয়ে থাকতে হয়, তার দিতে হয় "রেন্ট"; জমি কিন্তু তার নয়, জমির মালিক হচ্ছে গভর্ণমেন্ট। এ অবস্থায় আশ্চর্য্যের কথা হচ্ছে এই যে, এখানে যে বিরাট বিরাট শিল্প, কলকারখানা, ফ্যাক্টরী এবং কলকাতার লোকের বাড়ীঘর "ন্যাশানালাইজ" করা হয় নাই এখনো "প্রাইভেট ওনারশিপ"ই সব কিছুতেই রয়েছে। কিন্তু পৃথিবীর সর্ব্বত্র "সোশ্যালিজম" যখন আসে, তখন জমিতে সবচেয়ে পেছনে আসে। প্রথমে বড় বড় "ইন্ডাষ্ট্রী ন্যাশনালাইজ্‌ড" হয়, তারপরে অন্যান্য শিল্প "ন্যাশনালাইজ্‌ড" হয়, "ল্যান্ড" তখনো পর্য্যন্ত হয় না। ইংরেজরাই "প্রাইভেট প্রপার্টি" করেছে, "ইনডিভিজুয়াল প্রপার্টি"র মানেই জমির অবসান। কিন্তু এখন আমাদের দেশে হচ্ছে কি· সমস্ত "প্রাইভেট প্রপার্টি ইন্‌ট্যাক্ট" থাকল, কিন্তু যেহেতু ইংরেজ জমির উপর "প্রাইভেট প্রপার্টি" ও "ইনডিভিজুয়াল প্রপার্টি"র "রাইট" দিয়েছে সেখানে ইংরেজকে সরিয়ে গভর্ণমেন্টের "ব্যুরো-ক্র্যাটিক মেশিনারী" যে জমির মালিক হচ্ছে, এ জমিদারী-প্রথা উচ্ছেদ নয় এটা জমিদারী-প্রথা উচ্ছেদ বা অবসানের নামে আধুনিক পোষাকে

[Sj. Bankim Mukherji.]

জমিদারী-প্রথা পুনঃপ্রবর্ত্তিত হ'তে চলেছে· আজকে যেখানে বাঙ্গালী মুমূর্ষু অবস্থায় এসে পড়েছে এখনো হয়ত বাঙ্গালীকে, বাংলাকে এবং বাংলার কৃষককে ভূমিকে বোধ হয় বাঁচাতে পারা যেত কিন্তু দুঃর্ভাগ্যের বিষয় বাংলার ভাগ্য নিয়ন্ত্রণের ব্যাপারে "কোয়াকের" হাত পড়ায় আর কোন সম্ভাবনা নাই। আমি ইচ্ছা করেই এ-কথা বল্‌ছি, জমি সম্বন্ধে, জমির সমস্যা সম্বন্ধে যাদের হাতে আজ কাজ পড়েছে তারা "ক্যোয়াক", "ল্যান্ড", "ল্যান্ড প্রব্লেম", ও "ইকনমিক রিলেশনশিপ" সম্বন্ধে কোন ধারণাই তাদের নাই,—এ-কথা আমি অভিজ্ঞতা থেকেই বল্‌ছি। এবং সেইজন্য আমার আশংকা এই বিল পাশ হবার পর অবস্থা যা দাঁড়াবে কোথাও তার প্রতিকার হবার উপায় থাকবে না।

একটা কথা সেদিন শুনেছিলাম;—আজ তিনি উপস্থিত নাই—মাননীয়া মন্ত্রী মহোদয়ার সুললিত অভিনয় কৌশল দেখে চমৎকৃত হয়েছিলাম। (শ্রীযুত দেবেন্দ্র চন্দ্র দে—আপনার অভিনয় দেখে আজ আমরাও চমৎকৃত হচ্ছি।) ও, আমার দেখে আপনারা চমৎকৃত হচ্ছেন নাকি? আমরা সেদিন বাস্তবিকই চমৎকৃত হয়েছিলাম। (ডাঃ বিধান চন্দ্র রায়—"মিউচুয়াল এ্যাডমিরেসন"ঃ) (হাসা।) সেদিন তিনি যে কবিতা উদ্ধৃত করেছিলেন সেই কবিতার মর্য্যাদা রক্ষার জন্য তাঁর সম্বন্ধে মিথ্যা কথার জাল বুনার কি প্রয়োজন ছিল? যে "ল্যান্ড" এবং "ল্যান্ড প্রব্লেম" সম্বন্ধে তিনি আদৌ কিছু বোঝেন না সে বিষয়ে তিনি কথা বলতে উঠেছিলেন। সেদিন তিনি বলেছিলেন "ডিলেটারি ট্যাক্টিক্স"এর কথা। কিন্তু এই বিলম্ব কে করেছে বিলম্ব এই ছয় বছর করেছেন তাঁরাই। এই ছয় বছরের ভিতরেও কেন সমস্ত সমস্যা, সমস্ত ঘটনার "ডেটা" তাঁরা সংগ্রহ করতে পারেননি? চীনের এত বড় বিপ্লব হয়ে গেল, তার তুলনায় পাকিস্থানে ও পশ্চিমবঙ্গে অধিবাসী "ট্রান্সফার" কিছুই নয়। মূল চীনের সমস্ত জমি তারা বিতরণ করতে পেরেছে দুই বছরের মধ্যে। তাদের "ডেটা"র প্রয়োজন হয়নি। এতকাল ওরা "ডেটা" পাননি। এই বিলের মারফৎ "ডেটা" সংগ্রহ করবেন। কিন্তু "ডেটা" নাই বলেত এ বিল আনা আটকায়নি। এই বিল যখন নিয়ে এলেন তখন কি "ডেটা" ছিল? তাই বুঝি "জাম্পিং ইন্‌ ডার্কনেস"; "বেঙ্গল গভর্ণমেন্ট"এর এবং জনসাধারণের কত কোটি টাকা "কম্পেন্সেসন" দেবার সামর্থ্য আছে? কত কোটি টাকা "কম্পেন্সেসন" দিতে হবে এই বিলের মারফৎ জমিদারদের সেইটেই হচ্ছে ওঁদের "ডেটা"। (জনৈক কংগ্রেস সদস্যঃ নিশ্চয়ই হয়।) এতে আমাদের কিছুমাত্র সন্দেহ নেই। আমরা সেটা জেনেছি, "সিলেক্ট কমিটি"তেই জানা গিয়েছে। যে "ডেটা" আজকে মন্ত্রীমহাশয় দিয়েছেন তাঁর উপস্থিত বন্ধুদের, "সিলেক্ট কমিটি"তে সে "ডেটা" তিনি দিতে পারেননি;—বার বার চেয়ে আমি হতাশ হয়েছি। তাঁর যে "ডেটা" এখানে পেলাম সে "ডেটা" অনুসারে চল্লিশ হাজার পরিবার "ইন্টারমিডিয়ারী"র জমি আছে ১ কোটি ৩৯ লক্ষ একর। তার ভিতর, আমি অন্য এক জায়গা থেকে "ফিগার" পেয়েছি,—২৫ একরের বেশী জমি তাদের সংখ্যা ৪০ হাজার। তাতে কি দেখা যাবে? "ইন্টারমিডিয়ারী"দের ২৫ একর ক'রে দিতে হ'লে থাকে ৩ লক্ষ ৯০ হাজার একর। কিন্তু তাও থাকবে না; কেন না এই বিল হবার সংগে সংগেই বহু লোক নিজেদের "ফ্যামিলি পার্টিশন" ক'রে নেবে, "হেডস অফ ফ্যামিলি" বাড়িয়ে নেবে; ২৫ একরের সংখ্যা ৪০ হাজারের চেয়ে বেশী হ'য়ে যাবে। সেখানে, কাশ্মীরের "ল্যান্ড এ্যাকুইজিশন বিল"এ যেমন একটা ধারা নিয়ে আসা হয়েছিল, অমুক দিনের পরে এই রকম "ট্রান্সফার বা গিফ্‌ট" প্রভৃতির "কেস" "নাল এ্যান্ড ভয়েড" হ'য়ে যাবে "ফর দি পার্পাস অফ দিস এ্যাক্ট", এরকম কোন কিছু ব্যবস্থা এ বিলে করা হয় নাই; এই বিলে এরকম একটা "ডেট" বা দিন ধার্য্য করা হয় নাই, ১৯৪৭ সালের পর "ফর দি পার্পাস অফ দিস এ্যাক্ট" সমস্ত "গিফ্‌ট এ্যান্ড ট্রান্সফার, নাল এ্যান্ড ভয়েড" হয়ে যাবে। তার ফলে কি হচ্ছে, "এ্যাভেলেব্‌ল ল্যান্ড" এতটুকুও থাকছে না। সব চেয়ে বেশী "এ্যাভেলেব্‌ল ল্যান্ড" জোতদারদের কাছেই রয়েছে এবং সেইটেই হ'লো বাংলার সবচেয়ে বড় সমস্যা। কৃষক যারা সাধারণতঃ জমির উপরই সম্পূর্ণ নির্ভরশীল, তাদের কি সুরাহা হচ্ছে? এই বিলের মারফৎ কি লাভ তাদের হচ্ছে? আজ তারা যে খাজনা দিচ্ছে কালও তাই দেবে, বরং আজ সে খাজনা দিচ্ছে জমিদারের কাছারীতে গিয়ে একজন ভদ্রলোকের হাতে, কাল তাকে সেইটে দিতে হবে "ম্যাজিস্ট্রেটের" কাছারীতে "কালেক্টরের" আপিসে। মোগলযুগে এই "কালেক্টরবাই" ছিল জমিদার। এইভাবে তারা ফিরে যাচ্ছেন সেই মোগলযুগে। মুখে বলা হচ্ছে অগ্রগমন, আসলে হচ্ছে দুশো বৎসর পশ্চাদ্‌গমন। সুতরাং দেখা যাচ্ছে এর ফলে আমাদের কোনই লাভ হবে না। বাংলাকে ও বাঙালীকে দুর্ভিক্ষের হাত থেকে বাঁচাতে গেলে যে জিনিসের দরকার সে হচ্ছে জোতদারের জমি গ্রহণ করা। সে জমি গ্রহণ না করলে "ডিস্ট্রিবিউশন" করবার মত "ল্যান্ড" পাওয়া যাবে না। এবং প্রত্যেককে ২৫ একর জমি দেবারও কোন প্রয়োজন নাই। যে সমস্ত লোক কোন কালেই জমি চাষ করেনি তারা পাবে ২৫ একর জমি, আর যারা হাজারো বছর ধ'রে পুরুষানুক্রমে জমি চাষ ক'রে আসছে তারাই হ'তে যাচ্ছে উৎখাত—এই বিলের মারফৎ, এবং একেই ওঁরা মনে করছেন—মস্ত বড় কাজ হচ্ছে দেশের জন্য।"

[12-20—12-30 p.m.]

যারা রায়ত, আণ্ডার রায়ত—তারজন্য এই বিল মারফত তাদের স্পর্শ করা হয় নি—এমন ধারণা করা যায়। সেখানেতে তাদের "টেন্যান্সী অ্যাক্টে" একশো বিঘার উপর যে সমস্ত রায়তের জমি আছে, তাদের "প্রিজাম" করে নেওয়া হবে তার। "টেনিওর হোল্ডার"। কিন্তু আজ বলা হচ্ছে বর্তমান "কনষ্টিটিউশান" অনুসারে সেই সমস্ত লোকের জমিকে নেওয়া যায় না। আমি জানি না, হয়ত যায় না। কিন্তু আমার একটা ধারণা ছিল যদি "টেন্যান্সি অ্যাক্টে"র সামান্য মাত্র "রিফর্ম" করিয়ে নেওয়া হতো অর্থাৎ যেটা "প্রিজুম্‌ড" করে নেওয়া হয়েছে একশো বিঘার উপর যাদের জমি আছে, ঐখানে আজও তাঁরা যদি কোন সংশোধন আসেন "টেন্যান্সী

অ্যাক্টে"র তাহলে "এ্যাকচুয়াল ইন্টারমিডিয়ারি", যারা "টেনিওর হোল্ডার" জোতদার তারা ঐ বিলের আওতায় আসে। এখানে তারা বলবেন "কনষ্টিটিউশন" বাধা দেয়। এই যে "সেকসন ৩১এ, আর্টিকল ২" সেখানে বলা হচ্ছে—

"The expression 'estate' shall, in relation to any local area, have the same meaning as that expression or its local equivalent has in the existing law relating to land tenures in force in that area,"

ইত্যাদি "ইনফোর্স ইন দ্যাট এরিয়া"—এর অর্থ তাঁরা করছেন। যখন "কনষ্টিটিউশনে" তৈরী হয়েছিল, এটা সম্পূর্ণ ভুল ছিল। কেন না "কনষ্টিটিউশন" যখন তৈরী হয়েছিল, তখন এই সেকসন "৩১এ"এর মানে ছিল "হিয়ার আফটার" যে সমস্ত আইন হবে অর্থাৎ আজ যদি এই "ল্যান্ড এ্যাকুইজিসন বিল" পাস করিয়ে দিলেন, তাহলে আজকে "একজিস্টিং ল" অনুসারে সমস্ত জোতদারদের বাঁচিয়ে দিলেন। তা হওয়া উচিত নয়। এই বিলে কেউই খুসী নয়—জমিদারও নয়—একমাত্র খুসী হয়েছে জোতদার। আর খুসী হয়েছে তাদের আমলা গোমস্তা যারা দুরবস্থা তাদের কাছ থেকে সংগ্রহ করে থাকে। কিন্তু এই বিল পাস হবার পর "একজিস্টিং ল" যা হচ্ছে সেই অনুসারে জোতদাররা বেরিয়ে যাবে। সেইজন্য আজ আমাদের এই বিরোধিতা। এই বিল কি আসবার আগে যদি "টেনান্সি এ্যাক্ট"এর "সেটেলমেন্ট প্রোসেসন"টা সংশোধন করে নিয়ে আসতেন, তাহলে ভাল হতো। তাঁরা যদি মনে করেন তাঁদের "ইন্টার প্রিটেসন ইজ কারেক্ট" সেখানে আমার বক্তব্য হচ্ছে "লেট দেম ওয়াট" পার্লামেন্টকে এখন "রিকোয়েস্ট" করুন "কনষ্টিটিউসন"এর ঐ মানে কি না। যদি তাই হয় "প্যারা ৬" —

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Article 366(10) "Existing Law" is defined there

ঐটা পড়ে দেখুন।

Sj. Bankim Mukherji:

আমি যে কথা বলতে চাচ্ছি—"এগ্রিকালচ্যারাল ইনকাম বিল"এর সংগে এর কোন সম্পর্ক নাই। যদি সেই অর্থ হয় তাহলে এই বিলকে এক মাস দুমাসের জন্য "হেল্ড আপ" করা যেতে পারে। ইতিমধ্যে "হাউস অফ পিপল" থেকে অনুমতি নিয়ে এসে এটা সামান্য সংশোধন করা যেতে পারে। যে "হাউস অব্ পিপ্‌লে" অন্যান্য স্থানের বিল পাস করবার জন্য এই "৩১এ" নিয়ে আসা হয়েছে, তেমনি করে এই যে "একসটিংগুইসমেন্ট অফ রাইটস"টা পার্লামেন্টে সামান্য পরিবর্তন করা যেতে পারে অর্থাৎ এই "ল্যান্ড একুইজিসন বিল" যখন নেওয়া হবে, তখন "একজিসটিং ল" যেটা আছে, সেটা কমিয়ে দেওয়া কঠিন নয়। আমি তারজন্য বারবার অনুরোধ করছি। তাঁরা বলছেন এটা "ফার্স্ট স্টেজ"। কিন্তু "সেকেণ্ড স্টেজ" আসবে কোথা থেকে? "ল্যান্ড" তো আর থাকছে না। সব "ল্যান্ড" যে আপনারা দিয়ে দিলেন জমিদারদের জোতদারদের। তিন কি চার লক্ষ একর মাত্র বিলির জন্য অবশিষ্ট থাকছে। তাতে ৭ লক্ষ বর্গাদার ও ৬ লক্ষ "পুয়র পেজান্ট ফ্যামিলি"র কি হবে? কি পাচ্ছে তারা? "হাফ্" একরেরও কম পাচ্ছে অর্থাৎ এক বিঘা করে পাচ্ছে "পার পেজান্ট" কাজেই ঐ যে "সেকেণ্ড ষ্টেজের" কথা আপনারা বলছেন, সেই "সেকেণ্ড ষ্টেজ" আসবে কোথা থেকে? তার পথ তো আপনারা রাখছেন না। "ল্যান্ড" তো দিয়ে দিচ্ছেন। আর "সেকেণ্ড ষ্টেজের" জন্য যে সমস্ত "ল্যান্ড রিফর্ম" প্রয়োজন, সেই সমস্ত "রিফর্ম" করবার টাকা কোথায়? আজকে জানেন কি বাংলাদেশের কৃষকদের "ডেট্‌স্" কত? আমি কতকগুলি সংগ্রহ করেছি তা বলছি। "সেন্ট্রাল ব্যাংকিং এনকোয়ারী কমিটি রিপোর্ট, ১৯৩৯"। তাতে আছে সমস্ত ভারতবর্ষে সেই ঋণের পরিমাণ ন'শো কোটি টাকা, আর বাংলায় একশো কোটি টাকা। একটু হিসাব করে দেখলে বুঝতে পারবেন "পার্টিশানড্ ইণ্ডিয়ায় ওয়েষ্ট বেংগলের ডেট্‌স্" দাঁড়িয়েছে "১ — অফ দি হোল এরিয়া" তা থেকে হিসাব করলে ১৯ দেখবেন এর পরিমাণ একশো কোটি টাকারও বেশী। তারপর বাংলাদেশে দাবুন দুর্ভিক্ষ প্রভৃতি এসেছে। তার ফলে এখানে কৃষকের ঋণ ভারতবর্ষের অন্যান্য প্রদেশের চাইতে বেশী হয়েছে। তাহলে ধরে নেওয়া যায় এটা একশো কোটিরও বেশী ঋণ। এই ঋণ যদি শোধ করতে না পারি, জমি যদি কৃষককে না দিতে পারি তাহলে কৃষক কোথায় থাকবে, তাদের উন্নতি কি করে সম্ভব হবে।

দ্বিতীয় কথা হচ্ছে বাংলাদেশে "ইরিগেশনের" প্রয়োজন। সে টাকা কোথা থেকে পাওয়া যাবে? বাংলা দেশে যে "ফাইভ্-ইয়ার প্লান" এসেছে, তাতে "বিগ্ প্রজেক্টে"র জন্য ১৫ এবং "মাইনর প্রজেক্টে"র জন্য ২৩ মিলিয়ন একারস্" "অলরেডি ইরিগেটেড"। তাহলে দেখা যাচ্ছে "৪৭" "মিলিয়ন একার্স নন-ইরিগেটেড্" ও "কালটিভেবল ওয়েষ্ট" ১৪ "মিলিয়ন একার্স" থাকছে। অর্থাৎ "নন্-ইরিগেটেড্"—"৮৭ মিলিয়ন একার্স" থাকছে। মন্ত্রীমহাশয় যে "ফিগার" দিয়েছেন তা থেকে দেখা যায় যে ডবল্ জমি "নন্-ইরিগেটেড্" থেকে যাচ্ছে, এই "মাইনর প্রজেক্টে" এবং সেটা যদি "ইরিগেটেড্" করতে হয়, ছোটখাট কুয়ো প্রভৃতি খুড়ে, তাহলেও প্রায় সে জন্য ৫০ কোটি টাকা লাগছে। কৃষির সামান্যরূপ "রিফর্ম" করতে গেলেও প্রায় ১৫০ কোটি টাকা লাগছে। বাংলাদেশের "ন্যাশনাল ইন্‌কাম ইনকোয়ারী রিপোর্ট" থেকে দেখা যাচ্ছে বাংলাদেশে ১৫ কোটি টাকা হচ্ছে "এনুয়াল ক্রেডিট্ রিকোয়ারমেন্ট ফর দি পেজান্ট", তা আমাদের "প্রভাইড" করতে হবে। যখন অন্যান্য "ক্রেডিট ড্রাই আপ" হয়ে রয়েছে, তখন এই সমস্ত সমস্যা আমাদের বোঝা দরকার। এবং এর জন্য অন্ততঃ দেড়শো কোটি টাকারও কিছু বেশী আমাদের গভর্ণমেন্টের হাতে থাকা প্রয়োজন। তারপর "ল্যান্ড রিফর্ম" করতে গেলে "বুলক ইম্‌প্লিমেন্টস্" প্রভৃতিরও ব্যবস্থা করতে হবে। কাজেই সমস্ত "ডেট্‌স্" যদি কমিয়ে ছমিয়েও ধরা যায়, তাহ'লেও দেড়শো কোটি টাকা থেকে যাচ্ছে। তাঁরা যে "কম্‌পেন্সেসন" দিচ্ছেন, তার সেই হিসাব তাঁরা করেন নাই। আমি যা অঙ্ক কষেছি তাতে দেখছি বাদের ৩ হাজার

[Sj. Bankim Mukherji.]

টাকার উপর "এগ্রিকালচারাল ইন্‌কাম ট্যাক্স রিটার্ন" দিতে হয়, এইরকম কত লোক আছে, তাদের কত "কম্‌পেনসেসন" দেওয়া হচ্ছে, তার "নাম্বার" পাওয়া যায় না।

[12-30—12-40 p.m.]

আমি দেখেছি এইভাবে যদি "কমপেনসেসন" দিতে হয় তাহলে "মিনিমাম" ৫৫-৬০ থেকে ৭০ কোটি টাকা লাগবে। এমন ৫-৭ জন জমিদার বাংলাদেশে আছে যাদের এই হারে দিলে এক একজনকে এক কোটি দেড় কোটি টাকা দিতে হবে। এর কোন প্রয়োজন ছিল না। তৈলাক্ত মস্তকে আরও তেল ঢালবার কি প্রয়োজন আছে? বদান্য গভর্নমেন্ট বাংলাদেশের কৃষককে খেতে দিতে পাচ্ছে না, দুর্ভিক্ষের সময় "রিলিফ" দিতে পাচ্ছে না কিন্তু মহারাজা "অফ" বর্দ্ধমান এত দরিদ্র কাঙ্গাল যে তাঁকে "রিলিফ" দিতেই হবে। কিসের জন্য এত দুঃখ তাদের জন্য? যাদের দ্বারা বৃটিশশক্তি গত ২০০ বছর ধরে এই সুজলা সুফলা শস্যশ্যামলা বাংলাদেশকে শ্মশানভূমিতে পরিণত করে দিয়েছে, বাংলার পল্লীজীবনকে বিধ্বস্ত করে দিয়েছে, আজ তাদের জন্য এই সরকারের হৃদয় বিগলিত হচ্ছে। এবং সেই বিপন্ন জমিদাররা

through Dr. Bidhan Chandra Roy, through Mr. Basu, compensation

গ্রহণ করবে। অথচ যা করবার আশু প্রয়োজন আছে তা করবার টাকা থাকছে না। একটা মস্ত বড় ফাঁক থেকে যাচ্ছে অর্থাৎ বড় বড় "রায়তস আণ্ডার-রায়তস", জমিদার জোতদারদের জমি, চাবাগানের উদ্বৃত্ত জমি নেবার ব্যবস্থা হয়েছে কি? সেখানে একটা মস্ত বড় "ইফ" রয়েছে। "ইফ" যদি গভর্নমেন্ট মনে করেন জানিনা তাদের মনে হবে কি হবে না, কিন্তু যদি "ইফ" মানেও হয় তাহলে যে সেই জমিদার জোতদারদের জমি, চাবাগানের উদ্বৃত্ত জমি নেবেন তার কোন উপায় এই বিলের মারফত হবে না। "ল্যাণ্ড একুইজিসন" মারফৎ নিতে হবে। এবং বিশেষ জরুরী যদি বোধ হয় তাহলে সেসব নেওয়া হবে বাজার মূল্যে এবং তাতে লেগে যাবে ৭০-৮০ কোটি টাকা। তাহলে দেখতে পাচ্ছি মোট এই দুইয়ে মিলে "কমপেনসেসন" বিরাট পরিমাণে দিতে হবে। তারপর "রায়তি এণ্ড আণ্ডার-রায়তি"দের জমির মালিক হচ্ছে জোতদার—তারা কে? তারাই বাংলাদেশে "ফেমিন" সৃষ্টি করছে, দুর্ভিক্ষ জীইয়ে রাখছে, জনসাধারণকে পথে বসাচ্ছে। এইসব বড় বড় জোতদার তারাই বাংলার "১২½ পার্শেণ্ট ফুড কন্ট্রোল" করছে, "গ্রেন কন্ট্রোল" করছে। তারাই "বাইস মার্চেণ্ট"দের মারফৎ বাংলার সমস্ত ধান চালকে "কন্ট্রোল" করছে। এদের দিয়ে চাচ্ছেন বাংলাকে বাঁচাবার জন্য? কিন্তু এদের নীতিটা কি? কিছুদিন পরে যখন ধান উঠবে তখন "টাইট" হয়ে বসে থাকবে, ধান কিনবেনা, কাজেই ধানের দর পরতে থাকবে। যখন দর খুব কমে যাবে তখন কিনতে আরম্ভ করবে কিন্তু নিজেরা কিনবেনা, "স ওয়ালেস"এর মারফতে কিনবে। মে জুন মাসে। এবং এরাই দুর্ভিক্ষ সৃষ্টি করে। অথচ এই বিলের মারফৎ এদেরকেই অটুট রাখা হচ্ছে। অথচ এইসব জমিদার জোতদারদের জমি কবে নেওয়া হবে জানি না—কখনও নেওয়া হবে কিনা বুঝতে পারছি না। রাজস্ব মন্ত্রীমহাশয় তাঁর ভাষণে বলেছেন সে টাকা পাওয়া যাবে কোথায়? কাগজে তাঁহার ভাষণে বেরিয়েছে—"আই ডু নট নো", কোথা থেকে টাকা আসবে "রায়ত, আণ্ডার-রায়ত, জোতদার"দের জমি কোন সময় নেবেন তা তাঁর জানা নেই। তিনি বলেছেন এরজন্য টাকা থাকবে না। কোথা থেকে থাকবে? বাংলাদেশের সমস্ত টাকা ৫০-৬০-৭০ কোটী টাকা "কমপেনসেসন" দিতেই বেরিয়ে যাবে। তারপর "রেকর্ড অফ রাইটস" করতে টাকা বেরিয়ে যাবে। অথচ এ সম্বন্ধে আজ পর্যন্ত যখন "রিপোর্ট" বেরিয়েছে তাতে সকলেই এক বাক্যে স্বীকার করেছেন যে "ইজেক্টমেণ্ট"ই হচ্ছে মস্ত বড় সমস্যা। এদের ধারণা যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা দ্বারা "আনএমপ্লয়মেণ্ট প্রবলেম" সমাধান করবেন কিন্তু "ইজেক্টমেণ্ট" সমস্যা সমস্ত কিছুকেই চুড়মার করে ছেড়ে দিবে—সেদিকে এদের দৃষ্টি নেই; এ বিলের মধ্যে তার কোন "প্রভিসন" নেই। আমি বরাবরই "ল্যাণ্ড রিফর্ম" সম্বন্ধে আলোচনায় খুব গুরুত্ব আরোপ করি। কিন্তু এঁরা এ সম্বন্ধে কোন জ্ঞানই রাখেন না। দম্ভের দাপটে "ব্রুট মেজরিটির" জোরে, "ডিসিপ্লিন"এর ভিতর দিয়ে এসে যা কিছু খুসী তাই করছেন। আমি যখন এ কথা বলছি—তখন "জে, সি, গুপ্ত" মহাশয় হাসছিলেন। তিনি নিজেও জানেন—আমি খানিকটা তাকেও "মিন" করেছি। অথচ এরা প্রচার করে বেড়াচ্ছেন যে তারা জমিদারী প্রথার বিলোপ করছে—বাংলায় নব যুগ আনছেন। এই যে এত বড় একটা ধারণা ও প্রবঞ্চনা-এর ভিতর কোন সহযোগিতার প্রশ্ন উঠতে পারে না। শ্রীমতী রেণুকা রায় মহোদয়া বলেছেন যে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে আশ্বাস পেয়েছেন যে শীঘ্রই একটা "সেকেণ্ড বিল" আসছে। কিন্তু আমরা আজ পর্যন্ত সেরকম কোন আশ্বাস পাইনি—জানি না আজ পাব কি না। তাঁরা বলেছেন —"সার্ফিসিয়েণ্ট ডেটা" তাঁদের হাতে নেই তাই এখনি আনতে পারছেন না। অথচ এই বিলে তাঁরা কৃষকদের নিকট হইতে টাকা নিয়ে জমিদারদের দেবার বন্দোবস্ত করছেন। মাছের তেলে মাছ ভাজবার দৃষ্টান্ত ইহা অপেক্ষা আর কি হইতে পারে? তারপর রাজস্ব সচিবমহাশয় "সেকেণ্ড পার্ট" আনবেন বলে যে আশ্বাস দিয়াছেন তাতে আমাকে এই কথাই বলতে হয় যে "ল্যাণ্ড রিফর্ম"এর সম্বন্ধে তাঁদের কোন জ্ঞান নেই—"ল্যাণ্ড প্রবলেম" সম্বন্ধে তাঁদের কোন অভিজ্ঞতা নেই। তাই দুঃখের সঙ্গে বলতে হচ্ছে ("পয়েণ্টিং টু দি কংগ্রেস বেঞ্চ") এ সম্বন্ধে কংগ্রেস পক্ষে কেহই পড়াশুনা করেন নাই।

(নয়েজ, ইনটারাপসন)

গঠনের জন্য ৩০ লক্ষ টাকা আপনারা চেয়েছেন। সেই হিসাবে "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" গঠন সম্বন্ধে কতকগুলি প্রস্তাব রাখবো প্রধান মন্ত্রীর কাছে। সেগুলি তাঁরা যে আইন করতে যাচ্ছেন, এ বিষয়ে তার মধ্যে যেন সংযুক্ত করে দেন। একথা অবশ্য ঠিক যে, "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" গঠনের নিয়মগুলি ১৯৫১ সালের "সেণ্ট্রাল এ্যাক্ট নং ৬৩" অনুসারেই করতে হবে এবং এই "এ্যাক্ট"এ মূল গঠন কাঠামোও লিখে দেওয়া আছে। তবুও সেই "এ্যাক্ট"এর ৪৭ ধারায় কিছু শক্তি রাজ্য সরকারকে দেওয়া আছে। সেই শক্তির বলে, রাজ্য সরকার এই "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন"র প্রাত্যহিক কাজ চালাবার জন্য কতকগুলি আইন করতে পারেন। সেদিক থেকে পশ্চিম বাংলা সরকারের আইন করার ক্ষমতা আছে বলে আমি মনে করি এবং এই সব আইন কোন্ উদ্দেশ্য নিয়ে রচনা করা উচিত—সেই কথাই আমি এখানে বলতে চাই। মাদ্রাজ ও পূর্ব পাঞ্জাব সর্বপ্রথমে এবিষয়ে পদক্ষেপ করার চেষ্টা করে। বোম্বাই সরকার ইতিমধ্যেই "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" সম্বন্ধে আইন করেছে বলে আমি সংবাদ পেয়েছি, অবশ্য তারা কি আইন করেছে তা জানার সৌভাগ্য আমার এখনও হয়নি। এই পশ্চিমবঙ্গে দুই বৎসর আগে একটা "কমিটি" গঠিত হয়েছিল, এই "কমিটি"র উদ্দেশ্য ছিল বিভিন্ন বিষয় ও অবস্থা বিবেচনা ও সংগ্রহ করে কিভাবে অগ্রসর হ'লে "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন"র উপযুক্ত আইন করা যায় তা স্থির করা। কিন্তু আজ পর্য্যন্ত—দুই বৎসর হয়ে গেলেও সে "কমিটি"র কোন "রিপোর্ট" আমরা পাইনি। এই "কমিটি" কি-ভাবে চিন্তা করছে, কি কি "ডাটা" তারা সংগ্রহ করল তা আমাদের অজানা রয়ে গিয়েছে। আমি মনে করি এই ৩০ লক্ষ টাকা চাইবার আগে প্রধান মন্ত্রীমহাশয় যদি "কমিটি" কর্তৃক সংগৃহীত "ডাটা" আমাদের কাছে দিতেন তাহ'লে আমাদের বুঝবার সুবিধা হ'ত যে, এই ৩০ লক্ষ টাকা কিভাবে ব্যয় করার উদ্দেশ্যে নেওয়া হচ্ছে। তিনি যদি তাঁর জবাবে উক্ত "কমিটি" কর্তৃক সংগৃহীত "ডাটা" ও "কমিটি"র "ফাইণ্ডিং" সম্বন্ধে বিস্তারিতভাবে অসম্ভব হলে মোটামুটিভাবে কিছু বলেন তাহ'লে আমরা সরকারের উদ্দেশ্য জানতে পারি।

একটা জিনিষ দেখছি যে, এই "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন"এর কাজ হবে

Small and medium scale industries.

অর্থাৎ ছোট ও মাঝারি ধরণের শিল্পকে আর্থিক সাহায্য দেওয়া।

[Sj. Subodh Banerjee.]

[5-45—5-55 p.m.]

এ বিষয়ে আমাদের একটা তিক্ত অভিজ্ঞতা আছে। কেন্দ্রীয় "ইণ্ডাষ্ট্রীয়াল ফাইনান্স কর্পোরেশন" —ভারত গভর্ণমেণ্ট যেটা প্রতিষ্ঠিত করেছে সেটা এই দীর্ঘ দিন ধরে কি কাজ করেছে তা বিচার করলে দেখি যে, প্রকৃতপক্ষে "ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক"গুলো যে কাজ করে আমাদের "ইণ্ডাষ্ট্রীয়াল ফাইনান্স কর্পোরেশন"ও সেই কাজ করছে। কতকগুলি শক্তিশালী কোম্পানীকে দীর্ঘমেয়াদী আর্থিক ঋণ দেওয়া ছাড়া এই প্রতিষ্ঠান অন্য কিছু করেনি। দেশে নূতন শিল্প গোড়ে তোলা এর এক্তিয়ারের বাইরে; উপস্থিত শিল্প প্রতিষ্ঠানকে সাহায্য করা এর কাজ। এই অসুবিধার জন্যই স্যার শ্রীরাম যিনি "ইণ্ডাষ্ট্রীয়াল ফাইনান্স কর্পোরেশন"এর চেয়ারম্যান—কেন্দ্রীয় সরকারের কাছে এই মর্মে এক প্রস্তাব পাঠিয়েছেন যে, "ইণ্ডাষ্ট্রীয়াল ডেভেলপমেণ্ট কর্পোরেশন" বোলে একটা নতুন প্রতিষ্ঠান খোলা উচিত, যার কাজ হবে "রিস্ক ক্যাপিটাল" সরবরাহ করে দেশে নতুন নতুন শিল্প প্রতিষ্ঠান সৃষ্টি করা। দিল্লীর "হিন্দুস্থান টাইমস"এ যে সংবাদ প্রকাশিত হয়েছে তাতে দেখেছি কেন্দ্রীয় সরকার সেই প্রস্তাব গ্রহণ করেছে। "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" যদি কেন্দ্রীয় প্রতিষ্ঠান "ইণ্ডষ্ট্রীয়াল ফিনান্স কর্পোরেশন"এর আদর্শে কেবলমাত্র ছোট এবং মাঝারি "এক্‌জিষ্টিং ইণ্ডাষ্ট্রীজ", বর্ত্তমান শিল্প প্রতিষ্ঠানগুলিকে আর্থিক সাহায্য করে তবে তাতে বিশেষ উপকার হবে না। আমাদের দেশকে যদি শিল্পোন্নত না করতে পারি তাহ'লে এখানকার বেকার তথা বিরাট দারিদ্র্য সমস্যার সমাধান করতে পারা অসম্ভব।

১৯৫১ সালের "সেন্সাস্ রিপোর্ট" আলোচনা করলে দেখতে পাই, দিনের পর দিন জমির উপর চাপ বেড়ে যাচ্ছে। প্রতিবছর অধিক সংখ্যায় লোক জমির উপর নির্ভরশীল হয়ে পড়ছে। লোককে কাজ দেবার ক্ষমতা জমির সীমাবদ্ধ; সেই সীমাবদ্ধতা বহুদিন ছাড়িয়ে গিয়েছে; তবুও লোক জমিকে জীবনধারণের উপায় হিসাবে আঁকড়ে ধরতে বাধ্য হচ্ছে। ফলে বেকার ও দারিদ্র্য বাড়ছে, এ অবস্থা হতে বাঁচার একমাত্র উপায়—

alternate means of livelihood

জীবনধারণের ভিন্নপথ খুলে দেওয়া। তা নতুন নতুন শিল্প গোড়ে তোলা ছাড়া সম্ভব হবে না। বেকারসমস্যার যদি সমাধান করতে হয় তবে দেশকে শিল্পোন্নত করা আশু প্রয়োজনীয়। এটা কিভাবে করবেন? আমাদের দেশে যে সমস্ত প্রাকৃতিক খনিজ সম্পদ আছে তা নিয়ে যদি দেশী শিল্প গড়তে না পারি, নতুন শিল্প গড়ার চেষ্টা কিছু না করি, তাহ'লে কি কোরে দেশ শিল্পোন্নত হবে? কিন্তু এই "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" দিয়ে যা করতে চাইছেন, নতুন শিল্প গোড়ে তোলার কোন "স্কোপ" তাতে নেই—কেবলমাত্র "একজিষ্টিং স্মল" এবং "মিডিয়াম সাইজড ইণ্ডাষ্ট্রী" গুলোকে তা আর্থিক সাহায্য করবে; অর্থাৎ "ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক" যে কাজ করে সেই কাজই করবে। এক্ষেত্রে স্মরণ রাখা দরকার যে, বর্ত্তমান ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই টিকিয়ে রাখতে হবে এবং তা করতে হলে তাদের দীর্ঘমেয়াদী ঋণ দিতে হবে যেহেতু তাদের অধিকাংশই পুঁজির অভাবে ভুগছে। কিন্তু তাতেই সব হবে না। নতুন শিল্প গঠন করতে হলে যে "রিস্ক ক্যাপিটেল"এর দরকার যে ঝুঁকি মূলধন নিয়োগ করতে হয় তা আজ মিলছে না। কাজে কাজেই যাতে করে নতুন শিল্প গোড়ে তোলার উপযুক্ত "রিস্ক ক্যাপিটেল" পাওয়া যায় তার ব্যবস্থা "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন"এর আইনে থাকা দরকার।

কেন্দ্রীয় সরকারকে দিয়ে বর্ত্তমান "এ্যাক্ট"টি এই উদ্দেশ্যে সংশোধন করা দরকার। "সিকিওড্‌ড্ এ্যাসেট"এর বিরুদ্ধে টাকা ধার দেবে এই "কর্পোরেশন" কিন্তু নতুন শিল্প আরম্ভ করার সময় দরকারই হ'ল এই "এ্যাসেট" পাওয়া। তার জন্য আর্থিক সাহায্য না পেলে মাঝারি ও ছোট শিল্প গড়ার কাজে ইচ্ছুক ও চেষ্টাকারী লোক এগুতে পারবে না।

দ্বিতীয়তঃ, এই নতুন শিল্পগুলি কি জাতের শিল্প হবে এবং তাদের উন্নতি কিরকমভাবে করা দরকার? এই নতুন শিল্পগুলি এমন জাতের হওয়া উচিত যার সহায়তায় বহু "এ্যান্সিলারী ইণ্ডাষ্ট্রীজ", উপশিল্প গোড়ে উঠতে পারে। একটা মূল শিল্প গড়া হ'লে তার পাশে যেন বহু উপশিল্প গোড়ে উঠে। এই "এ্যান্সিলারী ইণ্ডাষ্ট্রীজ" বা উপশিল্পগুলি--

এটা এমন কি কথা যার জন্য তরুণকান্তি বাবু হাস্‌ছেন।

It is an economic term (INTERRUPTIONS) Mr. Speaker, Sir, please protect me from the attack.

Mr. Speaker: Order, order.

Sj. Subodh Banerjee:

হ্যাঁ, যা বলছিলাম। এই নতুন শিল্পগুলি এমন শিল্প হবে যে, আমরা এখানে যদি সেগুলি

গোড়ে তুলতে পারি তাহ'লে তার ফলে বহু উপশিল্পও গড়ে উঠতে পারবে এবং আমাদের দেশের বেকার-সমস্যার অনেকটা সমাধান করা যেতে পারবে।

তৃতীয়তঃ, আর একটা জিনিষের প্রতি লক্ষ্য রাখতে হবে। আজকের দিনে ছোট ও মাঝারী শিল্পগুলি একের পর এক লালবাতি জ্বালাতে বাধ্য হচ্ছে। গতবার বাজেট আলোচনার সময় দেখিয়েছিলাম গত ৩ বৎসরের মধ্যে কতগুলি মাঝারী ও ছোট শিল্প লালবাতি জ্বেলেছে। এই অবস্থার জন্য দুইটি কারণ দায়ী। একটা কারণ হচ্ছে আমাদের দেশের বড় বড় শিল্প প্রতিষ্ঠানগুলির অর্থাৎ এদেশীয় একচেটে পুঁজির ও বিরাট শক্তিশালী বৈদেশিক একচেটে পুঁজির আক্রমণ। এ আক্রমণ থেকে ছোট ও মাঝারি শিল্পকে বাঁচাতে না পারলে কেবলমাত্র টাকা ধার দিয়ে তাদের বাঁচাতে পারা যাবে না। উদাহরণ হিসাবে বলছি, আমাদের দেশে সাবান শিল্প বেশ গড়ে উঠেছিল মাঝারি ও ছোট শিল্প হিসাবে, কিন্তু আজকের দিনে "লিভার ব্রাদার্স"এর মত দানব প্রতিষ্ঠানের আক্রমণে শুধু আমাদের দেশের সাবান শিল্প কেন সারা পৃথিবীর ছোট ছোট সাবান শিল্প উঠে যেতে বসেছে। এক-চেটে পুঁজির প্রচণ্ড আক্রমণ থেকে রক্ষা করার চেষ্টা না করলে কেবল টাকা ধার দিয়ে এইসব শিল্পকে বাঁচান যাবে না। এ সঙ্কট যে কেবল সাবান শিল্পের তা নয়, ঠিক এমনিভাবে "কেমিক্যাল" ও "ফার্মাসিউটিক্যাল" শিল্পও আক্রান্ত। "ইম্পিরিয়াল কেমিক্যাল ইন্ডাষ্ট্রীজ" "ফাইজার", "মে এণ্ড বেকার" --এসব বিদেশী কোম্পানী দেশের শিল্পকে তছনছ করছে। কাজেই সরকারের নীতি এই রকম হওয়া দরকার যাতে দেশের স্বার্থে বিদেশী "মনপলি ক্লিক" বড় বড় একচেটে গোষ্টির হাত থেকে দেশের ছোট-খাট, মাঝারী শিল্পগুলিকে বাঁচান যায়। অথচ তা না করে সরকার বিদেশী পুঁজিকে অবাধ অনু-প্রবেশ ও দেশী শিল্পগুলিকে পিষে মারার অন্তহীন সুযোগ দিচ্ছে। লালবাতি জ্বালার দ্বিতীয় কারণ সরকারের ক্রয়নীতির মধ্যে নিহীত রয়েছে। সেদিন ঢালাই শিল্পপতিদের সংঘের সভাপতির যে বক্তৃতা বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে সরকার মাঝারী ও ছোট শিল্প প্রতিষ্ঠানগুলির কাছ থেকে মাল কিনছে না। ফলে তারা মাল বিক্রী করার বাজার না পেয়ে কাজ বন্ধ করতে বাধ্য হচ্ছে। গভর্ণমেণ্টের এ নীতি পরিবর্তন করা দরকার।

সর্ব্বশেষে বলব বাংলার নতুন যে এক সমস্যা দেখা দিয়েছে, বিশেষ জোরে বাঙ্গালী ব্যাঙ্কগুলি "ফেল" পড়ার পর তার উপর

equity capital and risk capital

এর কথা। ঐ জাতীয় ব্যাঙ্কগুলি এতদিন তবু ছোট ও মাঝারি শিল্পগুলিকে "ইকুইটি ক্যাপিটাল" এবং "রিস্ক ক্যাপিটাল" দিয়ে সাহায্য করছিল। আজ তার সুযোগ নেই। ফলে তারা অকূল পাথারে পড়েছে। "ইণ্ডাষ্ট্রীয়াল ফাইনান্স কর্পোরেশন"এর অনুকরণে "ষ্টেট ফাইনান্স কর্পোরেশন" দ্বারা এ সমস্যার সমাধান হবে না, তার সম্বন্ধে আমাদের অত্যন্ত তিক্ত অভিজ্ঞতা আছে। দেশের লোকের টাকা স্যার শ্রীরাম এবং অন্য কয়েকটি হাঙ্গরগোষ্টি গ্রাস করে বসে আছে—একথা পার্লামেণ্টে "ইণ্ডাষ্ট্রীয়াল ফাইনান্স কর্পোরেশন" সম্বন্ধে আলোচনার সময় বহুবার প্রমাণ করা হয়েছে। স্যার শ্রীরামও সম্প্রতি "এ্যানুয়াল রিপোর্ট"এ একথা স্বীকার করতে বাধ্য হয়েছেন। কাজেই আইন এমন করা দরকার যাতে সে রকম কিছু এখানে না ঘটে; সে জন্য ডাঃ রায়কে অনুরোধ করছি।

Sj. Probodh Dutt:

"স্পীকার" মহাশয়, বাঁকুড়া জেলার অন্তর্গত সান্তোর "ইউনিয়ন"এর অধিবাসীরা অনেক দিন থেকে বেলেড়াগ্রাম "হেল্‌থ সেণ্টার" স্থাপনের জন্য চেষ্টা করছে——

Mr. Speaker:

"সেকেণ্ড রীডিং" নয়, এসব না বলে আপনি

general principles on the demand sanctioned

এর উপর বলুন।

Sj. Probodh Dutt:

"স্যার", আমি ঠিক "পাব্লিক হেল্‌থ" সম্বন্ধে বলছি না, আমি বলছি, সেই "ইউনিয়ন"এ অসংখ্য গরীব লোকের বাস, তাদের উপকারের জন্য অনেক চেষ্টাচরিত্র করে বেলেড়াগ্রামে একটা "হেল্‌থ সেণ্টার" স্থাপনের আয়োজন করেছে এবং গভর্ণমেণ্ট তাদের অনুমতি দিয়েছিলেন টাকা দাখিল করবার। তারা টাকা দাখিল করেছে এবং "সাইট"এর জন্য জায়গাও রেজিষ্টারী দলিল করে দিয়েছে, কিন্তু হঠাৎ আর একটা জায়গায় বালগুয়া গ্রামে সেটা স্থাপনের চেষ্টা করা হচ্ছে——

Mr. Speaker: Details are matters of the second reading.

Sj. Probodh Dutt:

সেখানে "হেল্‌থ সেণ্টার"——

Mr. Speaker:

আপনি আবারও "ডিটেল"এ যাচ্ছেন, "টিউব-ওয়েল", হাঁসপাতাল প্রভৃতি

these details are not, for the third reading of this Bill.

Sj. Nripendra Copal Mitra:

উনি যে কথা বলতে চাইছেন, "স্যার", তা "এ্যাপ্রোপ্রিয়েসন বিল"এর মন্তুরীর ভিতর রয়েছে।

Sj. Probodh Dutt:

"স্যার", যেখানে এখন "হেল্‌থ সেণ্টার"টা নেওয়ার ব্যবস্থা হয়েছে সেখানকার লোকেরা টাকা দিতে পারে কি না সন্দেহ, আর যে "ইউনিয়ন"এ পূর্বে করার কথা হয়েছিল সেখানে বহু লোকের বাস সেখানে হলে অনেক লোকের উপকার হবে--মন্ত্রীমহাশয়কে তাই অনুরোধ করছি পূর্বে যেখানে হবার কথা ছিল, সেখানেই যেন এটা স্থাপন করার ব্যবস্থাটা হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I thought that the Appropriation Bill was merely for the purpose of authorising the Government appropriation of certain sums from the consolidated fund as has been sanctioned by the Assembly and in this connection a discussion of other matters which are referred to in the original Budget estimate is absolutely out of place. Sir, it has been suggested that instead of spending Rs 2,39,000 for collecting data for unemployment, we might have employed Professor Mahalanabis and his organisation for the purpose of finding out the details. Professor Mahalanabis used to do this statistical survey of this Government for three years, and the average expenditure that we had to pay was Rs. 9 and a half lakhs a year, and, therefore, we thought it best to have our own organisation and we are doing the same work now for rupees four and a half lakhs.

[5-55—6-5 p.m.]

They are not going to do things free of cost. As regards Employment Exchange they find out cases of those who apply to them for employment. It is they and others and particularly the Government of India who need a survey of the unemployed persons in Bengal. I say this that our province is the only province that had figures ready in hand at the time when we had met the Development Council in Delhi in the beginning of this month. It was possible for us to get allocations from the Central fund because we had these facts to present before them. I think that this enquiry has been of the greatest use.

As regards the suggestion made by my friend, Sj. Subodh Banerjee —I do not know whether to call him my friend because he objects— the point is that it is a fact that Lala Sri Ram and I had been discussing about this Development Corporation and I may tell him that we have gone very far and are considering an Act which cannot be Finance Corporation Act at all. The work of the Finance Corporation is different from that of Development Corporation. One is for the purpose of financing these things and the other is for the purpose of taking over and directing development projects in different spheres of activities. We have been at it and Lala Sri Ram got the points from me about four months ago when I took before him the details of my scheme I am glad he has taken this up with the Central Government. The Central Government should themselves feel responsible for developing certain projects apart from giving funds.

Sir, with these words I move that the Bill be accepted.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation (No. 3) Bill, 1953, be taken into consideration was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule.

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I beg to move that the West Bengal Appropriation (No. 3) Bill, 1953, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Estates Acquisition Bill, 1953.

Clause 1.

[MR. SPEAKER: I take it that I have the leave of the house to take all the amendments as moved.]

Sj. Dasarathi Tah: I beg to move that in clause 1(*1*), lines 1 and 2, for the words "Estates Acquisition" the words "Zamindari Abolition and Land Reforms" be substituted.

Sj. Benoy Krishna Chowdhury: I beg to move that in clause 1(*1*), in line 2, after the word "Acquisition" the words "and Land Reform" be inserted.

Dr. Atindra Nath Bose: I beg to move that in clause 1(*1*), in line 2, after the word "Acquisition" the words "and Distribution of Acquired Lands to Landless Cultivators" be inserted.

Sj. Nripendra Copal Mitra: I beg to move that in clause 1(*2*), the following words be added after the words "West Bengal", namely:—

> "except the areas described in Schedule I of the Calcutta Municipal Act, 1951, as deemed to have been amended under section 594 of that Act."

Mr. Speaker: Mr. Dasarathi Tah, please be short. It is a short amendment.

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার যে সংশোধনী—এ জলের মত পরিষ্কার। যে কথা এবং যে সমালোচনা এই কয়দিন ধরে তোলপাড় করছে সারা পশ্চিম বাংলাকে, আমার এই সংশোধনী ঠিক সেটার আকারে এখানে এসেছে, আমি শুধু একটু বলতে চাই এই বিলের যে নাম, এই নামটার বদলে একটা ভাল নাম রাখা হোক। আমাদের পল্লীগ্রামে অনেক সময় দেখি যে ছেলেটি ছেলেবেলায় খুব ভোগে তার নাম রাখা হয় পচা। তারপর যখন বড় হয় ঐ নামটা খারাপ দেখায় বলে ঐ নাম বদলে অন্য একটা ভাল নাম রাখা হয় যেমন "অরবিন্দ"। এখন এই যে বিলের নাম আছে তার কোন অর্থ হয় না। কেন না আমাদের মুখ্য মন্ত্রীমহাশয়, এবং সরকার পক্ষের বন্ধুরাও মুখে জমিদারী উচ্ছেদের ও ভূমিবণ্টনের কথা যখন বলছেন, তখন এটা লিখতে এত ভয় কেন? শতং বদ মা লিখ। কাগজে-কলমে না লিখে তাঁরা মুখে বলছেন এমন জিনিষ আর হয় না।

কিন্তু এ নামটি মোটেই ভাল নয়। এই যে "ষ্টেট এ্যাকুইজিসন বিল" আনা হচ্ছে এবং তার উপর যে ব্যাখ্যা করা হয়েছে, তাতে রবীন্দ্র নাথের "নিষ্কৃতি"তে বাচচামেয়ে মঙ্গলির সঙ্গে পঞ্চাননের বিবাহের কথা মনে পড়ে। মঙ্গলির চেয়ে বয়সে পাঁচগুণ বড় বৃদ্ধ পাত্র পঞ্চাননের হাতে মেয়েকে সম্প্রদান করে পিতা মেয়েকে আশীর্বাদ করলেন, "হও তুমি সাবিত্রীর মত এই কামনা করি" আশীর্বাদের প্রথম পর্ব্বটা সীমুই ফললো অর্থাৎ পঞ্চানন মারা গেল, কিন্তু দ্বিতীয় পর্ব্ব ফললো না অর্থাৎ যম সাবিত্রীর স্বামী সত্যবানের মত আর পঞ্চাননকে ফিরিয়ে দিলেন না। এই "ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট" এও ঠিক সেইরকম, জমিদারীগুলি সরকার নিয়ে নিচ্ছেন কিন্তু কৃষকদিগকে আর তা ফিরিয়ে দিচ্ছেন না। ভবিষ্যতে যে ফিরিয়ে দেওয়া হবে তার কোন কথা নাই। আমার যুক্তি এই, পিতার

[Sj. Dasarathi Tah.]

নামই যখন বদলে গিয়েছে অর্থাৎ বৃটিশ রাজত্বও যখন চলে গিয়ে রাষ্ট্রেরই নাম পরিবর্ত্তন হয়েছে, তখন এই "বিল"এর নামটার পরিবর্ত্তনও অনায়াসে করা যেতে পারত। আমার অভিমত এই

West Bengal Estates Acquisition Bill

এর পরিবর্ত্তে

Zamindary Abolition and Land Reforms Bill

বলা হোক। অর্থাৎ বিলের নাম হোক "জমিদারী উচ্ছেদ ও ভূমি সংস্কার বিল"।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমার এই এ্যামেণ্ড-মেণ্ট" আনার উদ্দেশ্য হ'ল যদি গভর্ণমেণ্ট একান্তই একটা "কম্পেন্সেসন" দেবার জন্য "প্রভিসন" করেন এই "বিল"এ, তাহ'লে অন্ততঃপক্ষে এই বিলের ভিতর কতকগুলি বিধি সংস্কারের ব্যবস্থা রাখা দরকার।

মাননীয় মন্ত্রীমহাশয় "সেন্সাস্ রিপোর্ট" থেকে একটা দীর্ঘ অংশ উদ্ধৃত করে বিশ্লেষণ করলেন। কিন্তু যে বিশ্লেষণ তিনি দিলেন, তার দ্বারা সমস্যা সমাধানের দিকে কিছুই বললেন না। এখন আমার প্রশ্ন তাঁকে, এই "বিল" বর্ত্তমানে যেভাবে রয়েছে সেইভাবে যদি পাশ হয় তাহ'লে পাশ হবার পর মুহূর্ত্তে কৃষকরা কি পেলো? তাদের উপর থেকে কোন চাপই নামানো হ'ল না। তার খাজনা ও চাষের ঋণের চাপ ও জমিসংক্রান্ত যে সমস্ত চাপ রয়েছে, তার কোনটা থেকেই সে মুক্ত হ'ল না। আজ বাংলার কৃষকদের যে অবস্থা তাতে এই মুহূর্ত্তে অবশ্য করণীয় বলে কিছু আছে কি না--এইটাই আমি তাঁদের কাছে প্রশ্ন করি। সেদিক থেকে কোন পরিবর্ত্তনই হয়নি। মাননীয় রাজস্বমন্ত্রী বলবার চেষ্টা করেছেন যে এতে একটা "সাইকো-লজিক্যাল", মনোভাবের পরিবর্ত্তন হবে। কিন্তু, এই মনোভাবের পরিবর্ত্তন হবে কোথা থেকে?--যার জমির প্রতি মমত্ববোধ হারিয়ে গিয়েছে, তা যদি সে ফিরে না পায়? সুতরাং আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি এই মনোভাবের পরিবর্ত্তন আসে কোথা থেকে?

[6-5—6-15 p.m.]

আমার মনে হয় যে মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় যেভাবে "কোটেশন" দিয়েছেন--আগে আমাদের দেশে কত খাজানা ছিল, কেমন করে জমি থেকে তা আসতে পারে সে দিকে কোন লক্ষ্য না রাখায় খাজনা ক্রমে বেড়ে চলেছে, যার ফলে কৃষকরা উৎসন্ন হয়েছে এবং খাজনার চাপ থেকে যে কিছুটা নিষ্কৃতি পাওয়া অন্ততঃপক্ষে যেতে পারে, সে জন্য যে আমরা একটা "এ্যারেঞ্জমেণ্ট"এর কথা বলেছি যাতে অন্ততঃ-পক্ষে শতকরা ২৫ টাকা খাজনা কম হয়।

Mr. Speaker: What is the good of repeating? You just now said that you have several amendments.

Sj. Benoy Krishna Chowdhury:

বর্ত্তমান এই "বিল"এ "ল্যাণ্ড রিফর্ম"এর কোন নূতন সন্ধান পাওয়া গেল না, সে জন্য আমার অভিযোগ হচ্ছে কতকগুলো "আর্জেণ্টলী নীডেড রিফর্ম"এর ব্যবস্থা থাকা দরকার ছিল।

Mr. Speaker: Your arguments are irrelevant for the purpose of this amendment. You cannot go on talking in this way. When those clauses come you can speak on them. I hold that this is irrelevant.

Sj. Benoy Krishna Chowdhury:

না, না, আমার "পয়েণ্ট"টা হচ্ছে "এ্যাকুইজি-সন্"এর সঙ্গে যদি "রিফর্ম" না আনা হয় তাহ'লে কিছুই হবে না। কতকগুলি "আর্জেণ্ট রিফর্মস" থাকা দরকার এই বিলের মধ্যে।

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, I have suggested the renaming of the Bill as West Bengal Estates Acquisition and Distribution of Acquired Lands to Landless Cultivators Bill. Sir, the point has been explained by the previous speaker; so it does not require any further elaboration. The Government have assured that they will bring a separate Bill later on about the distribution of the acquired land. We, on this side, do not understand why this operative part is kept in abeyance for the future. Without the two things coming before us, that is, the acquirement of land and redistribution of land to landless cultivators, the Bill loses its whole purpose. I shall move another amendment after Chapter IV detailing how this acquired land should be redistributed among the landless cultivators.

So I shall speak about the mode of redistribution when that relevant amendment will come.

Sj. Nripendra Copal Mitra:

শ্রীযুক্ত গর্গ বিপদাপন্ন, তাঁর স্ত্রী অসুস্থ, এবং তাঁর অনুরোধে, অবস্থা বিবেচনায়, এই "মোশন" আমি "মুভ" করছি।

Mr. Speaker: That is not necessary; it will be treated as your amendment.

Sj. Nripendra Copal Mitra: It will go in my name in the proceedings; so I must explain. Otherwise people will think that it is my motion.

Mr. Speaker: According to rules it is your motion.

Sj. Nripendra Copal Mitra: So I am explaining the position.

Mr. Speaker: You need not; that explanation is unnecessary.

Sj. Nripendra Copal Mitra: The taking over of municipal area is not properly a part of Estates Acquisition Bill nor is it necessary in its successful implementation. If the State Government cannot exempt all municipal and cantonment areas however from the scope of the Bill they should at the very least consider the special case of Calcutta and exempt it, as was provided for in the original draft Bill. The valuation of municipal land is made on a basis different from that of the agricultural land. For this reason as well as for the fact that Calcutta is a business centre where representatives of many nations meet, the land ownership arrangement in Calcutta as it now prevails should be permitted.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Amendments Nos. 5, 6 and 7 I oppose, because I have explained before it is not possible for us to combine the two, but as regards amendment Nos. 8 and 9, the amendment really purports to restore the contents of the original Bill, although in the Joint Select Committee it was decided to include Calcutta. I am inclined to accept the amendment so far as 8 and 9 are concerned.

Sj. Bankim Mukherji: Because he accepted it I want to oppose it.

Mr. Speaker: You oppose it by voting.

The motion of Sj. Dasarathi Tah that in clause 1(*1*), lines 1 and 2, for the words "Estates Acquisition" the words "Zamindary Abolition and Land Reforms" be substituted was then put and lost.

The motion of Sj. Binoy Krishna Chowdhury that in clause 1(*1*), in line 2, after the word "Acquisition" the words "and Land Reform" be inserted was then put and lost.

The motion of Dr. Atindra Nath Bose that in clause 1(*1*), in line 2, after the word "Acquisition" the words "and Distribution of Acquired Lands to Landless Cultivators" be inserted was then put and lost.

[6-15—6-25 p.m.]

The motion of Sj. Nripendra Gopal Mitra that in clause 1(*2*), the following words be added after the words "West Bengal", namely:—

> "except the areas described in Schedule I of the Calcutta Municipal Act, 1951, as deemed to have been amended under section 594 of that Act."

was then put and a division taken with the following result:—

NOES—52

Baguli, Sj. Haripada
Banerjee, Dr. Srikumar
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath

Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dass, Sj. Alamohan
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Jana, Sj. Kumar Chandra
Joarder, Sj. Jyotish
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhusan
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohan
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Shaw, Sj. Kripa Sindhu
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

AYES 118

Abdul Hameed, Janab Hazi Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, The Hon'ble Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharyya, Sj. Syama
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Digar, Sj. Kiran Chandra
Ganguli, Sj. Bipin Behari
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khan, Sj. Sashibhushan
Khatick, Sj. Pulin Behari
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Mahbert, Sj. George
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prosad
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukerjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Platel, Mr. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Harosa-Sandeshkhali)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath

Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

The Ayes being 118 and the Noes 52 the motion was carried.

[6-25—6-35 p.m.]

The question that clause 1 as amended do stand part of the Bill was then put and a division taken with the following result:—

AYES—120

Abdul Hamed, Janab Hazi Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Prafulla
Barman, The Hon'ble Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharyya, Sj. Syama
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bejoy Lal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Ganguli, Sj. Bipin Behari
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khan, Sj. Sashibhushan
Khatick, Sj. Pulin Behari
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prosad
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukerjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Patel, Mr. R. E.
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Harosa-Sandeshkhali)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Sikder, Sj. Rabindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

NOES—51

Baguli, Sj. Haripada
Banerjee, Dr. Srikumar
Baherjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar

Basu, Sj. Amarendra Nath
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Jogendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dass, Sj. Alamohan
Dey, Sj. Tarapada
Dutt, Sj. Probodh
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Jatish (Ghatal)
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Jana, Sj. Kumar Chandra
Joarder, Sj. Jyotish
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhusan
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohan
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Shaw, Sj. Kripa Sindhu
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

The Ayes being 120 and the Noes 51, the motion was carried.

Sj. Bankim Mukherji: Sir, we were feeling from outside that it was taking a very long time to close the doors. May we know the reason why? We were feeling it and getting tired.

Clause 2

[*Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the amendments as moved except No. 22.*]

Sj. Subodh Banerjee: Sir, I do not move amendment No. 13.

Sir, I beg to move that in clause 2(*b*), in line 1, after the words "ordinarily used" the words "and can be used" be inserted.

Sir, I beg to move that in clause 2(*c*), in line 1, after the words "charitable purpose" the words "means any purpose out of which no material benefit is derived by the donor and" be inserted.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that in clause 2(*c*), in line 3, after the words "public utility" the words "including public grazing grounds and chakrans" be insered.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 2(*g*), in line 5, after the word "tanks" the word "cowshed" be inserted.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that in clause 2(*h*), line 2, the words "does not" be omitted

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that for clause 2(*i*), the following be substituted, namely:—

> "'intermediary' means any person having any interest in land between the State and the actual tiller of the land and includes (*a*) a proprietor, tenure-holder, under-tenure-holder, (*b*) an owner of raiyati holdings which are sublet or cultivated wholly or in part by *bargadars*, (*c*) persons owning more than 10 acres of raiyati holdings which are cultivated by agricultural labourers in part or in whole, or (*d*) any other intermediary above a non-agricultural tenant:
>
> Provided that old persons living alone, orphans, invalids, helpless widows who own land not exceeding 5 acres and rent it out because of their inability to cultivate the land shall not be treated as intermediaries".

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause

2(*r*), in line 2, after the word "under-tenure-holder" the words ", *Jotedar* and *Latdar*" be inserted.

Sj. Kumar Chandra Jana: Sir, I beg to move that in clause 2(*r*), line 3, for the word "above" the word "including" be substituted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause 2(*r*), line 3, the words "a raiyat or" be omitted.

Sj. Raipada Das: Sir, I beg move that after clause 2(*m*) the following be inserted, namely :—

"(*mm*) '*Jotedar*' means a person who mainly or wholly lets out land on the *adhi*, *barga*, *bhag* system and possesses more than hundred *baghas* of *khas* land".

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 2(*n*), in line 1, after the word "purpose" the word "exclusively", and after the words "religious rights" in line 3, the words "which are of general public nature and from which no material, pecuniary or otherwise, benefit is derived by any individual or group of individuals including the '*Sebait*' *of a* '*baduttar*' property", be inserted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause 2(*o*), in line 6, after the word "rent" the words "and includes share of crop which a *bargadar* pays to the possessor of land" be inserted.

Sir, I beg to move that the following *Explanation* be added to clause 2(*o*), namely :—

Explanation.—"*Bargadar*" has the same meaning as in the West Bengal Bargadar Act, 1950.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that after clause 2(*p*) the following new paragraph be added, namely :—

"(*q*) 'Tea garden' means all lands and buildings exclusively used for cultivation and production of tea and includes lands and buildings necessary for habitation of the people engaged in the industry such as factory buildings, offices, hospitals, schools, barracks for labour, markets, places of worship, clubs and institutions, roads, tanks and wells but excludes all agricultural lands on which tea plants are not grown."

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that after clause 2(*p*), a new paragraph (*q*) be added, namely :—

"(*q*) 'statutory authority' means Government servants duly appointed by the Government to manage estates and interests in land vested in the State."

[6-35—6-45 p.m.]

মাননীয় "স্পীকার" মহাশয়, আমি "ক্লজ (২)"এ আমার সংশোধনী প্রস্তাবগুলির উপর বলছি।

Mr. Speaker: You speak on all the amendments moved.

Sj. Subodh Banerjee:

এক সঙ্গে সব সংশোধন প্রস্তাবগুলির উপর বলতে গেলেতো অনেক সময় লাগবে।

আমার প্রথম কথা হচ্ছে এই যে, "২(বি)"তে যেখানে "এগ্রিকালচারাল ল্যাণ্ড"এর সংজ্ঞা দেওয়া হয়েছে, সেখানে বিলে রয়েছে

agricultural land means land ordinarily used for the purpose of agriculture, horticulture, etc.

আমি ঐ

used for

এর পরে যোগ করতে চাচ্ছি

and can be used.

এর কারণ হচ্ছে এই যে, বহু জায়গায় বহু জমিদার ও জোতদার জমিদারী-প্রথা বিলোপ করা হ'বে এই কথা শুনে বহু জমিকে পতিত অবস্থায় ফেলে

[Sj. Subodh Banerjee.]

রেখেছে এবং প্রমাণ করবার চেষ্টা করছে এইসব জমি কৃষির যোগ্য নয় এবং তা মোটেই কৃষির জন্য জমি নয়। পক্ষান্তরে সেগুলি পতিত জমি। এই জায়গায় যদি আমার সংশোধন

"can be used"

কথা না দেওয়া হয় তাহ'লে এইভাবে পতিত করা জমিগুলি চাষের জমির সংজ্ঞার অধীনে আসে না, অথচ এইসব ইচ্ছাকৃত ফেলে রাখা জমি আদতে কৃষির জমি এবং তাদের সেই ভাবেই সংজ্ঞা দেওয়া উচিত। অবশ্য "বিল"এ ঐ জায়গায় সরকার পক্ষ বলছেন

"that may be lying fallow for the time being."

এই যে "টাইম বিইং" বলা হচ্ছে এতে কিছুই পরিষ্কার হচ্ছে না, তা সম্পূর্ণ অস্পষ্ট। কেন না এই সময় এক বছরও হতে পারে আবার অনেক বছরও হতে পারে। কেউ যদি বহু বছর চাষের জমি ফেলে রাখে তাহ'লে তা সরকারের দেওয়া সংজ্ঞার ফাঁক দিয়ে চাষ ছাড়া অন্য জাতের জমি হয়ে যাবে। সেই জন্য সময়ের কথা না তুলে জমির জাত বা চরিত্রের কথা বলে দেওয়া দরকার। যে জমি চাষ করার উপযুক্ত তাকে "এগ্রিকালচারাল ল্যাণ্ড" বলা উচিত, তা সে যতদিনই পতিত অবস্থায় ফেলে রাখা হ'ক না কেন। এইদিকে লক্ষ্য রেখে আমি আমার সংশোধনী প্রস্তাব এনেছি। সেটা গ্রহণ করা উচিত বলে আমি মনে করি।

তারপর এখানে "২(সি)"তে "চ্যারিটেবল পারপাজ"এর যে সংজ্ঞা আছে তা একেবারে কোন সংজ্ঞাই নয়। এর ভাষাটা একটু দেখুন।

Charitable purpose includes the relief of the poor, medical relief or the advancement of education or any other object of general public utility.

এখানে কয়েকটা বিষয়ের কথা বলা হয়েছে, এটা কোন সংজ্ঞাই নয়। কাকে কাকে অন্তর্ভুক্ত করা হবে শুধু তার একটা তালিকা দেওয়া হয়েছে। আইনে কোন কিছুর সংজ্ঞা সাধারণতঃ "মিন্‌স সাচ এণ্ড সাচ" ইত্যাদি এইভাবে লেখা হয়। তাতে একটা সাধারণ রূপ থাকে যার পরে কয়েকটি বিশেষ রূপও যোগ করে দেওয়া হয়। তাই আমি আমার প্রস্তাবে বলেছি

Charitable purpose means any purpose out of which no material benefit is derived by the donor and includes.....

এরপর সরকারের দেওয়া সংজ্ঞার বিশেষ রূপগুলি যোগ করেছি। এইভাবে সাধারণ ও বিশেষ উভয় রূপই স্থান পেল। এইটা থাকা দরকার। তা না হলে সংজ্ঞা নিয়ে পরে গোলমালের সৃষ্টি হতে পারে।

তৃতীয়তঃ, আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি সেটা হ'ল "ইণ্টারমিডিয়ারী" বা মধ্যস্বত্বাধিকারীর সংজ্ঞা নিয়ে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের দেওয়া সংজ্ঞায় "বিল" উপস্থিত করার সময় বক্তৃতায় যত বড় বড় কথাই বলা হোক না কেন, মস্ত বড় ফাঁক থেকে যাচ্ছে। এইভাবে "বিল" যদি গৃহীত ও কার্য্যকরী হয় তাহ'লে সুন্দরবন অঞ্চলে যে সমস্ত হাজার হাজার বিঘা বায়তী স্বত্বের জমির মালিক জমিদার ও জোতদার আছে তাদের উপর হাত পড়বে না। কারণ "বিল"এ

"Intermediary" means a proprietor, tenure-holder, under-tenure-holder or any other intermediary above a *raiyat* or a non-agricultural tenant

সরকারী সংজ্ঞায় তাহ'লে বায়তী স্বত্বাধিকারীরা বাদ পড়ে গেল। অর্থাৎ ১১৭ লক্ষ একর মোট আবাদযোগ্য জমি যা পশ্চিম বাংলায় আছে তার ১১৩ লক্ষ একর বাদ চলে গেল। শুধু হাত পড়ল ৪ লক্ষ একর জমির উপর। এর জন্য একটা বিল আনার কি দরকার ছিল? তার জায়গায় আমি বলেছি—

Intermediary means any person having any interest in land between the State and the actual tiller of the land and includes (*a*) a proprietor, tenure-holder, under-tenure-holder, (*b*) an owner of *raiyati* holdings which are sublet or cultivated wholly or in part by *bargadars*, (*c*) persons owning more than 10 acres of *raiyati* holdings which are cultivated by agricultural labourers in part or in whole, or (*d*) any other intermediary above a non-agricultural tenant:

Provided that old persons living alone, orphans, invalids, helpless widows who own land not exceeding 5 acres and rent it out because of their inability to cultivate the land shall not be treated as intermediaries.

সরকারী সংস্থার রায়তি স্বত্বের অধিকারী হাজার হাজার বিঘা জমির মালিক বড় বড় জমিদার-জোতদারদের গায়ে হাত পড়ছে না কিন্তু সহায়হীন একলা বাসকারী বৃদ্ধ, অনাথা বিধবা, নাবালক ও অক্ষম লোক যারা নিজেরা জমি চাষ করতে অক্ষম অথচ যাদের জীবনধারণের একমাত্র অবলম্বন হল জমি এমন সব দুঃস্থ খাজনা গ্রহণকারী কিংবা মৌরসী স্বত্বাধিকারীরা তারা জমিহারা হচ্ছে। এর নাম কি বিচার? এর ফল কি হবে ভেবে দেখেছেন কি? সরকারের দেওয়া সংস্থার সঙ্গে আমার দেওয়া সংশোধনী প্রস্তাব তুলনা করুন, দেখবেন আমি বড় বড় জোতদার-জমিদার ও ধনী চাষীদের জমি কেড়ে নেবার এবং সম্বলহীন বৃদ্ধ ও বিধবা প্রভৃতিদের বাঁচার মত জমি রাখার ব্যবস্থা করেছি। রায়ত নামধারী জমিদার-জোতদাররা যাতে চাষবাস করে বাঁচতে পারে, একেবারে জমিহীন হয়ে ভিক্ষুকের সংখ্যা না বাড়ায় তার ব্যবস্থাও আছে। একথা পরিষ্কার যে, এই সমস্ত রায়তি স্বত্বের জোতদার-জমিদারের জমি যদি আইন করে অধিকার করতে না পারা যায় তাহ'লে গরীব চাষীর মধ্যে জমি বণ্টনের যে কথা বলছেন সেটা মোটেই সম্ভব হবে না। সেই জন্য আমি এইটা এনেছি। আমাদের বাংলা দেশে, মোট আবাদযোগ্য জমির শতকরা ৩৮ ভাগ জমি বর্গাদার-প্রথায় চাষ হয় এবং বর্গাদারদের শোষনের কথাও সবাই জানেন। সুতরাং যে জমিদার বা জোতদার তার জমি বর্গা-প্রথায় আংশিকভাবে বা সমগ্রভাবে চাষ করায় তাকে যদি "ইণ্টারমিডিয়ারী" ধরা না হয় তাহ'লে মস্তবড় ভুল হবে, সত্যিকারের মধ্যস্বত্ব লোপ হবে না। উপরন্তু যারা ক্ষেতমজুর দিয়ে জমি চাষ করায় তাদেরও জমির একটা উচ্চতম সীমা বেঁধে দেওয়া দরকার। তা না হ'লে বণ্টন-যোগ্য জমি পাবেন না। অনেক জমিদার-জোতদার হাজার হাজার বিঘা জমি ক্ষেতমজুর দিয়ে চাষ করায়, তাদের "ইণ্টারমিডিয়ারী" বলে ধরা উচিত। মোট কথা সংজ্ঞাটি এমন হওয়া উচিত যাতে ঐ সমস্ত রাঘববোয়ালের হাতে যে সমস্ত জমি কুক্ষিগত হয়ে আছে তা গরীব চাষী ও ক্ষেতমজুরদের মধ্যে বিলির জন্য ছাড়িয়ে নেওয়া যায়। সুতরাং "ইণ্টারমিডিয়ারী"র সংজ্ঞাকে এমনভাবে একদিক দিয়ে বিস্তৃত করা অন্যদিক হতে সঙ্কুচিত করা দরকার যাতে জমি বণ্টনের জন্য রায়ত নামধারী জমিদার-জোতদারের জমি পাওয়া যায়, এবং অক্ষম মানুষ, অনাথা বিধবা, নাবালক, প্রভৃতিদের বাঁচান যায়।

বলা হয়েছে বর্ত্তমান বিল গরীব চাষী ও ক্ষেত-মজুরদের মধ্যে ভূমি বণ্টনের প্রাথমিক পদক্ষেপ, তাই যদি হয় তাহ'লে আমাদের কর্ত্তব্য কি? যাদের বেশী জমি আছে তাদের জমি কেড়ে নিয়ে যাদের জমি নেই তাদের দেওয়া। আগেই বলেছি পশ্চিম বাংলায় মোট আবাদযোগ্য ১১৭ লক্ষ একর জমির মধ্যে ১১৩ লক্ষ একর রায়ত নামধারী জমিদার-জোতদারদের দখলে। তাদের বাঁচার মত জমি দিয়ে বাকি জমি কেড়ে নিন। এখানে একটা প্রশ্ন উঠতে পারে সমস্ত লোকের জমি কেড়ে নেওয়া হবে? অনাথা বিধবা বা পিতৃমাতৃহীন নাবালক, তাদের রায়তি স্বত্বের জমি তাও কি কেড়ে নেওয়া হবে? না তা মোটেই নয়। আমি তাদের জন্য আলাদা ব্যবস্থা করেছি। যারা অনাথা বিধবা, পিতমাতৃহীন নাবালক ও বৃদ্ধ, যারা একলা থাকে এবং যাদের পাঁচ একরের বেশী জমি নাই, তারা জমি খাজনায় বিলি করতে পারবে অথবা বর্গা-প্রথায় চাষ করাতে পারবে। অর্থাৎ আমার সংশোধনের মূল কথা হ'ল এই যে, তারা নিজেদের বাঁচাবার ব্যবস্থা করতে পারবে। সরকারের দেওয়া সংস্থার সুযোগ নিয়ে যে সমস্ত বড় বড় জমিদার ও জোতদাররা রায়তী স্বত্বের জন্য বেরিয়ে যাবে তাদের আমি আইনের মধ্যে আনতে চেয়েছি। এদের না আনতে চাইলে যে ভূমি বণ্টনের কথা বলা হচ্ছে তা ভাঁওতা হয়ে পড়ে। সুতরাং আমার অনুরোধ সত্যিই যদি গরীব চাষী ও ক্ষেত মজুরদের মধ্যে ভূমি বণ্টন করবার জন্য জমি নিতে চান তাহ'লে বণ্টনযোগ্য উপযুক্ত পরিমাণ জমি যাতে হাতে আসে সেই উদ্দেশ্যে ও মর্মে "ইণ্টারমিডিয়ারী"র সংজ্ঞা করা উচিত। আমি তাই করেছি।

চতুর্থতঃ, আমার আর একটা সংশোধনী প্রস্তাব আছে "ক্লজ ২(এন)"এ। এটা হচ্ছে "রেলিজাস পারপাস" অর্থাৎ ধর্ম্মের ব্যাপারে। আপনারা সংজ্ঞা দিয়েছেন

"religious purpose means a purpose connected with religious worship, teaching or service or any performance of religious rites"

শেষের লাইনটা অত্যন্ত প্রসস্ত। "কনেক্টেড উইথ" কথাটার মানে কি? "কনেক্সন" অর্থাৎ সংযোগের মাত্রা কতটুকু হ'লে তবে এই সংজ্ঞার অধীনে পড়ে। কোন বিষয় সম্পূর্ণরূপে সংযুক্ত হতে পারে আবার কোন বিষয় সামান্যতমভাবে সংযুক্ত হতে পারে। শেষোক্ত শ্রেণীর বিষয়গুলির শতকরা ৯৯ ভাগ হয়ত ধর্মীয় ব্যাপারের সহিত সম্পর্কহীন, বাকী ১ ভাগ ধর্মীয় অনুষ্ঠানের সঙ্গে যুক্ত। এই জাতের বিষয়গুলির চরিত্র নিরূপিত হওয়া উচিত তাদের

[Sj. Subodh Banerjee.]

মূল উদ্দেশ্য অনযায়ী। সেই উদ্দেশ্যেই আমি "কনেক্টেড" কথাটির আগে "এক্সক্লুসিভলী" কথাটি বসিয়েছি। সংযোগের মাত্রা বলে দেওয়া দরকার।

[6-45—6-55 p.m.]

এটা যদি ঠিক করে বলে না দেন তাহ'লে সবই বেরিয়ে যেতে পারে। বাড়ীর শালগ্রাম শিলার সঙ্গে সামান্যতম যদি একটু সংযোগ থাকে কোন সম্পত্তির তাহ'লেই তা ধর্মীয় উদ্দেশ্যে বলে চলে যাবে। এবং তাতে হাত দেওয়া যাবে না। এ জিনিষ চলতে পারে না। তাছাড়া সঙ্গে সঙ্গে আর একটা দেখা দরকার যে, দেবোত্তর সম্পত্তি থেকে কোন সেবায়েত যেন কোন আর্থিক ব্যক্তিগত সুবিধা ভোগ করতে না পারে। করলে তা ধর্মীয় উদ্দেশ্য বলে গ্রাহ্য হবে না। এই বাঁধা বাঁধি না থাকলে কাশিমবাজারের মহারাজা, বর্দ্ধমানের মহারাজা প্রভৃতি রাজা-মহারাজাদের গায়ে হাত পড়বে না, কারণ ধর্মের অনুষ্ঠানের সঙ্গে একটু জড়িয়ে রাখলেই তো সমস্ত সম্পত্তি রেখে দেওয়া যাবে। সুতরাং "এক্সক্লুসিভলী কনেক্টেড"—সম্পূর্ণরূপে যুক্ত এ কথাটা থাকা দরকার এবং সরকারের দেওয়া সংজ্ঞার শেষে আমি এই কথাগুলি যোগ করে দিয়েছি

which are of general public nature and from which no material or pecuniary or otherwise benefit is derived by any individual or group of individuals including the *sebait* of *debuttar* property.

অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে, দেবোত্তর সম্পত্তির নামে যাতে আত্মসেবা না চলে, দেবসেবা নামের মহান্ নিয়ে জমিদাররা যাতে চাষীদের শোষণ করতে না পারে সেই উদ্দেশ্যে শোষণের পথ বন্ধ করার জন্যই এটা করা দরকার।

তারপর আমার সর্বশেষে সংশোধনী প্রস্তাব হ'ল "ষ্ট্যাটুটরী অথরিটি" সম্বন্ধে। আমি তার একটা সংজ্ঞা দিয়েছি। সরকার "ষ্ট্যাটুটরী অথরিটি"র সংজ্ঞা কেন দেননি তার একটা ব্যাখ্যা ডাঃ রায় তাঁর জবাবে দিয়েছিলেন কিন্তু আমরা মনে করি সেটা ঠিক নয়। গ্রাম্য পঞ্চায়েত বলুন কিংবা আর যাই বলুন গ্রামে কতকগুলি লোকের হাতে অগাধ ক্ষমতা দেওয়া হবে যার দ্বারা তারা সমস্ত কৃষক সমাজের উপর প্রভুত্ব করবে—এবং আমরা জানি এই লোকগুলি হবে কংগ্রেসী পাণ্ডা—এ ধরণের জিনিষ আমরা ঘটতে দিতে পারি না। সুতরাং এই "ষ্ট্যাটুটরী বডি"র একটা সংজ্ঞা থাকা উচিত। তাই আমি বলেছি

"Statutory authority" means Government servants duly appointed by the Government to manage estates and interests in land vested in the State.

পরিষ্কার করে এরকম বলা দরকার, সরকারী চাকুরে হবে কি আর কেউ হবে এটা বলে দেওয়া দরকার। শুনছি "ষ্ট্যাটুটরী বডি" এমন একটা "অটোনমাস বডি" হবে যার সম্বন্ধে লোকে কিছু বলতে পারবে না, এই "এ্যাসেম্বলি"তেও আমরা সমালোচনা করতে পারবনা। এটা হ'তে পারে না। এই স্বাধীন সংস্থার নমুনা আমরা অনেক দেখেছি—

University, Secondary Education Board, School Board

এ সমস্ত জায়গায়ই তার নমুনা পেয়েছি। সুতরাং এরকম একটা সংস্থা হওয়া উচিত সরকারী চাকুরে বা আর কেউকে নিয়ে, যার কাজ লোকে সমালোচনা করতে পারে, আমাদের এই "হাউস"এ তার সমালোচনা করার অধিকার থাকবে। এই জন্য আমার এই সংশোধনী প্রস্তাব আনা হয়েছে। সরকার যদি সত্যি চান যে, লক্ষ লক্ষ লোককে জমি দেবেন, তাদের জমির ক্ষুধা মেটাবেন, তাহ'লে আমার এই সংশোধনী প্রস্তাবগুলি নিয়ে নেওয়া উচিত বলে আমি মনে করি।

Sj. Nripendra Copal Mitra:

স্যার, আমি একটি কথা আপনার মারফৎ এই "হাউস"কে জানাতে চাই।

Mr. Speaker: This is not the place for it. Are you rising on a point of order? This is not a point of order.

Sj. Nripendra Copal Mitra: It is a point of information.

Mr. Speaker: No point of information.

Sj. Subodh Banerjee: Personal explanation.

Sj. Nripendra Copal Mitra: On a point of personal explanation, Sir.

Mr. Speaker: No point of personal explanation at this stage.

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ যে মন ও উৎসাহ নিয়ে আমি এই সংশোধনী প্রস্তাব উত্থাপন করতে উঠেছি, তার সমস্ত উৎসাহ আজ ভেঙে পড়ছে।

আমরা এখানে দেখছি গাছে উঠতে না উঠতেই এক কাঁদি—সিলেক্ট কমিটির সুপারিশ সহ বিলটি যে আকারে এসেছিল, তাতে কলিকাতাকেও এই বিলের আওতায় আনা হয়েছিল, কিন্তু মুখ্য মন্ত্রী-মহাশয় যেরূপ মনোভাব নিয়ে প্রজাবিরোধী একটি সংশোধন প্রস্তাবকে উৎসাহের সঙ্গে গ্রহণ করেছেন তাতে কলকাতা বাদ পড়ে গেল। (গোলমাল।)

অধ্যক্ষ মহাশয়, আপনি এখানকার মালিক। মনের দুঃখের কথা আর বলব কাকে? তাই আপনাকে জানাচ্ছি। আমরা যেসব "এ্যামেণ্ড-মেণ্ট" দিচ্ছি সেসব গরীব প্রজাসাধারণের স্বার্থেই দিচ্ছি, কিন্তু বিলটা "জয়েণ্ট সিলেক্ট কমিটি"তে যেভাবে গৃহীত হয়েছিল এবং সমস্ত ধারাগুলি কংগ্রেস পক্ষ থেকে সমর্থিত হয়েছিল কিন্তু আজকে যে অবস্থা হয়েছে—এই কলকাতা এলাকা যেটা কংগ্রেস পক্ষই "ইনক্লুড" করেছিলেন তাহাই আজ সেটাকে নাকচ করলেন। এই সম্বন্ধে আমার তীব্র প্রতিবাদ, সেটা গোড়াতেই বলে দিয়ে রাখি।

আমার যে "এ্যামেণ্ডমেণ্ট" (আমি ১২ নম্বর বলছি—১৪ নম্বর আমি "মুভ" করছি না, "উইথড্র" করে নিচ্ছি) এই সম্বন্ধে আমার বলবার হচ্ছে এই যে "পাব্লিক ইউটিলিটি"—এই কথাটির পরে

including public grazing-ground and

চাকরাণ—এই কথাটি যুক্ত করা হোক।

এবিষয়ে আর একটি কথা হচ্ছে যেটা সত্যিকারের আসল জিনিষ। গ্রামের যে চৌকিদার, যে ট্যাক্স আদায় করে, শুধু তা নয় সে আবার গ্রামের "সর্দ্দার" গ্রামের তরফ থেকে সে বহু কাজ করে থাকে, যেমন গ্রামের রাস্তাঘাট পরিষ্কার রাখা, গ্রামের জনসাধারণের স্বার্থে বিবাহ, শ্রাদ্ধ, বারোয়ারী কাজ প্রভৃতি "পাব্লিক ইউটিলিটি"র বহু কাজ এরা করে থাকে যার জন্য তারা দীর্ঘ দিন হতে চাকরাণ জমি ভোগ করে আসছে। "ফ্লাউড কমিশন" যখন এসেছিল, তাদের "রিপোর্ট"-এও দেখা যায় যে এই চৌকিদারই গ্রামের বহু জনহিতকর কাজ করে থাকে। আজ জমিদারী দখল বিলের নাম শুনে বহু জমিদার সেই সব জমি বড় বড় সেলামি নিয়ে বিলি করে দিচ্ছে। সেই জন্য আমি বিশেষ করে "চাকরাণ" কথাটি "ইন-ক্লুড" করার কথাটি বলছি। ১৬ নম্বরে যে কথাটি বলছি--

incumbrance should include rights of a *raiyat* or an under-*raiyat* or of a non-agricultural tenant.

এদের কোন মতেই রেহাই দিতে পারা যায় না।

Sj. Jnanendra Kumar Chaudhury: আমার "এ্যামেণ্ডমেণ্ট" সম্বন্ধে বলতে গিয়ে আমি বলতে চাই যে সব জমিদারই বড় নয়। তাদের মধ্যে অনেক মধ্যস্বত্ব আছে এবং তারা অনেকেই গরু পোষে এবং "কাউশেড" নিজেদের বাড়ীর বাইরে রাখে। অধিকাংশ ক্ষেত্রে বাড়ীর "কম্পাউণ্ড"এর ভিতরে রাখে না। যদের বাইরে একটা গোয়ালের মত করে তাতে গরু রাখে। তাই "কাউশেড" যাতে বাদ না যায় সেই জন্য এই প্রস্তাব আনছি। আজ যখন সরকারপক্ষ থেকে বলা হচ্ছে--অধিক খাদ্য ফলাও, লাঙ্গল চালাও, নিজহাতে চাষ কর, সেখানে যদি আজ "কাউশেড"টা গভর্ণমেণ্ট নিয়ে নেয় সেটা অন্যায় হবে।

তারপর যে জিনিষটা বহু কষ্টে ডাঃ রায়কে বুঝিয়ে কলিকাতা অঞ্চলটা "সিলেক্ট কমিটি"তে ঢুকিয়েছিলাম দুঃখের বিষয় তাহা বাদ হয়ে গেল।

Mr. Speaker: What happened in the Select Committee should not be stated here.

Sj. Jnanendra Kumar Chowdhury: এটা "বাই দি ওয়ে" বলছি। কাজেই আমার যে "এ্যামেণ্ডমেণ্ট"—"কাউশেড" সম্বন্ধে—যদি "এ্যাক্সেপ্ট" করে নেন, তবে ভাল হয়।

[6-55—7-5 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury: আমার ১৮নং "এ্যামেণ্ডমেণ্ট" হচ্ছে এই যে "আণ্ডার-টেনিওর-হোল্ডার" যা আছে তারপর আমি এই জোতদার ও লাটদার শব্দ দুইটি যোগ করে দিতে চাই। এর আগে যে আলোচনা হয়েছে তাতে পরিষ্কার হয়ে গিয়েছে যে জমি যদি বণ্টনের জন্য "এ্যাকোয়ার" করা হয় তাহ'লে এই জোতদার ও লাটদারদের জমি না নিলে এই "এ্যাকুইজিসন বিল" অসম্পূর্ণ থেকে যাবে। এই জন্য নীতি হিসাবে এইটা মেনে নেওয়া উচিত। এই তথ্য স্বীকার করা হয়েছে এবং এই যে "ইণ্টারমিডিয়ারীজ" তার যে "ডেফিনিসন" তাতে দেখা যাচ্ছে যে এই জোতদার ও লাটদারদের হাতে ৪ লক্ষ একর জমি আছে, তাদের অন্ততঃপক্ষে নীতির দিক থেকে, এই ১৮নং "এ্যামেণ্ডমেণ্ট"এ যা দিয়েছি তাতে জোতদার ও লাটদারদের যদি এর মধ্যে টোকান না হয় তাহ'লে অন্যায় হবে। এদিক দিয়ে প্রশ্ন হচ্ছে এই "ইণ্টারমিডিয়ারী"র "ডেফিনিসন"এর ভিতর ঢুকানর দিক থেকে সংবিধানের অসুবিধা

[Sj. Benoy Krishna Chowdhury.]

আছে। এই সম্পর্কে আমরা অনেক অভিজ্ঞ আইনজ্ঞের পরামর্শ নিয়েছি। তাঁরা বলেন যে "কন্সটিটিউসন"এ যে বাধা আছে তাতে "এষ্টেট্স্", এই শব্দটাকে "ডিফাইন" করতে পারে না, তা ছাড়া অন্য কোন অসুবিধা নেই। তাছাড়া আজকে "শর্ট-নোটিশ" হিসাবে যে "এ্যামেণ্ডমেণ্ট" দেবেন বাবু দিয়েছেন, অভিজ্ঞতা থেকে বলা যায় যে সরকার এটা মেনে নেবেন, এতে যেভাবে "ডেফিনিসন" দিতে চেষ্টা করছেন তাতে বুঝা যায় যে লাটদারকে যোগ করে দেবার চেষ্টা করছেন। যদি লাটদারকে "এ্যাকোয়ার" করা যায় তবে কেন জোতদারকে "এ্যাকোয়ার" করা যাবে না।

তাছাড়া বর্গাদারদের কথা—এগুলি একসঙ্গেই বলছি।

Mr. Speaker:

হা, বলুন।

Sj. Benoy Krishna Chowdhury:

এই বর্গাদারদের সম্বন্ধে একটা জিনিষ অনুভব করেছেন এবং আগেও বলেছি যে এই বর্গাদারদের অধিকার দেওয়া সম্পর্কে অনেকেই অনেকদিন ধরে অনুভব করছেন। এমন কি "ফ্লাউড কমিশন" বলেছে যে অন্ততঃপক্ষে "টেনাণ্সী রাইট"এর অধিকার বর্গাদারকে দেওয়া উচিত। "রেণ্ট"র "ডেফিনিসন" এর ভিতরে বর্গাদারের দিক থেকে সেটাকে খাজনা বলে স্বীকার করে নেওয়া হক্। এবং তাকে "টেনেণ্ট" হিসাবে ধরা হক্। সুতরাং এই বর্গাদারদের সম্বন্ধে বলা হচ্ছে যে

West Bengal Bargadar Act, 1950

যেভাবে আছে সেইভাবে করাই ভাল। এই হচ্ছে আমার মোটামুটি কথা।

Mr. Speaker: Do you want to move your amendment, Mr. Gupta?

Hansda, Sj. Jagatpati
Jana, Sj. Kumar Chandra
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Let, Sj. Panchanon
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhusan
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Panigrahi, Sj. Basanta Kumar
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Biren
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Shaw, Sj. Kripa Sindhu
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—122.

Abdul Hameed, Janab Hazi Sk.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Banerjee, Sj. Prafulla
Barman, The Hon'ble Syama Prosad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Saroj Ranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Debendra Chandra
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Gurung, Sj. Nar Bahadur
Haldar, Sj. Kuber Chand
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pasupati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khan, Sj. Sasibhushan.
Khatick, Sj. Pulin Behari
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Mahbert, Sj. George
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prosad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur

Maziruddin, Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mohammad Momtaz, Maulana
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukerjee, Sj. Dhirendra Narayan
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Sambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Platel, Mr. R. E.
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa-Sandeshkhali)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Sj. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 56 and the Noes 122, the motion was lost.

[5-45—5-55 p.m.]

The motion of Sj. Basanta Kumar Panigrahi that the following proviso be added to clause 5, namely:—

"Tanks with 4 sides dedicated for the public benefit by donors for the use of water, fish, pasturage by the public in estate or in interest for preservation of public right."

was then put and lost.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 6.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 6(*1*)(*a*), in line 1, after the word "homesteads" the words "not exceeding five acres in area" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that clause 6(*1*)(*b*) be omitted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause 6(*1*)(*b*), lines 2 and 3, for the words "whether erected by the intermediary or not" the words "of the intermediary" be substituted.

Sir, I beg also to move that for clause 6(*1*)(*c*), the following be substituted, namely:—

"(*c*) Agricultural and non-agricultural land in his *khas* possession as may be desired by the intermediary concerned, not exceeding 25 acres and including any land retained under clauses (*a*) and (*b*)".

Sj. Biren Roy: Sir, I beg to move that for clause 6(*1*)(*c*), the following be substituted, namely:—

"(*c*) non-agricultural lands in his *khas* possession or, tenanted and agricultural lands in his *khas* possession, as may be selected by the intermediary concerned, not exceeding 25 acres inclusive of lands retained as per clauses (*a*) and (*b*)".

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 6(*1*)(*c*), line 2, for the words "fifteen acres" the words "ten acres" be substituted.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that in clause 6(*1*)(*c*), line 2, for the word "fifteen" the word "five" be substituted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 6(*1*)(*c*), in line 2, after the word "area" the words "within the State of West Bengal" be inserted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the first proviso to clause 6(*1*)(*c*) be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in the first proviso to clause 6(*1*)(*c*), line 2, for the words "under clauses (*a*) and (*c*)" the words "under clauses (*a*), (*b*) and (*c*)" be substituted.

Sj. Biren Roy: Sir, I beg to move that in the first proviso to clause 6(*1*)(*c*), line 3, for the words "twenty acres" the words "twenty-five acres" be substituted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in the first proviso to clause 6(*1*)(*c*), line 3, for the words "twenty acres" the words "fifteen acres" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in the first proviso to clause 6(*1*)(*c*), line 3, for the word "twenty" the word "ten" be substituted.

Sj. Biren Roy: Sir, I beg to move that the following words be added to the first proviso to clause 6(*1*)(*c*) at the end, namely:—

> "and in computing the area under this proviso, the area of the holding of the intermediary, if any, exempted under section 1(*2*) will be taken consideration".

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in the second proviso to clause 6(*1*)(*c*), line 1, the word "further" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in the second proviso to clause 6(*1*)(*c*), line 3, for the word "five" the word "three" be substituted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in the second proviso to clause 6(*1*)(*c*), line 3, for the words "five consecutive years" the words "two consecutive years" be substituted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in the second proviso to clause 6(*1*)(*c*), line 5, for the word "may" the word "shall" be substituted.

Sir, I beg also to move that in the second proviso to clause 6(*1*)(*c*), lines 6 to 9, the words beginning with "Government" and ending with "Land Acquisition Act, 1894" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in the second proviso to clause 6(*1*)(*c*), lines 8 and 9, for the words "principles laid down in sections 23 and 24 of the Land Acquisition Act, 1894" the words "provisions of this Act" be substituted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that clause 6(*1*)(*d*) be omitted.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 6(*1*)(*d*), line 2, for the words "twenty-five acres" the words "fifteen acres" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6(*1*)(*d*), line 2, for the words "twenty-five acres" the words "ten acres" be substituted.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that in clause 6(*1*)(*d*), in line 2, after the word "area" the words "within the State of West Bengal" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in the proviso to clause 6(*1*)(*d*), lines 2 to 3, for the words "four consecutive years" the words "two consecutive years" be substituted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in the proviso to clause 6(*1*)(*d*), lines 5 to 8, the words beginning with "upon payment of" and ending with "this Act" be omitted.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in the proviso to sub-clause (*1*)(*d*) of clause 6, in the last three lines, for the words "in accordance with the table specified in sub-section (*1*) of section 16 of this Act" the words "in accordance with the principles laid down in sections 23 and 24 of the Land Acquisition Act, 1894" be substituted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that the following proviso be added to clause 6(*1*)(*d*), namely:—

"Provided that retention of non-agricultural land under sub-clauses (*b*), (*c*), (*e*), (*f*) of clause 6 in excess of 10 acres in area shall automatically disentitle retention of land under sub-clause (*d*) of clause 6; and that in no case, whatsoever, total land, agricultural, or non-agricultural, or both, including homestead in possession of one and the same retainer shall exceed the limit of twenty acres in area".

Sj. Kanai Lal Bhowmick: Sir, I beg to move that the following proviso be added to clause 6(*1*)(*d*), namely:—

"Provided further that if any intermediary retain any land under section 6, he shall in no case be entitled to retain any other land under any other provisions of this Act".

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that for item (*e*) of sub-clause (*1*) of clause 6 the following be substituted, namely:—

"(*dd*) tank fisheries;

Explanation.—'tank fishery' means a reservoir or place for the storage of water, whether formed naturally or by excavation or by construction of embankments, which is being used for pisciculture or for fishing, together with the sub-soil and the banks of such reservoir or place, except such portion of the banks as are included in a homestead or in a garden or orchard and includes any right of pisciculture or fishing in such reservoir or place."

"(*e*) land comprised in tea gardens or orchards or land used for the purpose or livestock breeding, poultry farming or dairy."

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I beg move that in clause 6(*1*)(*e*), line 1, for the words "comprised in tea gardens" the words "actually covered by tea plantations, its factories, residential houses for the management and labourers, or land comprised in" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 6 (*1*)(*e*), line 1, for the word "fisheries" the words "tank or *bundh* fisheries of an area of less than ten acres" be substituted.

Sj. Basanta Kumar Panigrahi: Sir, I beg to move that in clause 6(*1*)(*e*), line 1, after the word "fisheries" the words "except public tank" be inserted.

Sir, I beg to move that in clause 6(*1*)(*e*), line 3, after the words "farming or dairy" the following words be added at the end, namely:—

"so long used as livestock breeding, poultry farming or dairy".

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the following proviso be added to clause 6(*1*)(*e*):—

"Provided that if the land comprised in tea gardens orchards, fisheries, poultry or dairy farms is not used for

[Sj. Subodh Banerjee.]

its respective purpose but is used for ordinary agricultural purposes, the land or part thereof may be resumed by the State subject to compensation determined in accordance with the provisions of this Act".

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that in clause 6(*1*)(*f*), for the words "comprised in" the words "actually required by" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the following proviso be added to clause 6(*1*)(*f*):—

"Provided that the total area of land retained by an intermediary shall not exceed twenty acres".

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in sub-clause (*1*)(*g*) of clause 6, in the last line, after the word "authority" the words ", notwithstanding such land or any part thereof may have been let out by such authority" be added.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 6(*1*)(*h*), in line 2, after the word "institution" the words "or trust" be inserted.

Sj. Basanta Kumar Panigrahi: Sir, I beg to move that in clause 6(*1*)(*h*), line 2, after the word "institution" the following words be inserted, namely:—

"managed by the donor or donors or his or their heirs".

Sj. Nalini Kanta Haldar: Sir, I beg to move that in clause 6(*1*)(*h*), in line 4, after the word "*khas*" the words "as well as tenanted" be inserted.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that in clause 6(*1*)(*i*), line 9, for the figure "1952" the figure "1950" be substituted.

Sir, I beg to move that in clause 6(*1*)(*i*), lines 14 and 15, for the words "clause (*d*)" the words "clause (*c*)" be substituted.

Sir, I beg also to move that in proviso to clause 6(*1*)(*i*), line 2, for the words "clause (*d*)" the words "clause (*c*)" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the following further proviso be added to clause 6(*1*)(*i*):—

"Provided further that no member shall be entitled to retain land more than the limit fixed under clause (*d*)".

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 6(*2*), in line 4, after the words "as a tenant," the words "subject to such terms and conditions as may be prescribed and" be inserted.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 6(*2*), line 8, the brackets, letter and comma "(*a*)," be omitted.

Sj. Cangadhar Naskar: Sir, I beg to move that the following explanation be inserted after the proviso to clause 6(*2*), namely:—

"*Explanation.*—No land which was ever under cultivation shall be considered as fisheries even if the land be submerged for the time being".

Sj. Hemanta Kumar Basu: Sir, I beg to move that the following further proviso be added to clause 6(*2*), namely:—

"Provided further that in case of lands in the municipal area of Calcutta which is held by any person as a proprietor, a tenure or lease-holder, and under-tenure-holder or otherwise and which is governed by Thika Tenancy Act of 1949, the provisions of this Act shall not apply to that case and that all lands, so held, shall vest in the State".

Mr. Speaker: Mr. Tah, you will please speak on all your amendments one by one.

Sj. Dasarathi Tah:

অধ্যক্ষ মহোদয়, এই যে "ক্লজ ৬" এসেছে, এটা সমগ্র দেশের চাষীর পক্ষে যেমন মারাত্মক, তেমনি যারা জমিদার এবং জমিদারদের যারা পৃষ্ঠপোষক অর্থাৎ গ্রাম্য ভাষায় যাদের দালাল বলে, তাদের উল্লসিত হবার কারণ আছে। ডাঃ রায়ের যে শ্রাদ্ধের ফর্দ দেখছি এবং যেভাবে মুক্তহস্তে তিনি জমিদারদের দান করেছেন, তাতে পল্লী-গ্রামের লোকেরা তাকে দাতাকর্ণ বলে মানবে। ("এ ভয়েস": কর্ণপাত করবে না ত?) কারণ এই ৬ এর মধ্যে তিনি যেরূপ মুক্তহস্ত হয়েছেন দেখা যাচ্ছে তাতে সীমা ছাড়িয়ে গেছে। তাতে আমার মনে পড়ে একজন শিক্ষক ও ছাত্র সম্পর্কে যে গল্প প্রচলিত আছে সেই কথা--শিক্ষক ছাত্রের উপর সদয় হয়ে এমন নম্বর দিলেন যে "ফুল মার্কস" ছিল ১০০—ছেলেকে দিলেন ১১০। জিজ্ঞাসা করায় তিনি কৈফিয়ৎ দিয়েছিলেন "খুসীসে ১০ নম্বর দে দিয়া"।

[5-55—6-5 p.m.]

ডাঃ রায় বলেন যে কৃষিজীবিদের জন্য "ল্যাণ্ড টু দি টিলার্স"--একথাটা তিনি প্রায়ই ব'লে থাকেন। কিন্তু ব্যাপার যা দেখছি ক্ষতিপূরণ দিতে গিয়ে তাতে শেষকালে শ্রাদ্ধের ঘৃতাহুতি দিতেও কুলাবেনা। ছাটকাট দিয়ে পশ্চিমবংগে ১ কোটি ২৮ লক্ষ একর জমি রয়েছে আর কৃষির উপর নির্ভরশীল ১ কোটি ৪০ লক্ষ লোক। সুতরাং ভাগ করলে এক একর করেও পড়ে না। রায়তদের জন্য ৩৩ একর করে ধরা হয়েছে, ভবিষ্যতে নাকি ৪০ একর করে দেবেন। সুতরাং এরপরে যে কি অবস্থা আসবে এবং তার উদ্দেশ্য সত্যিকারের কি এখন থেকেই বেশ বোঝা যাচ্ছে। গতকাল যে ঘটনা ঘটেছে এই বিধান সভার একজন স্বতন্ত্র সদস্যের জনবিরোধী সংশোধন গ্রহণ করে----

Mr. Speaker:

প্রত্যেকেই বলে গিয়েছেন, কতবার আর সে কথা বলবেন।

Sj. Dasarathi Tah:

কালকে যে ব্যাখা দিয়েছেন ডাঃ রায় যদি সংসারী লোক হতেন তাহলে এইরকম কাজ করতে পারতেন না। স্বর্গীয় কবির কথায়

"তোমারি দেওয়া নিধি তোমারি কেড়ে নেওয়া
তোমারি শঙ্কিত আকুল পথ চাওয়া।"

যখন "অরিজিনাল বিল" এসেছিল তখন তো এটা ছিল না। কে এমন মাথায় দিব্যি দিয়েছিল যে এটাকে আনতেই হবে। সেটাকে "সিলেক্ট কমিটিতে" একবার দিয়ে কেন ডাঃ রায় আবার কাৎনা টেনে নিলেন--এটা আমি বুঝতে পারিনা। সেই জন্যই আমি মনে করি ওঁর হাতে আমরা নিরাপদ নই। তিনি কৃষকদের প্রতি--সকলের প্রতি বিশ্বাসঘাতকতা করবেন। কালকে এপক্ষে একটা "সেম সাইড" ব্যাপার হয়ে গিয়েছে--আবার এও বলি ডাঃ রায়ের দলেও "সেম সাইড" একটা হয়েছে। "বিল"এ "নন-এগ্রিকালচারাল" উদ্দেশ্যে ১৫ একর জমির কথা বলা হয়েছে; আমার "এ্যামেণ্ডমেণ্ট"এ আমি ৫ একরের কথা বলেছি। আমি সেজন্য পরিষ্কারভাবে একথা বলতে চাই এই ৬ নম্বর "ক্লজ"এর মধ্যে দিয়ে আজ যা এনেছেন "ব্রুট মেজরিটি" দ্বারা তা পাশ করিয়ে নেবেন ঠিক, কিন্তু আমরা তার তীব্র প্রতিবাদ করি এবং সংশোধনের মাধ্যমে আমরা শেষ পর্য্যন্ত--শেষ নিঃশ্বাস পর্য্যন্ত--বাইরে এবং ভিতরে বিরোধিতা করে যাব। এবং আমি বিশ্বাস করি এখানে "কংগ্রেস বেঞ্চ"এ যাঁরা বসে আছেন, যাঁদের কেউ কেউ চিরকাল কৃষকের জন্য সংগ্রাম করে এসেছেন বলে দাবি করেন তাঁরাও এর উপযুক্ত বিরোধিতা করবেন। "ক্লজ ৬।১এ"তে দেখা যাচ্ছে যে, চায়ের বাগানের ফাঁকে ফাঁকে যে সমস্ত জায়গা আছে সেগুলিকে কলকারখানার নাম দিয়ে ছাড়তে চাচ্ছেন না। সে সমস্ত জায়গায় যদি সত্যি সত্যি কলকারখানা হোত, স্কুল, ক্লাব, ডাক্তার, নার্সদের "কোয়াটার"এর জন্য রাখা হোত তাহ'লে এটা যুক্তিযুক্ত হোত। প্রত্যেক ব্যাপারে এমন একটা অবস্থা করে তুলেছেন যে, এই বহু আকাঙ্খিত জমিদারী উচ্ছেদ "বিল" দ্বারা ও জনসাধারণের সত্যিকারের কোন কল্যাণ হবেনা। এবং এটা এমনভাবে আরম্ভ করেছেন যে, শেষ পর্য্যন্ত এটা রূপ নিতে পারবেনা। এই "বিল"এর গোড়া-পত্তনেই তিনি এটাকে যেরকম পঙ্গু করে দিয়েছেন এবং তার শরীরে নানাবিধ রোগের বীজ ছড়িয়ে দিয়েছেন তাতে পশ্চিমবংগের চাষীর কখনো উপকার করা হবেনা। এই বিলে পশ্চিমবংগে জমিদারী প্রথা কখনো যাবেনা, ব্রিটিশ আমলে যা ছিল তাই থাকবে। ৬নং "ক্লজ"এর ভিতর দিয়ে তিনি যেসব জিনিষ এনেছেন তার নমুনা কালকে দেখেছি এবং আজকে তিনি যা আরম্ভ করেছেন এবং কংগ্রেস দলের সকলে যেমন করেই হোক এক বাক্যে তাঁকে "ফলো" করে যাচ্ছেন সেটা দুঃখের বিষয় এবং আতংকের কথা। সুতরাং

[Sj. Dasarathi Tah.]

এই "এ্যামেণ্ডমেণ্ট" গ্রহণ করবার জন্য আমি অনুরোধ করছি এবং মূলনীতি বিরোধী এই ষড়যন্ত্রের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করছি।

Sj. Jyotish Joarder:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই যে "কুজ ৬" সম্বন্ধে আমি "এ্যামেণ্ডমেণ্ট" দিয়েছি সেগুলি সম্বন্ধে এক কথায় বলতে গেলে ১০টি "পয়েণ্ট" আছে। এখানে ১০টি "পয়েণ্ট" আলোচনা করবার সময় হবে না। কাজেই সমস্ত "পয়েণ্ট" এরই আলোচনা করতে হবে অত্যন্ত অল্প সময়ের মধ্যে। আমার যে সংশোধনের বিষয় বস্তু সেগুলি মোটামুটি এইভাবে ভাগ করা যায়--"সাবষ্টিটিউটসন্" ৫টি, "ডিভিসন" ৪টি "এ্যাডিসন্" ১টি। আমি মনে করি এই প্রত্যেকটি "ইণ্টারকনেক্টেড" এবং গুরুত্বপূর্ণ। ৬নং "কুজ" অনুধাবন করলেই এই "বিল"এর প্রধান তাৎপর্য্য দেখা যাবে। জমিদারদেরকে কি রাখতে দেওয়া হবে তা নিয়েই এই "কুজ" এক কথায় বলতে গেলে আমরা সত্যি সত্যি তাঁদের কিছু রাখতে দেব কি? এই "বিল" অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের দেখতে হবে এর পিছনে মনোভাবটা কি? "এগ্রিকালচারাল" এবং "নন-এগ্রিকালচারাল" উভয়ক্ষেত্রে কি উপায়ে আমাদের প্রয়োজনীয় উৎপাদন হতে পারে সেইটে প্রথম বিবেচ্য বিষয় করে তবেই কি রাখা হবে আর কি রাখা হবেনা সেটা বিবেচনা করা উচিত। এর মধ্যে এক নম্বর "সাব কুজ"এ

(*b*), (*c*), (*e*), (*f*) category non-agricultural

এই চারটার মধ্যেই আমরা নিজেদের প্রধান লক্ষ্য "কন্সেণ্ট্রেটেড" করব।

[6-5—6-15 p.m.]

কাজেই প্রথমেই ভাবা দরকার যে কতখানি "নন্-এগ্রিকালচারাল ল্যাণ্ড" থাকলে পর আর কতখানি "এগ্রিকালচারাল ল্যাণ্ড"ও থাকা উচিত হবে। "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড" এরও একটা উর্দ্ধমান, যে এর বেশী কেউ রাখতে পারবেনা, থাকা উচিত, এবং সেই উর্দ্ধমান যারা ভোগ করবেন তাঁরা যেন আর "এগ্রিকালচারাল ল্যাণ্ড"এর মধ্যে না আসেন। এইভাবে আমি প্রথমেই এইসব জমি সম্বন্ধে কয়েকটা "লিমিটেসন"এর কথা বলতে চাই।

প্রথম হচ্চে, "হোমষ্টেড্"।

Clause 6(*1*)(*a*) এর প্রথম লাইনে এ যে "হোমষ্টেড" কথাটা রয়েছে এর মধ্যে কত জমি থাকবে? এই "হোমষ্টেড"এর ভিতর পুকুর, বাগান, খেলার জায়গা ত থাকবেই তাছাড়া লাইব্রেরী, "আউট্ হাউস্" প্রভৃতি যত সব আছে তার কিযে থাকবে, আর কি যে থাকবে না, তার যেন সীমা নাই, এই "হোমষ্টেড"কে সীমা-হীন রাখায় আমার ভয় হচ্চে এটা একটা ভয়াবহ ব্যাপার হয়ে দাঁড়াবে। এর একটা সীমা থাকা দরকার এবং আমার মত হচ্চে সেটার উর্দ্ধমান ৫ একর হোক। পাঁচ একরের উর্দ্ধে কেউ রাখতে পারবেন না। পুকর, বাগান, খেলার জায়গা প্রভৃতি যা কিছু আছে সব এই পাঁচ একরের ভিতর রাখতে হবে, তার বেশী আর "হোমষ্টেড"এর ভিতর আনতে পারবেন না।

তারপরে হচ্চে "নন্-এগ্রিকালচারাল ল্যাণ্ড" --এর মধ্যে এই "কুজ"এর "বি, সি, ডি, ই, এফ্" সবগুলিই এসে পড়ছে। অর্থাৎ "নন্-এগ্রিকালচারাল"এর "ক্যাটিগোরিতে" বাড়ীঘর, চা বাগান প্রভৃতি রাজ্যের যত কিছু আছে সব এসে পড়েছে। এখানে আমার বক্তব্য হচ্চে "এগ্রি-কালচারাল" জমি পেতে চাইলে কোন ক্ষেত্রেই ১০ একরের বেশী "নন্-এগ্রিকালচারাল" জমি তাদের কাছে রাখা যেতে পারবে না, অবশ্য "হোমষ্টেড্" ছাড়া। এবং এই ১০ একরের বেশী "নন্-এগ্রিকালচারাল ল্যাণ্ড" যারা রাখবেন তারা কিছুতেই আর "এগ্রিকালচারাল ল্যাণ্ড"এ যেতে পারবেন না। অবশ্য ইচ্ছা করলে এই ১০ একরের সীমার মধ্যে যত কম একর খুসী "এগ্রিকালচারাল লেণ্ড" তাঁরা রাখতে পারেন। তা না হলেই অপচয় হবার আশঙ্কা রয়েছে। আমাদের যা উদ্দেশ্য "ইণ্টেন্সিভ্ কালটিভেসন্" ও "ইণ্টেন্সিভ প্রডাক্সন" সেটা "ফিসারি" দিয়েই হোক, বা "ফ্যাক্টরী" দিয়েই হোক, যেভাবে তারা করতে চান করুন, আর তারা যদি "এগ্রিকালচারাল ল্যাণ্ড"এ এই "ইণ্টেন্সিভ প্রডাক্সন" চান তাহ'লে তারা কম করে "নন্-এগ্রিকালচারল ল্যাণ্ড" নিন। নচেৎ "নন্-এগ্রিকালচারাল ল্যাণ্ড" উর্দ্ধসীমা ১০ একর এর বেশী নিয়ে আবার "এগ্রিকালচারাল"এর মধ্যে এলে, অপচয় ছাড়া কিছু হবে না।

আর একটা ধারা আছে, সেটা হচ্চে "এগ্রি-কালচারাল ল্যাণ্ড"। এখানেও "হোমষ্টেড"এর কথা এসে পড়ে। আগে যে আমি "হোমষ্টেড"এর কথা বলেছি—উর্দ্ধ সীমা ৫ একর। যদি কেউ ইচ্ছা করেন তিনি এক একর নিতে পারেন, কিন্তু কোন ক্ষেত্রেই পাঁচ একরের বেশী নিতে পারবেন না। যারা শুধু "কালটিভেট্" করবার জন্য "এগ্রিকালচারাল ল্যাণ্ড" নেবেন তারা পাবেন ১৫ একর, এই ১৫ একর সব চেয়ে বড় জমি এবং এর জমি বেটা সেটাই নিতে পারবেন।

কিন্তু পূর্বে যে "নন্-এগ্রিকালচারাল ল্যাণ্ড" সম্বন্ধে বলেছি যে ১০ একরের উর্দ্ধে কেউ পাবেন না, যারা সেই উর্দ্ধ সীমা নেবেন, এবং যাঁরা নাকি তার চেয়ে কম নেবেন তাঁরা উভয়েই "হোমষ্টেড্" ধরে "ম্যাক্সিমাম" ২০ একরের বেশী "ল্যাণ্ড" পাবেন না। অর্থাৎ ৫ একর "হোমষ্টেড্" সবার জন্যই "ম্যাক্সিমাম" যাঁরা শুধু "এগ্রিকালচারাল ল্যাণ্ড" নেবেন তারা পাবেন "হোমষ্টেড্" ৫ একর ও "এগ্রিকালচারাল ল্যাণ্ড" ১৫ একর—এই ২০ একর "ম্যাক্সিমাম"। যাঁরা "এগ্রিকালচারাল" ও "নন্-এগ্রিকালচারাল" মিলিয়ে ১০ একর নেবেন, তাঁরা পাবেন "হোমষ্টেড্" ৫ একর এই কুড়ি একর। অর্থাৎ কারো জন্য যাবতীয় ক্ষেত্র বিবেচনায় "হোমষ্টেড্" সহ "টোটাল এরিয়া" ২০ একরের বেশী হবে না।

আশাকরি আমার কথার তাৎপর্য্যটা বুঝতে কারোই অসুবিধা হবে না। আমি চাই যে দেশের জমিতে ফসল হোক "ম্যাক্সিমাম"। আমরা যে জমি যাকে দেব সেই যেন সে জমিতে "ইন্‌টেনসি প্রডাক্সন্" করতে পারে, সমগ্র জাতির স্বার্থের দিক দিয়ে আমি এই কথাটা বলছি যাকে যে জমি দেব, তিনি বাধ্য থাকবেন সেই জমির "ম্যাক্সিমাম ইউটিলিটি"র জন্য এবং কোন দিক দিয়েই যেন কিছু মাত্র অপচয় না হয় সেদিকে সতর্ক থাকবেন। আমি চাই "ইণ্টেন্সিভ প্রডাক্সন", সে "এগ্রিকালচারাল ল্যাণ্ড"এ ফসলের দিক দিয়েই হোক, বা "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড"এ "ফিসারী", "ফ্যাক্টরী" প্রভৃতিতেই হোক। সুতরাং বুঝতে অসুবিধা নেই যে "কাল্‌টিভেসন" কথাটা আমি এখানে "ওয়াইডার সেন্সে"এ বলেছি। আমি "এগ্রি-কালচারাল" ও "নন-এগ্রিকালচারাল" দুটোই "কভার" করে বলছি এই জন্য এতে "প্রোডাক্টি-ভিটি"টা "ম্যাক্সিমাম" করবার একটা "ইনিসিয়েটিভ" থাকবে। তাছাড়া এতে "কোঅপারেটিভ"এর ও একটা "ইনিসিয়েটিভ্" আসবে কারণ ২০ একরের বেশী জমি যখন কেউ তারা পাচ্ছেন না তখন জমিদাররা যদি ভালো করে, বড় করে কিছু করতে চান তাহ'লে বাধ্য হবেন পরস্পরের সঙ্গে মিলে মিশে এক যোগে কাজ করতে। এতকাল আমরা কি দেখেছি—তাঁরা পরস্পরের সঙ্গে সামান্য সামান্য ব্যাপার নিয়ে কেবল "লিটিগেসন" করেছেন, জিদের বশবর্ত্তী হয়ে, অনর্থক "লিটিগেসন" চালিয়ে কত জমিদার ধ্বংস হয়ে গেছেন তার খবর আমরা রাখি। যথেষ্ট অর্থ যখন থাকে তখন স্বভাবতই লোকের অপচয়ের দিকে মেজাজ যায়। খেয়াল-খুশীমত যা তা করে বসে। সেই সব জমিদাররা যদি ২০ একর করে প্রত্যেকে পেলে "আউট অব্ নেসেসিটি" হয়ত "কো-অপারেটিভ"এর দিকে ঝুঁকে পড়বেন। এই ভাব থেকে আমার এ প্রস্তাব "এগ্রিকালচারাল কো-অপারেটিভের" একটা "আইডিয়েল কেস্"।

তারপরে আমি দেখতে পাই যে এই "বিল"এর এক নং ধারায় (c) ও (d) উপধারাতে দুটো "প্রভাইসো" রূপে রয়েছে মূলতঃ সাব্যস্তিত বিরোধী একটি ব্যবস্থার দাবী সেখানে দুটা ভাগ—"নন-এগ্রিকালচারাল এণ্ড এগ্রিকালচারাল"এর ক্ষেত্রে আছে যারা নাকি জমি পতিত রাখবেন, যে জমি তাদের "রিটেনসান"এর "রাইট"এ তাঁদেরকে দেওয়া হবে, তাঁরা যদি সেই জমি পতিত রাখেন সে "এগ্রিকালচারাল" জমিই হোক বা "নন-এগ্রিকালচারাল" জমিই হোক তাতে যদি তারা ফসল না ফলান, দু'ভাগের সম্বন্ধেই বলা হয়েছে পাঁচ বছর সময় তাঁদের দেওয়া হয়েছে। একাধীক্রমে এই পাঁচ বছরব্যাপী তারা যদি সেই জমি পতিত ফেলে রাখেন তাহ'লে আর তাদের সেগুলো "রিটেন" করতে দেওয়া হবে না। এটা আমি মনোভাবের দিক থেকে মনে করি একটা মেজার "পিউনিটিভ"। এই জন্য আমি ধন্যবাদ দিচ্ছি, কিন্তু এই "পিউনিটিভ" মেজারটা অর্থপূর্ণ যদি এইরকম ভাবে থাকে যে আমরা বিশেষ অবস্থায় জমি কেড়ে নেবো, তাহ'লে পরেই জমিকে সত্যিকারের "প্রোডাক্টিভ" করতে তাঁরা বাধ্য হবেন। সঙ্গে সঙ্গেই এই ধারার উপর আমার বক্তব্য হচ্চে যে, যা আমার "অ্যামেণ্ডমেণ্ট"এ বলেছি, পাঁচ বছর সময়টা অত্যন্ত দীর্ঘ। এইখানে যদি সময় দিতেই হয় তাহ'লে দু'টো ফসল এর সময় দিলেই যথেষ্ট হতো। তবু আমি সেখানে বাড়িয়ে দিয়েছি দু'টো বছর কারণ একটা বছরে কোন রকম "ন্যাচারাল ক্যালামিটি"তে কোন দুর্ঘটনা ঘটে এমনও হতে পারে। সেই জন্য দু'বছর সময় আমি দিতে চাই। খাদ্যাভাবে আমরা বিশেষ করে মরে যাচ্ছি সে অবস্থায় দীর্ঘ পাঁচ বছর সময় জমি ফেলে রাখতে দেওয়ার কোন মানে হয় না। আর এইসব জমি নেবার জন্য যেন কোন "কম্পেনসেসন্" দেওয়া না হয় একথাটাও থাকা দরকার। তাহ'লেই এটা সত্যিকারের "পিউনিটিভ" ব্যাপার হবে এবং "প্রডাক্সন"এরও জাতীয় স্বার্থের দিক দিয়ে একটা "ইনিসিয়েটিভ্" লাভ হবে। এই সঙ্গে আরো একটা কথা আমি এখানে বলে রাখছি যে জমিদাররা পুরুষানুক্রমে আলস্যপরায়ণ। তাঁদের সেই চিরাচরিত আলস্য ত্যাগ করে তাঁরা যে হঠাৎ হন্তদন্ত হয়ে হঠাৎ কাজে লেগে যাবেন সে আশা করা যায় না। সেই জন্য একটা "পার্সুয়েশন"এর ভার তাদের উপর রাখা আমি সঙ্গত মনে করি। তাহ'লেই তারা বাধ্য হবেন "প্রডাক্সন" করতে। "ইণ্টার

[Sj. Jyotish Joarder.]

মিডিয়ারী"রা তখন ভাববেন "ইণ্টেন্সিভ প্রডাক্সন্" যদি করতে হয় এবং আমরা যদি একত্র হই তাহ'লে একটা মস্ত সুবিধা রয়েছে "কো-অপারেটিভ"। সেই জন্যে দুই বৎসরের পর "উইদাউট্ কম্পেন্সেসন্"এ জমি নিয়ে যাবে এই ভয় থাকলে "কো-অপারেটিভ"এর দিকে জমিদারদের একটা "ইনসেনটিভ"ও দেওয়া হচ্চে।

তারপর ডাঃ রায় সেদিন পরিষ্কার হিসাব দিয়ে বলেছেন; আমরা সেই হিসাবই ধরে নিচ্ছি, চার লক্ষ একর জমি নিয়ে তার কারবার; সেই চার লক্ষ একর জমি; তারি মধ্যে আবার ভাগ বাঁটোয়ারাতে যেমন খুশী "ফরটি-ফাইভ্ একর জমি এগ্রিকালচারাল" এবং "নন-এগ্রিকালচারাল" মিলিয়ে "ইণ্টার-মিডিয়ারী"রা "রিটেনসন" করতে পায় তাহলে ডাঃ রায়ের "প্র্যাক্টিক্যালি" কোন কাজ আর থাকবে না। এই "বিল"এরও আর কোন প্রয়োজন থাকবে না। কারণ "অ্যাকুইজিসন" করার মত জমি খুব কমই থাকবে তখন। সেই জন্য আমি বলবো কাপ্তীয় গভর্ণমেণ্ট তাদের জমি "অ্যাকুইজিসন" করার যে "এনকোয়ারী কমিটি" করেছিলেন তারা যে "রেকমেণ্ডেসন" করেছিলেন তাতেও সেখানে দেখতে পাই তারা দু'বছর সময় দিয়েছেন। ঠিক দু'বছর নয়। দুটো "ক্রপ" যদি তারা "ফেল" করে তাহ'লে সেখানে জমিটা নীলাম হবে। আমাদের উদ্দেশ্য হচ্চে "ন্যাশানাল ইণ্টারেষ্ট" দেখা। তার মানে "ম্যাক্সিমাম্ প্রোডাক্টিভিটি অব দি ল্যাণ্ড"। সেই জন্য আমি আবার বলছি যেমন খুশী তেমন ভাবে বিতরণ করে দেবার বন্দোবস্তের কথা আমরা কখনও ভাবতে পারি না।

[6-15—6-25 p.m.]

এইভাবে থেকে আমি মনে করি যে আমি তো আমার যুক্তি এখানে উপস্থিত করলাম। আমরা দেখছি যে আমাদের এই "এ্যামেণ্ডমেণ্ট"এর যা ভাগ্য এবং আমাদের যুক্তির যা ফল তা একটা "সরকারী ষ্টীল ফ্রেম" ভেদ করে আর তো পৌছায় না। কাজেই এখানে আমরা বলার যে একটুখানি অধিকার পাই, সেটুকু টানাটানি করে দু'চার মিনিট বলতে পারা যায়। সেখানে দুঃসাহস না থাকলে আর বারে বারে যুক্তি অবতারনার আর কোন অর্থ হয় না। অকংগ্রেসী সভ্যদের যুক্তি তো এখানে ব্যর্থ। কারণ এখানে যখনই কিছু গ্রহন করতে হবে, সেটা কংগ্রেস যদি "সেটল" করে না থাকে আগের থেকে, তাহ'লে সেটার আর কোন আশা নাই এবং সেই ভাবেতেই যখন এখানকার হাল চলছে, অথচ এই কথাটাই বারে বারে বলা হয়। "এসেম্বলীতে" আমরা যখন আসি, তখন সব "পার্টি" ভুলে গিয়ে একটা "এসেম্বলি" একটা "নেশেন", আমাদের আদর্শ হয়ে দাঁড়ায় এটা কংগ্রেসীদের ও দেশ, আমাদের ও দেশ। এমনি দৃষ্টি ভঙ্গী নিয়ে যখন বিচার করি তখন আমরা দেখতে পাই আমাদের জাতীয় স্বার্থ এক হতে বাধ্য "স্পীকার" মহোদয়কে কেন্দ্র করে যখন এখানে দাঁড়িয়ে চিন্তা করবো "ন্যাশন্যাল ইণ্টারেষ্ট"এ, তখন যেটা যুক্তিসঙ্গত, সেটাই ভাল হবে, সেটাতে কংগ্রেসের বাণী থাকুক আর না থাকুক, সেটা কংগ্রেসকে গ্রহণ করতেই হবে। জাতি আগে, না কংগ্রেস আগে এই প্রশ্নটাই আমার মনে হচ্ছে। আমরা বিরোধী সদস্যদের তরফ হতে যে "এ্যামেণ্ডমেণ্ট" দেই, সে বিষয়ে যুক্তিপূর্ণ আলোচনাও করি, কিন্তু কাজে সেই কথা কোথায় যায়? জয় হিন্দ্।

Mr. Speaker: Mr. Sasabindu Bera, you have got only one short amendment; you speak for two minutes.

Sj. Sasabindu Bera: I have got four amendments—56, 74, 96 and 123.

Mr. Speaker: All right.

Sj. Sasabindu Bera:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমার এই "ক্লজ সিকসের" যে "অ্যামেণ্ডমেণ্ট" গুলি তার প্রথমটা হচ্ছে "৬(১)(বি)" টা একেবারে বাদ দেওয়ার জন্য। "ক্লজ ৬(১)(বি)"তে বলা হয়েছে—

"Land comprised in, or appertaining to, buildings and structures, whether erected by the intermediary or not"

ইণ্টারমিডিয়ারীর থেকে যাবে। সরকার তাতে হস্তক্ষেপ করবেনা।

সরকার এই "ক্লজ"এ "১(এ)" এবং "১(সি)"তে ইণ্টারমিডিয়ারীদের যথেষ্ট জমি হাতে রাখবার সুযোগ দিচ্ছেন। তারপর "১(ই)"তে আরও বহু জমি রাখবার সুযোগ দেওয়া হচ্ছে। "বিল"এ "প্রভিসান" রয়েছে "৪৫ একারস অব ল্যাণ্ড" পর্যন্ত তারা রাখতে পারবে। "১(ই)" এবং এই "১(বি)" মারফৎ তারও বেশী কিছু জমি রাখারও সুযোগ দেওয়া হচ্ছে। "ফরটি-ফাইভ একারস অব ল্যাণ্ড"এর বিরুদ্ধে আমাদের "অ্যামেণ্ডমেণ্ট" রয়েছে। একজনের হাতে এত জমি দিলে প্রকৃত কৃষকদের মধ্যে বন্টনের জন্য জমি পাওয়া যাবে না। তার উপর "১(বি)" ও "১(ই)"

ব্যতীত "ইন্টারমিডিয়ারী" কে বেশী জমি দেওয়ার ব্যবস্থা রয়েছে। তা তাদের দেওয়া যেতে পারেনা। "ক্লজ (১)(বি)" তে এই যে "ষ্ট্রাক্চার" কথাটা আছে এটা এত "ভেগ" যে তার মারফতে যে কোন রকমের একটা "ষ্ট্রাকচার" খাড়া ক'রে "ইন্টারমিডিয়ারী" বহু "ল্যাণ্ড" তার আয়ত্তে রাখতে পারবে। আবার বলা হ'য়েছে,

"Structure or buildings erected by the intermediary or not"

যদি অন্য কারও দ্বারা তৈরী "ষ্ট্রাকচার" বা "বিল্ডিং" হয় তাহলেও "ইন্টারমিডিয়ারী" তলীয় বা সংলগ্ন জমিতে তার স্বত্ব রক্ষা করতে পারবে। এইযে ব্যবস্থা রয়েছে "৬(১)(বি)" তে এরদ্বারা জনসাধারণের স্বার্থ, বিশেষ করে প্রজাসাধারনের স্বার্থ, ব্যাহত হবে। "ইন্টারমিডিয়ারী" নিজেদের-বাস্ত ঘর বাড়ী মারফৎ অনেক জমি রেখে দিতে পারছে, তারপর আবার "ষ্ট্রাক্চার" মারফতও অনেক জমি রাখতে পারবে। "ইন্টারমিডিয়ারী"র ভূমির উপর যদি কোন প্রজা কোন বাড়ী তৈরী করে থাকে, তাহ'লে সে বাড়ীর জন্য "ইন্টারমিডিয়ারী" সেই "ল্যাণ্ড"এর উপর স্বত্ব রাখতে পারবে, এটা হতে পারে না। এই ব্যবস্থার দ্বারা সেই জমির উপর প্রজার কোন অধিকার আসছেনা ব'লে, তার অবস্থা আগের মতই থেকে যাবে। কোন উন্নতিই হবেনা। যে ভূমি সংস্কার আইন আসবে বলা হ'চ্ছে সেই "ল্যাণ্ড রিফর্ম"এর আওতায় এই সব প্রজা আসতে পারবে না। "ইন্টারমিডিয়ারী"র নিজের জমির উপরে যে সকল প্রজা বাস করে তাদের খাজনার হার অন্যান্যের তুলনায় ঢের বেশী। কাজেই বরাবরই তাকে সেই চড়া হারে খাজনা দিয়ে আসতে হবে। তার কষ্টের কোন লাঘব হবে না। এর দ্বারা "ইন্টারমিডিয়ারী"র পূর্ণ স্বত্ব রক্ষিত হবে। এত দিন এই সমস্ত প্রজারা যে দুর্দশার মধ্যে ছিল, এই ব্যবস্থায় তাদের দুঃখদুর্দশার মাত্রা আরও বেড়ে যাবে, তাদের কোন উপকার হবে না।

আর একটা কথা আছে "৬(১)" তে যে সমস্ত "সাব-ক্লজ" রয়েছে, তার মধ্যে এত অসঙ্গতি রয়েছে, যেগুলি দৃষ্টিপাত করলেই ধরা পড়ে। আমরা ভাবতেই পারি না এগুলি কিকরে আসতে পারে। যদি "৬(১)(বি)" মারফৎ

and comprised in structure and buildings

রেখে দেওয়া হয় "ইন্টারমিডিয়ারী"এর হাতে, তাহলে "ইন্টারমিডিয়ারী"র "রাইটস ইন হাটস এণ্ড বাজারস" কি করে যাবে? যদিও clause 5(a)(ii) বলছে "ইন্টারমিডিয়ারী"র "রাইটস ইন হাটস এণ্ড বাজারস" নিয়ে নেওয়া হবে। হাট এবং বাজার বলতে শুধু এক খণ্ড জমিকে বোঝায় না। সেখানে কতকগুলি "শেড্‌স্" থাকে, ঘর থাকে। ঐ সমস্ত "ষ্ট্রাক্চার্স এণ্ড বিল্ডিংস"এর জন্য "ইন্টারমিডিয়ারী"র "ইন্টারেষ্ট" নিজের হাতে থেকে যাবে। এই রকম "কণ্ট্রাডিক্সন" আরও আছে। "৬(১)(বি)" দ্বারা "ইন্টারমিডিয়ারী"রা "ফিশারীজ রিটেন" করতে পারবে। অথচ ক্লজ clause 5(a)(ii) বলছে "ফিশারী"র "রাইটস" নেওয়া হবে। এই সমস্ত অসঙ্গতি বিচার করে আমি বলতে চাই এই বিল ঠিক হয় নাই। "৬(১)(বি)" এখানে থাকতে পারে না। "ল্যাণ্ড" এবং তার সঙ্গে সংযুক্ত "ষ্ট্রাকচার, বিল্ডিংস্" ধরে নিয়েও "ল্যাণ্ড" ও "ষ্টেট"এর মাঝখানে কোন রকম "ইন্টারমিডিয়ারী" থাকতে পারেনা। সমস্ত "ল্যাণ্ড"এর উপর "ডাইরেক্ট্ হোল্ড" থাকবে প্রজাদের, এবং প্রজাদের সঙ্গে "ডাইরেক্ট কনেক্সন" থাকবে "ষ্টেট"এর। "ক্লজ ৬(১)(বি)" এবং "৬(১)(সি)"এর আওতায় এক শ্রেনীর "ইন্টারমিডিয়ারী" অন্য শ্রেণীর চেয়ে বিশেষ সুযোগ পাবে। এক শ্রেণীর "ইন্টারমিডিয়ারী"কে যদি এই রকম সুযোগ-সুবিধা দেওয়া হয়, তাহলে অন্য শ্রেণীর "ইন্টারমিডিয়ারী"র সঙ্গে এদের একটা অর্থনৈতিক দিক দিয়ে শ্রেণী বিভাগ করা হবে। ফলে দুই শ্রেণীর "ইন্টারমিডিয়ারী"র মধ্যে একটা স্বাভাবিক বিরোধের সৃষ্টি হবে। আমি মনে করি একই অবস্থার সমস্ত মানুষকে একই অবস্থার মধ্যে আনা উচিত। "ক্লজ (১)(বি)"এর মত একটা জিনিষ এই "বিল"এর মধ্যে থাকা উচিত নয়।

তারপর আমার পরবর্তী "অ্যামেণ্ডমেন্ট" "সেভেন্টি-ফোর এণ্ড নাইনটি-সিক্স্" একসঙ্গে বলছি—"৬(১)(সি)"এর "প্রভিসো"তে ২০ একরের জায়গায় ১৫ একর করা হোক, এবং "৬(১)(ডি)" তে ২৫ একরের জায়গায় ১৫ একর করা হোক, এই আমার কথা। আমার বক্তব্য হচ্ছে আমাদের যে "ডার্থ অব ল্যাণ্ড", এ কথাটা সকলেই স্বীকার করছি। সে বিষয় বেশী কথা বলতে চাইনা। বাস্তবিকই যদি জমির অভাব হয়, তবে কম পরিমান জমি দিয়ে যাতে একটা "একনমিক্ হোল্ডিং"এর ব্যবস্থা করে রাখা যায় তার ব্যবস্থা করা উচিত। যে ৪৫ একর জমি রাখার ব্যবস্থা করা হয়েছে তার মধ্যে ২০ একর "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড" ও ২৫ একর "এগ্রিকালচারাল ল্যাণ্ড" এটা বলিতে

[Sj. Sasabindu Bera.]

"চৌটাঙ্" ৩০ একর করা হোক এই আমার "এ্যামেণ্ডমেন্ট"র উদ্দেশ্য। আশা করি এগুলি গ্রহন করা হবে।

তারপর ১২৩নং "অ্যামেণ্ডমেন্ট"এ বলছি। "ক্লজ ৬(২)"তে

Not only, and brackets under (*a*), as you say, Sir, I have asked to omit (*a*), in sub-clause (*2*) in clause 6.

যে "ইন্টারমিডিয়ারী" জমি "হোল্ড" করবে তার যে "হোমষ্টেড" তার খাজনা সেখানে থাকবেনা, "৬(২)"তে এই রকম বলা হয়েছে। এটা অসঙ্গত বলে মনে করি। "ইন্টারমিডিয়ারী"র অবস্থা অনেক ভাল এদেশের অন্যান্য বাসিন্দার চেয়ে। এই "এ্যামেণ্ডমেন্ট" যদি গ্রহন না করা হয়, তাহলে এর দ্বারা "ইন্টারমিডিয়ারী" একটা মোটা পরিমান জমি হাতে রাখবে যার কোন খাজনা লাগবেনা। এই "বিলে"এ পরে একটা "প্রভিশান" রয়েছে "ক্লজ ৩৮"এ যে, যে সমস্ত জমির খাজনা নাই বা কম খাজনা আছে, সেখানে খাজনা বৃদ্ধি করা হবে। দেখছি সাধারন লোকের বেলায় খাজনা বৃদ্ধি করা হবে। সাধারণ মানুষের অন্ন বাস্তর জন্য খাজনা দিতে হবে। আর অপেক্ষাকৃত সম্পন্ন একজন "ইন্টারমিডিয়ারী"র একটা বৃহৎ বাস্তর জন্য খাজনা দিতে হবেনা। এখানে কেন বৈষম্য রয়েছে তা বুঝতে পারিনা। তারা "হোমষ্টেড"এর জন্য "ষ্টেট"কে খাজনা দেবে এই "এ্যামেণ্ডমেন্টে"এর বক্তব্য। সমস্ত "ল্যাণ্ড" যখন "ষ্টেট"এর তখন সকলে "ইকুয়াল ইন্টারেষ্ট" নিয়ে, সমান সুযোগ সুবিধা নিয়ে, সেটা ভোগ করবে, কোন বৈষম্য সেখানে থাকবেনা, এই হচ্ছে আমার কথা। কাজেই "৬(২)"তে ("এ")টা তুলে দেওয়া হোক এই আমার অনুরোধ।

[6-25—6-35 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই "বিলে"এ যতগুলি গুরুত্বপূর্ন "ক্লজ্" আছে, এই "ক্লজ্"টা তাহার মধ্যে একটি। এখন এই "বিল"এ "ল্যাণ্ড এ্যাকোয়ার" করার কথা বলা হয়েছে কিন্তু এই "ক্লজ্ ৬"এ "এ্যাকুইজিসন" করার চাইতে ছেড়ে দেওয়ার উপরেই বেশী জোর দেওয়া হয়েছে। এখানে নীতির দিক থেকে একটা কথা ভাববার বিষয়। নীতির দিক থেকে যারা জমি চাষ করছে, তাদেরকে, না যারা জমুক্ত, যারা [illegible] মোক মারফৎ চাষ করবে সেই রকম মধ্যস্বত্বভোগীদের জমি দেওয়া উচিত সেটা ভাববার বিষয়। কারন এটা সত্যই যে বাংলা দেশে জমির পরিমান খুবই কম; যারা জমি চাষ করে, যারা নিজেরা পরিশ্রম করে খাবার তৈরি করে, তাদের পক্ষে পর্য্যাপ্ত পরিমানে জমি নেই। এখানে মাননীয় প্রধান মন্ত্রীমহোদয় নিজেও স্বীকার করেছেন এবং হিসাব দিয়েছেন যে বাংলার সমস্যাকে একমাত্র কৃষি দ্বারা সমাধান করা যাবে না। কৃষির সাথে সাথে প্রকাণ্ড সহযোগী হিসাবে শিল্প সৃষ্টি ও প্রসার করতে হবে। সেই জায়গায় এই মধ্যস্বত্বভোগীকে অন্য ক্ষেত্রে তাদের জীবিকা অর্জ্জনের সুবিধা দেওয়া উচিত ছিল। কিন্তু তা না করে, এমনিভাবে তাদের হাতে জমি ছেড়ে দেওয়া হচ্ছে যে বন্টনের জন্য জমি আদৌ থাকছেনা

Mr. Speaker: On which amendment you are speaking.

Sj. Benoy Krishna Chowdhury:

হাঁ, এটা হচ্ছে আমার

No. 58—Amendment

সেইজন্য আমার বক্তব্য হচ্ছে প্রথমেই নীতির দিক থেকে—প্রধান মন্ত্রী মহাশয় যিনি এই "বিল"টা "পাইলট" করছেন তার দেখা উচিত যে মধ্যস্বত্বভোগী, যারা কৃষিব্যবস্থার সঙ্গে সাক্ষাৎভাবে সংশ্লিষ্ট নয় তাদেরকে জমি দিয়ে যারা কৃষির সঙ্গে সাক্ষাৎভাবে জড়িত তাদের জমি পাওয়ার পথ যাতে রুদ্ধ না হয়। ভবিষ্যতে যে "বিল" আসছে সেই "বিল"এর প্রয়োজনীয় ব্যবস্থা যদি এই "বিল"এর মারফৎ করতে হয়, তাহলে দেখা যাবে এই "বিল"এ এমন কতকগুলি ব্যবস্থা করা হচ্ছে যার জন্য সেই জমি বন্টনের পথে প্রতিবন্ধক সৃষ্টি হচ্ছে। সেজন্য নীতির দিক থেকে এটা ভাবা উচিত যে এইভাবে জমি দেওয়া ঠিক হবে কি না। যদি কোন ক্ষেত্রে দেখা যায় যে জীবিকানির্বাহের জন্য আর কোন পথ নেই তাহ'লেই দেওয়া কিছুটা উচিত অন্যক্ষেত্রে নয়। দ্বিতীয় "জয়েন্ট কমিটী"র আলোচনার সময় লক্ষ্য করেছি যখনই জমি ছেড়ে দেবার কথা উঠেছে তখনি আমরা দেখেছি জীবিকা অর্জ্জনের জন্য "ইন্টারমিডিয়ারী"দের ২০ "একর" বা ৬০ বিঘা জমি, "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড"এর ব্যবস্থা করা হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে "এগ্রিকালচারাল এণ্ড নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড" মিলে ৪৫ "একর" বা ১৩৫ বিঘা জমি তাদের ছেড়ে দেওয়া হচ্ছে। এখন জমি বাংলাদেশে কতখানি পাওয়া যাবে সেটা ভাববার বিষয়। বন্ধুর জানেন আমি চাষের উপর

বিবেচনীল বহু লোক আছে এবং এরা "ইন্টারমিডিয়ারীজ" যে পরিমাণ ছেড়ে দিতে চাইছেন তাদিয়ে সেই কৃষকদের জন্য জমি উদ্বৃত্ত থাকবে কিনা সেটা প্রধান মন্ত্রীমহাশয় বোটেই ভেবে দেখেন নি। এখানে একটা কথা বলা অপ্রাসঙ্গিক হবেনা যে পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলা হয়েছে যে ১১ "একর" জমি চাষযোগ্য হবে কিন্তু সেই জমি চাষে আনবার দিকে এদের কোন নজর নেই। বীরভূম, বর্দ্ধমান, হুগলিতে যে সমস্ত জমি বর্ত্তমানে চাষ হচ্ছে সেগুলি দেওয়ার ব্যবস্থা হচ্ছে কিন্তু যে জমি বর্ত্তমানে চাষ হয় না—সেই যে ১১লক্ষ "একর" জমি সে দিকে লক্ষ্য দেওয়া হচ্ছে না। সেই জন্য ছোট ছোট "ইরিগেসান প্রজেক্ট"এর দ্বারা সেই জমি নেওয়া হ'ত তাহ'লে সুবিধা হ'ত কিন্তু সে দিকে এদের নজর নেই। সেই জন্য আমার "এ্যামেণ্ডমেন্ট" দিয়েছি যাতে একজন লোক ২৫ "একর"এর বেশী জমি না রাখতে পারে। সেই জন্য আমার "এ্যামেণ্ডমেন্ট"এ আছে।

"***agricultural and non-agricultural land in his *khas* possession as may be desired by the intermediary concerned not exceeding 25 acres and including any land retained under clauses (*a*) and (*b*)."

সুতরাং আমার মতে একই ব্যক্তিকে অকৃষি ও কৃষি উভয় প্রকার জমি রাখতে দেওয়া সমীচীন হবে না। যদি কেহ কৃষিকাজের জন্য জমি রাখতে চান তবে তিনি অকৃষি জমি রাখতে পারবেন না এবং "এগ্রিকালচারাল ও "নন-এগ্রিকালচারাল" মিলে—"ইন্ডিভিডিং হোলডেড" যেন ২৫ "একর"এর বেশী না হয়। তারপর আপনারা অনেকেই জানেন

tea-gardens, orchards, live-stocks, breeding-ground

প্রভৃতি ছেড়ে দেওয়া হবে। তা যদি হয় তাহ'লে অনেকে প্রকাণ্ড প্রকাণ্ড বাগান করে বহু জমি রেখে দিতে পারবে যেমন মালদহেতে ২-৩ শত "একর" নিয়ে আমবাগান করে রেখেছে এরকম যদি হয় তবে যে কোন জায়গায় তারা অল্প পয়সায় "বিল্ডিং" করে সেসমস্ত "ফ্লাট" করে রেখে দেবার চেষ্টা করবে সেইজন্যই আমি আমার ৫৭ নম্বরের "এ্যামেণ্ডমেন্ট" এনেছি

"Not exceeding 15 acres and excluding any land whether erected by the intermediary or not."

[6-35—6-45 p.m.]

এর দ্বারা সুবিধা দেওয়া ছাড়া আর কি কারণ থাকতে পারে বুঝিনা। [illegible]

66-69 consequential change

হিসাবে আছে, "৮৬"এ "বে" জায়গায় "গ্যাল" আছে। "৮৬"এ "beginning with Government and ending with Acquisition Act"

এই জিনিষটা দেখা দরকার, কারণ এই "ল্যাণ্ড এ্যাকুইজিসন" সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা শ্রী জ্যোতিষ জোয়ারদার বলেছেন এইভাবে তাদের বহু সুযোগ-সুবিধা করে দেওয়া হচ্ছে যখন তারা "কম্পেনসেসন"ই পাবেন। এর মধ্যে এইটুকু ফাঁক রেখে দেওয়া হয়েছে। "কন্‌জিকিউটিভ্" শব্দের অর্থ এইরকম হতে পারে যে, ২ বছর চাষ না করে পরের বৎসর চাষ করে আইনের ফাঁক রেখে দিলেন। তারপর, ১১৮ নং এ "কো-অপারেটিভ" সম্বন্ধে যেখানে "ফাংচ" জানুয়ারী, ১৯৫২ বলা হয়েছে সেখানে ১৯৫০ বলতে চাই। আজকে বিহারে ও যুক্তপ্রদেশে যা হয়েছে তা দেখে অনেকেই অনুভব করছেন যে ১৯৫০ সাল দিলেই ভাল হয়। আমার দৃঢ় বিশ্বাস ১৯৫০ সাল এখানে হওয়া উচিত, তা নাহ'লে যে উদ্দেশ্যে আনা সেটাই ব্যর্থ হবে।

Sj. Biren Roy: Sir, a grievous wrong was perpetrated yesterday by introducing an element of discrimination between landholders in this Province. This was not envisaged by the members of the Select Committee, the Chairman of which took a unanimous view of bringing in Calcutta and that portion of Calcutta which has been included under section 594 of the Calcutta Municipal Act, 1951, into it, only last year.

Sj. Jogesh Chandra Gupta: Mr. Garga was in the Select Committee.

Sj. Biren Roy: That has got nothing to do. After this discrimination has been effected between these land-holders, the privileged few who have now lands in Calcutta and in the Tollygunge area will be further encouraged to hold more lands according to this Act unless the amendment which I thought fit and necessary to bring in today is accepted by our Chief Minister who was also the Chairman of the Select Committee, at least to put right part of the wrong that has been perpetrated by his snap acceptance of the proposal of one of

[Sj. Biren Roy.]

the members on the Opposition benches. Here also I make it clear that when the question of ceiling of land-holding will be considered which we are now considering, whether it should be 25 acres or 45 acres or 33 acres, whichever that quantum may be, in computing that area under the proviso to clause 6(*l*)(*c*) the area of the land-holding of the intermediary, if any, exempted—or the word can be taken as excluded—under section 1(*2*) will be taken into consideration. That means if a gentleman in Calcutta possesses a *bustee* of 100 acres, he should not have the right to hold another 45 acres by virtue of this clause in another part of Bengal which excludes as at present Calcutta and Tollygunge. I do not understand how the House or the Chairman of the Select Committee thought it fit to agree to such exclusion now when before such area of Tollygunge brought within Calcutta was excluded. Why should Tollygunge be excluded? I think that the revenue of a *touzi* is one particular unit; a *touzi* owned by a person—where lands are included in Tollygunge, in Behala or in Sonarpur or in, say, Diamond Harbour—when this person has also got a quantity of land in Tollygunge, how would his revenue be split up? How much would be payable to the Government because the rest of the *touzi* is acquired by Government? What amount of compensation would he get? It is a peculiar point. He may choose to have more in his favour, rather than allow the compensation payable to be in favour of the Government or of the people, as I should say. That is the other point. If the whole of the Presidency town of Calcutta had been excluded from the purview, it would not have affected much, because no revenue-paying *touzi* would have been involved. Calcutta, as it stands under the Act, includes many of the *touzis* in such areas as Alipore, Cossipore, Manicktola and now Tollygunge. All these areas should be excluded from the purview of this Act but such a splitting up is not possible at the present moment. Therefore, the previous amendment of exclusion of Calcutta and Tollygunge should not have been accepted.

I gave another short-notice amendment on this issue. I do not know what decision has been taken on it—whether it should be admitted or not—because on the third reading I think it is possible even now to put right this wrong or mistake which has been committed.

Mr. Speaker: Clause 1 has been disposed of. I cannot accept short-notice amendments on clauses which have been disposed of.

Sj. Biren Roy: At the third reading it is still, Sir, possible to amend. I gave my short-notice amendment at the earliest possible moment.

That is my main point. I hope the Hon'ble Minister would accept this amendment. The other three amendments which I gave have been already discussed threadbare by previous speakers except that there is a point which I mentioned about non-agricultural land in *khas* possession may also include those "tenanted"—most of the non-agricultural lands may be recorded as *khas* but there might be tenants on them. That will bring in a com-

[6-45—6-55 p.m.]

plication. That is why I have tried to make this amendment comprehensive that the ceiling of the non-agricultural land and agricultural land in his *khas* possession, which may be selected by the intermediary, the total ceiling should not exceed 25 acres, and there also I have included, as Mr. Chaudhuri has just stated, those lands where the structures stand, as under (*b*). That means a person will not have anything more than 25 acres, which should be the maximum ceiling, and that I think was also the view

of the Chief Minister who was the Chairman of the Joint Select Committee. The consequential amendments have been put there in 73A and B. These are the very bare and simple proposals I have brought and it is now up to the Chief Minister to accept them or not.

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I take all my amendments together. Now, Sir, by these amendments I have sought to curtail the quantum of land of all classes combined, *viz.*, homestead, non-agricultural land and agricultural land, that the outgoing intermediary has been allowed to retain under the provisions of this Bill even when his estate would be taken over by the Government. Now, Sir, it is common knowledge, and it is also an admitted fact on the part of the Government, that the total quantity of land in Bengal is very meagre, and the quantity is not such as it can be distributed among all the needy and desirable cultivators so that each of them or each unit of them could be in possession of something like an economic holding as it is called. Therefore, it is obvious that land is and should be a rationed commodity in Bengal. Therefore, in the interests of all—I mean in the interests of the outgoing intermediaries, in the interests of the cultivators and in the interests of the output of food crops and other essential crops in Bengal—the land which the intermediaries have been allowed to retain in their *khas* possession under the provisions of the Bill as presented before the Assembly seems to be too much, and therefore it should be curtailed to a substantial extent. Now, as you would see, Mr. Speaker, under clause (*c*) the outgoing intermediary has been allowed to keep 15 acres of non-agricultural land. I have reduced, this, Sir, to 10 acres. Again, under the first proviso to (*c*) the total quantity of land both homestead and agricultural that he may be allowed to possess, has been fixed at 20 acres, and necessarily I have reduced it to 15 acres. Now, Sir, what would these people do with so much homestead lands? The days of Nawabs and Princes are gone. Nowadays it is not the time to parade to others "I am in possession of these homestead lands, so much buildings," and so on and so forth. It is high time that the zemindars and their vested interests should fall in line with the common people of Bengal and should try to conform to a common standard of life along with the common people. This is the spirit of the time. Therefore, they should see the writing on the wall and they should now prefer to be satisfied with a less quantity of land than what they have been proposed to be given under the provisions of clause 6. Now, Sir, again, as you could see, under clause (*d*) they have been allowed to keep 25 acres of agricultural land. I think, Sir, this is too much. In ordinary computation 25 acres would be something like 75 *bighas*, and I must say that if these persons are given a choice in the matter of these 25 acres of land, they would certainly, human nature being what it is, keep for themselves the best lands, the most fertile lands. I must say that no unit of family can require 25 acres of land for the supply of their food. Of course nowadays the production has fallen for a variety of reasons. But we expect that when lands have been given to such persons, they should take great care to augment production from their land. Therefore, 15 acres, that is 45 *bighas*, would suffice for their purposes. We can expect, Sir, that with the aid of fertilisers, with the aid of manure, with State aid, and on their own initiative, they would be able to raise the production per *bigha* to at least 10 or 12 maunds, and if they take to Japanese method of cultivation, as our Agriculture Minister is going to teach them, then, Sir, the production may be much higher. Therefore, Sir, 45 *bighas* would be sufficient.

Sir, my last amendment is in regard to clause 6(*2*). In that clause these outgoing intermediaries have been allowed to

[Sj. Tarapada Bandopadhyay.]

retain all these lands without payment of any rent. This is an invidious distinction. Of course so far as sub-clause (*d*) or (*a*) is concerned, *viz.*, lands utilised for public purposes and land which a trust or institution may retain for charitable or religious purposes, they can be reasonably allowed to be held without payment of rent. So far as homestead is concerned, they must make proper payment of rent, and therefore I have tried to make the necessary deletion from sub-clause (2).

I think in the interests of the country, in the interests of the outgoing landlords and in the interests of the cultivators these amendments, Sir, should be accepted. Sir, if these amendments are not accepted and if such huge lands are allowed to be retained by these outgoing intermediaries, then the whole purpose of distribution of land, the whole purpose of bringing this legislation would be frustrated, and there would be no improvement so far as the food production of the country is concerned, there would be no improvement in the matter of doing away with unemployment amongst the cultivators and no effective impetus could be given to them for the improvement of their standard of life.

Sj. Subodh Banerjee:

"মিস্টার স্পীকার", স্যার। সমস্ত "বিলে"র মধ্যে এই ৬নং ধারাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধান মন্ত্রীর কাছ থেকেও আমরা শুনছি যে, সমস্ত "বিল"টির ভবিষ্যৎ নির্ভর করছে এই ধারাটার উপর। তিনি বলেছেন যে এই বিলটা আইনে পরিণত হবার পর কৃষিসংস্কার সংক্রান্ত একটা "বিল" আনা হবে যার দ্বারা গরীব চাষী ও ক্ষেতমজুরের হাতে জমি দেবার ব্যবস্থা করা হবে। এখন কথা হচ্ছে বন্টনের মত যথেষ্ট জমি যদি সরকারের হাতে না থাকে তাহ'লে কোথা থেকে তাদের জমি দেবেন? তাহ'লে দেখা গেল বন্টনের মত যথেষ্ট জমি পাওয়ার যে উপায় সেটার উপরই নির্ভর করছে ভবিষ্যতে জমি দেওয়ার প্রশ্ন; আর জমি পাওয়ার উপায় হ'ল এই ৬নং ধারা। যদি কোন মধ্যস্বত্বভোগীকে আমরা যথেষ্ট পরিমাণে জমি দিয়ে নিই বা এই ৬নং ধারায় আছে তাহলে অবশ্য এই দাঁড়াবে যে বন্টনযোগ্য যথেষ্ট জমি পরে পাওয়া যাবে না। এই ৬নং ধারার দেখছি যে, মধ্যস্বত্বভোগীদের বাড়ীও অন্য আর একটি বিষয় নিয়ে মোট ৪৫ একর জমি দেওয়া হচ্ছে যার মধ্যে ২৫ একর জমি এবং বাকি ২০ একর হ'ল চাষের উপযুক্ত নয় এমন জমি। তা ছাড়া ৬নং ধারার ১"বি"তে যা দেওয়া হয়েছে তার কোন পরিমাণ বাঁধা নেই। অর্থাৎ এই ৪৫ একরের সঙ্গে যে কোন পরিমাণ জমি তারা রাখতে পারবে। এই ১"বি"র উপধারায় কি আছে তা আমি পড়ছি—

"Land comprised in or appertaining to buildings and structures whether erected by the intermediary or not".

এটা যে কত হবে তার কোন উচ্চতম সীমা নাই এবং এই জমি প্রথম "প্রভাইসো" থেকে বাদও দেওয়া হয়েছে। এই জমি বাড়ী বা বাড়ীর জমিও নয় কারণ বাড়ী বা বাড়ীর জমি ১"এ" উপধারায় দেওয়া হয়েছে। এটা হ'ল আলাদা জমি এবং এর পরিমাণ হাজার একর হতে পারে, ৫ হাজার একরও হতে পারে এর কোন উচ্চসীমা নাই।

[6-55—7-5 p.m.]

আপনারা একটু বোঝবার চেষ্টা করুন ব্যাপারটা তাহ'লে কি দাঁড়ায়। কেন এই উপধারাটি রাখা হয়েছে। আজ যদি একজন "ইন্টারমিডিয়ারী", তার যেখানে পাঁচ হাজার বিঘা জমি আছে সেখানে একটা ছোটখাট ইমারত খাড়া করে দেয়, তাহ'লে সেই জমিটা তার হয়ে যাবে। তাতে হাত দেওয়া যাবে না এই উপধারার জন্য। এখানে "এ্যাপারটেনিং টু" বলা হয়েছে কোন ইমারত বা তার অংশের সঙ্গে সংলগ্ন থাকলেই হ'ল, এবং এর জোরে ঐরকম সমস্ত জমিটা মধ্যস্বত্বাধিকারীর এক্তিয়ারে পাকাপোক্ত হয়ে চলে আসছে যার কোন সীমা নেই। সুতরাং এখানে এতবড় একটা ফাঁক রয়েছে যে তার মধ্যদিয়ে সমস্ত জমি বেরিয়েযেতে পারে। জমিদারকে বিরাট ফাঁকির অফুরন্ত সুযোগ দেওয়া হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It has been included in 6(2)—land in (*b*).

Sj. Subodh Banerjee: Where?

আপনারা এই ৬নং ধারার ১"সি" উপধারাটা একটু পড়েবন। এখানে ১"সি"তে বলা হচ্ছে

"non-agricultural land in his *khas* possession, not exceeding fifteen acres in area, and excluding any land retained under clause (*a*).

এটা ১"বি"তে প্রাপ্য জমির উপর পাওনা। ১"এ" এবং ১"বি"তে একজন কত জমি রাখতে পারে তার সীমা বেঁধে দিলেও ১"বি"র কোনসীমা নেই। প্রথম "প্রভাইসো"টা পড়ুন তা'হলেই পরিষ্কার হবে। আচ্ছা, আমি পড়ছি—

"Provided that the total area of land retained by an intermediary under clauses (*a*) and (*c*) shall not exceed twenty acres."

এখানে যদি বলতেন "এ", "বি" এবং "সি" তাহলে বুঝতাম মোট "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড" এর সীমা বেঁধে দিয়েছেন। কিন্তু তা নাই।

(*b*) is not included in the first proviso.

সুতরাং "বি" "কুড"এর মাঝখান দিয়ে যত খুসী তত পরিমাণ জমি একজন মধ্যস্বত্বাধিকারী রাখতে পারবে। তার উপর ৬নং ধারার ভাষা যদি দেখেন তাহলে দেখতে পাবেন সেখানে বলা হচ্ছে

"Notwithstanding anything contained in sections 4 and 5, an intermediary shall be entitled to retain"

অর্থাৎ একজন মধ্যস্বত্বাধিকারী "বি"র জমি রাখতে পারবে আবার "বি"তে বলছেন

"land comprised in or appertaining to buildings and structures, whether erected by the intermediary or not, etc."

সুতরাং এই ফাঁক দিয়ে সমস্ত জমি বেরিয়ে যাবার একটা সুবিধা রয়েছে। শুধু এই জমি একটা ইমারত বা তার কোন অংশের সঙ্গে সংলগ্ন হলেই হল। তাই বলছিলাম ৪৫ একর জমি যা এমনিতেই একজন মধ্যস্বত্বভোগী রাখতে পারবে তার উপর যতখুসী এই জাতের ইমারত সংলগ্ন জমি এবং "ফিশারী", "গার্ডেন", "অর্চার্ড" প্রভৃতির জন্য অকুরন্ত জমি সে রাখতে পারবে। ইতিমধ্যেই কৃষির জমিতে আমগাছ বসিয়ে তাকে "অর্চার্ড"এ পরিণত করা হয়েছে এই "অর্চার্ড", "ফিশারী" প্রভৃতির জন্য জমির সীমাও নেই। সুন্দরবন অঞ্চলে হাজার হাজার বিঘা চাষের জমি জলে ভাসিয়ে দিয়ে মেছো ঘেরিতে পরিণত করা হয়েছে। আমি এর প্রমাণ দিতে পারি, সুন্দরবন অঞ্চলে অধিকাংশ ধানী জমিই "ফিশারী"তে পরিণত হয়েছে। সেখানে চাষের জমি কমছে, চাষী উৎখাত হচ্ছে জমি হতে, আর তা মেছো ঘেরিতে পরিণত হচ্ছে। সেখানে আপনারা হাত দিচ্ছেন না। "ফিশারী"র যে সংজ্ঞা দেওয়া হয়েছে, তাতে যদি বলতেন যে, বেশুমারে নিরবিচ্ছিন্নভাবে মাছ চাষ করা হয় তাহ'লে "ফিশারী", তাহলে আমার আপত্তি ছিল না কিন্তু "ফিশারী"র সংজ্ঞার সরকার পক্ষ হতে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাতে বলা হচ্ছে

"Tank fishery means a reservoir or place for the storage of water whether formed naturally or by excavation or by construction of embankments"

ইত্যাদি। শেষের কথা "বাঁধ বাঁধা" ব্যবহারের ফলে সারা সুন্দরবনের সমস্ত জলে ভাসান চাষের জমি হয়ে গেল "ফিশারী"। চাষের জমি পূর্বে যা ছিল তার অধিকাংশই ইতিমধ্যে মেছো ঘেরি হয়ে গিয়েছে, এবং এই বিল পাশ হবার পরে, বাকী সমস্ত জমি মেছ-ঘেরিতে পরিণত হয়ে যাবে। সেই রকম জমি রাখার কোন উচ্চতম সীমা নেই এবং তা অধিকার করার কোন ধারাও নেই এই বিলে, এই সমস্ত জমিগুলি সরকার অধিকার করতেও পারবেন না। এই ফাঁক দিয়ে আমি বলতে পারি বড় বড় জমিদার ও জোতদাররা হাজার হাজার বিঘা জমি নিজের অধিকারে রাখবে চাষীকে উৎখাত করে। ("এ ভয়স": সুবোধ বাবু দেখছি হেমন্তর শিষ্য হয়ে যাচ্ছেন) অবশ্য এটাতো ঠিকই যে ওঁদের জমিকে রক্ষা করার জন্যই এই ব্যবস্থা হয়েছে। ওঁদেরই দেওয়া হিসাব দিয়ে প্রমাণ করে দিচ্ছে সরকার বন্টনযোগ্য যথেষ্ট জমি পেতে পারেন না। জমি যদি অধিকার করতে না পারেন, অধিকারের পর বন্টনযোগ্য যথেষ্ট জমি যদি হাতে না থাকে, তাহ'লে চাষীর মধ্যে জমি বিলি কি করে করবেন? আইনের যে ফাঁক আছে, এই যে গলদ রয়েছে, তার ভিতর দিয়ে জমিদার ও জোতদারগণ জমি নিজের অধিকারে রেখে দিচ্ছে। এইসব ফাঁক বন্ধ করে দিন তবেই কিছু জমি পাওয়া যাবে। তাতো করছেন না, উপরন্তু তাঁদের ফাঁকি দেওয়ার কাজে সহায়তা করছেন। এই মূল উদ্দেশ্যর উপর লক্ষ্য রেখে যে সমস্ত সংশোধনী প্রস্তাব আনা হয়েছে সেগুলি সম্বন্ধে বিশেষ করে এইবার কিছু বলবো।

Mr. Speaker: Your principle has been enunciated. You take one minute for each amendment.

Sj. Subodh Banerjee:

"স্পীকার" মহাশয়, আপনি যদি অনুমতি দেন তাহ'লে আরও কয়েকটি ব্যাপার আছে সে সম্বন্ধে কিছু বলতে চাই।

Mr. Speaker: I have got no objection. Let us finish this.

Sj. Subodh Banerjee: It will take some time.

একটু সময় লাগবে।

Mr. Speaker: You go on. You are the last speaker. You have already got 5 minutes. You will get another 15 minutes.

Sj. Subodh Banerjee:

প্রথম যে জায়গায় দেখা যাচ্ছে

"non-agricultural land in his *khas* possession not exceeding fifteen acres in area, and excluding any land retained under clause (*a*)."

এই ১৫ একরের জায়গায় আমি ৫ একর দিচ্ছি। কেন দেবেন ১৫ একরের মত বিরাট জমি। তার বাস্তুর জমি ছাড়াও "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড", চাষের অনুপযুক্ত জমি, ১৫ একর অর্থাৎ ৪৫ বিঘা দিচ্ছেন। কিন্তু কি জন্য? বাস্তুর যে সংজ্ঞা দিয়েছেন তার ফলে যে কেউ বাস্তুর জন্য ৬০ বিঘা জমি রাখতে পারবে এবং তার সঙ্গে লাগোয়া সব কিছু, যেমন রাস্তাঘাট, পার্ক, বাগান, কোর্ট প্রভৃতি কারণ এসবও সবই বাস্তুর অন্তর্ভুক্ত। এই বিরাট চাষের অনুপযুক্ত জমি দিচ্ছেন, আবার তার সঙ্গে চাষের জমি দিচ্ছেন। অথচ যারা কৃষিকাজ নিজে হাতে করে তাদের কোন জমি নাই। যার আছে তাকে আরও দেবেন আর যার নেই তাকে কিছু দেবেন না এ কি নীতি? এ সম্পর্কে আপনাদের নীতি, নীতিহীনতা ছাড়া আর কিছুই নয়। "হোমস্টেড"এর বাস্তব সংজ্ঞা অত্যন্ত ব্যাপক।

Mr. Speaker: There is a definition of homestead.

Sj. Subodh Banerjee:

হাঁ, ঐখানে আছে, সেইটা দেখেই বলছি। বাস্তুর জমি তার উপর আরও ৪৫ বিঘা কৃষির অনুপযুক্ত জমি একজন মধ্যস্বত্বভোগীকে দিচ্ছেন। এর উপর সীমাহীন ইমারত সংলগ্ন জমি আছে। এছাড়াও তাকে দিচ্ছেন ২৫ একর চাষের জমি। নীতি এই হওয়া উচিত, যে চাষের জমি পাবে সে অন্য জমি পাবে না। তা না হয়ে এখানে দেখছি বড় লোকরা দু'জাতের জমিই যথেষ্ট পরিমাণে হাতে রাখতে পারে তার পাকা ব্যবস্থা করা হয়েছে এই বিলে। যদি কেউ খাদ্যের উৎপাদন আশাতীতভাবে বাড়ায় তাহলে, না হয় তাকে কিছু অতিরিক্ত জমি দিতে পারেন, এই রকম একটা নীতি হলে খাদ্য শস্য বেশী করে উৎপাদন করার প্রচেষ্টাকে সাহায্য করা হয়। তা না করে, "খুন ও খাবে আবার তামাকুও খাবে।" এ হতে পারে না। অর্থাৎ কৃষির জমি দেবো, আবার চাষের অনুপযুক্ত জমি, কলকারখানার সংযুক্ত জমি ইত্যাদি যত রাজ্যের সমস্ত জমি সব দেবো—এ-হতে পারে না। আপনাদের নীতির দিক থেকে হয়ত আপনারা ত পারেন, এবং তা হয়ত করবেনও কারণ আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আছে। ২৪-পরগণার কলবাজারের কথা জানি, সেখানে শ্রীরামপুরের গোস্বামীদের বহু জমি আছে, তার গায়ে হাত পড়বে না এই বিলের ধারায়। তাঁর সব "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড" থাকবে, আবার তার সঙ্গে কৃষির উপযুক্ত জমিও' থাকবে। তাহলে কত পরিমাণ এই জমি আপনারা দিচ্ছেন জমিদারদের তা ভাবতে পারেন? আপনারা অফুরন্ত পরিমাণ জমি দিচ্ছেন। ("ডিফার্বান্স এণ্ড নয়েজ") দয়া করে একটু শুনুন। আপনারা কি বিলগুলি পড়েন না? খালি "ইয়েসম্যান," জোহুকুমের দল হয়ে আপনারা থাকতে চান? আপনারা এই যে ১৫ একর দিচ্ছেন, সেই জায়গায় আমি ৫ একর দিচ্ছি।

[7-5—7-15 p.m.]

দ্বিতীয় কথা হচ্ছে প্রথম যে "প্রোভাইসো" আছে তাতে ২০ একর দিচ্ছেন। এত কেন দিচ্ছেন? অর্থাৎ

Homestead and non-agricultural land

মিলে আপনারা যেখানে ২০ একরের কথা বলেছেন, আমি সেখানে ১০ একরের কথা বলেছি। তার পরে "বি"র কোন সংজ্ঞা দেন নি। এতেতো যে কোন পরিমাণ জমিকে অন্তর্ভুক্ত করে নেওয়া যেতে পারে, এরতো কোন উচ্চসীমা নাই। সেখানে আমার কথা হচ্ছে

"Total land retained by an intermidiary under clauses (*a*), (*b*) and (*c*) shall not exceed ten acres."

মোট "এ" "বি" "সি" এই তিনটী মিলে ১০ একরের বেশী হবেনা। এই ১০ একর, ৩০ বিঘা জমি, একটা বাড়ীর পক্ষে যথেষ্ট, ৩০ বিঘার উপর জমিতে বাড়ী এতো চিন্তা করা যায় না। ("এ ভরেস" "গভর্ণমেন্ট হাউস" এ কত বিঘা জমি আছে?) মনে হয় ৩০ বিঘার চাইতে কম।

তারপর যে জায়গাতে বলা হয়েছে কোন জমি যদি পাঁচ বছর অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে তাহলে নিয়ে নেওয়া হবে, আমি মনে করি এই পাঁচ বছর সময়টা অত্যন্ত বেশী। পাঁচ বছরে কত কি হতে পারে। হয়ত পাঁচ বছরে আমরা থাকবনা, আপনারাও থাকবেন না ("লাকচার") সুতরাং এত বেশী

সময় না করে এটাকে তিন বছর করে দেওয়া হোক। এই বিধানসভায় যেরূপ তিন বছর পর্য্যন্ত আছে সুতরাং তিন বছর অব্যবহৃত থাকলে দরকার হলে তা কেড়ে নেওয়া যেতে পারে এই ধারা ঠিক। কথায় কথায় "অধিক খাদ্য শস্য ফলাও" এর কথা বলা হয় সুতরাং আবাদযোগ্য জমি এভাবে ফেলে রাখা অন্যায় ও অপরাধ। সুতরাং এই পাঁচ বছরটা তুলে দিয়ে তিন বছর করলে তবু কিছুটা ফসল উৎপাদন বৃদ্ধিকে সাহায্য করা হবে। আপনারা চীনের কথা বলেছেন, চীনে কি হচ্ছে না হচ্ছে তা আমি জানি; সেখানে ঘুরে নিজে দেখে এসেছি। সেখানে ফলনের শতকরা ১৩ ভাগ কৃষির উপর সর্বোচ্চ কর। সেখানে জমিদারদের জমি নিয়ে নেওয়া হয়েছে এবং শিল্পোন্নতি করা হচ্ছে। জমিদারী প্রথা সেখানে আর নেই। ডাঃ রায় সেটা কল্পনাও করতে পারবেন না। সেখানকার উৎসাহ দেবার প্রক্রিয়া শুনবেন? পতিত জমি উদ্ধার করে কেউ যদি তাতে ফসল ফলায় তাহলে জমির করের হার কমিয়ে দেওয়া হয়। এ কাজ করতে আপনারা কি রাজী আছেন?

তৃতীয় কথা হচ্ছে এখানে "ল্যাণ্ড এ্যাকুইজিসন এ্যাক্ট" অনুযায়ী খেসারত দেওয়ার যে ব্যবস্থা আছে সেটা অত্যন্ত বেশী,

I am opposed to compensation on principle.

কিন্তু কি করবো পাছে আমার

amendment out of order

হয়ে যায় সেজন্য বাধ্য হয়ে এক পয়সা হোক বা চার পয়সা হোক এরকম একটা কিছু দিতে হয়েছে। তাই বলছি "ল্যাণ্ড এ্যাকুইজিসন এ্যাক্ট" অনুযায়ী খেসারত দেবার ব্যবস্থাটা তুলে দিন। তারপর ২৫ একর চাষের জমি দেবার কথা বলেছেন সেটা এভাবে দেওয়া উচিত নয়। দাবী হিসাবে কেউ জমি পেতে পারে না। কেবলমাত্র যারা জমি চাষ করে তারাই জমি পেতে পারে। যারা জমি চাষ করেনা তারা জমি পেতে পারেনা। চীন দেশে কি করছে? যাদের জমি নেই তাদের জমি দেওয়া হয়েছে, যাদের জীবনধারণের উপায় জমি তাদেরই জমি দেওয়া হয়েছে। তা না করে যাদের যথেষ্ট জমি আছে যারা জমি কোন কালেই চাষ করেনা, যাদের জমি ছাড়া অন্যান্য বিষয় হতে যথেষ্ট আয় হয় সেই উপর তলাকার লোককে জমি দেবেন

that should not be the policy. Policy of distribution should be distribution of land to those whose means of livelihood is agriculture.

জমি বন্টনের নীতি হবে এমন যাতে জমিহীনেরা আগে জমি পায়, তাদের প্রয়োজন মেটার পর যদি জমি অবশিষ্ট থাকে তবে তা অন্য লোককে দেওয়া হবে। এ ছাড়া আমি একটা "প্রোভাইসো" যোগ করছি। সেটা হচ্ছে

tea-gardens, orchards, fisheries, poultry, dairy farms

এর জন্য যে জমি সে জমি যদি সেই সব কাজের জন্য তা ব্যবহৃত না হয়, তাহলে সেগুলি রাষ্ট্র দখল করে নেবে। আমি পড়ছি "প্রভাইসো"টা

"Provided that if the land comprised in tea gardens, orchards, fisheries, poultry or dairy farms is not used for its respective purpose but is used for ordinary agricultural purposes, the land or part thereof may be resumed by the State"

ত্যাদি।

এটা পরিষ্কার কথা যে, যে জমি যে কাজের জন্য তা সেই কাজে যদি ব্যবহৃত না হয় তাহ'লে সেটা রাষ্ট্র নিয়ে নেবে। ডাঃ রায় এই প্রসঙ্গে যে কথা বলেছেন সেটা খাটেনা। তার কারণ

Waste Land Acquisition Act

এ কেবল মাত্র "পাব্লিক পারপাস"এর জন্য জমি অধিকার করা যায় অন্য কাজের জন্য করা যায়না। সুন্দরবন, চা বাগান অঞ্চলে এই "এ্যাক্ট" কার্য্যকরী। সুতরাং ঐসব অব্যবহৃত জমি এই "বিলে"র জোরেই গ্রহন না করলে

Waste Land Acquisition Act

অনুসারে চাষির মধ্যে বিলির জন্য দখল করা যাবেনা। আর একটা কথা, আমি একটা "প্রভাইসো" দিয়েছি সেটার উপরই পরীক্ষা হবে সরকার ঠিক মত জমি বন্টন চান কি না? "৬(১)(এফ)"এ যে কথা বলা হয়েছে সেখানে আমি এই "প্রভাইসো" যোগ করছি যে কোন প্রকারেই ২০ একরের বেশী জমি কেউ রাখতে পারবেনা।

There must be a ceiling

তারপরে "কুজ ৬(১)(আই)"এর সাথে এই "প্রোভাইসো" যোগ করা হোক:

"Provided further that no member shall be entitled to retain land more than the limit fixed under clause (*d*)."

এই "প্রোভাইসো" যোগ করার কারন কি? "কোঅপারেটিভ সোসাইটি" ও "কোম্পানী"র বেলা কি হচ্ছে সেটা দেখুন। "(১)(আই)" উপধারার মস্ত ফাঁক থেকে যাচ্ছে। এখন যে "কোম্পানী'স

[Sj. Subodh Banerjee.]

এ্যাক্ট" প্রচলিত সেই আইন অনুসারে এই "কোম্পানী" গুলি চলে। তাকে এই "বিল" দিয়ে বাঁধা চলবেনা যদি ঠিক করে আইন রচনা করা না হয়। একটা উদাহরণ দিই। মনে করুন একটা "কোম্পানী"র ১০০ জন অংশীদার আছে। এখন "ক্লজ (ডি)" অনুসারে প্রত্যেকে ২৫ একর করে কৃষির জমি রাখতে পারে। এইবার "ক্লজ (ডি) ১(আই)" ধারা আমি পড়ে শোনাচ্ছি। তাতে আছে

"where the intermediary is a co-operative society registered or deemed to have been registered under the Bengal Co-operative Societies Act, 1940, or a company incorporated under the Indian Companies Act 1913, engaged exclusively in farming (and in business, if any, connected directly with such farming), agricultural land in the *khas* possession of the society or the company on the 1st day of January, 1952, and chosen by the society or the company, not exceeding in area the number of acres which persons, who were the members of the society or the company on such date, would have been entitled to retain in the aggregate under clause (*d*), if every such person were an intermediary".

[7-15—7-20 p.m.]

তাহ'লে সেই "কোম্পানী" ২,৫০০ একর জমি রাখতে পারবে। এখন এমন যদি হয় একজন অংশীদার ২,৪০০ একর নিজের রেখে বাকী ১০০ একর ৯৯ জন অংশীদারদের মধ্যে বিক্রয় করল। তাহ'লে কি দাঁড়াচ্ছে? একক ২,৪০০ একর অন্যেরা ১ একরের মত জমি এখানে প্রত্যেকে পাবে। আপনি কিছু করতে পারবেন না। কারণ, "এগ্রিগেট"এ "কোম্পানী" ঠিকই আছে। সেজন্যই আমার আপত্তি।

Mark the words, "in aggregate"

তাছাড়া,

the companies are guided not by this Act but by the Companies Act.

সুতরাং "কোম্পানী" যতই রাখুক না কেন, ব্যক্তিগত সর্বোচ্চ সীমা বেঁধে দিন। আমি বলছি কোন অংশীদারই ১০ একরের বেশী জমি রাখতে পারবে না। মোট জমির পরিমাণ যেমন বেঁধে দেওয়া দরকার অংশীদারদের ব্যক্তিগত সর্বোচ্চ সীমাও বেঁধে দেওয়া দরকার। এটা যদি না হয় তাহলে ব্যক্তি ও "কোম্পানী"র মধ্যে একটা ভেদনীতি টানা হয়।

(A voice:

আপনি কিছুই বোঝেননি), চপ করুন, আমি বাজে কথা বলিনা।

Mr. Speaker: He is drawing your attention to certain relevant portions.

Sj. Subodh Banerjee:

এই করে আমার সময় নষ্ট করা হলে' আমাকে সময় দিতে হবে, "স্যার"। আমার কথা হচ্ছে এখানে যেভাবে "বিল" রচিত হয়েছে তাতে

the companies will not be guided by clause (*d*) or by clause (*c*) but by (*t*)

সুতরাং সেখানে বিশেষভাবে কোন ধারা যদি না দেওয়া থাকে তাহ'লে মোট জমির পরিমাণ বেধে দেওয়া হ'লেও কোম্পানীর অংশীদারদের প্রতি লক্ষ্য রইলনা। সেজন্য এই "প্রোভিসন" করা হোক যে অন্যান্য ক্ষেত্রে ব্যক্তির বেলায় যে সর্বোচ্চ সীমা বেধে দেওয়া হয়েছে কোম্পানীর ক্ষেত্রেও তাই বেঁধে দেওয়া দরকার।

Mr. Speaker: Mr. Hemanta Kumar Basu will now speak.

Sj. Hemanta Kumar Basu: Not today, Sir.

Mr. Speaker: I want to finish this clause today.

Sj. Hemanta Kumar Basu: I will speak tomorrow. There are many other speakers also.

Adjournment.

The House was then adjourned at 7-20 p.m. till 3 p.m. on Wednesday, the 18th November, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Wednesday, the 18th November, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 18th November, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 191 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Enquiry into police firing at Deulti railway station

*36A. (SHORT NOTICE.) **Dr. Kanailal Bhattacharya:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(*i*) that in the morning of the 28th September, 1953, police opened fire at Deulti railway station (30 miles away from Howrah), police-station Bagnan;

(*ii*) that one Annada Dolui was killed thereby; and

(*iii*) that a departmental enquiry was held in the matter?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether police was authorised to obstruct *bona fide* passengers at Deulti station;

(*ii*) what were the findings of the enquiry; and

(*iii*) whether Government consider the desirability of holding a judicial enquiry immediately into the said police firing at Deulti?

Minister-in-charge of the Home (Police) Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*) (*i*) No.

(*ii*) The enquiring Magistrate has held the firing to be justified.

(*iii*) No, in view of the fact that a criminal case has been instituted by the police and a judicial decision is awaited thereto.

Dr. Kanailal Bhattacharya: In respect to the Question (*b*)(*iii*) will the Hon'ble Minister be pleased to state against whom the criminal case has been started and under what section?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the 28th September, 1953, a food rally was organised by all Leftist parties whose object was to violate section 144 in the Dalhousie Square area. To make this demonstration ineffective orders were issued to all suburban thana officers to prevent any persons coming into Calcutta and forming an unlawful assembly or joining in a procession. Sub-Inspector Chittaranjan Das of Bagnan police-station with 2 Head constables and 20 constables was on duty at Deulti railway station on 28th September with a view to prevent people coming for the food rallies and travelling to Calcutta by rail. The force was armed with *lathis*, only the Sub-Inspector himself having a Government revolver with cartridges. The Sub-Inspector with his party confronted a procession of about 500 near the Deulti railway station who were shouting slogans like "surround Writers' Buildings", "Police zoolum will not do", etc., which clearly indicated that they were proceeding to Calcutta to join the declared food rally. In the meantime they were joined by another procession of

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

equal strength which had also been shouting slogans. The police party at first asked the mob not to proceed to Calcutta for unlawful purposes but they not only paid no heed to their words but also started pelting stones at the police party injuring a number of them. The Sub-Inspector received an injury on his nose which has been declared as a grievous hurt. He had several contusions and lacerated wounds. Several other constables also received serious injuries. When thus overpowered the Sub-Inspector after due warning fired 9 rounds with his revolver in self-defence. As a consequence one Annada Dalui was killed on the spot and an immediate enquiry was held by the Subdivisional Officer. Also the District Magistrate enquired into this matter. Both of them have found the firing justified. It may be stated as regards the question in (*b*) (*v*) that under section 23 of the Police Act and section 149 of the Criminal Procedure Code police officers have been given wide powers for the purpose of preventing commission of any offence. In this case the processionists were clearly proceeding to Calcutta for forming unlawful assemblies with the common object of violating the orders under section 144, Criminal Procedure Code, which was in force in the Dalhousie Square area. The police party, therefore, had to prevent them from coming to Calcutta and committing an offence. As regards the answer (*b*)(*iii*) it may be stated that the Police have instituted criminal cases against a number of demonstrators. In that trial there will be judicial decisions as to whether the firing was justified or not.

Dr. Kanailal Bhattacharya: With regard to question (*b*) (v) he says that police was not authorised to obstruct *bona fide* passengers. Will the Hon'ble Minister be pleased to state whether he is aware that actual *bona fide* passengers were obstructed on that day?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the Police actually obstructed the unlawful assembly. It is very difficult to say how many of them were *bona fide* passengers but a very large number of passengers travel without ticket.

Sj. Bibhuti Bhushon Ghose: ঐ "বোনা ফাইডি" "প্যাসেঞ্জার"রা পুলিশের দ্বারা প্রহৃত হয়েছিল, একথা কি মাননীয় মন্ত্রীমহাশয় জানেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Bibhuti Bhushon Ghose: মাননীয় মন্ত্রীমহাশয় দয়া কোরে বল্‌বেন কি যে ষ্টেসন থেকে কত দূরে এই ঘটনা প্রথম ঘটে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: About 10 minutes walk from the Deulti Railway Station.

Sj. Bibhuti Bhushon Ghose: এই যে "প্রোসেসনিষ্টস্"—এদের পূর্ব্বে বে-আইনী জনতার জন্য সাবধান কোরে দেওয়া হয়েছিল কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is no question of সাবধান because nobody knew how many were coming or whether they were coming or not. We had information that they were coming.

Sj. Bibhuti Bhushon Ghose: মাননীয় মন্ত্রীমহাশয় কোন্ প্রমাণে এই সিদ্ধান্তে উপনীত হ'লেন যে তারা বে-আইনী কার্য্যকলাপের জন্য এসেছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the 23rd September in "Swadhinata" there was issued a statement of Shri Jyoti Basu.

শ্রীজ্যোতি বসু স্বাধীনতা পত্রে লিখেছেন--

"আগামী ২৮শে সেপ্টেম্বর খাদ্যের দাবীতে সরকারী দপ্তরখানা 'রাইটার্স বিল্ডিং' ঘেরাও করবার জন্য সিদ্ধান্ত হয়েছে।

Then there was another issue of the same paper of 28th——

"আজকে মন্ত্রী দপ্তর ঘেরাও অভিযানে কলিকাতা-বাসীর সাড়া"।

Then there was in "Loksevak" of 20th September——

"২৮শে সেপ্টেম্বর এই লোকগুলি 'রাইটার্স বিল্ডিং' ঘেরাও করিবেন।"

Then there was in "Loksevak" of 28th September——

"সরকারী দপ্তরখানা ঘেরাও করিয়া কংগ্রেস সরকারের নিকট সোজা জবাব পাইতে চায়।"

"All these indicated that they wanted to go to "Writers' Buildings" for the purpose of surrounding it and putting their case."

Sj. Bibhuti Bhushon Chose:

কোন খবরের কাগজের "রিপোর্ট" কি প্রামাণ্য সত্য—একথা কি মন্ত্রীমহাশয় বলবেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার বন্ধু যদি বলেন খবরের কাগজে যা বেরোয় সব মিথ্যা তাহ'লে আমি স্বীকার কোরে নেব।

[3-10—3-20 p.m.]

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে খবরের কাগজে যে "রিপোর্ট" বেরোয় তা প্রামাণিক সত্য?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার বন্ধু যদি বলেন খবরের কাগজে যা বেরোয় তা সবই মিথ্যা, তা আমি স্বীকার করে নেব।

Sj. Bibhuti Bhushon Chose:

আমার প্রশ্ন হচ্ছে, সেগুলি প্রামাণিক সত্য কি না?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে ঐ তথাকথিত বে-আইনী জনতাকে "ডিসপার্স" করবার জন্য কতবার "লাঠি চার্জ" করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think it was two or three times.

Sj. Bibhuti Bhushon Chose:

কত কত দূরে দূরে ঐ লাঠিচার্জ হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot tell you—I want notice.

Sj. Bibhuti Bhushon Chose:

কতজন "ইনজিওর্ড" হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: About 15 constables and about 20 or 25 people.

Sj. Bibhuti Bhushon Chose:

তার মধ্যে সাধারণ মানুষ ছিল কিনা যারা "বোনা ফাইডি" "প্যাসেঞ্জর"?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Sj. Ambica Chakrabarty:

"রাইটার্স বিল্ডিংস"এর চারিদিকে যেখানে ১৪৪ ধারা আছে, তার বাইরে "কোয়ার্টার" বাইল দূরেও যদি জনতা "রাইটার্স বিল্ডিংস" ঘেরাও করবে বলে, তাহ'লে সেটাও কি বে-আইনী হবে?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Bibhuti Bhushon Chose:

ঐ অনুদা দলুইকে টেঁসন থেকে কতদূরে গুলী করা হয়েছিল—যেখানে ঘটনাটা ঘটেছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information—I cannot answer.

Sj. Bibhuti Bhushon Chose:

এই অনুদা দলুইকে কয়টা গুলী করা হয়েছিল খুন করবার জন্য?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think the doctor said there were two injuries on his person.

Sj. Bibhuti Bhushon Chose:

এটা কি সত্য নয় তাকে পাঁচটা গুলী করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not think so.

Sj. Bibhuti Bhushon Chose:

এই অনুদা দলুইকে গুলী করবার পরে সে নিহত হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

গুলী করবার আগে নিহত হয় নাই নিশ্চয়ই। তবে কতক্ষণ পরে মারা যায়, জানি না।

Sj. Bibhuti Bhushon Chose:

গুলী করবার পরেই "ইমিডিয়েটলী আফটার দি ফায়ারিং" সে নিহত হয়েছিল কিনা, সেটা জানতে চাই, বলুন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot tell you; I have no information.

Sj. Bibhuti Bhushon Ghose:

গুলী করবার পর সে যখন জল, জল ক'রে চীৎকার করছিল, তখন ঐ চিত্ত দারোগা তার মুখে লাথি মেরেছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এ কথা সত্য নয়?

Sj. Bibhuti Bhushon Ghose:

জল দিতে দেরী হয়েছিল—একথা সত্য কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

না, সত্য নয়।

Sj. Bibhuti Bhushon Ghose:

একথা তথাকথিত কংগ্রেসের লোকের সাক্ষ্য দ্বারা প্রমাণিত হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

যদি সাক্ষ্য থাকে, তাহলে "এন্‌কোয়ারীর" সময় দেবেন।

Sj. Bibhuti Bhushon Ghose:

দয়া করে সেই "একজিকিউটিভ এন্‌কোয়ারী কমিটী"র "রিপোর্ট"টী এই "হাউস"এর সামনে নিয়ে আসবেন কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

না।

Sj. Hemanta Kumar Basu:

খাদ্যের দাবীতে যে "ফুড্ র‍্যালী রাইটার্স বিল্ডিংস"এ যাবার কথা ছিল, তারা কোন আইন ভঙ্গ করেছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We are concerned with what happened at Deulti.

Sj. Hemanta Kumar Basu:

একথা বলা হয়েছে যে তারা আইন ভঙ্গ করবার জন্য যাচ্ছে, তাতে তারা আইন ভঙ্গ করেছিলেন কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আইন ভঙ্গ করার যে উদ্দেশ্য ছিল, সে "রেইবেল্ট" খবরের কাগজে বেরিয়েছিল।

Sj. Hemanta Kumar Basu:

তার কি উদ্দেশ্য ছিল তা কি আপনার কাছে "প্লেস্" করা হয়েছিল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

হয়ত তার উদ্দেশ্য মহৎ ছিল!

Sj. Hemanta Kumar Basu:

এটা মহতের কথা নয়, আপনার কাছে এই "ফুড ডিম্যাণ্ড প্লেস্" করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি আগেই বলেছি যে "রাইটার্স বিল্ডিংস্" ঘেরাও করার মানে ১৪৪ ধারা ভঙ্গ করা, এটা একটা "আনলফুল এ্যাক্ট"।

Sj. Hemanta Kumar Basu:

আমি জিজ্ঞাসা করছি "ডিম্যাণ্ড"গুলি "প্লেস্" করা হয়েছিল কিনা এবং ঐ "ফুড্ র‍্যালী" দ্বারা আইন ভঙ্গ করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তার সঙ্গে এর কোন সম্পর্ক নাই, সেখানে যারা ছিল তাঁরা করেন নাই।

Sj. Bibhuti Bhushon Ghose:

এই "একজিকিউটিভ্ এন্‌কোয়ারী কমিটী" কিভাবে সংগঠিত হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এই "একজিকিউটিভ্ এন্‌কোয়ারী" যে রকমভাবে হয়ে থাকে, সেই রকমভাবে হয়েছিল।

Sj. Bibhuti Bhushon Ghose:

যারা ৩।৪টী "বি-এল কেস"এর আসামী ডাকাতির জন্য যারা ধরা পড়ে পুলিশের হাতে রয়েছে, তাদের সাক্ষীস্বরূপ হাজির করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি তা জানি না।

Sj. Bibhuti Bhushon Ghose:

এই সাক্ষ্য গ্রহণ করবার জন্য তাদের ৫ মাইল দূর থেকে আমদানী করা হয়েছিল কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা জানি না।

Sj. Bibhuti Bhushon Ghose:

আর একজন "ইন্‌স্‌পেক্টর" যিনি সেখানে ছিলেন, তিনি এই তথাকথিত অশান্ত অবস্থা বিনা "ষ্টিকে" খালি হাতে শান্ত করেছিলেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

বুঝতে পারলাম না, কি বললেন।

Sj. Bibhuti Bhushon Ghose:

যে "মব"কে গুলী করা হয়েছিল অশান্ত বে-আইনী বলে, সেই বে-আইনী জনতার কাছে "ইন্‌স্‌পেক্টর-ইন-চার্জ" যিনি ছিলেন, তিনি শুধু হাতে এমন কি একটা "ষ্টিক্"ও না নিয়ে সেই জনতার কাছে গিয়েছিলেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: After the injury and the firing the mob became quiet and dispersed.

Sj. Bibhuti Bhushon Ghose:

তাদের "ডিস্‌পার্স" করতে কি লাঠিটাটী "চার্জ" করা হয়েছিল, না, তারা শান্তভাবে চলে গিয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

যদি এমনি "ডিস্‌পার্স" হয়, তবে আর লাঠি "চার্জ" করবে কেন?

Sj. Bibhuti Bhushon Ghose:

কতজনকে গুলী করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The information is that besides this Dolui there is another boy Narayan who was injured.

Sj. Bibhuti Bhushon Ghose:

এই যে "এ্যানাদার বয়" বললেন, কিন্তু মন্ত্রীমহাশয় জানেন কি যে ৬০ বছরের এক বৃদ্ধ মুসলমানকে দোকানের মধ্যে ঢুকে গুলী করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা জানি না।

Sj. Bibhuti Bhushon Ghose:

এই যার কথা বললেন—তার বয়স ৬০ বছরেরও অধিক?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা জানি না, হতে পারে।

Sj. Bibhuti Bhushon Ghose:

এই গুলী করবার পর এবং লাঠি "চার্জ" করবার পর যারা আহত হয়ে জল, জল করে চীৎকার করেছিলেন, কিংবা——

Mr. Speaker: Please form your question properly.

Sj. Bibhuti Bhushon Ghose:

না, না, আরও আছে। ঐ অন্নদা দলুই ছাড়া আর যারা "সিভিয়ার ইন্‌জুরি" পেয়েছিল ও জল, জল বলে চীৎকার করছিল, তাদের মারধর করা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

Sj. Bibhuti Bhushon Ghose:

এটা কি সত্য যে জনসাধারণকে—যারা আহত হয়েছিল,—তাদের কোন ডাক্তারী "ফার্ষ্ট-এড্" দিতে দেওয়া হয়নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

Sj. Bibhuti Bhushon Ghose:

তাদের "রিভ্‌লভার" নিয়ে তেড়ে যাওয়া হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

জানি না।

Sj. Hemanta Kumar Basu:

এই যে বললেন "ফুড্ র‍্যালী" ক'রে তারা কোন আইন ভঙ্গ করে নাই, তবে কি করে জানলেন যে যারা "ফুড্ র‍্যালী"তে যোগদান করতে আসছিলো তারা আইন ভঙ্গ করতে এসেছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তারা কে, কি করতে আসছিলো জানি না, তবে যে "লীক্‌লেট্ ষ্টেট্‌মেণ্ট ইস্যু" করা হয়েছিল, তার কথা বলতে পারি।

Sj. Hemanta Kumar Basu:

তাঁরা যে "ষ্টেট্‌মেণ্ট" করেছেন তাতে পরিষ্কার করে দেওয়া ছিল যে "ফেমিন রেজিষ্ট্যান্স কমিটী"র দাবী যদি মেনে নেওয়া হয়, তবে আইন ভঙ্গের প্রশ্ন নাই, সেই কারণে আপনি বলেছেন—আইন ভঙ্গ করেন নাই,—তবে কি করে আপনি বললেন যাঁরা আগে এসেছিলেন তাঁরা আইন ভঙ্গ করতে এসেছিলেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

২৩শে তারিখে যে খবর বেরিয়েছিল তাতে অমন কোন কথা ছিল না।

Sj. Jyoti Basu: Will the Hon'ble Minister be pleased to state whether the assembly at Deultii station was declared an unlawful assembly?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Yes, it was.

Sj. Jyoti Basu: About what time?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot tell you the exact hour—I want notice.

Sj. Jyoti Basu: Does the Minister know that the Police, without declaring the assembly to be an unlawful assembly, opened fire?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not true.

Sj. Jyoti Basu: Is the Hon'ble Minister aware that processionists who were proceeding towards the Writers' Buildings stopped just at the point where section 144 began?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is what I am told.

Sj. Jyoti Basu: Is it a fact that despite the fact that the Assembly from all sides, which was proceeding towards the Writers' Buildings, stopped just outside the 144 area, behind this area where the processionists were going, people were *lathi*-charged?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information.

Sj. Jyoti Basu: Is the Minister aware that instructions were given to the processionists to surround the Writers' Buildings from all sides but stop at the 144 area?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have no information regarding what instructions were issued.

Sj. Jyoti Basu: Did the Minister seek information from the *Pratirodh* Committee as to what they were going to do?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No, I did not think it necessary.

Sj. Jyoti Basu: Sir, I do not know what he has answered. He is sitting down and answering. He should get up and answer.

উনি কি বসে বসেই উত্তর দেবেন নাকি?

Mr. Speaker: Certainly not. Repeat your question.

Sj. Jyoti Basu: My question was whether the Chief Minister enquired from the *Pratirodh* Committee as to whether they had any intention of breaking section 144 in view of the fact that the *Pratirodh* Committee had made it abundantly clear in their statement that from all sides they would converge on the Writers' Buildings but would stop at the 144 area?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know whether ঘেরাও করা is something distinct from converging from all sides.

[3-20—3-30 p.m.]

Sj. Jyoti Basu: Is the Hon'ble Minister aware that in different public meetings it was clearly stated that although the processionists would converge on Writers' Buildings, it meant that they would stop where section 144 began?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not think that is correct.

Sj. Jyoti Basu: I am asking you whether you are aware of that?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Will the Chief Minister be pleased to state whether the Sub-Inspector of Police took to firing under the orders of any superior authority or on his own initiative?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It was a case of self-defence.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Is the Chief Minister aware that the provocation came from the Sub-Inspector and not the processionists?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not true.

Sj. Jyoti Basu: Did the Minister instruct the Police on the 28th September to stop all processionists who were converging on Calcutta?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not instruct anybody, but my officers thought that because there was a declaration that they are going to ঘেরাও Writers' Buildings which meant that they are going to break section 144, instructions were issued that people coming to Calcutta for this purpose may be prevented from coming to Calcutta.

Sj. Jyoti Basu: Does that mean that even before they reached section 144 area orders were issued that the processionists 30 miles away would be stopped?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Prevention is always better than cure.

Sj. Jyoti Basu: Sir, my question has not been answered. I asked; does that mean that orders were issued that even 30 miles away people had to be stopped if the Police felt that they were coming to Calcutta?

The Hon'ble Dr. Bidhan Chandra Ray: Yes; it means that.

Sj. Jyoti Basu: Does the Minister think that this was an illegal order?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not think so.

Sj. Bibhuti Bhushon Chose: এই যে গোবিন্দ এবং সুনীল চক্রবর্তী যাদের বিরুদ্ধে পুলিশ——

Mr. Speaker: This supplementary does not arise out of the question.

Sj. Bibhuti Bhushon Chose: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে গোবিন্দ ও সুনীল চক্রবর্তী যাদের বিরুদ্ধে পুলিশ "কেস" করছে এর পূর্বে পুলিশ অনেকবার এদের মিথ্যা মামলায় জড়িত করবার চেষ্টা করেছে?

Mr. Speaker: That question does not arise.

Dr. Kanailal Bhattacharya: That arises, Sir, out of the answer (*b*)-(*iii*), namely, a criminal case has been instituted by police against some of the people whose names he has referred to.

Mr. Speaker: So the case is *sub judice* and, therefore, that question does not arise.

Sj. Jyoti Basu: With reference to answer (*b*)(*ii*) will the Minister state what is the name of the Magistrate who held the firing to be justified?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I won't give.

Sj. Jyoti Basu: Why not?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Because I don't choose to give.

Sj. Jyoti Basu: You will have to choose to. Don't smile like a scoundrel.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Don't show your temper.

Sj. Jyoti Basu: You don't show your temper.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not choose to.

Sj. Jyoti Basu: (Amidst shouts and counter-shouts) After committing murder and assassination you have no business to smile.

(UPROAR.)

Mr. Speaker: Order, order.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Will the Chief Minister be pleased to state whether the enquiry referred to was a public enquiry?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No, Sir, it was on executive enquiry, but as the case is being proceeded against 41 persons under sections 147, 325 and 335, namely, rioting, grievous hurt, resistance to public servant's duty, anybody who has a grievance against the Police can always take up the case to the court when the case is being heard.

Sj. Bibhuti Bhushon Chose: হয়েছে কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There was no judicial enquiry; it was a case of executive enquiry.

Sj. Bibhuti Bhushon Chose: আমি "এক্সিকিউটিভের" কথা বলছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You used the word "judicial". There is a case going on in the law court and if my friend is so interested, he can always bring evidence against the Police in the law court.

Sj. Ambica Chakrabarty: এই যে উত্তরে বলেছেন "বোনা ফাইডি প্যাসেঞ্জার"-দের "অবষ্ট্রাক্ট" করা হয়নি, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে যারা টিকিট নিয়ে আসছিল তারা "বোনা ফাইডি প্যাসেঞ্জার" কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I said I had no information.

Sj. Ambica Chakrabarty: মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে এই "হাউস"এর একজন মেম্বার শ্রীযুত সুবোধ চৌধুরীকে টিকিটসহ গ্রেপ্তার করা হয়েছিল ?

Mr. Speaker: That question does not arise.

Sj. Bibhuti Bhushon Chose: মাননীয় মন্ত্রীমহাশয় কি মনে করেন যে এই সব "ইনজিওর্ড"দের ক্ষতিপূরণ করা দরকার ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All I can say is that at 10 o'clock some friends telephoned to me that at Howrah Station 500 passengers who had come on that day had to go back without tickets.

Sj. Bibhuti Bhushon Chose: মাননীয় মন্ত্রীমহাশয় আমার প্রশ্নের জবাব দেননি। মন্ত্রীমহাশয় কি মনে করেন না যে এই সব "ইনজিওর্ড"-দের ক্ষতিপূরণের ব্যবস্থা করা দরকার ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: After the case is over, we shall find out.

Exemption of the Indian Iron and Steel Co., Ltd., Burnpur, from the operation of certain sections of the Factory Act.

***28. Sj. Benoy Krishna Chowdhury:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) if it is a fact that the Labour Department of West Bengal Government has exempted the Indian Iron and Steel Co., Ltd., Burnpur, from the operation of sections 51, 52, 54, 55, 56 and sub-sections of section 59 of the Factory Act; and

(*b*) if so, the reason thereof?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*) No.

(*b*) Does not arise.

Implementation of the Industrial Employment Act (Standing Orders, 1946) in the State.

***29. Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) how many establishments and factories in West Bengal have been covered by the Industrial Employment Act (Standing Orders, 1946);

(*b*) whether according to the provision under section (3) of the said Act, all the industrial concerns submit their draft standing order rules to the certifying authority within six months;

(*c*) if not, the names of those companies who have not submitted their standing order rules within six months according to the provision of the Act;

(*d*) what action, if any, the Government has taken against them;

(*e*) whether the Government has exempted some companies from submitting their draft rules to the certifying authority;

(*f*) if so, the names of those companies who have been exempted with the reasons for such exemption;

(*g*) whether the Government has received any report to the effect that standing order rules are being misused by some of the companies; and

(*h*) if so, what action, if any, the Government propose to take against those concerned?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*) 1,400.

(*b*), (*e*) and (*g*) No.

(*c*) It will take a long time to make out a list because new concerns are started almost incessantly.

(*d*) Government have issued Press Notes and individual notices to companies.

(*f*) and (*h*) Do not arise.

Reconstruction of a sluice gate at Sonamui in Bhesra Khal in district Midnapore.

***37. Sj. Nagendra Dalui:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, কয়েক বৎসর পূর্ব্বে মেদিনীপুর জেলার ডেবরা থানার ৭নং ও ৮নং ইউনিয়নের মধ্যবর্ত্তী ভোঁসড়া খালের উপর সোজামুই নামক জায়গাতে যে স্লুইসটি ছিল তাহা বিনষ্ট হইয়া গিয়াছে;

(খ) অবগত থাকিলে, পুনরায় এই স্লুইসটি তৈরী করার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না; এবং

(গ) এই স্লুইসটি কতদিনের মধ্যে পুনর্নির্ম্মাণ করা হইবে?

Minister-in-charge of the Irrigation Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) সোনামুই নামক স্থানে কোন স্লুইস নাই। তবে চকপ্রতাপ নামক একটি স্লুইস আছে। উহা সোনামুই নামে অভিহিত হইয়া থাকে। ইহার সংস্কার না হওয়ায় উপযুক্তরূপে কার্য্য করিতেছে না।

(খ) বঙ্গীয় বাঁধ আইনের ৭ ধারা অনুযায়ী (Bengal Embankments Act, 1882) সংশ্লিষ্ট জমিদারের খরচায় ইহার সংস্কার করা যায় কিনা মেদিনীপুর জেলাশাসককে বিবেচনা করার জন্য আদেশ দেওয়া হইয়াছে।

(গ) সঠিক বলা কঠিন।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় মন্ত্রীমহাশয় উত্তরে যে বলেছেন উপযুক্ত রকমে কার্য্য করিতেছে না, তার মানে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji.

জল চলছে না, যেরূপ চলা উচিত ছিল সেরূপ চলছে না।

Sj. Kanai Lal Bhowmick:

এই ভালরূপ কার্য্য না হওয়ায় কতটা জমির ফসল নষ্ট হয়েছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji.

নোটিশ চাই।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে উত্তরে বলেছেন যে জমিদারদের খরচ বহন করা উচিত—যদি জমিদাররা না করে——

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Kanai Lal Bhowmick:

জমিদার না করলে সরকার এই "স্কীম" "টেক আপ" করতে রাজী আছেন কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji.

জমিদাররা না করলে, গভর্ণমেণ্ট করবেন কিনা সেটা "কলেক্টর" ভেবে দেখবেন according to Bengal Embankments Act.

Sj. Gangapada Kuor:

এই (খ) প্রশ্নের উত্তর প্রসঙ্গে আপনি বলেছেন যে আদেশ দেওয়া হয়েছে—সেটা কত দিন আগে?

The Hon'ble Ajoy Kumar Mukherji.

১৯৫৩ সালের ২রা নভেম্বরে দেওয়া হয়েছে।

B. C. rent-free lands within Midnapore district.

***38. Sj. Janardan Sahu:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state--

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বি সি নিষ্কর ভিন্ন ভিন্ন দাগের মালিকদের নাম কালেক্টরী সেরেস্তায় শুদ্ধরূপে লিখিত না থাকায়, এ সমস্ত নিষ্কর দাগের উপর যে সমস্ত সেস্ ধার্য্য আছে তাহা অনেক সময় অনাদায়ী থাকে এবং অনেক সময় বহু অংশীদারের মধ্যে একজনের নিকট হইতে আদায় করা হয়; এবং

(খ) সত্য হইলে, প্রজাদিগের অসুবিধা ও সরকারের ক্ষতি নিবারণের উদ্দেশ্যে প্রতি ২।৩ বৎসর অন্তর প্রকৃত প্রজাদিগের তালিকা প্রস্তুত (মিউটেসন্) করিয়া প্রজাদিগের নিকট হইতে হারাহারি সেস্ আদায়ের ব্যবস্থা করার কথা সরকার বিবেচনা করিবেন কিনা?

Minister-in-charge of the Land and Land Revenue Department (the Hon'ble Satyendra Kumar Basu):

(ক) ইহা সত্য নহে। বি সি নিষ্কর মহালের সকল মালিকের নাম "ডি" রেজিষ্টারে অবশ্যই লিখিত হয় এবং মৃত্যু বা হস্তান্তর হেতু কোন পরিবর্ত্তন ঘটিলে নামজারী মোকদ্দমায় নূতন মালিকের নাম নির্দ্ধারিত করিয়া "ডি" রেজিষ্টার সংশোধন করা হয়। মালিকগণের নিকট হইতে হিসাব অনুযায়ী পৃথক্ পৃথক্ সেস্ আদায় হইয়া থাকে। কিস্তিমত সেস্ না দিলে যে যে মালিক উক্ত সেসের জন্য ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে দায়ী থাকেন তাঁহাদের নিকট হইতে সার্টিফিকেট আইনের বিধানমতে বকেয়া দাবী আদায় করা হয়।

(খ) "ডি" রেজিষ্টারে লিখিত মালিকের নামের পরিবর্ত্তন হইয়াছে কিনা জানিবার জন্য ১০ সলা তদন্ত স্লিপজারী করা হয় এবং কোন পরিবর্ত্তন নজরে আসিলে তখনই তাহার জন্য নামজারী মোকদ্দমা রুজু করা হয়। ইহা ব্যতীত রেজিষ্টারী অফিস ও দেওয়ানী আদালত হইতে হস্তান্তরের বিজ্ঞাপন পাইলে নামজারী দ্বারা "ডি" রেজিষ্টার সংশোধন করা হয়। এরূপ ক্ষেত্রে প্রস্তাবিত ব্যবস্থা বিবেচনা করিবার প্রশ্ন উঠে না।

[3-30—3-40 p.m.]

Sj. Janardan Sahu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এখানে বলেছেন, "কিস্তিমত সেস্ না দিলে" এই কিস্তি কত বৎসরের না কত মাসের?

The Hon'ble Satyendra Kumar Basu:

নোটিশ চাই।

Sj. Janardan Sahu:

এই যে এখানে বলেছেন যে, "সমষ্টিগতভাবে বা ব্যক্তিগতভাবে আদায় হয়"—সমষ্টিগতভাবে না আদায় হ'লে কি প্রত্যেকের নাম করে আদায় করা হয়?

The Hon'ble Satyendra Kumar Basu:

"সেস এ্যাক্ট" অনুসারে "লায়াবিলিটি" হচ্ছে "জয়েণ্ট এণ্ড সেভারেল"। আদায় না হ'লে প্রত্যেকের কাছ থেকে নেওয়া না হ'লে একজনের কাছ থেকে নেওয়া হয়।

Sj. Janardan Sahu:

এক-একটি সমষ্টিতে কতগুলি করে প্রজা থাকে বলবেন কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

নোটিশ চাই।

Sj. Janardan Sahu:

একজনের কাছ থেকে আদায় না হ'লে অন্য প্রজার কাছ থেকে কি করে আদায় করবেন?

The Hon'ble Satyendra Kumar Basu:

একজনের কাছ থেকে আমরা আদায় করে নিই, সে অন্য জনের কাছ থেকে আদায় করার অধিকার পায়।

Sj. Janardan Sahu:

এই যে ১০ সলা তদন্ত "স্লিপ" জারী করা হয় এটা কাকে করা হয়?

The Hon'ble Satyendra Kumar Basu:

সেখানকার মালিকদের দেওয়া হয় এবং তারাই এই "কন্টিনিউসান স্লিপ ফিল আপ" করে দেয়।

Sj. Janardan Sahu:

প্রত্যেক মালিককে দেওয়া হয় না। কারণ এই চাপড়াশীরা তা পথের মধ্যে ফেলে দিতে পারে, ঠিক লোক নাও পেতে পারে, এ খবর রাখেন কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

এ প্রশ্নটা "হাইপথেটিক্যাল"। চাপরাশী পথের মধ্যে ফেলে দিতে পারে, না কি করতে পারে সে খবর রাখি না।

Sj. Janardan Sahu:

এর জন্য দেশের মধ্যে অশান্তি সৃষ্টি হচ্ছে সত্য, কিন্তু তার কোন ব্যবস্থা করা হবে কি না?

The Hon'ble Satyendra Kumar Basu:

দেশের মধ্যে কোন অশান্তি হয়নি।

Acquisition of Konnagar village, District Hooghly.

***39. Sj. Bibhuti Bhushon Chose:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state if it is a fact—

(*i*) that a notice for acquisition of Konnagar village, district Hooghly, with a population of nearly 2,000 was served; and

(*ii*) that the villagers requested the authorities concerned to withdraw the notice and suggested to the authorities for acquisition of the tracts of land lying fallow near about, if necessary?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what are the reasons for acquiring the village without acquiring the fallow land; and

(*ii*) whether Government consider desirability of withdrawing the said notice?

The Hon'ble Satyendra Kumar Basu: (*a*) (*i*) No.

(*ii*) and (*b*) Do not arise.

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই যে উত্তর "(এ) (আই)"এ বলেছেন "নো", এই "নো" কার উপর ভিত্তি করে বলেছেন?

The Hon'ble Satyendra Kumar Basu:

"এ্যাকুইজিসন্" হয় নি।

Sj. Bibhuti Bhushon Chose:

"এ্যাকুইজিসন্"র জন্য আপনার কাছে দরবার করা হয়েছিল কিনা?

The Hon'ble Satyendra Kumar Basu:

প্রশ্ন উঠে না।

Sj. Bibhuti Bhushon Chose:

যদি হয়ে থাকে——

Mr. Speaker: That is hypothetical.

The Hon'ble Satyendra Kumar Basu:

যদি দিয়ে প্রশ্ন হয় না।

Sj. Bibhuti Bhushon Chose:

যদি "নোটিশ সার্ভ" করা হয় তবে মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন কি?

Mr. Speaker: That is hypothetical.

Deficit budget of the Midnapore Municipality.

***40. Sj. Nagendra Dalui:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) মেদিনীপুর মিউনিসিপ্যালিটির গত ৫ বছরে বার্ষিক কত টাকা করিয়া ঘাটতি হইতেছে; এবং

(খ) এই ঘাটতি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন

Minister-in-charge of the Local Self-Government Department (the Hon'ble Iswar Das Jalan):

(ক) একটি তালিকা এতৎসহ পেশ করা হইল।

(খ) ঘাটতির প্রধান কারণ অনাদায়ী করের পরিমাণ বৃদ্ধি। কর আদায়ের উন্নতির জন্য মিউনিসিপ্যাল কমিশনারদিগকে পুনঃ পুনঃ নির্দেশ দেওয়া হইয়াছে।

[The Hon'ble Iswar Das Jalan.]

Statement referred to in reply to clause (ক) of starred question No. 40.

বাৎসরিক ঘাটতি

	টাকা	আনা	পাই
১৯৪৭-৪৮	৯২,০১১	৪	৬
১৯৪৮-৪৯	৯৪,৪২২	৮	৯
১৯৪৯-৫০	১,৩৩,৩৮২	৭	৩
১৯৫০-৫১	১,৪২,৪৫৪	৮	৬
১৯৫১-৫২	১,৪৪,৩৫৯	০	৯

Sj. Madan Mohon Khan:

আজ পাঁচ বৎসর ধরে আদায় না হওয়ার জন্য আপনারা এই "মিউনিসিপ্যালিটি সুপারসীড্" করে নেবেন কি না?

The Hon'ble Iswar Das Jalan: That question is under the consideration of the Government.

Sj. Kanai Lal Bhowmick:

এখানে বলা হয়েছে যে "কমিশনার"দের পুনঃপুনঃ নির্দেশ দেওয়া হয়েছে কিন্তু এ পর্য্যন্ত সরকারের তরফ থেকে টাকা দেওয়া হয়েছে কি?

The Hon'ble Iswar Das Jalan: Well, the municipality has not functioned properly and the Government cannot meet the deficit of this municipality.

Sj. Saroj Roy:

"মিউনিসিপাল অথরিটি" কোন কাজ করছে না বলেই কর আদায় হচ্ছে না একথা মন্ত্রীমহাশয় জানেন কি?

Mr. Speaker: That question does not arise.

The Hon'ble Iswar Das Jalan: That is a question for the municipality to answer.

Sj. Saroj Roy:

বর্ত্তমানে এই "মিউনিসিপালিটি" কোন দলীয় লোকদের হাতে আছে?

Mr. Speaker: That question does not arise.

Sj. Saroj Roy:

এই "মিউনিসিপালিটি"র বর্ত্তমান "চেয়ারম্যান"এর নাম কি?

The Hon'ble Iswar Das Jalan: I cannot give all the names of Chairmen offhand.

Sj. Kanai Lal Bhowmick:

এই "মিউনিসিপালিটি"কে "সুপারসীড" করবার জন্য মন্ত্রীমহাশয়কে বার বার জানান হয়েছে কিনা?

The Hon'ble Iswar Das Jalan: I cannot say how many times I have been reminded. But the question is under the serious consideration of the Government because the municipality is going from bad to worse.

Sj. Jnanendra Kumar Chaudhury:

এই মিউনিসিপালিটির "রেট্‌পেয়ার্স এ্যাসোসিয়েশন" থেকে এই "মিউনিসিপালিটি"র বিরুদ্ধে কোন অভিযোগ করেছিল কি টাকা আদায় হচ্ছে না বলে?

The Hon'ble Iswar Das Jalan: Well, I cannot say about a particular rate-payers' association. But the fact is that there have been representations—there have been grievances against the municipality. The financial position of this municipality is getting worse day by day. The matter is under the consideration of the Goverument as to whether supersession should be made or not.

Sj. Saroj Roy:

"রেট্‌পেয়ার্স এ্যাসোসিয়েশন" থেকে কিছু দিন আগে মন্ত্রীমহাশয়ের কাছে সংবাদ এসেছিল কি না যে এই "মিউনিসিপাল অথরিটি"র কোন লোক টাকা চুরি করছে?

Mr. Speaker: That question does not arise out of this.

The Hon'ble Iswar Das Jalan: The file of supersession is not with me and so I cannot say as to what has happened.

Sj. Kanai Lal Bhowmick:

এই "মিউনিসিপালিটি" একবার গিয়ে দেখে এসেছেন কি না?

The Hon'ble Iswar Das Jalan: I have not yet——

Sj. Kanai Lal Bhowmick:

যাবার ইচ্ছা আছে কি?

The Hon'ble Iswar Das Jalan: Yes, I have always an ইচ্ছা to go.

Sj. Mrigendra Bhattacharjya:

এই দুর্নীতি সম্বন্ধে কোন "এনকোয়ারী" করা হয়েছিল কিনা?

Mr. Speaker: He has said that.

The Hon'ble Iswar Das Jalan: That question is being enquired into.

Increase of ferry ghat rates in 24-Parganas.

*41. **Sj. Provash Chandra Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) whether, since 1st April, 1953, fare of all ferry ghats of 24-Parganas district has been increased from one anna to two annas; and

(*b*) if so, what is the reason of this increase?

The Hon'ble Iswar Das Jalan: (*a*) Only the rate of toll for 1st class ferries was raised from one anna to two annas per head from the 1st April, 1953. This rate has since been reduced to one anna and six pies.

(*b*) For improving the financial condition of the district board.

Sj. [illegible] Ghose:

এই "ফার্ষ্ট ক্লাস" কেন বলতে আপনি কি বুঝেন?

The Hon'ble Iswar Das Jalan: There are three classes—1st class, 2nd class and 3rd class and there are different rates for different classes.

Sj. Bibhuti Bhushon Ghose:

মন্ত্রীমহাশয় মনে করেন না কি যে আজকের দিনে এই ছয় পয়সা অত্যন্ত বেশী?

The Hon'ble Iswar Das Jalan: That is a matter of opinion and it is in the hands of the district board.

Sj. Bibhuti Bhushon Ghose:

মন্ত্রীমহাশয় জানেন কি যে এই নিয়ে আমরা বার বার আপনার কাছে অভিযোগ জানিয়েছিলাম?

The Hon'ble Iswar Das Jalan: Yes, and as a result thereof the increase was reduced by 50 per cent.

Sj. Bibhuti Bhushon Ghose:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে তাদের পক্ষে এই ছয় পয়সা অত্যন্ত বেশী হয়েছে কি না?

The Hon'ble Iswar Das Jalan: Yes, there were grievances. The matter was referred to the district board. I understand the district board contacted those people who made complaints and as a result thereof 50 per cent. was reduced.

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই ছয় পয়সা কমাবার ইচ্ছা আছে কি না?

The Hon'ble Iswar Das Jalan: It is for the district board to take the initiative and not for the Government.

Sj. Bibhuti Bhushon Ghose:

মন্ত্রীমহাশয়কে আর একটা কথা বলবো, এই যে এখানে বলেছেন যে——

for improving the financial condition of the district board—

এই "ফাইনান্সিয়াল কণ্ডিসন" বাড়াবার জন্য এই দু'পয়সা না বাড়িয়ে অন্য কোন ব্যবস্থা জানেন কি?

The Hon'ble Iswar Das Jalan: That is for the district board to consider.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Representation from the Paschim Banga Shop Assistants' Federation for modification of Shops and Establishments Act.

12. Sj. Hemanta Kumar Basu: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact—

চটকলের মজদুররা এরকম একটা অভিযোগ করেছিলেন কিনা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের অবগতির জন্য এটা বলছি যে তিনি যে চাল খাচ্ছেন, সকলকে সেই চালই দেওয়া হচ্ছে।

Sj. Bibhuti Bhusan Ghosh:

এই যে চালের দাম কমান হয়েছে সেটা কি আমাদের প্রতিবাদ করবার ফলেই হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, আমি পূর্ব্বেই বলেছি ৷৷/ দরের চাল বর্ত্তমানে নাই। সাত আনা সেরের চালই সাত আনায় দেওয়া হচ্ছে।

Sj. Bibhuti Bhusan Ghosh:

এই ৷৷/ আনার চাল পরিবর্ত্তন করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় প্রধান মন্ত্রীমহাশয় পূর্ব্বেই বলেছেন যে আমরা শীঘ্রই একটা কল বসিয়ে চেষ্টা করছি চালের যে সামান্য কাঁকর আছে তা বাছবার জন্য।

Sj. Bibhuti Bhusan Ghosh:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে ঐ চালে কাঁকর ছাড়াও আর কোন খারাপ জিনিষ আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি থাকে তাও বেছে নেওয়া হবে।

Sj. Hemanta Kumar Ghosal:

কলকাতায় যে সাত আনা সেরের চাল বিক্রী হচ্ছে সেটা মানুষের খাওয়ার যোগ্য কিনা সেটা তদন্ত করতে প্রস্তুত আছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা সব সময়ই তদন্ত করছি, চাল যখন কিনি তখনও তদন্ত করি। মাননীয় সদস্যের অবগতির জন্য বলতে পারি চাল ৷৷/ আনা কিনে সাত আনায় বিক্রী করি।

Sj. Subodh Banerjee:

"স্পেশাল" দোকানে যে চাল বিক্রী হয় সেটা সরকার বাহাদুরই সরবরাহ করেন কিনা, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না।

Sj. Manoranjan Hazra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে আমাদের রাজ্যে যে সমস্ত রাজ্য থেকে চাল সরবরাহ করা হয়, চন্দননগরেও কি সেই চাল সরবরাহ হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

হাঁ, অনেকটা তাই। আমরা যে সমস্ত রাজ্য থেকে চাল সংগ্রহ করি চন্দননগরেও সেই সমস্ত রাজ্য থেকে চাল আনা হয়।

Sj. Manoranjan Hazra:

তাহ'লে এখানে সাত আনা বিক্রয় করেন অথচ চন্দননগরে আট আনা, এর কারণ কি বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেটা যারা "সাপ্লাই" করে, তাদেরকে জিজ্ঞাসা করাই ভাল।

Sj. Ambica Chakrabarty:

একই চালে এই যে পার্থক্য দামের, এটা কেন, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা হিসাব করে দেখি নি।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি সুরেন্দ্র ব্যানার্জ্জি রোডে সাহা না চৌধুরী "কোম্পানী" আছে তাকে কোথা থেকে চাউল সরবরাহ করা হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

জানি না।

Sj. Subodh Banerjee:

এটা কি সত্য যে যত ভাল চাউল সেখানে দিয়ে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, এটা শুনি নাই।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে যত ভাল চাউল সেখানে দিয়ে বাকী খারাপ চাল রেশনে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

বলেছি তো এটা ঠিক নয়, তাছাড়া ওখানে ঐ নামে কোন দোকানও নাই। উবাকান্ত দাস নামের একজন আছে।

Sj. Subodh Banerjee:

ঐ আড়তকে কি সর্ত্তে চাউল আনিতে দেওয়া হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন সর্ত্ত নাই। "লাইসেন্স" থাকলেই পারে।

Sj. Subodh Banerjee:

"লাইসেন্স" থাকলে যে কেহ আনতে পারে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, ৩১শে ডিসেম্বরের পরে আনতে পারবে না।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Will the Minister-in-charge be pleased to state what was the consideration for which this licence was given to the particular firm?

The Hon'ble Prafulla Chandra Sen: That question does not arise out of this question.

Sj. Saroj Roy:

এই যে সাত আনা দরের চাল, এটা খাওয়ার যোগ্য কিনা?

Mr. Speaker:

এতো অনেকবার হয়েছে।

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে সাত আনা দরের চাল খাওয়ার অযোগ্য ব'লে কলকাতাবাসী তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিল?

Mr. Speaker: That question was put a number of times.

Sj. Bibhuti Bhusan Ghosh:

"মডিফাইড রেশনিং" এলেকায় ১৪ টাকায় চাল দেওয়া হবে এরূপ কথা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এখানে সে প্রশ্ন উঠছে না।

Sj. Ambica Chakrabarty:

প্রতিরোধ কমিটি যে সমস্ত "ডিম্যান্ড শেলস" করেছিল সে সম্বন্ধে সরকার ভেবেছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কিছু জানি না। "সেন্ট্রাল ফুড মিনিস্টার"এর পরামর্শানুসারে এই সব "ডিম্যান্ড শেলস" করার বহু পূর্ব্বেই আমাদের খাদ্যনীতি ঠিক করা হয়েছিল।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে "ইউনাইটেড রেজিসট্যান্স কমিটি"র "ডিম্যান্ড"এর কথা বল্লেন যে "সেন্ট্রাল ফুড মিনিস্টার"এর সঙ্গে এবং "চিফ মিনিস্টার"এর সঙ্গে আলোচনা করে খাদ্যনীতি ঠিক করা হয়েছিল সেটা বাংলার খাদ্যমন্ত্রী হিসাবে কি জানতেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি নিশ্চয়ই জানতাম, প্রত্যেক পরামর্শের সময় আমি উপস্থিত ছিলাম এবং আমি বলতে পারি "ইউনাইটেড রেজিসট্যান্স কমিটি"র "ডিম্যান্ড" আসবার বহু পূর্ব্বেই আলোচনা ক'রে যে নীতি অবলম্বন করা হবে সেটা ঠিক করা হয়েছিল।

Sj. Hemanta Kumar Basu:

কোন্ তারিখে সেটা ঠিক করা হয়েছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

যতদূর মনে পড়ে সেটা ২৫শে কি ২৬শে হবে।

Sj. Hemanta Kumar Basu:

সেটা কোন্ মাসের ২৫শে?

The Hon'ble Prafulla Chandra Sen:

যে মাসে আপনারা দেখা করতে এসেছিলেন, সেই মাসের।

Sj. Hemanta Kumar Basu:

২৯শে জুলাই আমরা "চিফ্ মিনিস্টার"এর নিকট "ডিম্যান্ড শেলস" করেছিলাম, মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কিছুই জানি না।

Sj. Hemanta Kumar Basu:

আমাদের "ডিম্যান্ড" অনুসারে এই খাদ্যনীতি গ্রহণ করা হয়েছে কিনা এটা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

না, তা আমি মনে করি না, আপনাদের "ডিম্যান্ড" অনুসারে তা হয় নি।

Sj. Manoranjan Hazra:

দুর্ভিক্ষ প্রতিরোধ "কমিটি" আপনাদের কাছে "ডিম্যান্ড প্লেস" করার আগেই "পলিসি" ঠিক করেছিলেন বলেছেন, কি ঠিক করেছিলেন বলবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, সেটা এখানে উঠে না।

Dr. Radhakrishna Pal:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমাদের দাদা বলেছেন, এই যে চাল দিচ্ছে তা ভাল, তাহ'লে এই চাল দাদা কি ৭ দিন খেয়ে দেখবেন যে তাঁর এই দুধের মত রং থাকে কিনা?

Mr. Speaker: Order, order. That is not a supplementary question. Next question.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Paddy cultivation in Contai subdivision, Midnapore.

19. Sj. Saroj Roy: Will the Minister-in-charge of the Agriculture and Co-operation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি মহকুমায় সরকারী হিসাবমত গত বৎসর কত হাজার বিঘা জমিতে ধান্য ফলন হইয়াছে;

(খ) সরকারের দৃষ্টি কি এ বিষয়ে আকৃষ্ট হইয়াছে যে, কাঁথি মহকুমা কংগ্রেস কমিটির একটি বিজ্ঞপ্তিতে জানানো হইয়াছে যে, এই মহকুমায় গত বৎসর ১১ লক্ষ ৬৪ হাজার বিঘা জমিতে ধান চাষ হইয়াছে;

(গ) এ বিষয়ে সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়া থাকিলে, এই হিসাবের সাথে সরকারী হিসাবের কোন সম্বন্ধ আছে কিনা;

(ঘ) এই মহকুমায় সরকারী হিসাবমত গত বৎসর মোট কত মণ ধান্য উৎপাদিন হইয়াছে; এবং

(ঙ) এই মহকুমায় বিঘাপ্রতি কত গড় ফলন হইয়াছে?

Minister-in-charge of the Agriculture and Co-operation Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) সরকারী হিসাবানুযায়ী ১,২৮৬,৪৩০ বিঘা জমিতে আমন ধান্য ফলন হইয়াছে। আউস ধান্যের ফলন খুবই কম বলিয়া সঠিক হিসাব নাই।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ৬,২৯০,৭০০ মণ আমন ধান্য। আউস ধান্যের সঠিক হিসাব নাই।

(ঙ) আনুমানিক ৪·৮৯ মণ।

[3-20—3-30 p.m.]

Sj. Saroj Roy: Supplementary question, Sir,

কাঁথি মহকুমার "লোক্যাল এগ্রিকালচারাল অফিসার"-এর কাছ থেকে কাঁথি "কংগ্রেস কমিটি" অনেক তথ্য সংগ্রহ করেছিল সেটা আপনি জানেন কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সে বিষয়ে আমার খবর নাই। প্রশ্ন করেছেন যে "কংগ্রেস কমিটি"র এক বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে সেই বিজ্ঞপ্তি সম্বন্ধে আমার কিছু জানা নাই।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে তথ্য ১২ লক্ষ ৮৬ হাজার ৪৩০ বিঘা জমিতে আমন ধান হয়েছে সেটা আপনি কোথা থেকে পেলেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এটা আমাদের "ষ্টেট ষ্ট্যাটিষ্টিক্যাল ব্যুরো" থেকে পেয়েছি।

Sj. Kanai Lal Bhowmick:

"এগ্রিকালচার ডিপার্টমেন্ট" যে তথ্য সংগ্রহ করেছে সেই তথ্য অনুসারে ১১ লক্ষ ৬৪ হাজার বিঘাতে ধান হয়েছে।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমার উত্তরেই বলেছি যে, ১১ লক্ষটা ঠিক নয়, আমরা যেটা দিয়েছি সেটাই ঠিক।

Sj. Kanai Lal Bhowmick:

কাঁথি মহকুমা ঘাটতি না বাড়তি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

বাড়তি।

Sj. Kanai Lal Bhowmick:

কত বাড়তি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি বল্‌তে পারি না, "নোটিশ" চাই।

Sj. Kanai Lal Bhowmick:

আপনি যে বাড়তি বলছেন মাথাপিছু কত মণ ধান ধ'রে বাড়তি বলছেন?

Mr. Speaker: That question does not arise when he says that "I want notice".

Sj. Kanai Lal Bhowmick:

এই যে বাড়তি বল্‌ছেন মাথাপ্রতি কত মণ ধান ধ'রে বাড়তি বল্‌ছেন?

The Hon'ble Prafulla Chandra Sen: The question should be referred to the Food Department.

Sj. Saroj Roy:

"এগ্রিকালচার ডিপার্টমেন্ট"এর যে তথ্য সেই তথ্য সত্য ব'লে সরকার স্বীকার করেন কিনা?

Mr. Speaker: That question does not arise. That is not the object of the supplementary question.

Sj. Kanai Lal Bhowmick:

এখানে জিজ্ঞাসা করছি মাথাপ্রতি কত ধান?

Mr. Speaker: He says "I want notice".

Sj. Sudhir Chandra Das:

বাড়তি যে বল্‌ছেন, কাঁথির লোকসংখ্যা কত বল্‌তে পারেন? কিসের উপর ভিত্তি ক'রে বাড়তি বল্‌ছেন?

Mr. Speaker: How can he say? The object of supplementary is not cross-examination.

Charges against the Cordoning Officer, Kalna, Burdwan.

20. Sj. Dasarathi Tah:

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি যে—

(ক) গত ১৯৫১ সালে বর্দ্ধমান জেলায় কালনার তদানীন্তন কর্ডণিং অফিসারের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গিয়াছিল কিনা;

(খ) সরকার হইতে ইহার তদন্ত হইয়াছিল কিনা এবং হইয়া থাকিলে তাহার ফল কি;

(গ) ইহা কি সত্য যে, উক্ত কর্ম্মচারীর বিরুদ্ধে বর্দ্ধমান সম্মিলনী হইতে বহু অভিযোগ সরকারের নিকট দাখিল করা হইয়াছিল; এবং

(ঘ) সত্য হইলে, সরকার সেগুলি সম্বন্ধে তদন্ত করিয়াছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) এবং (গ) হ্যাঁ।

(খ) হ্যাঁ, বিভাগীয় তদন্ত ছাড়া দুর্নীতি দমন বিভাগ কর্তৃকও তদন্ত হইয়াছিল, কিন্তু কোন অভিযোগই প্রমাণিত হয় নাই।

(ঘ) (খ) প্রশ্নের উত্তরানুযায়ী প্রশ্ন উঠে না।

Dr. Atindra Nath Bose: Will the Hon'ble Minister be pleased to state what are the complaints referred to in (ক) and (গ) against the officer?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice. I cannot give you the list of complaints off hand. The complaints were enquired into by the ARCP and the Subdivisional Officer.

Dr. Atindra Nath Bose: That is there but what were the complaints?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

Mr. Speaker: Questions over.

Point of Information.

Sj. Janardan Sahu:

"অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, স্যার", আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীমহাশয়কে বল্‌ছি যে, "এম,এল,এ"দের "ডি,এ" ও "টি, এ, বিল" আগে "এসেম্‌ব্লি"তেই দেওয়া হ'ত, কিন্তু এখন থেকে দেওয়া হবে না ব'লে সকলেরই খুব কষ্ট হবে।

Mr. Speaker: Please see me in my chamber with your difficulties.

Sj. Cangadhar Naskar: On a point of privilege, Sir,

১৭ই নভেম্বর আমি একটা "শর্ট নোটিশ"——

Mr. Speaker: That is not a question of privilege.

Sj. Cangadhar Naskar: Question of information, Sir,

সোনারপুর——

Mr. Speaker: You can see me in my chamber about it.

GOVERNMENT BILL.

The West Bengal Estates Acquisition Bill, 1953.

Mr. Speaker: I find amendment in the Chapter Read. There can be no amendment of the Chapter head. You cannot change the Chapter. You can change the Preamble or the clauses but not the Chapter.

Clause 13.

Dr. Atindra Nath Bose: I beg to move that in clause 13(*1*), line 4, for the words "three years" the words "one and a half year" be substituted.

Sj. Amulya Ratan Ghosh: I beg to move that in clause 13, sub-clause (*1*), line 4, for the words "three years" the words "one year" be substituted.

Sj. Debendra Chandra Dey: I beg to move that in sub-clause (*1*) of clause 13, in lines 4 and 5, for the words "the publication of the notification under section 4" the words "the date of vesting" be substituted.

Sj. Sasabindu Bera: I beg to move that the following proviso be added to clause 13, namely:—

"Provided that all Compensation Assessment Rolls as prepared by the Compensation Officer shall be placed for approval before a Board constituted with the following as members:—

(1) The Collector of the district concerned—*ex-officio* Chairman.

(2) The Compensation Officer—*ex-officio* Secretary.

(3) The Chairman of the District Board of the district concerned.

(4) The M.L.A. or the M.L.A.'s of the area concerned.

Dr. Atindra Nath Bose: I had sought to move, Sir, some amendments on the entire Chapter. I now quite realise that this is useless in view of the extensive reservations made in favour of intermediaries. The intermediaries, after clause 6 has been passed, do not stand in need of rehabilitation or even of any compensation whatsoever. As regards compensation we on this block of the House would support amendment No. 223, *i.e.*, the reduction of compensation to a token figure of rupee one only, because after the wide reservations which have been made under clause 6, the intermediaries whose lands have vested in the State do not require any amount of compensation whatsoever. As for amendment No. 199 on clause 13(*1*) I seek to change three years' period of notification to one and a half year. There is no reason, Sir, why this inordinately long time of three years should be allowed after the publication of the notification. This should be, in my opinion, reduced to only one and a half year.

Sj. Amulya Ratan Ghosh:

আমি এক বছর করতে বলছি, তা ছাড়া আর কিছু ব'লে লাভ নেই।

[3-30—3-40 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় "স্পীকার" মহাশয়! আমার এই "এ্যামেণ্ডমেন্ট"টা "কম্পেন্সেশন অফিসার"এর ক্ষমতা ক্ষুন্ন করার জন্য। "ক্লজ ১৩"তে "কম্পেন্সেসন অফিসার"দের ক্ষমতা দেওয়া হয়েছে "কম্পেন্সেসন এসেস্‌মেন্ট" করবার জন্য। এখানে তাঁর উপর যে ক্ষমতা দেওয়া হয়েছে সেখানে অন্যায় হওয়ার আশঙ্কা আছে। আমরা জানি এই সরকার জমিদার শ্রেণী ও ধনিক শ্রেণীর পৃষ্ঠপোষক। কাজেই আশঙ্কা হয় যে এই ব্যাপারে "ষ্টেটের" অর্থাৎ জনসাধারণের অর্থের অপব্যয় হবে। এই অফিসার জনসাধারণের জন্য চিন্তা করবেন না। জমিদারদের উচ্চ হারে "কম্পেন্সেসন" ধার্য্য করবেন। কাজেই এই "কম্পেন্সেসন অফিসার" যদি "ফাইন্যাল কম্পেন্সেসন' 'রোল" তৈরীর পূর্বে "এ্যাপ্রুভ্যাল"এর জন্য একটা কমিটির কাছে তাঁর "কম্পেন্সেসন এসেস্‌মেন্ট রোল প্লেস" করেন তাহ'লে ভাল হয়। সেইজন্য শেষ কালে একটা "প্রোভাইসো" করতে চাইছি—"ক্লজ" ১৩ এর শেষে provided that all compensation assessment rolls as prepared by the Compensation Officer shall be placed for approval before a Board constituted with the following as members:—(1) Collector of the district concerned, (2) the Compensation Officer, (3) the Chairman of the

District Board of the district concerned and (4) the M.L.A. or the M.L.A.'s of the area concerned.

"স্যার"! সেই জন্য বল্‌ছি এই রকম একটা "বোর্ড"এর হাতে যদি "কম্পেন্সেসন রোল"টা "ফাইন্যাল এপ্রুভ্যাল"এর জন্য "প্লেস" করেন তাহ'লে জনসাধারণের স্বার্থ রক্ষিত হবে এবং ষ্টেটের অর্থ অযথা যাবে না। কারণ এই বোর্ডে কয়েকজন জনসাধারণের প্রতিনিধি থাকবেন বলে এবং জনসাধারণের প্রতিনিধি যাঁরা তাঁরা যদি কংগ্রেসীও হ'ন তাহ'লেও জনসাধারণের সঙ্গে তাঁদের প্রত্যক্ষ যোগাযোগ আছে বোলে জনসাধারণের নিকট তারা কৈফিয়ত দিতে বাধ্য থাকবেন, এইজন্যে এই বোর্ড জনসাধারণকে উপেক্ষা ক'রে চলতে পারবে না। কাজেই এই রকম একটা "বডি"র কাছে "ফাইন্যাল এপ্রুভ্যাল"এর জন্য "কম্পেন্সেসন এ্যাসেসমেন্ট রোল"টা দেওয়া উচিত। নইলে "কম্পেন্সেসন অফিসার" তাঁর খেয়ালমত যদি "কম্পেন্সেসন" ধার্য্য করেন, তবে কোন প্রতিকার হবে না। "ক্লজ ১৯"তে বলা আছে যে "ইন্টারমিডিয়ারি"র উপর কোন অবিচার হয়েছে একথা যদি মনে হয় অর্থাৎ কম কোরে "কম্পেন্সেসন" ধার্য্য হয়েছে তাহ'লে তিনি আপীল করতে পারেন। কিন্তু আমি বলছি "ইন্টারমিডিয়ারি"র উপর অবিচার হবে না, "ষ্টেটে"র উপর বা "ষ্টেট এক্সচেকার"এর উপর অর্থাৎ জনসাধারণের উপরই অবিচার করা হবে। কাজেই সেখানে "এ্যগ্রীভড্" হবে "ষ্টেট অব্ পিপল্" যেখানে "এ্যগ্রীভড্ পার্টি" হবে "ষ্টেট" সেখানে "ষ্টেট" গভর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত "কম্পেন্সেসন অফিসার" এর কোন "ফেলিওর" হ'লে "হাইকোর্ট"এ "ষ্টেট" "আপীল" করবেন একথা চিন্তা করতে পারি না।

কাজেই আমি চাই যে এই রকম একটা "এ্যামেণ্ডমেন্ট" গ্রহণ করা হউক যে "কম্পেন্সেসন এ্যাসেস্‌মেন্ট রোল ফাইন্যালাইজড্" করবার পূর্ব্বে যেন এইরকম একটা বোর্ডের কাছে "এ্যাপ্রুভড্" করিয়ে নেওয়া হয়। এই রকম একটা "বডি"র মারফৎ "এ্যাপ্রুভড্" করিয়ে নিতে গেলে খরচ এবং ঝামেলার সম্ভাবনা রয়েছে। কিন্তু এ রকম "এ্যাসেস্‌মেন্ট" মাত্র একবার তৈরী হবে। কাজেই সেটা "জাষ্টলী" এবং "রাইটলী" করার চেষ্টা করা উচিত। এরূপ একটা বোর্ড দ্বারা "এ্যাপ্রুভড্" করিয়ে নেওয়ার ব্যবস্থা থাকলে সেটা "জাষ্টলী" এবং "রাইটলী" হবে।

এই কথা বোলে আমি আমার "এ্যামেণ্ডমেন্ট" গ্রহণের জন্য অনুরোধ করছি।

Sj. Benoy Krishna Chowdhury:

এখানে সুবিধা হ'তো যদি "হোল চ্যাপটারের" ওপর আলোচনা করা যেত। কিন্তু যখন তা হচ্ছে না তখন "ক্লজের" ওপর দু'টি বিষয় সম্পর্কে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

প্রথম বিষয় হচ্ছে, "কম্পেন্সেসন রোল"এর কথা খানিকটা রয়েছে। তাতে দেখছি "গ্রস ইনকম" ও "নেট ইনকম" এই দু'টো নিয়ে সেটা হবে। কিন্তু আমি এই "গ্রস ইনকম" এবং "নেট ইনকম" দেখে "কম্পেন্সেসন" ঠিক করার যে নীতি তার তীব্র প্রতিবাদ করছি। এর পরে যখন "ক্লজ ১৬" আলোচিত হবে তখন সেই সম্পর্কে বিশদভাবে বলব। এখানে শুধু এইটুকু বলছি যে এই রকম "গ্রস ইনকম"এর ভিত্তিতে কোন "কম্পেন্সেসন" দেওয়ার অর্থ হয় না; কারণ এ সম্পর্কে আমরা আমাদের "নোট অব ডিসেন্ট"এও বলেছি যে "গ্রস ইনকম"এর ওপর "কম্পেন্সেসন" দেওয়া মোটেই যুক্তিযুক্ত নয়। এ সম্পর্কে "কাশ্মীর কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্‌ব্লি" যে কমিটি করেছিলেন—

Mr. Speaker: That will be under compensation clause. You now come to the compensation roll.

Sj. Benoy Krishna Chowdhury:

সেই জন্য আমার কথা হচ্ছে "কম্পেন্সেসন রোল প্রিপেয়ার" করার ক্ষেত্রে "গ্রস ইনকম" ধরা যুক্তিযুক্ত নয়; "নেট ইনকম"এর ভিত্তিতেই দিতে হবে। কালকে কথা উঠেছিল—জে, সি, গুপ্ত মহাশয় বলেছিলেন যে বিরোধী পক্ষ চায় কোন কোন অংশকে "এক্সটারমিনেট" করতে। "এক্সটারমিনেট" শব্দ বিরোধীপক্ষের কেউ ব্যবহার করেন নি, যদি কেউ ক'রে থাকেন প্রধানমন্ত্রী স্বয়ংই করেছেন। "ইনকম"এর ব্যাপারের একটা উদাহরণ দিচ্ছি, যার সম্পর্কে আমি ভাল ক'রেই জানি। বাংলার যে জমিদারদের "কম্পেন্সেসন" দেওয়া হবে তাদের মধ্যে কুলচূড়ামণি হচ্ছেন বর্দ্ধমানের মহারাজা। তাঁর যে শুধু জমিদারী "ইনকামই" আছে তা নয়, তাঁর অন্ততপক্ষে ১৪টা "কোম্পানী"তে ও "ব্যাঙ্কে" টাকা "ইনভেষ্টেড্" আছে, তা থেকে তিনি প্রচুর টাকা পান।

Mr. Speaker: That is on the principle of compensation. You are speaking on clause 13. Clause 13 relates to preparation of the compensation roll. When you talk on compensation you have got a bigger clause for that.

Sj. Benoy Krishna Chowdhury:

আমার কথা হচ্ছে তাই যে, আমি এই নীতিটার বিরোধিতা করছি। এটার ওপর আমি আর বেশী যেতে চাই না। দ্বিতীয়তঃ "কম্পেন্সেসন অফিসার" একটি ব্যক্তির ওপর সমস্ত দায়িত্ব দেওয়া, সম্পূর্ণরূপে নির্ভর করা, এই নীতির আমি বিরোধিতা করি। কারণ পূর্ব্ববঙ্গের "রেভিনিউ মিনিষ্টার"——

Mr. Speaker: It is not relevant.

Sj. Benoy Krishna Chowdhury:

এটা "ইররেলিভ্যান্ট" নয়। আমি জানি এ সম্পর্কে একটি ভদ্রলোক বলেছেন পূর্ব্ববঙ্গের তফজ্জল হোসেন সেখানে "রেভিনিউ মিনিষ্টার" থাকার দরুণ সেখানকার কেন্দ্রে তার চেয়ে বড় চাকরি পেয়েছিলেন, কিন্তু তিনি সেখানে যেতে চান নি; কারণ সেখানে তিনি যতটা অর্থ পাচ্ছেন ততটা হয়ত কেন্দ্রে গেলে পাবেন না। সেইজন্য তিনি——

Mr. Speaker: You should not name like this. What is the good of referring to a member of a

[Mr. Speaker.]

foreign State? It is not parliamentary etiquette to do so. You can only make a reference.

Sj. Benoy Krishna Chowdhury:

আচ্ছা আমি নাম বাদ দিয়েই বলছি। প্রশ্ন হচ্ছে একজন ব্যক্তিবিশেষের হাতে এই রকম ক্ষমতা যদি দেওয়া হয়, তাহ'লে আজ যেখানে আমরা দেখছি ওপর থেকে নীচে পর্য্যন্ত দুর্নীতিতে জড়ান, এটা শুধু কল্পনার কথা নয়, অনুমানের বিষয়ও নয়, যে সম্বন্ধে আজ ভূরি ভূরি "কেস" চলছে সেই সময় একজন ব্যক্তিবিশেষের হাতে এত বড় ক্ষমতা দেওয়া অত্যন্ত অন্যায় হবে। যেখানে এতগুলো লোকের "কম্পেন্সেসন" দেওয়ার প্রধান ক্ষমতা দেওয়া হবে সেখানে একটি "কমিটি" গঠন করা উচিত; সে "কমিটি"টা হবে সম্পূর্ণরূপে প্রতিনিধিমূলক যাতে কোন রকম ব্যক্তিগত স্বার্থপ্রণোদিত না হয়ে এই কাজ চলতে পারে। সেদিকে সরকারের অবহিত হওয়া উচিত। এই দুটি "পয়েন্টে"র ওপর আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, this particular clause refers to the duties of a Compensation Officer and as will be seen in the subsequent paragraph the way in which the Compensation Officer calculates the compensation is subject to revision. There is only one ambiguity here which has been cleared by Shri Debendra Chandra Dey's amendment, namely, instead of saying publication of the notification under section 4, he has mentioned "3 years from the date of vesting" because that gives according to the amendment which has been accepted by the House under section 4 an exact date—three years—within which the Compensation Officer shall have finished his enquiry.

[3-40—3-50 p.m.]

Sir, a suggestion has been made that instead of giving one person the whole power there should be a group of three persons—you might as well say a group of 10 or a group of 50 persons. The point is people who cannot trust others very rightly do not trust themselves and therefore without self-confidence you are bound to suspect others about their activities. After all, this officer will be under the laws of the realm and if there is any laches on his part he will be subjected to such punishment as the law provides.

The other point that has been mentioned here is, why can't we do it in less than three years? Sir, if you look at the procedure which is suggested in clauses 14 and 15 it will be found that even after the date of vesting and after the Collector has got all the papers, etc., it will take some time before he can allocate the quantum of compensation payable to a very large number of co-sharers in a particular property. In Bengal particularly it is a very complicated and complex position and therefore three years is none too long a period for the Compensation Officer to complete his work.

With these words I oppose all the amendments and accept the one suggested by Shri Debendra Chandra Dey—200A.

The motion of Dr. Atindra Nath Bose that in clause 13(*1*),, line 4, for the words "three years" the words "one and a half year" be substituted was then put and lost.

The motion of Sj. Amulya Ratan Ghosh that in clause 13 sub-clause (*1*), line 4, for the words "three years" the words "one year" be substituted was then put and lost.

The motion of Sj. Debendra Chandra Dey that in sub-clause (*1*) of clause 13, in lines 4 and 5, for the words "the publication of the notification under section 4" the words "the date of vesting" be substituted was then put and agreed to.

The motion of Sj. Sasabindu Bera that the following proviso be added to clause 13, namely:—

"Provided that all Compensation Assessment Rolls as prepared by the Compensation Officer shall be placed for approval before a Board constituted with the following as members:—

(1) The Collector of the district concerned—*Ex-officio* Chairman.

(2) The Compensation Officer—*Ex-officio* Secretary.

(3) The Chairman of the District Board of the district concerned.

(4) The M.L.A. or the M.L.A.'s of the area concerned".

was then put and lost.

The question that clause 13, as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 14.

Sj. Hemanta Kumar Ghosal: Sir, I beg to move that in clause 14, line 5, for the words "on the date of vesting" the words and figure "registered duly before the year 1950" be substituted.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 14, in lines 3 to 5, the words ", or who would have been entitled to such a share if there had been a partition on the date of vesting," be omitted.

I further move that after the proviso to clause 14, the following further proviso be added, namely:—

"Provided further that any intermediary who has acquired by a voluntary transfer made after the 1st day of January, 1952, a share in any estate or interest, not being the entire share of the transferor, shall not be treated separately."

Sj. Subodh Banerjee:

মাননীয় "স্পীক্যর" মহাশয়, আমি দেখছি যে, বড়কর্ত্তা অর্থাৎ ডাঃ রায়ের একটু মিজ্জ হয়েছে তাই আমার সংশোধনী প্রস্তাবটা দেখেই দেবেন বাবুকে দিয়ে ঐ সংশোধনী প্রস্তাবের নোটিশ দিইয়েছেন।

আগে একটা সর্ব্বনাশকর জিনিষ করতে যাচ্ছিলেন, কোন মফস্বলাধিকারীর সম্পত্তি "পার্টিশান" এখন না হ'লেও, ভবিষ্যতে হ'তে পারে এবং হবে এই কথা ভেবে খেসারত দেবার ব্যবস্থা করা হয়েছিল। "বিল"এর ভাষা—

"who would have been entitled to such a share if there had been a partition"

তার প্রমাণ। সে যাই হ'ক ডাঃ রায় যখন আমার সংশোধনী প্রস্তাবটা গ্রহণ করে নিয়েছেন, তখন আর এ সম্পর্কে আমার বলবার কিছু নেই। যদি ধন্যবাদ চান তাহ'লে না হয় তা দেই।

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবের ব্যাপারটা হ'ল এখানে "কম্পেন্সেসন"এর যে "এ্যাসেস্‌মেন্ট রোল' করার কথা আছে, সেখানে এই কথা বলা হয়েছে, যে কোন "ইন্টারমিডিয়ারি", তাঁদের সম্পত্তি ভাগবাটোয়ারা না হ'লেও "অন দি ডেট অফ ভেষ্টিং", অর্থাৎ যে দিনে তাঁদের সম্পত্তি সরকার নিলো সেই দিন পর্য্যন্ত তাঁদের পৃথক হয়ে গিয়েছে ধরে নিয়ে, তাঁদের "এ্যাসেস্‌মেন্ট রোল"এ নাম তোলা হবে।

(Sj. Subodh Banerjee: এটাত আগেই "উইথড্র" করা হয়েছে।)

ও তাই নাকি? তাহ'লে আর আমার কিছু বলবার নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the amendment which Shri Debendra Chandra Dey has put in has got two parts. One part is practically the same as moved by Shri Subodh Banerjee; the second proviso is even more important, namely, if there is a voluntary transfer after the 1st day of January, 1952, then that transfer will not be acceptable so far as the Compensation Officer is concerned. Why? We do not want to interfere with any transfer which occurs under the orders of the Court. Any voluntary transfer after that date will not be permitted.

With these words I accept the two amendments moved by Shri Debendra Chandra Dey.

The motion of Shri Debendra Chandra Dey that in clause 14, in lines 3 to 5, the words ", or who would have been entitled to such a share if there had been a partition on the date of vesting," be omitted was then put and agreed to.

The motion of Shri Debendra Chandra Dey that after the proviso to clause 14, the following further proviso be added, namely:—

"Provided further that any intermediary who has acquired by a voluntary transfer made after the 1st day of January, 1952, a share in any estate or interest, not being the entire share of the transferor, shall not be treated separately."

was then put and agreed to.

Mr. Speaker: The other amendments fall through in view of the acceptance of Shri Debendra Chandra Dey's amendments.

The question that clause 14, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 15.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 15(*1*)(*a*)(*i*), in line 1, after the word "rents" the words "and cesses" be inserted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 15(*1*)(*a*)(*i*), in lines 4 to 6, after the words "the commuted value of rents in kind of such tenants determined in the prescribed manner and subject to" the words "the average annual value for five years of rents in kind of tenants before commutation under" be inserted.

Sj. Debendra Chandra Dey: I beg to move that for sub-clause (*1*)(*a*)(*ii*) of clause 15, the following be substituted, namely:—

"(*ii*) in respect of *khas* land which the intermediary shall be entitled to retain possession of under sub-section (*1*) of section 6, the aggregate of rents determined as payable for such lands and recorded in the record-of-rights prepared and finally published under Chapter V and in respect of other *khas* lands the actual annual income of such lands determined in the prescribed manner".

I also move that in sub-clause (*1*)(*b*)(*i*) of clause 15, in line 3, for the word "cess" the word "cesses" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 15(*1*)(*b*)-(*iii*), in lines 6 and 7, after the words "maintenance of" the words "*hats*, bazars, ferries, fisheries and of" be inserted.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in clause 15(*1*)-(*b*)(*iii*) after the words "income relates" in the last line, add the words "or where such expenditure should have been incurred but was not so incurred, an amount calculated in the prescribed manner."

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that after clause 15(*1*)(*b*)(*iii*) the following be inserted, namely:—

"(*iiia*) the actual annual income derived from *khas* lands which an intermediary can retain under section 6."

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 15(*1*)(*b*)(*iv*), under the heading "Rate" for the words "nil", "five", "seven and a half", "ten" "twelve and a half", and "fifteen", the words "five", "ten", "fifteen", "twenty", "twenty-five" and "thirty", respectively, be substituted.

[3-50—4 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury: In section 15(*1*)(*a*)(*i*) it has been provided "For the purpose of the preparation of the Compensation Assessment Roll for any notified area—

(*a*) the gross income of an intermediary shall be taken to consist of—

(*i*) the aggregate of the rents payable or deemed to be payable to him for the previous agricultural year by his immediately

subordinate tenants including the commuted value of rents in kind of such tenants determined in the prescribed manner and subject to the provisions of section 37".

এর মানে হচ্ছে যে যাদের সাজা ছিল, সেই সাজার বদলে যে "রেন্ট কমিউটেড" হবে তার উপর "কম্পেন্সেসন" পাবে। এখন কথা হচ্ছে এই যে সাজা আছে, তাদের সাজাই বলুন বা যাই বলুন, তারা বড় জমিদার কেউ নয়, তারা হচ্ছে "টেনান্সি হোল্ডার", তাদের কিছু কিছু সাজা আছে। এর পর হচ্ছে "উইডোস, মাইনরস্ এ্যান্ড দেবোত্তর ও "ওয়াকফ প্রপারটি", তাদের সাজা-বিলি আছে, সামান্যই আছে। সেই সাজা-বিলিটা গভর্ণমেন্ট যখন নিচ্ছেন, ১৩৬২ সালের বৈশাখ মাসে "এ্যাকোয়ার" করছেন, ১৩৬২-৬৩-৬৪ সালে আদায় করবেন তারপর "কমিউটেসন" হবে, তিন বছর পরে। দু'বছর "গভর্ণমেন্ট" আদায় করে নেবেন। কিন্তু "কম্পেন্সেসন" দেবার বেলায় বলবেন, "ইট ভ্যালুজ" কিম্বা "রেন্ট" যেটা "হাইয়ার"। অতএব আমি বলবো এটা "আনফেয়ার" হচ্ছে। কেন? "গভর্ণমেন্ট" নিজে দু'বছর সাজা আদায় করবেন, যতদিন পর্যন্ত না "কমিউটেসন" হচ্ছে ততদিন এই সাজা আদায় করছেন, ১৩৬২-৬৩-৬৪তে আদায় করছেন, কিন্তু তাকে দেবার বেলায় বিধবা, "মাইনর" বা "ওয়াকফ এস্টেট" বা দেবোত্তর তাতে নগদ যা পাবে তার উপরই "কম্পেন্সেসন" দেওয়া হবে। আমি মনে করি এটা "আনফেয়ার"। আমি বলি ৫ কিংবা ১০ বছরের "কনজিকিউটিভ ইয়ারস"এর যে উৎপাদন হবে তার উপর একটা হিসাব করে তার উপর "কম্পেন্সেসন" দেবার ব্যবস্থা করা হোক। "বেঙ্গল টেনান্সি এ্যাক্ট"এ যেমন আছে—যা "এন্‌হান্সমেন্ট"এর বেলায় করা হয়। "সেক্সন ৪০"-এ যেমন ১০+১০ বিশ বছর বা এ ধরণের একটা "এ্যাভারেজ রেন্ট" কষে "ফিক্স" করা হয় তেমনিভাবে আমি বলি এটার বেলায়ও দশ বছরের "এ্যাভারেজ" কষে "কম্পেন্সেসন" ধরা হোক।

Sj. Subodh Banerjee:

মাননীয় "স্পীকার" মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবটা খুব সাধারণ। বিলের ১৫ ধারার প্রথম দিকে "গ্রস ইনকাম" এবং পরে তা থেকে "নেট ইনকম" হিসাব করার ব্যবস্থা করা হয়েছে। "বিলে"র এই জায়গায় দেখা যাচ্ছে—

"the Income derived from 'hats' bazars, ferries, fisheries, tolls and other Sairati interests."

আয়ের বেলায় এ জিনিষগুলি হ'তে আয় হিসাবের মধ্যে ধরা হয়েছে। নিশ্চয়ই এই স্বত্বগুলি হ'তে আয় করতে গেলে তার জন্য কিছু ব্যয় করতেই হয়। কিন্তু ব্যয়ের হিসাব যেখানে দেখান হয়েছে, সেখানে এ সম্বন্ধে কোন ব্যয় দেখান হয় নাই। এই হাট, বাজার ইত্যাদি রক্ষা করতে হ'লে যে খরচা হয়, এদের থেকে আয় করতে গেলে যে খরচা হয়, সেগুলো ধরা হচ্ছে না, প্রকৃত আয় নির্দ্ধারণ করার সময়। এর ফল হচ্ছে যে, মোট আয়টা অনেক বেশী হয়ে যাচ্ছে এবং এই মোট আয়ের শতকরা হিসাবে যখন "নেট ইনকাম" নির্দ্ধারণ করার পদ্ধতি গ্রহণ করা হয়েছে এই "বিলে" তখন মধ্যসত্বভোগীরা প্রত্যেকটি ক্ষেত্রে তার প্রাপ্য টাকার অনেক বেশী পেয়ে যাচ্ছে। সেই জন্য আমি একটা সংশোধনী প্রস্তাব এনেছি। "১৫(বি)(খ্রী-আই)"এ যে জায়গায় আছে—

"the expenditure calculated on the basis of the average expenditure for five agricultural years immediately preceding the agricultural year in which the date of vesting falls or for such shorter period for which evidence is available, incurred by such intermediary on account of the maintenance of আছে বলছেন——"

Mr. Speaker: What about (*iv*) —charges on arrount of management?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Next page.

Sj. Subodh Banerjee: That is charge for management. Management is something different from maintenance. ওগুলো হচ্ছে charges for management but what about maintenance.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Management is maintenance.

Sj. Subodh Banerjee:

সেখানে আমি "হাটস, বাজারস, ফেরিজ, ফিসারীজ এ্যান্ড অফ" এই কথাগুলি যোগ করছি। একথা ঠিক যে এদের "ম্যানেজমেন্ট"এর জন্য খরচ ধরা হয়েছে, কিন্তু "ম্যানেজমেন্ট" ও "মেইনটেনেন্স" এক কথা নয়। "মেইনটেইন" অর্থাৎ রক্ষা করার খরচ ধরা হয় নি কোথাও, তাই আমি তা ধরতে বলেছি। সেদিক থেকেই "১৫(বি)(খ্রী আই)"তে হাট, বাজার ইত্যাদি যোগ করতে বলেছি আমার সংশোধনী প্রস্তাবে। তা'ছাড়া "ম্যানেজমেন্ট"এর জন্য যে খরচ ধরা হয়েছে সেটা কিছু বাড়িয়ে দেওয়ার পক্ষপাতী। বিলে যে জায়গায় "নিল, ফাইভ, সেভেন এ্যান্ড এ হাফ, টেন, টুয়েন্ড এ্যান্ড এ হাফ এ্যান্ড ফিফটিন পার সেন্টাম অফ গ্রস ইনকম" আছে সে স্থলে আমি পাঁচ, দশ, পনের, কুড়ি, পঁচিশ ও ত্রিশ করেছি। গভর্ণমেন্ট এই বিলের এক জায়গায় বলেছেন আদায়-উসুলের খরচ মোট করের পরিমাণের শতকরা ৫০ পর্য্যন্ত ধার্য্য করা হবে। এই কথা হ'তেই প্রমাণ হচ্ছে যে খরচ আয়ের অর্দ্ধেক। সেই হিসাবে আমার ধরা শতকরা ৩০ পর্য্যন্ত ব্যয় নিশ্চয়ই কিছু বেশী নয়। আপনারা বলছেন দেখা-শুনা ও

[Sj. Subodh Banerjee.]

আদায় খরচ সর্ব্বোচ্চ মোট আয়ের শতকরা ১৫ হতে পারে, আমি সেখানে ৩০ "পার্সেন্ট" করেছি। এই যে খরচ বাড়াচ্ছি এর কারণ প্রথমতঃ অনাস্থলে আপনারা যে হিসাব ঠিক করেছেন "ইউনিফরমিটি' আনার জন্য সেই হিসাব ধরা, দ্বিতীয়তঃ খেসারত যাতে প্রায় শূন্য হয় তার ব্যবস্থা করা। খেসারত আমরা দেব না ঠিক করেছি। নীতিগতভাবে খেসারত দেবার বিরুদ্ধে আমরা, কিন্তু কিছু খেসারত উল্লেখ না করলে আমার সংশোধনী প্রস্তাবগুলি "আউট অফ অর্ডার" হ'য়ে যায় তাই দু'চার পয়সা খেসারত দেবার কথা বলতে হয়েছে নতুবা আমরা তাও বাদ দিতাম। এটা সোজা কথা।

Sj. Benoy Krishna Chowdhury:

এই "১৫এ(টু আই)" যেটা এটা একটা বড় দিক।

Mr. Speaker: On which amendment you are speaking?

Sj. Benoy Krishna Chowdhury: Against clause 15—

এটা

specific point 15(*a*)(*ii*) in respect of khas lands the actual annual income of such land determined in prescribed manner;

কারণ দেখা গেছে জমিদাররা যে "রেন্ট" আদায় করতো সেই খাজনা অনেকটা "ফিক্সড", ১৯৩৮ সালের পর খাজনা এমন কিছু বাড়ে নি, সেদিক থেকে "ইনকম" বেশী কিছু দেখতে পাই না। সেজন্য যখন থেকে "এষ্টেট এ্যাকুইজিসন বিল" আসছে তখন থেকে প্রত্যেক জায়গায় আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি তারা সব বিলিয়ে দেবার বন্দোবস্ত করবার চেষ্টা করছে। এবং অনেক স্থলে সেলামী প্রভৃতি নিয়ে জমি বিলি করে দিচ্ছে। যুদ্ধের পরবর্ত্তী কালে বর্ত্তমান অবস্থায় সেটা একটা "ইনফ্লেটেড ইনকম" দেখা যায়, সেজন্য এই "ক্লজ"টা রাখা হয়েছে—

"in respect of khas land determined in the prescribed manner".

এটা কি, সেটা কিছু জানা নেই সেইজন্য এটা "ক্লক ইনকম"এর দিক থেকে জমিদারদের একটা বড় "ইনকাম"এর ব্যবস্থা হচ্ছে। এটা আমার অনুমান নয়, অত্যন্ত বাস্তব সত্য। প্রত্যেক জায়গায় এই জিনিষটা হচ্ছে। এটা রাখা উচিত নয়, সেটা স্পষ্ট করে দেখানো দরকার—১৯৩৯ সালের আগে যেয়ে তাদের যে "ইনকাম" হয় সেইটা যদি হয় তাহ'লে "স্যাটিসফ্যাক্টরি" হবে।

[4—4-10 p.m.]

Sj. Tarapada Bandopadhyay: In amendment No. 218, Sir, I have proposed that after clause 15(*1*)(*b*)-(*iii*) the following be inserted, namely:—

"(*iiia*) the actual annual income derived from *khas* lands which an intermediary can retain under section 6."

This arises in this way. If we take clauses 15 and 16 together we see a scheme for compensation has been given here. The net income has got to be assessed and it has to be assessed in this way. First, the gross income has to be assessed according to clause (*1*), section 15, and then from that gross income some sums are to be deducted. Under sub-clause (*b*) of clause 15 "the net income of an intermediary shall be computed by deducting from his gross income the following". I think there has been some oversight. You will see in clause 15, sub-clause (*1*)(*a*) and sub-clause (*ii*) again in respect of *khas* lands, the actual annual income of such lands is to be determined in the prescribed manner. You see that the entire *khas* lands that an intermediary may possess—the annual income of all those lands will have to be assessed first of all. But correspondingly we do not see in clause (*b*), when we come to the question of deduction, that the *khas* land of the zemindar or of an intermediary —which is going to be retained by him under section 6—we do not see that the actual income from these *khas* lands has been deducted. The result is, therefore, preposterous and inequitable because on the one hand the intermediary is getting some *khas* lands under clause 6; again according to the computation as envisaged in clause 15 he is again getting some money on the basis of the annual income of those *khas* lands again which he is being allowed to retain under clause 6. As I said the other day, Sir, he is eating the cake and having it too and this cannot be done. I think there was some oversight because if this is kept as it is, then the landlord is getting a double compensation in respect of the *khas* lands which he will be allowed to retain

under clause 6. At one time he is keeping 25 and 20 acres, *i.e.*, 45 acres but at the time of computation of income the annual income of these is not being deducted from the actual annual income of the entire *khas* lands that the intermediary might have possessed. Therefore, this anomaly has been proposed to be removed by me under this amendment.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This section deals with the manner in which the gross income and the net income are to be calculated. My friend, Sj. Subodh Banerjee, said that on the gross income side we have put down the income of *hats*, bazars, ferries, etc., but we did not have the deduction when the question of net income came in. We did consider it and felt that under sub-section (*iv*) the management and collection would cover the question of maintenance. The only special provision we have made is under sub-clause (*iii*). You will find that Sj. Debendra Chandra Dey has moved an amendment which, I think, is perfectly correct that if a particular intermediary has done something to his embankment which he is obliged to do—which he has under an obligation to do that portion will be deducted. But a bare intermediary who has not done the work he had to do—he gets the advantage of that—the amount which should have been deducted from his gross income—and he gets more compensation. The amendment of Sj. Debendra Chandra Dey covers that portion. The wording of his amendment is like this. "The expenditure calculated on the basis of the average expenditure for five agricultural years immediately preceding the agricultural year in which the date of vesting falls or for such shorter period for which evidence is available, incurred by such intermediary on account of the maintenance of any irrigation or protective works which he is bound by law or under any agreement to maintain." But suppose an intermediary has not incurred the expenditure but gets the benefit of it. Therefore, Sj. Debendra Chandra Dey says "where such expenditure should have been incurred but was not so incurred, an amount, calculated in the prescribed manner". There are intermediaries supposed to keep embankments in the Sunderbans area in proper form. If they have not done so, the Act says that the Collector will do it and recover the money from the intermediary. But the intermediary escapes now. Therefore, that amendment has been put in in order to get the intermediary to have that portion which should have been subtracted from the gross income in order to find the net income.

There is no other particular point which has been raised. Mr. Chatterjee has said something about the intermediary who is entitled to retain a portion of the land under section 6. (Sj. SUBODH BANERJEE: He is not Chatterjee but he is Mr. Banerjee.) I am sorry. But the rose will smell as sweet by any other name.

If Mr. Banerjee sees section (*1*)(*a*)(*ii*), it gives that consideration that if a man has got that amount of land which is given to him under section 6 for which he is not to pay rent, that is to be included and the management portion of it will have to be deducted.

I do not agree with Sj. Subodh Banerjee's suggestion that the charges should be 30 per cent. He is comparing the Government demand for taking 50 per cent. of the gross collection. The two examples are not at all on a par. In one case it is a question of collection, which means taking to various processes of law. Here is a question of management and collection which is entirely different from the other case. Government is not very keen for doing it for the intermediaries, but if they so chose, let them pay that amount to the Government for this purpose. With these words I oppose all the amendments except those moved by Sj. Debendra Chandra Dey.

The motion of Sj. Debendra Chandra Dey that in clause 15(*1*)-(*a*)(*i*) in line 1, after the word

"rents", the words "and cesses" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 15(*1*)(*a*)(*i*), in lines 4 to 6, after the words "the commuted value of rents in kind of such tenants determined in the prescribed manner and subject to" the words "the average annual value for five years of rents in kind of tenants before commutation under" be inserted, was then put and lost.

The motion of Sj. Debendra Chandra Dey that for sub-clause (*1*)(*a*)(*ii*) of clause 15, the following be substituted, namely:—

> "(*ii*) in respect of *khas* lands which the intermediary shall be entitled to retain possession of under sub-section (*1*) of section 6, the aggregate of rents determined as payable for such lands and recorded in the record-of-rights prepared and finally published under Chapter V and in respect of other *khas* lands the actual annual income of such lands determined in the prescribed manner",

was then put and agreed to.

The motion of Sj. Debendra Chandra Dey that in sub-clause (*1*)(*b*)(*i*) of clause 15, in line 3, for the word "cess" the word "cesses" be substituted, was then put and agreed to.

[4-10—4-20 p.m.]

The motion of Sj. Subodh Banerjee that in clause 15(*1*)(*b*)(*iii*), in lines 6 and 7, after the words "maintenance of" the words "*hats*, bazars, ferries, fisheries and of" be inserted, was then put and lost.

The motion of Sj. Debendra Chandra Dey that in clause 15(*1*)(*b*)(*iii*) after the words "income relates" in the last line, and the words "or where such expenditure should have been incurred but was not so incurred, an amount calculated in the prescribed manner", was then put and agreed to.

The motion of Sj. Tarapada Bandopadhyay that after clause 15(*1*)(*b*)(*iii*) the following be inserted, namely:—

> "(*iiia*) the actual annual income derived from *khas* lands which an intermediary can retain under section 6."

was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 15(*1*)(*b*)(*iv*), under the heading "Rate" for the words "nil", "five", "seven and a half", "ten", "twelve and a half", and "fifteen", the words "five", "ten", "fifteen", "twenty", "twenty-five" and "thirty", respectively be substituted, was then put and lost.

The question that clause 15 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 16.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that in clause 16(*1*), for the Table the following Table be substituted, namely:—

"TABLE.

Net income.	Amount of compensation payable. Rs.
For the first Rs. 500 or less of net income ..	1
For the next Rs. 500 of net income ..	1
For the next Rs. 1,000 of net income ..	1
For the next Rs. 2,000 of net income ..	1
For the next Rs. 10,000 of net income ..	1
For the next Rs. 15,000 of net income ..	1
For the next Rs. 80,000 of net income ..	1
For the balance of net income	1."

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 16(*1*), for the Table the following Table be substituted, namely:—

"TABLE.

Net income.	Amount of compensation payable.
	Rs.
For the first Rs. 1,000 or less of net income ..	4
For the next Rs. 2,000 of net income ..	2
For the balance of the net income	1."

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 16(*1*), for the Table the following Table be substituted, namely:—

"TABLE.

Net income.	Amount of compensation payable.
For the first Rs. 500 or less of the net income ..	10 times of such net income.
For the next Rs. 500 of net income ..	9 times of such net income.
For the next Rs. 1,000 of net income ..	8 times of such net income.
For the next Rs. 2,000 of net income ..	7 times of such net income.
For the next Rs. 10,000 of net income ..	Re. 1.
For the next Rs. 15,000 of net income ..	Re. 1.
For the next Rs. 80,000 of net income ..	Re. 1.
For the balance of net income	Re. 1."

Sj. Debendra Chandra Dey: Sir, there is a slight correction in my amendment "Rs. 1,000" occurring after "Rs. 2,000" should be deleted, and the word "substituted" should be "inserted".

Mr. Speaker: You move it as amended.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that in the Table in sub-clause (*i*) of clause 16, after the words and figures, "Rs. 500", "Rs. 1,000", "Rs. 2,000", "Rs. 1,000", "Rs. 15,000", "Rs. 80,000", occurring, respectively, in the second, third, fourth, fifth, six and seventh entries under the first column, the words "or less" be "inserted".

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 16(*1*), in the Table, under the heading "Amount of compensation payable" for the word "Twenty" the word "Twelve" be substituted.

Sir, I also beg to move that in clause 16(*1*), in the Table, under the heading "Amount of compensation payable" for the words "Eighteen times" the words "Twelve times" be substituted.

Sir, I further beg to move that in clause 16(*1*), in the Table under the heading "Amount of compensation payable" for the word "Seventeen" the word "Twelve" be substituted.

Sj. Debendra Chandra Dey: Sir, I beg to move that the Explanation to sub-clause (*1*) of clause 16 be omitted.

Sj. Jyoti Basu:

"স্পীকার" মহাশয়, এখানে আমরা আমাদের তরফ থেকে পূর্ব্বে বলেছি, আজও বলছি, আমরা ক্ষতিপূরণ দেবার বিরোধী। কারণ, আমরা এইটে দেখাবার চেষ্টা করেছি, ইতিহাসের দিক থেকেও বটে এবং অর্থনীতির দিক থেকেও, কোনো দিক থেকেই, এই ক্ষতিপূরণ কেন দিতে হবে, সেটা ডাঃ বিধানচন্দ্র রায় এবং অন্যান্য যাঁরা ওদিক থেকে বলেছেন তাঁদের বক্তৃতা থেকে বুঝতে পারি নি, পূর্ব্বেও এই ব্যাপারে আমরা এক-মত হ'তে পারি নি, এখনো পারছি না। আমরা এটা আগেও বলেছি, এখনো বলছি, বিশেষ ক'রে যদি ক্ষতিপূরণের প্রশ্নই ওঠে তাহ'লে আমাদের প্রথম বিচার করতে হয় কৃষকদের ক্ষতিপূরণ কে দেবে? কারণ কৃষকদের হাত থেকেই জমি জোর ক'রে ছিনিয়ে নেয়া হয়েছিল, সে ইতিহাস খুব বেশী দিনের কথাও নয়। যারা চিরকাল ধরে জমি চাষ ক'রে আসছিল এই বাংলাদেশে, তাদের হাত থেকে জমি জোর ক'রে কেড়ে নিয়ে, জমির সঙ্গে কোনকালে যাদের কোন রকম সম্পর্ক ছিল না, সেই সব বাইরের একদল অপদার্থ লোক, যাদের হাতে সেই জমি তুলে দেয়া হয়েছিল, এখন নাকি তাদেরই বংশধর যারা তাদের যদি ক্ষতিপূরণ দিতে হয়, তাহ'লে, আমি বলব, নীতির দিক থেকে এবং কৃষকদের তরফ থেকে, যে কৃষকদের বাপ-দাদাদের হাত থেকে জমি কেড়ে নেয়া হয়েছিল তাদের ক্ষতিপূরণ দেয়া দরকার কিনা? কারণ তারাই বেশী গরীব, জমিদাররা গরীব নয়, জমিদারের কোন দিন জমি ছিল না, ইংরেজরা জোর ক'রে তাদের গদিতে বসিয়েছে। এই কারণে ইতিহাসের দিক থেকে এবং "মরালী"ও বটে আমরা "কম্পেন্সেসন"এর বিরোধী।

সেদিন শ্রীবঙ্কিম মুখার্জ্জি আমাদের এদিক থেকে বলেছিলেন, কতকটা ব্যংগ করেই বলেছিলেন যে আমরা শুনতে পাই, আর একটা "বিল" আসবে। আমরা নাকি জানি না, বাংলাদেশে কি ক'রে জমি বিলি করতে হবে, অনেক কিছু তথ্য নাকি আমাদের কাছে নাই, এইটাই নাকি মস্ত বড় কারণ, যে জন্য আমরা জমি বিলি করতে পারছি নে। প্রথমতঃ "রেকর্ড-অফ-রাইট্স" তৈরী করতে হবে, ইত্যাদি কারণের কথা তিনি বলেছেন। তাই যদি হয় আমরা এখনো জানি না, কত ক্ষতিপূরণ দিতে হবে। অথচ এই আইন পাশ হয়ে যাচ্ছে। আপনারা বলছেন আমাদের ভোট দিন, তার পরে আমরা জমি বিলির ব্যবস্থা করব। এই "ব্যাঙ্কক্রাপ্ট স্টেট" দেউলিয়া "স্টেট", কত টাকা দিতে পারবে কি না পারবে আমরা কিছুই জানি না; "রিজার্ভ ব্যাঙ্কে"র একটা হিসাব দেখেছি, তারা বলেছেন জোতদারদের বাদ দিয়ে ২৫ কোটি টাকা দিতে হবে। শ্রী জে, সি, গুপ্ত একটা অংক দিয়েছেন তারই কাছাকাছি একটা। কিন্তু এখন যে হিসাব দেখছি, তাতে আরো অনেক বেশী, ৩০।৪০ কোটি টাকা দিতে হবে, তার কম নয়। জোতদার, লাটদার, রায়ত, "আণ্ডার"-রায়ত, তারা বাদ পড়ে রইল; তাহ'লে বুঝতে পারছেন কত কোটি টাকা লাগবে আমাদের, অন্ততঃ এর দ্বিগুণে টাকা লাগবে। বক্তৃতা দিয়ে বোঝানো হচ্ছে আমরা জমির সংস্কার করছি, আমরা পুরানো "সিস্টেম" বদল করছি, জাতির উন্নতির জন্য পুরানো কাঠামো বদলে দিচ্ছি। কিন্তু আমাদের কথা হচ্ছে এর থেকে যদি আমরা কোন উপকার না পাই তাহ'লে আমরা কখনো এতে রাজী হ'তে পারি না। এতে যা দেখা যাচ্ছে তাতে ক'রে যাদের টাকা আছে, তাদের আরো টাকা কি ক'রে দেয়া যায় সেই ব্যবস্থার মধ্যেই আমরা যাচ্ছি। ডাঃ বিধানচন্দ্র রায় নিজের টাকা "ব্যাঙ্ক" থেকে তুলে দেবেন না। তারপরে জে, সি, গুপ্ত মহাশয় যিনি মোটামুটি এই "কম্পেন্সেসন"টা স্বীকার করেছেন তিনিও তাঁর "ব্যাঙ্ক" থেকে দেবেন না। আসলে কৃষকদেরই দিতে হবে। সম্ভবতঃ তাদের উপর নূতন "ট্যাক্স" বসানো হবে, কারণ এই রকম একটা চমৎকার ভূমি-সংস্কার ব্যবস্থা করা হচ্ছে; কাজেই তোমরা আরো কিছুটা "ট্যাক্স" দাও এই ভালো কাজটার জন্য! এটা একটা নতুন ঘটনা নয়, কারণ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলতে গেলে এই একই কথা বলা হচ্ছে, কোথা থেকে টাকা পাওয়া যাবে। সেখানে বলা হয়েছে যে লোকের উপর "বেটারমেন্ট ফি লেভি" করতে হবে, "বেটারমেন্ট" করার আগেই বেশী জল-কর দিতে হবে; যার জন্য এই পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা বছরের পর বছর ব্যর্থ হয়ে যাচ্ছে, এত গলাবাজী ক'রে, এত সব বক্তৃতা দেবার পর এই রকম একটা আইন পাওয়া যাবে, সরকার বলছেন, নিজেরা জমিদার আগে হই, পরে জমি বিলির বন্দোবস্ত করা যাবে। ক্ষতিপূরণ দেবার সঙ্গে সঙ্গে যে কথাটা স্বভাবতঃই এসে পড়ে, সেটা হচ্ছে এত টাকা ক্ষতিপূরণ দেবার পর কৃষকদের জন্য কোন কিছু করার আর আমাদের সামর্থ্য থাকবে না, তাদের যে "লঙ্গ টার্ম ক্রেডিট্" দিতে হবে, তাদের অল্প পয়সায় জল দিয়ে যে সেচের ব্যবস্থা করতে হবে, এ সমস্ত কাজ আর আমরা বিন্দুমাত্রও করতে পারব না, কারণ পয়সা আর কিছুমাত্র থাকবে না। কারণ এত টাকা দিতে হবে, তাও আর এক বছর বা দু'বছর নয় বিশ বছর ধ'রে, তার ফলে বিশ বছরের জন্য জমিদার ও জোৎদারদের কাছে বাংলাদেশকে বিক্রয় করে রাখা হবে। এটা "আন্‌ইকোনমিক", সেইজন্য আমরা এর বিরোধী। এখানে শ্রী জে, সি, গুপ্তের কথা আবার বলতে হয়। কাল তিনি এলোমেলো অনেক নীতির কথা আলোচনা করেছেন। তিনি কাল হঠাৎ বল্লেন "লিকুইডেট্"। "লিকুইডেট্, লিকুইডেট্" ৩।৪ বার কাল থেকে শুনেছি; তিনি যেন বলতে চান জমিদারের সব 'লিকুইডেট্' ক'রে দাও। আমরা প্রথমেই একথা বলেছি, জমিদারেরা যেভাবে প্রজাদের উচ্ছেদ করেছে তাদের জমি থেকে, তাদের মান-ইজ্জৎ কিছু রাখে নি, তাদের দেউলিয়া ক'রে ছেড়েছে।

[4-20—4-30 p.m.]

আমরা কৃষককে ও দেশবাসীকে এ "অ্যাড্‌ভাইস্" দিচ্ছি না, তাদের এ কথা কখনো বলছি না যে তারা এখন সুযোগ পেয়ে জমিদারদের উপর প্রতিশোধমূলক ব্যবহার করবে। আর একথাও

বলছি না যে "কম্পেন্সেসন" না পেয়ে তারা বেকার হয়ে পড়ুক, এও কেউ চাইবে না। আমরা চাইব তাঁরা "অনেস্ট লেবার" ক'রে, কাজ ক'রে উপার্জন করুন। যিনি জমিতে কাজ করতে চান, তিনি করবেন। আর যিনি জমিতে কাজ করতে পারবেন না—যে কোন "ইন্টারমিডিয়ারী", তার জন্য "ষ্টেট ইন্ডাষ্ট্রি"তে ব্যবস্থা ক'রে দেওয়া দরকার। আমার যে "এ্যামেন্ডমেন্ট" ছিল, তা "আউট অফ অর্ডার" হয়েছে। তাঁরা ছোট ছোট "ইন্ডাষ্ট্রি ষ্টার্ট" করুন, টাকা কাজে লাগান। যাঁরা ব্যবসা-বাণিজ্য করেন, তাঁদের সঙ্গে পরামর্শ ক'রে "পলিসি" তৈরী করুন, যাতে এই সমস্ত লোককে যাঁরা "ডিস্‌প্লেসড্‌" হ'য়ে যাচ্ছেন, জমিদারীই ছিল যাঁদের একমাত্র অবলম্বন, যাঁদের "ইনকাম" ক'মে যাচ্ছে, অন্য জায়গায় কি ক'রে "রিহ্যাবিলিটেট্‌" করা যায় সেই কথাই এখানে আমার "এ্যামেন্ডমেন্টে" বলছি। সেই জন্য বলছি তাদের পুনর্বসতির জন্য যে কোন জায়গায়ই হোক ব্যবস্থা করা হোক্‌, সেটা "ষ্টেট ইন্ডাষ্ট্রি"ই হোক, আর "প্রাইভেট ইন্ডাষ্ট্রি"ই হোক, যে কোন জায়গায় তাদের কাজের ব্যবস্থা ক'রে দেওয়া হোক্‌। "গভর্ণমেন্ট এগ্‌জেমপ্লারী ফার্মস্‌" তৈরী করতে পারেন, "কালেক্‌টীভ ফার্মস্‌" ইত্যাদি তৈরী ক'রে সেখানে তাদের চাকরীবাকরীর ব্যবস্থা ক'রে দিতে পারেন।

আর "ইন্টারমিডিয়ারী" যাঁরা আছেন, তাঁদেরও এইভাবে "কম্পেন্সেসন" দেবার কথা বলা হয়েছে। তাঁরা যে টাকা পাবেন সে টাকা দেশের কোন গঠনমূলক কাজে লাগবে না, দেশের কোন উন্নতি তার দ্বারা হবে না। এই যে মোটা একটা টাকা সরকার এঁদেরকে দিয়ে দেবার ব্যবস্থা করছেন সেটা "বন্ড" দিয়েই বলুন, আর যে ক'রেই বলুন, এই টাকা দেশের কোন গঠনমূলক কাজে কিরে আসবে বলে আমরা বিশ্বাস করি না। কারণ বাংলাদেশে সে ইতিহাস নাই। বহু লোকের হাতে বহু টাকা আছে, কিন্তু সে টাকা তাঁরা দেশের কোন গঠনমূলক কাজে ব্যয় করছেন না। এঁদেরও কোন "প্ল্যানিং" সে রকম নাই। কাজেই সেই টাকার কোন "রিটার্ন" আমরা পাব না। সেই জন্য আমি বলছি "এ্যামাউন্ট অফ কম্পেন্সেসন" যা দেবার কথা বলেছেন, তা কিছু কমিয়ে দিন। তাদের "রিহ্যাবিলিটেট্‌" করুন আপত্তি নাই, কিন্তু আসল কথা হচ্ছে অর্থনৈতিক দিক দিয়ে তাদের "রিহ্যাবিলিটেট্‌" করতে হবে, জমি যাঁরা হারিয়েছেন তাঁদের করতে হবে, এই কথা আমি বলছি। তার "ফিগার" দিচ্ছি ৩,৬০০ টাকার নীচে যাঁদের "ইনকাম ফ্রম হোয়াটেভার সোর্সেস্‌" এবং "সেভেন সিক্‌স্‌" অনুসারে তাঁদের কোন "ল্যান্ড" না থাকে, তাঁদের পাঁচ বছরের মধ্যে "রিহ্যাবিলিটেট্‌" করুন। যতদিন তা না করতে পারবেন, ততদিন তাঁদের ভার নিতে হবে। এই ব্যবস্থা না ক'রে সরকার যদি বলেন আমরা "কম্পেন্সেসন" দেব, ক্ষতিপূরণ দেব, তাহ'লে ঐ "ইউ, পি"তে যেমন টাকা উঠেছে সেই রকম হবে। এখানে বলা হচ্ছে কৃষককে "ল্যান্ড ফান্ডে" টাকা দাও। কিন্তু সেই টাকা উঠছে না, এ অসম্ভব কথা। এই টাকা আসবে কোথা থেকে? যা তাঁরা "টার্গেট"র কথা বলছেন, তার অর্ধেকও "ফুলফিল" করতে পারবেন না। কৃষক ও সাধারণ মানুষের যদি আজ পয়সা থাকবে, এই ক্ষতিপূরণ দেবার জন্য, তাহ'লে এই জমিদারী-প্রথা উঠাবার কি দরকার ছিল? আমাদের দেশের কৃষক এমন গরীব হয়েছে যে তাদের আজকে বিনা মূল্যে জমি বিতরণ করতে হবে। কিন্তু তা করা যাবে না, যদি বড় বড় জমিদার-জোতদারদের "কম্পেন্সেসন" দিতে হয়। কোন্‌ নীতিতে তাঁরা বলছেন আমি জানি না; বর্দ্ধমানের মহারাজা, কাশিমবাজারের মহারাজা ও জলপাইগুড়ির শ্রীযুক্তা অশ্রুমতী দেবীকে কিসের জন্য "কম্পেন্সেসন" দিতে হবে? এঁদের কি টাকা নাই? এই ধরণের "টপ্‌-লেয়ার" জমিদার বড়লোক খুব "হ্যাণ্ডফুল" আছে, তাঁরা কোটী কোটী টাকা নিয়ে বেরিয়ে যাবেন এবং সেই টাকা আমরা "ষ্টেটে"র অন্য কোন উন্নয়নমূলক কাজে লাগাতে পারবো না। যে "ষ্টেট" আমাদের দেশের "সেকেণ্ডারী টিচার"দের দশ টাকা মাইনে বাড়াতে পারে না, সেখানে যদি এই ধরণের জিনিষ আসে, আমি সেটাকে "ইন্‌সিন্‌সিয়ারিটী" ছাড়া আর কিছু বলতে পারি না। এর দ্বারা দেশের কোন উন্নতি ও মঙ্গল তাঁরা ডেকে আনতে পারছেন না। এদিকে আমাদের জে. সি. গুপ্ত মহাশয় দৃষ্টিপাত করেছেন কিনা জানি না।

Sj. Jogesh Chandra Gupta: See the minute of dissent.

Sj. Jyoti Basu:

সেটা দেখেছি। সেই জন্যই বারে বারে আপনার নাম করছি। আপনার "এ্যামেন্ডমেন্ট" ঐ রকম থাকে, কিন্তু কিছু করেন না। জানি না এর কারণ কি? ঐখানে বসে থাকতে পারেন, অথচ কিছু করেন না। উপরন্তু শুনতে হয় প্রধান-মন্ত্রীর স্তুতি গান করেন, তিনি যখন মুখে কথা দিয়েছেন, গ্রাম পঞ্চায়েৎ ইত্যাদি করবেন, তাঁর কথা শুনুন। তিনি তো কথা দিয়েছিলেন কলিকাতা ও টালিগঞ্জ এই "বিলে"র আওতার মধ্যে থাকবে, পরে তিনি যখন বললেন থাকবে না, তখন তাঁর দলের লোকেরা বললে তা আমরা মানবো না। তাতে উনি যখন বললেন এটা যদি আপনারা "ইন্‌ক্লুড্‌" করেন, আমার কথা মেনে না নেন তাহ'লে আমি "রিজাইন" দেব। অমনি আপনারা সুড়সুড় করে তাঁর কথা মেনে নিলেন।

যাক্‌, এই নিয়ে আর তিক্ততা সৃষ্টি ক'রে লাভ নাই। এইজন্যই আপনার নামটা করছিলাম। আপনি বুকে হাত দিয়ে বলুন, যে কথাটা আমি বললাম তা ঠিক কিনা! যদি সময় থাকে, তবে আর "কনষ্টিটিউসনে"র দোহাই দিবেন না। আমার মতে "কনষ্টিটিউসন ইন্টারপ্রিটেশনে মাইনরিটি অফ ডিসেন্ট" বলেছেন যে ক্ষতিপূরণ না দিয়ে জমিদারী নিয়ে নেবার জন্য ব্যবস্থা করতে পারি, তাতে যত বাধাই থাকুক না কেন! এখানে চেনা অনেক উকিল-ব্যারিষ্টার বন্ধু আছেন, তাঁরা হস্তত লাফ দিয়ে উঠে বলবেন যে আমি আইনের কিছু জানি না।

("এ ডয়েস": নিশ্চয়ই!)

আমি তা মেনে নেব। কারণ আমি অনেক দিন "প্রাকটিস্‌" করি না। আমি শুনতে পাচ্ছি

[Sj. Jyoti Basu.]

কিছু দিনের মধ্যেই সরকার একটা প্রস্তাব আনছেন অন্য একটা ব্যাপারে, "কনষ্টিটিউসন"টা বদলাবার জন্য। কাশ্মীর যদি করতে পেরে থাকে, আমরাও করতে পারি। সেখানে যদি কোন বাধা না থাকে, তাহ'লে সেইভাবে ২৪ ঘন্টার মধ্যে আমরাও "কনষ্টিটিউশন" বদলে দিতে পারবো। তাতে দেশের উপকার হবে। যদি "ফিফ্‌টিন্ টাইম্‌স্, ফোর টাইম্‌স্ কম্পেন্সেসন" দেন, তাহ'লে দেশের অপকার হবে। এর দ্বারা দেশের অর্থনীতি বিন্দুমাত্র বদলাবে না, আরও বরং খারাপের দিকে যাবে। পঞ্চবার্ষিক পরিকল্পনা এখনই বদ্‌লাতে হচ্ছে। তিন বছর পরে এসে অনেক টাকা-পয়সা ব্যয় ক'রে বলবেন যে সব গোলমাল হয়ে গেল, আর টাকা নাই। এর দ্বারা দেশ একটা ওলট-পালটের দিকে, একটা অরাজকতার দিকে যাবে। সেই জন্য আমি এর বিরোধিতা করছি এবং আমার "এ্যামেণ্ডমেন্ট"টী গ্রহণ করবার জন্য বলছি।

Sj. Subodh Banerjee:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই বিলের যে ১৬ নম্বর ধারাটা আমরা এখন আলোচনা করছি তাতে খেসারত দেবার প্রশ্ন আলোচনা করা হয়েছে। আমার মনে হয় খেসারত দেবার প্রশ্নটি কতকগুলি দিক থেকে বিবেচনা করা দরকার যেগুলিকে মোটামুটিভাবে চারটি ভাগে ভাগ করা যায়। তার মধ্যে প্রথম প্রশ্ন হচ্ছে নীতিগতভাবে জমিদার বা মধ্যস্বত্বভোগীদের কোন প্রকার খেসারত দেওয়া উচিত কি না; দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই খেসারতের পরিমাণ কত হবে; তৃতীয় প্রশ্ন হ'ল, এই খেসারত দেবার ক্ষমতা সরকারের আছে কি না; এবং চতুর্থ প্রশ্ন হ'ল, সরকারের বর্ত্তমান আর্থিক সংহতিতে এই খেসারত দেওয়া সম্ভবপর না হ'লে কি উপায়ে খেসারতের হিসাবে দেয় অর্থ জোগাড় হবে। এই প্রশ্নগুলি বিবেচনা করা অত্যন্ত আবশ্যক এবং এদের সদুত্তরের উপরই নির্ভর করছে জমিদারদের খেসারত দেওয়া হবে কি না। অন্যান্য দেশের কথা তুলে কিছু লাভ নেই তা আমি জানি। তবুও যেহেতু জে, সি, গুপ্ত মহাশয় চীনের উদাহরণ দিয়ে বোঝাবার চেষ্টা করেছিলেন যে চীন প্রায় কিছু করে নাই; যেহেতু তিনি চীনের ভূমি-সংস্কারের আইনকে অপব্যাখ্যা করেছেন সেইহেতু তার জবাব হিসাবে এখানে চীন সম্বন্ধে দু'এক কথা বলতে হ'ল। তিনি চীন সম্বন্ধে কার লেখা বই পড়েছেন জানি না। সম্ভবতঃ তাঁর দলের আদর্শ আমেরিকার কোন এক ভাড়াটে মিথ্যাবাদীর লেখকের বই হবে। এ রকম মিথ্যাচারে আমার বিশ্বাস নেই—এ কথা আমি স্বীকার করি। আমি নিজের চোখে চীন দেশে যা দেখেছি তাই বলি। চীনে বিনা খেসারতেই জমিদারদের জমি রাষ্ট্রায়ত্ত হয়েছে এবং বিনামূল্যে এইভাবে অর্জ্জিত জমি চাষী ও ক্ষেতমজুরদের মধ্যে বিলি করা হয়েছে।

[4-30—4-40 p.m.]

চীনে দেখেছি খেসারত না দিয়ে জমিদারদের জমি অধিকার করা সম্ভব হয়েছে। চীনের কথা ছেড়ে দিলাম, কারণ সেখানে বিপ্লবের মারফৎ জনরাষ্ট্র কায়েম হয়েছে আর আমাদের এখানে তা হয় নি; এখানে ধনিকরাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছে। পাকিস্থানের মত রাষ্ট্রও খেসারত ছাড়া জমিদারদের জমি অধিকার করেছে; আমাদের কাশ্মীর রাজ্যেও তাই হয়েছে। খেসারত দেয় নি ব'লেই সেখানে জমি অধিকার করা সম্ভব হয়েছে। আমাদের কংগ্রেসী নেতারা গণতন্ত্রের ও "ওয়েলফেয়ার ষ্টেটে"র কথা বলেন। তাই যদি হয় পাকিস্তানও যা পারে কংগ্রেসী সরকার তাও পারেন না কেন? খেসারতের যা ব্যবস্থা হয়েছে, অঙ্ক দিয়ে উপযুক্ত সময়ে দেখিয়ে দেব পশ্চিম বাংলা সরকারের খেসারত দিয়ে মধ্যস্বত্ব ক্রয় করা সম্ভব হবে না।

খেসারত দেওয়া হবে কেন? আপনারা বারবার বলেছেন যে, যেহেতু ভারতীয় গঠনতন্ত্রে, "কনষ্টিটিউসন"এ ব্যক্তিগত সম্পত্তির পবিত্রতা "স্যাঙ্কটিটি অব পারসোনাল প্রপার্টি" স্বীকৃত হয়েছে তাই খেসারত না দিয়ে জমিদারের জমি দখল করা যায় না। আমি জিজ্ঞাসা করি জমিদারের ব্যক্তিগত সম্পত্তি কবে থেকে হয়েছে? বাংলাদেশে জমিদারীর ইতিহাস যদি আলোচনা করা যায় তাহ'লে পরিষ্কার দেখা যাবে যে অতীতে, হিন্দু বা মুসলমান রাজত্বের সময় জমি কোন দিনই জমিদারের ছিল না। ডাঃ রায় বাংলাদেশের ইতিহাস আলোচনা করেছেন, তিনিও বলতে বাধ্য হয়েছেন জমিদারের কারও ব্যক্তিগত অধিকার জমিতে ছিল না—"ল্যাণ্ড বিলঙ্গ্ টু দি ভিলেজ কমিউন।" জমির উপর সাধারণ শ্রমিক লোকের সমষ্টিতে গঠিত গ্রাম্য-পঞ্চায়তের অধিকার ছিল, গ্রামের লোক জমি চাষ করত এবং তা থেকে যে ফসল সে পেত তার একটা অংশ রাজস্ব হিসাবে দিত। দিল্লীর নবাবই হোক আর জমিদারই হোক এই রাজস্বের অধিকারী মাত্র ছিল। নবাব কিংবা সামন্তপ্রভু কেউই জমি বিক্রয় বা হস্তান্তর করতে পারত না এমন কি প্রকৃত চাষকারী গ্রামপঞ্চায়েতভুক্ত কোন লোকেরও সে অধিকার ছিল না। নবাব রাজস্ব হিসাবে কিছু পেয়ে থাকত। রাজা বা জমিদাররা নবাবের রাজস্ব আদায়কারী মাত্র ছিল; কিন্তু কখনও নবাব বা রাজাদের কোন অধিকার ছিল না জমির স্বত্বের উপর। একজনের কাছ থেকে জমি কিনে নিয়ে অন্যকে বিলি ব্যবস্থার কোন অধিকার তখন জমিদারদের ছিল না। অর্থাৎ মোট কথা তাদের "পারসোন্যাল রাইট" বা ব্যক্তিগত অধিকার জমিতে আদৌ ছিল না। ইংরেজ "ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী"ই প্রথম যখন এদেশে পাকা পত্তনি গাড়্‌ল তখনই তারা সমস্ত চাষীদের কাছ থেকে জমি ছিনিয়ে ওদেরই পা-চাটা লোক, রেজা খাঁর মত দেশদ্রোহীদের হাতে জমি তুলে দিল, সহজে ও চড়া হারে খাজনা যাতে আদায় করা যায় তার জন্য। বাঙলার সেই দুঃসময়ে যারা সাহায্য করেছিল বিদেশী ইংরেজকে, দেশের স্বাধীনতাকে যারা বিকিয়ে দিয়েছিল, দেশের শত্রু "কোম্পানীর" পায়ে, বিদেশী

রাজশক্তি বিশ্বাসঘাতকার পুরস্কাররূপে তাদেরই হাতে জমিদারী দিয়ে দিল এবং যারা ইংরেজ শাসনের বিরুদ্ধে লড়াই করেছিল তাদের বিরুদ্ধে এইসব জমিদারনামধারী নবসৃষ্ট ডাকাতকে লেলিয়ে দিয়েছিল। আমরা জানি কান্তমুদির মত লোক কেমন ক'রে কাশিমবাজারের মহারাজা হ'ল। এই ধরণের নিমকহারামের দলকে, ও তাদের বংশধরদের খেসারত দিতে হবে? যদি কেউ আজ অন্যের সম্পত্তি চুরি ক'রে সেই সম্পত্তিতে কি ৫০।৬০ বছর পরে চোর বা তার বংশধরের স্বত্ব প্রতিষ্ঠিত হয়ে যায়? বাংলার জমিদাররা দেশের চাষীদের কাছ থেকে জমি চুরি করে নিয়েছে, কোন রকমেই নীতিগতভাবে কেউ বলতে পারেন না সেই চুরি করা জমির উপর তাদের বিন্দুমাত্র ব্যক্তিগত অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। ডাকাতি করা জমি রাষ্ট্র কেড়ে নিচ্ছে তার জন্য আবার খেসারত কেন? খেসারত দিলে সেদিনের ডাকাতিকে, সেদিনের দেশদ্রোহিতাকে পবিত্র ব'লে স্বীকার করা হয়; তাই নীতিবোধের দিক থেকে খেসারত দেওয়া কোন রকমেই সমর্থনযোগ্য নয়। সেই সুদূর অতীতের কথা ছেড়ে দিলেও নতুন জমিদার গোষ্ঠির সৃষ্টির ইতিহাস কি? চাষীকে ১০ টাকা ধার দিয়ে ১,০০০ টাকা আদায় করেও তাকে ঋণমুক্ত ব'লে স্বীকার না করে বাকি ঋণের দায়ে চাষীর জমি কেড়ে নিয়েছে মহাজন। এমনি করে খুদে জমির মালিক, মহাজন বা জমিদারে পরিণত হয়েছে। এইসব হাংগরদের আবার খেসারত দিতে হবে? এ কোন্ নীতি? দ্বিতীয়তঃ আমরা এই জিনিষটি বরাবরই বিচার করি যে, কোন বিষয়ে যখন কোন টাকা লগ্নী করা হয়, তখন তা থেকে যে আয় হয়, তাতে লগ্নীকারকের ক্ষতি হচ্ছে না লাভ হচ্ছে? যদি লাভের মাত্রা এত বিরাট হয় যে লগ্নী করা টাকা বহু পূর্ব্বে উঠে গিয়ে থাকে এবং সেই সম্পত্তি জনস্বার্থবিরোধী তাহ'লে রাষ্ট্র তা বিনা খেসারতে অধিকার করতে পারে। ইতিহাসে এত নজীর আছে। আমি পূর্ব্বেই বলেছি গত ১৬০ বছর ধরে প্রতি বছর ৭·৭৯ কোটি টাকা এই জমিদাররা চাষীদের কাছ থেকে লুণ্ঠন করেছে, খরচ খরচা বাদ দিয়ে নীট মুনাফা হিসাবে—"ফাউড কমিশন রিপোর্ট"এ এ সত্য স্বীকৃত হয়েছে। উপরন্তু যে সব সর্ত্তে জমিদাররা জমিদারী পায় যেমন বাঁধ বাঁধা, জলপথ ঠিক রাখা ইত্যাদি তার একটিও তারা মান্য করে নি; ফলে বাংলার জমির অপরিসীম ক্ষতি হয়েছে, তার উর্ব্বরতা একেবারে চলে গিয়েছে। তাই এই রকম বেআইনীভাবে এত টাকা যারা শোষণ করেছে বছরের পর বছর—কোথায় সরকার তাদের কাছ থেকে খেসারত আদায় করবেন তা না ক'রে তাদের আবার নূতন ক'রে টাকা দিতে যাচ্ছেন—এর কোন ন্যায়সঙ্গত যুক্তি থাকতে পারে না। সরকারের খেসারত দেবার ব্যবস্থা তাই ন্যায়সঙ্গত ও নৈতিক নয়। আর যদি গঠনতন্ত্রই বিনা খেসারতে জমদারী অধিকার করায় অন্তরায় হয় তাহ'লে গঠনতন্ত্রকে পরিবর্ত্তন করা হ'ক। কংগ্রেস নিজের প্রয়োজনে গঠনতন্ত্র বদলেছে, এখন কেন হবে না? তারপর হ'ল দ্বিতীয় প্রশ্ন। তা হচ্ছে এই খেসারতের পরিমাণ কত হবে? ডাঃ রায় বলেছেন সম্পূর্ণ হিসাব ওঁর কাছে নেই, সুতরাং ঠিক বলতে পারেন না। "এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স"এর হিসাব হ'তে আমি যতটা অংক কষে বের করতে পেরেছি, তার সংগে যাদের এই "ট্যাক্স" দিতে হয় না অর্থাৎ যাদের আয় তিন হাজার টাকা পর্য্যন্ত, তাদেরকে দেয় খেসারত যোগ করে দেখেছি যে, আমার হিসাবে ৬২ কোটি টাকার মত মোট খেসারত দিতে হবে পশ্চিমবঙ্গ সরকারকে। আমি অবশ্য পূর্ণ এবং একেবারে সঠিক হিসাব দিতে পারব না তবে কম পক্ষে ৬২ কোটি টাকা খেসারত দিতে হবে। একথা জোর করে বলতে পারি। তারপর দেবেনবাবু যে সংশোধনী প্রস্তাব সর্ব্বশেষে নিয়ে এসেছেন তার ফলে আরও বেশী খেসারত দিতে হবে। কারণ আগেকার ধারায় "নুক এ্যামাউন্ট" অর্থাৎ থোক টাকা না হ'লে খেসারত দেওয়া হবে না ব'লে বলা হয়েছিল; সেখানে "পার্ট দেয়ারঅফ" এ-কথাটি ছিল না। কারদা করে এই কথাগুলি যোগ করা হয়েছে দেবেনবাবুর সংশোধনে। "সিলেক্ট কমিটি" যেটা ছিল না, এখানে তা ঢোকান হচ্ছে——

Mr. Speaker: Where is it? You mean amendment No. 228(2)?

Sj. Subodh Banerjee: Yes. The additional words "or less" mean "part thereof". It negates the original concept of giving compensation on the basis of block amount. এইভাবে খেসারত আরও বেশী করে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এই "পার্ট দেয়ারঅফ" ভাবটি থাকার দরুণ খেসারতের পরিমাণ আরও বেড়ে যাচ্ছে। এর ফলে ৬২ কোটি টাকার বেশী আরও কত কি দিতে হবে তা এখন বলতে পারি না। তারপর প্রশ্ন হ'ল, সরকার কোথা থেকে এই বিরাট টাকা দেবেন? প্রত্যেক বছরই এই সরকার ঘাটতি বাজেট পেশ করছেন; সাধারণ খরচ করতেই ঘাটতি বাজেট হচ্ছে, খেসারত দেবার উপায় কি? সব জমান টাকা খেয়ে বসে আছেন এই সরকার। পাঁচ কোটি টাকা খেয়ে বসে আছেন নিয়ে কাজ আরম্ভ করে ২৮ কোটি টাকা ঘাটতিতে দাঁড় করিয়েছেন বর্ত্তমান সরকার। এমন কি "এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফাণ্ড"এর টাকা খেয়ে বসে আছেন——

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Please withdraw it.

Sj. Subodh Banerjee: I am not going to withdraw it. It is a hard fact.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You are saying all sorts of untrue things. There is a limit beyond which you cannot go.

Sj. Subodh Banerjee:

জানি এ-কথা আপনার গায়ে লাগবে, কারণ সত্য সব সময় অসত্যবাদীর কাছে অপ্রিয় হয়ে থাকে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

যুধিষ্ঠির "হ্যাজ কাম"।

Sj. Subodh Banerjee:

না, আমরা যুধিষ্ঠির হব কেন? আপনারাই সব ধর্ম্মপুত্র যুধিষ্ঠির, সব সময় আপনারাই সত্য ব'লে থাকেন। সত্য বলা আপনারই একচেটিয়া কি না! লোক খুন করে যার বলতে বাধে না মারি নাই, খুন করে যিনি বলেন ভাল কাজ করেছি, সেই খুনে, নরঘাতক হ'লেন সত্যপীর—আর আমরা যারা সেই মিথ্যাচারণ ফাঁস করে দেই তারা হ'ল মিথ্যাবাদী। যা হ'ক, আমরা গত কয়েক বছর ধরে দেখছি ডাঃ রায়ের সরকার কেবল ঘাটতি বাজেট করে চলেছেন, ৬২ কোটি টাকা দেবেন এঁরা কোথা থেকে? দিতে হ'লে জনসাধারণের উপর করের হার বৃদ্ধি করে কিংবা নতুন কর স্থাপন করে দিতে হবে। ধনী জমিদারদের পকেট ভর্ত্তি করার জন্য অন্যান্য জিনিষের উপর কর বাড়িয়ে ও চাপিয়ে সাধারণ মধ্যবিত্ত ও চাষী শ্রমিকদের আরও পিষে মারার ব্যবস্থা করতেই হবে। তাই খেসারত দিয়ে জমিদারী গ্রহণ করতে গেলে, করের পরিমাণ বাড়াতেই হবে, এবং সাধারণ লোকের দুঃখ কষ্ট বাড়বে। সেই সত্য আশংকায় কাজে কাজেই আমরা এই খেসারত দেবার তীব্র প্রতিবাদ করছি। বর্ত্তমান করনীতি ভালভাবে চালিয়ে সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি করা হবে এবং সেই বর্দ্ধিত টাকা খেসারত হিসাবে দেওয়া হবে, এ যুক্তি ভাঁওতা ছাড়া আর কিছু নয়। ছয় বছরে যা ভাল হওয়ার বদলে ক্রমশঃ খারাপ হচ্ছে তা রাতারাতি ভাল হবে কি করে? পশ্চিমবাংলার অবস্থা আজ কি হয়েছে, কি অবস্থা ছিল আর কি অবস্থায় সে দাঁড়িয়েছে, বাংলাদেশের "ইকনমিক কণ্ডিসন," অর্থনৈতিক বনিয়াদ কোথায় নেমে গেছে—এ সমস্ত কংগ্রেসীদেরই একজন লোক, যিনি পূর্ব্বে এই গদীতে আসীন ছিলেন মন্ত্রী হিসাবে, সেই শ্রীবিমল সিংহ মহাশয় "মডার্ন বিভীষ" পত্রিকায় ধারাবাহিকভাবে আলোচনা করেছেন সেগুলি এঁদের পড়ে দেখতে বলি। পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে যে বিরাট ধ্বস্ নেমেছে তার উপর আবার সরকার করের চাপ বাড়াতে চান, ভেবে দেখেছেন কি তাহ'লে কোথায় দেশ যাবে, দেশের লোকের কি অবস্থা হবে? দেশের কোন উন্নতি হচ্ছে না, শিল্পের কোন উন্নতি নাই, বরং দিনের পর দিন অসংখ্য ছোট ও মাঝারী কোম্পানী লালবাতি জ্বালাতে বাধ্য হচ্ছে; কৃষির ক্ষেত্রে বিঘাপ্রতি ফলন কমেই চলেছে, খাদ্যের অভাবে দেশ চিরন্তন দুর্ভিক্ষের ধাক্কায় ভুগছে; গোটা দেশ বেকারত্বে ধুঁকছে। এই অবস্থায় কায়দা করে মান্ধাতার আমলের সেই ভূমি-প্রথা "ল্যান্ড টেনিওর সিষ্টেম"কে জীইয়ে রাখবার কোন যুক্তি নাই। এই যদি করেন তাহ'লে মাঝে মাঝে আপনারা যে মধ্যবিত্তের জন্য চোখের জল ফেলেন, সেগুলি কুম্ভীরাশ্রু "ক্রোকোডাইল টিয়ার্স" ব'লে গণ্য হবে। জীইয়ে রাখার কথা বলেছি, কারণ নতুন কর ধার্য্য না করে খেসারত দেওয়া অসম্ভব। সরকার যদি বলেন যে, নতুন কর ধার্য্য করা হবে না, তাহ'লে বুঝতে এতটুকুও কষ্ট হয় না যে আমাদের দেশেও উত্তরপ্রদেশের মত কাগজপত্রে জমিদারী উঠবে, বাস্তবে নয়।

[4-40—4-50 p.m.]

বাংলাকে বাঁচাতে হ'লে বাঙালীকে বেকারত্বের নাগপাশ হ'তে মুক্তি দিতে হ'লে তার অর্থনীতিকে করতে হবে পরিপূর্ণ শিল্পগত অর্থনীতি, "ইন্ডাষ্ট্রিয়াল ইকনমি" এবং তার জন্য যে "ফিউডাল ইকনমি" সামন্ততান্ত্রিক অর্থনীতি বাংলাদেশে চলে আসছে ও তার অগ্রগতিকে রুদ্ধ করছে তাকে, তার সামাজিক বনিয়াদ জমিদারীকে ভাঙ্গতে হবে। খেসারত দিতে গেলে তা ভাঙ্গতে পারা যাবে না, এ সত্য লুকিয়ে রাখা যায় না, গলাবাজি করে; তাই বিনা খেসারতেই তা ভাঙ্গতে হবে। খেসারত দেবার কথা উঠছে, এখানে নিজেদের কথাই চিন্তা করুন, "ফল্‌স সেন্স অফ প্রেষ্টিজ"-এর কথা নয়; মিথ্যা আত্মসম্মান ত্যাগ করে দেখুন, বাংলাদেশের সরকারের এই ৬২ কোটি টাকা খেসারত দেবার ক্ষমতা আছে কি না। আমাদের চেয়েও বড় ও অর্থনৈতিকভাবে শক্তিশালী উত্তরপ্রদেশ সরকার জমিদারী নিতে পারেন নাই খেসারতের জন্য। জমিদারী বিলোপ আইন হয়েছে পাঁচ বছর কিন্তু বাস্তবে জমিদারী যেমন ছিল তেমনই আছে। কেন এই অবস্থা? কোথা থেকে দেবে খেসারত? আর কেই বা দেবে? দেশের লোকের পেটে ভাত নাই, পরণে কাপড় জোটে না, প্রত্যেক দেশে দুর্ভিক্ষ, কি ক'রে খেসারত দেবে? উত্তর প্রদেশে খেসারত দিয়ে জমিদারী নেবার ব্যবস্থা ছিল ব'লে তা ব্যর্থ হয়েছে, তাদের অভিজ্ঞতা হ'তে শিক্ষা নিন। বাঙলাদেশেও এই রকম ব্যবস্থা চলবে না। সরকার যদি চান তবে বলুন না কেন এখনই, "হ্যাঁ, আমরা কর ধার্য্য করব, বড় বড় যাঁরা আছেন তাঁদের উপর; "সেন্ট পারসেন্ট ট্যাক্স" বাড়িয়ে দেব ধনীদের উপর"। কিন্তু তা বর্ত্তমান সরকার করবেন না, করতে পারেন না—এই হ'ল দীর্ঘ ছয় বছরের অভিজ্ঞতা। সুতরাং কোন দিক থেকেই এই খেসারত দেওয়া সমর্থন করা যায় না। সরকারের ক্ষমতা বিবেচনা করলে আরও সমর্থন করা যায় না। এই সরকারের নতুন কর ধার্য্য না করে খেসারত দেবার ক্ষমতা নাই এই হচ্ছে আমার বক্তব্য। সুতরাং এই খেসারত দেবার নীতির তীব্র প্রতিবাদ হওয়া দরকার। আমরা এটার তীব্র প্রতিবাদ করি এবং আমরা খেসারত দেওয়ার বিরুদ্ধে।

Mr. Speaker: Sj. Jnanendra Kumar Chaudhury to speak.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I move no amendment.

Sj. Jyotish Joardar:

মাননীয় "স্পীকার" মহাশয় "এস্‌টেট্‌স একুইজিসন বিল"এর ১৬নং ধারার অন্তর্গত "কম্পেন্সেসন" ব্যাপার নিয়ে এখানে আলোচনা চলেছে। "ফার্ষ্ট রিডিং"এর সময় সেখানে ইতিহাসের কথা, নীতির কথা, সমস্ত দিক দিয়ে, অর্থনীতির দিক থেকে জনসাধারণের স্বার্থের দিক থেকে এবং সমগ্র রাজ্যের স্বার্থের দিক থেকে

উত্থাপন করে আমি বলেছিলাম যে, "রিহ্যাবিলিটেসন"এর মনোভাব নিয়ে এই জমিদারী উচ্ছেদ "বিল" বিবেচনা করা উচিত। যারা জমিহারা হবে তাদের পুনর্ব্বাসন করতে হবে সমাজ জীবনে সেই বিষয়ে সন্দেহের কোন অবকাশ আজ আর নেই। কিন্তু বিলের পরিবর্ত্তিত রূপের মধ্যেও আজ সেই নীতি সমর্থন করা হয় নি। তা ছাড়া এখানে যে রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে তাতে যদি কোন সংশোধনী প্রস্তাব আনতে হয় তাহ'লে এই "হল"এর মধ্যে একজনই আছেন যাঁর নাম ক'রে সংশোধনী প্রস্তাব আনতে হবে। যখনই তাঁর নামে কোন "এ্যামেণ্ডমেণ্ট" আনা হয়েছে তাও শেষ মুহূর্ত্তে আনা হয়েছে। তাঁর বিরুদ্ধে যুক্তি একদিক থেকে দেওয়া হচ্ছে, কিন্তু শেষ পর্য্যন্ত সরকারী "স্টিল রিং"এ সে যুক্তি প্রবেশ পথ পায় না। তবুও আমরা ধৈর্য্যহারা হই নি। এই আইন সভায় আমাদের ক্ষমতা রয়েছে, বার বার এঁদের কাছে যুক্তি উপস্থিত করার।

আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি তাতে এই মনোভাব নিয়েই দিয়েছি যে, তাঁদেরকেই ক্ষতিপূরণ দেওয়া হবে যাঁদের প্রয়োজন আছে। তারপরে যারা আছে তাদের দেব না। এখানে "নেট ইনকাম"এর উপর ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, এবং এখানে ক্ষতিপূরণের যে "টেবল" হাজির করা হয়েছে, আমার এই সংশোধনী প্রস্তাবে তারই একটা পাল্টা "টেবল" দিয়েছি। সেখানে যে অঙ্ক দেওয়া হয়েছে সেই অঙ্ক সকলেরই চোখের সামনে পড়ে আছে, আমি পড়ে শোনাচ্ছি। সেখানে প্রস্তাবের মধ্যে "ফার্ষ্ট" ৫০০এ যেখানে ২০ গুণ ক্ষতিপূরণ দেওয়া হয়েছে, আমি সেখানে ১০ গুণ ধার্য্য করেছি। তার পরবর্ত্তী পাঁচশতে ৯ গুণ ধার্য্য করেছি; পরবর্ত্তী হাজার যেখানে আছে সেখানে আমি ৮ গুণ ধার্য্য করেছি। ওঁরা সেখানে পরপর ১৮।১৭।১২ গুণ ধার্য্য করেছেন। তারপর, যেখানে দুই হাজার রয়েছে সেখানে ওঁরা ১২ গুণ ধরেছেন, আর আমার সংশোধনী প্রস্তাবে ৭ গুণ ধরা হয়েছে। পরবর্ত্তী ঊর্দ্ধ ধাপে যাদের আয় তাদেরকে ক্ষতিপূরণ দেওয়াটা আমি মনে করি শুধু অপচয় হবে। সে অপচয় যোগাতে হ'লে আমার পূর্ব্ববর্ত্তী বক্তা সুবোধবাবু যা বলেছেন নূতন কর ধার্য্য ক'রে সমস্ত বাংলাকে ধ্বংস করা হবে এটা যথার্থ কথা, এবং এতে সমস্ত বাংলা "ত্রাহি মধুসূদন" ডাক ছাড়বে। এখানে আমার আলোচনার প্রথম কথা হচ্ছে যে, এর মূলনীতি থাকা দরকার, এবং এই নীতি হবে পুনর্ব্বাসন ক'রে দেশকে রক্ষা করা। সরকার পক্ষ যা দাবী করছেন তাতে দেশকে হত্যা করা হবে। কোন্ জমিদারের কত আয়, কত বড় বড় ব্যবসা প্রতিষ্ঠানে তাদের কত সংখ্যক "শেয়ার" আছে এবং সেখানে "শেয়ার-হোল্ডার" হিসাবে আরো লক্ষ লক্ষ টাকা রোজগার করছেন তার হিসাব না করে তাঁদের "কম্পেন্সেসন" দেওয়ার কোন সার্থকতা নাই। শুধু জমিদারী থেকে উচ্ছেদ করা হবে এই অজুহাতে ক্ষতিপূরণ দেওয়ার অর্থ নাই। সেই জন্য "নেট ইনকাম"এর ভিত্তিতে জমিদারদের অন্য দিক থেকে যে আয় হয় তার চূড়ান্ত হিসাব করতে হবে। জমিদার ছাড়াও যাঁরা বড় বড় চাকরী করেন, যাঁদের "বিজনেস্" আছে, বড় বড় "শেয়ার-হোল্ডার" যাঁরা তাঁদের ক্ষতিপূরণ দেবার কোন কারণ ও যুক্তি নাই। এদের অপচয়ের ক্ষমতায় ইন্ধন দিয়ে লাভ নাই।

তারপর, আমার সংশোধনী প্রস্তাবে দু'টো ভাগ করা হয়েছে। একটা চার হাজার টাকা পর্য্যন্ত যাঁদের আয়, অর্থাৎ যাঁদের "নেট ইনকাম" চার হাজার টাকা পর্য্যন্ত তাঁদেরকে ক্ষতিপূরণ দেবার প্রস্তাব আছে। আর যাঁরা তার ঊর্দ্ধে তাঁদের "প্রাইভেট প্রপারটী"র পবিত্রতা রক্ষার জন্য এক টাকা ক'রে ধার্য্য করেছি। নীতিগতভাবে চার হাজার টাকার নীচে এবং চার হাজার টাকা পর্য্যন্ত ক্ষতিপূরণ দিন। চার হাজার টাকা পর্য্যন্ত যাঁদের আয় তাঁরা আমার প্রস্তাবানুযায়ী ৩১ হাজার টাকা অনায়াসেই পাবেন। কিন্তু তার ঊর্দ্ধে আর নয়। বাংলাকে রক্ষা করতেই হবে।

[4-50—5 p.m.]

সেইজন্য আমাদের প্রথম কর্ত্তব্য হচ্ছে কৃষকদের উন্নতি সাধনের লক্ষ্য রেখে আমাদের অগ্রসর হতে হবে, এবং তাদের শ্রীবৃদ্ধি সাধন করতে হবে সেই হবে আমাদের প্রধান কর্ত্তব্য। তারপরে, যাদের আমরা উৎখাত করতে যাচ্ছি তাদেরকেও ন্যায্য অর্থনৈতিক জীবনে বাঁচিয়ে রাখতে হবে, মানুষের সমাজে পুনরুদ্ধার করতে হবে। সেজন্য ৩১ হাজার টাকাই আমি মনে করি যথেষ্ট। "ইন্টারমিডিয়ারি"রা কুটির-শিল্পে প্রতিষ্ঠিত হোক, তাদের শিক্ষা-দীক্ষার ব্যবস্থা হোক এটা আমরা চাই, এবং সেজন্য ৩১ হাজার অঙ্কটার অপচয়ের পথ রুদ্ধ থাকছে, তাঁরা ঝগড়াঝাটি ক'রে এতদিন জমিদারী করেছেন এখন পরস্পর হাত মিলিয়ে সমবায়ের পথে কাজ করতে বাধ্য হবেন। সরকার যদি ভালভাবে উৎসাহ দেন তাহ'লে তাঁরা জাতীয় স্বার্থে কিছু "কন্সট্রিবিউসন" দেবেন, এবং নিজেদেরও বাঁচাতে পারবেন, তার ফলে জাতির রক্ষা হবে।

তারপরে "কম্পেন্সেসন"এ যে টাকা দেয়া হবে তারই লক্ষ লক্ষ টাকা নিয়ে এখান থেকে ওখানে পালিয়ে এটা ওটা করবার জন্য পাগল হ'য়ে ছুটবেন না। যেখান থেকে যে টাকা পাবেন সেখানেই সে টাকা "ইনভেষ্ট" করতে বাধ্য হন; যে "জোন" থেকে যে বিচ্যুত হবেন, এবং যেখান থেকে ক্ষতিপূরণ পাবেন সেখানকারই "ইণ্ডাষ্ট্রিয়াল কনসার্ণ"এ এবং সেই "জোন"এর পরিকল্পনার দিকে নজর রাখতে, এবং সেখানকার "কটেজ ইণ্ডাষ্ট্রি"তে যেন টাকা "ইনভেষ্ট" করতে তাঁরা বাধ্য হ'ন। এইভাবে আমার সংশোধনী প্রস্তাব পেশ করলাম, আশা করি এ যুক্তি যথাস্থানে পৌঁছাবে।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, my amendments refer to the amount of compensation or the rate of compensation that has been made payable under sub-clause (*1*) of section 16. Of course, Sir, as you have seen, there is unfortunately some difference of opinion as regards the policy as to whether some compensation should be paid to the outgoing zemindars and intermediaries

[Sj. Tarapada Bandopadhyay.]

or no compensation should be paid to them. There is the Indian Constitution and there it is laid down that no property can be taken over by the State without giving any compensation. Sir, we also, so far as our group is concerned, are of the opinion that some reasonable compensation should be paid to the zemindars and to the intermediaries because we do not think that it is equitable or it is very proper and fair to take one's property without paying him anything. This is a bad policy and if this policy is once taken and acted upon then, I think, production in the land would come to a standstill. Really energetic and honest people would think, "why should we spend so much efforts and energy in the matter of producing wealth because at any day in future the State may, by a stroke of the pen, forfeit and take over all the properties, all the wealth that we might acquire?" Therefore, Sir, there would be some natural clog on the acceleration of the production of wealth. Similarly, Sir, some idlers and lazy people may also think, "Why should we take to some gainful occupation because one day it may well be that the entire wealth of the country would be taken over by the State and may be distributed amongst ourselves?" Therefore, from both points of view I think that if this is taken as a policy that no compensation should be paid to the vested interests, to the capitalist or anybody else then certainly there would be some practical difficulty which would affect the vital interests of the country. Of course, there is much force in the criticism of some of the Opposition members when they say that if a particular zemindar has amassed vast wealth from the income of zemindary or from some other sources it would be useless to pay him any compensation in the matter of his estate which is now going to be taken over by the State. But I must say, Sir, that on the same principle some reasonable compensation should be given to him as well and this situation can be rectified by taxing them progressively. I have always advocated, Sir, that the persons who are in possession of vast riches and wealth, should be taxed very much so that they might contribute properly their share to the progress of the nation, to the needs of the nation and to the needs of the country. Of course, criticism has been made that the past history of many of the forefathers of the zemindars is not very clean. It may be so, Sir. But would it be proper and would it be equitable to punish the great great great grandson for the crime or the offence of the great great great grandfather? Certainly not, I would say. There is another side of the question. Sir, some of the zemindars are rolling in riches but there are some who really depend on the income of their zemindary for their maintenance and for their daily necessities. What would become of those persons if no compensation is paid to them, when the only source of their income, namely, their zemindaries or estates, is taken over? Therefore from whatever angle of vision it is seen some practical difficulties, some inequities would arise. It would be a bad principle if a sweeping generalisation is made that all zemindaries and estates would be taken over without any payment of compensation. Therefore, we are for paying some reasonable compensation but the scale of compensation that has been proposed here in this Bill seems to me to be too heavy and unduly partial to the zemindars. Sir, in this table it has been proposed that the compensation for the first Rs. 500 or less of net income should be 20 times of such net income, for the next 500, 18 times of such net income, for the next 1,000, 17 times, for the next 2,000 of net income 12 times of such net income. You will be pleased to see that within the amount of income of 4,000 some four gradations have been made. As regards the scale of compensation, I should say that so far as the initial 4,000 is concerned there should be only one rate of com-

pensation and not more than one. I think perhaps that for this income group of Rs. 4,000, 12 times the net income should be payable. Sir, why should it be that 20 times or 18 times the net income should be payable? That is not even the market rate; that is not the market price. If any property is sold, can anybody say that anybody would purchase it at a value of 20 times or 18 times or 17 times the net income? Certainly not, 10 times or 12 times the net income is perhaps the market rate and I think, Sir, it will perhaps be even below that. Therefore, there is no point in proposing to give the outgoing landlords or intermediaries compensation which would be much more than even the market rate. It was for this reason that I was saying that it would be showing undue favouritism to the landlords if we give a scale like this to them which would make the Government unnecessarily the subject of unhappy comments here and elsewhere.

[5—5-25 p.m.]

Therefore, to save them from that comment and to be really fair to the zemindars, to the people at large and to the Government, they should reduce this scale substantially and the scale for the first four groups of net income should be brought to one level, viz., twelve times the amount of net income. So far as the other incomes are concerned, I have not proposed any amendment because, I think, the rates of compensation proposed in this table in those cases are fair and reasonable. This is my submission.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

Sj. Hemanta Kumar Basu:

"স্পীকার" মহোদয়, যখন প্রথমে এই "বিল"টি এখানে আনা হয় তখন বলেছিলাম যে আমরা এই "কম্পেন্সেসন" দেওয়ার ঘোরতর বিরোধী। বাংলাদেশের জনসাধারণও হাজার হাজার সভায় তারা এই জমিদারদের কোন প্রকারে "কম্পেন্সেসন" দিতে চায় না এটা জানিয়েছে। আমি জানি না কংগ্রেস বেঞ্চের সদস্যরা এই রকম কোন সভা করেছেন কি না, যেখানে এই "কম্পেন্সেসন" দেবার প্রস্তাব গৃহীত হয়েছে।

যদিও আমরা "কম্পেন্সেসন" দেবার ঘোরতর বিরোধী তথাপি আমি বলেছিলাম এবং "সিলেক্ট কমিটি"তেও এটা নিয়ে আলোচনা হয়েছিল এবং আমরা যারা বিরোধী দল সেখানে ছিলাম, আমরা রাজী হয়েছিলাম যে "লোয়ার ইনকাম গ্রুপ" যাঁরা পড়েন, তাঁদের "রিহ্যাবিলিটেসন" ব'লে কিছু ব্যবস্থা করা। যদি এই "বিল"টা'কে সারা বাংলাদেশের অর্থনৈতিক জীবিকা পুনর্গঠন রূপে একটা "ইকনমিক প্লান"এর অংশরূপে গ্রহণ করা হ'ত তাহ'লে সেইভাবে এই "বিল"টা "পাশ" হ'ত। "বিল"টি "পাশ" হয়ে, জমিদারী-প্রথা বিলোপের পর, বাস্তবিক যারা তাদের জীবিকা থেকে বঞ্চিত হ'ল, তাদের আবার যাতে "রিহ্যাবিলিটেসন", পুনর্বসতি করা যেতে পারে তার ব্যবস্থা নিশ্চয়ই করা উচিত। এবং সরকারের যদি সেই ইচ্ছা থাকত তাহ'লে নিশ্চয়ই সেই "প্লান"এর অংশ হিসাবে এটা করা হ'ত। সেই-ভাবে আমরা বাইরে, এখানে এবং "সিলেক্ট কমিটি"তে এই কথায় রাজী হয়েছিলাম যে "রিহ্যাবিলিটেসন" হিসাবে একটা "কম্পেন্সেসন"-এর ব্যবস্থা করতে পারেন এবং সেই হিসাবে আমি "এ্যামেন্ডমেন্ট" দিয়েছিলাম যে যারা "লোয়ার ইনকাম গ্রুপ"এর, তাদের কিছু কিছু "কম্পেন্সেসন" দেওয়া হোক। কিন্তু আইনের মধ্য দিয়ে গভর্ণমেন্ট সেই নীতি নিতে রাজী নন্। এবং সারা বাংলাদেশের জনসাধারণ যে মত প্রকাশ করেছেন, সেই মতকে তাঁরা গ্রহণ করতে রাজী নন্। গভর্ণমেন্ট বড় বড় জমিদার ও জোতদার যারা বহুদিন ধ'রে কৃষকদের শোষণ ক'রে অর্থ পেয়েছেন, তাঁদের পকেট্‌কে আরও বেশী ভারী করবার জন্য এই "কম্পেন্সেসন"এর ব্যবস্থা করেছেন। জমিদার যে দরে জমি বিক্রয় ক'রে টাকা পেতেন তার চেয়েও বহু গুণ টাকা জমিদাররা পেয়ে লাভবান হবেন। আমি "ইকনমিক প্ল্যান"এর অংশ হিসাবে বলেছিলাম অনেক জমিদার যারা জমি দখল করে বহু সম্পত্তি করেছেন সেটা কলিকাতা সহরেও আছে, আবার মফঃস্বলেও আছে। সেখানে তারা ঘরবাড়ী নির্ম্মাণ ক'রে ও "ফ্যাক্টরী" ও ব্যবসা-বাণিজ্যের মধ্যে দিয়ে তারা প্রচুর অর্থ উপার্জ্জন করেছেন। সুতরাং "তেলা মাথায় তেল দিয়ে" তাদের আবার "কম্পেন্সেসন" দেওয়ার কোন মানে হয় না। ইতিহাস থেকে দেখা যায় জমিদারদের পক্ষে বাস্তবিক কিছু ছিল না। ইংরাজ রাজত্বের সময়, তাদের খাজনা আদায় করবার জন্য "পারমানেন্ট সেট্‌লমেন্ট" হিসাবে এই সমস্ত জমিদারদের উপর ভার দেওয়া হয়েছিল এবং সেই থেকে এরা অস্থায়ীভাবে খাজনা আদায় ক'রে আসছেন। সুতরাং নৈতিক বা কোন দিক থেকেই তাঁরা ঠিক জমির মালিক নন্। প্রধানমন্ত্রী মহাশয়ও সেদিন তাঁর বক্তৃতা প্রসঙ্গে বলেছেন, ঐ ইংরাজের সময় "পারমানেন্ট সেট্‌লমেন্ট"এর প্রয়োজনে কিভাবে জমির খাজনা আদায় হ'ত। তাই যদি সত্য হয় তাহ'লে এই সমস্ত বড় বড় জমিদার, জোতদার যাদের প্রচুর অর্থ রয়েছে, তাদের "কম্পেন্সেসন" কেন দেবো? তাদের কোন "কম্পেন্সেসন" পাওয়া উচিত নয়।

আমি "সিলেক্ট কমিটি"তে একটা "এ্যামেন্ডমেন্ট" দিয়েছিলাম "কম্পেন্সেসন" সম্বন্ধে, কিন্তু দুঃখের বিষয় সেখানে গভর্ণর বাহাদুরের

[Sj. Hemanta Kumar Basu.]

"রেকমেণ্ডেসন" না থাকায় সেটা উপস্থিত করতে পারা গেল না। কাজেই আমি এ-কথা বলতে বাধ্য, যে বর্ত্তমানে বাংলাদেশের যে আর্থিক অবস্থা, সরকারের যে আর্থিক অবস্থা এবং চতুর্দ্দিকে যেভাবে বেকারের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে, জনসাধারণের অর্থনৈতিক অবস্থা ও দুঃখ-দুর্দ্দশা যেভাবে বাড়ছে তাতে এইভাবে তেলা মাথায় আর তেল দেবার কোন প্রয়োজন আছে ব'লে স্বীকার করা যেতে পারে না। তবে যারা "লোয়ার ইনকাম গ্রুপ"এর, যারা তাদের জমি থেকে বঞ্চিত হ'ল, যাদের স্ত্রী-পুত্র পরিবার নিয়ে সংসার চালান অসম্ভব, তাদের কিছু "কম্পেন্সেসন" দেওয়ার পক্ষে ছিলাম।

[5-25—5-35 p.m.]

কোন কোন "এস্টেট" তা সম্ভব হয়েছে, তখন বাংলাদেশের গভর্ণমেণ্ট এখানকার আর্থিক অবস্থা বিবেচনা করে সে রকম কিছু করতে পারেন। আমি বলি যারা জমি থেকে বেশী উপায় করছে তাদের একটা হিসাব করা হোক, সেই হিসাব থেকে তাদের জীবিকা উপায়ের উপযোগী রেখে বাকী অর্থ নিয়ে নেওয়া হোক—"কন্‌ফিসকেট" করা হোক। সেই অর্থ দিয়ে দেশের কৃষিশিল্প হোক বা যা বেকার সমস্যা আছে, তার জন্য অর্থ রাখা হোক বা নূতন ব্যবসা-বাণিজ্য শিল্প গ'ড়ে তোলা হোক। সমাজকে যদি এইভাবে গ'ড়ে না তুলি তাহ'লে আমরা যেভাবে চলছি সেভাবে আমাদের সমস্যার সমাধান হবে না। দিনে দিনে সরকারের বিরুদ্ধে যে অসন্তোষ বেড়ে যাচ্ছে সেটা আরও বেড়ে যাবে। মাত্র মুষ্টিমেয় লোক তাদের পক্ষে থাকবে কিন্তু জনসাধারণ তাদের পক্ষে থাকবে না। সেজন্য আমার মনে হয় এই "বিল" যেভাবে আনা হচ্ছে এবং যেভাবে "পাশ" করবার চেষ্টা হচ্ছে, এটা নিয়ে যে দেশে বিরাট অসন্তোষ হচ্ছে তাতে যুক্তিতর্কের দিক থেকে এরকমভাবে কোন "কম্পেন্সেসন" দেবার কোন মানে হয় না। তাই আমার মনে হয়, এবং স্বাভাবিক হয় যদি, আইনটা পরিবর্ত্তিত যেন করা হয়। কাজেই বলি আইনটা স্থগিত রাখুন, কারণ দরিদ্র জনসাধারণের উপকারের জন্যই এ "বিল" আনা হচ্ছে তখন এই-ভাবে "বিল"টা এনে যাদের নাই তাদেরকে কিছুই না দিয়ে আর যাদের বহু আছে তাদেরকে আরও দেবার কোন মানে হয় না। সেদিকে বাস্তবিক যদি নজর দেওয়া হয়, যে টাকায় "কম্পেন্সেসন" দেওয়া হবে সেই টাকাটা "প্লানিং" ক'রে আমাদের অর্থনৈতিক জীবনকে পুনর্গঠন করার জন্য, এবং খাদ্য-সমস্যার সমাধানের জন্য যদি এই আইনের ধারা পরিবর্ত্তন করা হয় তাহ'লে আমরা যোগ দিতে পারি, "এ্যাসেমব্লি"তে এসে আমরা "ইউনানিমাস" একটা প্রস্তাব গ্রহণ করতে পারি। বাংলাদেশ গরীব দেশ, বাংলাদেশের যে রকম আর্থিক অবস্থা, তাতে বেশী "কম্পেন্সেসন" দেওয়ার মানে দেশকে আরও গরীব ক'রে দেওয়া। কাজেই এমনভাবে আইনটা করা হোক যাতে আর্থিক দিক দিয়ে, শিক্ষার দিক দিয়ে দেশকে আরও উন্নত করা যায়। এখানে আমরা সকলেই একমত হ'য়ে যাতে সেটা গ্রহণ করতে পারি, সে রকম করুন। সেই জন্য "কম্পেন্সেসন" দেওয়া যায় না, তবে "রিহ্যাবিলিটেসন"এর পক্ষে আমরা মত দিয়েছি। সেভাবে এই বিলটাকে পরিবর্ত্তন করা দরকার এবং সেইভাবে "ইউনানিমাসলী রেজলিউসন" "পাশ" ক'রে ভারত সরকারকে জানাই তবে আমাদের সেই যুক্তিসংগত কথা ভারত গভর্ণমেণ্ট শুনবেন না এটা হতে পারে না এবং দরকার হ'লে সেই অনুসারে "কনস্টিটিউসন"টা বদলাতে হবে। আর যদি না শোনেন, তাহ'লে বুঝবো "গভর্ণমেণ্ট"এর নীতি হচ্ছে বিদেশী "ভেস্টেড ইন্টারেণ্ট"কেই সাহায্য করা। জন-সাধারণের জন্য কিছু করতে চান না। সেজন্য আমি বলছি "সিলেক্ট কমিটি"তে আমরা "অপজিসন"এ যারা ছিলাম তারা "লোয়ার ইনকাম গ্রুপ"কে কিছু দিতে রাজী ছিলাম কিন্তু আজ "গভর্ণমেণ্ট" যদি সেইটা গ্রহণ করতে প্রস্তুত না হ'ন তাহ'লে আমাদের বাধ্য হতে হবে সমস্ত "বিলে"র বিরোধিতা করতে।

Sj. Bolailal Das Mahapatra:

মাননীয় "স্পীকার" মহোদয়, জ্যোতিবাবু যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করতে দাঁড়িয়েছি। "স্যার", আমি নীতির দিক থেকেই যুক্তির দিক থেকে—কোন দিক থেকেই জমিদারদের "কম্পেন্সেসন" দেওয়া সমর্থন করতে পারি না। আমি বুঝতে পারছি না, যে সকল জমিদার এতদিন ধ'রে কৃষক সমাজকে উৎখাত করেছে, যাদের অত্যাচারের ফলে কত লোক জীবন হারিয়েছে, মা, বোনদের ইজ্জত নষ্ট হয়েছে, বহু কৃষকের ক্ষেতখামার নষ্ট করেছে, ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছে, সাদা কাগজে টিপ সই নিয়ে কবুলিয়তনামা করে বাস্তুভিটে থেকে উৎখাত করেছে সেই সব জমিদারকে "কম্পেন্সেসন" দেওয়ার কি কারণ থাকতে পারে আমি বুঝতে পারছি না। আমি কংগ্রেস সরকারকে জিজ্ঞাসা করছি তারা বড় বড় কথা বলেন, তারা কিষাণ মজদুররাজ প্রতিষ্ঠার কথা বলেন, গণতন্ত্র প্রতিষ্ঠার কথা বলেন কিন্তু আজ কংগ্রেস "বেঞ্চ"এ গান্ধীবাদী সদস্য যাঁরা আছেন তাঁদেরকে জিজ্ঞাসা করি তাঁদের সেই আদর্শ, গান্ধীজির সেই স্বপ্ন কোথায়? যে অবস্থায় জমিদারী বিলটা আনা হয়েছে, ভোটের জোরে যেমন করে ৬ নম্বর ধারা "পাশ" ক'রে নিয়েছেন, হয়ত এটাও "পাশ" ক'রে নেবেন, কিন্তু জিজ্ঞাসা করি তাঁরা যেমন বড় বড় কথা বলেন, ভূমিহীনকে ভূমিদান করবেন ব'লে নেতারা গ্রামে গ্রামে ঘুরে বেড়ান, সেই আদর্শের সংগে কোন সামঞ্জস্য আছে কিনা, কাজের এবং আদর্শের মধ্যে কোন সংগতি আছে কিনা তা চিন্তা করুন। সমস্ত জমি যদি এই "মিল, ফ্যাক্টরি" ও "পোলট্রি"তে আটকা পড়ে যায় তাহ'লে জমি দেবেন কোথা থেকে? আমি বাংলার দরিদ্র জনসাধারণের পক্ষ থেকে জিজ্ঞাসা করি, তাঁরা যেন এটা চিন্তা করেন, যে তাঁরা যে পথে চলেছেন, তাতে ভবিষ্যতে কংগ্রেসের সুনাম রক্ষা করতে পারবেন কিনা? আমি জানি যে কংগ্রেস ধ্বংসের পথে চলেছে। যাঁরা মনে করেন কংগ্রেসকে বাঁচাতে পারবেন তাঁরাই ধীরভাবে চিন্তা করুন বাস্তবিক তাঁরা এ-পথে বাঁচাতে পারবেন কিনা?

আর একটা প্রশ্ন তুলি, যদি তাঁরা "কম্পেন্সেসন" দিতে চান, সেটা কোথা থেকে দেবেন? বাংলার রাজস্বে যে ঘাটতি দেখা যাচ্ছে তা থেকে তা দেবার ব্যবস্থা হ'তে পারে না, দেশের যে অবস্থা হয়েছে

লোকে না খেতে পেয়ে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে, সুপেয় জলের অভাবে নোনা জল খাচ্ছে এর কোন ব্যবস্থা হচ্ছে না, ফুটপাথে, রাস্তা-ঘাটে নিরাশ্রয়ে শুয়ে আছে.....

Mr. Speaker: You can reserve these things for the third reading. Please confine yourself to the clause.

Sj. Bolailal Das Mahapatra:

এজন্য আমি বলি এ টাকাটা আসবে কোথা থেকে? রাজস্ব ধনভাণ্ডারে "ট্রেজারী"তে যদি টাকা থাকত তাহ'লেও হ'ত কিন্তু তা নাই। সুতরাং আর একটা উপায় আছে, জনসাধারণের কাছ থেকে "ট্যাক্স" নিয়ে, "লেভি" ক'রে "রেভিনু" আদায় করতে পারেন। কিন্তু যেখানে জনসাধারণ খেতে পায় না, দুর্ভিক্ষের সম্মুখীন হয়ে রয়েছে, অর্ধাহারে, অনাহারে দিন কাটায়, যেখানে প্রাথমিক শিক্ষকেরা তাদের সামান্য বেতন পায় না, এই যেখানে অবস্থা, এই মধ্যবিত্ত সমাজ ধ্বংসের দিকে চলেছে, এই যখন সমাজের চিত্র তখন তারা কোটি কোটি টাকা দেবেন কোথা থেকে? তাই তাদের চিন্তা করতে অনুরোধ করি। এবং আমি মনে করি যেটা আমাদের "পার্টি" বার বার ঘোষণা করেছে, যে কোন প্রকারেই হোক অত্যাচারী জমিদারকে, যারা বরাবর দেশকে শোষণ করেছে তাদের কোনরকম "কম্পেন্সেসন" দেওয়ার প্রশ্ন থাকতে পারে না। তবে জমিদারী চলে গেলে যারা একান্ত অসহায় অবস্থায় পড়বে তাদের পুনঃপ্রতিষ্ঠার জন্য তাদের কিছু পুনর্বাসন সাহায্য করতে পারেন। তাই যুক্তির দিকে আমি মনে করি জ্যোতিবাবু যে প্রস্তাব এনেছেন প্রত্যেক জমিদারের "কম্পেন্সেসন" এক টাকা হোক—সেইটা যুক্তিসঙ্গত। আমার পূর্ববর্তী বন্ধু "ইউ,পি"—উত্তর প্রদেশের কথা বলেছেন কিন্তু আমি বলি দেশের ভাল করবার জন্য যদি সদিচ্ছা থাকে তাহ'লে তাদের কাছে অনুরোধ যে শুধু ভোটের জোরে এমন একটা ধারা "পাশ" ক'রে নেবেন না, কারণ "কম্পেন্সেসন"এর টাকার অভাবেই তারা জমিদারী উচ্ছেদ করতে পারবেন না। কাজেই বলি বাংলাদেশের কৃষকদের পর্বত পরিমাণ ঋণের ভার যাতে লাঘব হতে পারে, তারা খেয়ে পড়ে বাঁচতে পারে সেদিকে দৃষ্টি দিন। এই "কম্পেন্সেসন"এর টাকা দিয়ে বাংলাদেশে শোষণযন্ত্র সৃষ্টি করে "ক্যাপিটালিষ্ট" দানবদের সাহায্য করা উচিত নয়। বড় রাজা, জমিদার, যেমন বর্ধমানের মহারাজা, তাদের "ব্যাঙ্ক"এ বহু টাকা জমা রয়েছে, "ফ্যাক্টরী"তে বহু টাকা "ইনভেষ্ট" করা রয়েছে, তাদের লক্ষ লক্ষ টাকা "কম্পেন্সেসন" দেওয়ার কোন মানে হয় না। সেদিক থেকে বলি যে জ্যোতিবাবুর "এ্যামেণ্ডমেন্ট"টা গ্রহণ করে নিন, যাতে বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো ধ্বংসের হাত থেকে রক্ষা পায় সেই ব্যবস্থা করুন।

[5-35—5-45 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই ধারাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেইজন্য আমি এই সম্পর্কে বলবো এই ধারাটা অত্যন্ত ধীরভাবে বিবেচনা করা দরকার। এখানে অনেকেই "কম্পেন্সেসন" সম্বন্ধে নৈতিক অধিকার নিয়ে বাদ করতে চেষ্টা করেছেন, আমি আর তার পুনরুক্তি করবো না। তবে এই "কম্পেন্সেসন" কিভাবে ব্যবহৃত হবে সেইদিক থেকে আলোচনা করে দেখাতে চেষ্টা করবো। অবশ্য এ-জিনিষ আলোচনার ভিতর অনেকেই গুলিয়ে ফেলেছেন। এই যে "এ্যামেণ্ডমেন্ট" এ-সম্বন্ধে মতের পার্থক্য থাকলেও এক বিষয়ে সকলেরই একমত যে যাদের আয় কম জমিদারীই একমাত্র রোজগার, আর কোন আয়ের ব্যবস্থা নেই, তাদের "কম্পেন্সেসন" দেওয়া সম্পর্কে সকলেই একমত। এই সম্পর্কে যে সীমা নির্ধারণ করা হয়েছে, সে সম্বন্ধে পার্থক্য থাকলেও "রিহ্যাবিলিটেসন গ্রান্ট" দেওয়া সম্পর্কে সকলেই একমত। এখানে একটা কথা ভাবতে হবে এটা হচ্ছে, "ইউ,পি, রিপোর্ট"এ যা দেখেছি, তাতে দেখেছি যে বিভিন্ন আয়ের "ইন্টারমিডিয়ারী"র তালিকা থেকে তিন হাজার বা ৩,৬০০ টাকা যাদের আয় তাদের সংখ্যা কত তা জানা যায় না। কিন্তু তালিকা না থাকা সত্ত্বেও বুঝতে পারা যায় যে শতকরা ৯৫ জন "ইন্টারমিডিয়ারী" এর ভিতর পড়বে। সেইজন্য শতকরা ৯৫ ভাগের জীবিকা সম্পর্কে কারো কোন দ্বিমত নেই। আর যে শতকরা পাঁচ ভাগ "ইন্টারমিডিয়ারী" যাদের ৩,৬০০ টাকার বেশী আয় অর্থাৎ মাসিক ৩ শত টাকার বেশী, আজকের দিনে একজন বাইরে থেকে বিদেশী "ডিগ্রি" নিয়ে "এম,বি" পাস করা ডাক্তার তার মাসিক আয় ৩ শত টাকার বেশী নয়। একজন উচ্চ "ডিগ্রি" বিশিষ্ট লোকের যা আয় সেই পর্যন্ত রাখা হয়েছে এর উর্দ্ধে যারা তাদের সম্পর্কে কি করা যায়। এখানে দেখা দরকার যাদের ৩,৬০০ টাকার বেশী আয় কাগজ-কলমে দেখা যায় এই কাগজ-কলমের বাইরেও অনেককের অনেক রকম আয় আছে। এই জমিদারী ছাড়াও ব্যবসাবাণিজ্য শিল্পক্ষেত্রে অনেক আয় আছে। এই প্রসঙ্গে বর্দ্ধমানের মহারাজার কথা বলছি, তাঁর কম পক্ষে ১৪টি বিভিন্ন কলকারখানা ও "ব্যাঙ্ক", যেমন এলাহাবাদ "ব্যাঙ্ক", গ্রীণ্ডলেজ "ব্যাঙ্ক", "গিলেণ্ডারস্ আরবুথনট" ইত্যাদির সঙ্গে তিনি জড়িত। এইরকম অধিকাংশ বড় বড় জমিদারদেরই আছে। এখন প্রশ্ন হচ্ছে যাঁদের শুধু জমিদারীর আয়ই নয়, কৃষককে যাঁরা লুণ্ঠন করেছে—

Mr. Speaker: This is no new argument. It has been repeated a hundred times.

Sj. Benoy Krishna Chowdhury:

এখানে এই "পয়েন্ট"টা বলতে চাই, কারণ আজকে বর্দ্ধমানের মহারাজাকে যে ৫০ লক্ষ টাকা বা এক কোটি টাকা দিতে যাচ্ছেন, সেই টাকা জাতীয়তাবিরোধী কাজে অর্থাৎ "ব্যাঙ্কের" "ক্যাপিটাল" বাড়ানোর কাজেই লাগবে। আমার বক্তব্য হচ্ছে এই যে, যাঁদের আয় যথেষ্ট বেশী সেই রকম আয়ের বড় জমিদারদের দুই ভাগে ভাগ করা যায়—তাহ'লে দেখা যাবে যে বড় জমিদারদের যে হিসাবে টাকা দিচ্ছেন সেই টাকা "ইনভেষ্ট" করার দিক থেকে কতখানি কার্যকরী হবে, এই সমস্ত জমিদার এই টাকা এমনভাবে ব্যয় করবেন

[Sj. Benoy Krishna Chowdhury.]

যাতে আমাদের দেশে যে সমস্ত বিদেশী সাম্রাজ্যবাদী শোষকদেরই মজবুত করতে সাহায্য করা হবে। এই সমস্ত বিদেশী পুঁজিবাদীদের সঙ্গে সহযোগিতা ক'রে "স্লিপিং পার্টনার" হতে পারবেন স্বিতীয়তঃ, "মিডিল্ গ্রুপ"কে যেভাবে কিস্তিতে কিস্তিতে টাকা দেবেন তাতে কোন কিছুই করা হবে না, যেমন "ডিসপ্লেসড পারসন"কে "লোন" দিয়ে কিছু করা যায়নি। ১৯৫২ সাল পর্য্যন্ত হিসাব করলে দেখা যায় যে, প্রায় ২৮ কোটি টাকার মত খরচ করা হয়েছে এই পুনর্ব্বাসনের জন্য, কিন্তু এতে কারোর কিছু উপকার হয়নি, এই টাকা অপব্যয়ই করা হয়েছে। কাজেই এই মাঝারি লোকদের যে টাকা দেওয়া হবে সেই টাকা কোন কাজে লাগবে না। এখানে "কম্পেন্সেসন"এর টাকার কথা নিয়ে আমি দেখাচ্ছি যে, "রিজার্ভ ব্যাঙ্ক" বলেছে যে পশ্চিমবঙ্গে প্রায় ২৫ কোটি টাকা শুধু এই "ইন্টারমিডিয়ারিজ"দের কিনতে। শ্রীযুক্ত জে, সি, গুপ্তমহাশয় প্রথমে এই "রেন্ট রিসিভিং ইন্টারেস্ট"-এর ৩০ গুণ করেছিলেন, পরে আবার নূতন যে "টেবল" করেছেন তাতে ২২ কোটি টাকা, এবং জমিদারী কিনতে আরো ৫০ কোটি টাকা লাগতে পারে। আজকে সরকার এইরকম "ইন্টারমিডিয়ারী গ্রুপ"এর তালিকা করেন নাই যা থেকে বোঝা যেত এত টাকা কিসে লাগবে। আজকে এই যে ২৫ কোটি টাকা এবং ৫০ কোটি টাকা জমিদারী কিনবার জন্য দরকার হয় তাহ'লে এত টাকা কোথা থেকে দেবেন?

(At this stage the red light was lit.)

আমাকে আর দু'মিনিট সময় দিন। নূতন "ট্যাক্স" আপনারা করবেন না, তাহ'লে একটা জিনিষ হচ্ছে যে, এই যে "ইন্টারমিডিয়ারিজ"রা টাকা পাবেন সেটা ২০।৩০ বৎসর ধরে "স্প্রেড ওভার" ক'রে রাখছেন। একবার "পারম্যানেন্ট সেটেলমেন্ট" হওয়ার জন্য সমস্ত বাংলার ভবিষ্যৎ "মর্টগেজ" করা হয়েছিল, আবারও ৩০ বৎসরের জন্য সমস্ত বাংলার অর্থনৈতিক ব্যাপারকে "মর্টগেজ" করতে যাচ্ছেন।

[5-45—5-55 p.m.]

Sj. Mrityunjay Pramanik:

মাননীয় "স্পীকার" মহাশয়, এই বিলের মধ্যে দেখলাম "ইন্টারমিডিয়ারী"দের "কম্পেন্সেসন" দেবার ব্যবস্থা রয়েছে, এবং তাদের "কম্পেন্সেসন" দেওয়া হবে, কি হবে না, কত দেওয়া হবে, এ সব বিষয় নিয়ে অনেক আলোচনা হয়ে গেল; কিন্তু আপনারা বোধ হয় জানেন আমাদের পশ্চিম বাংলায় এমন কতকগুলি জমিদার রয়ে গেছেন, যাঁরা "সিভিল সার্ভিস রেগুলেসান" অনুযায়ী কর্ম্মচারী নিয়োগ ক'রে থাকেন, এবং তাঁদের "পেনসন" ইত্যাদি দেয়ার ব্যবস্থাও রয়েছে। এই "বিলে" সেই সমস্ত "পেনসন-হোল্ডার"দের কি হবে——

Mr. Speaker: You are speaking on third reading. You speak on the clause.

Sj. Mrityunjay Pramanik:

এটাওতে আমি "পেনসন" দেবার কথাই বলছি। জমিদারকে "পেনসন" দেবার ব্যবস্থা রয়েছে, কিন্তু যারা "সিভিল সার্ভিস রেগুলেশন" অনুযায়ী "এ্যাপয়েন্টেড" হয়েছে, সেই সমস্ত ক্ষেত্রে তাদের জন্য কোন ব্যবস্থা করেন নি। সেই জন্য বলছি যারা "অলরেডি পেন্সন এনজয়" করছে, তাদের ব্যবস্থা কি হবে, সে কথা চিন্তা করবার জন্য মাননীয় মন্ত্রীমহোদয়কে অনুরোধ করছি; তাছাড়া যাদের ২০।২৫ বছর চাকরী হয়েছে, তাদের অবস্থা কি হবে সেটাও ঠিক করতে ওঁদের অনুরোধ করি।

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, while discussing the question of compensation, may I ask my friend Mr. Jyoti Basu—I do not find him here—whether a sweeping condemnation of all the intermediaries as land grabbers is justified? I hope he will agree with me that out of about four thousand intermediaries not even half a dozen people are those who originally got concessions from the British or the East India Company. The rest have invested their savings out of hard earned money for the provision of their descendants. There may be difference of opinion that they should have shown better discretion in the matter of investment, that they should have invested their savings in industry, and so on, but the fact is what they have done they have done. The question now before us to consider dispassionately is, are we going to turn these intermediaries into the streets to swell up the ranks of the destitutes? I am sure from all sides of the House the answer will be "no". We are not doing that. (Question.) Then, let us consider the next question with regard to compensation. Many of my friends have said that the compensation proposed is beyond the means of the State. They have only echoed what I have emphasised in the minute of dissent, and I can assure members of this House that our party is busily engaged in finding out what are the resources of the State and what amount of compensation can be paid. It has been said that provision of this scale of compensation means additional taxation of the poor people. But there are other means. In my note of dissent I

have suggested how we have got to pool our different resources. Members of the House will all appreciate that already it has been brought to the notice of the Chief Minister that evasion of sales tax, if prevented, would bring in quite a good amount of revenue to the State to enable us to honour our commitments regarding compensation. I think members of the House will agree that if we take the total turnover of business of this Province, sales tax which ought to be realised should amount to near about Rs. 10 crores, but we are not getting that. I have hopes that if we proceed on these lines we shall be able to increase our revenue in order to meet our commitments of compensation, and in this matter all of us should agree. All of us should make up our minds that when a dealer wants to give us something without charging sales tax, we should refuse to take it. There is another proposition that only the lower income groups should be paid. There again there is difficulty. We are bound by the Constitution, and if we discriminate between members of one class, we may get into trouble. Therefore we could not possibly discriminate —though many of us thought that it would be a reasonable thing— but there is the Constitution. Instead, what have we done? What are we thinking of? With regard to non-agricultural land and agricultural land which we are leaving with them, we are making a condition with regard to non-agricultural land that unless there is some productive business started, it may be taken over by the State. And with regard to agricultural land, if those with whom it has been left do not go into intensive cultivation, the land will be taken over. This proviso will give an incentive to those people. It has been stated that rich people like the Maharaja of Burdwan will get no compensation because we cannot pay them so much, whereas the other intermediaries will get compensation. But what we are going to do is to try and see that these gentlemen will have compensation because they have got to make provision for their descendants; secondly, they will have to go into some business and thirdly, they will have to start some industries which will provide for employment for the people. I again draw the attention of the members of this House to the point which I have stressed, that compensation should be fixed keeping in view whether the amount required for compensation can be met from the revenue of the State. That is the point and I can assure the House that our Congress Government is already going on those lines. Then, there is another point regarding the actual compensation itself. Really the difference between the opposite parties' amendments and our amendments is this: they want to provide only rehabilitation grant and they want to confine it to the lower middle class group. I have already explained why there cannot be discrimination. Secondly, when I say we want to give the incentive to better cultivation, improved cultivation, it is necessary to leave some land with those who have got money which they can invest in land. That is the justification for leaving some land with the people who have got money because they have to improve agriculture. Those who are rich will also have to start big industries. Those intermediaries who have income which is not very high will go in for medium industries, and then there are others who will go in for cottage and small scale industries, so that all the potentialities of the State should be developed, and that is how we want the future generation of West Bengal to develop. We shall even have to take away the land from some who are dependent upon agriculture, because land is not sufficient for the purpose of providing economic holding for them. I want the members of the House to realise that they can co-operate in bringing about a new order of things as early as possible, without waiting, and then and then alone West Bengal will be self-sufficient. Then I have tabled some amendments which are progressive in nature, but

[Sj. Jogesh Chandra Gupta.]

I am not moving them and I am depending upon some assurance by the Leader of the House—not a private assurance but an assurance in the House—that he is going in not perhaps for Khas Mahal management but for Gram Sabhas and Panchayats. Then there is also his assurance on other matters which he gave at the time of reply in the first reading.

[5-55—6-5 p.m.]

That ought to satisfy not only myself but everybody and those of my friends who say they are members of a disciplined party. I do not understand their saying "Well, members of the party should not rely upon the assurance given by the leader solemnly before the Assembly." Where is the leader who has got such face that after giving an assurance solemnly on the floor of the House, he will not realise that? However, I do not want to take up more of your time, but I appeal earnestly to the members of all groups in this House to consider, when we are having a legislation like this—a social legislation like this—whether we ought to think .....(interruptions from the Opposition benches) I am saying Congress can say that they are going ahead steadily with social legislation (Cries of "Question" from Opposition benches) otherwise the Estate Duty would not have been brought, Agricultural Income-tax is also a progressive social legislation and there are other things. We are going ahead—there is no question about that—and there is no going back upon it. But let us not indulge in irresponsible talks. Hard words break no bones. Let us put our heads together and make very reasonable provisions in the Bill.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, this bloc of the House had consistently taken up the view that there is no necessity or justification of this compensation, though, Sir, we are agreeable that some amount should be paid by way of rehabilitation grant in hard cases. We have already found that by clause 6 large tracts of land have already been given to these zemindars. In that view we consider that no further compensation or grant can be payable to these zemindars or intermediaries.

Sir, in one of the speeches Dr. Roy covered a major portion of it by placing the history of the land tenure system in Bengal from the pre-Moghol days, but he was silent, Sir, about the fact as to how these zemindars came to occupy these vast landed properties. Sir, if he had shown that, he would have been faced with the question that really the zemindars were not the proprietors of the land, that the zemindars really never owned these lands, but were merely usurpers. Then why this high scale of compensation for them? That is why he has advisedly kept mum on that.

Sj. Subodh Banerjee:

প্রথমতঃ আমরা শুনেছি উনি "হেডিং" পড়েছেন, আপনি শোনেন নি।

Mr. Speaker: I at once pointed out.

Sj. Subodh Banerjee:

আপনি বলার পরে। ধরে নিলাম উনি হেডিং পড়েন নি, "কুজ বাই কুজ" পড়েছেন। আমার জিজ্ঞাস্য যে "ওরিজিন্যাল বিল"এ "কুজেস 88, 8৫, ৪৬," রয়েছে, আর এখানে যে "এ্যামেণ্ডমেণ্ট মুভ" করা হয়েছে তাতেদেখছি "কুজেস 88" এবং "8৫" আছে, "৪৬" নাই। তাহলে কি দাঁড়াবে? কোন্‌টা বাতিল হচ্ছে?

How can the two clauses be substituted for three clauses in the Original Bill? Naturally there is one clause to be omitted, and that omission is a negative amendment. Therefore, it is bound to be out of order.

Sj. Natendra Nath Das: As regards clause 44, I want to point out that this House has already passed a judgment on the interpretation of the word "intermediary" in clause (*r*) of section 2. Can this House in the same session interpret the word "intermediary" in a different way.

Mr. Speaker: Section 44 was taken for the purposes of this Chapter.

Sj. Natendra Nath Das: But the word "intermediary" has been interpreted and that section is already passed by this House.

Mr. Speaker: This is for this Chapter only.

Sj. Jyoti Basu: I would urge upon you to ask the Government to reconsider the whole situation and to bring things in a proper way, so that if there is any good thing in this particular alteration, then we might discuss this, but not to proceed in this hurried manner. It seems already we have come under the purview of Article 14 of the Constitution by taking out Calcutta and Tollygunge from the purview of the Bill. Later on all sorts of difficulties will arise in courts,

[Sj. Jyoti Basu.]

Therefore, I say that you should adjourn the House tonight and let them reconsider the whole thing and bring a proper amendment; otherwise, in this hurry, I am sure, ultimately the whole thing will be *ultra vires*.

Sj. Hemanta Kumar Basu:

স্যার, আমি দেখতে পাচ্ছি যে আমাদের "জয়েণ্ট সিলেক্ট কমিটির" যে "লেবার" তা সম্পূর্ণ বিফল হয়ে গেল এবং আবার গভর্ণমেণ্ট নূতন কোরে তাঁর ইচ্ছামত "এ্যামেণ্ডমেণ্ট" নিয়ে আসছেন, তাহলে "জয়েণ্ট সিলেক্ট কমিটি এ্যাপয়েণ্ট" করবার কি আবশ্যকতা ছিল। এই "চ্যাপটার" এর ভিতর এক এক রকম অবস্থা দেখছি। এখানে যে নূতন নূতন "কুজ" দেওয়া হচ্ছে এতে সমস্ত "কুজ"কে "সাবষ্টিটিউট" করা হচ্চে। যদি "হেডিং" ও ঠিক থাকে তবু একটা "চ্যাপটার"এর সমস্ত কিছু যদি বদলে যায় তাহলে নূতন "চ্যাপটার" দেওয়া হয় না কি? কাজেই সুধীর রায় চৌধুরী মহাশয় যে "রিকমিটাল" করার কথা বলেছিলেন তা না কোরে যে ভাবে এই বিল পাশ করা হচ্ছে এর পরে কি দাঁড়াবে জানি না। যখন কোর্টে কোন "কোশ্চেন" নিয়ে কেউ দাঁড়াবে তখন কি হবে জানি না। সেই জন্য মনে হয় এত তাড়াতাড়ী না করে এক একটি "চ্যাপটার" সম্বন্ধে আরও সময় নিয়ে চিন্তা কোরে করলে ভাল হ'ত এবং তাতে আমরা আরও ভাল বিল আনতে পারি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry my friend has not given us the credit of tabling amendments that were circulated yesterday. Sir, here in this proposal of Sj. Deben Dey there are clauses 44, 44A and 45 whereas in the Original Bill there were clauses 44, 45 and 46.

[6-50—7 p.m.]

The reason why section 46 was not mentioned in this amendment is that 46 refers to methods of paying compensation. That has been included in 45. If you read section 45 of the Bill as it has been circulated you will find that the provisions from Chapters II to V have been included. The three clauses, 44, 45 and 46, have been rearranged in clauses and made into 44, 44A and 45. If 46 is put to vote we shall oppose it, because we have included 46 into 45.

Mr. Speaker: I accept Mr. Subodh Banerjee's point of order. There is no provision for clause 46. I have got to put clause 46 to vote.

Sj. Jyoti Basu: What about the heading of the chapter?

Mr. Speaker: The original heading remains.

Dr. Srikumar Banrjee: We place on record our disapproval of the manner in which amendments are being moved.

Clause 43B.

The question that clause 43B (numbered 43B in the motion of Sj. Debendra Chandra Dey—amendment No. 326AA), viz.,—

"When the Chapter come into force."

43B. The provisions of this Chapter shall come into force on such date as the State Government, may, by notification in the *Official Gazette*, appoint."

do stand part of the Bill was then put and agreed to.

Clause 44.

Mr. Speaker: The question before the House is the amendment No. 326AAA, clause 44, as moved by Sj. Debendra Chandra Dey.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The position with regard to this particular chapter has been giving us a great deal of trouble as I indicated in the opening speech of mine. We did not want that the *jotedars* who are called *raiyats* under the Bengal Tenancy Act should have a particular piece of land above a ceiling. In the Select Committee we accepted the principle that a *raiyat* should have—who is owning and cultivating his land either by himself, or by his relations or his family or by hired labour—100 *bighas*. But there are many *jotedars*, I understand, who

have got much more than 100 *bighas*. As I pointed out in the beginning under the Bengal Tenancy Act it is laid down that if a *raiyat* has more than 100 *bighas* of land he should be regarded or presumed to be a tenure-holder until the contrary is proved. But that itself does not give us the strength to acquire such land under the provisions of 31A. Therefore, we wanted to put it in a form which may be acceptable and by which we can approach the Central Government, if necessary, to alter and consider these to be—the particular type of people that we are concerned with in the amendment of Sj. Debendra Chandra Dey—intermediaries for the purpose of the application of sections 15 and 16 and so on—all the other sections of this Act. There is a difference. The Select Committee took the view that we should take the interests of the *raiyats* and under-*raiyats* under the Land Acquisition Act. Everybody here agrees that taking land from the *raiyats* and under-*raiyats* under the terms of the Land Acquisition Act of 1894, would mean a great drain upon the finances of the Province. We wanted to find out a *via media* and therefore we have proceeded in a different way. We have said that if a person who holds land "which they cultivate by *bargadars* as defined in the West Bengal *Bargadars* Act, 1950, or which they do not cultivate themselves or by members of their families, or by servants or labourers"—that is to say, if he is not a bona fide *raiyat*—and "persons who have sublet their holdings—that is to say, who have got under-*raiyats*—in that case—we say that "so much of the *khas* lands of such persons referred to above which on the date of vesting they cultivate by *bargadars*"—that is to say, who did not cultivate themselves—or "by members of their families"—we have made the recital that "the rent-receiving interests referred to in sub-section (*2*) of section 44 shall vest in the State." In the Explanation we say; "Rent-receiving interests in clause (*2*) means the interest of the person in a holding to the extent he has sublet it" and "(2) Notwithstanding anything contained in sub-section (*1*),—and this is a very important clause—because I understand that while we are all anxious to see that a *jotedar* who has got a large area of land should give up his land beyond certain limits—100 *bighas*—we also did not want to touch the peasants who may arrange to cultivate up to a certain limit. Therefore we say that "a person whose land vests in the State under that sub-section shall be entitled to retain *khas* lands not exceeding 33 acres in the aggregate, as a tenant of the State Government on the same terms and conditions as he was holding such land immediately before the date of vesting". We have not altered the principle which was accepted by the Select Committee, viz., that while we will give to the *raiyats* 33 acres of land to cultivate for themselves, we will not allow the *jotedars* above 100 *bighas* to retain that land. The question is how to put it into effect. One way of doing it was what are provided for by the Select Committee—viz., to take it through the operation of the Land Acquisition Act of 1894 and pay a high figure for taking such land. The other method is what we have suggested, viz., take advantage of the indication given in the Bengal Tenancy Act—if a man possesses more than 100 *bighas* of land he will be deemed to be an intermediary.

[7—7-10 p.m.]

We think that while giving everybody who has got 100 *bighas* which he is cultivating and not interfering with it, anything possessed by anybody above 100 *bighas* which he is not cultivating himself or through his relations and so on, will have to vest in the State. This is a new feature, this is a new principle which has been accepted by the Select Committee and put in the Bill. The only place where we have not agreed upon is to accept the responsibility of paying such

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

people under the provisions of the Land Acquisition Act. In the amendment as moved by Sj. Deben Dey we have indicated how the money is to be paid and under what section. You will recall that Chapters II to V of this Bill refer to the method of compensation. You have already accepted the principles under which compensation is payable to an intermediary. We start by saying that we will assume that these *raiyats* whom we call *jotedars* will be intermediaries to the extent that they are not cultivating themselves. That is why the definition has been given in the beginning that they are cultivating by *bargadars* and not by themselves. Therefore, we assume them to be intermediaries. Having assumed them to be intermediaries we put them under the operation of the same clause which operates against every other intermediary whom we are going to dispossess and whose land vests in Government. The reason why section 46 was omitted is because the method of compensation mentioned there has been included in new section 45. There is no definite purpose in leaving section 46 as it is. And if you, Sir, put that to the vote, I shall have to vote against it because we have assumed that these *jotedars* will be regarded under the provisions of this altered Chapter as intermediaries and their amount of money would be not under the Land Acquisition Act but under the provisions of the Chapter which we are providing. Therefore, Sir, I think that my friends who criticise and say that there is something very new, very abnormal, will kindly look through the amendments of Sj. Deben Dey, and if you want to have lands from *jotedars* for redistribution, this probably one of the best solutions that we can put, except the question of paying them under the Land Acquisition Act. Sir, we from the Congress Party are going to put a non-official resolution in the Assembly in which we will ask the Assembly to ask the Government of India to help us in the matter of this Bill, if necessary, by a change in the Constitution. You will remember, Sir, that in the case of some other provinces a similar situation arose and the Constitution was amended to a certain extent making those laws passed by them to be valid. If this proposition is accepted by the House, we can then go up to the Government of India backed up by the resolution of this House—which I hope will be passed unanimously—to see that, while the *jotedars* will be affected, we do not pay them more than what we should pay under the provisions of this Bill, and secondly that we do not allow the real *raiyats* to be ousted from an area less than 33 acres, that is 100 *bighas*. This is the reason why the whole thing has been recast in order to give proper effect to the fundamentals which we had accepted in the Select Committee and which we are putting in Chapter VI at the present moment.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I want to speak on the whole amendment of Sj. Debendra Chandra Dey No. 326A(*a*) which seeks to supplant the original Chapter VI. I am opposing the whole amendment, the entire amendment. My submission is, Sir, that this is a disastrous amendment and the other side, the Government side, have sprung a surprise upon us by moving this amendment. Sir, we are surprised to think as to what things are coming to in the matter of the piloting of this difficult Bill. The Government do not seem to be sure of their own mind, they have no fixed policy and they have no set idea about what to do and how to do. Well, Sir, if we have understood our Chief Minister aright, by this Bill he wants to bring to the possession of Government surplus lands from zemindars, intermediaries as also *raiyats* and under-*raiyats* alike and it was in this conception that this Bill was originally drafted. This Bill, as you know Sir, went to the Select Committee. There was protracted consideration and deliberation about this Bill and it took

a shape after the deliberations of the Select Committee and in that shape it was presented to the Assembly. But, Sir, after that, every day, almost every moment we are being flooded with amendments after amendments from the Government side and it is very difficult for us to understand why so many amendments are being placed and pressed, and I must submit that even contradictory amendments are being submitted for the consideration of the House. As you know, Sir, the original section 44 had a clear conception. It wanted to take all surplus lands in the possession of the *raiyats* and under-*raiyats* so that these lands might be distributed amongst the needy and desirable peasants and it is the admitted case of the Government that the bulk of the surplus land is in the possession of such tenants and under-tenants. Therefore, this Bill would have no meaning if we let go for the present these possessors of the bulk of the surplus land, I mean the *raiyats* and under-*raiyats*. Under section 44, as amended by the Select Committee, it was stated that when and if the Government so desired, the Government would be in a position to take the surplus lands,—by surplus land they meant the lands over and above the maximum standard proposed, i.e., 33 acres—through the aid of the Land Acquisition Act and by taking those lands they would be in a position properly to distribute those lands amongst the needy and really desirable peasants. But that is gone. The Land Acquisition Act has gone. Of course, as the Chief Minister made it clear to us that there was some difficulty in the matter of taking over the lands from the possession of the *raiyats* and under-*raiyats* on payment of what the Government consider equitable value or equitable compensation, because they say the Constitution stands in the way, and the Chief Minister gave us to understand that a resolution would be moved from the Congress side, a non-official resolution, to urge upon the Central Government to make proper amendment of the relevant section or relevant provision of the Constitution which now stands in the way of the present Government in the matter of taking over all the surplus lands from the *raiyats* and under-*raiyats* without paying them the full value of those lands,—the full market price of the lands which they must get if we are to proceed under the Land Acquisition Act, and as a matter of fact, a non-official resolution to that effect has been circulated this day to us. But why should it be that all on a sudden the Government would change their front and would give a complete go-by to the Land Acquisition Act and everything like it and make a provision like this? If I have understood aright, so far as this provision is concerned no surplus lands from the possession of *raiyats* and under-*raiyats* can be taken over by the Government except those which would be in the possession of the scapegoats who would, for the time being, get their lands cultivated through the aid of *bargadars*.

[7-10—7-20 p.m.]

If I am clear, if I have read aright, through and through—(THE HON'BLE DR. BIDHAN CHANDRA ROY: I never used the word scapegoat.) Certainly there is discrimination. Why should it be? Are they all criminals? Would they be committing any crime if, instead of their lands being cultivated by the members of their family or by hired labourers or by servants., they get their lands cultivated through the aid of *bargadars*? It is for this reason that they are called "scapegoats". There is discrimination in the matter of treatment of different classes of land-owners who go by the name of *raiyats* and under-*raiyats*. Therefore, Sir, as I was putting it, if I have read it aright, so far as the provisions of this amended clauses are concerned Government would not be in a position to take any land from any *raiyat* or under-*raiyat* provided he, for the time being, cultivates that land not through *bargadars* but by any other

[Sj. Tarapada Bandopadhyay.]

means. If I have understood aright, this is the import of the provision. Why should it be like that? Then, for the time being, the question of taking over the bulk of the surplus land is shelved, for the time being the question of redistribution of this land is shelved—we do not know for what length of time we would have to wait for this—which, I would submit, is the ostensible, the avowed purpose, the avowed policy of the Government, as it was enunciated from time to time by the Chief Minister in the course of the passage of this Bill.

Now, Sir, I would again say that the Government by a stroke of the pen cannot change the position of a *raiyat* into that of an intermediary. Of course, I beg to submit, it would be nothing but a fraud on the Constitution. The Government in one breath are saying that they cannot take surplus land of *raiyats* and under-*raiyats* unless under the provisions of the Land Acquisition Act, but what they cannot directly do, they are going to do that by changing the name of *raiyat* or under-*raiyat* in some particular case into the name of interemdiary. This reminds me of the story of the Brahmin who exasperated in not being able to get hold of a goat for the purpose of immolation before Goddess Kali gets hold of a dog and he christens it, he gives it the name of, goat and he immolates it. This cannot be done. It is a fraud upon the Constitution and if this goes to the Supreme Court it will be thrown out as a scrap of paper. (THE HON'BLE DR. BIDHAN CHANDRA ROY: How much land have you got?) (Laughter.)

Then, Sir, Dr. Roy is certainly very anxious about the solution of the unemployment problem among the middle-class people, but as we all know, this middle-class people are possessed of certain land, say, 15 *bighas* or 16 *bighas* of land per family. Although they possess this land and although most of them get this land cultivated through the aid of *bargadars*, still they suffer from the pinch of unemployment, still they cannot make their both ends meet, but Dr. Roy is going to snatch away this land also from the possession of this middle-class people because, Sir, they have no other alternative but to get it cultivated through the aid of the *bargadars* because it is very difficult to have the whole paraphernalia of bullocks, cattle, and so on and so forth to get 15 or 20 *bighas* of land cultivated. Therefore by one stroke of the pen the middle-class people are going to be exterminated. Sir, I would submit to the House that in the heat and storm of the present debate, in our over-zealousness to do some good, real or fancied, to the *kisans*, we should not forget these unfortunate middle-class people, we should not make a short shift of them and we should not help in their extermination. Therefore, this is a dangerous doctrine that a man who gets his land cultivated through the aid of *bargadars*, that land would at once be confiscated to the State. This should not be the case. Sir, it is in this perspective, in this context that I was saying that these poor persons, *raiyats* and under-*raiyats* who would for the time being have no other alternative but to get their lands cultivated through the aid of *bargadars* should not be dispossessed of their lands. Of course, the framers of this hurried amendment have in their mind that even though lands which are being cultivated through the aid of *bargadars* are taken over by the State, perhaps a particular *raiyat* may be in a position to keep for himself 33 acres of such land. That cannot be done, I would beg to submit, because of this law. The law has not been framed in that light. The law as it has been framed clearly says...

(At this stage the red light was lit.)

One or two minutes, Sir. You are going to kindle the red *bati* so far as middle-class people are concerned. (Laughter.)

The proper interpretation of this law would be that if a particular

raiyat or under-*raiyat* gets all his land cultivated through the aid of *bargadars*, all his land will go to the Government and in that case he would have no land, not even one acre, to keep in his possession, but if he cultivates some of his land through the *bargadars* and the rest of his land by other means, namely, by the members of his family, then and then only he can keep for himself or retain 33 acres of land. If really the intention of those who helped Dr. Roy in framing the amendment is that even the lands which would vest under this section in the Government, 33 acres of land from that land would be available to the *raiyat* or under-*raiyat* for his retention, then I must say these advisers have misled Dr. Roy.

Therefore, Sir, I should say, from all points of view this is a most unhappy amendment that has ever been moved by Dr. Roy in the *benami* of Sj. Deben Dey. Therefore I must oppose it lock, stock and barrel.

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, I can understand the objection of my friends about having this amendment at a late hour, but there can be no doubt that the amendment embodies certain progressive ideas which we have accepted. It has been said that in the Select Committee the idea was different. That is not so. The idea has all along been that the tillers of the soil must be given the land. The idea has always been that lands cultivated by *bargadars* are not beneficial to the community because the *bargadars* do not think that the land is their own land and do not pay as much attention to the cultivation of *barga* lands as they do with regard to *jote* lands. Sir, may I with your permission just give one example. Recently we had been to the *boro* paddy land area with some of the officials. A *bargadar* had cultivated a plot of land. When I asked him, "Can't you put a little more manure and get better result", he at once said "This is my *barga* land. All the manure that I have I put in my *jote* land. I cannot do it because it is a *barga* land under Rajen Bakshi whom you all know—therefore I cannot do it." So, the whole idea behind land reforms is that the tiller must know that it is his own land, then he will improve it;

[7-20—7-30 p.m.]

And here also we want to give to *bargadars* a right to the land which they till instead of making them parasites. This has been the accepted principle in the Economic Committee Report, the Agrarian Reforms Committee Report and the Planning Commission Report, and it is too late in the day to say that if the system of *bargadars* is abolished Dr. Roy will be doing a great injustice. Moreover, Sir, ideas must change. The complaint of snatching away land must cease for all time to come. Land should be regarded as belonging to the community. He who holds land more than what he requires or more than what he can intensively cultivate is bound in the interest of the community to part with it, so that those who have lesser land may do intensive cultivation and benefit the community by growing more. May I ask those friends who think that Government by this measure is snatching away land to change their view points about property and for all time to come to realise that all lands and properties are for the benefit of the community, and that those who hold them hold them in trust for the community; and then the complaint of snatching away or Dr. Roy taking away all land will disappear.

Sj. Jyotish Joardar:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে এমেণ্ডমেণ্ট আমাদের এখানে দেবেন বাবু এনেছেন এতে যে ধারাটা এসেছে তার সম্বন্ধে আমাদের এদিক থেকে যথেষ্ট আলোচনা হয়েছে; আমি সাধারণভাবে তাতে সায় দিচ্ছি। আমার বক্তব্য হচ্ছে এইভাবে "রাশ" করে একটার পর একটা "এমেণ্ডমেণ্ট" এনে গভর্ণমেণ্ট "সাইড" যে অস্থির বুদ্ধির পরিচয় দিচ্ছেন, তা না করে যদি ধীর স্থিরভাবে এগোতেন তাহলে এ গুরুত্বপূর্ণ "বিল"টির প্রতি সদ্বিচার হতে পারতো। কথায় যে বলে "হেষ্ট ইজ ওয়েষ্ট" সেটা বিবেচনা করে ওদের চলা উচিত ছিল। এখানে

[Sj. Jyotish Joardar.]

"কাণ্ডামেণ্টাল প্রিন্সিপলসের" আলোচনা হচ্ছে, এর যা "কন্সিকোয়েন্স"—ভাল মন্দ সব কিছুর জন্যই দেশের সামনে জবাবদিহি তাদের করতে হবে। একটা বিষয় প্রতিপদেই দেখা যাচ্ছে, যে বিলটাকে ঠিকমতন খাড়া করা যাচ্ছে না, "এমেণ্ডমেণ্টের" পর "এমেণ্ডমেণ্ট" সরকার পক্ষ থেকে এমনভাবে আসছে, যাতে করে দেখা গেছে দু'এক জায়গায় স্ববিরোধী অনুচ্ছেদ প্রবেশ পথ পেয়েছে, সেই জন্য আবার সরকার পক্ষ থেকে তাড়াতাড়ি করে একবার বলতে "নট মুভড"। তারপরেই আবার সেটা "মুভ" করতে হয়েছে এবং সেটা কখনও হয়েছে যা "এ্যাকসেপ্টেড" হবে কিনা তার "এক্সপ্লানেসন" দিতে আরম্ভ করেছেন সংশোধন প্রস্তাব আনুষ্ঠানিকভাবে উত্থাপন না করেই। সেই জন্য আমি বলেছি "রাশ" করে যে ওঁরা "এমেণ্ডমেণ্ট" আনছেন এতে শুধু অন্ধ একগুয়েমিরই প্রমাণ হচ্ছে।

আমরা প্রথম থেকেই বলেছি এই বিলটা যেভাবে "সিলেক্ট কমিটির" কাছে দেয়া হয়েছিল তার চেয়ে ভালভাবে "কমিটি অব দি হোল হাউসে" ওটাকে রচনা করতে পারা যেত। সেটা বিবেচনা করা হয় নাই; ফলে অনর্থক সময় নষ্ট যা হবার হয়েছে, এখন আর তাড়াতাড়ি করা উচিত হবে না, করতে গেলে আরো বেশী ক্ষতি হবে।

এখন "এমেণ্ডমেণ্ট" সম্বন্ধে আর একটু আলোচনা করব, খাস জমি ধারণের উর্দ্ধ সীমার ব্যাপারে ৩৩ একর জমির কথা উঠেছে। সেই ৩৩ একর জমি কাদের হাতে রাখা হবে। আমি বলব সত্য সত্যই যারা চাষ করে না, ফসল উৎপাদন করে না তাদের হাতে জমি আমরা রাখব না। এখানে কিন্তু "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ডের" কথা হচ্ছে না। এখানে কৃষিজমির কথাই হচ্ছে, কৃষাণ যে জমিতে চাষ করে ফসল ফলায় তার কথা হচ্ছে। আমরা পূর্বে "কুজ সিজের" বেলায় বলেছি ২৫ একরের বেশী কাউকে "ল্যাণ্ড" দেবো না। এই যদি পুরণো "ইণ্টারমিডিয়ারী" সম্বন্ধে হয়ে থাকে তাহলে নতুন ইণ্টারমিডিয়ারীদের বেলায় ২৫ একরের বেশী জমি, ৩৩ একর কেন দেয়া হচ্ছে। ঐ ২৫ একর দিতেই আমরা রাজী নই, কারণ আমাদের জমিতে যদি ফসল করতে হয় তাহলে ফসল যারা ফলাবে সেইদিকে আমাদের লক্ষ্য করা দরকার। যেখানে জমি "ওরেষ্ট" হবার আশঙ্কা আছে সেখানে আবার ৩৩ একর এসে পড়ছে, আমাদের কথায় সরকার পক্ষ কর্ণপাত করেন না। এখানে আবার মনে কতকগুলি কথা এসে পড়ছে, সমস্ত বিলটাকে "সেভ" করবার জন্য এখানে আবার "ইণ্টারমিডিয়ারি" নতুন করে সৃষ্টি করা হচ্ছে। এটা কি "আনকনষ্টিটিউসনাল" করা হচ্ছে না। ডাঃ রায়ের মতে বিনা খেসারতে জমিদারী দখল সংবিধানবিরোধী বলে অসম্ভব হ'ল। এখন যদি সংবিধানবিরোধী ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সরকার পক্ষ থেকেই এল, তখন জমি দখলী আইনের মধ্যে জমি বিতরণের আইন জুড়ে দিলে তবেই তো বিলটা পূর্ণাঙ্গরূপ ধারণ করতে পারতো। এবং সেটা একটা "রেভলুশনারী" জিনিষ হত, এবং দেশের "ইকনমিক প্রোব্লেমের"ও ভালো "সলিউশন" হত, এবং প্রকৃতই উন্নতির দিকে আমরা অগ্রসর হতে পারতাম। সে জায়গায় "হেষ্ট" করে সব নষ্ট করা হচ্ছে।

আর একটা কথা আছে, সরকার পক্ষ "এক্সপিডিয়েণ্ট" মনে করলে খাসের জমিতে হাত দেবেন না। কোন কোন জায়গায় আছে "মে" এমন কি একটা "কমপালসরি লাইন" এ গভর্ণমেণ্ট চিন্তা করছেন না। আমরা দেখছি, এবারকার বিলে ডাঃ রায় যা প্রমাণ করলেন তাতে তাঁর এত যে বুদ্ধি সে সমস্ত বুদ্ধির অপচয় করলেন—কেমন একটা "মিষ্টিফিকেসন"। যখনই কোন কাজের কথা ওঠে তখনই দেখছি তাঁর কাজ হচ্ছে "মিষ্টিফাই" করে যাওয়া, "ভেগ" করে যাওয়া। তাই আমার বলতে ইচ্ছা হচ্ছে ওঁকে "ডক্টর অফ মেডিসিন" না বলে "Roy দি মিষ্টিক" বল্লেই ভাল হতো। "মিষ্টিফাই" করে সমস্ত জিনিষ "মুন্ডড" করা গুলিয়ে দেয়া এইটেই তিনি করছেন। যেখানে তাই কিছু নাই সেখানে সব আছে। "জমিনদারী এ্যাবলিউজিসন"এর ব্যাপারে আমরা যা চেয়েছিলাম সেটা না করে অর্থাৎ দেশের জমিতে যাতে ফসল প্রচুর পরিমানে উৎপন্ন হয়ে যথার্থ চাষীর ও দেশের স্বার্থ উদ্ধার হতে পারে, এবং যারা উৎখাৎ হয়ে যাবেন তাদের যাতে "ইণ্ডাষ্ট্রী"র মধ্যে ঢুকিয়ে দিতে পারা যায় সেইভাবে সমাজবাদের দৃষ্টিভঙ্গি নিয়ে এটাকে যারা করতে পারে, দেশের সামনে, দুনিয়ার সামনে, সেই আশাই আমরা করেছিলাম; কিন্তু এ বিল যেভাবে এসেছে তাতে গোড়া থেকেই একে খারাপ করা হয়েছে। সব কিছুই খামখেয়ালী মতন করা হচ্ছে, কার জমিতে হাত দেয়া হবে, বা কারটায় দেয়া হবে না সে সব কিছুই ঠিক নাই, সমস্ত জিনিষই একটা "ভেগনেস" এনে বিলটাকে নষ্ট করা হচ্ছে, সেই জন্য আমি এর "অপোজ" করছি।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, নূতন কোরে যে "কুজ" বুসান হয়েছে তার ফলে হয়েছে এই যে শিব গড়তে বাঁদর হয়েছে। দেখতে পাবেন এর মধ্যে যত গলদ দেখান হয়েছিল প্রথমে যে বর্গাদারদের রক্ষা করবার ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু এতে ত বর্গাদারেরা রক্ষিত হচ্ছে না; যাদের কাছ থেকে জমিদারী নেওয়া হচ্ছে তারাই বরঞ্চ পাবে। যদি দেখতাম বর্গাদারেরা

"পারমানেণ্ট রাইট্" আছে তাহলে বুঝতাম আন্তরিকতা আছে, বর্গাদারদের সম্বন্ধে। তাও হয় নি। বরং যে সমস্ত লোক বর্গাদারদের দ্বারা চাষ করিয়ে সংসার চালাত, এই "কুজে"র দ্বারা আজকে তারা বর্গাদারদের না দিয়ে নিজেরা চাষ করবে; এর ফলে বর্গাদারেরা বঞ্চিত হবে। তাছাড়া যেসমস্ত লোকের হয় ত ১০/০ বিঘা জমি আছে তাদের পক্ষে ১০/০ বিঘা জমি চাষ করা সম্ভব নয়, সেই সমস্ত লোক চাষ করতে বাধ্য হবে। তাহলে বর্গাদারেরা বেকার হবে, আর বর্গাদারেরা যে জমি চাষ করত সে সমস্ত চলে গেলে নিম্নমধ্যবিত্তের অবস্থা কি হবে?

[7-30—7-40 p.m.]

তাছাড়া যে সমস্ত লোকের মাত্র ১০/০ বিঘা জমি আছে, যারা বর্গাদার দিয়ে চাষ করেন, সেই সমস্ত লোক হয়ত বাধ্য হবেন তারা চাষ করতে নিজে, তারপর বর্গাদাররা বেকার হয়ে যাবেন, এবং তা ছাড়া যারা বর্গাদারদের দিয়ে চাষ করছেন তাদের যদি সমস্ত জমি চলে যায় তাহলে নিম্নমধ্যবিত্তদের সম্বন্ধেই বা কি ব্যবস্থা হবে? যদিও "কুজ (২)"তে "নটউইথষ্টাণ্ডিং" বলে আরম্ভ করেছেন বটে, কিন্তু "কুজ"এ এমন কোথাও নাই ৯৯/০বিঘা কম যাদের জমি তাদের সম্বন্ধে কি ব্যবস্থা হবে। ৯৯/০ বিঘা জমি আমাদের দেশের খুব কম লোকেরই আছে। তাদের যদি যায় কারও কিছু বলবার নেই, কিন্তু যাদের সামান্য মাত্র জমি আছে এবং সেই জমি তারা যদি বর্গাদার প্রথায় চাষ করায়। সুতরাং এই "কুজ"এর ফলেতে যদি তাদের সমস্ত জমি চলে যায় তাহলে তাদের কি অবস্থা হবে সেটা আমাদের মুখ্য মন্ত্রী মহাশয় পরিষ্কার করে বলবেন এই আমি আশা করতে পারি। তাছাড়া যদি "কম্পেনসেসন"ই দেবার ব্যবস্থা করা হয়, কারণ "ল্যাণ্ড এ্যাকুইজিসন এ্যাক্ট" অনুসারে "কম্পেনসেসন"এর মাত্রা খুব বেশী, এটা ঠিক, এবং সেই আইনকে এড়াবার জন্য, রাষ্ট্রে টাকা বাড়াবার যদি প্রয়োজন হয়, এই আইনের দ্বারা তাতে আমাদের কিছু বলবার নেই। কিন্তু বস্তুত যে নূতন ধারা করা হয়েছে এতে 'সাপও মরবে না, শিবই ভেঙ্গে যাবে, ঠিক এই অবস্থাই দেখা দিয়েছে। এখন তারাপদ বাবু জিজ্ঞাসা করলেন, অবশ্য বিদ্রূপ করেই, "আপনার কত জমি আছে"? জমি আমার বিশেষ নেই যা আছে তা যদি যায় কিছু আপত্তি নেই। জমি যায় যাবে কিছু আসে যায় না, কিন্তু আমাদের মুখ্য মন্ত্রী মহাশয়ও বলেছিলেন

(THE HON'BLE DR. B. C. ROY: আপনাকে আমি জিজ্ঞাসা করি নাই।) হ্যাঁ "কিন্তু আমি সেই কথা বলতে চাই একটা গল্প আছে "উড়ো খই, গোবিন্দায় নমঃ, আর যায় শঙ্ক পরে পরে"। কলকাতার সহর আর কলকাতার গাড়ী, বাড়ী,

Bank balance, share capital

ইত্যাদি বজায় রেখে এই সমস্ত ধনিকদের বাঁচিয়ে পল্লীগ্রামের নিম্নমধ্যবিত্ত শ্রেণীকে ধ্বংস করবার সরকারের কি অধিকার থাকতে পারে?

দ্বিতীয়তঃ আমি বলি মাননীয় গুপ্ত মহাশয় যে বললেন যে জাতিকে জমি দেওয়া সম্বন্ধে সুযোগ সুবিধা দিতে হবে, খুব সোজা কথা "আপনি আচরি ধর্ম জীবেরে শিখায়," নিজের গায় যদি লাগত তাহলে বুঝতেন। ("ল্যাফটার এণ্ড নয়েজ"।) কিন্তু চিন্তা করে দেখবেন যে বিধির বিধান বরং লংঘন করা সম্ভব, কিন্তু আজ বাংলা দেশে ডাঃ বিধান চন্দ্রের এই রকম বিধিতে লক্ষলক্ষ লোক নিরন্ন হয়ে যাবে এবং তাদের সম্মুখে একদিন এই কংগ্রেস সরকারকে হটতে হবে। এ বিষয় আপনারা একটু চিন্তা করে দেখবেন। বলা খুব সোজা কথা, এই ৯৯/০ বিঘা জমি কটা লোকের রয়েছে? সুতরাং এই আইনের ভিতর দিয়ে, খুব চিন্তা করে দেখবেন যে সামান্য মাত্র জমি ভাগ চাষে দেবে, তা যদি চলে যায় তাহলে তার সমস্ত সংসার উচ্ছন্ন হয়ে যাবে। মাননীয় স্পীকার মহাশয়, এখানে একটা গল্প মনে পড়ল, এটা বললেই আমার বক্তব্য শেষ হয়ে যাবে। আমি আশা করি কংগ্রেসপক্ষের সভ্যরা একটু অনুধাবন করে দেখবেন। "দুই বান্ধবী—পুরান বান্ধবী, বছর দশেক পরে পুকুর ঘাটে দেখা হয়েছে। সেখানে তাদের মধ্যে গল্প আরম্ভ হয়ে গেল। একজন জিজ্ঞাসা করলো, 'ভাই কি রকম খবর'? সে বললে, 'ভাই, আর বলিস্‌নে, আমার সব মারা গেছে,' বলে কাঁদতে আরম্ভ করলো। 'আমার ছেলে মারা গেছে, আমার স্বামী মারা গেছে, বাবা মারা গেছে, সবই মারা গেছে'। খণ্টা খানেক ধরে তার ফিরিস্তি দেবারপর, সে জিজ্ঞাসা করলো 'ভাই তোমার খবর কি'? সে বললে, 'ভাই, আমারও মরেছে তবে পরে পরে'। সে জিজ্ঞাসা করলো, 'পরে পরে মানে কি'? তখন অপর বান্ধবী বলতে লাগলো ছেলেটির বিয়ে দিয়েছিলাম, বৌটি মারা গেছে। আর কন্যাটির বিয়ে দিয়ে ছিলাম, জামাইটি মারা গিয়েছে' (হাস্য রোল।) 'এ সবই পরে পরে হয়েছে' ঠিক তেমনি এখানেও হয়েছে—কলকাতায় যে সমস্ত লোক বাস করেন, যাদের পল্লীগ্রাম সম্বন্ধে কোন জ্ঞান নাই তারা নিজেদের স্বার্থটাকে পরিপূর্ণরূপে বজায় রেখে পল্লীগ্রামের চাষী ও নিম্নমধ্যবিত্ত এবং

[Sj. Rakhahari Chatterjee.]

তথাকথিত ভদ্রলোকদের ধ্বংস করবার জন্য এই বিলটি করা হয়েছে। আমার পুনঃ পুনঃ অনুরোধ মুখ্য মন্ত্রী মহাশয় যদ যদ "এ্যামেণ্ডমেণ্ট" দিয়েছেন; কিন্তু যারা নিযুদ্ধ্যবিত্ত যাতে তাদের জমি ভাগচাষ দিলে জমি চলে না যায়, তার ব্যবস্থা করুন। নচেৎ অনেক বিধবা ও ছোট ছোট নাবালক রয়েছে এই সমস্ত মাইনর তাদের সর্বনাশ হয়ে যাবে। কারণ "নটউইথষ্টাণ্ডিং"এর দ্বারা এ জিনিষটা করা যায় না, তার উপর যে "কুজ" রয়েছে তাতে এই বলেছে সেই জমি যে বর্গাদারদের দ্বারা চাষ করাবে সে

will be treated as intermediary and his interest will be taken as such

সুতরাং এটা পরিষ্কার হলে পরে সত্যিকারের সকলের দিক হয়ত রক্ষা করা যায়। সেই চেষ্টাই করুন। তাহলেই মনে হয় ভাল কাজ করা হবে।

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহোদয়, এই বিলে তাড়াতাড়ি এই সমস্ত সংশোধনী আনার ফলে বাস্তবিক তাতে এত বেশী "লুপ-হোল" আছে যে, তা প্রথমেই সকলের দৃষ্টি আকর্ষণ ক'রছে। যদি কোন রায়তী জোতদারের পাঁচশো বিঘা জমি থাকে ও ট্রাক্টর দ্বারা চাষ করে তাকে ধরবার কোন ব্যবস্থা এখানে নাই। কিন্তু একজন "উইডো", কিংবা একজন "মাইনর" সে যদি বর্গাদার দ্বারা চাষ করে, তাহলে তার জমি নিয়ে নেওয়া হবে। আমার কথা হচ্ছে আজ একই রকমের ব্যবস্থা সকলের জন্য করুন। যে ট্রাক্টর দ্বারা চাষ চালায় তার জমি নেওয়া হবে না। সুন্দরবন অঞ্চলের বহু ধনী জোতদার আজ তাদের জমি যাতে এই বিলের আওতায় না পড়ে তার জন্য ট্রাক্টর দ্বারা চাষ আরম্ভ করেছে। তাদের বেলায় "এক্সেপসন" করা হ'ল, যা করা উচিত নয়, কিন্তু যারা "মাইনর", "উইডো" তাদের জন্য কোন ব্যবস্থা এখানে করা হ'ল না। সেই জন্য বলেছিলাম এখানে "ইণ্টারমিডিয়ারী"র নূতন ব্যাখ্যা করে দিলেন

for the purpose of this chapter

আইনের দিক থেকে এটা হওয়া উচিত নয়। আপনি যে "ক্লিং" দিয়েছেন তা অবশ্য মেনে নিতে হবে। অন্যান্য "চ্যাপটার"এ যে সংজ্ঞা আছে এখানে "ইণ্টারমিডিয়ারী"র আর এক সংজ্ঞা জুড়ে দেওয়া হয়েছে। ডাঃ রায় বলছেন এই সকলকে "ইণ্টারমিডিয়ারী" করে দিয়ে জমি বেশী নেবার ব্যবস্থা করছেন। জমিদারকে ২০ একর "নন-এগ্রিকালচারাল", ও ২৫ একর "এগ্রিকালচারাল ল্যাণ্ড" তার সঙ্গে বাগান "অর্চার্ড, ফিসারী" পড়ে "মাইনস্" পড়ে, "মিনারেলস্" পড়ে

On aggregate 33 acres *khas* lands

সমস্তই দিয়ে দিলেন। আর বর্গাচাষের রায়তের কাছ থেকে সমস্ত জমি নিচ্ছেন। এই রকম "ডিষ্টিংসান" কেন করা হচ্ছে? আইন যা করছেন তাতে একটা "ষ্টাণ্ডার্ড" করা হোক্। জমির যেটা "ম্যাকসিমাম হোল্ডিং" করা হয়েছিল "সিলেক্ট কমিটি"তে সেটা রাখা হোক। "ট্রাক্টর" দ্বারা চাষ করলেও তার "ম্যাকসিমাম হোল্ডিং" ছিল "৩৩ একরস্"। বর্গাদার আইনে "সেকসন" ৫ অনুযায়ী লোকে ইচ্ছা করলে খাস চাষের জন্য "বোনাফাইড" জোতদার বর্গাদার ছাড়িয়ে দেবে। আবার এক বন্ধুবর বলেছেন, বর্গাদারকে তো জমি দেবার কোন ব্যবস্থা এখানে করলেন না। বরং বর্গাদারদের কাছ থেকে তো জমি ছাড়িয়ে নেবার ব্যবস্থা করছেন। এর দ্বারা "ষ্টেট" সব জমি খাস করে দিচ্ছেন। জমিদারদের করছেন সুয়োরাণী, আর জোতদার হ'ল দুয়োরাণী। বর্গাদাদের "প্রোটেকসন" দেবার কোন "স্কীম" এখানে দেখতে পাচ্ছি না। আমাদের অভিযোগ হচ্ছে বর্গাদার আইন সুন্দরবন অঞ্চলে অচল হয়ে গেছে। তাদের রক্ষা করবেন কি করে? জে, সি, গুপ্ত মহাশয় ভাল কথা বললেন আমি স্বীকার করি। আমরা বলছি "টিলারস অফ দি সয়েল" যারা তাদেরই জমি পাওয়া উচিত। কিন্তু "মিডল ক্লাস ইনটেলিজেনসিয়া"র "আন-এমপ্লয়মেণ্ট" দূর করবার ব্যবস্থাও মধ্যে মধ্যে করতে হবে। একটা চাকরী আপনারা তাদের দিতে পারেন না। "এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ"এ তাদের নাম লেখাবার ব্যবস্থা আছে বটে, কিন্তু তারা নাম লিখে নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে ঘুরে বেড়ায়। এই "মিডল ক্লাস"দের জন্য একটু চিন্তা করুন। আমি বলছি না "ম্যাকসিমাম হোল্ডিং" যা ছিল, সেটা ভাল ছিল। কিন্তু এখানে যেটা করেছেন সেটা খুব অন্যায় হচ্ছে, তার মধ্যে বহু "লুপহোল" থেকে যাচ্ছে। সে জন্য "অন প্রিন্সিপল" এ জিনিষ মেনে নিলেও "ম্যামেণ্ডমেণ্ট"টা "অপোজ" করছি।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই "কুজ ৪৪এ"তে দেখাতে চাচ্ছি যে "১এ"তে খাস "ল্যাণ্ড" যেটা "কালটিভেটেড বাই বর্গাদারস"—নিজের দ্বারা নিজের "ফ্যামিলি মেম্বারস্" বা "সার্ভ্যাণ্টস্" দ্বারা "কালটিভেটেড" নয়, সেটা "ভেষ্ট" করবে "ষ্টেট"কে এইরূপে "রেণ্ট-রিসিভিং ইণ্টারেষ্টস অফ পার্শবল" তাও "ভেষ্ট" করবে "ষ্টেটে"। আর "৪৪এ(২)"তে

বলা হচ্ছে,

"notwithstanding anything contained in sub-section (*1*) a person whose lands vest in the State under that sub-section, shall be entitled to retain *khas* lands not exceeding 33 acres."

এই "চ্যাপটার" অনুযায়ী এখন যখন কোন ব্যক্তি "ইণ্টারমিডিয়ারী" এই জন্য যে তার কিছু জমি তিনি বর্গাদার দিয়ে চাষ করেন বা "সাব-লেট" করেন। তাঁর নিজের খাস "ল্যাণ্ড" যদি নিজে "কালটিভেট" করে থাকেন এমন "৪০ একরস" "ল্যাণ্ড" থাকে তাহলে "৩৩ একরস"এর বাইরে যে "৭ একরস" রইল, তার কি হবে, সেটা এই "চ্যাপটার"এ স্পষ্ট করে বলে দেওয়া উচিত। কিন্তু তা এখানে হচ্ছে না। শুধু বলা হচ্ছে "৩৩ একরস" এর বেশী রাখতে পারবে না। কিন্তু নিজ হাতে চাষ করা খাস জমি যদি তার চেয়েও বেশী থাকে তাহলে তার কি হবে, সেটা বলা হয়নি। সেই জন্য আমি এই কুজে যে একটা বড় "ডিফেক্ট" থেকে যাচ্ছে তার উল্লেখ করছি।

[7-40—7-50 p.m.]

আমার বক্তব্য হচ্ছে এই "কুজ"এ যে "কম্পেনসেসন"এর ব্যবস্থা হয়েছে তা অত্যন্ত "হেভি"। এইভাবে "হেভি কম্পেনসেসন" দিতে গেলে জমি "এ্যাকুইজিসন" করা কখনও সম্ভব হবে না। এবং এই যে "ইফ"টা গভর্ণমেণ্ট রেখেছেন এই "ইফ"টা রাখার ফলে "গভর্ণমেণ্ট"এর পক্ষে জমি "এ্যাকুইজিসন" কোনদিনই সম্ভব হবে না। বর্গাদারেরা যে সব সুযোগ সুবিধা ভোগ করে আসছিল তা থেকে তাদের বঞ্চিত করার ব্যবস্থা হবে। এবং যে সমস্ত অধিকার তারা "প্রিভিয়াসলি" পেয়ে আসছিল, এই "কুজ"এর "প্রভিসন" দ্বারা সে "রাইট" থেকে বর্গাদারেরা বঞ্চিত হবে। কাজেই এই যে "কুজ" এই "কুজ" সম্বন্ধে প্রতিবাদ জানাচ্ছি।

Sj. Bankim Mukherji:

মাননীয় স্পীকার স্যার, এটা অতি দুঃখের বিষয় যে আমি ওদিককার ("এ ভয়েস": কোন দিক কার) আমার বামদিককার বন্ধুদের সঙ্গে একমত হতে পারছি না। ("হিয়ার, হিয়ার") কারণ জমি সংগ্রহ বিষয়ে "এক্সট্রিম রাইটিষ্ট" অর্থাৎ কংগ্রেসের চেয়েও বেশী দক্ষিণপন্থী। বিশেষ করে আমার "ন্যাশানাল ডিক্রাটিক পার্টি"র বন্ধুরা জমি সংগ্রহ ব্যাপারে যে সব কথা বলেছেন তাতে দেখা যায়, তারা অত্যন্ত দক্ষিণপন্থী। বর্গাদারদের জমি জোতদারদের জমি "ষ্টেট এ্যাকোয়ার" করা উচিত এদিক থেকে আমাদের একটা বিশেষ দাবী ছিল এবং আমরা মনে করেছিলাম এই "ষ্টেট এ্যাকুইজিসন বিল"এ এটাই একটা মস্ত বড় ত্রুটি বা "ডিফেক্ট"—যে সেখানে যে কথা বলা হয়েছে যে মধ্যবিত্ত শ্রেণীর এরকমভাবে জোতদারদের জমি গ্রহণ করা হলে বাংলার পল্লীগ্রামের মধ্যবিত্ত শ্রেণীর ক্ষতি হবে। এই যে যুক্তি তোলা হয়েছে, এই যুক্তির অর্থনৈতিক বা সামাজিক দিক থেকে কোন মূল্য নাই। এই যুক্তি যদি কেউ উত্থাপন করেন আমি তাহলে বলবো ভুল। তবে "ইণ্টেলেকচুয়াল মিডল ক্লাস" নয়; কৃষক "মিডল ক্লাস"এর ভিত্তি হতে পারে জমি। কিন্তু যারা লেখাপড়া জানে এরকম "মিডল ক্লাস"এর সামাজিক ভিত্তি কোন কালেই জমি হতে পারে না। তাদের ভিত্তি হচ্ছে চিরকালই "ইণ্ডাষ্ট্রী এণ্ড ট্রেড" যে সমস্ত "প্রফেসন এণ্ড জব"এর উপর তাদের অন্ন নির্ভর করে সে হচ্ছে দেশের "ট্রেড" এবং "ইণ্ডাষ্ট্রী" বাংলা দেশ সব চেয়ে এই যে দুরবস্থায় পড়েছে তার কারণ হচ্ছে এই জোতদারী প্রথা। এর জন্য বাংলা দেশে শিল্প ও ব্যবসায়ে পশ্চাদপদ হয়ে রয়েছে এবং যার জন্য বাংলা দেশের "মিডল ক্লাস"এর কোন রকম অগ্রগমনের সম্ভাবনা দেখা যাচ্ছে না। ভারতবর্ষের সর্বত্রই "মিডল ক্লাস"এর এই দুরবস্থা কিন্তু তার মধ্যে বাংলা দেশের "মিডল" ক্লাসের অবস্থাই হচ্ছে সব চেয়ে চরম। কারণ বাংলা দেশের শিল্প ব্যবসায় দেশবাসীর হাতে নেই। যে "সেন্সাস রিপোর্ট" তৈরী হয়েছে তাতেই দেখা গিয়েছে যে বাংলা দেশের কোন সম্ভাবনা নেই যেহেতু এখানকার শিল্প ব্যবসা প্রধানতঃ সব চেয়ে বেশী বেশী ইংরেজের এবং যেটুকু আছে সেটুকু অবাঙ্গালীর হাতে। এর জন্য বাংলা দেশের "মিডল" ক্লাসের কোন সম্ভাবনা নাই। এই শিল্প বাণিজ্যে উন্নতি করবার সুযোগ সুবিধা প্রথমে বাংলা দেশই সর্বপ্রথম পায়, বহির্বাণিজ্যের সুযোগ প্রথম বাংলা দেশই পায়। প্রাচীনকালে এই বাংলা দেশ ছিল সমৃদ্ধ বহির্বাণিজ্যের ফলে। ইংরেজ আমলে যতটা সুযোগ সুবিধা আসে তাও প্রথম বাংলা দেশেই আসে। কিন্তু সঙ্গে সঙ্গে জমিদারী প্রথারূপ "ব্যারিয়ার" থাকার বলে ফলে যা কিছু "ক্যাপিটাল" ছিল তা জমিদারীতে আবদ্ধ হয়ে গেল, তার ফলে "ক্যাপিটাল সাই" হয়ে গেল, "লেবার" দুষ্প্রাপ্য হয়ে উঠল, নানা দিক থেকে আমাদের দেশ এভাবে পশ্চাদপদ হয়ে গেল—"ট্রেড" এবং "ইণ্ডাষ্ট্রী"র দিক থেকে। যদি অন্যান্য প্রদেশ বোম্বে, রাজপুতনার সঙ্গে "কম্পেয়ার" করি তাহলে দেখবো সেখানেও ঠিক এই অবস্থা। "কটন" এবং "জুট" যা আজ ভারতবর্ষে প্রতিষ্ঠালাভ করেছে—

[Sj. Bankim Mukherji.]

"লুট" যাতে বাংলার "ধনপলি" ছিল তাও বাঙ্গালীর হাতে পড়েনি, পড়তে পারেনি। যা কিছু "ক্যাপিটাল" ছিল বাংলার জমির উপর ঢেলেছে। আজ দিনের পর দিন জমির "প্রডাকসন—ইল্ড পার একর" কমে যাওয়ার ফলে, বাংলা আজ দুর্ভিক্ষের মুখে পতিত হয়েছে। এইভাবে বাংলার অগ্রগতি আটকে গেল, তাই বাংলা মধ্যবিত্ত শ্রেণীর আর কোন গতি নাই—কেবল মাত্র ২০।৫০ একর জমির উপর নির্ভরশীল। যদি একটু দূরদৃষ্টি রাখি, সামাজিক দৃষ্টিভঙ্গী রাখি, সমস্ত দেশের ভবিষ্যতের দিকে দৃষ্টি রাখি তাহলে, সমস্ত দেশ যার উপর নির্ভর করছে সেদিকে তাকাই তাহলে দেখবো বাংলার কোন ভবিষ্যত নাই। এথেকে আমাদের বুঝা উচিত যে বাংলার "মিডল ক্লাস" যদি জমির উপর নির্ভর এভাবে করে তাহলে বাংলা দেশের তথা সমস্ত ভারতবর্ষের উন্নতি ব্যাহত হবে। এই জমির সামান্য আয় থেকে কতটুকু উন্নতিই বা হতে পারে? সুতরাং "মিডল ক্লাস"এর একমাত্র "প্রফেসন" চাকরি বাকরি, তার যে আয় সেটাও দিনের পর দিন কমে আসছে। সুতরাং সামান্য দশ বিশ বিঘা জমির উপর নির্ভর ক'রে সমস্ত বাংলা দেশের ক্ষতিই হচ্ছে। সুতরাং "ন্যাশেনাল ডিমক্রাটিক পার্টির" বন্ধুরা যে সব যুক্তি দেখিয়েছেন তা ভ্রান্ত। বরং বিলের ভিতর যে সমস্ত "ইণ্টারমিডিয়ারি রাইটস" দেওয়া হয়েছে সেগুলো নিয়ে নেওয়া উচিত। বাংলা দেশের কৃষকদের কথা গ্রামের কথা যদি ধরা যায়, তাহলে একথা সত্য যে বাংলা দেশের বর্তমান দুরবস্থার মূলে রয়েছে এই জমিদারী প্রথা। কিন্তু কৃষকদের যদি জিজ্ঞাসা করা হয় ১৫।২০ বছর আগে সব চেয়ে বড় শত্রু তাদের কে ছিল তারা তখন জমিদারদের দেখাবে না, দেখাবে মহাজনদের। যারা "১০০পার্সেণ্ট, ২০০ পার্সেণ্ট ইণ্টারেস্ট" দিয়ে কৃষকদের নাজেহাল করে দিত।

[7-50—8 p.m.]

জমিদারদের চেয়েও ঢের বেশী সামাজিক শত্রু বাংলার কৃষকদের এই মহাজনরা ছিল। আজকে মহাজনরাও খানিকটা খর্ব হয়ে পড়েছে, জমিদাররাও যথেষ্ট খর্ব হয়ে পড়েছে। জমিদারদের সেই পুরাণো দাপট সেই প্রজা ঠেঙ্গান, রাতারাতি ভিটা মাটি উচ্ছন্ন করে সেখানে কলা গাছ পুতে দেওয়া, জমির উপর দিয়ে লাঙ্গল চালিয়ে দেওয়া ইত্যাদি বহু পুরাণো হয়ে গিয়েছে, সেই দাপট আর নেই। এখন মহাজনদেরও দাপট অনেক কমে গিয়েছে। এখন পশ্চিমবঙ্গে সব চেয়ে বারাত্মক শত্রু হল জোতদার। সম্প্রতি এই জোতদারদের ভয়ঙ্কর অত্যাচারের কথা প্রায়ই শোনা যায়। তারা মাঠ থেকে ধান লুঠ করে নিয়ে যায়, তারা এখন বাংলা দেশের কৃষকদের কাছে বর্গী হয়ে উঠেছে এ সংবাদ আমরা প্রায়ই খবরের কাগজে পাচ্ছি। আজ কৃষকদের বড় শত্রু হচ্ছে এই জোতদাররা—যারা "ইণ্টারমিডিয়ারিজ"। জমিদাররা আর খাজনা কতটুকু পায়। আজকে ধান চালের যে দাম হয়েছে তাতে খাজনার দ্বারা যা শোষিত হয় তা কিছুই নয়। কিন্তু জোতদাররা সেখানে আধা আধি পাচ্ছে। আইন থাকা সত্বেও তাদের নানা প্রকার দাপট কমেনি। গত বৎসর বহু জায়গায় ধান ভাগ করতে এরা আসেনি। ধান মাঠে পড়ে আছে, বর্ষায় নষ্ট হয়ে যাচ্ছে তবু তারা ধান ভাগ করতে আসেনি। বর্গাদার "এ্যাক্ট"কে তারা অকিঞ্চিৎকর করে ফেলেছে। তাই দেখা যাচ্ছে যে বাংলার কৃষকদের শত্রু জোতদার; জমিদার নিশ্চয়ই নয়। এই জন্য বাংলা দেশে যে "ষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট" হচ্ছে তার মধ্যে যদি জোতদাদের জমি না নিয়ে নেওয়া হয় তাহলে এই "এ্যাক্ট" বৃথাই হবে। আজ জমিদারদের "ইণ্টারমিডিয়ারি রাইট"টাই বড় "প্রবলেম" নয়। এই যে "রায়ত" ও "আণ্ডার রায়ত" এই যে ভাগচাষী এদের জন্য জোতদারদের অবিলম্বে অবসান না করতে পারলে কোন লাভ নেই। সেদিক থেকে এইটার অবসান ঘটাবার প্রয়োজন আছে। এই যে "এ্যামেণ্ডমেণ্ট" এসেছে এর মধ্য দিয়ে আশঙ্কা হচ্ছে যে এই "রায়ত" ও "আণ্ডার রায়ত" "ব্যাক ডোর" দিয়ে এসে পড়ছে। এবং এখানে এই অবস্থায় রয়েছে যে "গভর্ণমেণ্ট" যখন "এক্সপিডিয়েণ্ট" মনে করবেন তখন তারা নেবেন। অর্থাৎ আজো তারা "এক্সপিডিয়েণ্ট" মনে করছেন না, এখন পর্য্যন্ত তারা অনুভব করেনি যে এটা এই "এ্যাক্ট"এর ভিতর নেওয়া উচিত। হয়ত এর আপত্তি উঠতে পারে যে "কনষ্টিটিউসন অফ ইণ্ডিয়া"তে আটকাতে পারে; আমারও ধারণা যে "সেকসন ৩১এ" তাতে "রায়ত" ও "আণ্ডার রায়ত"দের "টেনান্সি হোল্ডারস" বলা হয়েছে, এইটায় আটকায়। এই জন্য আজকে যদি কোন রকমে একে "ইণ্টারমিডিয়ারি" বলে দেওয়া যায় তাহলেই "কনষ্টিটিউসন" থেকে রেহাই পাওয়া যায়। সেই জন্য আমার প্রস্তাব ছিল "টেনান্সি এ্যাক্ট"কে একটু "রিফরম" করে নিয়ে এটাকে নিয়ে আসতে পারতেন। এই "এ্যাক্ট"কে যদি একটু "রিফরম" করে নেওয়া যায় তাহলে "কনষ্টিটিউসন অফ ইণ্ডিয়া এ্যাক্ট"এর "সেকসন ৩১এ" "ল্যাণ্ড অফ এ্যাকুইজিসন" করার যে "ডেফিনিসন" দেওয়া আছে সেই অনুযায়ি এটা কার্য্যকরী হ'ত। আজকে এই

"টেনান্সি এ্যাক্ট" যা আছে তাতে "রায়ত" ও "আণ্ডার রায়ত" যাদের ১০০ বিঘা করে জমি আছে তাদের এই বিলে "ইণ্টারমিডিয়ারি" বলা হয়নি "টেনিওর হোল্ডার" বলা হয়েছে এখানে they are not presumed অথচ are not actually tenure-holders এই "টেনান্সি এ্যাক্ট"এর যদি একটু "রিফরম" করা যায় তাহলে "কনষ্টিটিউসন অফ ইণ্ডিয়া এ্যাক্ট"এ যে বাধা আছে সেটা দূর করা যায়। সেখানে এদের যে "ডেফিনিসন" আছে সেটা একটু বদলালেই এইখানে কার্য্যকরী হবে। আজকে যারা এই রকম "টেনিওর হোল্ডার" আছে যে সমস্ত "রায়ত" ও "আণ্ডার রায়ত" যাদের ১০০ বিঘার উপরে জমি আছে তাদের বর্তমান যে "টেনান্সি এ্যাক্ট" আছে তার পরিবর্তন না করলে এদের "ইণ্টারমিডিয়ারি" বলা যায় না। এই সমস্ত "রায়ত" দের জমির উপর স্বত্ব আছে তারা কৃষককে টাকা ধার দিয়ে কাজ করায়, অথচ আজকে এদের "ইণ্টারমিডিয়ারি" বলা যায় না। আমার মনে হয় এত তাড়াতাড়ি "হোল এ্যাক্ট" করা হলে এর মধ্যে অনেক গলদ থেকে যাবে। "চীফ মিনিষ্টার" গোড়ায় আপত্তি করলে তাকে আমি এই কথাই বলেছিলাম যে "কনষ্টিটিউসন" এর যে বাধা তা এইভাবে দূর করা যায়। এবং আমি "এক্সপার্ট ওপিনিয়ন" ও "লিগাল ওপিনিয়ন" নিয়ে দেখেছি তাঁরাও এই কথা বলেছেন যে "টেনান্সি এ্যাক্ট"এর সামান্য পরিবর্তন করলে তাদের এর মধ্যে ঢুকিয়ে দেওয়া যায়। আমার মনে হয় আজকে যদি আমরা এই "টেনান্সি এ্যাক্ট"এর সামান্য পরিবর্তন না করি তাহলে আমাদের যে সমস্যা আছে তা আরো প্রবল হবে। এখানে জোতদার বা এক একটা "ফ্যামিলি হোলডিং"এ ভাগ করে নিতে পারে এবং প্রত্যেকে ৩৩ একর করে জমি রাখতে পারে এবং এই রকম ভাবে রেখে দিয়ে তারা বর্গাদারদের উচ্ছেদ করতে পারবে। এই জন্য আমি বলেছিলাম যে ১৯৪৭ সালের একটা তারিখ ঠিক করে দেন এবং তারপরে যত "ট্রান্সফার" ও গিফট" হয়েছে তা সব "নাল এ্যাণ্ড ভয়েড" করে দেওয়া হক। তাহলে এদের বাঁচান যাবে। এটা না করার জন্য সমস্যা আরো জটিল হয়ে যাচ্ছে। এই আইনটা তাড়াতাড়ি না করে সরকার পক্ষ থেকে যে "কনষ্টিটিউসন"এর কিছু ধারা "চেঞ্জ" করার জন্য যে "নন-অফিসিয়াল রেজলিউসন" আসছে তার ফল কি হয় দেখে "থার্ড রিডিং" করলেই ভাল হয়। এবং এর মধ্যে যদি "টেনান্সি এ্যাক্ট" কে "রিফরম" করে নেওয়া যায় তাহলে "রায়ত" ও "আণ্ডার রায়ত" দের এই "ইণ্টারমিডিয়ারি চেঞ্জ"র মধ্যে নিয়ে আসতে পারেন। এখানে "ট্রাষ্টির"এর কথা আছে। কিন্তু নটেন দাস মহাশয় বলেছেন যে কৃষকদের জমি "লিমিট" করবার জন্য কিন্তু আমার মনে হয় যতদিন "সোসিও ইকনমিক" অবস্থা পরিপূর্ণভাবে "সোসিয়ালিজম" না হয় ততদিন "ইণ্ডিভিজুয়াল পেজেণ্ট"দের "হোলডিং রেষ্ট্রিক্ট" করার কোন প্রশ্নই উঠে না। যারা রিচ পেজাণ্ট" ১০০।২০০ বিঘা জমি পর্য্যন্ত চাষ করতে পারেন তাহলে সে অধিকার তাদের থাকা উচিত। সেই হিসাবে তাদের এই "এ্যামেণ্ডমেণ্ট"এর ভিতরে কৃষকদের এই রকম জমি নেবার কথাই হচ্ছে না, শুধু যারা জমি ভাগে চাষ করায় তাদেরই জমি নেবার কথা হচ্ছে। তারপর যে কথা তিনি বলেছেন"উইডো, অরফ্যান"এর সম্বন্ধে এবং যারা বরাবরই কৃষক পরিবারের অন্তর্ভুক্ত তাদের জমি থেকে যাবার কথা আছে, "কনষ্টিটিউসন" সে "প্রভিসন" আছে।

[8—8-10 p.m.]

অবশ্য এখানে "প্রভিসন" রয়েছে ৩৩ একর পর্য্যন্ত। সেখানে আশঙ্কিত হবার খুব কিছু নেই। তাহলে তাদের উপর "রেষ্ট্রীকসন" এসে যাচ্ছে। কিন্তু সব চেয়ে বড় আশঙ্কার কথা যেটা আগে বলেছি—সেই আশঙ্কার কথা হ'ল এই যে এই জিনিষটা যেটা আমরা গোড়াতে চেয়েছিলাম "ডেফিনিসন"এর সময় এই "ইণ্টারমিডিয়ারি"র "ডেফিনিসন" দেওয়া। তখন যদি নেওয়া হত, তাহলে গোলমাল উঠত না, "ষ্ট্রেট" চলে যেতে পারত এবং তার জন্য প্রয়োজন ছিল "টেনান্সি এ্যাক্ট"এর "রিফরমস" তাহলে ভাল হত। আমার এখনও সন্দেহ আছে যে শেষ "চ্যাপ্টার"এ এই রকম ভাবে "লেট আণ্ডার"এ পরিবর্তন করার ফলে কতখানি এটা আইনতঃ বৈধ হবে। এইটিই এখন আমার একমাত্র সন্দেহের বিষয়।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On a point of personal explanation, Sir. Reference has been made by the honourable Sj. Bankim Mukherji to certain statements that have been made by Sj. Natendra Nath Das of our party. Mr. Natendra Nath Das spoke—Mr. Mukherji does not agree with his remarks—with regard to cultivation by the *krishaks* themselves. Sir, Sj. Natendra Nath Das said that there were certain loopholes in this provision.

Mr. Speaker: If it is a personal explanation, then it should have been given by him.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On behalf of the party, Sir, I am speaking. I think Mr. Mukherji overlooked the provision "those who did not cultivate themselves or by members of their families or by servants or by labourers". So, if a particular *jotedar* by labourers cultivates large tracts of land by tractors he is entitled to do that under the loopholes mentioned by Sj. Natendra Nath Das. What he was trying to impress upon the House is that this should be restricted among the real cultivators and not *jotedars* by means of tractors and through their labourers.

Sj. Hemanta Kumar Basu:

in original possession of land on or after the 15th August, 1947, and before the date of enforcement of the Act, when the first transfer was made and directing such proprietor, tenure-holder, under-tenure-holder, *raiyat*, under-*raiyat*, or non-agricultural tenant in the manner provided in sub-section (*2*) to pay the amount by such dates as may be specified in the order:"

এটাই হচ্ছে মূল কথা। কোন্ কোন্ জায়গায় জমির হস্তান্তর নাকচ করা হবেনা সেটাও বলে দিচ্ছি,

"Provided that if the transferee be a proprietor, tenure-holder, under-tenure-holder, raiyat, under-raiyat or a non-agricultural tenant whose total holdings, before the transfer, does not exceed 5 acres and the land transferred be less than 5 acres, the transfer shall not be held null and void.".

এর দ্বারা গরীব লোকের দ্বারা কেনা জমি, যে সমস্ত জমি তাদের নামে হস্তান্তরিত হয়েছে সে সমস্ত হস্তান্তর বে-আইনী ও নাকচ হবেনা। কিন্তু বড় বড় লোকের যে সমস্ত জমি ইতিমধ্যে হস্তান্তরিত হয়েছে সেখানে হস্তান্তরগুলি বে-আইনী বলে ঘোষণা করা হবে। এ ছাড়াও দান বিষয়েও যে জমি হস্তান্তরিত হয়েছে তাও বাদ দেবার কথা বলেছি,

"Provided further that if such a transfer is a *bona fide* gift to an exclusive charitable purpose made at least three years before the enforcement of this Act, the transfer shall not be considered null and void....."

তারপর এখানে হস্তান্তর বে-আইনী ঘোষণা করা ও তা নাকচ করার পর হস্তান্তরিত জমি কি করা হবে তাও বলা হয়েছে। করণীয় কাজটি প্রথমাংশে আছে। আমার এই সংশোধন সরকারের গ্রহণ করে নেওয়া উচিত। মোটকথা যদি সরকার সত্যি-সত্যি উপযুক্ত পরিমাণ জমি পেতে চান বণ্টনের জন্য, তাহলে যে জমি হস্তান্তরিত হয়েছে এই আইনকে ফাঁকি দেবার উদ্দেশ্যে তা যদি ফিরিয়ে আনা না হয় হস্তান্তরকে বে-আইনী ঘোষণা করে তাহলে সরকারের হাতে জমি আসবেনা বণ্টনের জন্য। আমার প্রথম বক্তব্য হল এই।

তারপর হল দ্বিতীয় বক্তব্য—যা ৫২(বি)তে আমি বলেছি। এখন একবার বর্তমান সামাজিক কাঠামোর দিকে তাকিয়ে দেখা দরকার। মধ্যবিত্ত চাষী ক্রমশঃ কেন দরিদ্র কৃষকে এবং গরীব চাষী কেন ভূমিহীন চাষী ও ক্ষেতমজুরে পরিণত হচ্ছে তা ভাবা দরকার। এটা কেন হচ্ছে? একজন চাষী ১০৲ টাকা ধার নিল জমিদারের কাছ থেকে, সুদে আসলে তা গিয়ে দাঁড়াল ১০০ টাকায়। ১০ টাকার স্থলে ১০০ টাকা ফিরিয়ে দিয়েও চাষী ঋণ হতে মুক্তি পাচ্ছেনা। ফলে বাকী দেনার দায়ে জমিদার সেই চাষীর জমি কেড়ে নিচ্ছে। এই-ভাবেই শুধু সুন্দরবন অঞ্চলেই নয়, সমস্ত বাংলা দেশে প্রকৃত চাষীর হাত হ'তে জমি চলে গিয়ে অচাষী ধনী লোকের হাতে জমা হচ্ছে। এ সমস্যা সর্বত্র প্রকটভাবে দেখা দিয়েছে। সমস্ত জমি এমনি করেই একদিকে মহাজনদের জমিদারদের হাতে গিয়ে সঞ্চিত হচ্ছে অন্যদিকে সত্যিকার চাষী আজ ভূমিহীন চাষী ও ক্ষেত মজুরে পরিণত হচ্ছে। অর্থ-নীতিতে একে বলে কৃষিতে পুঁজির আক্রমণ। যত-দিন পুঁজি অর্থাৎ "ক্যাপিটাল"এর শক্তি সমাজে এই রকমভাবে চলতে দেওয়া হবে ততদিন চাষীদের হাতে জমি কোনক্রমেই রাখতে পারা যাবে না। আপনাদের সদিচ্ছায় তর্কের খাতিরে বিশ্বাস করে ধরে নিলাম, আপনারা চাষীর মধ্যে জমি বিলি করে দিলেন। আপনারা চাষীর হাতে জমি দিয়ে দিলেও চাষী তার অভাব অনটনের জন্য সেই জমি বন্ধক রাখতে বাধ্য হবেই। ফলে হবে তার হাত হ'তে জমি বেরিয়ে যাবে, আবার মধ্যস্বত্বে যা বন্ধ করবার আইন করছেন সেই মধ্যস্বত্বের সৃষ্টি হ'বে এবং যে চাষীর হাতে জমি দেবার জন্য আপনারা চেষ্টা করছেন বলছেন সেই চাষী ভূমিহীন হবে। কৃষিতে পুঁজির এই অনুপ্রবেশ বন্ধ করতে হলে পুঁজির শক্তিকে খর্ব করতে হবে, সেজন্য জমির সমস্ত রকম হস্তান্তর বন্ধ করতে হবে। এবং সাথে সাথে চাষীর অভাব অনটন দূর করার জন্য একেবারে নামমাত্র সুদে বা বিনা সুদে কৃষিঋণ দেবার ব্যবস্থা করতে হবে। তার জন্য গ্রামে গ্রামে অসংখ্য কৃষি ব্যাঙ্ক স্থাপন করুন। তা যদি না করেন, যতদিন তা না করবেন ততদিন পুঁজির অপ্রতিহত প্রতাপে চাষীর জমি অচাষীর হাতে যাবেই তাকে রুখতে পারবেন না। পুঁজাদের অভাব অনটন যখন দেখা দেবে এবং সেটা দেখা দিবেই বর্তমান সামাজিক ব্যবস্থায়, তখন জমি বিক্রী করতে তারা বাধ্য হবে। যে চাষী এবং যে ক্ষেত মজুরকে আপনারা জমি দেবেন বলছেন, যদি তা দেন তবুও ২।৪ বছর পরে তারা আবার ভূমিহীন কৃষকে পরিণত হবে। সুতরাং এমন আইন করা দরকার যাতে জমির হস্তান্তরকে বে-আইনী করা যায়।

[3-40—3-50 p.m.]

সমস্ত হস্তান্তরিত জমি বে-আইনী ধরে নিতে হবে। এই আইন যদি না করেন, যদি অল্প টাকা দিয়ে চাষীদের দারিদ্র্যের সুযোগ নিয়ে জমি কিনে নেওয়ার যে সুবিধা আজ আছে তাকে নাকচ না করেন তাহলে কিছুই হবে না। জমির হস্তান্তরকে বন্ধ করতেই হবে। যাতে অ-কৃষকদের হাতে জমি না যায় সেইজন্যই আমার এই সংশোধন। এই উদ্দেশ্যেই আমি নূতন ধারাটি দিয়েছি,

"all transfer of agricultural lands or any interest thereof to a non-cultivator made after the enforcement of this Act shall be considered null and void."

প্রথমে ৫২(এ) তে বলেছি এই আইন হবার আগের হস্তান্তর সম্বন্ধে এখন ৫২(বি)তে বললাম আইন কার্য্যকরী হবার পর হস্তান্তর সম্বন্ধে। যে মধ্যস্বত্বাধিকারীকে উচ্ছেদ করার চেষ্টা করছেন, এই আইন চালু হবার পর আবার নূতন করে মধ্যস্বত্ব অধিকারীর সৃষ্টি হবে এবং সাধারণ চাষীর হাত থেকে জমি চলে যাবে। যদি না এই সংশোধন গ্রহণ করেন।

তারপর তৃতীয় বক্তব্য ৫২ (সি) ধারাতে তা আছে। "এগ্রিকালচারাল ল্যাণ্ড" চাষের জমি এবং "নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড"এর উপর বিদেশীর যে প্রভাব ও প্রভুত্ব কায়েম আছে তার উচ্ছেদ আমি এখানে ঘটাতে চাই। চীনের কথা বললে আপনারা হেসে উঠেন। কিন্তু চীনদেশে যে সমস্ত জমি বিদেশীর অধিকারে ছিল সেগুলি তারা বিনা খেসারতে "কনফিসকেট্"—বাজেয়াপ্ত করে নিয়েছে; বিদেশীদের কোন পাওনা নেই। আমাদের দেশ কি লুঠে খাওয়ার যায়গা যে যার খুশী যে এখানকার জমি ভোগ দখল করবে, এখানকার লোক খাটিয়ে মুনাফা লুটবে? আমি জানি সুন্দরবনে একজন ইহুদী জমিদার আছেন, তিনি তাঁর সমস্ত আয় এই বাংলা দেশের মাটি থেকে রোজগার করেন আর সেই আয় "প্যালেষ্টাইনে" পাঠিয়ে দেন। শোষণ করছেন বাংলা দেশের কৃষককে আর তার এতটুকু স্বত্বও বাংলা দেশ ভোগ করতে পারবে না, করবে "প্যালেষ্টাইনের" ইহুদীরা। এই ধরণের বহু বিদেশী জমির মালিক এখানে আছে। এই রকম "এগ্রিকালচারাল, নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড এণ্ড মাইনস্"এর ক্ষেত্রে বিদেশীর যে স্বত্ব আছে তা কেড়ে নেওয়া উচিৎ বিনা খেসারতে।

Mr. Speaker:

এ কথা অনেকবার বলেছেন, আর একবার না হয় "থার্ড রিডিং"এ বলবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He is trying to convince himself.

Mr. Speaker: When you were talking on the mines chapter, you made identical arguments.

Sj. Subodh Banerjee:

একটু বলি, কি করবো। এখানে যে সমস্ত জমির মালিক আছে তাদের বিশেষ করে বিদেশী মালিকদের কথা না বলে উপায় নেই। এখানকার সরকার যদি সৎ হত, দেশের লোকের দুঃখ বুঝত তাহলে আমাদের বলতে হতনা। এই যে ঘন্টার পর ঘন্টা কোন ফল হবে না জেনেও চীৎকার করছি, গলা শুকিয়ে কাঠ হয়ে যাচ্ছে; এটা আপনারা কি ভাবেন যে আমাদের খুব ভাল লাগে? কিন্তু আমরা জনসাধারণের প্রতিনিধি হয়ে এসেছি সুতরাং জনসাধারণের কথা আমাদের বলতেই হবে। ("ইনটারাপসান") আপনাদের খারাপ লাগলে করবো কি? আমার বক্তব্য হচ্ছে এই যে, এখানে যারা বিদেশী মালিক আছে তাদের "এগ্রিকালচারাল, নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড এণ্ড মাইনস্"এর উপর স্বত্ব এই আইনের জোরে বিনা খেসারতেই 'গ্রহণ করা উচিৎ। কিন্তু কোন খেসারত না দিলে যেহেতু "আউট অব অর্ডার" হয়ে যাবে, সেইজন্য শুধু "ওয়ান পার্সেন্ট' খেসারত দিতে চাই, তার বেশী নয়। এই উদ্দেশ্যে ৫২(সি)তে সংশোধনী প্রস্তাব এনেছি,

"land's right in sub-soil including rights in mines and minerals, and rights in *hats*, *bazars*, ferries, forests, fisheries, tolls and other *Sarati* interests belonging to an alien other than one who or whose parents or whose grand-parents was born in India as defined in Government of India Act, 1935 (as originally enacted), and who has migrated to the territory now included in Pakistan, shall vest in the State."

পাকিস্থান হয়ে ভারতবর্ষের কিছুটা অন্য রাষ্ট্রে চলে গিয়েছে, পাকিস্তানের লোকের কথা এখানে বলছি না কারণ তারা একদিন ভারতবর্ষেরই অধিবাসী ছিল এবং তাদের সম্পত্তির জন্য অন্য আইন হচ্ছে বাস্তুহারাদের সম্পত্তি সম্পর্কে বিরোধ নিষ্পত্তির জন্য কেন্দ্রীয় সরকার পাকিস্তান সরকারের সঙ্গে আলোচনা করছেন, তাদের কথা বাদ দিন। তাছাড়া যে সমস্ত বিদেশী মালিক আছে যাদের জমি এবং জমির উপর অধিকার আছে তাদের খেসারত দিয়ে যদি জমি নিতে হয় তাহলে সেই খেসারত অন্যান্য ক্ষেত্রের

[Sj. Subodh Banerjee.]

খেসারতের শতকরা ১ ভাগের বেশী দেওয়া হবে না। আর একটা কথা সরকার বলেন যে তাঁরা নাকি জাতির স্বার্থ দেখেন। সেইজন্যই কি তাঁরা এই বিদেশী মালিকদের এত তোয়াজে রেখেছেন? কাল ডাক্তার রায় বলেছিলেন তাঁর অধিকার আছে এঁর সব ধনীদের হয়ে কথা বলার। আমি তাঁর সে দাবী মানি; কিন্তু আমাদেরও অধিকার আছে দেশের সাধারণ মানুষের হয়ে কথা বলার। ডাক্তার রায় ধনীদের বন্ধু, এ কথা অস্বীকার আমরা করি না। আমরা বলি, আমরা সাধারণ চাষীর প্রতিনিধি হয়ে এসেছি; আমরা তাদের কথাই বলব, তিনি হলেন বর্ত্তমান সমাজের উপর তলার প্রতিনিধি আর আমরা নীচের তলার; আমরা যে দুই আলাদা জাতের লোক। তাঁর দৃষ্টিভঙ্গি তাই আমাদের সম্পূর্ণ বিপরীত। তিনি হলেন রাজা মহারাজার বন্ধু, তাঁদের সঙ্গেই তাঁর স্বার্থের মিল, আমরা তাদের শোষণটা ভালভাবে চিনি, তাদের সঙ্গে আমাদের সর্বদাই ধস্তা লেগেই আছে, আমরা তাদের ঘৃণা করি। তাই ত এই বিলের আলোচনার সময় ডাঃ রায়ের মত আমরা গ্রহণ করতে পারি না, তিনিও আমাদের মতকে সহ্য করতে পারেন না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I oppose the amendments or the introduction of the new sections. Sir, under the Constitution all citizens shall have the right to hold and dispose of property, except that the State may formulate law for restricting this in the interests of the general public or for the protection of the interests of the Scheduled Tribes. But I hold that the amendment is against the Constitution. A man has transferred his property in 1948, say, A has transferred to B—he wants us to declare that it is null and void. We shall be hurting the Constitution. Secondly, he says that even if it is a property which has been transferred by an order or decree of a Court, we shall have to declare it null and void. I have never heard such Kazidom on the floor of the House. He says, "Let everything be null and void". (Interruptions.) That cannot be done. I oppose the amendment.

His second proposition is that all transfers of agricultural land made after the commencement of the Act shall be considered null and void We have made some provision in section 15 with regard to subdivision of properties so that compensation may not exceed a certain limit I oppose this also on the same ground that it hurts the Constitution,

With regard to C, I am surprised that Mr. Subodh Banerjee should have raised this question, which is one that really relates to the people of one Dominion against another. He is saying that all those who have taken land and have gone away to Pakistan, their lands should be taken over.....

Sj. Subodh Banerjee: No, no. I did not say that. I excluded them.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You say land's right in subsoil, etc., of persons who have migrated to the territory of Pakistan...

Sj. Subodh Banerjee: No. I say "other than" those persons. Don't miss those words "other than".

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: ".....belonging to an alien other than one who or whose parents, etc., have migrated..."

[3-50—4 p.m.]

Sir, it appears to me what he wants to do is that the property in *hats* and *bazars* of every person should be taken over and vested in the State, and we have already provided that after such vesting compensation should be paid. Does he really mean by a subtle method to take in these things without compensation? If so, let him be bold enough to say so; but he does not say so. He very carefully says, let these properties and the rights of the aliens other than these vest in the State. In the Bill that we have passed the property of not merely the alien but of everybody vests in the State. Therefore, if he says it should vest in the state but no compensation should be given I oppose it again on the ground that it is against the principles of the Constitution.

Sir, I oppose all the amendments.

The motion of Sj. Subodh Banerjee that after clause 52, the following new clause be inserted, namely:—

"52A. (*1*) All transfer of lands made or declarations for title or possession granted by an order or decree of any Court after the 15th August, 1947, to the date of enforcement of this Act, shall be deemed to be null and void and the Collector shall, after giving the transferee and if such land is in the possession of any person other than the transferee, such other person also an opportunity of being heard, make an order in writing restoring such land to the proprietor, tenure-holder, under-tenure-holder, *raiyat*, under-*raiyat* or the non-agricultural tenant, as the case may be, who was in original possession of land on or after the 15th August, 1947, and before the date of enforcement of the Act, when the first transfer was made and directing such proprietor, tenure-holder, under-tenure-holder, *raiyat*, under-*raiyat*, or non-agricultural tenant in the manner provided in sub-section (*2*) to pay the amount by such dates as may be specified in the order:

Provided that if the transferee be a proprietor, tenure-holder, under-tenure-holder, *raiyat*, under-*raiyat* or a non-agricultural tenant whose total holdings, before the transfer, does not exceed 5 acres and the land transferred be less than 5 acres, the transfer shall not be held null and void:

Provided further that if such a transfer is a *bona fide* gift to an exclusive charitable purpose made at least three years before the enforcement of this Act, the transfer shall not be considered null and void.

(*2*) When the Collector makes an order for payment under sub-section (*1*) he shall direct such payment to be made in five annual instalments, the first of such instalments being payable on a date not later than 1st of Baisakh next.

(*3*) If such proprietor, tenure-holder, under-tenure-holder, *raiyat*, under-*raiyat* or non-agricultural tenant, as the case may be, fails or refuses to make payment as directed, such land shall vest in the State subject to the provisions of the Act".

was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that after the proposed new clause 52A, the following new clause be inserted, namely:—

"52B. All transfer of agricultural land or any interest thereof to a non-cultivator made after the enforcement of the Act shall be considered null and void."

was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that after the proposed new clause 52B the following new clause 52C be inserted, namely:—

"52C. Land's right in sub-soil including rights in mines and minerals, and rights in *hats*, *bazars*, ferries, forests, fisheries, tolls and other *sairati* interests belonging to an alien other than one who or whose parents or whose grandparents was born in India as defined in Government of India Act, 1935 (as originally enacted), and who has migrated to the territory now included in Pakistan, shall vest in the State.

The amount of compensation to be paid in such cases as referred to in sub-section (*1*) shall in no case exceed 10 per cent. of the compensation to which an intermediary is entitled under the provisions of the Act".''

was then put and lost.

Clause 53.

Dr. Narayan Chandra Ray: I beg to move that in clause 53(*1*), in line 2, after the words "of this Act" the words "subject to the approval of the State Legislature" be inserted.

Sj. Binoy Krishna Chowdhury: আমি এই "এ্যামেণ্ডমেন্ট"টা যোগ করতে চাচ্ছি—যেখানে আছে

"In particular, and without prejudice to the generality of the foregoing power, such rules may provide for all or any of the matters which, under any provision of this Act, are required to be prescribed or to be provided for by rules".

এবং

"The State Government may, after previous publication, make rules for carrying out the purposes of this Act"

তাতে "এড্" করতে চাই

"subject to the approval of the State Legislature"

কারণ, যখন "রুলস" তৈরী হবে তখন কোন কমিটিকে ঢালাও "রুলস" তৈরী করবার অধিকার দেওয়া উচিত নয়। এমন কি "সেন্ট্রাল পার্লামেন্ট"ও এই ধরণের "রুল মেকিং পাওয়ার" সংকোচ করা হয়েছে এবং সে জায়গায়ও "রুল"গুলো আবার পার্লামেন্টে এনে "র‍্যাপ্রুভড" করাবার চেষ্টা করা হচ্ছে। সেইজন্য এখানে যে "রুল" তৈরী হবে সেই "রুল"গুলো যেন পরে "এসেম্ব্লি"তে এসে "র‍্যাপ্রুভ্যাল" পায়। এই আমার "এ্যামেণ্ডমেন্ট"-এর উদ্দেশ্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I oppose this amendment because it has never been done anywhere that rules should also be subject to vote of the legislature. The legislature has laid down the principles and the line in which work has to be done and the legislature has given power to the State Government to frame rules for the purpose of carrying out the purposes of the Act.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 53(*1*), in line 2, after the words "of this Act" the words "subject to the approval of the State Legislature" be inserted, was then put and lost.

The question that clause 53 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The rest of the amendments, Nos. 359 to 366, are out of order.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition Bill, 1953, as settled in the Assembly be passed.

Sj. Benoy Krishna Choudhury: "মিঃ স্পীকার", আমাদের এখানে "এমেণ্ডড্" হবার পর যে আকারে বিলটা এসেছে, আমি "থার্ড রিডিং"এ আপনার মাধ্যমে সে সম্বন্ধে কিছু বলতে চাই। প্রথমে একটা কথা আমি বলার প্রয়োজন মনে করি,—এই বিল প্রথম যখন উত্থাপিত ও আলোচিত হয়েছিল, তারপরে যেটা সিলেক্ট কমিটিতে হয়েছিল যে কলিকাতাকে এর অন্তর্ভুক্ত করা হবে, সেখানে হঠাৎ আবার কলিকাতাকে বাদ দেওয়ায় এই বিলের মতলব সম্বন্ধে লোকের মনে একটা খারাপ ধারণার সৃষ্টি হয়েছে। সেটাকে সংশোধন করবার জন্যই যেন আবার আচম্বিতে এই বিলের একেবারে শেষের দিকে, মধ্যস্বত্বভোগী লোকদের সম্পর্কে এখানে "এমেণ্ডমেন্ট" আনা হল—রায়ত এবং আণ্ডার রায়ত তাদেরও "ইন্টার মিডিয়ারি" গন্য করতে পারবেন। যদিও বিলটা যা ছিল তার চেয়ে অনেকখানি "প্রগ্রেসিভ" মনে হচ্ছে, কিন্তু বিলটার আসল ধারায় এবং বিভিন্ন ধারাতেও যে মনোভাব প্রকাশিত হয়েছে সমগ্রভাবে সেই জিনিষ আলোচনা করে দেখতে পাই এর পিছনে যে মনোভাব আছে তাতে এর প্রতি যথেষ্ট সন্দেহ হবার অবকাশ আছে, যে কলকাতাকে বাদ দেবার জন্য লোকের যে বিরূপ মনোভাবের সৃষ্টি হয়েছে সেইটাকে দূর করবার জন্যই এই জিনিষটা করা হল।

আর একটা জিনিষ মনে করা দরকার, এই বিল যখন আসে, এবং এখনো, এই বিলের আলোচনা প্রসঙ্গে মুখ্য মন্ত্রী ও রাজস্ব মন্ত্রী পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা এনেছেন; এখন ভূমি সম্পর্কে যে পরিকল্পনা তারা করেছেন, সেই পরিকল্পনার সঙ্গে মিল রেখেই করা হচ্ছে। এবং তাই দেখে এ বিলও রচনা করা হয়েছে। সেইজন্য এই বিলকে সেই পরিকল্পনা থেকে বিচ্ছিন্ন করে আলোচনা করলে চলবেনা। এবং বিল সম্পর্কে আমি আলোচনা করে দেখাব। আমি তা যতটা পড়েছি তাতে অত্যন্ত অস্পষ্টভাবে বলবার চেষ্টা করা হয়েছে বাংলার কৃষি সমাজকে। আমি আগেই বলেছি তাকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে বিচ্ছিন্ন করে আলোচনা করা যায় না। এবং এ বিষয়ে কাল যা হয়েছে, তার সঙ্গে মিলিয়ে যদি আলোচনা করি, তাহলে অত্যন্ত স্পষ্টভাবে এইটে প্রকাশিত হবে যে যদি বর্গাদারদের সম্পর্কে কোন ব্যবস্থা করা হয় তাহলে সঙ্গে সঙ্গে নিম্ন মধ্যবিত্ত শ্রেণী বর্গা প্রথার জমি নিয়ে তাদের জীবিকার সুধু একটা আয় হিসাবে ব্যবহার করছে, সে জায়গায় সে আয়টা থেকে সেই জীবিকার্জন থেকে বঞ্চিত হয়ে তার অন্য আয়ের পন্থা—চাকরী প্রভৃতি দ্বারা আয়ের পন্থা যদি কিছু না পায়, এবং সেটা অত্যন্ত ন্যায় সঙ্গত, তা যদি না পায় তাহলে শুধুই তাদের জমির মায়া পরিত্যাগ করতে বল্লে ঠিক হবে না। আজ যা অবস্থা, তাতে আমাদের মোট সংখ্যার শতকরা ৫৬ ভাগ জমির উপর নির্ভরশীল, শতকরা ৪৪ ভাগ জমি ছাড়া "নন-এগ্রিকালচারাল" বিষয়ের উপর নির্ভরশীল, এবং বাংলার এককোটী ৪১ লক্ষ লোক জমির উপর নির্ভরশীল তার উপর সেনসাস্ রিপোর্টের মধ্যে আছে, গ্রামের সেইসমস্ত লোক যারা কোন উপার্জন না করে, তারা "ডিপেণ্ডেন্ট" হিসাবে জমিতে যে উৎপাদন হয় তার উপর নির্ভরশীল। আমাদের মোট জমি যা রয়েছে তা মাথা পিছু অত্যন্ত কম। সেনসাস রিপোর্টে এক জায়গায় বলা হয়েছে, ২৪-পরগণা, হুগলী এবং আসানসোল যদি বাদ দেওয়া হয় তাহলে বাংলার সাথে গোটা উড়িষ্যার তুলনা হয়, পার্থক্য শুধু এই যে উড়িষ্যার মাথাপিছু জমি অনেক বেশী।

[4—4-10 p.m.]

এই যেখানে অবস্থা, সেই জায়গায় আমাদের বিশেষ করে চিন্তা করা দরকার, আমাদের ভূমি সমস্যা সমাধানের জন্য কোন্ দিকে কিভাবে পদক্ষেপ করা যায়। এঁরা অনেক কথা বলেন। কিন্তু একটা জিনিষ মনে রাখতে হবে যেখানে পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে পশ্চিম বাংলায় ৬৯ কোটী খরচ করবার কথা সেখানে মাত্র এক কোটী ২৬ লক্ষ টাকা তাঁরা শিল্প খাতে খরচ করবেন, এবং তার মধ্যে মাত্র ৪০ লক্ষ টাকা বড় বড় শিল্পে ও ৭২ লক্ষ টাকা কুটীর শিল্প এবং ছোট ছোট শিল্প-ক্ষেত্রে সাহায্য দেবার জন্য ঠিক করেছেন। কিন্তু এই সামান্য টাকায় কতখানি শিল্প বিস্তার হতে পারে। এর শতকরা ৪৪ জন লোক জমির ব্যাপারে নিযুক্ত রয়েছে এবং জমির উপর নির্ভরশীল। যদি সেখান থেকে লোককে "ডাইভার্ট" করে দিতে হয়, তাহলে এই "ডাইভার্ট" করার দিক থেকে কোন্ ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে সেটা চিন্তা করা দরকার। কিন্তু সেটা চিন্তা না করে এই জিনিষটা করা হয়েছে। আজ একদিকের পথে এসে দাঁড়িয়েছে কিন্তু এখন সাবধান হওয়া দরকার যেন এর সাথে সাথে আর একটা পথের সামনে এসে না দাঁড়ায়, তাহলে স্বাভাবিকভাবে একটা বিরোধিতার সৃষ্টি হবে।

প্রধান মন্ত্রী মহাশয়, তিনি বক্তৃতা প্রসঙ্গে উল্লেখ করেছেন যে যখন ১৯৩৮ সালে বর্গাদারদের অধিকার দেবার কথা ওঠে, তখন মধ্যবিত্ত শ্রেণীর প্রতিবাদ ও বিরোধিতার দরুন সেই জিনিষ কার্য্যে পরিনত হয়নি, এবং সেটা না হওয়ার দরুন আজকে তাঁরা বুঝতে পেরেছেন এবং বর্ত্তমানে এই মধ্যবিত্ত শ্রেণীকে উসকে দেবার জন্য এই জিনিষটা তাঁরা করেছেন, তাহলে আমি মনে করি ভুল ধারণা করা হবে। সেই জন্য এই ব্যবস্থার সাথে সাথে মধ্যবিত্ত শ্রেণীকে অন্য পন্থায় শিল্পের দিক থেকে বা জীবনের অন্যান্য দিকে যারা "প্রডাকসন"এর ভেতর কাজ করবে, তাদের বিভিন্ন ছবি যদি সামনে থাকতো, তাহলে দুটো সংযুক্তভাবে সমস্যা সমাধানের দিকে এগোত।

দ্বিতীয়তঃ বলতে চাচ্ছি ওঁরা সিলিংএর ক্ষেত্রে এবং অন্যান্য সমস্ত ব্যাপারে যে আলোচনা করেছেন, সেখানে দুটো জিনিষের উপর তাঁদের ঝোঁক খুব বেশী দেখতে পাচ্ছি। একটা হচ্ছে কুটীরশিল্প, আর একটা হচ্ছে কো-অপারেটিভ এবং একটা তিনি বারবার বলেছেন যে তাতে বেশী উৎপাদন হয়েছে। পাঞ্জাবরাও দেশমুখ বলেছেন "ট্রাক্টর" দ্বারা অনেক জমি চাষ হচ্ছে; তাতে উৎপাদন বেশী হবে। আর উৎপাদনে ব্যাঘাত ঘটে এমন জিনিষ করা উচিত নয়। সেইজন্য সিলিং বেঁধে দেওয়া উচিত নয়। কংগ্রেসের যে কমিটী হয়েছিল, তার থেকে তথ্য উদ্ধৃত করে আমি দেখাব যে অন্ততঃপক্ষে

[Sj. Benoy Krishna Choudhury.]

কৃষির ক্ষেত্রে "হোল্ডিং" যদি বড় হয়, "লার্জস্কেল" হয়, তাহ'লে উৎপাদন বৃদ্ধি হয়,—এটা সত্য নয়। শুধু এদেশের কথা নয়, অন্যান্য দেশের তথ্য নিয়ে আপনাদের কাছে দেখাব।

ডেনমার্কে ২৫ একরের নীচে যে "হোল্ডিং" তাতে একর পিছু উৎপাদন ২০ পাউণ্ড ১ শিলিং। আর ২৫০ একরের বেশী "হোল্ডিং"এ একর পিছু উৎপাদন ১২ পাউণ্ড ৪ শিলিং।

আর আমেরিকায় দেখতে পাই ৪০ একরের যে "হোল্ডিং" তাতে "আউটপুট পার একার" ৫৪ ডলার। আর ৮০ একরের যে "হোল্ডিং" তার উৎপাদন "পার একার" ৪৮ ডলার।

সুইজারল্যাণ্ডে সাড়ে সাত একর থেকে সাড়ে বার একরের যে "হোল্ডিং", তাতে "পার একার আউটপুট" হচ্ছে ২২ পাউণ্ড ১১ শিলিং, আর ৭৫ একরের বেশী যে "হোল্ডিং" তাতে একর পিছু উৎপাদন ১৩ পাউণ্ড ১৭ শিলিং।

আর ইংল্যাণ্ডে এক থেকে ৫০ একরের যে "হোল্ডিং" সেখানে একর পিছু উৎপাদন হচ্ছে ১১ পাউণ্ড ১৯ শিলিং। এবং ২৫০ একরের যে "হোল্ডিং" সেখানে প্রতি একরে উৎপাদন হচ্ছে ৪ পাউণ্ড ৮ শিলিং। এখান থেকে দেখতে পাওয়া যায় ইংল্যাণ্ড, আমেরিকা, সুইজারল্যাণ্ড ও ডেনমার্কে অন্ততঃ কৃষি ক্ষেত্রে এটা প্রমাণিত হয়নি "গ্রুপ অব হোল্ডিংস" বড় "হোল্ডিংস্" "লার্জস্কেল ফার্মিং" হলেই বেশী উৎপাদন হতে পারে। বিশেষ করে যেখানে বর্ত্তমানে গ্রামাঞ্চলে দারুনভাবে বেকার সমস্যা দেখা দিয়েছে, যেখানে সমস্ত লোকের কাজ দেবার কথা, তাদের নিরাপত্তার ব্যবস্থা করা প্রয়োজন, সেখানে আমাদের এই ধরণের জিনিষ প্রয়োজন কতখানি যুক্তিযুক্ত, তা ভাববার কথা।

তারপর "সেন্সাস রিপোর্ট কমিশনার" বলেছেন যে কোন রকম সদুপদেশ দেবার আগে কৃষকদের অনুভব করতে দিন যে জমি সে চাষ করছে, সেই জমির সে মালিক, এই অনুভূতি টুক থাকা দরকার। সেইজন্য প্রথমতঃ চীনের ক্ষেত্রে দেখা গেছে সেখানে তারা আধনিক কো-অপারেটিভের দিকে যায়নি, চাষীকে জমি দিয়েছে। ফলে জমির প্রতি তার যে মমত্ববোধ সেটা সে অনুভব করছে, তাতে উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এইভাবে তাদের মধ্যে একটা "মিউচুয়াল এগ্রিমেন্ট" দিয়ে তাদের এগিয়ে নিয়ে যাবার চেষ্টা তারা করছে। আমার মনে হয় সমস্যা সমাধানের দিক থেকে চিন্তা করতে গেলে, আমার "মিনিট অব ডিসেন্ট" এর মধ্যে যেটা বলতে চেষ্টা করেছি, সেটা হচ্ছে এই—আগে আমাদের কৃষকদের মধ্যে "ইণ্ডিভিজুয়াল পেজেন্ট প্রোপাইটরশীপ" দেওয়া উচিত। এই যেখানে কৃষি সমস্যা সমাধানের লক্ষ্য সেখানে "লার্জস্কেল ফার্মিং কালে,—ষ্টীভ ফার্মিং, ষ্ট্যাট টরি বডি" প্রভৃতি বড় বড় কথা বলে গণ্ডগোল করবার অপচেষ্টা, সত্যিকারের কৃষি ও অর্থনৈতিক জীবন বিকাশের পথ নয়। এটা শুধ কৃষি জীবনের উপর সাক্ষাৎভাবে সরকারের প্রভাব বিস্তারের একটা অপচেষ্টা মাত্র। তার সেখানে কর্ত্তৃত্ব রক্ষা করবার একমাত্র অপচেষ্টা।

তৃতীয়তঃ তাদের সদিচ্ছা দেখান হয়। আমি কয়েকটী "ম্যামেণ্ডমেন্ট" দিয়েছিলাম, তা নিয়ে অনেকবার আলোচনা করেছি। প্রধানমন্ত্রী মহাশয় আলোচনার প্রথম অংশে দেখিয়েছেন কেমন করে বাংলায় প্রথমে "পার্মানেন্ট সেট্‌লমেন্ট" ঠিক হয়েছিল, খাজনা ঠিক হয়েছিল। জমির কি করে উৎপাদন বৃদ্ধি পায়, সেদিকে নজর না রেখে ইষ্ট ইণ্ডিয়া কোম্পনী, তাদের প্রয়োজনে শুধু নয়, আপৎকালীন যা আয় হ'তে পারে, সেদিকে চিন্তা করে সেই খাজনা ধার্য্য করেছিল। সেই খাজনা ধার্য্য করবার পর থেকে তার হার ক্রমে ক্রমে বেড়ে গেছে। সেটা এত বৃদ্ধি হয়ে গেছে যে তার ফলে বহুলোক যে শুধু উচ্ছেদ হয়ে গেছে, তা নয়, বারবার সেখানে দুর্ভিক্ষ হয়েছে। যা প্রথম আলোচনায় বলেছিলাম ১৭৭৮ সাল থেকে ১৭৮১ সাল পর্য্যন্ত বাংলার জনসংখ্যা বৃদ্ধি পায় নাই। যেটুকু বৃদ্ধি পেয়েছে, তাহচ্ছে ১৮৮৫ সালে প্রজাস্বত্ব আইন হবার পর। এটা বিশেষ তাৎপর্য্যপূর্ণ ঘটনা। আমরা বলেছি কৃষকদের খাজনা শতকরা ২৫ ভাগ কম করতে। তা তাঁরা কমিয়ে দিতে অস্বীকার করেছেন। আপনারা সকলে জানেন কিভাবে বাংলাদেশের কৃষকরা জমিশন্য ভাগচাষীতে পরিনত হচ্ছে। এক সময় তাদের অধীনে জমি ছিল, বাপঠাকুর্দার আমলের যে জমি তাদের ছিল, তা থেকে আজ তাদের বঞ্চিত করা অন্যায়। সেদিক থেকে আমরা চেয়েছিলাম অন্ততঃপক্ষে বাকী খাজনার দায়ে তাদের জমি, গরু, চাষের যন্ত্রপাতি প্রভৃতি নীলাম করা হবে না, এই প্রতিশ্রুতি দেওয়া হোক্। তা দেওয়া হয়নি। আমরা চেয়েছিলাম অন্ততঃপক্ষে ভাগচাষীদের একটা অধিকার স্বীকার করা হোক্,—তাও হয় নাই। সেইজন্য এই বিল পাস হবার মখে শুধু একটী মাত্র প্রশ্ন জাগছে যে এই বিল পাস হবার পর মুহূর্তে বাংলার চাষী কি পেল? বাংলা দেশের আসল সমস্যার সমাধান এর দ্বারা হয়েছে কিনা এবং সেই সমস্যা সমাধানের প্রয়োজন ছিল কি না। সেদিক থেকে যদি কোন ব্যবস্থা না হয়ে থাকে,

ছলে এই বিলকে যতই ভাল বলে প্রচার করুন । কেন, বিচার করলে দেখা যাবে বর্তমানে এই ল আশানুরূপ কার্য্যকরী হয় নাই, এটাই আমি লবো।

[4-10—4-20 p.m.]

Sj. Kumar Chandra Jana:

মাননীয় "স্পীকার" মহাশয়, সেদিন এই বিলের তথাকথিত স্রষ্টা বা উত্থাপনকারী রাজস্ব মন্ত্রীমহাশয়ের তরফে ডাঃ রায় (আপনারা সকলেই জানেন ইহার স্রষ্টা একমাত্র রায়) ৪৫ একর "সিলিং" বেঁধে দেওয়ার ব্যাপারে বলেছেন যে পশ্চিম বাংলার জমি কম তার উপর জমিদারদের "ইকনমিক হোল্ডিং" দিতে হচ্ছে এবং পুরা দাম দিয়ে জোতদারদের জমি নিতে পারিতেছি না। কাজেই সকলকে জমি দেওয়া সম্ভব হইতেছে না। তার জন্য অন্য ব্যবস্থা করতে হবে। "স্পীকার" মহাশয়, আমি আপনার মারফৎ এই বিলের প্রকৃত স্রষ্টা ডাঃ রায়কে জিজ্ঞাসা করতে চাই বেকার চাষীদের "কি অন্য ব্যবস্থা দ্বারা তাদের কাজ দিয়ে এই বিপর্য্যয় বেকার সমস্যার সমাধান করবেন"? "ইণ্ডাষ্ট্রিয়াল জব"? গতকল্য ডাঃ রায় মাননীয় বঙ্কিম মুখার্জিকে সমর্থন করিতে যাইয়া, "ইণ্ডাষ্ট্রিয়াল জব"এর দ্বারা তাহাদের "প্রভাইড" করিবেন এই কথা বলিয়াছেন। এ বিল আনার পূর্বে তিনি কি "ইণ্ডাষ্ট্রিয়াল জব"এর ব্যবস্থা করিয়া রাখিয়াছেন তাহা জানাইবেন কি? তিনি গত ছয় বৎসর যাবত "ব্রুট মেজরিটী"র জোরে অখণ্ড কর্তৃত্ব করিতেছেন, তাহাতে তিনি বেকার চাষীদের "ইণ্ডাষ্ট্রিয়াল" কোন "জব" এর ব্যবস্থা করিয়া তাহাদের বেকার সমস্যা নিবারণ করিয়াছেন বা করিতেছেন? না দিন দিন বেকার সমস্যা বেড়েই চলেছে? আমি লক্ষ লক্ষ জমিহীন চাষী শ্রমিক ও কম জমিওয়ালা ছোট চাষীদের কথা তুলিয়া তাঁকে আর লজ্জা দিব না। কারণ তারা মূক ও বোবা, নীরবে সহ্য করিয়া মৃত্যুমুখে চলিয়া যাইতেছে এবং ধ্বংস হইতেছে। যাহারা চীৎকার করিতে পারে এমন লক্ষাধিক যুবক বেকারের মধ্যে তিনি মাত্র ১০ হাজার কর্মীকে সমাজ শিক্ষায় লাগাইবেন বলিয়া "এডভার্টাইজমেন্ট" করিয়াছেন ইহাই কি "ইণ্ডাষ্ট্রিয়াল জব"?

গত দুইবৎসরে পঞ্চবার্ষিকী পরিকল্পনা বা "কমিউনিটি প্রজেক্ট" দ্বারা তিনি কত বেকার সমস্যার সমাধান করিয়াছেন? ইহার জবাব নাই। কেবল ভাঁওতা আছে,

Mr. Speaker:

এটা কি বাজেট· "স্পীচ" হচ্ছে?

Sj. Kumar Chandra Jana: Yes, Sir. (Laughter.)

"নো নো", আমি বলছি "থার্ড রিডিং অব দি ষ্টেট একুজিসান বিল"। তিনি কি বেকার সমস্যার গুরুত্ব এবং দেশের দুর্দশা পরিষ্কার দেখতে পাচ্ছেন না? বরং দেখিতে পাইতেছি তিনি এবং তাঁহার দল ইংরেজের ত্যক্ত ছেঁড়া জুতা পায়ে লাগাইয়া কাল সাহেব সাজিবার চেষ্টা করিতেছেন, "চীয়র্স (অ্যাপ্লজ")। ইহা সত্য কিনা উদাহরণ দিয়া বুঝাইয়া দিতেছি। ইংরাজ যখন এদেশে পৌঁছেছিল, এদেশে, বিশেষ ক'রে বাংলায় প্রধানতম, এমন কি পৃথিবীর শ্রেষ্ঠতম "হ্যাণ্ডিক্রাফট্" দেখিয়া অবাক হইয়া গিয়াছিল। সেই "হ্যাণ্ডিক্রাফট্"এর দ্বারা প্রায় আঞ্চলিক বিভাগের সকলেই স্বয়ং সম্পূর্ণ ছিল। প্রায় অর্দ্ধেক লোকের কিছু বেশী জমি চাষ করিত এবং তার দ্বারা জীবিকা অর্জ্জন করিত এবং বাকী অর্দ্ধেক কুশলী কর্ম্মীগণ "হ্যাণ্ডিক্রাফট্"এর দ্বারা জীবিকা অর্জ্জন করিত এবং বাহিরে দ্রব্যাদি রপ্তানী না থাকায় পরস্পর দ্রব্য বিনিময় দ্বারা পরস্পর পরস্পরকে সাহায্য করিত। অর্থাৎ চাষীরা ধান দ্বারা কুশলী কর্ম্মীদের খাওয়াইত এবং কুশলী কর্ম্মীরা সুতা, কাপড়, তৈল প্রভৃতি দৈনন্দিন কাজ চালাইবার উপযুক্ত আবশ্যকীয় জিনিষ পত্রের দ্বারা চাষীদের সাহায্য করিত। সুচতুর ইংরেজ এই অবস্থা দেখিয়া "পারিয়ামেন্ট"-এ আইন পাশ করাইয়া "ষ্টুলিয়ান" আনাইয়া এখানকার জিনিষপত্র চালান দিতে আরম্ভ করিল কারণ তখন তাদের এমন কোন মালপত্র তৈরী ছিল না যার বদলে তারা এদেশের মাল নিয়ে যেতে পারত। উপরন্তু খালি জাহাজকে সমুদ্র পার করাইয়া এদেশে আনিতে পাথর বোঝাই দিতে হইত। ধূর্ত্ত ইংরেজ পাথরের পরিবর্ত্তে বিনা পয়সায় লবণ বোঝাই করিয়া জাহাজ আনিত এবং এদেশে খুব কম দামে তাহা ভারতের মার্কেটে ছড়াইয়া দিত। ("নয়েজ এণ্ড ইনটারাপসান") শোনেন, শোনেন,

এইভাবে প্রথমে ইংরাজ লবণ শিল্পকে সাবাড় করিল—আমি বলতে চাই ইংরেজ যেমন পার্লামেন্টে "পার্মানেন্ট সেটেলমেন্ট" আইন পাশ করাইয়া ভারতবর্ষের চাষীদের সর্বনাশ করিয়াছিলেন তেমনি আপনারা এই "ষ্টেট একুসিসান" বিল পাশ করিয়া কৃষকদের সর্বনাশ করিয়া সমস্ত জমি করায়ত্ত করিতে চলিয়াছেন।

(Noise and Interruptions)

একথা আপনারা সকলেই জানেন পরে তারা "ষ্টীম ইঞ্জিন" দ্বারা "ইণ্ডাষ্ট্রিয়াল রেভোলিউসান" আনাইল এবং "ষ্টীম ইঞ্জিন" দ্বারা পরিচালিত "হাইলি কমপ্লিকেটেড মেসিনারি"র দ্বারা "ক্যাপি-

[Sj. Kumar Chandra Jana.]

টালিস্ট" দের সাহায্যে "মাস প্রোডাকসান" চালাইতে লাগিল এবং সেই প্রচুর মাল সস্তায় পরাধীন ভারতের বাজারে ছড়াইয়া ভারতের স্বয়ং সম্পূর্ণ "হ্যাণ্ডিক্রাফট্" কে ধ্বংস করিয়া শোষণ ও শাসন ও লুণ্ঠনের চরম অবস্থায় দেশকে একেবারে ডুবাইয়া দিতে লাগিল। তখন "হ্যাণ্ডিক্রাফট"এ কুশলী কর্মীগণ কর্মের অভাবে বেকার হইয়া জমির উপর নির্ভর করিতে বাধ্য হইল। যখন দেশবাসী সকলেই জমির উপর নির্ভর করিল, তখন লুণ্ঠনকারী ধূর্ত্ত ইংরাজ পরাধীনতাকে চিরস্থায়ী করিবার জন্য, জমির উপর কর্তৃত্ব করিবার ফন্দী করিয়া চিরস্থায়ী "সেটেলমেন্ট"কে আনাইলেন এবং জমির খাজনা আদায় করিবার জন্য "কমিশন" দিয়া জমিদাররূপ দালাল ক্লাস তৈরী করিয়া দেশকে চির পরাধীনতার শংখলে বাঁধলেন, আজ এই কলঙ্কের ইতিহাস সকলেই অবগত আছেন।

Mr. Speaker:

অনেক বলেছেন, এবার বিল সমুন্ধে একটু বলুন।

Sj. Kumar Chandra Jana:

"স্পীকার" মহাশয়, আপনার মাধ্যমে ডাঃ রায়কে—(কারণ ডাঃ রায়ই একাধারে সব—সকলেই ইহা অনুভব করিতেছেন যে তিনি অন্যান্য "পোর্টফোলিও"তে শিখণ্ডীদের খাড়া করিয়া রাখিয়াছেন মাত্র এমন কি তিনি বিল রচনাকারী এবং তাহার "এ্যাসেণ্ডমেন্ট"এর সৃষ্টা এবং ব্যাখ্যাকারী) তাঁকে আজ আমি "চ্যালেনজ" করছি--

Sj. Kaustav Kanti Karan: Is the Hon'ble Member entitled to show his clenched fist to the Speaker?

Mr. Speaker: He is not showing his clenched fist to me. He is only pointing out.

Sj. Kumar Chandra Jana:

হাঁ আমি তাকে "চ্যালেনজ" করছি তিনি কি সুতা, কাপড়ের, ধানের, তেলেরকলের দ্বারা এই বেকার সমস্যার সমাধান করিবেন বলিয়া মনে করিয়াছেন? তিনি কি এক ধারে সুতার কল বসাইবেন অন্য ধারে "হ্যাণ্ডিক্রাফট" চরকার কথা চালাইবেন। একদিকে কাপড়ের, তেলের ও ধানের কল রাখিয়া অন্য দিকে তাঁতী, তেলি, ঢেকিওয়ালা বিধবাদের বেকার সমস্যার সমাধান করিবেন; না বেকার বাড়াইয়াই চলিবেন? তিনি কুটীর শিল্পমন্ত্রী পাঁজা মহাশয়কে জিজ্ঞাসা করুন তিনি এই কয় বৎসরে কত লক্ষ টাকা জলে ফেলিয়াছেন, তথাকথিত খাদি বোর্ড দ্বারা লক্ষ লক্ষ টাকা খরচ করিয়া চরকা চালাইয়া কয়খানি গ্রাম স্বয়ংসম্পূর্ণ করিয়াছেন? তিনি এরকম একখানি গ্রামের নাম করুন দেখি? অসম্ভব। একধারে "মাস প্রডাকসান"কারী কল ও অন্য ধারে চরকা চলা সম্ভব? বর্ব্বরস্য ধনক্ষয়ের মত গরীবের টাকাগুলিকে সমুদ্রের জলে ফেলিয়া দিতেছেন। এবং "হ্যাণ্ডিক্রাফট" দেশে চলিবেনা ইহাই প্রমাণ করাইয়া, পাশ্চাত্যের পোষরা "ইণ্ডাষ্ট্রিয়াল রেভোলিইউসান" দ্বারা পরিচালিত "হাইলি কম্প্লিকেটেড্ মেসিনারী"তে "মাস প্রোডাক্সান" করিয়া দেশের বেকার সমস্যার সমাধান করিবেনও ইহা আকাশ কুসুম কল্পনা মাত্র।

"স্পীকার" মহাশয়, আপনার মাধ্যমে বাংলার গরিষ্ঠ দলের সর্বময় কর্ত্তা বা "ডিক্টেটর" মহাশয়কে শোনাচ্ছি—ধৈর্য্য ধরুন, অস্থির হইবেন না। এই তথাকথিত "ইণ্ডাষ্ট্রিয়াল রেভোলিউসান"এর দ্বারা যে "ইণ্ডাষ্ট্রিয়াল জব" তৈরী করিবেন তাহা দ্বারা কি তিনশত "মিলিয়ন" ভারতবাসীকে কাজ দিতে পারিবেন? ইংরাজ তাহার ৩০ মিলিয়নকে "ইণ্ডাষ্ট্রিয়াল রেভোলিউসান"এ উৎপন্ন, "ইণ্ডাষ্ট্রিয়াল জব" দ্বারা কাজ দিতে যাইয়া ৬০০ মিলিয়নকে পরাধীন করিতে হইয়াছিল—(আজ অবশ্য সে শেষ হইতে বসেছে, একেবারে সম্পূর্ণ যায়নি হয়ত আরও কিছুদিন চলবে কারণ পরাধীন অনগ্রসর আফ্রিকান তাদের হাতে রহিয়াছে) আজ আপনার ৩০০ মিলিয়নকে কাজ [দিতে হইলে কত হাজার মিলিয়নকে পরাধীন করতে হবে সে খবর যদি রাখতে চান তবে সেটা খুঁজতে হ'লে পথিবীতে কুলোবেনা, আনবিক বোমায় চড়ে চন্দ্রলোক, মঙ্গললোকে খুঁজতে হবে। ("হিয়ার হিয়ার")

[4-20—4-30 p.m.]

আমি সেদিন এই বিলের প্রথম "রিডিং"এ যে আলোচনা করেছিলাম-আমি একজন নগন্য লোক ব'লে এবং আমার নাম উচ্চারণ করিতে ঘৃণা করে—"ইণ্ডাইরেক্ট" পথে ডাঃ রায় বলেছিলেন যে আমি মহাত্মা গান্ধী ও কংগ্রেসি পথে চলি, কিন্তু আমি বলবো যে এই বিল কংগ্রেসের নীতি অনুসারে তৈরী হয় নাই। আজ আমি যা দেখাবো সেটা আমার কথা নয় এটা জাতির জনক মহাত্মা গান্ধীর কথা, আপনারা মন দিয়ে শুনুন। তিনি "ইণ্ডাষ্ট্রিয়াল রেভোলিউসান" সমুন্ধে কি "প্রোফেসি" করেছিলেন। তিনি বলেছিলেন,

"Industrialism is, I am afraid, going to be a curse for mankind."

Mr. Speaker:

"রিটেন স্পীচ" ছেড়ে দিয়ে এবার আপনার কথা কিছু বলুন।

Sj. Kumar Chandra Jana:

এগুলো আমার কথা বলছি না: এবং যা বলছি "পার্টি"র তরফ থেকেই বলছি।

Mr. Speaker:

আপনাদের "পার্টি"র আরোও ১৪ জন বলবার আছে। আপনার "টাইম" হয়ে গেছে।

Sj. Kumar Chandra Jana:

তাহলেও আমাকে কিছু "টাইম" দিতে হবে। আমি তাড়াতাড়ি পড়ে যাচ্ছি।

"Industrialism depends entirely on your capacity to exploit, on foreign markets being open to you, and on the absence of competitors. It is because these factors are getting less and less every day for England, that its number of unemployed is mounting up daily. The Indian boycott was but a flea-bite. And if that is the state of England, a vast country like India cannot expect to benefit by industrialization. In fact, India, when it begins to exploit other nations—as it must do if it becomes industrialized—will be a curse for other nations, a menace to the world. And why should I think of industrialising India to exploit other nations? Don't you see that tragedy of the situation, viz., that we can find work for our 300 million unemployed, but England can find none for its three millions and is faced with a problem that baffles the greatest intellects of England."

তারপর তিনি "মাস প্রোডাকসান" সম্বন্ধে বিলাতের বিখ্যাত একজন পণ্ডিত যখন জিজ্ঞাসা করেছিলেন

"what then is the secret of your concentration on the village"

তার উত্তরে তিনি বলেছিলেন—

"The revival of the village is possible only when it is no more exploited. Industralization on a mass scale will necessarily lead to passive or active exploitation of the villagers, as the problems of competition and marketing come in. Therefore, we have to concentrate on the village being self-contained, manufacturing mainly for use. Provided this character of the village industry is maintained, there would be no objection to villages using even modern machines and tools that they can make and can afford to use. Only they should not be used as a means of exploitation of others."

তার পর তাঁকে জিজ্ঞাসা করা হয় যে,

"Then you do not envisage mass production as an ideal future of India?"

তার উত্তরে তিনি বলেছিলেন,

"Oh yes, mass production, certainly, but not based on force. If you multiply individual production to millions of times, would it not give you mass production on a tremendous scale? But I quite understand that your "mass production" is a technical term for production by the fewest possible number through the aid of highly complicated machinery. I have said to myself that that is wrong. My machinery must be of the most elementary type which I can put in the homes of the millions... ..(Interruptions)."

এই হচ্ছে গিয়ে আমাদের জাতির জনক, তাঁর কথা। আমি এর সঙ্গে আরেকটা কথা বলতে চাই যে এই "বিল" আনার পূর্বে পঞ্চায়েত "বিল" তৈরী করা উচিত ছিল। আমরা জানি কোন কোন লোক বিশেষত: তাঁদের দলের লোক পঞ্চায়েত "বিল" পাইয়াছেন কেবল আমাদের এখানে কেহই পায় নাই। সংবাদপত্রে এ বিল আলোচনা হয়েছে, যদি এই বিল আনার পূর্বে পঞ্চায়েত বিল আসতো তাহলে মহাত্মা গান্ধীর "আইডিয়া" অনুসারে গ্রাম্য পঞ্চায়েত দ্বারা এই কাজ করান যেত। তা না করে ঘোড়ার আগে গাড়ী যুড়ে দিলেন। এসম্বন্ধে মহাত্মা গান্ধীর কথা একটু শুনুন।

Mr. Speaker: Your time is up.

Sj. Kumar Chandra Jana:

আমাকে আরেকটু "টাইম" দিতেই হবে।

Mr. Speaker: There are lot of other speakers.

Sj. Kumar Chandra Jana:

আমি পড়ে যাচ্ছি,

"My idea of Village Swaraj is that it is a complete republic, independent of its neighbours for its own vital wants, and yet interdependent for many others in which dependence is a necessity. Thus every

[Sj. Kumar Chandra Jana.]

village's first concern will be to grow its own food crops and cotton for its cloth. The government of the village will be conducted by the Panchayat of five persons annually elected by the adult villagers, male and female, possessing minimum prescribed qualifications. These will have all the authority and jurisdiction required. Since there will be no system of punishments in the accepted sense, this Panchayat will be the legislature, judiciary and executive combined to operate for its year of office....."

মহাত্মা গান্ধী যে সময় ১৯৪২ সালে "কুইট্ ইণ্ডিয়া" প্রস্তাব এনেছিলেন এবং করেঙ্গা "অর" মরেঙ্গা এই "স্লোগান" দিচ্ছিলেন ঠিক তাহারই পরে ১৯৪২ সালের ২৬ ও ২৮শে জুলাই বলেছিলেন,

"Every village will be a republic or Panchayat having full powers. It follows, therefore, that every village has to be self-sustained and capable of managing its affairs even to the extent of defending itself against the whole world. This society must naturally be based on truth and non-violence which, in my opinion, are not possible without a living belief in God, meaning a self-existent, all-knowing living Force which inheres every other force known to the world and which depends on none, and which will live when all other forces may conceivably perish or cease to act. I am unable to account for my life without belief in this all-embracing living Light. In this structure composed of innumerable villages, there will be everwidening, never ascending circles. Life will not be a pyramid with the apex sustained by the bottom. But it will be an oceanic circle whose centre will be the individual always ready to perish for the village, the latter ready to perish for the circle of villages, till at last the whole becomes one life composed of individuals, never aggressive in their arrogance but ever humble, sharing the majesty of the oceanic circle of which they are integral units. In this structure there is no room for machines that would displace human labour and that would concentrate power in a few hands. Labour has its unique place in a cultured human family. Every machine that helps every individual has a place."

[4-30—4-40 p.m.]

Mr. Speaker:

এবার বিল সম্বন্ধে বলুন।

Sj. Kumar Chandra Jana:

"স্পীকার" মহাশয়! আপনার মাধ্যমে তথাকথিত বাংলার "ডিক্টেটর" সাহেবকে জানিয়ে দিচ্ছি যে তিনি বাপুজীর আদর্শ ত্যাগ করে যেভাবে এই বিলকে আইনে পাশ করাতে চলেছেন তাতে উনি গত সেসনে এই "ফ্লোরে" দাঁড়িয়ে যে কথা বলেছিলেন তা পূরণ করতে যাচ্ছেন। তাহা এই—কমিউনিষ্ট বন্ধুগণ ওঁদের সরাবেন বোলে ভয় দেখালে উনি জবাব দিয়েছিলেন যে ২৫ বৎসর কেউ তাঁকে ও তাঁর দলকে সরাতে পারবেন না। এই বিলে ও সংশোধনীতে সেই পরিকল্পনা পরিস্ফুট হয়ে উঠেছে। উদাহরণ দিচ্ছি—

১নং "রেন্ট কলেক্শান ষ্টাটুটরি অথরিটি", গভর্নমেন্টের অধীনে ইহারা হইবেন ঠিক ইংরাজের মত "রেন্ট" আদায়কারী দালাল দল। এদের কমিশন দিয়ে দালাল তৈরী করবেন এবং এমন অবস্থা করবেন যাতে ক'রে আর কেউ মাথা তুলতে পারবে না। এইরকম জমি সংস্কারের ব্যবস্থা করেছেন। তার পরে বড় বড় জমিদার ও ধনিওয়ালাদের "কম্পেন্সেশন" দিয়ে তাদের পকেটে রাখবেন ও নিজেদের সুবিধা করবেন। জোতদারদের ত হাতেই রেখেছেন। এসমস্তই সুকৌশলে কর্তৃত্ব স্থায়ী রাখবার বন্দোবস্ত নয় কি?

Mr. Speaker:

আর টাইম নেই; আপনি শীঘ্রই শেষ করুন।

Sj. Kumar Chandra Jana:

আর একমিনিট, "স্যার"!

আমার পার্টির "সাজেসান"টা শুনুন। এক মিনিটের মধ্যেই শেষ করিব।

এখন আপনাকে অনুরোধ করছি মোড় ফিরিয়ে ব্যবস্থা করুন। বর্ত্তমান সময়ে বাংলার ১৪০ লক্ষ লোক চাষের উপর নির্ভর করে; জমির পরিমান ১৩০ লক্ষ একর মাত্র। এদের অন্য কোন "জব্" নাই, এদের এখনই জমি সমভাবে ভাগ কোরে দিই আসুন।

এই প্রসঙ্গে একটি নীতি গল্প বলি শুনুন একজন তামিল সাধু ছিলেন——

Mr. Speaker:

আর গল্প বোলে কি হবে? এখন বসে পড়ুন।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় "স্পীকার" মহাশয়, যে বিলের আলোচনা শেষ হয়ে এসেছে, সে বিলটা গত অধিবেশনে আমরা আলোচনা করেছি। সিলেক্ট কমিটির মারফৎ আবার আমাদের সাম্নে আসায় এই অধিবেশনেও দীর্ঘ সময় বিলটি আলোচিত হয়ে গেছে। সিলেক্ট কমিটির মারফৎ আসবার পরেও এত আলোচনা দ্বারা এইটিই প্রমাণ করেছে যে আমাদের বিরোধী পক্ষ সিলেক্ট কমিটির মধ্যে বিশদ আলোচনা করে বিলটাকে আরো ভাল করবার চেষ্টা করলেও, সেক্ষেত্রে তাঁরা ব্যর্থ হয়েছেন। সেই জন্য তাঁরা আবার এত দিন ধরে এতটা চেষ্টা করলেন যাতে নাকি এটাকে অন্ততঃ মন্দের ভালো করা যায়।

মাননীয় "স্পীকার" মহাশয়, আমি দেখেছি, এ কয়দিনের আলোচনার মধ্য দিয়ে, যে কংগ্রেস পক্ষ সিলেক্ট কমিটিতে এত তাড়াতাড়ি কাজ শেষ করেছেন, এর ভিতর এতগুলি ত্রুটি রেখেছিলেন যার জন্য তাঁদের এখানে আবার সেই ত্রুটি সংশোধনের জন্য সংশোধনী আনতে হয়েছে এবং বহু জায়গায় সদস্যগণকে আবার নূতন করে আলোচনা করবার সুযোগ দিয়েছেন। এবং যদিও আমরা এটার অনেক সময় ধরে আলোচনা করেছি, তবু, আমার মনে হয় এমন বড় একটা ব্যাপারের আরো ভালোভাবে আলোচনা করা উচিত। এখানে এটার প্রথম আলোচনা করবার সময় এই কথা উঠেছিল, আমাদের দিক থেকে আমরা যেন রাজনীতিকে এর ভেতর না আনি। সে জায়গায় আমার বক্তব্য হচ্ছে, এই জমিদারী প্রথা উচ্ছেদের জন্য ইংরেজের সময় যখন আমরা আন্দোলন করেছিলাম, তখন সেটাও ছিল রাজনীতি, আজও রাজনীতি। দেশের সাধারণ মানুষের ইংরেজের বিরুদ্ধে সংগ্রামে কৃষককে যুক্ত করবার জন্য ইংরেজের যারা ছিল পৃষ্ঠপোষক জমিদার, তাদের হাত থেকে জমিদারী কেড়ে নেওয়ার পর চাষির হাতে জমি দেবার ধ্বনি—আমাদের ছিল সেটা সংগ্রামের ধ্বনি। বর্ত্তমানে আমাদের দেশে যত কিছু রাজনীতিই থাক, সে রাজনীতি হচ্ছে অন্ন সমস্যার সমাধান করা, এবং সেইটে বিবেচনা করে যদি আমরা জমিদারের কাছ থেকে জমি নিই তাহলে তাতে জমিদারের বিরোধিতার কথা ওঠে না; আমরা শুধু এই কথা এইখানে ভাবব যে এই নিরন্ন দেশে, এই অভাবগ্রস্ত দেশে অন্ন সমস্যার সমাধান কি ক'রে করা যায়। সেই দিক দিয়ে ভাবলে, অন্নের ব্যবস্থা করতে হলে, প্রথমে গরীব চাষী ও ক্ষেত মজুরদের জন্য প্রচুর জমির ব্যবস্থা করতে হবে; এবং দেখতে হবে তাদের প্রাণে কি করে আশা জাগিয়ে তোলা যায়; সমস্ত রকমে ফসল উৎপাদনের সুযোগ তাদের দিয়ে, তাদের সংসার প্রতিপালনের দাবী মিটিয়ে, সারা দেশে অন্নের সংস্থান কি করে করা যায়;—আমরা জমিদারদের বঞ্চিত করবার উদ্দেশ্য নিয়ে জমিদারী বিলোপের কথা ভাবছি না। মাননীয় "স্পীকার" মহাশয়, আমি সেইজন্য, শুধু সেই কারণে, ক্ষতিপূরণ দেবার একেবারে বিরোধী। অনেকে অনেক ভাবে এই কথার আলোচনা করেছেন, কেউবা মহাত্মা গান্ধির কথা জানিয়েছেন, দেশ বিদেশের কথা বলেছেন। আমার কথা তাদের ক্ষতিপূরণ দেবার দরকার নাই। এবং ক্ষতিপূরণ দেবার প্রশ্নে আমি বলতে চাই যে আমাদের আর্থিক অবস্থায় কুলোবেনা। আর যাদের হাত থেকে জমি নেওয়া হচ্ছে তাদের এমন অবস্থা নয় যে তাদের অন্ন বস্ত্রের অভাব হবে। তাদের দৈনিক সংসার প্রতিপালন করবার অর্থাভাব ঘটবে। যখন আমরা ছাটাই শ্রমিকদের, বেকার শ্রমিকদের নিয়ে সংঘবদ্ধভাবে এই সরকারের কাছে এসে দাঁড়াই তখন তাঁরা আমাদের বলেন—কি করব, উপায় নাই। যদি বলি শ্রমিকের ১৲ টাকায় চলেনা, তখন তাঁরা দেখিয়ে দেন দেশের গড় পড়তা আয় বাড়েনি। কিন্তু আজকে জমির মালিকদের, জমিদারদের জমি ও অর্থ এইভাবে দেবার জন্য প্রস্তুত হয়ে গেলেন কি করে? যারা আলোচনার মধ্যে আমরা এই জিনিষটি দেখতে পাব। আমাদের দেশের যত গরীব কৃষককুল সমস্ত জমি তাদের হাতে এনে দিয়ে কি করে আমরা অন্নবস্ত্রের সমস্যার সমাধান করতে পারব তা যেন আমাদের চিন্তার বাইরে চলে যাচ্ছে। এইটেই এখন আমাদের চিন্তা করতে হবে। সেইজন্য আমি বলব আরো সময় দিন, এটাকে পরিবর্ত্তন করতে এইভাবে চিন্তা করুন। ক্ষতিপূরণের কথা মোটেই বড় কথা নয়। সমস্ত জমি যারা চাষ করবে, যারা নাকি একমাত্র চাষবাসের কাজ করবে, তাদের হাতে জমি দিতে হবে। এবং সেই চাষবাসের সাহায্য করবার, যা প্রধান উপকরণ—গরু, লাঙ্গল, সার ও জলের ব্যবস্থা করে দিতে হবে,—তার জন্যই জমিদারী প্রথা উচ্ছেদ; এই সমস্ত ব্যবস্থা করে যদি জমিদারের ক্ষতিপূরণ দেবার আপনাদের সামর্থ্য থাকে দিতে পারেন, কিন্তু আমি সেই জায়গায় বলবো,

[4-40—4-50 p.m.]

আমি আগে যে কথা বলেছি যে এই ক্ষতিপূরণ দেবার কোন প্রয়োজন নেই। কারণ তারা সমাজের ঘাড়ে এমন ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে না, যা এর জন্য

[Sj. Amarendra Nath Basu.]

তাদের বিপদ উপস্থিত হতে পারে। তবে জ্যোতি বাবু যে কথা বলেছেন নীতির দিক থেকে নয়, শুধু সংবিধানের সম্মান রক্ষা করবার জন্য আমি এই কথা বলছি আপনারা এখন অল্প অল্প ভাবে কাজ করতে পারেন যাতে তারা একেবারে বিপদে না পড়ে। আজ আমি এই বিলটাকে মোটেই সমর্থন করতে পারি না এই কারণে যে এর পিছনে সত্যিকারের চাষীর মঙ্গল হবে না। এর দ্বারা সত্যিকারের চাষেরও উন্নতি হবে না এবং দেশের লোকের ঘাড়ে, প্রত্যেকটি মানুষের উপর এই ক্ষতিপূরণের নামে যে ঋনের বোঝা চাপিয়ে দেওয়া হবে, সেটা দেশের লোকে বহন করবার মত শক্তি রাখে না। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

Sj. Jnanendra Kumar Chaudhury: Mr. Speaker, Sir, the Calcutta Municipal area with Tollyguunge has been excluded from this Bill I say, Sir, there is no justification for this. A discrimination has been made between different portions of the State property. Bihar, U.P., Madras, Bombay, Orissa and Madhya Pradesh have already passed such Acquisition Bills, and their chief cities have not been excluded. It is for this reason, Sir, that we in the Select Committee pressed for the inclusion of Calcutta Municipal area. It was included in the Bill in the Select Committee, but by a stroke of pen it has now been excluded, and there has been discrimination between citizens of State. Why should the Calcutta intermediary enjoy, while the others should be deprived of the same? Our Chief Minister was pleased to answer that we would not be materially benefited if the Calcutta Municipal area came within the purview of this Act. But that is to be considered. What will the mafussilities say when we exclude Calcutta from the operation of this Act? They will say that because others are interested in Calcutta property as they live near the Ministry they have influenced the Ministry, and so the Calcutta Municipal area has been excluded.

Then, Sir, through you I would appeal to the President to withhold his assent under Article 31A of the Constitution, and then send back the Bill for reconsideration, and I would request the Chief Minister to bring in a Bill to amend this Bill in the next session so as to include Calcutta within the purview of this Bill.

Now, Sir, hurried amendments, not even on clauses but on chapters, have been brought, and amendments have been made to amendments, and all these have been passed without knowing the full details of the Bill.

Then, Sir, I find that the land of *raiyats*, if they cultivate themselves even by tractors, will not be taken. If they cultivate 500 *bighas* of land, whether that land will be taken or not is to be considered. If they cultivate the land in *bhag* it will be taken. It has been provided that 33 acres will be given to each *raiyat*. But how to calculate? Will the calculation be made from *bhag* land or from *khas* land? If he has no *khas* land where will the *bhag* land go? Will the *bhag* tenant get the land, or the State will get the land? There is no answer to that. So, we want elucidation on that point. Sir, this Bill is only creating *khas mahal* all over Bengal, and what benefit will the tenant get? The tenant will not be benefited in any way. There has been no remission of rent. There should be remission of rent, so that the reduction—10 per cent., 25 per cent. or any other per cent. that Government may think fit—will benefit the tillers of the soil. Otherwise they will not be benefited at all.

Then, Sir, no check has been provided for in this Bill as regards transfer by tenants. So, eventually the land will again go back to those intermediaries from whom the lands have been taken. Under section 49 of the Bengal Tenancy Act transfer of aboriginals has been restricted, and consent of the Government is obtained before such transfer. So, Sir, some sort of check or provision should have been made in this Bill so as to check all these transfers. I would request the Government to move another Bill and not to press this Bill.

Sj. Shambhu Charan Mukherjee: Mr. Speaker, Sir, the legislation which we are going to pass has got a great historical importance. This is an epoch-making legislation. The landed aristrocracy of Bengal which was forced upon us by the introduction of the Permanent Settlement in the year 1793 has been sought to be abolished by this legislation. This is an admitted fact that the land system of Bengal was so intricate and so incongruous that this single legislation cannot set right the defects and bring about the harmony with our idea of land reforms. Of course if we look to the land reforms of other countries such as England, France, Greece and Rome and also of China and Russia, it did not take the complete shape by a single attempt. The object of the land legislation now-a-days should be to help the growth of a classless society by class collaboration and not by way of a class contest as our friends opposite suggest. The object of any land reform is not only the break-up of the large estates and the equalisation of peasant holdings and considerable increase in the number of peasant farms, but also the equalisation of such holdings without fragmentation. If we look into the Russian agrarian reforms, we will see that it could not attain this end by the first Five-Year Plan. By the second Five-Year Plan also Russia could not achieve the desired result. The Bill which is now under consideration is the first of its kind in West Bengal. It seeks to remove from West Bengal intermediary interests in land. Now, Sir, let us see how far this Bill satisfies our idea of land reforms.

[4-50—5 p.m.]

Chapter I deals with definitions only, and chapter II deals with the provision entitling this State to the acquisition of estates and of rights of intermediaries. Chapter III of this Act deals with the assessment and payment of compensation to such intermediaries. My friends opposite do not differ in the matter of payment of some money in lieu of the interest acquired but they differ only in nomenclature. They term it as rehabilitation grant and we call it as compensation (interruption). The rate of compensation which has been proposed by this Act is far more scientific and beneficial than that adopted by the other States of India (interruption).

Mr. Speaker: Order, order.

Sj. Shambhu Charan Mukherjee: Chapter IV deals with acquisition of mines and minerals. The principle of awarding compensation under this chapter is not to benefit any particular class but to benefit the State as a whole. The most redeeming chapter of this Bill is chapter VI. Section 44 embodies an idea so revolutionary and so progressive in its nature that no country, not even Russia could adopt this in their first attempt of land reforms. This section and this section alone, I hope, will build a powerful society in West Bengal and will put an end to blood-sucking landed aristocracy of Bengal. The sooner the work of redistribution is complete the better would it be for the State. But there is one stumbling block in the way. Fresh settlement operation is to be completed. I shall request the Government to complete settlement operations and to do it as early as possible. The Bill which is before us will, I hope, bring about our long-desired result. This Bill, I hope, will put an end to land hunger of the people of West Bengal and direct them to the improvement of commerce and industry. This legislation will, I hope, teach us not to depend on the labour of other people—not to depend on labour of *bargadars* and *adhiars*. This legislation will give us an impetus to depend on our own labour.

With these words, I support this Bill.

Sj. Saroj Roy:

"মিঃ স্পীকার, স্যার," বিভিন্ন খবরের কাগজ মারফৎ ঢাক ঢোল পিটিয়ে যে বিল আনা হচ্ছে এই বিল সম্বন্ধে দেশের সাধারণ মানুষের ধারণা ছিল যে, বাংলা দেশের এই যে সমস্ত মাঝির প্রথা,

[Sj. Saroj Roy.]

তা থেকে বাংলা দেশের ভূমি ব্যবস্থা মুক্ত হবে কিন্তু এ বিল যখন শেষ হতে চলেছে তখন পরিষ্কারভাবে দেখা গেল যে, সমস্ত যান্ত্রিক প্রথা যা বাংলায় ছিল, তা অটুট রয়েই গেল। বিলের যে মূলগত গলদ, "কম্পেনসেসন"এর ব্যাপার যেখানে ৩০ কোটি টাকা "কম্পেনসেসন" দেওয়া হচ্ছে এবং ভবিষ্যতে আরও ৬০ কোটি টাকা "কম্পেনসেসন" দেবার ব্যবস্থা হচ্ছে এই বিরাট টাকার অঙ্ক বাংলা দেশের সাধারণ মানুষের উপর "ট্যাক্স" চাপিয়ে আদায় করা হবে। বাংলা দেশের মানুষ আজকে যে পর্য্যায়ে এসেছে তাতে তাদের "বায়িং কেপাসিটি" খুবই কমে গিয়েছে এবং যদি এর উপর আবার "ট্যাক্স"এর চাপ পড়ে তাহলে ক্রয় ক্ষমতা আরও কমে যাবে। এভাবে যে চাপ,"ট্যাক্সেশন"-এর ফলে আসবে তাতে আগামী ২০ বছরের জন্য বাংলার অর্থনৈতিক ও অন্যান্য দিকের উন্নতি সমস্তই বন্ধ করে দেওয়া হ'ল। তাছাড়া এর ফলে আগামী কয়েক বছরে বাংলা সরকারের "রেভিনিউ" ক্ষেত্রে আরও বিরাট ঘাটতি হবে তাতে বাংলা সরকারের অর্থনৈতিক কাঠামো আরও দুর্বল হয়ে পড়বে। তাছাড়া দ্বিতীয় কথা হচ্ছে বাংলা দেশের মোট জমির যে অন্ততঃ ৩৩ ভাগ জমি জোতদারদের হাতে রয়েছে, তা আনবার কোন ব্যবস্থাই এই বিলের মধ্যে করা হল না। তাও ভবিষ্যতের জন্য রেখে দেওয়া হল। এই যে জোতদারদের হাতে জমি রেখে দেওয়া হ'ল, সেই জমি নেওয়া সম্পর্কে কোন পরিষ্কার নীতি ঠিক করা হ'ল না। এসব জমি কতদিন পরে কি ভাবে নেওয়া হবে সে সব কিছু ঠিক করা হ'ল না। কাজেই পরিষ্কার দেখা যাচ্ছে যে ভবিষ্যতেও ভূমিহীন চাষীদের জমি পাওয়ার কোন সম্ভাবনা রইল না। বেশীর ভাগ জমিই সেই "ইন্টারমিডিয়ারী" জোতদারদের হাতে রয়ে গেল। সুতরাং এই যে বলা হয়েছে বিলে কৃষকদের হাতে জমি দেওয়ার কথা—এটা ধাপ্পা ছাড়া আর কিছু নয়। তৃতীয় কথা হল যে আজকে কৃষক যদি জমি না পায়—যে কথা আমার অন্যতম বন্ধু বলেছিলেন—বাংলাদেশের মূল সমস্যাই হ'ল খাদ্য-সমস্যা, খাদ্যের অভাব ও ঘাটতি, সেটা কৃষকদের হাতে যদি জমি না দেওয়া হয় তাহলে খাদ্য ঘাটতি পূরণ হবে কোন্ দিক থেকে? এটা সর্বজন স্বীকৃত নীতি যে কৃষকদের হাতে জমি না দিলে খাদ্যসমস্যা সমাধান হতে পারে না। সুতরাং দেখা যাচ্ছে এটাও এ বিলে হ'ল না। তারপরে খাজনা সম্পর্কে—কৃষকদের যে সমস্ত খাজনা বাকি পড়েছে যে দীর্ঘ কালের খাজনার চাপ সমস্ত কৃষক সমাজকে পঙ্গু ক'রে দিয়েছে, সেই বাকী বকেয়া খাজনা থেকে রেহাই পাবার জন্য বহু দিন ধরে তারা আন্দোলন করে আসছে, সেটা করা হলে, কৃষকদের কিছুটাও উন্নতি হতে পারত কিন্তু সে সম্বন্ধেও কিছু এই বিলের মধ্যে নেই। কৃষক সমাজের উন্নতির পথ কোন দিক থেকেই এই বিলের মধ্যে নেই। সাঁজা জমি সম্পর্কে যে খাজনার কথা আছে—"রেণ্ট ইন কাইণ্ড" সে সম্বন্ধে আলোচনার ভিতর থেকে দেখা গেল এ বিলে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে পরিষ্কারভাবে প্রমাণিত হল সে সাঁজা জমির খাজনা যা আছে, সেই খাজনার পরিমাণ তা থেকে বিশেষ কমবে না। তার পর সব চেয়ে বিশ্বাসঘাতকতা যা করা হয়েছে সেটা হচ্ছে কলিকাতায়, টালিগঞ্জে, যে সমস্ত বড় বড় জমিদারী রয়ে গেছে তাদের এই বিলের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। এখানে ঐ পাশের অনেক কংগ্রেসী বন্ধু জোর গলায় বলেছেন যে এটা একটা ঐতিহাসিক বিল আনা হচ্ছে যেটা বাংলা দেশের আর্থিক সমস্যা, কৃষিসমস্যার সমাধান করতে যাচ্ছে। কিন্তু আমি তাদের নিজেদের বুকে হাত দিয়ে চিন্তা করতে বলি যে তারা কি সত্যই মনে করেন যে এতে কৃষিসমস্যার কোন প্রকার সমাধান হবে? এবং তাঁরা কি সদিচ্ছায় এই বিলটা এনেছেন, না বাংলা দেশের কৃষককুল এতকাল যে দুর্ধর্ষ আন্দোলন করেছিল, সংগ্রাম করে আসছিল তার চাপে পড়েই এরকম একটা বিল আনতে বাধ্য হয়েছেন, যার উদ্দেশ্য হচ্ছে কৃষকসমাজকে ভাঁওতা দিয়ে তাদের জমিদারী প্রথা উচ্ছেদ আন্দোলনকে তারা যে বিনা খেসারতে কৃষকদের হাতে জমি দিতে আন্দোলন করেছিল, সেই আন্দোলনকে বিপথে পরিচালনা করবার জন্যই এই বিল এনেছেন? সুতরাং এ বিলে কৃষকদের "সোসিয়ালি এণ্ড ইকনমি ক্যালি" কোন উন্নতিই হচ্ছেনা।

[5—5-25 p.m.]

এই বিরাট অঙ্কের "কম্পেনসেসন" দেওয়ার দিক থেকে আজকের যদি এই হাউসের সামনে প্রশ্ন তোলা যায় তাহলে দেখা যাবে যে কোন নীতির দিক থেকে, কোন আইনের দিক থেকে, কোন অর্থনৈতিক দিক থেকেই এই "কম্পেনসেসন" দেওয়া উচিত নয়। একটি উদাহরণ আপনাদের সামনে দেবো। বিশেষ কোরে যারা এখানে মেদিনীপুরের বন্ধুরা আছেন তারা জানেন যে ১৮৩৬ সালে অর্থাৎ ১১৭ বৎসর পূর্বে মেদিনীপুরে "ওয়াটসন জমিদারী কোম্পানি" নামে এক সাহেব কোম্পানী জমিদারী ক্রয় করে নামমাত্র মূল্যে, এবং তারা নীল চাষ করে লক্ষ লক্ষ টাকা রোজগার করেছে ও লক্ষ লক্ষ লোককে উদ্বাস্তু করেছে। যারা প্রায় দেড়শত বছর ধরে লক্ষ লক্ষ

কৃষকদের ঘর সংসার জালিয়ে পুড়িয়ে "শাসন" ও শোষণ চালাচ্ছে তাদের "কম্পেনসেসন" দেওয়ার ব্যাপারে কোন যুক্তি থাকতে পারে কি? আজকে যাঁরা "কম্পেনসেসন" দেবার ব্যাপারে "বুড" করছেন তাদের আমি আজকে স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯২২ সালে মেদিনীপুরের সাধারণ মানুষ কংগ্রেসের নেতৃত্বেই ওই ইংরাজ জমিদারের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন এবং সেই আন্দোলন পরিচালনা করতে গিয়ে সাহেব জমিদারের হাতে কিরূপ লাঞ্ছিত ও নিগৃহীত হয়েছিলেন তা অনেকেই আজও ভুলে নাই। এই সমস্ত জমিদাররা কৃষকদের সর্বনাশ করেছেন। তাদেরই আবার "কম্পেনসেসন" দেওয়ার কোন নৈতিক দিক আছে বলে আমরা মনে করি না। আর যদি "কনসটিটুসন" এর দিক থেকে "কম্পেনসেসন" দেওয়ার কোন বাধ্যবাধকতা থাকে তাহলে জ্যোতি বাবু যে প্রস্তাব দিয়েছেন যে "টোকন" হিসাবে তাদের ১ টাকা করে "কম্পেনসেসন" দেন, তাহলে আজকে দেশের অর্থ দেশের কাজে লাগবে এবং নীতিগতভাবেও আপনারা ঠিক থাকবেন। কিন্তু সেই দিক থেকে আপনারা কোন "আবগুমেণ্ট" দেখান নাই। আজকে এই বিলের মাধ্যমে পরিষ্কারভাবে আমরা বুঝতে পারলাম যে কংগ্রেসী বন্ধুরা বোঝেন না যে তা নয়। তারা এটা পরিষ্কারভাবে জানেন যে এই বিল এনে সত্যিকারের কৃষক সমাজের কোন উপকার করা হলো না, বরং এই বিলের মাধ্যমে কোটি কোটি টাকা "কম্পেনসেসন দেওয়ায় বাংলাদেশের অর্থনৈতিক দিক থেকে আরও বেশী ক্ষতিগ্রস্ত করা হবে। আজকে বাংলা দেশের খাদ্য সমস্যা সমাধানই হচ্ছে প্রথম এবং প্রাথমিক কাজ। সেদিক থেকে আজকে কোন প্রকার উন্নতি হচ্ছে না। সেই জন্য আমার শেষ অনুরোধ আপনাদের কাছে বিশেষ করে কংগ্রেস "বেঞ্চ"এর বন্ধুদের কাছে যারা গ্রামে যান, গ্রামে কৃষকদের মাঝে যান, তারা যেন এইটুকু চিন্তা করেন যে বিধান বাবু যেন তাদের মাথায় আর বেশী দিন কাঁঠাল ভাঙতে না পারেন। তারা যেন তাদের মাথাগুলো একটু সামলান, তা না হলে বাংলা দেশের কৃষকরা তাদের আর ক্ষমা করবেন না।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা "থার্ড রিডিং"এ এবার বলতে উঠেছি, যেরকমভাবে মরা লাসকে মকরধ্বজ দিয়ে কিছু হয় না জানি কিন্তু তবও কাঁদবার অধিকার আছে সেই হিসাবেই এই "থার্ড রিডিং"এ বলছি। আজকে এইরকম হয়েছে যে যার ফাঁসির "অর্ডার" হয়েছে তাকে বলা হচ্ছে যে দুর্গা বলে ঝুলে পড় আপিল করে ফিরিয়ে আনবো। এখানে সেই হিসাবেই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সরকার রোষের মাথায় রেগেমেগে যা করে ফেলেছেন, কংগ্রেসের পক্ষে ঘন ঘন করতালির মধ্যে অত্যন্ত তাড়াহুড়া করে দেবেন বাবুর অজস্র সংশোধনী প্রস্তাব "সাইক্লোষ্টাইল"এর মধ্য দিয়ে যে সর্বনাশ করেছেন এবার তার প্রায়শ্চিত্ত করুন। আমাদের দেশে গোহত্যা করলে যেমন প্রায়শ্চিত্ত করে গলায় দড়ি ও খুঁটো বেঁধে, সেই রকম ভাবে "অডিনান্স" করে এখনও প্রায়শ্চিত্ত করতে পারেন। নচেৎ জোতদারগণ বর্গাদারদের কাছ হতে জমি এখনই ছাড়িয়ে নেবে।

অধ্যক্ষ মহাশয়, কিরকমভাবে এই বিল পাস করা হচ্ছে, লোককে বলা হচ্ছে জমিদারী গেল ভাল কথা। এটা হচ্ছে কলিকাতার হিন্দুস্থানী গোয়ালাদের বাছুর মেরে গাই দোয়ান ব্যাপারের মত। তারা বাছুরটি বিক্রি করে দিল সাহেবদের খানার জন্য অত্যন্ত বেশী দাম পাবে বলে, তার পর ঐ বাছুরের চামড়ার মধ্যে খড় পুরে তার উপর নুন দিয়ে গাইকে চাটিয়ে চাটিয়ে দুধ দোয়ান হয়, সেইরকম আমাদের গভর্নমেণ্টও আজকে একটা বাজে জিনিষের উপর জমিদারী উচ্ছেদের চামড়া দিয়ে জনসাধারণকে ভাঁওতা দিতে যাচ্ছেন। কিন্তু তার পর কি তার ফল ভাল হবে। এই জমিদারী বিল হতে না হতেই যেমন রামচন্দ্র জন্মাবার আগেই রামায়ণ সৃষ্টি হয়েছিল তেমনি আমরা খবর পাচ্ছি যে ইতিমধ্যেই উকিল বাড়ীতে বড় বড় লোক জড় হয়ে গিয়েছে কেমন করে জমি হস্তান্তর করা যায়, ফাঁকি দেওয়া যায় এইসব যুক্তি নেবার জন্য। যাঁরা আরো চালাক তাঁরা "ফ্লাড কমিসন"এর পর হইতেই নানাভাবে ও বেনামীতে জমি হস্তান্তর করে ফেলেছে। অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলছি। যেভাবে এই আইন তাড়াহুড়া করে রচনা করা হলো, তাতে এর দ্বারা পিতৃ হত্যা হবে, মাতৃ হত্যা হবে, অর্থাৎ বুড়ো জমিদারকে মেরে দিলে যদি তার ১০ ছেলে থাকে তারা ১০ গুণ জমি পাবে তার ব্যবস্থা এই বিলের মধ্যে আছে, বুড়ি মাকেও মেরে দেবার ব্যবস্থা হতে পারে। অথবা যদি বলেন যে পুত্রগণ হয়ত সৎ, তাহলে বলবো বুড়ো জমিদার মনে করতে পারেন আমিই তবে

[Sj. Dasarathi Tah.]

আত্মহত্যা করি। আমার মরার ফলে তো আমার ছেলেদের উপকার করে যাই, শেষ পর্য্যন্ত হয়ত আত্মহত্যাও করতে পারেন সেরকম সম্ভাবনা রয়েছে।

(Sj. PRAFULLA BANERJEE: এগুলি কি বর্দ্ধমান জেলায় হচ্ছে?)

সব জায়গাতেই হবে। মালদহ থেকে খবর এসেছে যে চাকরাণ তো সব শেষ হয়ে গেল। প্রজাদের কাছে যা ছিল সেই সব চাকরাণ ছাড়িয়ে নেওয়া হচ্ছে। এরই মধ্যে ১০০র বেশী "কেস" এসেছে, "ক্রিমিন্যাল কেস" ও অন্যান্য "কেস"ও আছে। অন্যান্য জায়গা যা ছিল জনসাধারণের ব্যবহার্য্য সব লোপ পেতে বসেছে। অধ্যক্ষ মহাশয় নিশ্চয়ই জানেন যে আমাদের পল্লীগ্রামে পায়খানা নেই, খোলা মাঠে যায়। পায়খানার নাম বলি না। আমাদের মেয়েরা বলে "ঘাটে যাচ্ছি", আর পুরুষরা বলে "মাঠে যাচ্ছি"। সে সমস্ত জনসাধারণের ব্যবহার্য্য জায়গা ছিল তা চলে গেল।

[5-25—5-35 p.m.]

ডাগাড়, শ্মশান, গোরস্থান, নদী, খাল, বিল সমস্ত শেষ হয়ে গেল; ফুটবল খেলবার যে ব্যবস্থা, এমন কি গুলি ডাণ্ডা খেলবার যে মাঠ ছিল তাও শেষ হয়ে গেল। গোচারনের জমি গেল; গোহত্যার সৃষ্টি হবে; এই সব বিশেষ কোরে দেখ্‌তে পাচ্ছি। এখন অর্ডিন্যান্স কোরে যদি কিছু প্রতিকার করেন তাহলে সেই কথাই চিন্তা করুন। এই কথাই আমি সরকারকে বিশেষ কোরে বিবেচনা করতে অনুরোধ করছি।

তার পরের কথা—বেশ ব্যবস্থা হয়েছে। নূতন ট্যাক্স করেছেন। পাকিস্তানের কথা শুনেছিলাম—ইংরাজ চলে যাবার পর পাকিস্তান কোরে দিয়ে চলে গেল। জমিদারের ব্যাপারে দেখছি ডাঃ রায় আর এক প্রকারের পাকিস্তান সৃষ্টি করেছেন; চা বাগান, ফলের বাগান, কয়লার খনি প্রভৃতি কিছুই নাকচ করবেন না; বাগান বাড়ীও নাকচ করবেন না; বাগান বাড়ী রাখবেন, তাই জমিদারগণ বাগান বাড়ী পরিষ্কারভাবে রেখেছে, সিঁথিতে সিঁদুর দিয়ে ভালভাবেই রেখেছে চিরকালের জন্য। এবার হ'ল খাজনা। কি পেলে দেশের জনসাধারণ এবং চাষীরা? "সেটেল্‌মেণ্ট" আসবে। আবার সেই পাকা ধানে মই দেবার ব্যবস্থা হচ্ছে। আবার সেই "ডিস্‌পিউট্" আসবে যাকে চাষীরা বলে "বিচুট"। তখন "রেকর্ড" যার থাকবে তারই হবে। জমিদার সেখানে চমৎকার তক্কক তক্কক গোমস্তা আবিন রেখে যারা জাল জালিয়াতীতে সিদ্ধহস্ত তাদের সাহায্যে প্রজাদের অজ্ঞতার সুযোগ নিয়ে নানা রকম দাখিলা সৃষ্টি কোরে লিখে নেবে এবং সেটেল্‌মেণ্টে রেকর্ড হবে। গরীব চাষীর যখন ধানের অভাব পড়ে তখন জমি লিখিয়ে ধান ধার লয়। সুবিধাবাদীরা তখন ঐ দলিল দেখিয়ে নিজেদের নামে রেকর্ড করাবে। বহু জায়গায় এই রকম জমি হস্তান্তর জমিদারেরা সঙ্গে সঙ্গে কোরে রেখে দিয়েছে। গভর্নমেণ্ট যখন জমি "এ্যাকোয়ার" করতে যাবেন তখন দেখবেন যে মালিক সে না পেয়ে জমিদারেরাই পাচ্ছে। জমিদার ঠাকুরদাদার আমলের পুরান কাগজে লিখে রেখেছিল এ জমি তাদের; যদি তার কিছুই, যদি কোন কালে কিছু "কম্‌পেনসেসন" পাওয়া যায় তখন তারাই পাবে। আর চাষীর পূর্বপুরুষ জমিদারদের ভয়ে ও চক্ষু লজ্জায় তাতে সহি কোরেও দিয়েছে। জমিদারকে ঠেকায় কে? জমিদারের লাঠিতে তাদের মাথা গুড়া হয়ে যাবে। তারা আর একটা বড় সুকর্ম্ম করেছেন এই যে বর্গাদারদের যা জমি ছিল তা নিয়ে নিলেন। আমি খবর পেয়েছি বর্দ্ধমান থেকে—ইতিমধ্যেই সেখানে ব্যবস্থা হয়েছে যে পৌষ মাসের পিঠা পার্বন যেমন হয়ে যাবে এবং ধান কেটে তোলা হবে আর তাদের জমিতে হাল দিতে দেবে না। তার মানে সে জায়গায় বর্গাদারদের সমস্ত জমি জোতদারগণ ছাড়িয়ে নেবে জমি যাদের হাতে ছিল তাদের উচ্ছেদ কোরে তাদের সন্ন্যাসী করা, যাযাবর করা হচ্ছে এবং তাকে বলা হচ্ছে এ তো "সোসিয়াল জাষ্টিস", তাদের আর পিছটান কিছু রইল না। ভূমিহীনের সংখ্যা কমার কথা, কিন্তু তাদের সংখ্যা এই ব্যবস্থায় অত্যন্ত বাড়িয়ে দেওয়া হয়েছে।

এবার এলো বাকী খাজনা আদায় এবং তার জন্য সার্টিফিকেট। জমিদারের আমলে গোমস্তা কাঁঠাল, কলা, আম নিয়ে দুদিন দেরী করত এবং ৩ কিস্তীর জায়গায় ৪-৫ কিস্তীতে দেওয়া চলত কিন্তু এখন একেবারে সার্টিফিকেট—জমিদার পাইকের লাল লাঠির জায়গায় একেবারে সরকারী লাল পাগড়ী আসবে। জমিদারী উচ্ছেদের স্বরূপ এইভাবে দেখে চাষীর মনে আতঙ্ক আসবে, কবি দাশরথি রায়ের পাঁচালিতে সীতাদেবী যখন লঙ্কাজয়ের পর বানরপালকে ভোজন করাচ্ছিলেন্ তখন লঙ্কার খাল শুনে তারা আতঙ্কে বলেছিলো—

"কই লঙ্কা জয় হোল
এযে লঙ্কা আবার এল
নাগাদ সন্ধ্যা রাবন আসতেও পারে।"

আবার জমিদারী খাজনা আদায়ের লাল লাঠির স্থলে লাল পাগড়ী দেখে তাদের আতঙ্ক হবে।

জমিদারের নিকট তিনবৎসর পরে নালিশ ছিল এখন আবার সেজায়গায় লাল পাগড়ী এনে সঙ্গে সঙ্গে অস্থাবর করবার পথ রইলো। প্রচুর ক্ষতিপূরণ দিয়ে বেভাবে জমিদারী দখলের কর্ম্ম দেখছি, তাতে যে সমস্ত পচা গলা জমিদার আপনা থেকেই ডুবতে বসেছিল, তাদের আবার অজস্র টাকা দিয়ে শক্তিশালী করা হচ্ছে। অন্যদিকে জমিদারী নামে মাত্র তুলে দিয়ে তার জায়গায় সিংহাসন নিয়ে সরকার জমিদার হলেন।

ক্ষতিপূরণের কথা,—সেটা একেবারে ২০ গুন পর্য্যন্ত। ক্ষতিপূরণ দেবে কাকে? ক্ষতি করলে কার? যদি ক্ষতিপূরণ করতে হয় তাহলে দেশের জনসাধারণ বলতে পারে যে তাদেরই জমি ছিল এবং জমিদার তাদেরই নিয়ে টাকা করেছে এবং প্রজাদের ক্ষতি করেছে। কাজেই ক্ষতিপূরণ করতে হলে প্রজাদিগকেই ক্ষতিপূরণ দেওয়া উচিত। যে সব জমিদার পুত্র শেয়ার মার্কেটে ও "স্পেকুলেশনের" জুয়া খেলবে তাদের আবার পয়সা দিতে হবে? তারপর মধ্যবিত্তদের ডাঃ রায় খুব সৎপথ দেখিয়ে দিয়েছেন। তাদের বলে দিয়েছেন তোমাদের জমি না থাকাই ভাল। ভাল কথা, সব বুঝলাম; বুঝলাম লুচি না খাওয়া ভাল, না পেলে তার বদলে ভাত খাওয়াও চলে; কিন্তু ভাত কোথায়? যেখানে ভাতের ব্যবস্থা নাই সেখানে লুচির উপদেশ বৃথা। শিল্পের ব্যবস্থা কোথায়? ছোট ছোট শিল্প ব্যবস্থার কথা হয়েছে, আর যে সব বড় বড় শিল্প আছে তাদের ত ল্যাজে হাত দেওয়া যায় না। শিল্পের ব্যবস্থা না করেই ডাঃ রায় নানাও উপদেশ দিচ্ছেন, এবং আবার শেষ পর্য্যায়ে নূতন বেকারীর সৃষ্টি করছেন। জমিদারের গোমস্তাদেরও বেকার করা হচ্ছে। তারা ৩।। টাকা মাহিনায় কাজ কোরেও আমচুরি কাঁঠালচুরি ইত্যাদির নানা রকম অজুহাত দিয়ে প্রজার কাছে আদায় করে খেত। এখন তাদের কথাত ভাবতে হবে; তারাও তো আমাদের দেশের লোক। এ যেমন "সিভিল সাপ্লাই ডিপার্টমেণ্টে" প্রকুল্ল দাদা কোরেছেন ছোট ছোট যেসব ধানের মহাজন তাদের কর্ম্মচারীরা, যারা ২০-২৫ টাকার চাকরী করত এক কলমের খোঁচায় তাদের উৎখাত কোরে দিয়েছেন। এই সব লোক ছেলে পিলে নিয়ে বেকার হয়ে পড়ছে, যেমন তাদের কোন ব্যবস্থা করেন নাই। শেষ কালে হয়ত বলবেন এদের "রিলিফ" দেওয়ার কথা। এযেন ঘরে আগুন লাগিয়ে দিয়ে পরে গৃহনির্ম্মানের জন্য বাঁশ দড়ি "রিলিফ" দেওয়া। এই উদ্দেশ্য যদি তাঁরা করেন তাহলে কি রকম যে অবস্থা হবে তাতে বলবার কিছু নাই। তাই অব্যক্ষ মহাশয়! আমি বার বার ঘুরে ফিরে একই কথা বলছি কেননা "কানু ছাড়া গীত নেই"; এই হরিনামে যদি পাপী তাপী উদ্ধার হয়। তাই বারে বারে বলছি এখনও যদি তাদের বুদ্ধি ফিরে আসে, এখনও যদি "অর্ডিন্যান্স" কোরে হস্তান্তর বন্ধ করেন তবে অমঙ্গলের কিছু প্রতীকার হতে পারে। কৃষকের অজ্ঞতার সুযোগ নিয়ে যে সমস্ত জিনিষ বড় বড় লোকের হাতে চলে গিয়েছিল, বড় জমিদারদের কুক্ষিগত হয়েছিল তা কিছু কাজে আসতে পারে। তা নাহলে "জুতো মেরে গরু দান" হবে অর্থাৎ কৃষকের কাছ থেকে কেড়ে নিয়ে ওঁরা দেবোত্তর বানিয়ে দিয়েছেন। সেই জন্য এগুলো যাতে বাতিল করা যায় সে জন্য "অর্ডিন্যান্স" করলে সত্যকার ভাল ফল হবে। তাদের যেন সেই সুবুদ্ধির উদয় হয়। তাই শেষ কালে মাত্র এই অনুরোধ করতে চাই যে "অর্ডিন্যান্স" জারী কোরে হস্তান্তর বন্ধ করা হউক এবং গোচর, নদী, শ্মশান ইত্যাদি গুলোকে জনসাধারণের জন্য উদ্ধার করা হোক। এই পরামর্শ দিয়ে আমি বসছি।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, জমিদারী প্রথা উচ্ছেদের ফলে গভর্ণমেণ্টের হাতে অনেক জমি, এই সমস্ত আসবে; আমি তাই আপনার মাধ্যমে এই "হাউস"কে,, বিশেষতঃ মুখ্য মন্ত্রী মহাশয়কে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি এই যে একটা আদর্শ আছে যে,

"what Bengal thinks today the rest of India thinks tomorrow".

এই আদর্শটা প্রমান করে দিন, এবং এই আদর্শ-স্থাপনের ভার বাঙ্গালীকে দিয়ে গেছেন রামমোহন রায়, শ্রীরামকৃষ্ণ, স্বামী বিবেকানন্দ প্রভৃতি থেকে কবিগুরু রবীন্দ্রনাথ পর্য্যন্ত বাংলার মনীষীবৃন্দ।

ভারতের উন্নতির প্রধান অন্তরায় হচ্ছে শিক্ষিত বেকার সমস্যা, এবং তার মূল কোথায়? এই মূল হচ্চে স্কুলে ও বিদ্যালয়ে। কবিগুরু রবীন্দ্রনাথ প্রকৃত শিক্ষার নমুনা স্থাপন করে গেছেন ও মহাত্মা গান্ধি "বেসিক এডুকেসন"এর পন্থা অবলম্বন করে সেই পথ পরিষ্কার দেখিয়ে দিয়ে গিয়েছেন। এবং সেজন্য প্রত্যেক গ্রামে বিদ্যালয়ের জন্য খানিকটে করে জমি থাকা দরকার। সেই জমিতে ছাত্রেরা কৃষি, শিল্প, ইত্যাদি শিখবে। এখন আগেকার দিনের সেই গুরুগৃহে শিক্ষালয় আর চলবে না। বর্ত্তমানে যে শিক্ষা চলছে, এটা হচ্ছে ব্যবসাদারী শিক্ষা, এতে করে গুরু ও শিষ্যের মধ্যে কোন সম্বন্ধ স্থাপন হয় না, শিক্ষক ও ছাত্রের মধ্যে

[Sj. Janardan Sahu.]

ভাবের আদান প্রদান থাকেনা। সেইজন্য বিদ্যালয়ের জন্য যদি খানিকটে করে জমি থাকে, এবং সেই জমির উৎপন্ন ফসলে যদি শিক্ষকের ভরণ-পোষণের ব্যবস্থা হয়—

Mr. Speaker:

আপনি ত শিক্ষা সম্বন্ধে বলছেন।

Sj. Janardan Sahu:

আজ্ঞে না। আমি জমির সম্বন্ধে বলছি। "বেসিক্ এডুকেসন"এর জন্য জমি যদি না পায়, তাহলে কিছুতেই "বেসিক এডুকেসন"বা "চাইল্ড সেন্‌ট্রিক এডুকেসন" কোন "এডুকেসন"ই হবেনা। "চাইল্ড সেন্‌ট্রিক এডুকেসন"এর স্থান ভুলে নাই। মহাত্মা গান্ধি যে "বেসিক এডুকেসন"এর কথা বলেছিলেন তাহা, "চাইল্ড সেন্‌ট্রিক এডুকেসন" ও কবিগুরুর শান্তিনিকেতনের শিক্ষা মূলতঃ একই। সারা পৃথিবীই উন্নতির জন্য "চাইলড সেন্‌ট্রিক এডুকেসন"এর জন্য চেষ্টিত। তার জন্য জমির দরকার। তা না করে, এ জায়গায় শিক্ষকদের মাইনে যতই বাড়ান না কেন, কিছুতেই তাদের সন্তুষ্ট করতে পারবেন না; তাদের হৃদয় জয় করতে পারবেন না যদি জমি বন্দোবস্ত না করেন।

দ্বিতীয়তঃ জমিদারদের হাত থেকে যখন জমি চলে আসবে, তখন, আমরা জানি বহু জায়গায় "সেটেল্‌মেণ্ট রেকর্ড" অনেক আগে হয়ে গিয়েছিল, অনেক জমি নতুন করে হস্তান্তর হয়েছে, কাজেই অনেক লোকেই জমির "রেকর্ড" ঠিকমত বার করতে পারবেনা। আর এই "রেকর্ড" অল্প সময়ের মধ্যেও করা সম্ভব হবেনা। কিন্তু এই "রেকর্ড-অফ-রাইটস্" তৈরী হবার আগে, যদি সার্টিফিকেট করিয়া প্রজাদের নিকট বাকী খাজনা আদায় করেন, তবে পল্লীগ্রামে

[5-35—5-45 p.m.]

নানা প্রকার মামলা সৃষ্টি হইবে এবং প্রজাদের উপর নানাভাবে অত্যাচার হইবে, তাহাতে পল্লীর বিশেষ ক্ষতি হইবে। শুধু "ডি, এল, আর," বলতে পারেন কতদিনে সেটেল্‌মেণ্ট শেষ হইয়া প্রকৃত "রেকর্ড-অব্-রাইট্‌স্" প্রস্তুত হইবে। সেই জন্য নিবেদন করিতেছি, যতদিন না ভালভাবে "রেকর্ড-অব্-রাইটস্" প্রস্তুত হয় ততদিন যে ভাবে তামাদি ধরিয়া জমিদারের খাজনা "সার্টিফিকেট" না করে আদায় হয়ে থাকে ও জমিদারগণ যেভাবে খাজনা আদায় করছেন, সেই রকম ভাবে আপনারাও যদি খাজনা আদায় না করেন, তাহলে প্রজাসাধারণের প্রভূত ক্ষতি হবে এবং দেশে মামলা মোকদ্দমাও বেড়ে যাবে। এখন দেশের সর্বত্র একটা সামঞ্জস্য রক্ষা করা দরকার। তা করতে গেলে, কলিকাতা ও সহরতলী জায়গা যা এই বিলের আওতা থেকে বেরিয়ে যাচ্ছে, সেটা এই বিলের মধ্যে আসা একান্তই দরকার। তা নাহ'লে আমাদের জাতীর সরকারের উপর আমাদের দেশবাসীর কোন আস্থা থাকবে না।

আমি একজন দরিদ্র কৃষক, সুদূর পল্লীগ্রামের মধ্যে থাকি। সেখানে দেখি প্রত্যেক প্রজা যার ৭-৮ বিঘা জমি আছে, সে যতটা পারে নিজ হাতে চাষ করে ও বাকীটা ভাগে দেয়। একটী লোক মারা গেলে তাহার নাবালক ছেলেরা সবটাই অধিকাংশ পরিমান জমি ভাগে দেয়। এখন মনে করুন একজন লোক তার ৩-৪টী নাবালক ছেলে আছে, সে নিজ হাতে তার সব জমি চাষ করে। কিন্তু যখন সে মারা গেল, তখন তার নাবালক ছেলেরা তাদের সেই জমি ভাগে দিতে বাধ্য হয়। এখন এই রকম ছোট ছোট কৃষক প্রজা যাদের জমি এই "বর্গা সিষ্টেম"এ চাষ হবে, তাদের সেই সামান্য পরিমান জমিও যদি চলে যায়, তাহলে তারা বাঁচবে কি করে? এই সমস্ত ক্ষেত্রে যদি সুবিবেচনা না করা হয় তাহলে, এই এখন যারা নাবালক, কিছু দিন পরে সবালক হবে, তারা একদম জমিশূন্য হয়ে যাবে। সাম্যবাদের কথা মুখে আওড়ান খুব সোজা, কিন্তু কাজে সাম্যবাদকে রূপায়িত করা ভয়ানক শক্ত। জমি একজনের হাতে থাকলে যেমন ফসলের ক্ষতি হবে, তেমনি টাকাও একজনের হাতে জমে গেলে পর শিল্প ব্যবসা বানিজ্যেরও ক্ষতি হবে। কাজেই সমতা রক্ষা করার জন্য সেটা বণ্টন করা দরকার। যাদের হাতে জমি নাই তারা জমি পাবে, তারা অধিক ফসল ফলাবে, তাতে শিল্প ও কৃষির উভয়বিধ উন্নতির ফলে দেশের সর্বাঙ্গীন উন্নতি সাধন হবে।

আমি আপনাদের পল্লীর ভবিষ্যতের কথা চিন্তা করতে বলছি। তাতে হয়ত অনেক বন্ধু চটে যাবেন। একবার চিন্তা করে দেখুন পল্লীগ্রামে কৃষকদের মধ্যে জমি সমানভাবে ভাগ করে দেওয়া দরকার বলিয়া ভাগ করিলে সকলে সামান্য কৃষক হইবে। বর্ত্তমানে শিক্ষার ব্যয় যেভাবে বেড়েছে, তাতে পল্লীগ্রামের দরিদ্র অধিবাসীর পক্ষে অত খরচ খরচা দিয়ে ছেলে মেয়েদের উচ্চ শিক্ষা দেওয়া খুবই কঠিন ব্যাপার। পল্লীগ্রামে তাহা হইলে উচ্চ শিক্ষিত কেহ থাকিবে না এবং পল্লীর জন্য কেহই বিশেষ দাবী করিতে বা বলিতে পারিবে না। সহরের লোকে পল্লী জোর করিয়া শাসন করিবে।

কাজেই তাদের আর্থিক সচ্ছলতা বাড়ান একান্ত দরকার। সরকারের বর্ত্তমান খাদ্য নীতি যদি দেখা যায়, তাহলে দেখবো আইন করে, জোর করে খাদ্য গ্রাম থেকে সংগ্রহ করা হচ্ছে। আমরা এখানে বসে তার প্রতিবাদ করছি। কিন্তু আজকে সেই গ্রামবাসীদের মধ্যে যদি উচ্চ শিক্ষা প্রসারের কোন ব্যবস্থা না থাকে, তাহলে এই দরিদ্র গ্রামবাসীদের জন্য চীৎকার করবে কে? তখন সহর হবে সেব্য, আর পল্লী হবে সেবক। যাতে পল্লীগ্রামে শিক্ষার বিস্তার হয়, সেই সম্পর্কে আপনাদের চিন্তা করা উচিত। সুতরাং আমি দরিদ্র কৃষকের সর্বাঙ্গীন উন্নতির জন্য আপনাদের অনুরোধ করছি। অনেকে হয়ত অনেক কথা বলবেন কিন্তু আমি অন্তরের সহিত জানি ও দেখেছি যখন ওদের কতকগুলি লোকের হাতে পয়সাকড়ি হবে, তখন তাড়ি হাড়িয়া মদ ইত্যাদি খাওয়ার পরিমানও বেড়ে যাবে। আমার মনে হয় পল্লীবাসীদের এই সব কুঅভ্যাসগুলি "চেক্" করবার জন্য একদল "সোসিয়াল ওয়ারকার্স" নিয়োগ করা দরকার। তা না হলে এক্সসাইজের আয় বাড়বে বটে, কিন্তু জনসাধারণের কোন কল্যাণ হবেনা। এই হচ্ছে আমার বক্তব্য। জয় হিন্দ।

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার মহোদয়, জমিদারী উচ্ছেদ বিলটী আজকে গ্রহণ করবার পূর্বে এর ধারাগুলো এখানে আলোচনা হ'লো। তাতে দেখা গেল যেন একটা দ্বিতীয় মহাভারতের যুদ্ধ আরম্ভ হয়েছে। আমরা অসহায় পঞ্চপাণ্ডব—হিন্দুমহাসভা, জনসংঘ, প্রজাসোসালিষ্ট, কমুনিষ্ট এবং ফরওয়ার্ড ব্লক একদিকে; আর একদিকে রয়েছেন আমাদের মহাবীর দুর্য্যোধন, দাদা (প্রফুল্ল সেন) আমাদের দুঃশাসন, আর লর্ড কিচক সেনাপতি শ্রীযুক্ত কালীপদ মুখোপাধ্যায়। (হাস্যরোল।)

এই যে মহারণ, মাননীয় স্পীকার মহোদয়, আমরা ভূমিহীন কৃষক, আমরা বলছি যে আমাদের পাঁচজনকে পাঁচ খণ্ড জমি দাও। কিন্তু ডাঃ বিধান চন্দ্র রায়, আমাদের দাম্ভিক ও অভিমানী দুর্য্যোধন, তিনি বলছেন "বিনা যুদ্ধে নাহি দিব সূচাগ্র মেদিনী"। (হর্ষধ্বনি।) আমি ডাঃ রায়কে জানাচ্ছি তিনি আজ এই বিলের মধ্য দিয়ে আমাদের একটা যুদ্ধের আওতায় এনে ফেলেছেন। গরীব কৃষক আমরা, নিম্ন বিত্তশালী ও মধ্য বিত্তপালী আমরা, আমাদের ("এ ভয়েস": আপনি কৃষক হয়ে গেলেন যে?)

হাঁ, আমি ভূমিহীন কৃষক। (গোলমাল।)

Mr. Speaker: Order, order.

[At this stage Sj. Dayaram Beri rose to speak.]

Dr. Radhakrishna Pal:

ভাইয়ো, মেরা বাৎ শুনিয়ে।

Mr. Speaker: Mr. Beri you must know that when the Speaker stands you must sit down.

Dr. Radhakrishna Pal:

মেরে ভাই, ভয় নাই। বাজুড়ের ও লায়লকার যে রাজত্ব আসবে, তার পথ হচ্ছে, আমরা দেখছি। আমার বক্তব্য হচ্ছে এই যে আজ ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়ের কাছে, তিনি প্রধান মন্ত্রী হলেও তাঁর হৃদয়ের অন্তঃস্থলে যে বিশুদ্ধ মনিকোঠা আছে—("এ ভয়েস": তার মানে কি?) (তুমি কি বুঝবে হে? আলিপুরে যাও।)

এখন আমি জানাচ্ছি আজ আমরা সত্যই বিপন্ন এই সংগ্রামে, চাষীর সঙ্গে এই সংগ্রামে। স্যার, আমার মনে হয় ডাঃ রায় হচ্ছেন দুর্যোধন, আর ওরা কংগ্রেসী বাবুরা সব তার যোগ্য সৈনিক এবং লর্ড কিচক হলেন সেনাপতি কালীপদ মুখোপাধ্যায়। ময়দানের সেই মহারণে, প্রত্যক্ষ করেছে যুদ্ধ সাংবাদিকগণ সহ নির্বোধ জনসাধারণ। (হাস্য ধ্বনি।)

সুতরাং আমি বলছি ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় আজ যুদ্ধ ঘোষণা করেছেন আমাদের বিরুদ্ধে। তাঁর কাছে আমি বলছি বাংলার এই ভূমিহীন কৃষককে একটুখানি ভূমি দাও। আর উনি বলছেন, হবেনা। "বিনা যুদ্ধে নাহি দিব সূচাগ্র মেদিনী"। উনি যুদ্ধ আয়োজনে ব্যস্ত—এমনি সময়ে দেশমাতৃকা কাঁদছেন। তিনি বলছেন ওঁর কাছে তার নিবেদন। আমি অস্পষ্ট শুনতে পাচ্ছি সেই মাতৃ-ক্রন্দন। আজ বাংলা জননী ডাঃ রায়কে, আমাদের দুর্যোধনকে সম্বোধন করে বলেছেন—

"কেন কাঁদে মাতা তোর শুনরে বাছনি,
ধর্মবলে বলী যারা, ধর্মে পাবে রাজ্য তারা,
ধর্মবলে অস্ত্রবল তৃণ হেন গণি।
তাই আজ কাঁদে তোর দুঃখিনী জননী"।

[5-45—5-55 p.m.]

সুতরাং এই যে যাত্রা আপনারা আরম্ভ করেছেন সেই যাত্রা আর শেষ হবেনা। এযাত্রা আপনাদের মহাযাত্রা ("নরেজ")। স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে বাংলার প্রধান মন্ত্রী, তিনি এশিয়া মহাদেশের মধ্যে একজন শ্রেষ্ঠ মনীষী, আপনার মাধ্যমে

[Dr. Radhakrishna Pal.]

তাঁর কাছে সবিনয়ে নিবেদন করছি যে এখনও সেই ধর্মযুদ্ধ আরম্ভ হয়নি। এই ধর্মযুদ্ধের সূচনা প্রথম কুরুক্ষেত্রে আরম্ভ হয়—এই যে, স্যার, লর্ড কীচক এসে গেছেন—

[(pointing towards the Hon'ble Kalipada Mookerjee) (roars of laughter).]

আমাদের বহু আকাংখিত জমিদারী বিল আজকে আনা হচ্ছে—আজকে এই যে জমিদারী দখল বিল এখানে দেখছি, আমরা মনে করেছিলাম, এরারা ভূমিহীন কৃষকরা কিছু ভূমি পাবে, কিন্তু যেভাবে জমিদারী স্বত্ব দখল করা হচ্ছে তাতে তারা কতটা কি পাবে আমি জানিনা। "ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী"র "লর্ড ওয়ারেন হেষ্টিংস" ও "লর্ড ক্লাইভ"এর আমলে নবাব সিরাজ, রাজা কৃষ্ণচন্দ্র ও রাণী ভবানীর কাছ থেকে জমিদারী নেওয়া হয়েছিল, তারই জের এত দিন ধরে চলে আসছিল এবং এই প্রজা শোষন করবার শক্তিশেল আজ আবার লর্ড ক্লাইভ ডাঃ বিধান চন্দ্র রায় হাতে সেই জমিদারী স্বত্ব নিচ্ছেন। ১৭৫৭ সালে সিরাজের ভাগ্য পরীক্ষার পর ১৮৫৭এ ইংরাজের টনক নড়িয়েছিল সিপাই বিদ্রোহ, আজ আবার ১৯৫৭ সালে সেই দিন ফিরে আসছে—বাংলার লর্ড ক্লাইভ ডাঃ বিধান চন্দ্র রায়ের ভাগ্য পরীক্ষার দিন সমাগত। কাজেই এই সময় এসেছে, এরই মধ্যে যতটুকু ভাল কাজ করে নেওয়া দরকার তিনি করুন। জমিদারী স্বত্ব দখল করা হচ্ছে কিন্তু খাজনা কমানো হলনা, ভূমিহীনকেই ভূমি দেওয়া হলনা। এই জমিদারী বিলে তার কোনই বন্দোবস্ত হলনা। তাছাড়া আর একটা জিনিষ হচ্ছে এই যে ৫০-৬০ হাজার জমিদারদের কর্মচারী যারা বেকার হবে এদের কোন জমি দেবার বা চাকুরীর ব্যবস্থা এর মধ্যে হয়নি। যারা এদের পক্ষপুষ্ট কংগ্রেস কর্মী তাদেরই নিয়োগ করা হবে "নেক্সট ভোট"এর সময় যাতে তাদের সাহায্য পেতে পারে। সুতরাং বক্তব্য হচ্ছে যদি এত টাকা খরচ করে আমাদের বাংলার কৃষককুলের কোন হিত না হয়, জনসাধারণের কোন কল্যাণ সাধন না হয়, সত্যিকার দেশের গরীব জনসাধারণের কোন উপকার না হয়, তাহলে এই বিল কোন দিক দিরেই দেশের স্বার্থের হিতকর হবেনা এবং তা হচ্ছেওনা। দেখুন, স্যার, "ট্রাম কোঃ"র সেই "রিপোর্ট" এখনও বিলিফরা হচ্ছেনা, প্রকাশ করা হচ্ছেনা—অথচ গড়ের মাঠে পুলিশের যে হাঙ্গা হল—প্রত্যক্ষ করেছে তাহা সাংবাদিক সহ অথচ জনসাধারণ ("পরেন্টিং টু হিমসেল্ফ")—

তারপর "সেক্সন ১২" সেখানে বলা হচ্ছে—

"Provided that the State Government may at any time, if it so thinks fit, entrust the management of such estates and such interests to any statutory authority."

সুতরাং এই "ষ্টাটুটারি অথরিটি" কাকে করবেন? সেখানে বিড়লা, বাঙ্গুর, ভাওয়ালকার ও লায়লকাকে তাদেরই এই "ষ্টাটুটারি বডি"তে নেওয়া হবে। এজন্যই এই "ষ্টাটুটারি বডি"টা এ বিলের মধ্যে এনেছেন।

সুতরাং এটা আনার যে দুরভিসন্ধি তা প্রকাশ পাচ্ছে। ("নরেজ এণ্ড ডিসষ্টারবেন্স") (বেরী সাহেব, ভয় নাই—আপনারাই একদিন বাংলাকে দখল করবেন।) তারপর মাননীয় স্পীকার মহোদয়, আমি ডাঃ রায়ের বিবেকের কাছে আবেদন করি যে কলিকাতার "ভেকাণ্ট ল্যাণ্ড" যেন তিনি নিয়ে নেন ও "ইমপ্রুভমেণ্ট অব বস্তিজ" যেন করা হয়। যদি সেটা না, করা হয় তাহলে বলবো গরীব জনসাধারণের জন্য তিনি কিছু করছেন না। তাঁর ধনী বন্ধুদের জন্যই যা কিছু করছেন। সুতরাং আমি আপনার কাছে আবেদন করছি, যে সমস্ত ভূমিহীন কৃষক আছে, তাদের ভূমি দিতে হবে, যে সমস্ত বেকার আছে তাদের বেকারত্ব দূর করবার একটা ব্যবস্থা করতে হবে। এবং এই "কম্পেনসেসন"—শত শত কোটী দেবার ব্যবস্থা হয়েছে সেই রাজা ও জমিদারদের, যারা দিনের পর দিন দেশকে শোষণ করেছে, প্রজাদের উপর অত্যাচার করেছে, তাদের দেওয়ার ফল কি হবে? এঁদের ক্ষতিপূরণ দেওয়া হতে পারে না।

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকার মহাশয়, বিশদ আলোচনার পর এই জমিদারী বিলটা আইনে পরিণত হতে চলেছে। যে সামন্ততান্ত্রিক ব্যবস্থা আজ প্রায় ১৬০ বছর ধরে এই বাংলার বুকে জগদ্দল পাথরের মত চেপে বসেছিল, যে ঔপনিবেশিক ভূমি ব্যবস্থা বিদেশী বৃটীশ শাসন এই দেশে নিজেকে প্রতিষ্ঠিত করবার জন্য এনেছিল এবং যে জমিদারী প্রথা বাংলাদেশের অগণিত কৃষককে শোষণ ও শাসন করবার আইনানুগ যন্ত্রস্বরূপ ছিল, সেই কুপ্রথা বহু পূর্বেই দূর হয়ে যাওয়া উচিত ছিল। বিশেষতঃ স্বাধীনতা লাভের পর আমরা আজ সপ্তম বর্ষে উপনীত হয়েছি, এই সম্পর্কে আমরা আশা করেছিলাম যে এমন একটা বিল আসবে যাহারা "ল্যাণ্ড এ্যাকুইজিসন" প্রশ্নের এবং "ল্যাণ্ড ডিষ্ট্রীবিউসন" প্রশ্নের সমাধান হবে। কিন্তু সরকার পক্ষ থেকে ডাঃ রায় তার "কন্সিডারেসন স্পীচে"এ বলেছিলেন আমাদের কাছে যে

সমস্ত "ভাচা, ষ্ট্রাটিস্টিক্স" থাকলে সেটা সম্ভব হত, সেটা নেই। আজ তাঁরা গত ৭ বছর ধরে বাংলার সর্বময় কর্তৃত্ব করছেন, ইচ্ছা করলে তারা এই সমস্ত "ভাচা" এবং "ষ্ট্রাটিস্টিক্স" সংগ্রহ করতে পারতেন কিন্তু তা করেননি। এটাই আজ কৃষক সমাজের মনের ভিতর জাগছে। এর পেছনে কোন অভিসন্ধি ছিল কিনা জানিনা। আজকে এই জমিদারী প্রথা যেভাবে উচ্ছেদ হতে চলেছে তাতে আমরা পূর্বে যা আশা করেছিলাম যে এদ্বারা কৃষক সমাজের যথেষ্ট কল্যাণ হবে, কিন্তু তা না হয়ে কল্যাণের বদলে অকল্যাণ বলেই আশঙ্কা করছি। আমরা দেখতে পাচ্ছি জমিদারদের পর্য্যাপ্ত পরিমান ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করছেন, যার ফলে জোতদার, লাটদার আরও বেশী করে জমি কুক্ষিগত করতে পারে তারই পাকাপাকি ব্যবস্থা হচ্ছে।

[5-55—6-5 p.m.]

অথচ এই জমিদারী প্রথা উচ্ছেদের পর যারা সত্যিকারের ভূমিহীন কৃষক, যারা "টিলারস্ অব দি সয়েল", যাদের জমি পাওয়া উচিত, তারা এই জমিদারী উঠবার পর বিনা ব্যয়ে জমি পাবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে এবং এ সম্পর্কে কোন কথাই ডাক্তার রায় এই বিলের মধ্যে বলেননি। দেশের কৃষক সাধারণ আশা করেছিল যে এই বিলের দ্বারা তারা উপকৃত হবে কিন্তু তার পরিবর্ত্তে এই বিল তাদের কাছে একটা গুরুতর অভিশাপ বলে মনে হচ্ছে। এটাকে তারা আশীর্বাদ বলে মনে করতে পারছেনা।

তারপর এখানে বলা হয়েছে যে জমিদাররা যদি বাকি বকেয়া খাজনা আদায় করতে না পারে তাহলে সরকার তাদের সাহায্য করবেন, এটা একটা অদ্ভুত ব্যবস্থা। আমরা আশা করেছিলাম যে এই জমিদারী প্রথা অবসান হচ্ছে এবং তার ফলে কৃষকরা বাকী বকেয়া খাজনা থেকে রেহাই পাবে এবং তারা পশ্চিমবঙ্গ সরকারকে অন্তর থেকে আশীর্বাদ জানাবে। এদিক থেকে আমরা নিরাশ হয়েছি। এখানে ক্ষতিপূরণের কথা বলা হলে ডাক্তার রায় বলেন যে আমরা যাকে "রিহ্যাবিলিটেসন গ্রাণ্ট" বলি তাকে তারা ক্ষতিপূরণ বলছেন। অথচ বর্দ্ধমানের মহারাজাকে "রিহ্যাবিলিটেসন গ্রাণ্ট" দেওয়া সম্ভব নয়, সেখানে ক্ষতিপূরণ নীতিই স্বীকার করা হচ্ছে; এখানে "রিহ্যাবিলিটেসন গ্রাণ্ট" ও "কম্পেনসেসন" এই দুইটি সমান এই কথা বলে ডাক্তার রায় বিরোধীপক্ষকে এবং সারা বাংলাকে ভাঁওতা দিচ্ছেন। আমরা যখন দেখি এই বিলের মধ্যে কি করে "সিলিং" বেঁধে দেওয়া হচ্ছে, কি করে জোতদার ও মধ্যস্বত্ব অধিকারীদের ৩৩ একর করে জমি দেওয়া যায় সেই দিক দিয়েই মাথা ঘামাচ্ছে কিন্তু বাংলা দেশের সত্যিকারের কৃষি যারা উৎপাদন করে, তাদের মধ্যে যে বৈষম্য আছে, তাদের "সিলিং" যদি না বেঁধে দেওয়া যায় তাহলে জমি সমস্যা সমাধান করতে পারবেন না। আমাদের এখানে "কম্পেনসেসন"এর প্রশ্ন বড় নয়। এই সম্পর্কে মহাত্মা গান্ধী বহু দিন ধরে ভূমি সমস্যা কি করে সমাধান করা যায় সে সম্বন্ধে চিন্তা করেছেন এবং এখানে বিনোভাজীর নাম উল্লেখ করছি। তিনি বলেছেন যে ভূমি এমনভাবে বণ্টন করার আইন করা উচিৎ যাতে প্রত্যেক কৃষককে ৫ একর করে জমি দেওয়া যায়। এখানে আইনের দ্বারা মধ্যস্বত্ব অধিকারীদের ৩৩ একর করে জমি রাখতে দিচ্ছেন। তাহলে পরে কোথা থেকে উদ্বৃত্ত জমি পাবেন যা দিয়ে এই সমস্যা মিটাতে পারেন তা বুঝিনা। তাছাড়া এই বিলে আর একটা সর্বনাশকর ধারা রয়েছে যেটা হচ্ছে "কোঅপারেটিভ সোসাইটি" করবেন এবং তারা বহু পরিমাণে জমি রাখতে পারবেন। এইভাবে "কোঅপারেটিভ ফমনওয়েল্থ" গঠন করবেন। কিন্তু এই কোঅপারেটিভ সোসাইটি ইণ্টারমিডিয়ারিজদের নিয়ে গঠন করছেন অর্থাৎ যাদের জমির সঙ্গে কোন দিন কোন সম্পর্ক ছিলনা তাদের দিয়ে। এই "কোঅপারেটিভ সোসাইটি" যদি করতে হয় তাহলে যারা সত্যিকারের "টিলারস অব দি সয়েল" তাদের নিয়েই করা উচিত এবং তাহলে দেশে সত্যিকারের "কোঅপারেটিভ সিসটেম ডেভলপ" করবে ও সেই সঙ্গে সঙ্গে দেশের উৎপন্ন বেড়ে যাবে।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, নীতির দিক থেকে জমিদারী উচ্ছেদ সাধন আমি সমর্থন করি। কিন্তু ভূমিস্বত্ব সংস্কার এবং ভূমি পুনর্বণ্টন ব্যবস্থা না করে ভূমি সমস্যার কিছুতেই সমাধান হতে পারে না। আজকে সরকারপক্ষ থেকে যে বিল আনা হয়েছে তা অত্যন্ত ত্রুটীপূর্ণ। এবং এই বিল যদি কার্য্যকরী করা হয় তাহলে গ্রামীন সভ্যতা একেবারে ধ্বংস হয়ে যাবে। গ্রামের অর্থনৈতিক ও সামাজিক অবস্থা বিপর্য্যস্ত হয়ে যাবে। আমি মনে করি যে দুর্নীতিপরায়ণ সরকারী কর্ম্মচারীরা, যারা ঘুষ ও উৎকোচগ্রহণকারী তাদের পাল্লায় পড়ে সরল গ্রামবাসীদের জীবন উৎপাদিত হয়ে যাবে। এক কথায় ধ্বংসোন্মুখ গ্রামগুলি সত্বর ধ্বংস হয়ে যাবে। তারপর এই যে যারা জমিদারদের সেরেস্তার কাজ করে তারা সব বেকার হয়ে পড়বে। এবং এই সমস্ত বেকার লোকগুলি সহর অভিমুখে ধাবিত হবে। একেইতো সহরগুলি জীবিকা উপার্জনের জন্য

[Dr. Krishna Chandra Satpathi.]

জনসংখ্যার ভারাক্রান্ত; তারপর যদি এই সমস্ত গ্রামের বেকাররা আসে তাহলে সমস্যাসঙ্কুল এই সহরগুলি আরও বিপন্ন হয়ে পড়বে। তারপর, স্যার, এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল এবং এই বিল প্রণয়নে উচ্চপদে অধিষ্ঠ আইনজ্ঞ সরকারী কর্মচারীরা যে আইন অজ্ঞতার পরিচয় দিয়েছে তার তুলনা নাই। আমি যে শুধু বিরুদ্ধ পক্ষ বলেই এই বিলের সমালোচনা করছি তা নয়। আমি দেখেছি যে এই বিলের শেষ আলোচনার সময় পর্য্যন্তও গর্ভমেণ্টের তরফ থেকে সংশোধনী প্রস্তাবের পর প্রস্তাব এনেছেন, এতে কোরেই তাদের অযোগ্যতা আরও প্রমানিত হয়। তার উপর সিলেক্ট্ কমিটিতে ডাক্তার বিধান চন্দ্র রায় সভাপতি হিসাবে যে সমস্ত মতামত গ্রহণ করেছিলেন এখন শেষ পর্য্যন্ত তিনি তা গ্রহণ করছেন না। এতেই আমার এই বিল সম্বন্ধে যে সংশয় ছিল তা আরোও বদ্ধমূল হচ্ছে। আমার বিশ্বাস সরকারের এই বিল সম্বন্ধে কোনরূপ সুনির্দ্দিষ্ট ধারণা এবং একে রূপ দেবার কোন ধারনাই নাই। এর কারণ স্বরূপ আমরা জানি সরকারপক্ষ থেকেও অনেক সদস্যরা এইরূপ বিল সর্বান্তকরণে সমর্থন করেন নাই। তাই তারা বহু সংশোধনী প্রস্তাব উথাপন করেছেন। এতে অনেক জায়গায় ধারা উপধারা এমন কি পরিচ্ছেদ পর্য্যন্ত পরিবর্ত্তন করার চেষ্টা হয়েছে।

[6-5—6-15 p.m.]

সেই থেকে আমার এই ধারনা হচ্ছে যে বর্ত্তমান বিলটি গৃহীত হওয়ার যোগ্য নয়; কিন্তু কংগ্রেসপক্ষীয় বন্ধুগণ নিজের নাসিকা-ছেদনের দ্বারা অপরের যাত্রাভঙ্গ হউক এই ধারনার বশবর্ত্তী হ'য়ে অর্থাৎ বিরোধীপক্ষের বিরুদ্ধতা করিতে হইবে এই নীতির বলে নিজ নিজ মনোভাব প্রকাশ না কোরে সংখ্যাধিক্যের জোরে এটা পাশ করিয়ে নেবেন। ডাঃ রায় এই ত্রুটিপূর্ণ বিলটির যুক্তিপূর্ণ সমালোচনার উত্তর দিতে গিয়ে ভূমিকম্পের সময়কার পরিবর্ত্তনের সঙ্গে তুলনা দিয়েছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি ভূমিকম্প কি ধনীদরিদ্র নির্বিশেষে কাকেও রেহাই দেয়? কেন এই ভূমিকম্পের ভয় দেখাচ্ছেন? ডাঃ রায়ের আশ্রিত বাৎসল্য হেতু তাঁর অনুগ্রহপুষ্ট দলকে কি ভূমিকম্প ভয় করে? সেইজন্য কলিকাতা মিউনিসিপ্যাল এলাকা থেকে "সিলেক্ট কমিটি"তে পর্য্যন্ত গৃহীত হয়েছিল তাকে হঠাৎ আবার বিলের বহির্ভূত করলেন।

স্যার, ভূকম্প ব্যাপক হলেও সর্বগ্রাসী নয়। সেইজন্য সে বেছে বেছে নাবালক, অসহায়, বিধবা, নিম্ন মধ্যবিত্তদের এবং জনহিতকর প্রতিষ্ঠান গ্রাস করবার জন্য উদ্যত হয় না। এই বিল যদি কার্য্যকরী হয় তাহলে ঐসব গ্রাম্য প্রতিষ্ঠানগুলি, ঐ লোকহিতকর প্রতিষ্ঠানের অনেকগুলি বন্ধ হয়ে যাবে। এজন্য অনুরোধ করি যে এত তাড়াহুড়া করবার দরকার নাই। যদি কৃষক আন্দোলন বা দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির আন্দোলন দমন করবার জন্য তাড়াহুড়া করার দরকার হয়ে থাকে তাহলে বলব যে এই উদ্দেশ্যও সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। কারণ, এই যে কম্পন—এই বেকার সমস্যার কথাই বলছি —এ কম্পন রোধ করবার মত শক্তি বোধ হয় গভর্ণমেণ্টের থাকবে না। সেই জন্য বলি যে এখনও সময় আছে। তাঁরা আরও সময় নিন এবং যথেষ্ট সুবিবেচনাপূর্বক এই মূল সমস্যাগুলির যাতে সমাধান হয় সেজন্য এই বিলকে পুনরায় পরিবর্ত্তিত কোরে, সংশোধিত কোরে, নূতন আকারে ভালভাবে উপস্থাপিত করুন। এই মাত্র আমার অনুরোধ।

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে জমিদারী উচ্ছেদ বিলের সম্বন্ধে কিঞ্চিৎ বলতে উঠে আমি কয়েকটী কথা এই "হাউসের" সাম্নে রাখছি। কংগ্রেসের জন্ম হবার পর থেকে, কংগ্রেস যেমন দেশকে স্বাধীন করবার প্রতিজ্ঞা করে, সে প্রতিজ্ঞা পালন করে যেমন দেশকে পরাধীনতা হতে মুক্ত করেছে, তেম্নি ১৯২৩ সালে করাচী কংগ্রেস যে প্রতিজ্ঞা নিয়েছিল, এবং তারপর থেকে বার বার ইলেকসনে ও অন্যান্য সময় যে প্রতিশ্রুতির কথা দেশবাসীকে সে শুনিয়ে এসেছে, কংগ্রেসের সেইটা অক্ষরে অক্ষরে প্রতিপালিত হচ্চে এই বিলের দ্বারা। আজ সে দেশের ভবিষ্যৎ আমাদের সাম্নে খুলে দিয়েছে এই বিলের দ্বারা। বাংলা দেশে জমি এতকাল যে জমিদারের দল ও মধ্যস্বত্ব ভোগকারীরা আটক রেখেছিল, সেই আটক থেকে ছাড়িয়ে বাংলার কংগ্রেস গভর্ণমেণ্ট শান্তিপূর্ণ পদ্ধতিতে, ন্যায় বিচার বুদ্ধি নিয়ে পৃথিবীর সাম্নে যে বিল এনেছেন আমি মজুর কৃষক ও জনসাধারণের পক্ষ থেকে সেজন্য তাদের ধন্যবাদ দিচ্ছি। ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে আজকে এমনভাবে বিল এসেছে, যে এই বিলের দ্বারা দেখতে পাচ্ছি, জমিদারী নেয়ার সঙ্গে সঙ্গে, জমিদারের কর্ম্মচারী যারা রয়েছে, তারাও বেকার হয়ে যাচ্ছে না, এমন কি যে জমিদার কোন দিন খাজনা আদায় করতে পারত না তারও স্বত্ব ভোগ করা চলবে, তারও হাত পা নাড়বার উপায় করেছেন, সামান্য কিছু কিছু ব্যবসা বাণিজ্য করে বা নিজের হাতে কৃষিকার্য্য করবার সুবিধা করিয়ে তাদেরও রক্ষা করবার জন্য আমাদের এই সরকার এই বিলের

বধ্যে ব্যবস্থা করেছেন। আর যারা নাকি ভূমি-হীন, তাদের ভূমি দেবার জন্য চেষ্টা করছেন। তবু যে ও দিকের বন্ধুরা (বিরোধী দলকে নির্দেশ করিয়া) সন্তুষ্ট হতে পারছেন না, কারণ তারা যা চান তা এতে নাই, কারণ আজ পর্য্যন্ত কোন বিচারকই দোষীর কাছে ধন্যবাদের পাত্র হয় নাই, কারণ যে জেলে যায় সে জেলে গিয়ে বিচারককে গালাগালি করেই। এই রকমই হয়ে থাকে, আমি পঞ্চায়েতি বিচার দেখেছি, গ্রাম্য বিচারও দেখেছি, কোথাও প্রত্যেক লোকেরই সমান সুবিধা হয় না। বিচার বুদ্ধি নিয়ে যা দেখা যায়, অন্যের সাধুবাদের আশায় নয়, অবশ্য আমি কারো নাম নিয়ে বলব না, নাম নিতে গেলেই তখনই চিৎকার আরম্ভ হবে, (ভয়েসেস: কংগ্রেসের ঘাঁড় কি না, বসে পড়, বসে পড়, ইত্যাদি) ("নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসান্স")। আজকে না, বরাবর দেখে আসছি ওদের কেবল চেঁচানোই কাজ। চেঁচাতে আমরাও জানি।

প্রথমেই বলা হয়েছে—এই বিলই শেষ বিল নয়। আমরা জানি যারা ভয় দেখাচ্ছে কৃষাণ বিদ্রোহ করবে তাদের দলের পক্ষে তারা নাই। ওরা পঞ্চ পাণ্ডবের কথা বলে, মুখে বল্লেই হবে না। আমরা জানি আমরা কৃষকদের থেকেই নির্ব্বাচিত হয়েছি, আমরা জনসাধারণের প্রতিনিধি। ওদের যদি বিচার বুদ্ধি থাকত তাহলে একটা দল হয়ে ওরা থাকত ও রকম শতধাবিচ্ছিন্ন পঞ্চ পাণ্ডবের দল হয়ে থাকত না, এই রকম ছিন্নভিন্ন হয়ে পঞ্চ পাণ্ডবের নাম নিতে লজ্জা পেত। যাদের কাজই হল কেবল গালা-গালি করা তারা ঘৃণার পাত্র, সমাজই তাদের বিচার করবে। ("নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসান্স")। চেঁচিয়ে আমাকে বসাতে পারবে না। আমি বলব কংগ্রেস তার প্রতিশ্রুতি সম্পূর্ণ রক্ষা করে চলেছে, সে তার কাজ প্রতিদিন করে যাবে, রাস্তার কাঁটা পায়ের তলায় দলে দিয়ে কংগ্রেসসেবীরা তাদের কাজ করে যাবে, কাঁটা তাদের বাধা সৃষ্টি করতে পারবেনা। আমরা জানি আপনারা যত রকম বাধাই দিন না কেন, আমরা কাজ করে যাবই। (বিরোধী দলের জনৈক সদস্য; আপনি ত চার বার দল ছেড়েছেন।) আপনাদের মতন মনে মুখে দুই রকম নয়, আমাদের বাক্য আর কাজ এক। কংগ্রেসের প্রতিশ্রুতি আমরা রক্ষা করে যাবই। আপনাদের মতন ("নয়েজ, ইণ্টারাপসন")——

Mr. Speaker: Order, order.

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার, স্যার, আমি দাঁড়িয়েছি, আমাকে বলতে দিন, আমি এসেছি আমার কথা বলতে, তারা চিৎকার করে কেন (বিরোধী দলকে নির্দেশ করিয়া।) তাদের গায়ে কি আমার কথার খোঁচা লাগে? তারা অনর্থক চেঁচায় কেন? তারা যখন যা তা কথা বলে তখন ত আমরা ওরূপ চেঁচাই না। আমি বলছি আমাদের এই বিল দেশবাসী কিভাবে নিয়েছে চলুন আমার সঙ্গে গ্রামে আমি দেখিয়ে দিতে প্রস্তুত আছি।

(Sj. HEMANTA KUMAR GHOSAL: তা আর যেতে হবেনা।)

কাজেই আমি আমাদের কংগ্রেস গভর্ণমেণ্টকে জনসাধারণের পক্ষ থেকে ধন্যবাদ দিচ্ছি।

[6-15—6-25 p.m.]

Sj. Pravash Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, জামান সাহেব এই সভাতে যে কথা বলেছেন সরকারপক্ষের তরফ থেকে, এই জমিদারী দখল বিল এনে জনসাধারণের কাছে যে মোহ সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে, আমি আমাদের পার্টির তরফ থেকে তার কয়েকটী কথার জবাব দিয়ে তাদের মুখোস খুলে দিতে চাই।

প্রথম কথা হচ্ছে আমরা জানি ১৬০ বৎসর পূর্বে জমিদারী প্রথা প্রতিষ্ঠিত হয়েছে, আমরা জানি ১৩০ বৎসর পূর্বে এই লাটদারী প্রথা প্রবর্তিত হয়েছে। যে জমিদারী প্রথা ও লাটদারী প্রথার ফলে আমরা দেখেছি গোটা ভারতবর্ষে প্রতি হাজারে ৪০২ জন কৃষক আজ ভূমিহীন হয়েছে, আর পশ্চিম বাংলায় প্রতি হাজারে ৬০৯ জন কৃষক আজকে ভূমিহীন হয়ে জীবন যাপন করছে। আজকে আমরা জানি এই জমিদারী প্রথার মধ্য দিয়ে জোতদারী ও লাটদারী প্রথার সৃষ্টি হয়েছে। তার ফলে সমগ্র বাংলাদেশে আজ লক্ষ লক্ষ কৃষক জমিহীন, ভাগচাষী ও ক্ষেত-মজুরে পরিণত হয়েছে। আজকে প্রত্যেক দেশের অর্থনীতি শাস্ত্র এই কথাই বলে যে যদি কোন কৃষি-প্রধান দেশকে অর্থ সম্পন্ন করতে হয়, তাহলে সেই দেশের কৃষকের হাতে জমি বিলি বণ্টন করাই সেই দেশের ভূমি সংস্কারের মূল লক্ষ্য হওয়া উচিত। আজকে এই বিলের দ্বারা এই কথাই যদি প্রমাণ হ'তো যে কৃষক জমির মালিক হয়েছে, তাহলে সেই কথা আমরা স্বীকার করতে পারতাম। কিন্তু আমরা জানি এই বিলের মধ্য দিয়ে কৃষককে জমির মালিক করার কোন বন্দোবস্ত হয় নাই। গতকাল সরকার পক্ষ থেকে এক "এ্যামেণ্ডমেণ্ট" এনে এই কথা বলা হয়েছে যে যে সমস্ত জমি ভাগচাষীর দ্বারা চাষ করা হয়, সেই সমস্ত জমির মালিককে "ইণ্টারমিডিয়ারী" বলে স্বীকার করা হবে। এই কথা জনসাধারণের আন্দোলনের চাপে ও এই সভার

[Sj. Pravash Chandra Roy.]

বিরোধী পক্ষের বার বার দাবী করার ফলে তাঁরা এই "এ্যামেণ্ডমেণ্ট"টী আনতে বাধ্য হয়েছেন বটে। কিন্তু ওঁরা আইনের মধ্য দিয়ে এই কথা বলেছেন যে সরকার যখন প্রয়োজন বোধ করবেন তখন অন্য একটা "নোটীফিকেসন" দিয়ে ঐ আইনটা কার্য্যকরী করা হবে। এই আইন দিয়ে দেশবাসীকে, জনসাধারণকে দেখাচ্ছেন যে ভাগচাষ প্রথায় যে জোতদার যে জমি চাষ করে সেই জমি মধ্যস্বত্ব হিসাবে নেওয়া হবে। কিন্তু অন্যদিক থেকে যে ফাঁক রেখেছেন তার মধ্য দিয়ে এটাকে ব্যর্থ করে দেবার কৌশলও রাখা হয়েছে। শুধু তাই নয়, আজ যে লক্ষ লক্ষ কৃষককে যেখানে ভাগচাষী হিসেবে প্রতিদিন জোতদার ও জমিদাররা উচ্ছেদ করছেন, সেই ভাগচাষীদের কোন "অকুপেন্সি রাইট" দেবার ব্যবস্থা এই বিলের মধ্যে করা হয় নাই। কৃষকদের যেটা সবচেয়ে নিম্নতম দাবী, তাও এখানে স্বীকার করা হয় নাই। অথচ একথা বলা হচ্ছে যে এই বিলের দ্বারা কৃষক জনসাধারণের আর্থিক অবস্থার উন্নতি করা যাবে। আমি বলি এটা সম্পূর্ণ জনসাধারণকে প্রবঞ্চিত করার জন্য এই বিল আনা হয়েছে। "ফ্লাউড্ কমিশন" ও কংগ্রেস "এ্যাগ্রারিয়ান কমিটী"র "চেয়ারম্যান" শ্রীযুক্ত কুমারাপ্পা তিনি পর্য্যন্ত স্বীকার করে গেছেন যে ভূমি সমস্যার মধ্য দিয়ে কৃষকদের মধ্যে যদি জমি বিলিবণ্টন করা হয়, তাহ'লে কৃষিপ্রধান দেশের আর্থিক অবস্থার উন্নতি হতে পারে। কিন্তু এখানে সেই দিকটা বাদ দেওয়া হয়েছে। এমন কি ভাগচাষী কৃষকদের "অকুপেন্সী রাইট্"টা পর্য্যন্ত এই বিলে স্বীকার করা হয় নাই। আমরা দেখতে পাচ্ছি এর ফলে আজ লক্ষ লক্ষ কৃষক শুধু ভূমিহীন হয়ে কাটাচ্ছে শুধু নয়, আজ বাংলা দেশে দুর্ভিক্ষ হচ্ছে ও তার দরুণ "রিলিফ, টেষ্ট রিলিফ"এর মধ্য দিয়ে দেশের কোটী কোটী টাকা আজ ব্যয় করতে হচ্ছে। তা থেকে আজকে কৃষককে বাঁচাবার একমাত্র পথ ছিল সে হচ্ছে, আজকে কৃষকদের মধ্যে জমি বিলিবণ্টন করে দেওয়া। তা যদি আজকে করে দিতে পারতাম তাহলে বাংলা দেশকে সত্যিকারভাবে রক্ষা করতে পারতাম। কিন্তু আমরা জানি এই সরকার যেহেতু রাজা এবং মহারাজার দালালগিরি করছে, সেহেতু তারা এ ব্যবস্থা করতে পারে না। অন্যদিকে জনসাধারণের আন্দোলনের চাপে পড়ে, আজকে জনসাধারণ, যখন কংগ্রেসের বিরুদ্ধে সমস্ত জনমত চলে যাচ্ছে, অন্যদিকে আজকে তার পায়ের তলা থেকে মাটী সরে যাচ্ছে ব'লে দেশের মানুষকে প্রবঞ্চিত করবার জন্য মোহ সৃষ্টি করার জন্য আজ ঢাক পেটান হচ্ছে, জমিদারী প্রথা উচ্ছেদ হচ্ছে, কৃষকরা জমি পাবে। এই ভুল ধারণা সৃষ্টি করে সাধারণ মানুষের উপর তাদের প্রভাব প্রতিপত্তি বজায় রাখবার জন্য চেষ্টা করছে। আমরা বলেছি সুন্দরবন অঞ্চলের লক্ষ লক্ষ বিঘা জমি আজ পর্য্যন্ত বেহেড় ভেড়ী হয়ে পড়ে আছে।

Mr. Speaker: Do not go into details. In the third reading you must confine yourself to the principles as settled in the Bill. This is not the occasion to go into detail.

Sj. Pravash Chandra Roy:

দু-একটী জিনিষ মাত্র উল্লেখ করছি। আমরা জানি যে এই "ফিসারী" পর্য্যন্ত এই বিলের আওতার মধ্যে আসবে না। আজকে ২৪-পরগণার লট নম্বর ১৭২, ৩০ হাজার বিঘা চাষী জমি লোনা জলে ভাসিয়ে রাখা হয়েছে, বেহেড় ভেড়ী করা হয়েছে। লক্ষ লক্ষ বিঘা ধানী জমিতে যে "ফিসারী" করা হয়েছে, তাও এই বিলের দ্বারা বজায় রাখা হচ্ছে।

যেখানে আমরা আইনের মধ্যে দেখছি যারা মজুর লাগিয়ে জমি চাষ করবে, তাদের কাছ থেকে জমি নেওয়া হবে, তাদের কাছে রেখে দেওয়া যাবে— এই একটা মস্ত বড় ফাঁক এই বিলের মধ্যে রাখা হয়েছে। ধনী মালিক যারা "ট্রাক্টর" ও মজুর দিয়ে হাজার হাজার বিঘা জমি চাষ করবে, তাদের হাতে জমি থেকে যাবে। এই বিলের দ্বারা তাদের জমি নেবার ব্যবস্থা হয় নাই। রাজস্ব মন্ত্রী মহাশয় বলেছেন ১১৭ লক্ষ একর বাংলা দেশে "এগ্রিকালচারাল ল্যাণ্ড" রয়েছে, তার মধ্যে ১১৩ লক্ষ একর জমি হচ্ছে "রায়ত" ও "আণ্ডার-রায়তের" হাতে। আমাদের দেশের যারা জোতদার, তাদের হাত থেকে জমি নেবার ব্যবস্থা করা হয় নাই। সেইজন্য আমি মনে করি এই বিলের দ্বারা প্রকৃত পক্ষে "ল্যাণ্ড রিফর্ম"এর যে মূল লক্ষ্য, তাতে পৌঁছান যায় নাই। এর দ্বারা বাংলা দেশের কৃষি সমস্যার সমাধান হবে না। ফলে বাংলার অর্থনৈতিক ভিত্তি যে কৃষক, তাদের সমস্যার যদি সমাধান না করা যায়, তাহ'লে যে সমাজের মূল ভিত্তি কৃষক, তার অবস্থার কোন উন্নতি করতে পারা যাবে না। তাদের উপর নির্ভরশীল যে মধ্যবিত্ত সমাজ, তাদের উপর নির্ভরশীল যে বাংলা দেশের শিল্প বিকাশ, তা হতে পারবে না। সেইজন্য আমি মনে করি এই বিলে দেশের কৃষকদের সত্যিকারের কোন উপকার হবে না। অন্য দিক দিয়ে আজকে জমিদারী দখলের মধ্য দিয়ে সারা বাংলা দেশ সরকারের খাস তালুকে পরিণত হয়েছে।

আজ দুর্ভিক্ষের মধ্যে পড়ে কৃষক, মধ্যবিত্ত তিন চার বছর খাজনা দিতে পারে না, সেই কৃষক মধ্যবিত্ত যদি এক বছরের খাজনা বাকী ফেলে, অবশ্য অভাবের মধ্যে খাজনা বাকী ফেলতে তারা বাধ্য হবে, তাদের সরকার এই খাল তালুকের আইনে ফেলে "সার্টিফিকেট" করে তাদের জমি জমা নিলাম করে দেবে। যেটুকু জমি এই নিম্ন মধ্যবিত্তদের হাতে আছে, তাও এইভাবে নিলামে বেরিয়ে যাবে। যারা দেশের চোরা কারবারী, যাদের হাতে কাঁচা পয়সা, তারা এই সমস্ত জমির মালিক হয়ে বসবে। কাজেই এই বিলের দ্বারা কৃষকের উন্নতি হওয়া দূরের কথা, এতে এমন কতকগুলি ধারা আছে যার দ্বারা কৃষকের সর্বনাশ করা হবে। যে সমস্ত ক্ষতিকর ধারা এতে রয়েছে, যদি সরকারপক্ষ থেকে আমাদের দেওয়া "এ্যামেণ্ডমেণ্ট"গুলি গ্রহণ করতেন তাহ'লে ভাল হতো। আমি মনে করি এখন পর্য্যন্ত চিন্তা করে আবার একটা বিল আনা সরকারের উচিত যার দ্বারা বাংলা দেশের জনসাধারণের--কৃষকের সত্যিকার উন্নতি হতে পারে। সেইভাবে এখনও যদি আইনকে পরিবর্ত্তন করেন, তাহ'লে পূর্ণভাবে আনন্দিত হবো। সেইভাবে পুনরায় বিবেচনা করে দেখুন।

[6-25—6-35 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, যে জমিদারী প্রথা এতকাল আমাদের দেশে চলে এসেছে তাকে উঠিয়ে দেওয়া হচ্ছে বলে কংগ্রেসপক্ষ থেকে সাড়ম্বরে ঘোষণা করে আমাদের সামনে এই বিলটি আনা হয়েছে। কিন্তু এই বিলের মধ্যে যদি স্বচ্ছ দৃষ্টি দিয়ে তাকান যায়, তাহলে দেখতে পাওয়া যাবে যে জমিদারী প্রথার ফলে আজকে আমাদের দেশ একটা ভয়াবহ অবস্থার সামনে এসে উপস্থিত হয়েছে, সেই জমিদারী প্রথা উচ্ছেদ তো হচ্ছেই না উপরন্তু এই জমিদারদের স্থলাভিষিক্ত হচ্ছে বর্ত্তমানে যারা শাসনযন্ত্র পরিচালনা করছেন সেই সরকার। আজকে জমিদারী উচ্ছেদ করা হচ্ছে বলে বলা হচ্ছে বটে কিন্তু আমরা যদি লক্ষ্য করি, তাহ'লে দেখবো সেই সমস্ত জমি এসে পৌঁছাচ্ছে কার হাতে? সেখানে দেখতে পাব আজকে যাদের জন্যে দেশের এই দুরবস্থা হয়েছে, সেই জমি গিয়ে পড়ছে সেই অপদার্থ সরকারের হাতে। কাজেই আমাদের কথা হচ্ছে যে কংগ্রেস আজকে এই বিল আনছেন জমিদারী প্রথা উচ্ছেদ করার নামে, সেই বিল ভবিষ্যতে দেশকে আরও ভয়াবহ অবস্থার মধ্যে নিয়ে যাচ্ছে। আমরা লক্ষ্য করছি জমিদারী প্রথা উচ্ছেদ করবার জন্য তারা যে "কম্পেন্‌সেসন"এর ব্যবস্থা করেছেন তার মধ্যে রয়েছে কৃষকদের ওপর জুলুম করার একটা বড় উপায়—হত্যা করার একটা পদ্ধতি। আজকে কৃষকদের প্রতি যদি লক্ষ্য করি তাহ'লে দেখবো কৃষকদের আজ কি দুঃসহ অবস্থা, কি কঠিন দুর্যোগময় অবস্থার মধ্যে তারা দিন কাটাচ্ছে। তাদের কাপড়ের ব্যবস্থা নেই, শিক্ষার ব্যবস্থা নেই, অন্ন সংস্থানের ব্যবস্থা নেই, তাই তারা বর্গাদারদের সঙ্গে হাত মিলিয়ে জমি ভাগে চাষ করতে বাধ্য হচ্ছে এবং তার জন্য দেখতে পাচ্ছি এই সমস্ত বর্গাদার এবং জোতদার, তাদের উপর যে নিদারুণ নিষ্পেষণের ব্যবস্থা করছে সেই অবস্থা কি যে ভয়াবহ রূপ নিয়েছে তা আমাদের সামনে রয়েছে—এটা প্রতিদিন খবরের কাগজ মারফৎ আমাদের সামনে পরিবেশিত হচ্ছে। আজকে সেই জমিদারী প্রথা—যা "ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী" সৃষ্টি করেছিল দেশের জনগণের ওপর নিপীড়নের যন্ত্র হিসাবে কুখ্যাত জমিদারী প্রথার ধারক ও বাহক বর্ত্তমান পোষ্যবর্গকে বিদেশী ধনতন্ত্রবাদের অপর দালাল শিল্পপতিদের সঙ্গে প্রতিযোগিতা করতে গিয়ে নাভিশ্বাসগ্রস্ত হতে হচ্ছে। তখনি এই কংগ্রেস সরকার ছুটে গিয়ে তাদের দুরবস্থা থেকে রক্ষা করবার জন্য এই বিল গ্রহণে সাহায্য করছেন। তাই তাদের "কম্পেন্‌সেসন"-এর ব্যবস্থা করে তারা যে ভোগস্বত্ব এতদিন ভোগ করে এসেছে সেই ভোগস্বত্ব আরও বজায় রাখবার জন্য তাদের "কম্পেন্‌সেসন" দেবার ব্যবস্থা হচ্ছে। এবং তাদ্বারা জমিদারদের সেই বিলাস ব্যসনকে আরও জীইয়ে রাখা হচ্ছে এবং অন্য দিকে পুলিশ লেলিয়ে দিচ্ছে কৃষকদের পেষণ করবার জন্য। সুতরাং আজকে জমিদারী উচ্ছেদের নাম করে কংগ্রেস পক্ষ যতই উল্লাস করুন না কেন, আমরা বলবো এটাকে জমিদারী উচ্ছেদ বিল না বলে এটাকে প্রজাকৃষক নিধন বিল বলা উচিত। আজকে বিশ্বের বিভিন্ন দেশের দিকে যদি তাকিয়ে দেখি তাহ'লে দেখবো অনেক সময় ঐ পক্ষ রাশিয়া চীনের কথা বলে "কমিউনিষ্ট" বলে আঁৎকে উঠেন তবুও আমাকে বলতে হবে আমি রাশিয়ায় ভূমি সংস্কার সম্পর্কে কি দেখেছি? আমি রাশিয়া থেকে ঘুরে এসেছি মাত্র কয়েকদিন আগে। আমি জানি সেখানে সরকার চাষীদের জন্য ভূমি সংস্কারের কি উন্নত ব্যবস্থা করেছেন এবং অন্যান্য যাঁরা সে দেশে গিয়েছেন, তাঁরাও আমারই মত এটা লক্ষ্য করে দেখেছেন, সেখানে সরকার থেকে কৃষকদের জন্য ভাল বীজ দেওয়ার ব্যবস্থা আছে, সারের ব্যবস্থা আছে, জমিতে যাতে ভাল ফসল উৎপন্ন হতে পারে তার জন্য সকল

[Sj Suhrid Kumar Mallick Chowdhury.]

রকম সুযোগ সুবিধা দানের ব্যবস্থা আছে। সেখানকার কৃষকরা যাতে ভাল ভাবে জমি চাষ করতে পারে এবং তাদ্বারা জাতির উন্নতি করতে পারে তার ব্যবস্থা হয়েছে। সেই তুলনায় আমাদের সরকার কি করছেন? জমিদারদের অনেক "কম্পেন্‌সেসন" দিয়ে সেই জমি নিয়ে তারা কৃষকদের হাতে দেবেন, তাতে কৃষকরা কেমন কোরে লাভবান হবে বুঝতে পাচ্ছিনা। যে কৃষক জমিতে লাঙ্গল দেবার জন্য লাঙ্গল কিনতে পারে না, পয়সাভাবে বীজধান কিনতে পারে না, সার দিতে পারে না, যে কৃষক জমিদারের বকেয়া খাজনা জমিদারদের দিতে পারে না, সেই কৃষক কি করে বর্দ্ধিত হারে খাজনা সরকারকে দেবে, সে কথা চিন্তা করা সরকারের উচিত ছিল। কিন্তু সেই চিন্তা কেউ এখানে করেননি, কংগ্রেস পক্ষের মাননীয় সদস্যেরাও তা করেননি। যারা তাঁদের মধ্যে চিন্তাশীল, বিশেষ করে তাঁদের কাছে আমি বলবো—তাঁদের ভোটের শক্তি আছে, ভোটের জোরে তাঁরা সব কিছু করতে পারেন কিন্তু তাঁদের মধ্যে যাঁরা চিন্তাশীল, তাঁদের নিকট আবেদন করবো আজ যেন তাঁরা কৃষকদের জীবন নিয়ে ছিনিমিনি না খেলেন, যদি করেন তাহলে তারা ভয়ানক ভুল করবেন। বারুদস্তূপের ওপর ঘর বেঁধে আগুণ নিয়ে তাঁরা খেলবেন না। আমি মাননীয় সদস্যদের নিকট এই আবেদনই করবো। আজকে তারা কৃষকদের দুঃখ দুর্দ্দশা নিজের চোখেই দেখতে পাচ্ছেন তারা একটু চিন্তা করুন যে এই জমিদারী "এ্যাবলিসন"এর নাম দিয়ে আজ পশ্চিমবঙ্গকে কি ভয়াবহ অবস্থার সামনে নিয়ে চলেছেন, তাঁরা তা সংশোধনের জন্য যেন সচেষ্ট হন। যদি তা না করেন তবে এই ভূমি সমস্যা থেকেই দেশের প্রতিটি কোনে কোনে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হবে। দেশের সামনে আবার একটি চল্লিশের মন্বন্তর দেখা দেবে। এবং এই অবস্থার সুযোগ নিয়ে দেশের বিপ্লবীশক্তিরা বিপ্লবের মধ্যে দিয়ে দেশের ভূমি সমস্যা সমাধানে বাধ্য হবে। বর্ত্তমানে যে বামশক্তি বিভক্ত হওয়ায় সরকার উল্লসিত বোধ করেন এবং তারা অনেক সময় এই কথা এই সভাতেও বলে থাকেন। একথা সত্যি বামপন্থীরা বিভক্ত কিন্তু তাদের জিজ্ঞাসা করি জাতীর গঠনমূলক কার্য্যে এই বামপন্থী দল সকলের চেয়ে পরোভাগে আছেন কি না? ("নয়েজ এণ্ড ইণ্টারপসনস"।) এই বাম দিকে যারা রয়েছেন তাঁরা প্রত্যেক কাজের মধ্য দিয়ে দেখিয়ে দিয়েছেন, তাঁরা সরকারের দমনমূলক কাজের বিরুদ্ধে সব সময় এক হয়েছেন। সুতরাং বামপন্থীদের দলগত বিভেদ থাকলেও জাতির স্বার্থে বিভক্ত থাকবে এটা ভুল। সেইটা আমরা "এষ্টেট এ্যাকুইজিসন" বিলেও দেখতে পাচ্ছি। কিছুদিন আগে যখন "ট্রামফেয়ার" নিয়ে যে আন্দোলন হয়েছিল এবং সরকারপক্ষ থেকে তাদের উপর অত্যাচার করেছিল তখন সকল শক্তি নিয়ে বামপন্থীদল এক সঙ্গে মিলে দেখিয়ে দিয়েছে, কেমন করে প্রয়োজন হলে জাতীর স্বার্থে সরকারকে তাঁরা নত করতে পারে। মন্ত্রীসভাকে এই শিক্ষার কথা স্মরণ করিয়ে এই বিলে কৃষক প্রজার মঙ্গলের ব্যবস্থা সন্নিবেশিত হোক এই দাবী পশ্চিম বাংলার দুর্গত জনগণের পক্ষ থেকে আমি করছি।

[6-35—6-45 p.m.]

Sj. Ananda Gopal Mukerjee:

মাননীয় স্পীকার মহাশয়, কাশ্মীর জেলে বিনা-বিচারে আটক অবস্থায় ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু হয়। অস্বাভাবিক অবস্থায় এই অস্বাভাবিক মৃত্যুতে দেশের সমস্ত মানুষই অত্যন্ত স্বাভাবিকভাবে খুব সন্দেহ প্রকাশ করেছে। এই শংকা ও সন্দেহের সঙ্গে কমুনিষ্ট পার্টিও একমত। বিভিন্ন ক্ষেত্রে ইতি-পূর্বে বহুবার কমুনিষ্ট পার্টি সে মত প্রকাশ করেছে। লোকসভা ও জনসাধারণের কাছে, সরকারের কাছে কমুনিষ্ট পার্টি সে সন্দেহ ব্যক্ত করেছে। ডাঃ শ্যামাপ্রসাদের সঙ্গে কমুনিষ্ট পার্টির নীতিগত মত-পার্থক্য যা-ই থাকুক না কেন এবং মতপার্থক্য আছেও তা সত্ত্বেও যেভাবে তাঁর মৃত্যু ঘটান হয়েছে, কমুনিষ্ট পার্টি তাতে শুধু উদ্বিগ্নই নয়, আমাদের দেশের মানুষের জীবন ও ব্যক্তিগত স্বাধীনতা ও অধিকার যেভাবে এই সরকারের কাছে লাঞ্ছিত হয়, তা দিয়ে ভবিষ্যতের জন্য কমুনিষ্ট পার্টি যথেষ্ট শংকা বোধ করেছে। কাশ্মীর রাজ্যে বিনাবিচারে আটক থাকাকালীন তাঁর মৃত্যু হয়, কোন আত্মীয়স্বজন তাঁর সামনে রহে না, এমন কি কোন বন্ধুবান্ধব পর্যন্ত তাঁর সামনে তখন ছিলনা। অত্যন্ত স্বাভাবিক কারণে সন্দেহ হয় এই মৃত্যু স্বাভাবিক ছিলনা। কাজেই মৃত্যু কেন হ'লো তার তদন্তের দাবী ওঠে। সমস্ত মানুষ স্বাভাবিকভাবে আশা করে অন্ততঃ সরকার পক্ষ থেকে এই তদন্তের দাবী সমর্থন করা হবে। কিন্তু তাঁরা এই তদন্তের দাবীকে অগ্রাহ্য করেন; কাশ্মীর সরকারও সেই তদন্তের দাবী অগ্রাহ্য করেন, ততো-ধিক আশ্চর্য্যের বিষয় সেই তদন্তের দাবী অগ্রাহ্য করেন পণ্ডিত জওহরলাল নেহেরু। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এই ধরনের ঘটনা নূতন দেখছি না। এই ঘটনা কাশ্মীর রাজ্যে নূতন হলেও ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে এই রকম ঘটনা আরও অনেক আছে। এখানে শ্রীযুক্ত শংকর প্রসাদ মিত্র একটু আগে বললেন যে এ ব্যাপারে পণ্ডিত নেহেরু ও ভারত সরকারের কোন হাত ছিলনা, কনষ্টিটিউসনেও তার কোন অধিকার নাই।

(A VOICE:

এনকোয়ারী করবার ক্ষমতা নাই।)

হাঁ, এনকোয়ারী করবার ক্ষমতা নাই--"দিস্ ইজ ফ্যাক্ট" আমি মনে করি। এ নিয়ে চ্যালেঞ্জ করে কোন লাভ দেখছি না। আমি মনে করি পণ্ডিত নেহেরুর হয়ত জনসাধারণের এই সঙ্গত দাবীকে কাশ্মীর সরকারের কাছে উপস্থিত করা উচিত ছিল। কিন্তু তাও তিনি করেন নাই। পণ্ডিত নেহেরু একবারও একথা তাঁর বক্তৃতার মধ্যদিয়ে প্রকাশ করেন নি যে এর একটা তদন্ত হওয়া উচিত।

(Interruptions.)

Mr. Speaker: Please do not disturb the tenor of the debate.

Sjkta. Manikuntala Sen:

এবিষয়ে যে কোন তদন্ত হয়নি সে কথা আমরা অনেকে জানি। শুধু যে এইরকম একটী ঘটনা ঘটেছে তা নয় পণ্ডিত জওহরলাল নেহেরুর যেখানে ক্ষমতা ছিল তদন্ত করবার, সেখানেও তিনি করেন নাই। দমদম জেলে অনুরূপ ঘটনা ঘটেছে, প্রেসিডেন্সি জেলে অনুরূপ ঘটনা ঘটেছে, বোলিম জেলেও এই-রকম ঘটনা ঘটেছে, বিনাবিচারে আটক অবস্থায় লোকে শুধু জেলখানায় অসুখে মারা গেছে তা নয়, তাদের গুলি করে পর্য্যন্ত হত্যা করা হয়েছে। সেই সমস্ত ক্ষেত্রে দেশবাসী তদন্তের দাবী করা সত্বেও কোন তদন্ত করা হয় নাই। বিভাগীয় তদন্তের প্রহসন দেখেছি। সেখানে জেলে আমিও এক সময় আটক ছিলাম। যেখানে গুলি করে বিনাবিচারে আটক অবস্থায় বন্দীদের মারা হ'লো, সেখানে বিভাগীয় তদন্তের প্রহসন দেখেছি। কমিশনার সেখানে উপস্থিত ছিলেন, তিনি কি করেছেন জিজ্ঞাসা করি? কেন সেইসব তদন্তের ফলাফল আজ পর্য্যন্ত শোনা যায়নি? কোন পুলিশ অফিসার বা সরকারী বিভাগকে তার জন্য দায়ী করা হয়েছে, শাস্তি বিধান করা হয়েছে? সুতরাং এই তদন্তও করা হবেনা। এও আমরা জানি ভবিষ্যতেও এ তদন্ত করা হবেনা। এমন কি পণ্ডিত নেহেরুর আয়ত্তের মধ্যে থাকলেও এই তদন্ত করা হবে না। এ বিষয়ে আমি সংশয় রাখিনা। এই বর্বরতা জনসাধারণ বরদাস্ত করতে পারে না। কোন স্বাধীন ও সভ্যদেশে বিনাবিচারে আটক রেখে বন্দীকে এইরকমভাবে—

(A VOICE:
রাশিয়া সভ্য নয়? সেখানে কি হয়?)

জেলখানায় হত্যা করা হয়--একথা শুনতে পাইনা। একমাত্র বিনাবিচারে আটক আইন যে দেশে এই রকমভাবে চালান হয়, সেখানে এইরকম জিনিষ সম্ভব। যতদিন পর্য্যন্ত বিনাবিচারে আটক রাখবার ক্ষমতা সরকারের হাতে থাকবে, ততদিন পর্য্যন্ত এই আটক বন্দীদের উপর এই ধরনের অত্যা-চার চালানোর অধিকার সরকারের হাতে থাকছে। সুতরাং আমি মনে করি বিনাবিচারে আটক আইন যতদিন পর্য্যন্ত সরকারের কাছে থাকবে, ততদিন জনসাধারণের জীবন ও ব্যক্তিস্বাধীনতা মোটেই নিরাপদ নয় এবং পলিটিক্যাল বা রাজনৈতিক অপোজিসন যে কোন রকমেরই হোক্ না কেন, সেই অপোজিসনকে গলা টিপে মারবার জন্য বিনাবিচারে আটকে রাখতে হবে। তাদের বিনাবিচারে আটকে রেখে, জেলখানায় পুরে রেখে এবং হত্যা করতে এই সরকার এতটুকুও দ্বিধাবোধ করে না। (কোশ্চেন, কোশ্চেন।)

[6-35—6-45 p.m.]

সেজন্য আমরা মনে করি যে বিনাবিচারে আটক আইন যতদিন আছে, ততদিন পর্য্যন্ত স্বৈরাচার এবং স্বেচ্ছা-চার চলতে থাকবে। সেজন্য আমরা দাবী করি—শুধু তদন্ত নয়--শ্যামাপ্রসাদের মৃত্যু সম্পর্কে তদন্ত অবশ্যই করতে হবে এবং পণ্ডিত নেহেরুর এবিষয়ে যে বক্তব্য তা তিনি বলুন--সঙ্গে সঙ্গে আমাদের দাবী থাকবে যে বিনাবিচারে আটক এদেশ থেকে প্রত্যা-হার করে নেওয়া হোক, এই আইন রহিত করা হোক,--কাশ্মীর হতেও রদ করা হোক। সমস্ত রাজ্যে যদি বিনাবিচারে আটক আইন রদ করা হয় তাহলে আশাকরি ভবিষ্যতে জনসাধারণের জীবন এইভাবে জেলখানায় নষ্ট হবেনা, আমরা ভরসা করতে পারি এরকম মানুষের জীবনে লাঞ্ছিত হতে হবেনা। আমি জানি বিনাবিচারে আটক আইন রদ করা এখানে শুধু প্রস্তাব পাশ করবার দ্বারা দিয়েই সফল করা যাবেনা। সেজন্য "কমুনিষ্ট পার্টি" সমস্ত জনসাধারণের সামনে প্রতিশ্রুতি দিচ্ছে যতদিন পর্য্যন্ত আটক আইন প্রত্যাহার করা না হয়, ততদিন পর্য্যন্ত সমগ্রদেশে জনসাধারণের সঙ্গে একত্রিত হয়ে এই আইন রদ করবার জন্য ও প্রত্যাহার করবার জন্য আন্দোলন করবে। এবং আমি আশাকরি শুধু "কমুনিষ্ট পার্টি" বা বিরোধী দল নয়, কংগ্রেস "বেঞ্চ"এও বহু আছেন যারা এই বিনাবিচারে আটক আইনের বিরোধী। ("নয়েজ এণ্ড ডিসটার্ব্যান্স" --বাশিয়ায় কি হচ্ছে?) জনসাধারণ জানে এই বিনাবিচারে আটক আইন বাংলা দেশের কি সর্বনাশ করেছে। সুতরাং বিনাবিচারে আটক আইন ভাল, এটা কংগ্রেস পক্ষের সকলেই গ্রাহ্য করবেন—এটা বিশ্বাস করিনা। তাই "কমুনিষ্ট পার্টি" প্রতি-শ্রুতি দিচ্ছে যতদিন না এই বিনাবিচারে আটক আইনের অবসান ঘটে জনসাধারণের জীবনে নিরা-পত্তা এবং ব্যক্তিস্বাধীনতা আসে ততদিন পর্য্যন্ত তারা আন্দোলন করবে এবং এই "হাউস"এর সামনেও এই প্রতিশ্রুতিই রাখছে।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, I for myself and on behalf of my party wholeheartedly associate with the resolution moved by Sj. Jnanendra Kumar Chaudhury. I also associate with the good words and sentiments expressed by Shri Mitra in

respect of Dr. Mukherjee, but I do not associate myself with his amendment. Sir, there cannot be two opinions that there should be an enquiry into the sad and untimely death of Dr. Syamaprasad Mookerjee while he was detained in Kashmir without any trial whatsoever.

Sir, when the news of his death reached Calcutta, the whole city took it as the greatest possible shock in its life. The assembly that we noticed following the funeral bier, Sir, we never did see before in our lives. He was loved by his countrymen because of his character, his talents and various other qualities of head and heart. He was really considered by his country as a great leader and, in fact, all Bengalees were proud of him. Sir, could his death be allowed to remain a mystery for all time to come? Bengal in one voice demanded an enquiry. Why should not that be allowed? Sir, we hoped that our Government would take the initiative, but they failed to do so. If we could understand Dr. Roy, at first he thought an enquiry was necessary, but subsequently he declined—no, no enquiry is necessary. Will he, Sir, say why there was this change of front? As far as we knew, Dr. Syamaprasad Mookerjee was a great friend of Dr. Roy and, in fact, he shed tears when he heard about his death. Why should, Sir, there be no move from him to induce the Government of India to hold an enquiry? We attended various public meetings concerning this and we found that the people of Bengal genuinely intended that there should be an enquiry. From all the facts that we have so far gathered, there cannot be any doubt that there was something, something—I say, something—suspicious about the death. Sir, by the amendment moved by Mr. Mitra, the real issue is being side-tracked. He raises again constitutional points, but we are not asking the Government of India to exercise any executive function over Kashmir. What we are asking is an enquiry by our Government by appointing a Judge of the Supreme Court. He can have evidence from here, he can also have evidence from Kashmir. How can, Sir, the Kashmir Government decide on this issue when the charge is against the Kashmir Government? If really there was something—some negligence—which brought about his death so hastily, it was due to the negligence of the Kashmir Government. That Government is charged by Bengal and the enquiry will be made against them and so it is futile to argue that they can deliver the goods. I will again appeal to Dr. Roy to take up this matter and to see that a proper enquiry is made by an impartial tribunal, set up by the Central Government, otherwise, Sir, our feeling would be that all the tears that he shed were crocodile tears.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, আমরা যে দিন এই "হাউস"এ ডাঃ শ্যামাপ্রসাদের অকাল ও শোচনীয় মৃত্যু সম্বন্ধে শোক-প্রস্তাব গ্রহণ করি—সেদিন যদি বাংলা গভর্ণমেণ্ট এই প্রস্তাবটা গ্রহণ করতেন—যে প্রস্তাব দেশের জনসাধারণ বারবার বিভিন্ন সভা-সমিতিতে গ্রহণ করেছিল এবং দাবী তুলেছিল যে শ্রদ্ধেয় শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে অনুসন্ধান করা হোক--তাহলে সকলেই বুঝতে যে বাংলা তথা ভারতের একজন মহান নেতা, ভারতের একজন কৃতী ও বিশিষ্ট সন্তান—নরশার্দ্দুল, শ্যামাপ্রসাদের মৃত্যুতে বাংলা গভর্ণমেণ্ট তার দায়িত্ব পালন করেছে। এটা ঠিক যে ডাঃ রায়ের সঙ্গে ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জির যে সম্পর্ক ছিল সেটা খুবই মধুর ছিল কিন্তু খুব সম্ভবতঃ--ভারত সরকারকে শ্রদ্ধেয় শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে অনুসন্ধান করতে বললে জম্মু ও কাশ্মীর সরকার অসন্তুষ্ট হবে--এই ভেবেই বোধ হয় তিনি এই "হাউসে" সেই প্রস্তাব আনতে সাহস পান নি বা বাংলা গভর্ণমেণ্টের পক্ষ থেকে সেরকম জোরের সহিত জনতার এই দাবী ভারত গভর্ণমেণ্টের কাছে উপস্থিত করেন নি। যদি করতেন তাহলে খুব শোভন হত।

[6-45—6-55 p.m.]

যে প্রস্তাবটা "নন-অফিসিয়াল"ডেতে, "অপোজিসন" এর দিক থেকে এসেছে সেটার উপর বাংলা গভর্ণমেণ্টের পক্ষ থেকে শুধু মিঃ মহাপাত্র একটা

[Sj. Hemanta Kumar Basu.]

"এমেণ্ডমেণ্ট" এনেছেন, কারণ তিনি বলেছেন যে সোজাসুজি নিতে গেলে "ল"তে আটকায়। আমি "লইয়ার" নই। এখানে বাংলা গভর্ণমেণ্ট জম্মু ও কাশ্মীর গভর্ণমেণ্টের সঙ্গে পরামর্শ করে একটা "কমিশন এপোয়েণ্ট" করবেন এ সাহস আপনাদের নাই, সেটা আমরা জানি।

শ্যামাপ্রসাদ মহাশয়, তিনি যখন "পার্লামেণ্টে" বক্তৃতা করতেন, তাঁর বক্তৃতার কাছে সব কিছুই বিলীন হয়ে যেত। এই রকম ব্যক্তিত্বসম্পন্ন বক্তৃতা একমাত্র আমাদের দেশে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, শরৎ বোস ও নেতাজী প্রভৃতির পরেই তাঁর স্থান ছিল। তিনি ছিলেন বাংলা দেশের আশাভরসা এবং সারা ভারতে যে শাসন ব্যবস্থা এখন চলছে, এই শাসন ব্যবস্থার বিরুদ্ধে শক্তির প্রতীক হিসাবে একজন মানুষই জন্মেছিলেন, তিনি হচ্ছেন শ্যামাপ্রসাদ। আমরা তাঁর সঙ্গে দুই সময় কাজ করেছিলাম। সেই সময় তাঁর মধ্যে যে প্রতিভা ও বন্ধুত্বের ভাব নিয়ে কাজ করবার আগ্রহ দেখেছিলাম তাতে মনে হয়েছিল যে বাস্তবিকই তিনি বাংলা এবং সারা ভারতের নেতৃত্ব গ্রহণ করবার উপযোগী ও নেতৃত্ব গ্রহণ করেও ছিলেন। এ কথা ঠিক যে কোন কোন বিষয়ে আমরা তার মতবিরোধী ছিলাম কিন্তু তিনি যখন একলা কোথাও দাঁড়িয়ে কোন কথা বলতেন তখন সমস্ত কিছু বিলীন হয়ে যেত। তিনি সমস্ত বাংলা ও ভারতবর্ষের বিরোধী দলের শক্তির আধার ছিলেন। এই রকম যে একটা মানুষ তাঁর এইরকমভাবে মৃত্যু ঘটল—অবশ্য ব্রিটিশ আমলে দেশপ্রিয় যতীন্দ্রনাথের এইভাবেই মৃত্যু হয়েছিল, তখন সংগ্রাম চলছিল। কিন্তু যখন ধীরভাবে মানুষ তাঁর বুদ্ধি বিবেচনামত, যুক্তিমত তিনি যে আন্দোলন করছিলেন সেই আন্দোলনে কাশ্মীর গভর্ণমেণ্ট তাঁকে গ্রেপ্তার করেছিল এবং বাস্তবিকই যেভাবে তাঁর মৃত্যু ঘটেছে সেটা খুবই সন্দেহের ব্যাপার। বাংলার জনসাধারণ বার বার দাবী করেছে কিন্তু ভারত গভর্ণমেণ্ট এর কোন প্রতিকার করেন নি; তাতে আরো সন্দেহ হয় যে এই মৃত্যুর কারণ কি? এত বড় বাংলার নেতা যাঁর এমনভাবে মৃত্যু ঘটেছে যে তার একটু তথ্যও জনসাধারণ জানেনা এর কারণ কি? এতে লোকের সন্দেহ হচ্ছে যে তাঁর মৃত্যু এমনভাবে ঘটেছে যেটা হয়ত হত্যার সামিল হতে পারে। জম্মু ও কাশ্মীর গভর্ণমেণ্টে বর্ত্তমানে ও আগে যারা ছিল তাদেরও এটা কর্ত্তব্য যে, আমরা যেমন "সিষ্টার ষ্টেট" হিসাবে "ইণ্ডিয়া গভর্ণমেণ্ট"এর সঙ্গে আমাদের যে সম্পর্ক, তাদের সঙ্গে সে সম্পর্ক থাকা হলেও তারা "ইণ্ডিয়া গভর্ণমেণ্ট"এর কাছ থেকে সাহায্য নিয়ে তাদের "ষ্টেট"এর নিরাপত্তা রক্ষা করছেন, সেই হিসাবে আমাদের দেশে জনসাধারণের মনে শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে যে সন্দেহ ও বিক্ষোভ হয়েছে সে সম্বন্ধে নিরপেক্ষভাবে অনুসন্ধানের সাহায্য করা তাদের উচিত, যাতে বাংলার জনসাধারণের মনে তাঁর মৃত্যু সম্বন্ধে যে সন্দেহ জেগেছে তা দূরীভূত হয়। সেদিক থেকে আমি মনে করি জ্ঞানবাবু যে প্রস্তাব করেছেন তা গ্রহণ করা উচিত। এতএব আমি আশাকরি শঙ্কর বাবু তাঁর সংশোধনী প্রস্তাবটা তুলে নেবেন এবং এই প্রস্তাবটা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভীর দুঃখ ও মর্ম্মবেদনায় ডাক্তার শ্যামাপ্রসাদ মুখার্জির অকাল ও রহস্যময় মৃত্যুর তদন্তের দাবীতে যে প্রস্তাব এই "এসেম্ব্লী"র সামনে এসেছে তা সমর্থন করবার জন্য আমি দাঁড়িয়েছি। বঙ্গজননীর যে কয়জন সুসন্তান দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ ক'রে স্বীয় আদর্শের জন্য প্রাণ ত্যাগ ক'রে চিরস্মরণীয়, চিরবরণীয় ও অমর হ'য়েছেন ডাঃ শ্যামাপ্রসাদ তাঁদের অন্যতম।

ডাক্তার শ্যামাপ্রসাদ মুখার্জি সমস্ত ভারতবর্ষের একমাত্র অবিসম্বাদি নেতা ও আশাভরসার স্থল ছিলেন। তিনিই একমাত্র লোক যিনি স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে তীব্র সমালোচনার দ্বারা জনতাকে বলতে পারতেন যে ভারতবর্ষের কর্ত্তব্য কি। কোন প্রলোভন বা পদমর্য্যাদা তাঁর আদর্শ থেকে তাঁকে বিচ্যুত করতে পারেনি। তিনি বহুবার ভারত সরকারের নীতির প্রতিবাদ করে মন্ত্রীত্বের পদ ত্যাগ করেছেন। যখনই প্রয়োজন হয়েছে তখনই তিনি নির্ভীকভাবে দাঁড়িয়ে তাঁর কর্ত্তব্য পালন করেছেন। আমরা দেখছি ১৯৫০ সালে পূর্ব পাকিস্থানের ঘটনাবলীর প্রতিবাদে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীত্ব পদ ত্যাগ করতে।

ডাক্তার শ্যামাপ্রসাদের মধ্যে যে দূরদৃষ্টির পরিচয় আমরা পাই তা আর কোন নেতার মধ্যেই এত প্রকটভাবে আমরা দেখতে পাইনা। তিনিই সর্ব্বপ্রথম বলেছিলেন, যে শেখ্ আবদুল্লা যে কোন সময়ে বিদেশীর সাহায্যে কাশ্মীরকে স্বাধীন সার্ব্বভৌম রাষ্ট্র বলে ঘোষণা করে ভারতবর্ষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে। তিনিই সর্ব্বপ্রথম কাশ্মীরের ভারতভুক্তির আন্দোলন তুলেছিলেন। তিনিই বলেছিলেন এক নিশান, এক বিধান, এক প্রধান। তিনি শ্রেণী ও দলের উর্দ্ধে ছিলেন। তিনি যখন

ভারতবর্ষের নাগরিকদের ও যুবকদের আহ্বান জানিয়েছিলেন এই ভারতভুক্তির আন্দোলনের জন্য, তখন জনসঙ্ঘ, হিন্দুমহাসভা ও রামরাজ্য পরিষদ এই আহ্বানে যোগদান করেছিল এবং প্রায় ১৬ হাজার কর্মী কারাবরণ করেছিল। কোন কোন দল তখন তাঁর নিন্দা করেছিলেন কিন্তু তাঁর দূরদৃষ্টির পরিচয় পাওয়া গিয়েছে। তিনিই ভারতবর্ষের মধ্যে একমাত্র নেতা যিনি বুঝতে পেরেছিলেন যে জম্মু ও কাশ্মীরে শেখ আব্দুল্লার দ্বারা বিপদ আসতে পারে।

[6-55—7-5 p.m.]

তাই তিনি জম্মু প্রজাপরিষদ প্রবর্তিত, জম্মু ও কাশ্মীরের পরিপূর্ণ ভারতভুক্তির আন্দোলন সমর্থন ক'রেছিলেন। সেইজন্যই প্রকৃত অবস্থা পরিদর্শন জন্য কাশ্মীরে গিয়েছিলেন। এরদ্বারা সন্দেহ কি হয় না যে জম্মু ও কাশ্মীরের পরিপূর্ণ ভারতভুক্তির প্রশ্নের সঙ্গে এটা জড়িত এবং সেইজন্যই শ্যামাপ্রসাদকে এখান থেকে সরিয়ে দেওয়া হয়? আজ জনসাধারণের মনে সেই বিশ্বাস দৃঢ় হয়েছে। যে দিন তাঁর মৃত্যু সংবাদ সাধারণের গোচরীভূত হ'ল, সেদিন দলনির্বিশেষে সকলেই ভারতের কোটি কোটি নরনারী তাদের মনে এই সন্দেহ জেগেছিল এবং তারা জিজ্ঞাসা করেছিল এ শ্যামাপ্রসাদের মৃত্যু, না তাঁর হত্যা? এর তদন্ত চাই, এর বিচার চাই। এ দাবী কোন ব্যক্তি বিশেষের নয়, কোন একটি দলের নয়। এখন দেখা যাচ্ছে যে তার মৃত্যুর সঙ্গে সঙ্গে ভারতবর্ষের গণতন্ত্রের চির সমাধি হয়েছে। কোন গণতন্ত্রবিশ্বাসী স্বাধীন দেশে এরকমভাবের আটক আইন থাকা সে দেশের ইতিহাসের কলঙ্কস্বরূপ। শুধু তাই নয়। কাশ্মীর সরকারের কি অধিকার ছিল, কোন অধিকার বলে তারা ডাঃ শ্যামাপ্রসাদের মত নেতাকে গ্রেপ্তার করতে পারে? এটা স্পষ্ট প্রমাণ হয়েছে যে একমাত্র ভারত সরকারই সেখানে প্রবেশের বাধা সৃষ্টির আইন প্রবর্তিত করেছিলেন কিন্তু ভারত সরকারের পক্ষ থেকে কোন বাধা দান করা হয়নি। বরং জম্মু ও কাশ্মীর প্রদেশে প্রবেশের অব্যবহিত পূর্বে ভারত সরকারের উর্দ্ধতন কর্মচারী কেউ কেউ বলেছিলেন যে তাঁর জম্মু প্রদেশে যাওয়ার ভারত সরকারের কোন বাধা নাই, বরং কিছু সহযোগিতা ও সাহায্য করার যদি প্রয়োজন হয় তবে তাঁরা তা দিতে প্রস্তুত আছেন। এর দ্বারা কি প্রমানিত হয় না বা বিশ্বাস হয় না যে তিনি যে ভারতের জনসাধারণকে জানিয়েছিলেন তিনি জম্মু ও কাশ্মীরে যাবেন বিনা পারমিটে—কারণ ভারতীয় সংবিধানের নিয়ম অনুযায়ী—প্রত্যেক ভারতবাসীরই অধিকার রয়েছে ভারতের এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্য্যন্ত অভিক্রম করার এবং যাতায়াত করার—সেজন্য তাঁকে কি কিছু বলা হয়েছিল? আমরা দেখতে পাই যে কিছুদিন পূর্বের ত্রিবেণী এবং তাঁর সঙ্গী কয়জনকে গ্রেপ্তার করা হয়েছিল জলন্ধরে; কিন্তু কোন আইনে? ভারতবর্ষের সুপ্রীম কোর্ট সে আইন বে-আইনী বলে তাঁদের মুক্তিদান করেন। সেইজন্য কি ডাঃ শ্যামাপ্রসাদকে ভারতের সীমানার মধ্যে গ্রেপ্তার না কোরে তাঁকে জম্মু ও কাশ্মীর রাষ্ট্রে প্রবেশ করতে দিয়েছিল—যেখানে ভারতের সুপ্রীম কোর্টের এক্তিয়ার নাই। এটা কি তাকে বন্ধ করবার একটা হীন প্রচেষ্টা বা ষড়যন্ত্র? তাছাড়া এটা অতীব দুঃখের কথা যে ইংরাজ শাসনে পর্য্যন্ত যে বিধান ছিল তাতেও বিরুদ্ধবাদীর প্রতি এরকম ব্যবহার কল্পনা করা যায় নি। তাঁকে একটা ক্ষুদ্র বাড়ীতে রাখা হয়েছিল একথা সকলেই জানেন। তাঁর উপর যে আচরণ করা হয়েছিল তা কারও অজ্ঞাত নয়। তাঁর যে কখন রোগ এবং কি রোগ হ'ল সে সম্বন্ধেও সকলকে জানান হয়নি। প্রথমে বললেন তাঁর প্লুরিসি হয়েছে—তারপর হ'ল "করোনারী থ্রমবসিস"—এ অবস্থায় কাশ্মীর সরকারের কি কর্ত্তব্য ছিল না ভারত সরকারকে জানান? তাঁদের কি কর্ত্তব্য ছিল না ডাঃ শ্যামাপ্রসাদকে মুক্তি দেওয়া? তাঁদের কি কর্ত্তব্য ছিল না তাঁর জ্যেষ্ঠ ভ্রাতাকে—যিনি কলিকাতা হাইকোর্টের বিচারপতি—তাকে জানান? তাঁদের কি কর্ত্তব্য ছিল না তাঁর রাজনৈতিক দলের অন্য কর্ম্মীদের জানান? কিন্তু সে দায়িত্ব কাশ্মীর সরকার পালন করেন নি। শুধু তাই নয়। সামান্যভাবে তাঁকে জল দেবার মত ব্যবস্থা বা তাঁর শয্যা পার্শ্বে কোন রকম চিকিৎসকেরও ব্যবস্থা ছিল না। যখন তাঁকে একটা ছোট ট্যাক্সি কোরে নিয়ে যাওয়া হচ্ছিল সেও তাঁর ইচ্ছার বিরুদ্ধে জোর কোরে নিয়ে যাওয়া হচ্ছিল। তিনি পুনঃ পুনঃ বলেছিলেন তাঁকে ইন্‌জেকসন না দিয়ে ভারতবর্ষের শ্রেষ্ঠ ডাক্তার ডাঃ বিধানচন্দ্র রায়ের পরামর্শ নেওয়ার কথা, কিন্তু তাও নেওয়া হয় নি। তাঁর ইচ্ছার বিরুদ্ধে তাঁকে ইন্‌জেকসন দেওয়া হ'ল। শুধু তাই নয়। তাঁকে যখন নিয়ে যাওয়া হচ্ছিল তখন তাঁর শয্যা পার্শ্বে তাঁর সহকর্ম্মীদের পর্য্যন্ত আসতে দেওয়া হয় নি। এমন কি তাঁর মৃত্যু সংবাদ পর্য্যন্ত গোপন রাখা হয়েছিল, ৪ ঘণ্টা পরে তাঁর মৃত্যু সংবাদ সদর-ই-রিয়াসত জানতে পেরেছেন। এ সংবাদ বাংলার সাংবাদিক তুষারকান্তি ঘোষ মহাশয় কাশ্মীর ভ্রমণ করতে গিয়ে জানতে পেরেছিলেন, কাজেই সন্দেহ ও সংশয় আসে যে ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুর পিছনে কোন রহস্য আছে এবং সেটা প্রকাশিত

[Sj. Rakhahari Chatterjee.]

হওয়া দরকার। সুতরাং এখন সরকারের সুনাম রক্ষার জন্য তাঁদের দায়িত্ব পালনের জন্য আজ প্রয়োজন এই যে দাবী, এটা নেওয়া। তাঁর মৃত্যু, না হত্যা, এ জন্য তদন্তের দাবী জানিয়েছেন ডাঃ এন্, আর, সরকার, শ্রী জয়প্রকাশ নারায়ণ, আচার্য্য কৃপালনী, কাষায় প্রভৃতি নানাদলের নেতৃবৃন্দ--এমন কি কংগ্রেসের ভূতপূর্ব্ব প্রেসিডেণ্ট রাজর্ষি টাণ্ডন পর্য্যন্ত। আরও দুঃখের কথা যে তাঁর সুচিকিৎসা হয় নি। ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ ডাক্তার পাটনা মেডিকেল কলেজের ডাক্তার ব্যানার্জী কলিকাতার ডাক্তার সেনগুপ্ত, ডাক্তার অমল রায়-চৌধুরী--এমন কি আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়--তাঁকেও পর্য্যন্ত জানান হয় নি। সেইজন্য বলছি এর তদন্তের প্রয়োজন। এটা শুধু কলিকাতায় নয়, সমগ্র ভারতবর্ষের বিক্ষুব্ধ জনতা তদন্তের দাবী জানিয়েছেন। এমন কি তাঁর শোকসন্তপ্তা জননী পর্য্যন্ত বলেছিলেন যে ডাঃ রায় অগ্রণী হয়ে তাঁর মৃত্যুর পশ্চাতে যে কি রহস্য রয়েছে সেটা যাতে উদ্ঘাটিত হয় তার ব্যবস্থা করুন। এটা আরও বিশেষ দরকার সরকারের সুনাম রক্ষার জন্য। তা না হলে ভারতবর্ষের জনসাধারণের মনে শ্যামাপ্রসাদের মৃত্যুর জন্য নেহেরু সরকারের বিরুদ্ধে ভীষণ মনোভাব ফুটে উঠবে, তাদের মনে সন্দেহ থেকে যাবে যে শ্যামাপ্রসাদ অখণ্ডভারতে বিশ্বাসী ছিলেন বোলে তাঁকে হত্যা করা হয়েছে। তাই আমার শেষ অনুরোধ যে দলনির্বিশেষে সকলের যে দাবী সেই তদন্তের প্রয়োজন, নচেৎ ভারতবর্ষের কোন ব্যক্তির নিরাপত্তা নাই। যে কোন অবস্থায় তাদেরও সেই পরিণতি হতে পারে। ডাঃ শ্যামাপ্রসাদের মত লোকের যদি এই অবস্থা হ'তে পারে তাহলে অন্য সামান্য কর্ম্মীদের উপর যে কি আঘাত আসতে পারে সেই কথা চিন্তা কোরে তাদের মনে সন্দেহ ও সংশয় জাগে।

তাই আমি অনুরোধ করি যে এই সভার সকল দলের সভ্যই সেই তদন্তের দাবী সমর্থন করবেন।

Mr. Speaker: Sj. Ananda Gopal Mukherjee may now speak. I would request members to keep to the time-limit, because many members have expressed their willingness to take part in the discussion.

Sj. Ananda Gopal Mukherjee: মাননীয় স্পীকার মহাশয়, আমার সহকর্ম্মী বন্ধুবর যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার প্রতি আমার সমর্থন জানাচ্ছি। আজ সারা বাংলাদেশের লোক এই কথাই জানতে চাইবে যে শ্যামাপ্রসাদের মৃত্যুর যে কোন রহস্যই থাক তা প্রকাশিত হোক। আজ সেই ভাবে বাংলাদেশের এই আইন সভার তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা জানাচ্ছি, আইনগত বাধা থাকার দরুণ, যে মূল প্রস্তাব ছিল সেটা আমাদের পক্ষে সমর্থন করা সম্ভব নয়, তাই আমার বন্ধু এই সংশোধনী প্রস্তাব এনেছেন। বাংলা দেশের যাঁরা সুসন্তান আজ পর্য্যন্ত জন্মেছেন, ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জির গুণাবলি তাঁদের কারো চেয়ে কম নয়। তাঁর গুণের কথা বলতে গেলে অনেক সময় লাগবে, আমি যতটা সময় পেয়েছি তাতে কুলোবেনা। আমার পূর্ব্ববর্ত্তী বক্তারা তাঁর গুণাবলির কথা অনেক বলে গেছেন। রাজনৈতিক মতবাদে তাঁর সঙ্গে আমার প্রভেদ থাকতে পারে, কিন্তু বাংলাকে ও বাঙ্গালীকে সারা ভারতবর্ষের সামনে অতি উচু করে ধরবার জন্য যে চেষ্টা সে আর কেউ তাঁর মতন ইদানীং করেছেন কিনা সন্দেহ। এবং তাঁর সেই প্রচেষ্টা সারা ভারতবর্ষ আজ স্বীকার করে নিয়েছে। অতি আকস্মিকভাবে তাঁর মৃত্যু হয়েছে। সেই মৃত্যুর সম্বন্ধে সমস্ত ব্যাপার আমরা জানিনা, যদি এর পিছনে কোন রহস্য থাকে সেটা প্রকাশিত হোক। জনসাধারণ জানুক।

আজ অত্যন্ত দুঃখ হচ্চে যখন আজ এই নিয়ে এখানে আলোচনা হচ্চে, আমাদের বিরোধী পক্ষীয় মাননীয়া সভ্যা মূল প্রস্তাব সমর্থন করতে উঠে যে মনোভাবের পরিচয় দিয়েছেন, আমি জানিনা কি মনোবৃত্তি থাকলে এইরূপ মনোভাবের পরিচয় দেয়া যায়। রাজনৈতিক মতবাদে তাঁর সঙ্গে আমাদের বিরোধিতা থাকলেও মূল প্রস্তাব সমর্থন করতে উঠে

[7-5—7-15 p.m.]

আজ যদি দেশের কাছে অভিশাপ এই "প্রিভেনটিভ্ ডিটেনসন য়্যাক্ট" হয়, তাহলে আমি তাঁকে জিজ্ঞাসা করি ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুর পর তাঁর দলীয় কাগজ "স্বাধীনতা", সেদিন কি বলেছিল? শ্যামাপ্রসাদ কেন্দ্রীয় আইন সভার মন্ত্রী থাকা কালে যে "প্রিভেনটিভ্ ডিটেনসন য়্যাক্ট" পাস করা হয়, আজ তার অভিশাপেই শ্যামাপ্রসাদের মৃত্যু, এই কথা তাঁরা সেদিন বলেছিলেন কি না? উদ্দেশ্য কি হ'লো? "প্রিভেনটিভ্ ডিটেনসন য়্যাক্ট" থাকা আজ দেশের কাছে অপরাধের কারণ। এখানে আমি তাঁদের কাছে বিনীতভাবে একথা জানাতে চাই--রাসিয়ার কি হয়েছে? তাঁরা যদি মনে করেন ব্যক্তিগত স্বাধীনতায় হাত দেওয়া অপরাধ, তাহলে যাদের দেশের আদর্শকে তাঁরা মাথায় করে নাচেন, সেই দেশের লক্ষ লক্ষ মানুষ, যারা তাঁদের রাজনৈতিক

মতবাদকে স্বীকার করেনি, তাদের কেন গুলি করে মারা হয়েছিল? সুতরাং এই "প্রিভেনটিভ ডিটেনসন র‍্যাক্ট" সম্বন্ধে তাদের কি অধিকার হয় একথা বলবার? এখানে একথা নয়, একথা মন বলতে চায় না। তবে একে যারা "ক্যাপিটাল" করে দেশের জনসাধারণকে ভ্রান্ত পথে পরিচালিত করতে চান, তারা দেশের ক্ষতি করবেন। আমি তাদের এই মতবাদের বিরুদ্ধে প্রতিবাদ করছি। আমি শংকর বাবুর প্রস্তাবকে সমর্থন জানিয়ে ভারত সরকারের কাছে বাংলা দেশের আইনসভার তরফ থেকে এই দাবী করতে চাই এই সম্বন্ধে অবিলম্বে উপযুক্ত তদন্ত হোক্।

Dr. Krishna Chandra Satpathi:

মিষ্টার স্পীকার স্যার, আত্মীয়স্বজন হতে বিচ্ছিন্ন হয়ে বাংলাদেশ থেকে বহু দূরে যে নিষ্ঠুর পরিবেশের মধ্যে বাংলার পুরুষসিংহ ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর মৃত্যু হয়েছে, তাঁর মৃত্যু সম্বন্ধে যে রহস্য রয়েছে, তার তদন্তের জন্য এবং অপরাধীর বিচারের জন্য যে দাবী উপস্থিত হয়েছে, তা খুবই ন্যায়সঙ্গত। এই দাবী কোন দল বিশেষের নয়, কোন প্রতিষ্ঠান বিশেষের মতবাদ প্রতিষ্ঠার জন্যও নয়, এ দাবী জনমতের দাবী, সারা ভারতবর্ষের দাবী, সারা মানবতার নামে এই দাবী আজ উত্থাপিত হয়েছে। আজ কতকগুলি ঘটনার ব্যাপারে ভারতবর্ষের জনসাধারণের মনে একটা সন্দেহ উপস্থিত হয়েছে যে এই মৃত্যু কি প্রকৃত স্বাভাবিক মৃত্যু, না এর অন্তরালে কোন গভীর ষড়যন্ত্র রয়েছে? আমি আজ দেখছি গণতন্ত্র প্রতিষ্ঠিত ভারতবর্ষে জনমতের দাবী যেভাবে উপেক্ষিত হতে চলেছে, তাতে এই ধারনাই বদ্ধমূল হচ্ছে। কারণ আমরা দেখেছি ব্রিটিশ গভর্ণমেণ্টের সময় তাদের রাজনৈতিক শত্রুদের প্রতি তারা যে ব্যবহার করতো, তাদের সামান্য অসুস্থতার কারণ উপস্থিত হলে ডাক্তারি, পথ্য, শুশ্রূষার ব্যবস্থা এবং বুলেটিন প্রভৃতি প্রচার করে দেশের সকলের কাছে তাদের স্বাস্থ্যের অবস্থা জ্ঞাপন করতো। কিন্তু আজ আমরা দেখলাম এই সভ্য ভারতবর্ষের ভেতর কাশ্মীর বন্দীনিবাসে ডাঃ মুখার্জী রোগ আক্রমণ থেকে শেষ পর্য্যায় পর্য্যন্ত কোন একটি খবর গভর্ণমেণ্ট প্রকাশ করেন নাই। যখন তার অবস্থা চরমে উঠেছিল তখনও কোন বিশেষজ্ঞ চিকিৎসকের সাহায্য নেওয়া হয় নাই। যদি বলেন অনেক দূর। কেন? আকাশপথে যাতায়াতের তো সুবিধা রয়েছে? দিল্লী হতেও কি কোন বিশেষজ্ঞ ডাক্তারের সাহায্য নেওয়া সম্ভব ছিল না? তারপর আর একটা কথা--গভীর ষড়যন্ত্র এর মধ্যে ছিল, তা ডাঃ মুখার্জীর নিজের হাতে লেখা একটা প্রমাণ পাওয়া গেছে। তিনি নিজের হাতে লিখেছেন--

"Conspiracy between the Government of India and the Jammu and Kashmir Government, the circumstances under which my entry was facilitated by Indian Officials."

তাঁর নিজের হাতের লেখা থেকে এ কথা, এ সন্দেহ আরও বদ্ধমূল হয়ে যাচ্ছে আমাদের দেশের এবং এই ভারত সরকারের বিরুদ্ধে। আমি তাই এই তদন্তের দাবী সমর্থন করতে চাই এই জন্য যে ভারত সরকার যে এই জঘন্য ষড়যন্ত্রের মধ্যে লিপ্ত ছিলনা সে কথা প্রমাণ করবার জন্য এই তদন্ত ও বিচার হওয়ার সত্যিই একান্ত আবশ্যক।

আর বিনা বিচারে আটক আইন আমাদের পক্ষে যে একটা অভিশাপ, দেশের কল্যাণের পক্ষে, গণতন্ত্র বিকাশের পক্ষে যে কত মারাত্মক, তা শ্যামাপ্রসাদের আটকের ব্যাপারে, সরকারের ষড়যন্ত্র এবং চিকিৎসার ব্যাপারে নির্মম অবহেলা ইত্যাদি যা সমস্ত ভারতবর্ষের লোককে আজ ব্যাকুল করে তুলেছে এই নির্মম আইনের প্রয়োগের মধ্য দিয়ে তা প্রমানিত হয়েছে। আজ যদি তদন্তের দাবী উপেক্ষিত হয়, তবে এটা প্রমাণিত হয়ে যাবে যে এর মধ্যে কিছু একটা ষড়যন্ত্র নিশ্চয়ই ছিল। যদি ভারত গভর্ণমেণ্টের এই ষড়যন্ত্রের বিরুদ্ধে দণ্ডায়মান হতে হয়, তাহলে এই তদন্ত ও বিচারের দাবী তাদের মেনে নিতে হবে।

আজ কাশ্মীর প্রত্যাগত পর্য্যটকদের মুখেও শুনেছি যে ডাঃ মুখার্জীর অবর্তমানে কাশ্মীরের জনগণও নিজেদের অত্যন্ত নিঃসহায় মনে করছে। তাঁদের বলতে শুনা যায় ভারতবর্ষের মধ্যে আমাদের দুঃখের কথা বলবার আর দ্বিতীয় লোক আজ রইল না। আমি এ সম্বন্ধে, মাননীয় স্পীকার মহাশয়, জানাতে চাই যে কংগ্রেসের সমর্থক ভারতের অন্যতম শ্রেষ্ঠ দৈনিক "অমৃতবাজার পত্রিকা"র সম্পাদক শ্রীতুষার কান্তি ঘোষ সম্প্রতি কাশ্মীর থেকে ফিরে এসেছেন তিনি "অমৃতবাজার" ও "যুগান্তর"এ যে প্রবন্ধ লিখেছেন, তাঁর মন্তব্য এখানে উল্লেখ করা বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না।

Mr. Speaker:

রাখহরি বাবু তো বলে গেছেন, আপনার আর বলার দরকার কি?

Dr. Krishna Chandra Satpathi:

আমি অল্প একটু উল্লেখ করছি। তিনি লিখেছেন --গত ১৮ই নভেম্বরের "যুগান্তর"এ আছে--"তাঁর

[Dr. Krishna Chandra Satpathi.]

অসুস্থতা ও মৃত্যু সম্পর্কে যে রহস্য ঘনীভূত হয়ে আছে, তা যথার্থ অনুসন্ধানের দ্বারা দূরীভূত করা খুবই বাঞ্ছনীয়।"

তারপর আছে "যতদূর আমি জানতে পেরেছি তার সারাংশ হলো এই যে যদিও শেখ আবদুল্লা কিংবা কর্তৃপক্ষস্থানীয়দের মধ্যে কোন ষড়যন্ত্রের সঠিক প্রমাণ নেই, তবু এ বিষয়ে সকলেই নিঃসন্দেহ যে শ্যামাপ্রসাদের যখন সর্বাপেক্ষা সাহায্যের প্রয়োজন ছিল, তখন তাঁকে নির্মমভাবে অবহেলা করা হয়েছে। সমস্ত ব্যাপারটাকে ধামাচাপা দেবার চেষ্টা হয়েছিল"।

কাজেই আমি গভীর দুঃখ ও ক্ষোভের সঙ্গে জানাতে চাই যে শ্যামাপ্রসাদের মৃত্যু রহস্য অত্যন্ত আশ্চর্য্য। এই কাজে ন্যায় ও গণতন্ত্রের খাতিরে এবং সত্য প্রকাশের জন্য এই তদন্ত ও বিচারের অত্যন্ত আবশ্যক।

আর শেষকথা নিবেদন করতে চাই যে শ্যামাপ্রসাদের নিবিড় আত্মীয়স্বরূপ ডাঃ বিধান চন্দ্র রায়--তিনি বাংলার এই জনমতের দাবী, অধিকাংশ লোকের দাবী, দিল্লীতে উপস্থিত করবেন।

আর একটি কথা এই বিধান সভার অধ্যক্ষ মহাশয় সেদিন তাঁর এক বক্তৃতার মধ্য দিয়ে বলেছেন "ডাঃ শ্যামাপ্রসাদ দেশের গণতান্ত্রিক কাঠামোর মধ্যে একটা স্বতঃস্ফূর্ত হিতকর বিরোধিতার পথিকৃৎ।" আমি সমস্ত হাউসের কাছে আবেদন জানাই যে আসুন আজ এখানে ঐক্য মিলিতকণ্ঠে সম্মিলিতভাবে একটা নিরপেক্ষ তদন্তের দাবী করে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, তা সকলে সমর্থন করি। এবং ডাঃ বিধান চন্দ্র রায় বাংলার সমগ্র জনমতের এই দাবী দিল্লীতে বিশেষভাবে পৌঁছে দেবার ব্যবস্থা করবেন।

[7-15—7-25 p.m.]

Sj. Dasarathi Tah:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আজ অত্যন্ত পরিতাপের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে প্রস্তাবটা স্বতঃস্ফূর্তভাবে সরকার পক্ষ থেকে আসা উচিৎ ছিল, সেটা সরকার পক্ষ থেকে না এসে অপর পক্ষ থেকে আগে এসেছে। আরও দুঃখের কথা--অত্যন্ত একটা শোচনীয় ব্যাপার--এই যে ডাঃ শ্যামাপ্রসাদের শোক প্রস্তাব এখানে এসেছে, সেটা সর্বদল-সম্মত ও সর্ববাদী-সম্মত হবে এটা সকলেরই কাম্য কিন্তু পরিতাপের কথা সরকার পক্ষ থেকে তার উপর আবার একটা সংশোধনী এসেছে। আমি আবেদন করছি, প্রার্থনা করছি সেই সংশোধনী প্রস্তাব তুলে নিয়ে এই শোকাবহ ব্যাপারে একটা সর্বজনসম্মত প্রস্তাব বাংলার তরফে কেন্দ্রে পাঠান হোক। দুঃখের কথা এখানে লক্ষ্য করছি যে এই যে ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু-কাহিনী এবং তাঁর অভাব যেরূপ দারুণভাবে আমাদের প্রত্যেককে আঘাত করেছে তার চেয়েও ঢের বেশী আঘাত পেয়েছি এই হাউসে তার প্রতি যে শ্রদ্ধাবনত একটা শোকের আবহাওয়া সৃষ্টি হয়েছিল, মনে হয়, সেটা নষ্ট হতে চলেছে দেখে, এবং অন্তরে বেদনা দিয়েছে যখন দেখি শ্মশানের একটা শোকাবহ স্তব্ধ আবহাওয়ার সঙ্গে এখানের শকুনির উল্লাসের শব্দ শুনতে পাই। একদিকে সরকার পক্ষের কারও কারও আক্রমন, প্রতিআক্রমন, কিচির মিচির, অন্য দিকে শ্যামাপ্রসাদের মৃত্যুতে গভীর শোকছায়া, এটা অত্যন্ত পরিতাপের কথা বাংলা দেশের পক্ষে।

অধ্যক্ষ মহাশয়, আজকের যে প্রধান জিনিষ, সে সম্বন্ধে এখন আসা যাক। আজ এই তদন্তের কথা কেন উঠছে, সার্বজনীন তদন্তের কথা কেন উঠে? এরকম একটা তদন্ত সকলেই চাচ্ছেন তাতে কোন সন্দেহ নেই--সন্দেহ আসে বলেই এই তদন্তের প্রশ্ন উঠছে। আজ সমগ্র দেশের আকাশে বাতাসে এই সন্দেহ দেখতে পাই যে শ্যামা-প্রসাদকে হত্যা করা হয়েছে। এই সন্দেহটা কাকতালীয় হতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি--ভারতের একজন সর্বজনমান্য এবং বিরোধীদলের নেতা এবং সমগ্র ভারতে তথা বিশ্বে যাঁর একটা বিশিষ্ট আসন ছিল--এত বড় ব্যক্তির ব্যক্তিস্বাধীনতা ও নিরাপত্তা নাই। যখন কাশ্মীরে তাঁকে পাঠান হল,--আমার পূর্ববর্ত্তী বক্তার কথা এখানে পুনরাবৃত্তি আমি করতে চাই না--কাশ্মীরে যখন পাঠান হল, তখনই আমাদের একটা সন্দেহ হয়েছে এবং সেই সন্দেহ আরও দৃঢ়ভাবে হৃদয়ে উদয় হয়েছে, যখন দেখলাম দেশদ্রোহিতার জন্য শেখ আবদুল্লার অপসারণ। এ পর্য্যন্ত আমরা জানতাম শেখ আবদুল্লা ভারতের প্রকৃত বন্ধু এবং পণ্ডিত নেহেরুরও প্রিয়তম বন্ধুদের একজন। কিন্তু যখন প্রমানিত হল যে আবদুল্লা পাকিস্থানের সাম্প্রদায়িকতা-বাদের একজন এজেন্ট তখন এই ধারণা আমাদের মনে আরও বদ্ধমূল হয়েছে যে শ্যামাপ্রসাদকে সেখানে নিয়ে যাওয়া হয়েছিল, তাঁকে হত্যা করবার জন্য। সে জন্যই আজ তদন্তের প্রয়োজন। দুঃখের বিষয় পরিতাপের বিষয় বহুদিনের পরীক্ষিত সৈনিক ভারতের অন্যতম শ্রেষ্ঠ জননায়ক--তার এই রকম মৃত্যু। অদৃষ্টের পরিহাস এমন সময়েই মৌলানা আজাদের হাতেই তখন ভারতের ভার দিয়ে পণ্ডিত জওহরলাল বিদেশে। মৌলানার উপর আমার অগাধ বিশ্বাস, কিন্তু সাম্প্রদায়িকতাবাদীদের মনে এতেও সাম্প্রদায়িকতার একটা আবহাওয়া এখানে

বয়ে যেতে থাকে--এই শোচনীয় ঘটনা তখনই ঘটে। এখন প্রশ্ন হচ্ছে মৌলানা এবং শেখ আবদুল্লার আমলে এরূপ ঘটনা যখন হল এতে সন্দেহের কারণ থাকা স্বাভাবিক। তারপর যখন পট পরিবর্ত্তন হল এবং কাশ্মীরের যে বাস্তব অবস্থা সেটা বেরিয়ে পড়ল, আবদুল্লার প্রকৃত রূপ বোঝা গেল। যে জিনিষটা বরাবর ডাঃ শ্যামাপ্রসাদ বলেছিলেন তাই প্রমাণিত হল তখন তদন্ত করে বিষয়টাকে পরিষ্কার করা উচিত। বক্সী গোলাম মহম্মদ যেখানে সন্দেহ নিরসন করবার জন্য মত দিয়েছে যে একটা "এনকোয়ারী" হোক, সেখানে পণ্ডিত জহরলাল কেন পশ্চাদ্‌পদ হচ্ছেন? জহরলালের অন্যতম শ্রেষ্ঠ বন্ধু হচ্ছেন ডাঃ বিধান চন্দ্র রায় এবং ডাঃ রায়ের ঘনিষ্ঠ বন্ধু হচ্ছেন ডাঃ শ্যামাপ্রসাদ, তারই মৃত্যু রহস্য তদন্ত করতে কাশ্মীর সরকার সম্মত হচ্ছেন। কিন্তু এখান থেকে--গভর্ণমেণ্টের সে দিকে দৃষ্টি নাই কেন? এটাই সকলের মনে আরো সন্দেহের সৃষ্টি করছে। সন্দেহ উপস্থিত হয়েছে তা পরিষ্কার ও ফয়সলা করবার জন্য এই প্রস্তাব উত্থাপনের প্রয়োজনীয়তা আছে, তাই এই প্রস্তাব সমর্থন করছি এবং সর্ব্বান্তকরণে দাবী করছি যে ভারত গভর্ণমেণ্ট ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে একটা তদন্তের ব্যবস্থা করুন।

Sj. Tarapada Bandopadhyay:

স্বীকার মহোদয়, আজ ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে বলতে উঠে হৃদয়ে যে ব্যথা ও বেদনার তীব্র আঘাত অনুভব করছি তা ভাষায় প্রকাশ করা যায় না। ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জী কি ছিলেন, ভারতের রাজনৈতিক ও সামাজিক জীবনে তাঁর স্থান কোথায় ছিল, তিনি কত উচ্চ ছিলেন, মহান্ ছিলেন, তা বোধ হয় তাঁর জীবনকালে, তার পার্শ্বে দাঁড়িয়ে, আমরা সম্যক উপলব্ধি করতে পারি নাই। হিমালয় যে কত উচ্চ, কত বিশাল, কত বিপুল, তা হিমালয়ের পার্শ্বে দাঁড়িয়ে উপলব্ধি করা যায়না। কিন্তু আমি বলবো, ভারতের ভবিষ্যত ঐতিহাসিক ও লেখকগণ যখন শ্যামাপ্রসাদের জীবনী সম্বন্ধে আলোচনা করবেন, তখন শ্যামাপ্রসাদকে তাঁরা ভারতের প্রাতঃস্মরণীয় স্বর্গগত মহাপুরুষদের সঙ্গে--যেমন মহাত্মা গান্ধী, সুভাষ চন্দ্র বসু, চিত্তরঞ্জন দাশ, তাঁদেরই পার্শ্বে স্থান দেবেন। তিনি ছিলেন মহান, তিনি ছিলেন বিপুল। মানুষ হিসাবে তিনি ছিলেন বড়, পণ্ডিত হিসাবে ছিলেন বড়, বাগ্মী হিসাবে ছিলেন অদ্বিতীয়, নেতা হিসাবে ছিলেন সর্ব্বজনবান্য, হিন্দু হিসাবে ছিলেন বড়, ভারতীয় হিসাবেও ছিলেন বড়--জীবনের সর্ব্বস্তরেই তিনি বড় ছিলেন। মৃত্যুতে তিনি আরও মহৎ হলেন। তিনি দেশকে ভালবাসতেন সমগ্র মন প্রাণ দিয়ে, তিনি ভারতীয় সংস্কৃতি ও সাধনার ধারক ও বাহক ছিলেন, তিনি ভারতীয় সর্ব্বশ্রেণীর লোককে--হিন্দু, মুসলমান, খৃষ্টান, সকলকেই প্রাণ দিয়ে ভালবাসতেন। তাঁর জীবনের মাঝে আমরা দেখেছি যে ভারতীয় ভাবধারা পরিপূর্ণ-ভাবে প্রকাশ পেয়েছে। তিনি ছিলেন ভারতের দধীচি, দধীচি যেমন নিজের জীবন দান করেছিলেন--দেবলোক রক্ষা করিবার জন্য--নিজের অস্থি দান ক'রে, তেমনি, তিনিও দধীচির মত তাঁর অস্থি দান করলেন ভারতের কল্যাণের জন্য। তিনি বার বার ভারত সরকারকে, পণ্ডিত জহরলালকে এবং আমাদেরকেও বলেছেন তাঁরা যে আবদুল্লাকে এত বড় মনে করছেন তিনি তা নন--বহু ঘোষিত "টিপিক্যাল সেকুলার লিডার" তিনি নন। তিনি এটা বুঝেছিলেন এবং বলেছিলেন যে ইতিহাস যারা জানে তারাই বলবে--যে এই আবদুল্লা এখন ভারত থেকে টাকা নেবে, বাহবা নেবে কিন্তু সময়কালে গভীর জলে ভারতকেও ডোবাবে, কাশ্মীরকেও ডোবাবে; কিন্তু পণ্ডিত নেহেরু তখন তা বোঝেননি। তিনি শ্যামাপ্রসাদকে গালি দিয়ে বলেছিলেন তিনি নাকি "কমুন্যাল; পেট্রিয়ট" নন। তাই তিনি মৃত্যু দিয়ে প্রমাণ করে গেলেন যে তিনিই আবদুল্লাকে প্রকৃত জেনেছিলেন, জহরলাল জানতে পারেননি। শ্যামাপ্রসাদ যদি প্রজাপরিষদ আন্দোলনে যোগদান না করতেন, যদি আবদুল্লার কারাগারে প্রবেশ করে সেখানকার সরকারী ব্যবস্থায় মৃত্যু বরণ না করতেন, তাহলে আমাদের চক্ষে হয়ত এত শীঘ্র আবদুল্লার ষড়যন্ত্র উদঘাটিত হত না, প্রকাশিত হত না। হয়ত বা কাশ্মীরে এমন অন্য রকম ছেয় চক্রান্ত হত যার ফলে কাশ্মীরকে রক্ষা করবার সময় থাকত না।

[7-25—7-35 p.m.]

তাই আমি বলছি বাংলার এই দধীচি বাংলা ও ভারতবর্ষকে রক্ষা করবার জন্যই তাঁর জীবনপাত করেছেন এবং অখণ্ড হিন্দুস্থানকে রক্ষা করবার জন্যই প্রাণ দিয়েছেন। তিনি কাশ্মীর যেতে চেয়েছিলেন কেন? কাশ্মীরে গিয়ে তিনি শেখ আবদুল্লার সঙ্গে একটা পরামর্শ করে এই প্রজা আন্দোলনের পরিসমাপ্তি ঘটাতে পারেন তার জন্য। কিন্তু একথা পণ্ডিত নেহেরুর কর্ণে প্রবেশ করেনি। তার বদলে তিনি তাঁকে এই আবদুল্লা জল্লাদের খপ্পরে পাঠিয়ে দিলেন। প্রথমে ভারতে তাঁকে "এরেষ্ট" করা হলে পর তিনি "সুপ্রিম কোর্ট" থেকে ছাড়া পেয়ে এলেন। তারপর তাঁকে কাশ্মীর গিয়ে কি করে প্রাণবায়ু ত্যাগ করতে হয়েছে, তা

[Sj. Tarapada Bandopadhyay.]

সকলেই জানেন। আমার পূর্বে বন্ধুরা বলেছেন যে কারাগারে তাঁর চিকিৎসার ব্যবস্থা করা হয়নি--যেটা করা উচিৎ ছিল। বড়ই দুঃখের বিষয় তাঁর অসুখের খবর সংবাদপত্রে পাওয়া না যেতেই তাঁর মৃত্যুর খবর একবারে সংবাদপত্রে প্রকাশিত হয়। এই রকম ব্যাপার ভারতবর্ষে কেন পথিবীর ইতিহাসে দেখতে পাওয়া যায় না। ডাক্তার রায়কে আমরা অত্যন্ত শ্রদ্ধা করি, তিনি বাংলা দেশের একজন "ইলওয়ার্চ" কিন্তু তিনি কংগ্রেসের চক্রে পড়ে তাঁর বিবেকমত কাজ করতে পারেন না। তাই শ্যামাপ্রসাদের মৃত্যুতে দেখেছি যে এক চোখে তিনি শ্যামাপ্রসাদের মৃত্যুর জন্য ক্রন্দন করছেন--এবং তার মাঝে কোন কপটতা নেই কিন্তু আর এক চোখে মুচকি হেসে পণ্ডিত জওহরলালকে তিনি বলেছেন, "ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু সম্পূর্ণ স্বাভাবিক ভাবেই ঘটেছে"। নেহেরুর ইঙ্গিতে তিনি তাঁর কর্ত্তব্য পালন করছেন না। তাই বাংলার ডাক্তার বিধান রায়, তাঁর যা "ইনফ্লুয়েন্স" আছে, প্রভাব আছে, সেইটা পণ্ডিত নেহেরুর উপর বিস্তার করে এই যে "রেজোলিউশন" আনা হচ্ছে এটা যাতে কার্য্যকরী হয় তার ব্যবস্থা করুন। ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যু সম্পর্কে যেন "এনকোয়ারী কমিশন" নিযুক্ত করা হয়, যার মধ্যে দিয়ে ভাল করে বিচার বিবেচনা হবে যে বাস্তবিক কি অবস্থায় কি কারণে তাঁর মৃত্যু ঘটেছিল, তাঁর চিকিৎসা হয়েছিল কিনা এবং জল্লাদ আব্দুল্লার এর মধ্যে কোন হাত ছিল কি না। শেষ কালে একটা কথা বলবো যেটা "ওপন সিক্রেট"। এটা আমরা সকলেই জানি যে শ্যামাপ্রসাদের সঙ্গে পণ্ডিত নেহেরুর "পারসনাল রিলেসনশিপ" ভাল ছিলনা বরং খুবই উৎকট "বিচার" ছিল। তাই তিনি যখন "ফরেণ" থেকে "ট্রাভল" করে এলেন, তিনি শ্যামাপ্রসাদের মৃত্যুর সংবাদ জানা সত্বেও হাসিমুখে বললেন যে "ফরেণ ট্রাভেল" ভালই উপভোগ করেছেন। আমি পণ্ডিত নেহেরুর "ফেয়ার নেস"র উপর এবং "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট"র "ফেয়ার নেস"এর উপর যাতে কোন কলঙ্ক না পড়ে সে জন্যও বলছি যে আজকে যেটা সারা বাংলার ও সারা ভারতের দাবী সেটা তাঁরা মেনে নিন—এই দাবী আমরা করছি। এই হল আমার শেষ কথা।

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার মহাশয়, ডাক্তার শ্যামাপ্রসাদের মৃত্যু সত্যই বাংলার বুকের পাঞ্জর ভেঙ্গে দিয়েছে। এখানে অনেক কর্মী আছেন যাঁরা তাঁর সান্নিধ্য লাভ করতে পারেন নি কিন্তু আমার মত নগন্য একটা কর্মী তার সান্নিধ্য লাভ করবার সুযোগ পেয়েছিল। তখন দেখেছিলাম যে মানুষের প্রতি কি তাঁর অসীম ভালবাসা। ডাক্তার রায়ের কথা বলতে গিয়ে বলেছিলাম যে তিনি আমার "কলেজে" টাকা দিচ্ছেন না বা দেবেন না। তাতে তিনি বললেন "কেন টাকা দেবেন না নিশ্চয়ই দেবেন—তোমাদের ব্যক্তিগত গোলবাল যাই থাকুক"। তখন দেখেছিলাম কি গভীর ভালবাসা তিনি প্রকাশ করেছিলেন ডাঃ রায়ের উপর। কি গভীর ভালবাসা তাঁর বাংলা দেশের প্রতি ছিল। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন যে তোমাদের নূতন "স্পীকার" কেমন হয়েছে, তোমাদের "অপোজিসন"এর "ফেসিলিটি" দিচ্ছে তো? তখন দেখেছিলাম যে মানুষের প্রতি তাঁর কি ভালবাসা, কি দরদ। প্রত্যেক লোককেই তিনি নিজের বলে গ্রহণ করতেন। আমরা জানি সত্যিকারের স্বাধীন দেশে জন্মালে যাঁর আসন "উইলসন ও বিসমার্ক"এর পাশা পাশি হ'ত সেই স্বাধীন দেশের যুবকরা কি এই মৃত্যুকে বিধাতার বিধিলিপি বলে গ্রহণ করতো? আমরা জানি যে তিনি বলেছিলেন যে আব্দুল্লার এই স্বৈরাচারী শাসন মানবোনা। তিনিই দেখিয়ে গিয়েছেন যে "ইণ্ডিয়ান কনসটিটিউসন"এর মধ্যে একটা বড় গলদ আছে। তিনি বলেছিলেন যে এক নিশান, এক বিধান, এক প্রধান। তিনি তাঁর মৃত্যুর মধ্য দিয়ে এই জিনিষটাই প্রমাণ করে দিয়ে গিয়েছেন। তাঁকে অভিমন্যু বধের মত হত্যা করা হয়েছে। আমরা যেমন দেখেছি যে বাংলার শেষ নবাব সিরাজদ্দৌল্লার সামনে মিরজাফর প্রতিজ্ঞা করেছিল দেশকে রক্ষা করবে ঠিক সেই রকম শেখ আবদুল্লাও বিশ্বাসঘাতকতা করেছে; তার যে স্বৈরাচারী শাসন তার প্রতিবাদ করবার জন্য পৃথিবীর ২২০ কোটি (দুই শত কুড়ি কোটি) লোকের কাছে ভারতবাসিকে প্রতিষ্ঠা করবার জন্য শ্যামাপ্রসাদের কাশ্মীরে মৃত্যুর প্রয়োজন ছিল এবং সে মৃত্যু হয়েছেও। তিনি "ইণ্ডিয়ান কনসটিটিউসন"এর এত বড় গলদ দেখিয়ে গিয়েছেন, তাই বাংলার গৌরবের বস্তু এই মৃত্যুঞ্জয়ী ডাঃ শ্যামাপ্রসাদ। শ্যামাপ্রসাদের এই মৃত্যুর প্রয়োজন ছিল। কারণ আমি একটা প্রাণের কথা বলছি। ১৯১৪ সালের মহাযুদ্ধে ভারতবর্ষের ১ কোটি যুবক পৃথিবীর বুকে দাবানলের মত জ্বলে উঠেছিল। "বিসমার্ক, উইলসন"এর বেলায় যা হয়েছিল এখানেও তাই হবে। এই এক কোটি যুবক চুপ করে থাকবে না। এই শ্যামাপ্রসাদের মৃত্যু সমস্ত বাংলা জাতির মৃত্যু নয় সমস্ত ভারতের যুবকের মৃত্যু এবং তার প্রতিক্রিয়া দেখা দিয়েছে। আপনারা জানেন যে কংগ্রেসের এই কার্য্যের জন্য তার উত্তর তারা দিচ্ছে দক্ষিন-পূর্ব্ব কলিকাতা "কমুনিষ্ট পার্টি"র "এস, সি, গুপ্ত"কে জয়যুক্ত করে।

[7-35—7-42 p.m.]

সাউথ ক্যালকাটা যুবকেরা উপযুক্ত প্রত্যুত্তর দিয়েছে—শ্যামাপ্রসাদের অকাল মৃত্যুর ব্যাপারের জন্য—কংগ্রেসকে তথা পণ্ডিত জহরলাল নেহেরুকে। আমার মনে হয়, কংগ্রেস পার্টির পরাজয় লাভে আঘাত দিয়েছে কংগ্রেসকে নয়—দিয়েছে পণ্ডিত জওহরলালকে।

আমি সরকার পক্ষকে বলছি, এবিষয়ে আপনারা কেভাবে চিন্তা করেন, আমরাও চিন্তা করি সেইভাবে। তাই আমি বন্ধুবর শঙ্কর মিত্রকে বলব আসুন আমরা সমবেত হয়ে সেই বীরের মৃত্যুতে শোক প্রকাশ করি, আমাদের সমবেত কণ্ঠের আওয়াজ তুলে জানিয়ে দিই বাংলা খণ্ডিত নয়, শ্যামাপ্রসাদ শুধু বাংলার নয়, ভারতের নয়, সে সমগ্র পৃথিবীর বীরশ্রেষ্ঠ, তাঁর মৃত্যুতে আমরা এক হয়ে কাঁদতে জানি, তাই আমার কংগ্রেসী বন্ধুদের বলছি আসুন সমবেতভাবে মূল প্রস্তাবটা গ্রহণ করে সত্যিকারের মনোব্যথা নিবারণ করি।

Sj. Bijoylal Chatterjee:

মাননীয় সভাপতি মহাশয়, ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের মৃত্যুতে যে সংশোধনী প্রস্তাব শ্রীযুক্ত শঙ্কর প্রসাদ এনেছেন, আমি সেই সংশোধনী প্রস্তাব সমর্থন করছি। ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুতে বাংলাদেশ যা হারিয়েছে, সে ক্ষতিপূরণ হওয়া সম্ভব নয়। এবং যেভাবে তাঁর মৃত্যু হয়েছে, তাতে বাংলা দেশের বহু নরনারীর মনের মধ্যে একটা "ডাউট" এসেছে যে এই মৃত্যুর পেছনে কোন কিছু ষড়যন্ত্র আছে। সুতরাং তাঁর মৃত্যু সম্পর্কে একটা রহস্য রয়েছে, সেই রহস্যের উদ্‌ঘাটন হওয়া উচিত বলে আমি মনে করি।

এখানে খালি একটা কথা বার বার মনে পড়ছে; তাঁর মৃত্যু সম্পর্কে আলোচনা করতে গিয়ে তাঁর অসাধারণ ব্যক্তিত্ব সম্পর্কে, তাঁর গুণাবলি সম্পর্কে যে প্রশস্তি হল সে প্রশস্তি খুব সময়োপযোগী, কিন্তু সেই সঙ্গে সঙ্গে ভারতবর্ষের রাজনীতি ক্ষেত্রে যাঁরা ব্যক্তিত্বসম্পন্ন পুরুষ যাঁদের এখানে বহুকালের ত্যাগ, এবং দেশ সেবার ইতিহাস রয়েছে, তাঁদের চরিত্র সম্পর্কে যে ইঙ্গিত করা হয়েছে তাতে একটা হীন মনোভাবের পরিচয় দেয়া হয়েছে। রাজনীতিক্ষেত্রে আমাদের সকলের মতের সঙ্গে সকলের মত নাও মিলতে পারে। এবং খালি তাই নয়, আমাদের অনেকেরই মতের সঙ্গে মতের ও পথের সঙ্গে পথের অমিল হওয়ারই যথেষ্ট সম্ভাবনা রয়েছে। কিন্তু যার মতের সঙ্গে আমার মত মিললো না, এবং যার পথের সঙ্গে আমার পথের অমিল রয়েছে—এই অমিলের জন্য তার চরিত্রের উপর কলঙ্ক আরোপ করা এটা ভারতবর্ষের সভ্যতার লক্ষণ নয়। যারা হিন্দু সংস্কৃতির পরিচয় গ্রহণ করেছেন তাঁরা কোন প্রমাণ না পেয়ে এরকম বলেন না। (বিরোধী দলের জনৈক সদস্য: এ নবদ্বীপ নয়।) আমি নবদ্বীপের কথা বলি নাই। যদিও নবদ্বীপের কথা বলতে আমি লজ্জা বোধ করি না। নবদ্বীপ হচ্ছে চৈতন্যদেবের জন্ম ভূমি। আমার শুধু একটা কথা বলবার আছে। আমি দেখতে পাচ্ছি বাংলা দেশের রাজনীতি ক্ষেত্রে এই একটা মনোভাব এসেছে —যাদের সঙ্গে কোন জায়গায় যদি অমিল থাকে, তাদের চরিত্রের প্রতি অভিসন্ধি আরোপ বা একটা কটাক্ষ করা—এটা আমরা খুব শুভ রাজনীতি বলে মনে করি না। এবং আজকের দিনে যেখানে আমরা শোক প্রস্তাব এনেছি এবং বাংলাদেশের একজন মহাপুরুষের প্রতি শ্রদ্ধা নিবেদন করছি, এই রকম একটা গম্ভীর মুহূর্তে দাঁড়িয়ে দেশনেতা জওহরলালের প্রতি, ভারতবর্ষের অন্যান্য রাজনৈতিক নেতাদের প্রতি কুৎসিত ইঙ্গিত ও অবমাননাকর উক্তি প্রকাশ করা অত্যন্ত অন্যায়। আমি পুনরায় আমাদের কংগ্রেস পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, সে প্রস্তাব সমর্থন করি।

Mr. Speaker: I think there are two or three important speakers on this motion. So we better stop here.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 7-42 p.m. till 3 p.m. on Friday, the 27th November, 1953, at the Assembly House, Calcutta.

ASSEMBLY PROCEEDINGS

Friday, the 27th November, 1953.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 27th November, 1953, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 14 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 187 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Alleged deaths from malnutrition in Chandannagar village, police-station Maheshtala, 24-Parganas.

*63. (Short Notice.) **Sj. Sudhir Chandra Bhandari:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মহেশতলা থানার অন্তর্গত চন্দননগর গ্রামে ২৬ জন মানুষের গত ৩ মাসের মধ্যে অপুষ্টিজনিত মৃত্যু হইয়াছে;

(খ) সত্য হইলে, ইহাদের বাঁচাইবার কোন প্রচেষ্টা সরকার করিয়াছিলেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে, তাহা কিরূপ?

Minister-in-charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji):

(ক) না। তবে ১৩ জনের মৃত্যু হইয়াছে। ২৬ জনের নহে। কেহই অপুষ্টিজনিত কারণে মৃত্যুমুখে পড়ে নাই।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

Sj. Hemanta Kumar Ghosal: মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই যে ১৩ জনের মৃত্যু হয়েছে বলে তিনি উত্তর দিয়েছেন, এই ১৩ জন কি কারণে মারা গেল?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ছয় জন ম্যালেরিয়ায়, ২ জন এপিডেমিক ড্রপসিতে, বাকী ৫ জন অন্য কারণে।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় কি অনুসন্ধান করেছিলেন—যে দু'জন এপিডেমিক ড্রপসিতে মারা গেল, সেটা এই না খাওয়ার জন্য হয়েছিল কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এপিডেমিক ড্রপসি না খাওয়ার জন্য হয় না ওটা ভেজাল তেল খাওয়ার জন্য হয়।

Sj. Ambica Chakrabarty:

এই ৫ জন যে অন্য কারণে মারা গিয়েছে বললেন, সে কারণগুলো কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কারণ জানি না। ডায়গ্নসিস্ হয়ে থাকলে লেখা থাকতো। সম্ভবতঃ ডাক্তারে রোগ নির্ণয় করতে পারেননি।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন ভেজাল তেল খাওয়ার জন্য "এপিডেমিক ড্রপসি" হয়েছে—

Mr. Speaker:

উনি হয়েছে বলেন নাই, ভেজাল তেল খেলে "এপিডেমিক ড্রপসি" হয় বলেছেন।

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য এরা মারা গিয়েছিল ভেজাল তেল খাওয়ার জন্য?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরকম তথ্য আমার কাছে নাই।

Sj. Ambica Chakrabarty:

যে ৫ জনের মৃত্যুর কারণ নির্ণয় হয় নাই, তারা অনাহারে মারা গিয়েছে, ইহা কি সত্য?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরকম তথ্য বা প্রমাণ নাই।

Sj. Ganesh Ghosh:

এই যে বলেছেন কেহই অপুষ্টিজনিত কারণে মৃত্যুমুখে পড়ে নাই, এটা কেন লিখেছেন? তবে কি কারণে এদের মৃত্যু হ'ল?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ব্যারামের খবর দেওয়া হয়েছে। ৬ জনের ম্যালেরিয়ায়, ২ জনের "এপিডেমিক ড্রপসি"তে মৃত্যু হয়েছে। আর বাকী ৫ জন যে মারা গিয়েছে সম্ভবতঃ তাদের "ডায়গনসিস" হয়নি। সুতরাং কি করে স্বীকার করি তারা অপুষ্টিজনিত কারণে মারা গেছে।

Sj. Ganesh Ghosh:

এই "এপিডেমিক ড্রপসি" ও ম্যালেরিয়া কি অপুষ্টির জন্য হয় না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই রকম কোন বৈজ্ঞানিক ভিত্তি এখনো প্রমাণিত হয়নি।

Sj. Ambica Chakrabarty:

ডাক্তারে কোন চিকিৎসা করেছিল কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

তা জানা নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

এরা যে ম্যালেরিয়ায় মারা গিয়েছে, অন্য কারণে যায় নাই, এই সন্ধানটা তিনি কোথা থেকে পেলেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

"ভাইট্যাল ষ্টাটিসটিক্স রেজিষ্ট্রার"এর কাছ থেকে।

Mr. Speaker: You are cross-examining him.

Sj. Hemanta Kumar Ghosal:

একটা খুব জরুরী প্রশ্ন আছে, স্যার।

Mr. Speaker:

এ প্রশ্ন শেষ হয়ে গিয়েছে?

Sj. Hemanta Kumar Ghosal:

একটা প্রশ্ন করতে দিন, স্যার।

এই "ভাইট্যাল ষ্টাটিসটিক্স"এর অফিসটা কোথায় জানাবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

থানা সার্কেলের "স্যানিটারি ইন্সপেক্টর"এর অফিসেই উহা আছে।

Floods in the Kalighai river, Midnapore.

*64. **Sj. Janardan Sahu:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(*a*) whether Government keep any record of the extent of damages caused by the floods of the river Kalighai due to breaches in the Amarshi and Jalamutha P.W.D. embankments in different years; and

(*b*) if so, the extent of damages to paddy, jute, fish, vegetables and homesteads—

(*i*) in the entire area on either side of the Kalighai river during each of the years 1926, 1940, 1942 and 1943, and

(*ii*) in the area within Sabong police-station during each of the years 1926, 1942-43, 1944-45, 1949-50 and 1950-51?

Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji): (*a*) Yes, without details of damages.

(*b*)(*i*) The areas affected by the floods of 1926, 1940, 1942 and 1943 are, respectively, 229, 250, 209 and 67 square miles, approximately. No further details are available.

(*ii*) The Sabong thana was not affected due to breaches in the Amarshi and Jalamutha embankments. This thana was affected by breaches in Hooda Nos 10, 11 and 13 in 1926, and in Hooda Nos. 10, 12 and 13 in 1942. No account of damages is available.

Sj. Janardan Sahu:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যদি কোন জায়গায় কোন দেশ বন্যায় নষ্ট হয়ে যায়, তাহ'লে গভর্ণমেণ্ট সেই "ড্যামেজ"এর জন্য রিলিফের ব্যবস্থা করবেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

ঐ রকম প্রশ্ন করবেন না।

Sj. Janardan Sahu:

গভর্ণমেণ্টের কি কোন রেকর্ড থাকে না, এতে কত টাকার ক্ষতি হয়?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটীশ চাই।

Sj. Janardan Sahu:

কালীঘাই নদীর বাঁধের জন্য একটা "প্লান এসটিমেট" তৈরী হয়েছিল তাতে ৫ লাখ টাকা ব্যয় হবে, সেটা কি হচ্ছে, যদি না হয়ত, আর কতদিন পরে আরম্ভ হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ওরকম কোন কিছু দেখিনি। তবে কালীঘাই নদীর "হাইড্রলিক অবজারভেসন" ১৯৪৮-৪৯ থেকে চলছে। আরও কিছুদিন চালাতে হবে। "কণ্টুর সার্ভে" ও "মডেল এক্সপেরিমেণ্ট" দরকার হবে। তার জন্য ২,৫৩,২৬৭৲ টাকার যে "এসটিমেট" আছে, সেটা গভর্ণমেণ্ট বিচার বিবেচনা করছেন।

Dr. Krishna Chandra Satpathi:

এই কালীঘাই নদীর বন্যায় নারায়ণগড় থানার কোন জায়গা পড়েছে কি না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটীশ চাই।

Dr. Krishna Chandra Satpathi:

নারায়ণগড় থানায় যেখানে কালীঘাই চলে গেছে, তার দুপাশের বাঁধ ছিল, তা নষ্ট হয়ে গিয়েছে, তা মন্ত্রীমহাশয় জানেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটীশ চাই। জমিদারের বাঁধ হয়ত যেতে পারে, তা আমি বলতে পারবো না।

Dr. Krishna Chandra Satpathi:

নারায়ণগড় থানার ১৫নং ইউনিয়নে যে বাঁধ ভেঙ্গে গিয়েছে, সেখানকার প্রজারা ও জমিদার মিলে ১/৩ অংশ খরচ দিতে রাজী ছিল তা বাঁধবার জন্য?

Mr. Speaker:

এ প্রশ্ন কি করে আসছে?

Dr. Krishna Chandra Satpathi:

"জেনারাল"ভাবে কি আমরা জিজ্ঞাসা করতে পারি না?

Mr. Speaker:

আপনি কি জিজ্ঞাসা করবেন?

Dr. Krishna Chandra Satpathi:

"ওয়ান-থার্ড কণ্ট্রিবিউসন" তারা করছেন।

Mr. Speaker:

এ "সাপ্লিমেণ্টারি"র উদ্দেশ্য কি?

Dr. Krishna Chandra Satpathi:

আমি এখানে জানতে চাচ্ছি যে ঐ বন্যা প্রতিরোধ করবার জন্য গভর্ণমেণ্টের তরফ থেকে কোন চেষ্টা হয়েছে কি না?

(No reply.)

Sj. Janardan Sahu:

গভর্ণমেণ্টের বাঁধ ছাড়া জমিদারদের বাঁধ ভেঙ্গে কত জমি নষ্ট হয়েছে তার কোন রেকর্ড আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, এখানে তার কোন রেকর্ড নাই।

Storage godown at Chinsurah.

***65. Sj. Janardan Sahu:** (*a*) With reference to answer to starred question No. 41, dated 25th October, 1951, on the subject of storage godown of Food Department at Chinsurah, will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state whether the said godown has been closed down?

(*b*) If the answer to (*a*) be in the negative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) when the closing down of the said godown will be finalised; and

(*ii*) so long the godown is not finally closed down, whether Government consider the desirability of providing immediately inside the tin shed as a temporary measure during the summer season—

(1) electric fans and lights,

(2) tap water, and

(3) heat-preventing curtains such as *khus khus* or other straw curtains?

Minister-in-charge of the Food Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) No.

(*b*)(*i*) There is no likelihood of closing down of the godown under the existing arrangements.

(*ii*) No. The godown is provided with incandescent lamps for lighting purposes, and there is provision for drinking water. Although the godown is tin-roofed it has a ceiling of bamboo mattings to dissipate some heat.

Age-limit for appointments in the Food Department.

***66. Sj. Jatish Chosh (Chatal):** Will the Hon'ble Minister of the Food and Supplies Department be pleased to state-

(*ক*) উক্ত বিভাগে কর্মচারী নিয়োগে বয়স সম্বন্ধে কোন নিয়ম আছে কি না;

(*খ*) থাকিলে, উহা কত বৎসর পর্যন্ত; এবং

(*গ*) এ নিয়মের ব্যতিক্রম হইয়াছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

(*ক*) হাঁ, অন্যান্য সরকারী বিভাগের ন্যায় আছে।

(*খ*) West Bengal Service Rules-এর ৭ এবং ৮ ধারা এবং অর্থবিভাগের সময়ে সময়ে প্রকাশিত নির্দেশনামা (circular) অনুসারে নির্ধারিত হইয়া থাকে।

(*গ*) না।

Sj. Jatish Chosh:

এই যে ৭ এবং ৮ ধারা অনুসারে নির্দ্ধারিত হয়ে থাকে বলেছেন, এখানে এই বয়সের একটা লিমিট জানতে চাই--কত বয়স পর্য্যন্ত হতে পারে?

Mr. Speaker: There cannot be any question about interpretation of rules.

That is not a question of fact.

Sj. Jatish Chosh:

এই নিয়ম কোথাও ব্যতিক্রম হয়েছে কিনা, জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen: In the Food Department there is no prescribed age limit. That is a different department.

Sj. Jatish Chosh:

আপনি কি জানেন খাটালে এই নিয়মের ব্যতিক্রম করে কোন কর্মচারী নিয়োগ করে পাঠান হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen: I want notice.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Charge-sheets against four workers of the National Carbon Co. (India), Ltd.

27. Dr. Ranendra Nath Sen: Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) if it is a fact that charge-sheets have been issued against the following workers of the National Carbon Co. (India), Ltd.: Joy Deo Kahar, Chandrika Hazam, Peari Barai, and Kanta Kurmi;

(*b*) if so, the reasons therefor;

(*c*) in which department had these men been working;

(*d*) how long has this department been in existence;

(*e*) if it is a fact that the Workers' Union made an appeal to the Chief Inspector of Factories about those four workers; and

(*f*) if so, what was the appeal and what action, if any, the Chief Inspector of Factories took in the matter?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*) Yes. Chandrika Hazam and Peari Barai are named as Chandka Hazam and Ram Pyara Barai in company's record.

(*b*) They failed to turn up for work in the factory and for a medical examination arranged by the Chief Inspector of Factories at the complaint of National Carbon Mazdoor Union.

(*c*) Manganese Department.

(*d*) Since 1950.

(*e*) Yes.

[The Hon'ble Kali Pada Mookerjee.]

(*f*) The appeal was for reinstatement of the workers and full pay for the period of suspension. The matter was taken up by the Chief Inspector and on his intervention the men were reinstated after suspension for 9 days for which period no wages were paid.

[3-10—3-20 p.m.]

Sjkta. Manikuntala Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় "(বি)"তে যে উত্তর দিয়েছেন যে "মেডিক্যাল এক্সামিনেশন" করা হয়েছিল, সেই "মেডিক্যাল এক্সামিনেশন" কিসের জন্য করা হয়েছিল বলবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

"মেডিক্যাল এক্সামিনেশন" করা হয়েছিল এজন্য যে সেখানে যে দুটি "ইউনিয়ন" ছিল, তাদের তরফ থেকে "চিফ ইন্সপেক্টর"কে, জানানো হয়েছিল, যে যেসব "ওয়ারকার ম্যাঙ্গানিজ ডিপার্টমেণ্ট"এ কাজ করে তাদের বুকের দোষ হতে পারে। সেজন্য "মেডিক্যাল এক্সামিনেশন"এর ব্যবস্থা করা হয়েছিল। "ইণ্ডিয়ান ইনষ্টীটিউট অফ হাইজিন" এ।

Sjkta. Manikuntala Sen:

এই যে ৯ দিন অনুপস্থিত ছিল সে কি "মেডিক্যাল এক্সামিনেশন" হবার জন্য?

The Hon'ble Kali Pada Mookerjee:

না।

Sjkta. Manikuntala Sen:

তারা কিজন্য অনুপস্থিত ছিল বলবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

তাদের "সাসপেণ্ড" করে রাখায় তারা কাজে যোগদান করা সত্বেও "ম্যানেজমেণ্ট" তাদের যোগ দিতে "এ্যালাউ" করেনি।

Sjkta. Manikuntala Sen:

তাদের "মেডিক্যাল এক্সামিনেশন" করা হয়েছিল কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

হাঁ।

Sjkta. Manikuntala Sen:

"রেজাল্ট" কি হল?

The Hon'ble Kali Pada Mookerjee:

"রেজাল্ট" আমি বলে দিচ্ছি।

"All India Institute of Hygiene and Public Health, Calcutta, has subsequently informed the Chief Inspector of Factories that no case of manganese poisoning has been found among the workers examined."

Sjkta. Manikuntala Sen:

নয় দিন অনুপস্থিতির জন্য বাইদে দাবী করেছিল কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

হাঁ দাবী করেছিল, "ম্যানেজমেণ্ট" তাদের বরখাস্ত করেছিলেন। তারপর তারা "চিফ ইন্সপেক্টর"এর কাছে "এ্যাপিল" করে এবং "চিফ ইন্সপেক্টর"এর "ইণ্টারভেনসন"এ তাদের "রিইন্সটেট" করা হয়েছে।

The Ghatal Electric Supply Company, Ltd., 135, Canning Street, Calcutta.

28. Sj. Jatish Ghosh (Ghatal): (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(*i*) whether any licence was granted to the Ghatal Electric Supply Company, Ltd., 135, Canning Street, Calcutta, for electric installation at Ghatal town; and

(*ii*) if so, when the licence was granted and whether there was any time-limit to begin and complete the work?

(*b*) Will the Hon'ble Minister be pleased to state if it is a fact—

(*i*) that licence of the said company has been renewed in their favour in spite of their not taking up the work; and

(*ii*) that the Ghatal Municipality sent a copy of their resolution through the District Magistrate, Midnapore, requesting to grant licence to the said municipality for the said electric

installation at Ghatal town on the failure of the said company to begin the work?

(*c*) If the answer to (*b*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what steps have been taken against the said company for their not commencing the work; and

(*ii*) why the licence of the said company was renewed without considering the request of the said municipality?

Minister-in-charge of the Commerce and Industries Department (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) (*i*) and (*b*)(*ii*) Yes.

(*a*)(*ii*) In January, 1952, with directions to the licensees to complete compulsory works within two years from the date of grant of licence.

(*b*)(*i*) The question of renewal has not arisen as yet.

(*c*) Does not arise

Point of Privilege.

Sj. Mrigendra Bhattacharjya: On a point of privilege, Sir.

আমরা গত বাজেট "সেসন"এ যে প্রশ্ন দিয়েছি তার উত্তর পাইনি।

Mr. Speaker: That is not a point of privilege. You are putting the same question every day.

Sjkta. Manikuntala Sen: On a point of privilege, Sir.

আমাদের প্রশ্নের উত্তর যেভাবে দেওয়া হচ্ছে, তাতে প্রশ্ন করার অনেক দিন পরে উত্তর দেওয়া হয়, এবং যখন দেওয়া হয় তখন হয় এই "হাউস"এ টেবিলের উপর নতুবা "লাইব্রেরি" হলে আধঘণ্টা আগে দেওয়া হয়। ফলে আমাদের আগে থেকে জানা না থাকায় এ সংক্রান্ত যে সব "ফাইল" বা তথ্য থাকে তা নিয়ে আসতে পারি না, সেজন্য "সাপ্লিমেণ্টারি" করতে অসুবিধা হয়। আমি যতদূর জানি আমাদের পার্লামেণ্টে উত্তর আরও আগে দেওয়া হয়, কাজেই আমি জানতে চাই এ সম্বন্ধে আর কোন "বেটার এ্যারেঞ্জমেণ্ট" করা যায় কিনা, এ পদ্ধতি বদলে দেওয়া যায় কিনা?

Mr. Speaker: Your information is not correct. Here you get better facilities than in the House of the People. They get it on the floor of the House and we circulate it half an hour before the House sits.

Non-official Resolution.

Sj. Kumar Chandra Jana:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই "হাউসের" সমস্ত বন্ধুদিগকে অনুরোধ জানাইতেছি যে তাঁহারা অনুগ্রহপূর্বক এই মূল প্রস্তাবকে সমর্থন করুন। কারণ একজন বাংলার বিশিষ্ট প্রধানতম সন্তান ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের মৃত্যু সংক্রান্ত এই অনুসন্ধান প্রস্তাবে সমস্ত বাংলার দাবী পরিস্ফুট হয়ে উঠেছে। তাঁহার মৃত্যুর পর সমস্ত বাংলার বিভিন্ন জেলা ও বিভিন্ন সহরের জনসভার মারফৎ এই প্রস্তাব উঠেছিল, তখন আমাদের প্রধান মন্ত্রী ডাঃ রায় এই প্রস্তাবকে সমর্থন করিয়া সমস্ত বাঙ্গালীদের আশ্বস্তি দিয়াছিলেন। আজও দ্বিধায় সেই প্রস্তাব সমর্থন করিয়া সেই আশ্বস্তি দিন ইহাই আমার সনির্বন্ধ অনুরোধ। সেই মহান কর্মীর গুণাবলীর কথা বহু বক্তার মুখে প্রকাশিত হয়েছে বলে আমি সেকথাগুলির পুনরুক্তি করিব না। তবে আমি ব্যক্তিগতভাবে তাঁহার মহান উদারতার পরিচয় পাইয়াছি বলিয়া এই প্রসঙ্গে সে কথা উল্লেখ করা ন্যায়সঙ্গত হবে মনে করে বলিতেছি। গত ১৯৪২ সালের ১৭ই অক্টোবর সপ্তমী তিথিতে ভীষণ ঘূর্ণিবাত্যায় মেদিনীপুর বিশেষতঃ কাঁথি ও তমলুক মহকুমাদ্বয়কে বন্যাপ্লাবিত করিয়া রুদ্রময়ী প্রকৃতিদেবী যখন ধ্বংস লীলা চালাইয়াছিলেন ঠিক সেইসময় মেদিনীপুরে প্রায় ১,৪০০ দেশসেবক মেদিনীপুর জেলে বন্ধ থাকায় দুর্গত জনসাধারণের সেবায় কার্য্য ব্যাহত হইতে পারে এই চিন্তা লইয়া ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় (তদানীন্তন লীগ মন্ত্রী সভার সভ্য ছিলেন) লীগ গভর্ণমেণ্টকে রাজি করাইয়া তদানীন্তন গভর্ণরের অনুমতি অনুসারে তিনি স্বয়ং ও ঢাকার নবাব প্রভৃতি আরও তিনজন মন্ত্রীসহ মেদিনীপুর যাইয়া জেলে বিনাসর্ত্তে আমাদের ৫ জন নেতাকে (স্বয়ং সেবক নিজে এ দলের মধ্যে ছিল) বাহিরে লইয়া যাইয়া মেদিনীপুরের দুর্গত অঞ্চল দেখাইবেন এই প্রস্তাবে সকলেই একমত হইয়াছিলেন এবং অপরাহ্ণ ৪টার সময় বাহিরে যাইতে হইবে এইভাবে প্রস্তুতির জন্য

[Sj. Kumar Chandra Jana.]

নির্দেশ দিয়াছিলেন। কিন্তু প্রায় ঠিক বৈকাল ৩টার সময় তিনি ও অন্যান্য মন্ত্রী এবং তদানীন্তন জেলা-শাসক কুখ্যাত মিঃ এন, এম, খাঁ মহাশয়সহ জেলে আসিয়া আমাদিগকে ডাকিলেন এবং অত্যন্ত দুঃখ-ভারাক্রান্ত হৃদয়ে আমাদের জানাইলেন যে আমরা বাংলার কেহই নহি। বাংলার তথা মেদিনীপুরের প্রকৃত কর্ত্তা (মিঃ এন, এম, খাঁর দিকে অঙ্গুলি দেখাইয়া বলিলেন) ইনিই, ইহাঁর প্রভাবে আমাদের প্রস্তাব কার্য্যে পরিণত হয় নাই। কাজেই আমরা চলিলাম কিছুই মনে করিবেন না। কারণ মিঃ এন, এম, খাঁ আমাদিগকে বিনা সর্ত্তে বাহিরে যাইতে দিবেন না এবং আমিও দৃঢ়তার সহিত সেই অপমান-কর সর্ত্তাধীন প্রস্তাব অগ্রাহ্য করিয়াছিলাম ও ৩২ দিন আত্মশুদ্ধিকর উপবাস করতঃ আমার সামনে সত্য-প্রতিভাত হয়ে ফুটে উঠেছিল, এই প্রস্তাব অগ্রাহ্য করিয়া জন-আন্দোলন সাহায্য করায় শুধু মেদিনীপুর নহে বাংলার এমনকি সমস্ত ভারতের সম্মান রক্ষা করিয়াছিলাম। সেই মহান পুরুষ, যিনি মেদিনীপুরের বিপদের দিনে নানা বাধা বিপত্তির মধ্যে মেদিনীপুর-বাসীকে সাহায্য করিবার জন্য অগ্রসর হইয়াছিলেন তাঁর প্রতি সম্মান প্রদর্শনের সুযোগ পাইয়া নিজেকে ধন্য মনে করিতেছি এবং তার মৃত্যু সম্বন্ধে তদন্তের প্রস্তাব আন্তরিকভাবে সমর্থন করিতেছি।

Dr. Srikumar Banerjee:

মাননীয় সভাপাল মহোদয়, যে সমস্ত দুর্ভাগ্য পর পর বাংলা দেশের উপর অল্প দিনের মধ্যে যে নিদারুণ আঘাত এনেছে তার মধ্যে ডাঃ শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের অকাল মৃত্যু সবচেয়ে মর্ম্মান্তিক, সবচেয়ে তীব্র। ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় আমাদের বাংলা দেশে যে সমস্ত মহাপ্রাণ দেশনেতা জন্মগ্রহণ করে-ছিলেন তাঁদের মধ্যে একজন। এবং তাঁর মৃত্যুতে আমাদের শোকোচ্ছ্বাস আরও প্রবল হয়েছিল, আরও অসহনীয় হয়েছিল তার কারণ হচ্ছে, বাংলাদেশ মর্ম্মে মর্ম্মে তাঁর নেতৃত্বহীনতা অনুভব করেছিল। যখন শ্যামাপ্রসাদের মর-দেহ কলিকাতা মহানগরীর বুকে আনা হয় তখন আমরা যে দৃশ্য দেখেছিলাম তা অবিস্মরণীয়। লক্ষ লক্ষ নরনারীর মাঝে আত্মহারা মনোভাব ফুটে উঠেছিল, যে বেদনার মনোভাব দেখা গিয়েছিল তাদের সমস্ত আচরণের মধ্যে যে বিমূঢ় শোকোচ্ছ্বাসের ঢেউ দেখা গিয়েছিল সেটা দেখে আমরা অনুভব করতে পেরেছিলাম বাঙ্গালীর হৃদয়ে শ্যামাপ্রসাদের আসন কোনখানে। আজ তাই সমস্ত বাংলা অত্যন্ত মুহ্যমান হয়ে সেই দেশনেতার অভাব মর্ম্মে মর্ম্মে অনুভব করছে এবং অসহায় রুদ্ধ শোকে ভবিষ্যৎ সম্বন্ধে অত্যন্ত দুশ্চিন্তা পোষণ করছে।

ডাঃ শ্যামাপ্রসাদ একটা রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন এটা ঠিক কথা। কিন্তু তাঁর মহান ব্যক্তিত্ব দলগত সংকীর্ণতার উর্দ্ধে ছিল। সমস্ত বাঙ্গালী জাতি দল নির্বিশেষে তাঁর দিক চেয়ে থাকত—বাংলার যে সমস্যা তা নিবারণ করবার জন্য, বাংলার মর্ম্ম-বেদনাকে ভাষা দেবার জন্য। এবং বাংলার যে বিশৃঙ্খল নেতৃত্ব তাকে ঠিক পথে পরিচালিত করবার জন্য তাঁর দিকে সকলেই চেয়ে থাকত।

[3-20—3-30 p.m.]

সুতরাং আমি এইটা সর্ব্বান্তঃকরণে আশা করবো আজকে তাঁরজন্য শোক প্রকাশ করে এবং তাঁর অকাল মৃত্যুর জন্য তদন্তদাবী করে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাতে যেন দলগত সংকীর্ণতা লেশমাত্র দেখা না যায়। সমস্ত বাংলার অপরাজেয় আত্মা, তাঁর স্বাধীনতার স্পৃহা তাঁর যে অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াবার সাহস তার প্রতীক ও প্রতিনিধি ডাক্তার শ্যামাপ্রসাদ ছিলেন। তাই আমার বন্ধুদের আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি আজকে আমরা বাংলার আত্মসম্মান প্রতিষ্ঠা করবার জন্য যে প্রস্তাব নিয়ে এসেছি এর উদ্দেশ্য প্রকাশে প্রতিষ্ঠায় যেন কোন মতভেদের চিহ্ন প্রকাশ না পায়—এই আমার সনির্বন্ধ অনুরোধ। সত্য সত্যই দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, শরৎ চন্দ্র বসুর মৃত্যু এবং নেতাজীর অন্তর্ধানের পর বাংলা দেশের নেতৃত্ব দান করবার মত দুইজন মাত্র উপযুক্ত ব্যক্তি আছেন, যাদের বিরাট মনীষা ও কর্মশক্তির জন্য তাদের এই নেতৃত্ব পদের জন্য আহ্বান করা যায় তার মধ্যে একজন ছিলেন ডাক্তার শ্যামাপ্রসাদ, তিনি আজকে আমাদের ক্ষমতার বাইরে চলে গিয়েছেন। আর একজন

That angel with soiled wings

ডাক্তার বিধান চন্দ্র রায়, তিনি যদি দলগত সংকীর্ণতার মধ্যে না পড়তেন তাহলে বাঙ্গালী জাতির নেতৃত্ব করার ক্ষমতা তাঁর ছিল কিন্তু দুঃখের বিষয় তাঁর মধ্যে দলগত মোহ আত্মপ্রকাশ করায় সেই আসনে তিনি আসীন থাকতে পারছেন না। ("নয়েজেস")

বিপুল সমস্যার ভারে সমস্ত বাংলা জর্জরিত হয়ে পড়েছে, আজকে নানাপ্রকার দুর্যোগ বাংলার মাথায় ঘষিত হচ্ছে, তার সত্য সত্যই সমাধান করার উপযুক্ত লোক খুঁজ পাই না, এটা আমাদের মর্ম্মান্তিক দুর্ভাগ্য। শ্যামাপ্রসাদ কর্মশক্তির দ্বারা, মনীষার দ্বারা বাংলার দাবীকে সমগ্র ভারতের রাজনৈতিক ক্ষেত্রে প্রতিষ্ঠিত করেছিলেন। ডাক্তার রায়, তিনি হয়ত ভিতরে ভিতরে কাজ করে বাংলার জন্য চেষ্টা করতে পারেন

যদিও এখনও পর্য্যন্ত বাংলার আত্মসম্মান প্রতিষ্ঠিত হবার কোন লক্ষণ দেখতে পাচ্ছিনা। সুতরাং আজকে বিশেষ করে তাঁকে আবেদন করবো যেন বাংলার আত্মমর্য্যাদার কথা, যেন বাংলার ন্যায় বিচারের কথা বাংলার একজন প্রতিনিধি হিসাবে তাঁর যেটুকু ক্ষমতা ও প্রভাব আছে তা দলনিরপেক্ষ-ভাবে, সাফল্যমণ্ডিত করবার চেষ্টা করবেন, এই অনুরোধ আপনার মাধ্যমে জানাচ্ছি।

Mr. Speaker: Next speaker.

Dr. Srikumar Banerjee: Sir, I would require at least 10 minutes more.

Mr. Speaker: Mr. Banerjee, there is a time limit fixed. You kindly try to finish your speech as quickly as possible.

Dr. Srikumar Banerjee:

সভাপাল মহাশয়, আমাদের দাবী কি? আমাদের দাবী অত্যন্ত সোজা, অত্যন্ত সংক্ষিপ্ত ও দ্বিধাহীন। শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে সন্দেহের কারণ আছে এবং কারণ যে আছে তা কেউ অস্বীকার করেনি। ডাক্তার বিধান চন্দ্র রায় মত প্রকাশ করেছিলেন যে শ্যামাপ্রসাদের মৃত্যু রহস্যময় এবং সে বিষয় অনুসন্ধান করার প্রয়োজন আছে কিন্তু কেন জানিনা পরে তিনি তাঁর কথা প্রত্যাহার করেন এবং বলেন যে এই বিষয় আর অনুসন্ধান করার প্রয়োজন নেই। স্পীকার মহাশয়, আমি এই কথা বলবো যদি ভারত সরকারের সত্য সত্যই কোন দায়িত্ব না থাকে তাহলে আমাদের বিবেক বুদ্ধিতে এই মনে হয় যে অনুসন্ধান করার দাবী উত্থাপিত হয়েছে, যতদিন এই অনুসন্ধান না হবে, শ্যামাপ্রসাদের মৃত্যুর কারণ সুস্পষ্টভাবে নির্দ্ধারিত না হবে, ততদিন এই কলঙ্ক ভারত সরকারের উপরই বর্ত্তিবে, এবিষয় সন্দেহ নেই। সুতরাং তাঁরা যদি জনসাধারণের মনোরাজ্য থেকে সন্দেহ দূর করতে চান তাহলে এই দাবী সম্বন্ধে সচেতন হওয়া দরকার ও এই বিষয় অনুসন্ধান করা দরকার। সত্যই যদি তারা নির্দ্দোষ হয় তাহলে এই অনুসন্ধানের বিরোধিতা করা উচিৎ নয়, তারা যদি সত্য সত্যই নির্দ্দোষ হবে তবে "পার্লিয়ামেণ্ট"এ এ প্রস্তাব যা উঠেছিল তা "টকড্ আউট" হল কেন?

স্যার, আমাদের বন্ধু শ্রদ্ধেয় শঙ্কর মিত্র, তিনি কংগ্রেসদলের মুখপাত্রস্বরূপ একটি সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন। কিন্তু আজকে এই সংশোধনী প্রস্তাবের কোন প্রয়োজন আছে কি? বাংলার যে ক্ষতি হয়েছে, বাংলার যে মর্ম্মবেদনা আজকে তার মধ্যে সংশোধনী প্রস্তাবের কোন স্থান আছে কি? আজকে এই সংশোধনী প্রস্তাব আসার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। প্রথম কথা হ'ল ভারত গভর্ণমেণ্টের নাকি আইন সঙ্গত অধিকার নেই এবং সেই জন্য কাশ্মীর ও জম্মু গভর্ণমেণ্টের কাছে আমাদের অনুরোধ জানাতে হবে। আমরা যদি ভারত গভর্ণমেণ্টকে এই প্রস্তাব দিই এবং এই প্রস্তাব যদি কার্য্যকরী করার দরকার হয় তাহলে এখান থেকে তার হাত পা বেধে দেবার কোন যুক্তি সঙ্গত কারণ খুজে পাই না। দ্বিতীয়তঃ যে অনুসন্ধান কমিটি গঠিত হবে তাতে যে সমস্ত লোকের উপর জনসাধারণের আস্থা আছে সেই সমস্ত লোককে নির্ব্বিচারে গ্রহণ করতে হবে। সেইজন্যই এখানে "সুপ্রীম কোর্ট"এর বিচারককে এর মধ্যে রাখার প্রস্তাব হয়েছে। জানিনা এতে আপনাদের কি আইন সঙ্গত বাধা সৃষ্টি হচ্ছে। তবে এটা ঠিক যে, যারা অনুসন্ধানের কার্য্য পরিচালনা করবে তাদের উপর যদি জনসাধারণের আস্থা না থাকে তবে সে কার্য্যে বাধা বিঘ্ন সৃষ্টি হবে এবং জনসাধারণও তাদের মত গ্রহণ করবেনা। কাজেই যে উদ্দেশ্যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তা কার্য্যকরী হবেনা বরং এর দ্বারা লোকের মনে সন্দেহ আরো গভীরতর হবে। এইজন্য আমি সবিনয়ে আবেদন করছি কংগ্রেসপক্ষ যেন সংখ্যা গরিষ্ঠতার সুযোগে এই সংশোধনী প্রস্তাব গ্রহণ না করেন--এই সংশোধনী প্রস্তাব আনার কোন প্রয়োজন নেই। দেশবাসীর আত্মসম্মান যদি ক্ষুণ্ণ হয় তাহলে তারা আপনাদের ক্ষমা করবে না এবং আপনাদের সন্দেহের চোখে দেখবে।

[3-30—3-40 p.m.]

তাঁরা সংখ্যাগরিষ্ঠ; কাজেই যে কোন সংশোধনী প্রস্তাব এখানে পাশ করিয়ে নিতে পারেন। কিন্তু আমি আবার জিজ্ঞাসা করব যে এ সংশোধনী প্রস্তাবের সত্য সত্যই কোন প্রয়োজনীয়তা আছে? এই সংশোধন প্রস্তাবের দ্বারা আপনাদের কি স্বার্থ রক্ষিত হবে? আমরা ভারত গভর্ণমেণ্টকে জানাচ্ছি তোমরা অনুসন্ধান কর। তাঁরা কাশ্মীর গভর্ণমেণ্টের সঙ্গে পরামর্শ করবেন কি না সেটা তাঁদের কথা। আমাদের এখান থেকে নির্দ্দেশ দেওয়ার সার্থকতা নাই।

দ্বিতীয়তঃ সুপ্রীম কোর্টের জজের মত মর্য্যাদা-সম্পন্ন ব্যক্তি অনুসন্ধান করবেন; সেভাবে করালে আমাদের সন্দেহের কিছুই থাকবে না। অতএব আমি আশা করি যে এ অংশ অন্ততঃ প্রত্যাহার করা যেতে পারে।

[Dr. Srikumar Banerjee.]

সভাপাল মহাশয়, মহাভারতে দেখি যখন কুরু পাণ্ডবের মধ্যে ভয়ানক বিরোধ ছিল তখন বহিঃশত্রুর সম্মুখীন হতে এবং তার আক্রমণ থেকে আত্মরক্ষা ও দেশ রক্ষার সময় তাঁরা একত্র হয়ে বলছেন "আমরা একশ ভাই নই, আমরা ১০৫ ভাই।" আজকে বাংলার ভাগ্যাকাশে এমন একটা সঙ্কট ঘনিয়ে এসেছে যখন আমরা সেই কথা বলতে পারি, এবং সেই মহৎ দৃষ্টান্ত অনুসরণ কোরে বলতে পারি যে শ্যামাপ্রসাদের মৃত্যু সম্বন্ধে তদন্তের দাবী নিয়ে আমাদের মধ্যে কোন দলগত বিরোধ নাই, আমাদের মধ্যে মতের পার্থক্য নাই, আমরা সবাই এক। আমরা সবাই বাংলার মর্য্যাদা রক্ষা করতে বদ্ধপরিকর। বাংলার উপর যে অবিচার হয়েছে তার প্রতীকার করবার জন্য আমরা দৃঢ়সঙ্কল্প। এইভাব থাকলে এই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র সংশোধক প্রস্তাবের কোন কথা ওঠে না।

আমি আবার সেইজন্য আমাদের হাউসের নেতা ডাঃ বিধান চন্দ্র রায়কে অনুরোধ জানাব যে বাংলার মর্য্যাদা রক্ষাকল্পে তিনি সাহায্য করবেন। বাংলার যে বাণী তা তিনি যেন প্রকাশ করেন এবং বাংলার কণ্ঠরোধ যেন না করেন। এ বিষয়ে বাংলার মত যে এক এবং অবিভাজ্য এটা প্রমাণ করতে হবে।

এই কথা ব'লে আমি মূল প্রস্তাব সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি এবং আশা করি এ প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহোদয়, ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি মহাশয়ের মৃত্যু যে রহস্য জনক অবস্থার মধ্যে হয়েছে, সে সম্বন্ধে সমগ্র ভারতবাসী তাদের মত জানিয়েছে এবং সন্দেহ প্রকাশ করেছে। শ্যামাপ্রসাদের ঐতিহাসিক ব্যক্তিত্ব, শ্যামাপ্রসাদের মনুষ্যত্ব, প্রতিভা, কর্ম্ম প্রচেষ্টা ও দেশ প্রেম নিয়ে আজ আর নূতন ক'রে আলোচনার প্রয়োজন নাই, এ আমাদের প্রত্যেকের অন্তরের কথা এবং সমগ্র ভারতবাসীর প্রতি গৃহের কথা। আজ যে মূল প্রস্তাব এসেছে, এই প্রস্তাব সম্বন্ধে যে কোন তর্ক উঠতে পারে তা কল্পনাতীত। আমার মনে হয় যাঁরা এর মধ্যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তাঁদের মনের অবস্থাটা কি বুঝতে আমাদের একটু অসুবিধা হচ্চে। যেদিন আমরা এখানে শোক প্রস্তাব গ্রহণ করেছিলাম শ্যামাপ্রসাদকে স্মরণ করে সেদিন আমাদের অন্তরের মধ্যে কোন ফাঁক ছিল না। প্রত্যেকটী মানুষ অন্তরে অন্তরে যুক্ত হয়েছিল। বর্ত্তমানে কংগ্রেসের এই অবস্থা যে এরি মধ্যে তাঁরা একটা সংশোধনী এনেছেন। এর কারণ তাঁরাই জানেন, আমরা ঠিক বুঝতে পারি না। যে বিষয় নিয়ে প্রস্তাব, অর্থাৎ মূল প্রস্তাব, সেটা সম্পূর্ণ বিতর্কের অতীত, বর্ত্তমানে সমগ্র দেশ, যা দাবী করেছে বাংলাদেশ ও ভারতবর্ষ যা প্রকাশ করেছে তারপরে, এখানে এই এসেম্বিতে আমরা জাতির অন্তরের ভাবকে যদি ভাষায় প্রতিধ্বনিত করি, তাহ'লে আমাদের কর্ত্তব্য করা হবে। আর না করলে সমগ্র ভারতবর্ষ কেন পৃথিবীর সামনে আমাদের মাফ নাই।

শ্যামাপ্রসাদ মৃত্যুহীন প্রাণ নিয়ে এসেছিলেন। তাঁর মৃত্যু নাই, মৃত্যুর অতীত তাঁকে ভাবতে হবে। কিন্তু যাদের জন্য তিনি সর্ব্বস্ব দিয়েছিলেন তাদেরও অবশ্য তার জন্য ভাবতে হবে। কোন বাধা তিনি মানতে চান নি, শ্যামাপ্রসাদের সেই ছিল নীতি। কলকাতা থেকে, বাংলা থেকে, ভারতবর্ষ থেকে কাশ্মীরকে রক্ষা করবার জন্য যেমন আমাদের দায়িত্ব রয়েছে, সেই দায়িত্বের জোরে তাঁদের কাছে প্রতিবাদ জানাচ্ছি আমরা, তাদের বলছি সমস্ত জনগণের শক্তি দিয়ে, যে শ্যামাপ্রসাদের মৃত্যুর তদন্ত চাই।

শ্যামাপ্রসাদ যে উদ্দেশ্য নিয়ে সেখানে গিয়েছিলেন, সে উদ্দেশ্য ছিল রাজনৈতিক। সে রাজনীতির মধ্যে দলগত নীতি আনবার কোন প্রয়োজন নাই। সেখানে শ্যামপ্রসাদ ভারতবাসী হয়ে ভারতবর্ষের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যেতে চেয়েছিলেন, সেই অপরাধের জন্য তাঁকে আটক রাখা হয়। তাতে কোন অপরাধ নাই বলেই আমরা মনে করি, এ প্রশ্নটা হচ্চে—

On the fundamental rights of an Indian

এতে একটা দারুণ অপরাধ যে করা হয়েছে তার জন্য ভারতবাসীদের সামনে ভারত সরকারকে জবাব দিহি করতে হবে। সেইজন্য বাংলার দাবী ও ভারতবর্ষের দাবীর উপর এই প্রস্তাব এসেছে। এ তদন্তের সার্থকতায় শ্যামাপ্রসাদের কিছুমাত্র প্রয়োজন নাই, এর সার্থকতা আমাদের জন্য, ভারতবাসীদের জন্য, আর আজকের যে সরকার তারজন্যও একান্ত প্রয়োজন। এই রহস্যকে যদি ধামা চাপা দিয়ে, চাঁচি চেপে বন্ধ করা যায় তাহলে কোন কল্যাণ সাধন হবে না। এই দাবী দ্বারা বরং ভারত সরকারকে, কংগ্রেস সরকারকে সাহায্য করা হবে, তাদের আবার নূতন করে বুঝতে দিয়ে, বিচার বিবেচনা করতে দিয়ে। তারপরে, কাশ্মীর সরকারের সঙ্গে কি আলাপ আলোচনা করতে হবে,—সংবিধানে কি বাধা আছে—এমন একটা ব্যাপার নিয়ে আলোচনা হতে কি বাধা আছে তা নিয়ে আমি তর্ক করছি

না। এখানে আমরা সবাই বুঝছি এসম্বন্ধে হয়ত অভিজ্ঞদের কাছে, বিশেষজ্ঞদের কাছে গিয়ে অভিমত পেতে পারব। আমরা অভিজ্ঞ নই, শেষ কথা আমরা বলতে পারব না। কাজেই সংবিধানের ব্যাপারে যে একটা সন্দেহ রয়েছে সে সম্বন্ধে আমার মনে একটা প্রশ্ন জাগছে,—এর মধ্যে জম্মু ও কাশ্মীরে যদি একটা দুর্ভিক্ষ কিম্বা প্রাকৃতিক দুর্যোগ ঘটে তাহলে কি ভারতবর্ষের ভারতবাসীর কোন অধিকার নাই কাশ্মীর ও জম্মুরাজ্যে গিয়ে তাদের রক্ষা করতে? বিশেষতঃ যেখানে ভারত সরকার কাশ্মীর রক্ষার দায়িত্ব নিয়েছেন মৃত্যুবরণ করেও তাকে রক্ষা করতে হবে। অতএব ভারতবাসীদের মনে যদি কোন সন্দেহ হয়ে থাকে, সে সন্দেহ দূর করা ভারত সরকারের পক্ষে এবং কাশ্মীর সরকারের পক্ষেও দরকার। সেই হিসেবে বলছি, যদি এ আলোচনা আমাদের ঘরোয়া ব্যাপার সেখানে কাশ্মীরে যে এতবড় একটা অনর্থ হয়ে গেল, এতবড় একটা সর্বনাশ হয়ে গেল, সে সম্বন্ধে তাকে জানানো দরকার এবং সে সম্বন্ধে দায়িত্ব যে ভারত সরকারের একথা কংগ্রেস সরকারকে, ভারত সরকারকে জানিয়ে দেবার, স্মরণ করিয়ে দেবার অধিকার আমাদের রয়েছে। এখানে আমাদের একান্ত কর্তব্য হচ্ছে এই মূল প্রস্তাবটা সমর্থন করা। তাই আমি বলব এই যে সংশোধনী আপনারা এনেছেন এটা প্রত্যাহার করুন। আজ সমগ্র জাতির প্রতি, বাংলার প্রতি আপনাদের কর্তব্যটা স্মরণ করুন। এই প্রস্তাবটা যাতে বিনা বিতর্কে পাশ হয়ে যায় সেইটে হচ্ছে আমাদের পক্ষে সম্মানজনক। তাই আমার প্রার্থনা আসুন আমরা এই "এসেম্বলি" কক্ষে সকল দল সমবেতভাবে এই মূল প্রস্তাবটা সমর্থন করে জাতির প্রতি কর্তব্য পালন করি।

Sj. Koustuv Kanti Karan: Sir, there has been a pressing and persistent demand from the people of West Bengal for an enquiry into the causes and circumstances leading to the sudden death of Dr. Syamaprasad Mookerjee. Sir, today in this House we join with our people in West Bengal in their demand for that enquiry. Sir, it is a national misfortune that death should snatch away Dr. Mookerjee in the fullness of his manhood and cut short a career that had achieved much, and had immense possibilities at a time when India needed him most.

[3-40—3-50 p.m.]

Sir, a hero of hundred battles, a martyr to the cause which he held to be sacred, Dr. Mookerjee, the thunder voice of Bengal, epitomised the Opposition in Parliament—a true and faithful Opposition necessary for the growth of healthy democracy in our land. Sir, his death in detention is a tragic accident, a tragic event. He died far away from his land, far away from the near and dear ones including the old mother for whom in his bed side he expressed a passionate yearning in his last moment. Sir, the people feel and feel very strongly that the arrangement for medical aid to Dr. Mookerjee was by no means adequate. Medical care to save the life of the illustrious son of India in Kashmir was neither adequate nor prompt. Many amongst us feel that Dr. Mookerjee's death is shrouded in mystery. Specially the dramatic change in the political situation of Kashmir culminating in the dismissal and imprisonment of Sheikh Abdullah lends rightly or wrongly support to this suspicion. Sir, in any view *prima facie* there is a case for holding an enquiry. Glowing and eloquent tributes have been paid to the sterling qualities of Dr. Mookerjee on the floor of this House by all friends except Sjkta. Manikuntala Sen. Sir, last year in August when a resolution on Netaji Subhas Chandra Bose was being discussed on the floor of the House you may remember that the Leader and Deputy Leader of the party to which Sjkta. Manikuntala Sen belongs.....(Uproar.)

Mr. Speaker: Order, order. Mr. Karan, what is the relevancy for that?

Sj. Subodh Banerjee: There must be some propriety.

Sj. Koustuv Kanti Karan: All right, Sir, I won't go into that. As I was saying, some of our friends in this House have expressed some opinion to which I cannot subscribe, and I feel that in the heat of their excitement they have lost sight

[Sj. Koustuv Kanti Karan.]

of the real issue. Sir, much has been said by our friends Opposite about the motive behind the amendment moved by our friend Sj. Sankar Prasad Mitra. My friend Sj. Sankar Prasad Mitra made it abundantly clear yesterday on the floor of this House that constitutionally Kashmir enjoyed a special status, and that it was not within the competence of the Government of India to appoint an Enquiry Commission to function in the State of Jammu and Kashmir. Sir, if the amendment meant anything it was meant to give expression to the practical aspect and nothing else. If the resolution is passed as presented in the House *in toto*, then I feel it will be impracticable and unworkable. Because of our anxiety to see that an enquiry should be held on the death of Dr. Syamaprasad Mookerjee we want to give this resolution a practical and workable shape. That is the only reason why my friends and members of the Congress Party are going to support this amendment. Sir, we should adopt the resolution in such a way that no person finds any constitutional difficulty in the way. So, Sir, I think my friends were entirely wrong when they say that the Congress Party with a motive has moved this amendment.

With these words, Sir, I support the resolution as amended by my friend Sj. Sankar Prasad Mitra.

Sj. Bankim Mukherji:

মিঃ স্পীকার, স্যার, এই প্রস্তাবের আলোচনায় কোন তিক্ততা ছিল না। হঠাৎ শ্রীযুক্ত আনন্দ গোপাল মুখোপাধ্যায় মহাশয়, তিনি অযথা তিক্ততার অবতারণা করেন। ("এ ভয়েস"-উপায় ছিল না।) এর কোন কারণ ছিল না। শ্রীমতি মণিকুন্তলা সেন যা বলেছিলেন তার ভিতর আপত্তিকর কোথাও কিছু ছিল না। তিনি বলেছিলেন আমাদের সঙ্গে ডাঃ শ্যামাপ্রসাদের রাজনৈতিক মতভেদ যা কিছু থাকুক না কেন, কিন্তু তা সত্ত্বেও, তাঁর যে এইপ্রকার মৃত্যু ঘটেছে যে অবস্থায় সে সম্বন্ধে একটা তদন্ত করা উচিত এবং সেবিষয়ে তাঁর এবং আমাদের পার্টির এতটুকু দ্বিমত নাই। এর ভিতর আপত্তিকর কিছু খুঁজে পাওয়া খুবই কঠিন। কিন্তু "পি, ডি, এ্যাক্ট" সম্বন্ধে নিশ্চয়ই মতবিরোধ আছে এবং তার জন্য তাঁর দেহত্যাগ হয়েছে, সে কথা অস্বীকার করে কোন লাভ নেই। অতএব অযথা তিক্ততা আনবার কোন প্রয়োজন ছিলনা। সঙ্গে সঙ্গে এ কথাও সত্য শ্রীবিজয় লাল চট্টোপাধ্যায় মহাশয় যে হিসাবে এই জিনিষটা দেখলেন, সেটা ঠিক তেমনি প্রস্তাব নয়। অর্থাৎ ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুতে এই যে প্রস্তাব, এটা একটা "কনডোলেন্স রেজলিউসন" নয়, যে এবিষয়ে একেবারে কোন কিছু আপত্তিকর কারও সম্বন্ধে কিছু বলবার নেই, এরকম হতে পারে না। কারণ যখনই তদন্তের দাবী করা হচ্ছে তখনই ধরে নেওয়া হচ্ছে যে কোন ব্যক্তি, কোন সংস্থা, বা কোন গভর্ণমেণ্ট, কোথাও কেউ না কেউ ডাঃ শ্যামাপ্রসাদের অকাল মৃত্যুর জন্য দায়ী। এই সন্দেহ বাংলা দেশের জনগণের মধ্যে যথেষ্ট রয়েছে এবং এরই জন্য একটা তদন্তের দাবী করা হয়েছে। এই তদন্তের দাবী যখনই করা হচ্ছে তখনই ধরে নেওয়া যেতে পারে যে এই তদন্ত নিশ্চয়ই কোন বা কোথাও কারও বিরুদ্ধে করা হচ্ছে। সেই তদন্তের পর অবশ্য এ হয়তো প্রমাণ হতে পারে যে কারও কোন অপরাধ ছিল না, তাঁর মৃত্যু হয়ত স্বাভাবিক কারণে হয়েছে। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না তা প্রমাণ হচ্ছে, ততক্ষণ পর্য্যন্ত বাংলাদেশের জনসাধারণের মনের ভিতর গভীরভাবে এ বিষয় একটা সন্দেহ থাকবেই, তাঁর এই অকাল মৃত্যুর জন্য। তাঁর মৃত্যু যে স্বাভাবিক কারণে নয়, কোথাও না কোথাও, কেউ না কেউ এরজন্য বহুল পরিমাণে দায়ী সেবিষয় সন্দেহ নাই এবং তারই জন্য আজকে এই তদন্তের দাবী করা হচ্ছে। এজন্য তদন্ত হওয়া দরকার।

[3-50—4 p.m.]

এবং সেই তদন্ত শুধু যে চিকিৎসা সম্বন্ধে বিভ্রাট ঘটেছে তা নয়, শুধু যে তার চিকিৎসা সম্বন্ধে যথেষ্ট সাবধানতা গ্রহণ করা হয়নি, তা নয়, তাকে যে গ্রেপ্তার করে রাখা হল, তার সম্বন্ধে তদন্ত করা দরকার। কেউ না কেউ তাকে গ্রেপ্তার করেছে। "ইণ্ডিয়া গভর্ণমেণ্ট" তাঁকে গ্রেপ্তার করতে পারতো কিন্তু যেহেতু "সুপ্রীম কোর্ট" তাঁকে ছেড়ে দেবেন সেই আশঙ্কায় এমন জায়গায় গ্রেপ্তার করা হয়, যেখানে "সুপ্রীম কোর্ট" কিছু করতে পারে না। কাশ্মীর এমন স্থান যে সেটা হিন্দুস্থানের মধ্যে থেকেও নাই। এখানে আমার বক্তব্য হচ্ছে, যে আমার সন্দেহ আছে যে, সেই সময় যখন তাঁকে আটক করা হয়, কাশ্মীর গভর্ণমেণ্টের ঐ প্রকার কোন ক্ষমতা ছিল কিনা। "পারমিট সিসটেম" সেই সময় ছিল না, কোন রকমভাবে তাঁকে আটক করা যেত না এবং

কোন কোন স্থানে পড়েছি যে শ্যামাপ্রসাদকে গ্রেপ্তারের পরে নাকি এই রকম "অর্ডিন্যান্স" জারী করা হয়। এবিষয়ে তদন্ত হওয়া দরকার। তাছাড়া সংবাদ পত্রে পড়েছি যে শ্যামাপ্রসাদকে ছেড়ে দেবার জন্য কাশ্মীর "গভর্ণমেণ্ট"ও প্রস্তুত ছিলেন। শুধু ভারত সরকারের প্রধান মন্ত্রীমহাশয় তখন "করোনেসন" উৎসব উপলক্ষে বিলাতে ছিলেন, তিনি ভারতে ফিরে আসবার পর তার সঙ্গে পরামর্শ করে এসম্বন্ধে সিদ্ধান্ত স্থির করবেন। অতএব সন্দেহ হবার যথেষ্ট কারণ আছে। শ্যামাপ্রসাদকে যখন কাশ্মীরে গ্রেপ্তার করা হল, তার মধ্যে ভারত সরকারের কিছু না কিছু ইঙ্গিত ছিল, এটা সন্দেহ করবার যথেষ্ট কারণ আছে। এবং যে তদন্ত হবে তা এ সমস্ত বিষয় সম্পর্কেই হবে। এবং বিশেষ করে এ বিষয়ে কোন সন্দেহ নাই যতক্ষণ পর্য্যন্ত ভারতবর্ষে বা অন্য কোন জায়গায়—কাশ্মীরে বা অন্য কোন জায়গায় এই প্রকার অবৈধ আইন থাকবে—বিনা বিচারে আটক রাখার মত অগণতান্ত্রিক আইন থাকবে ততদিন সাধারণ ছোট খাট মানুষ এর কবলে পড়বে তা নয়, এই সর্ব্বনাশা আইনের কবলে শ্যামাপ্রসাদের ন্যায় বিরাট ব্যক্তিত্ব সম্পন্ন ব্যক্তিও এর কবলে পড়ে যাবেন। এরকম অবৈধ "আনকনষ্টিটিউসানাল" আইন, স্বেচ্ছাচারী আইন—বিনা বিচারে আটক রাখার মত আইন তুলে দিতে হবে। এ সম্বন্ধে বাংলা প্রবল আন্দোলন করেছে। অতএব এই প্রস্তাব আমি সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে "গভর্ণমেণ্ট"এর কাছে অনুরোধ তারা যে "এ্যামেণ্ডমেণ্ট" এনেছেন তারা যেন সেই "এ্যামেণ্ডমেণ্ট"এর জন্য "প্রেস" না করেন। কারণ বাংলা মনে করে যে এই ব্যাপারে জম্মু এবং কাশ্মীর গভর্ণমেণ্ট আসামী—বাংলার জনসাধারণ কাশ্মীর ও জম্মু গভর্ণমেণ্টকে কোন রকম অনুরোধ উপরোধ করতে রাজী নয়। এবং সেই তদন্ত কমিটি—"ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট"এর কোন দায়িত্ব নাই, সেটা বসাবার দায়িত্ব "সেণ্ট্রাল গভর্ণমেণ্ট" এর। "ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট"এর বসাবার কোন ক্ষমতাও নেই। আমি বুঝতে পাচ্ছিনা কেন তারা এই তদন্ত কমিটি বসাতে চাচ্ছেন না। এই প্রস্তাবে অনুরোধ করা হয়েছে যে পশ্চিম বঙ্গ "গভর্ণমেণ্ট" যেন কেন্দ্রীয় সরকারকে "মুভ" করেন যাতে এবিষয়ে একটি তদন্ত কমিটি করা হয়। কেন্দ্রীয় সরকার তখন কি করবে, অনুরোধ করবেন কি "অর্ডার" করবেন, কি করবেন, না করবেন, করতে পারবেন না পারবেন, সেটা কেন্দ্রীয় সরকার দেখবেন। বাংলা দেশের "গভর্ণমেণ্ট"এর এ বিষয়ে করবার কিছু নাই। তাদের কাজ হচ্ছে যে বাংলার জনসাধারণের যে দাবী সেটা কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থিত করা। তাই এরকম একটা "এ্যামেণ্ডমেণ্ট" নিয়ে আসা—এটা বাংলা দেশের জনসাধারণের পক্ষে অপমানকর। কারণ বাংলার জনসাধারণ মনে করে যে জম্মু এবং কাশ্মীর সরকার এর জন্য দায়ী, আব্দুল্লা গভর্ণমেণ্ট আসামী বাংলার কাছে। যদিও আজ আব্দুল্লা অপসারিত হয়েছে কিন্তু আগেকার "ক্যাবিনেট"এ যে সমস্ত মন্ত্রীরা ছিলেন তাদের অনেকে এখনও আছেন, সুতরাং সেই জম্মু ও কাশ্মীর গভর্ণমেণ্টের কাছে কেন আমরা অনুরোধ করবো? কার কাছে করবো? যাদের আমরা আসামী পর্য্যায়ে দেখি তাদের কাছে আবেদন করবো? কাজেই এরকম একটা "এ্যামেণ্ডমেণ্ট" অত্যন্ত অন্যায় কাজেই বাংলার জনসাধারণ দাবী করছে কেন্দ্রীয় সরকারের কাছে কেন্দ্রীয় সরকার যা ভাল মনে করেন, উচিত মনে করেন তা করবেন, এ বিষয়ে যাতে তদন্ত হয়। বাংলা "গভর্ণমেণ্ট"এর এবিষয়ে কিছু করবার নেই। তারা শুধু কেন্দ্রীয় গভর্ণমেণ্টকে বাধ্য করুন যেন তদন্ত হয়, কেন্দ্রীয় "গভর্ণমেণ্ট" যেভাবেই হোক—"রিকোয়েষ্ট"ই হোক বা অন্য কোন প্রকারেই হোক—কাশ্মীর গভর্ণমেণ্টকে বাধ্য করবেন। কাজেই অনুরোধ এ ধরণের সংশোধনী "মুভ" করে যেন বাংলার অপমান না করা হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, early morning on the 23rd June Sj. Rama Prasad Mookerjee came to my house at about 6 o'clock. I had just then read in the papers that Dr. Shyama Prasad had pleurisy, and I was anxious to know whether there was an opportunity for us to go to Kashmir to see him. Needless to say that during the two previous illnesses in 1937 and 1946 he was under my treatment, and it was the greatest shock in my life when I was told by Sj. Rama Prasad Mookerjee that he had come to carry the news of the death of his brother, that somebody from Kashmir had phoned him up and that they could not decipher or understand exactly what the message was. While I was sitting there I telephoned to Sheikh Abdullah. I tried to get him over the phone. I had to wait three quarters of an hour when I could get him through the military. He confirmed the news which Sj. Rama Prasad

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

Mookerjee had received one hour earlier. Two days later I wrote a letter both to Sheikh Abdullah and to Pundit Nehru. On seeing the first report, that was first published regarding the death of Syama Prasad, I felt that in that report there was some information missing so far as treatment was concerned. I asked for enquiry in order to fill up those gaps. Enquiry into the death of a person under such circumstances can be made either in order to find out what was the political reason for which he was arrested and kept under detention, or what facilities were available to a man of his status who was arrested and kept under detention in, what I may term as a place outside Indian Union except to the extent that Kashmir and Jammu has acceded to the Indian Union.

[4—4-10 p.m.]

Thirdly, whether there were any laches so far as the actual treatment was concerned. On reading the second report I wrote to the Centre, to Delhi, saying that so far as my own difficulty regarding the events of the 23rd instant was concerned, it was to a certain extent removed by the second report which was published by the Kashmir Government. On the 3rd of July I got a telegram from Sheikh Abdulla asking me if I could go over and enquire. I sent a reply saying that I was grateful for his giving me the opportunity to acquaint myself with the details regarding Dr. Syamaprasad Mookerjee's demise. I told him that in order to get at the proper details of the case I must, besides visiting Srinagar, meet those friends who were associated with Dr. Mookerjee during his last illness and at the time of his death. I told him also that I was leaving the next day for Europe for my own treatment. But I told him that I would on my return contact immediately these friends and associates and go over to Kashmir. Then I told him that while I might undertake this task, I would prefer some non-political persons on the job. "If you do not approve of this suggestion of mine, you may allow one or two of such persons to be associated with me when I take up the job myself. Such information as we can thus jointly collect will, I feel, satisfy the public more effectively. Meanwhile may I suggest to you to preserve all documents, case sheets and other materials regarding Dr. Mookerjee's illness and death?" I came back on the 30th of July after my trip to Europe, and Sheikh Abdulla was dismissed on the 7th of August. On the 6th of August before I knew that Sheikh Abdulla was going to be deposed I issued a statement, which was my viewpoint on this matter and which remains my viewpoint even today. I said that although it was true that misgivings had arisen in my mind on the receipt of the first report of Dr. Mookerjee's death, these misgivings were cleared to a certain extent by the statement issued by the Minister of Health. But that did not necessarily mean that there was no case for enquiry, as had been suggested in the report. There were many points which have subsequently been raised and about which no information was available. I therefore never said that there was no case for enquiry into Dr. Mookerjee's death. What I did say, however, was that I was aware of the fact that I could not arrogate to myself the position that I alone should be asked to make enquiries which would satisfy the country-wide demand for an impartial investigation. I said also that I would be happy if some non-political persons were appointed for the enquiry. This was particularly desirable because my relationship with Dr. Mookerjee's family was so close, and had been so for decades, that any report from me might be challenged from one quarter or another. In these circumstances, I would like that some non-political persons could be associated with the enquiry.

Sir, this was, as I said before, the point of view I held in August and this is the point of view I still hold.

I am sorry that in this connection points have been raised and matters have been discussed which need not have been brought into the picture at all. Even my friend Sj. Bankim Mukherji, while he condemned Ananda Babu, himself went beyond by saying that we wanted to find out why there should be detention without trial, and so on. Sir, I never visualised that the question of enquiry into Dr. Mookerjee's death would mean a roving enquiry into all the causes of his detention without trial. But at the same time, it had always seemed to me to be very funny that when on the 20th of June Dr. Mookerjee admittedly was suffering from pleurisy, no report was sent to his family. It is also true that even on the 22nd of June when the attending physicians diagnosed it to be coronary thrombosis, no telegram was sent to the family. The first intimation received by the family was that he was dead. That was not satisfactory. The point the report of the Kashmir Government seems to make is that he had asked for telegrams to be sent by himself. Sir, personally I feel that even in an ordinary case it was not enough to leave the matter entirely in the hands of the patient himself. There was the duty cast on those who were responsible for his life, particularly so when it was a case of a person like Dr. Syamaprasad Mookerjee. Dr. Syamaprasad Mookerjee was beloved of us all. All of us loved him. Even those who did not agree with him in politics perhaps could not but recognise the great qualities of head and heart that he possessed. Above all, what I like most in him was his love for this Province. Therefore, there is no question whatsoever, whether it is a countrywide demand or not, that a great deal of matter connected with the death remains to be cleared up. It appears that the present Government and the Prime Minister Bakshi Ghulam Mohammad wrote a letter to Mr. Chatterjee in which he said "I sincerely sympathise with the sentiments of the mother of the late Dr. Syamaprasad Mookerjee and the members of his family. The tragedy occurred with such suddenness that a good deal of misgiving has arisen in the minds of many people in India. Personally I have no objection to afford means of satisfying the minds of these friends in regard to the conduct of the concerned authorities. But it is to be seen whether at this time an open enquiry will be conducive to the promotion of the larger interests for which all of us are making sincere efforts." This was written on the 19th of September. Evidently the present authorities of Kashmir and Jammu are not unwilling to allow such an enquiry to be made, but, Sir, when it comes to asking the Government of India to appoint a Commission with a Judge of the Supreme Court to serve as Chairman of the Commission, I begin to ask myself whether those who want this resolution to be passed are really serious. Are they really correct in their approach? Sir, there are some people who believe that no constitution need bar us from proceeding in any manner which we think to be correct. But, Sir, I and others on this side of the House have to respect the Constitution.

[4-10—4-20 p.m.]

In this Constitution barring the items specified in the Instrument of Accession, viz., Defence, External Affairs and Communications, the executive power of the Government of India does not extend to the territory of the Government of Jammu and Kashmir. If we are really serious in our proposition, we must not put some proposition to the Government of India to which the reply would necessarily come "It is not within our competence". At the same time, I have shown to you that Bakshi Golam Mohammad is not unwilling to have a committee to enquire into the affairs of the death of Dr. Syamaprasad Mookerjee. Therefore, Sir, the most important point that we have got to decide is, what is the best approach in this matter assuming that an enquiry is necessary.

[The Hon'ble Dr. Bidhan Chandra Roy.]

Sir, I do not know what type of tears Mr. Crocodile sheds, but I can assure the House that the tears I shed then were both gentle and refreshing. But I say to them today that if you really want that the thing should go through, if you really want that you should put a proposition before the Government of India to which they cannot object straightaway, having recourse to the terms of the Constitution, then there is no other alternative but to accept the amendment of Mr. Sankar Prosad Mitra. What does the amendment say? It says that we want an enquiry. If anybody on the other side of the House says that by this amendment this party is trying to shut an enquiry, he will be entirely mistaken. There would be an enquiry. The question is, in what manner and by whom? It so happens that either we or the Government of India under the Constitution are not able to order them either with regard to the formation of a commission or with regard to the personnel of such a commission. Therefore, I feel that if anybody is really serious, if he really wants this thing to be done, it must be presented in a form to which no objection can be made straightaway on the basis of the Constitution. I want to make it perfectly clear that we on this side of the House are as keen on making an enquiry into the death of Dr. Syamaprasad Mookerjee as any person on the other side of the House. As it is, apart from the fact that I happen to be in charge of the administration of the province today, my personal relationship with Dr. Syamaprasad Mookerjee was such that I do not feel rested until some steps are taken. I admit that if Sheikh Abdullah had not disappeared from the scene on the 7th August, probably we might have other opportunities of exchanging notes, but you are all aware of the incidents that followed his being removed from Prime Ministership and his arrest. Therefore, having regard to all those facts, it is for us to consider what is the best way of pressing our demand. Some people have said "If we accept the amendment, it will hurt our আত্মমর্য্যাদা। I do not know what আত্মমর্য্যাদা means in this case. We want to make an enquiry. It is not a question as to whether my prestige is worse than others' prestige. My prestige is as good as anybody else's. What we want to do? We want to find the best way to make this enquiry. This amended resolution when it is put before the Government of India, they will have to think twice before they can reject it on the face of it. They will have to enquire from the Jammu and Kashmir Government as to whether they are prepared to give facilities for such an enquiry. I had asked Sheikh Abdullah for the retention and safekeeping of all the materials, charts, etc., etc.—of those days. I do not know whether they are still there. But I also realise that probably the main persons who were responsible for the conduct of affairs in those days may have disappeared now from the scene. But, in any case, there is no harm in our attempting to take steps for the enquiry and ask the Government of India to request the Government of Jammu and Kashmir, particularly in view of the letter which Bakshi Golam Mohammad has written to Mr. N. C. Chatterjee, that they should take steps to hold an enquiry about the death of Dr. Syamaprasad Mookerjee. Sir, I do not think that in this connection we need make any pre-supposition. We need not suggest that there were suspicious circumstances, conspiracies and all sorts of things. If we pre-judge these matters, an enquiry is of no value. Therefore, I would suggest to all members here that they should put the resolution in a form by which we can make our voice effectively heard in Delhi and have it accepted.

Mr. Speaker: The resolution has been well debated and I will have to put the amendment of Sj. Sankar Prasad Mitra to the resolution.

The motion of Sj. Sankar Prasad Mitra that in resolution No. II regarding the inquiry into the causes and circumstances of the death of Dr. Syamaprasad Mookerjee,—

(*a*) in lines 2 and 3, for the words "for holding an enquiry" the words "for requesting the Government of Jammu and Kashmir to hold an inquiry" be substituted, and

(*b*) the words "by appointing a Commission with a Judge of the Supreme Court of India to serve as Chairman of the Commission" in the last three lines be omitted.

was then put and agreed to.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhuri, as amended by Sj. Sankar Prasad Mitra, that—

This Assembly is of opinion that the State Government should move the Government of India for requesting the Government of Jammu and Kashmir to hold an inquiry into the causes and circumstances of the death of Dr. Syamaprasad Mookerjee in June, 1953, while he had been in detention in Kashmir;

was then put and agreed to.

Mr. Speaker: With regard to the next Resolution figuring in today's agenda regarding police excesses and enquiry regarding Tram Fare Resistance Movement and Food and Bonus movement I have received communication from the Government stating that a large number of criminal cases are pending in various courts against persons arrested in connection with the tramfare enhancement resistance movement and the food and bonus movement between July and September last.

[4-20—4-30 p.m.]

In that view of the matter I think that this resolution is hit by rule 95(*c*) as the matters are *sub judice*. I, therefore, hold that the resolution is out of order. I shall however consider if the resolution is redrafted and submitted in any other amended form.

Sjkta. Manikuntala Sen:

স্পীকার মহোদয়, আমি এর ভাষাটা চেঞ্জ করে আর একটা রেজলুসন আনতে চাই। আপনার কাছে একটা কপি দেওয়া হয়েছে। এটা যদি পারমিট্ করেন, তাহ'লে আনতে পারি।

Mr. Speaker: Would it not be better if you send a copy of the resolution? I shall then consider whether that is in order. In the meantime we shall take up other resolutions.

Sjkta. Manikuntala Sen:

এই যে অর্ডার আছে রেজলুসন খার্ড.....

Mr. Speaker: All right, you read your resolution.

Sjkta. Manikuntala Sen: "This Assembly is of opinion that a Committee composed of representatives of different political parties should be formed to enquire into the action taken by the Police during the last tramfare resistance movement and the popular movement in connection with food and payment of bonus to workers and submit its report by the 31st January, 1954".

Mr. Speaker: Here also you have said "action taken by the Police". All those cases in connection with tramfare resistance movement are before the Court and therefore *sub judice*.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Which cases? What are the cases that you say are *sub judice*?

Mr. Speaker: Cases in connection with tramfare resistance movement.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: This resolution that is now handed over to you has got nothing to do with pending cases. We do not like to discuss pending cases.

Mr. Speaker: The resolution on the Order paper relates to everything. Those matters are before the court—there are numerous cases. So naturally reference will be made to those cases which are *sub judice*.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I know that if a matter is *sub judice* we cannot discuss that matter in this House, but the resolution that has now been tabled by Sjkta. Manikuntala Sen has nothing to do with that.

Mr. Speaker: Here also I find the expression "action taken by the Police". So the same objection stands.

Sjkta. Manikuntala Sen:

মিষ্টার স্পীকার মহাশয়, এই "রেজলিউসন" আমরা বহুদিন আগে দিয়েছি। যদি কোন অসুবিধা থাকে "রেজলিউসনের" মধ্যে তা আমি মনে করি আপনার উচিত ছিল আগে জানান। কিন্তু তা না করে আজ "লাষ্ট মোমেণ্টে" এখন জানিয়ে কোন লাভ নাই। যে "রেজলিউসন" এখন যা দেওয়া হয়েছে সেক্রেটারী নিজে "এ্যাড্‌ভাইস্" করেছেন এটা "আউট্ অব্ অর্ডার" নয়। তার জন্য আমি "সেকেণ্ড রেজলিউসন" দিয়েছি। এটা যদি আপনি "এ্যাক্সেপ্ট্" না করেন, তাহলে আমরা মনে করবো এই "রেজলিউসন" আলোচনা করতে দেবার জন্য আপনার ইচ্ছা নাই।

Mr. Speaker: You might have consulted Secretary about drafting of the resolution. But the question whether it will be acceptable in the final form in which it has come before me is for me to decide. As I have explained, the same objection stands.

Sj. Bankim Mukherji: Sir, I want to change the wording of this resolution in this way:—

"This Assembly is of opinion that during the period from July to September, 1953, the events that took place in connection with the movement against tramfare increase launched by the Tramfare Enhancement Resistance Committee and also in connection with the people's movement for food and bonus in various parts of West Bengal have caused widespread discontent and, as such, requires a thorough enquiry, and so, this Assembly request the Government of West Bengal to set up a non-official enquiry committee composed of representatives of all political parties inside this legislature with instructions to submit their report by the 31st January, 1954."

Mr. Speaker: You send a copy of your draft and I will consider it.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, এই "রেজলিউসন" সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। এই "রেজলিউসন"এ কোন "পার্টিকিউলার কেস" বা "কেসেস রেফার" করা হয়নি। এ ছাড়া আরও অনেক "কেসেস" আছে ...

Mr. Speaker: That is a matter between the mover and myself.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: It is equally the privilege of the House.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, আমার কথা হ'ল, এই যে "রেজলিউসন" আনা হয়েছে এতে কোন "পার্টিকিউলার কেস" বা "কেসেস রেফার" করা হয়নি। There are other cases যেখানে এই "পুলিশ এক্সেস" হয়েছে, সেইগুলি আমরা আলোচনা করতে চাই।

